


ম্যাথিউ পার্ল



দান্তে ক্লাব

অনুবাদ : মোহাম্মদ নাজিম উদ্দিন

BanglaBook.org





www.BanglaBook.org



দান্তে ক্লাব

মূল : ম্যাথিউ পার্ল

অনুবাদ : মোহাম্মদ নাজিম উদ্দিন

Dante Club

copyright©2007 by Matthew Pearl
অনুবাদস্বত্ব © ২০০৭ বাতিঘর প্রকাশনী

প্রকাশকাল

তৃতীয় সংস্করণ : অক্টোবর ২০১০

দ্বিতীয় সংস্করণ : মার্চ ২০০৮

প্রথম প্রকাশ : আগস্ট ২০০৭

প্রচ্ছদ : ডিলান

বাতিঘর প্রকাশনী, ৩৭/১, বাংলাবাজার (বর্ণমালা মার্কেট তৃতীয় তলা), ঢাকা-১১০০ থেকে মোহাম্মদ নাজিম উদ্দিন কর্তৃক প্রকাশিত; মুদ্রণ : একুশে প্রিন্টার্স, ১৮/২৩, গোপাল সাহা লেন, শিংটোলা, সূত্রাপুর ঢাকা-১১০০; গ্রাফিক্স: ডট প্রিন্ট, ৩৭/১, বাংলাবাজার, ঢাকা-১১০০; কম্পোজ : তিথী

মূল্য : তিনশত টাকা মাত্র

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

উৎসর্গ :

আমার প্রফেসর লিনো
এবং
আমার শিক্ষক ইয়ান'কে

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১

বোস্টন পুলিশ প্রধান জন কার্তেজ গভীর নিঃশ্বাস নিলো যাতে ক'রে দু'জন গৃহপরিচারিকার মাঝখানে ভালোভাবে বসতে পারে। মৃতদেহটা আবিষ্কার করেছে যে আইরিশ ভদ্রমহিলা সে একপাশে ব'সে ফুঁপিয়ে ফুঁপিয়ে অদ্ভুত এক প্রার্থনা করছে (কারণ সে ক্যাথলিক), একেবারে বোকার মতো (কারণ সে ফোঁপাচ্ছে) আর সেটা সুড়সুড়ি দিচ্ছে কার্তেজের কানে; অন্যপাশে তার বোনের মেয়ে নির্বাক আর হতাশ হয়ে ব'সে আছে। পার্লারে চেয়ার আর সোফার বেশ ভালো ব্যবস্থাই রয়েছে, কিন্তু মহিলা দু'জন গুঁটিসুটি মেরেই অতিথির পাশে ব'সে অপেক্ষা করছে। হাতের চা যেনো ছল্‌কে না পড়ে সেজন্যে কার্তেজকে মনোযোগ দিতে হচ্ছে কারণ কালো সোফাটা তাদের কল্যাণে একটু কাঁপছে।

পুলিশ প্রধান হিসেবে কার্তেজ আরো অনেক হত্যাকাণ্ডই মোকাবেলা করেছে। যদিও সেগুলো অভ্যাস হয়ে ওঠার জন্যে যথেষ্ট নয়–বছরে সাধারণত দুয়েকটি; প্রায়শই বোস্টন শহর কোনো ধরণের খুনখারাবি ছাড়াই বারো মাস অতিক্রম করে দেয়। যারা মারা যায় তারাও খুব নিম্নশ্রেণীর মানুষ। তাই সান্ত্বনা দেবার কাজটি সাধারণত কার্তেজকে খুব একটা করতে হয় না। সে হলো এমন একজন মানুষ আবেগের ব্যাপারে যার ধৈর্য খুব কম, কোনোভাবেই এটা তার ধাতে সয় না। ডেপুটি পুলিশ প্রধান এডওয়ার্ড স্যাভেজ, যে কিনা মাঝে মাঝে কবিতাও লেখে, এ কাজটা হয়তো সে-ই ভালো করতে পারতো।

পুরো শহরকে ভড়কে দেবার মতো ঘটনা ঘটার সময় এই একটি মাত্র নামই কেবল কার্তেজ মনে করতে পারলো–এটা তো নিছক কোনো হত্যাকাণ্ড নয়। এটা হলো বোস্টনের এক ব্রাহ্মণ, নিউ ইংল্যান্ডের ড্রইংরুম শ্রেণীর, হারভার্ডের অভিজাত স্কুলের সদস্য, ইউনিটারিয়ান আশীর্বাদপুষ্ট একজনের হত্যাকাণ্ড। নিহত ব্যক্তিটি যেনো তার চাইতেও বেশি কিছু; তিনি ম্যাসাচুসেটস্ আদালতের সর্বোচ্চ পদস্থ ব্যক্তি। এটা কেবল একজন মানুষের হত্যাই নয়, যেমনটি সচরাচর হয়ে থাকে, এটা তাকে পুরোপুরি শেষ ক'রে দিয়েছে।

ওয়াইড ওক্‌স-এর সবচাইতে সেরা যে পার্লারে তারা ব'সে আছে সে জায়গার গৃহকর্ত্রী টেলিগ্রাম পাওয়া মাত্রই প্রথম ট্রেনটা ধরেছেন। এখন, এই ভ্রমণটা, মনে হচ্ছে কোনো অজ্ঞাত শূন্যতার একটি অংশ। তিনি নিজের সঙ্গে এবং ঈশ্বরের সঙ্গে একটা বাজি ধরেছেন, যদি তার পরিবারের যাজক এখনও তার বাড়িতে এসে না থাকে তবে বোঝা যাবে টেলিগ্রামের বার্তাটি ভুল ক'রে দেয়া হয়েছে। তার এই অযৌক্তিক

www.BanglaBook.org

ব্যাপারটার কোনো মানেই হয় না, কিন্তু তিনি বুঝতে পারছেন কিছু একটা ঘটে গেছে। এড্‌নাহ হিলি ভয় আর হারানোর শোকের মাঝে ভারসাম্যপূর্ণ হয়ে অন্যমনস্কভাবে চেয়ে আছেন। পার্লারে ঢুকে তিনি কেবলমাত্র তার যাজকের অনুপস্থিতিটা দেখে অভাবিত এক বিজয়ের আনন্দে উত্তেজিত হয়েছেন।

কার্তেজ সুস্বাস্থ্যের অধিকারী, ঘন গোঁফের নিচে একটা তিল রয়েছে তার, বুঝতে পারলো সে নিজেও কাঁপছে। ওক্‌স-এ যাবার সময় গাড়িতে ব'সে ব'সে কী বলবে সেটা বারবার রিহার্সেল ক'রে নিয়েছিলো। "মাদাম, আপনাকে এখানে ফিরে আসতে বলার জন্যে আমরা যারপরনাই দুঃখিত। চিফ জাস্টিস হিলি..." সে এটাকে ভূমিকা হিসেবে বলতে চেয়েছিলো। "...এখানেই এই দুঃখজনক ঘটনাটা বলা ভালো, জানেনই তো, আপনার নিজের বাড়িতেই আপনি বেশি স্বাচ্ছন্দ্য বোধ করবেন।" ভাবলো এটাই হয়তো বেশি ভালো হবে।

"জজ হিলিকে আপনার খুঁজে পাবার কথা নয়, চিফ কার্তেজ," মহিলা কথাটা বলেই তাকে বসতে বললেন। "আমি দুঃখিত, মনে হচ্ছে আপনি আপনার সময় নষ্ট করছেন। নিশ্চয় কোনো ভুল হয়েছে। একটা কাজে চিফ জাস্টিস বেভারলিতে ছিলেন–মানে, আছেন। আমি আমাদের দুই ছেলেকে নিয়ে সেখান থেকে বেড়িয়েও এসেছি। আগামীকালের আগে তিনি ফিরবেন ব'লে আশা করছি না।"

কার্তেজ তাকে ভুল প্রমাণ করার কৃতিত্বটা দিতে চাইছে না। "আপনার গৃহপরিচারিকা," দু'জন গৃহপরিচারিকার মধ্যে বিশালদেহী একজনের দিকে ইঙ্গিত ক'রে সে বললো, "উনার মৃতদেহটা খুঁজে পেয়েছে, মাদাম। বাইরে, নদীর তীরে।"

গৃহপরিচারিকা নেল রেনি এই আবিষ্কারটা করতে পেরে নিজেকে অপরাধীই ভাবছে, মাথা নিচু ক'রে দাঁড়িয়ে রয়েছে সে। মিসেস হিলি খেয়াল করেন নি তার অ্যাপ্রোনের নিচের কাণায় এখনও রক্তের দাগ আর একটা পোকা লেগে রয়েছে।

"দেখে মনে হচ্ছে ঘটনাটা বেশ কয়েক দিন আগেই ঘটেছে। আপনার স্বামী কাউন্টির বাইরে কখনও যান নি, আমি সেরকমই আশংকা করছি," বললো কার্তেজ, তার কথাগুলো খুব বেশি সরাসরি শোনালো ব'লে একটু বিচলিতও হলো সে।

এড্‌নাহ হিলি প্রথমে নিঃশব্দে একটু কাঁদলেন কিন্তু কোনো রাগ প্রকাশ করলেন না। বাড়ির গৃহকর্ত্রী হিসেবে তিনি বেশ ভারিক্কি ধরণের আর কর্তৃত্বপরায়ণ। তার মাথার টুপি থেকে বের হয়ে থাকা জলপাই রঙের পালকটি অভিজাত ভঙ্গীতে দুলিয়ে সায় দিলেন তিনি।

গৃহপরিচারিকা নেল রেনি উদগ্রীব হয়ে মিসেস হিলির দিকে চেয়ে আছে। মানবিক দৃষ্টিকোণ থেকেই সে বললো, "আপনি বরং একটু পরে আসুন, চিফ কার্তেজ।"

জন কার্তেজ ওয়াইড ওক্‌স থেকে পালিয়ে যাবার অনুমতিটা পেয়ে কৃতজ্ঞই হলো। সে বেশ ভাবগাম্ভীর্য নিয়ে তার নতুন ড্রাইভারের দিকে এগিয়ে গেলে তরুণ

BanglaBook.org

www.BanglaBook.org

এবং সুদর্শন ড্রাইভার পুলিশের গাড়ির সিঁড়িটা নামিয়ে দিলো। তাড়াহুড়ো করার কোনো কারণ নেই। সেন্ট্রাল স্টেশনে এই শহরের উদ্বিগ্ন ম্যাজিস্ট্রেট আর মেয়র লিনকনের মধ্যে এ ব্যাপারটা নিয়ে ইতিমধ্যেই বেশ উত্তপ্ত আলোচনা হয়ে গেছে। মেয়র তাকে এরইমধ্যে ব'লে দিয়েছেন, জুয়া খেলার 'আখড়া'গুলো আর পতিতাপল্লীতে পুলিশী অভিযান না চালিয়ে সে নাকি পত্রিকাগুলোকে খুশি করেছে।

খুব বেশি দূরে যাবার আগেই বাতাস চিড়ে একটা আর্তনাদ ভেসে এলো। বাড়িটার ডজনখানেক চিম্‌নি দিয়ে যেনো শব্দটা বের হয়ে এসেছে। কার্তেজ পেছনে ফিরতেই এড্‌নাহ হিলিকে দৌড়ে আসতে দেখে একেবারে হতভম্ব হয়ে গেলো। তার পালকের টুপিটা বাতাসে উড়ে প'ড়ে গেলে চুলগুলো মুক্ত হয়ে উদভ্রান্তের মতো কাধেঁর ওপর ছড়িয়ে পড়লো। বাড়ির সামনের সিঁড়ি দিয়ে দৌড়ে এসে সোজা তার কাছে চলে এলেন ভদ্রমহিলা।

পরে, কার্তেজ এই বাজে ঘটনাটা স্মরণ করলো–মনে হয় সে কেবল নিমেষের মধ্যে এরকম একটা বিপর্যয়কে এড়াতে পেরেছিলো। সে তার অসহায়ত্বকে কুর্নিশ করলো : আর্টেমাস প্রেসকোট হিলির হত্যাকাণ্ডটি তাকে ইতিমধ্যেই শেষ ক'রে দিয়েছে। এটা খোদ মৃত্যুর জন্যে হয় নি। ১৮৬৫ সালে বোস্টনে আগের যেকোনো সময়ের তুলনায় মৃত্যু অনেক সাধারণ ব্যাপার হয়ে উঠেছে; শিশুদের রোগবালাই, ক্ষয়রোগ, অজ্ঞাত নামের এবং অনিরাময়যোগ্য জ্বর, ব্যাপক আকারের আগুন, দাঙ্গায় পদদলিত হওয়া, বাচ্চা জন্ম দিতে গিয়ে অল্পবয়স্কা মেয়েদের জীবনহানি, ইত্যাদি এতো ব্যাপক হারে ঘটছে যে, যেনো তারা সবাই মৃত্যুর জন্যেই এই পৃথিবীতে এসেছে। আর মাত্র ছয় মাস আগেই যুদ্ধ নামের কুৎসিত দানবটা হাজার হাজার বোস্টন যুবকের নাম কালো খামে লিখে তাদের মা-বাবা, পরিবারের কাছে পাঠিয়ে দেয়ার কাজটি সেরে নিয়েছে। কিন্তু হাস্যকর ব্যাপার হলো–*অর্থহীন একটি বাণী*–অজ্ঞাত এক ব্যক্তির হাতে একজন মানুষের জীবনাবসান...

কার্তেজ তার কোটটা ঝট্‌কা মেরে খুলে রৌদ্রোজ্জ্বল নরম ঘাসের আঙিনা দিয়ে যাবার সময় হোচট খেলো। মিসেস হিলি যে ফুলদানীটা আছাড় মেরে ভেঙেছেন সেটা একটা ওক্ গাছের নিচে হাজার হাজার টুকরো হয়ে ছড়িয়ে আছে (এমন গাছের নাম থেকেই এই অঞ্চলের নামকরণ হয়েছে ব'লে সবার ধারণা)। কার্তেজ ভাবলো, হয়তো এখানে তার ডেপুটি চিফ স্যাভেজকে পাঠালেই সে এসব ভালো মতো সামলাতে পারতো।

কার্তেজের ড্রাইভার পেট্রলম্যান নিকোলাস রেই তাকে উঠে দাঁড়াতে সাহায্য করলে গাড়ির ঘোড়াগুলো হ্রেষাধ্বনি ক'রে উঠলো।

"তিনি জানতেন, সবকিছুই! আমরা সবাই জানতাম! আমরা এটা আশা করি নি, তারা আপনাকে যাই বলুক না কেন, চিফ! আমরা এসবের কিছুই আশা করি নি। আমি তো এখন একেবারে একা হয়ে গেলাম!" এড্‌নাহ হিলি তার মুষ্ঠিবদ্ধ হাতটা তুলে

BanglaBook.org

www.BanglaBook.org

ধ'রে এমন কিছু বললেন যে, কার্তেজ চমকে গেলো। "আমি জানি, কে, চিফ! আমি জানি, কে এই কাজ করেছে! আমি জানি!"

নেল রেনি চিৎকাররত মহিলাকে দু'হাতে জড়িয়ে ধরলো পরম মমতায়। তাকে কোলে তুলে নিলো, যেরকমটি সে হিলির কোনো সন্তানকে অনেক দিন আগে কোলে তুলে নিয়েছিলো। এড্‌নাহ হিলি তাকে খামচে ধরে টানাহেচড়া ক'রে প্রতিদানে থুতু ছুড়ে মারলেন, ফলে মহিলাকে শান্ত করার জন্য জুনিয়র পুলিশ অফিসার পেট্রলম্যান রেইকে হস্তক্ষেপ করতে হলো।

কিন্তু সদ্য বিধবার রাগ মুহূর্তেই উবে গেলে গৃহপরিচারিকার প্রশস্ত ব্লাউজের মধ্যে মুখ গুঁজে রইলেন, যেখানে মহিলার ভরাট স্তন জোড়া ছাড়া আর কিছুই নেই।

পুরনো ম্যানশনটা এতো ফাঁকা আর কখনও লাগে নি।

এড্‌নাহ হিলি তার বাড়ি থেকে চলে গিয়েছিলেন নিজের বাবার বাড়িতে, যেখানে তিনি প্রায়ই যান। এরফলে বোস্টনের দুটো বড় ব্যাংকের সম্পদ নিয়ে বিবাদ মেটানোর জন্যে তার স্বামী নিজ বাড়িতে থেকে গেলেন। জজ সাহেব তার পরিবারকে বিদায় জানিয়েছিলেন যথারীতি আন্তরিক ভঙ্গীতেই। মিসেস হিলি চলে যাবার পরই তিনি ঝি-চাকরদেরকেও বিদায় ক'রে দেবার উদারতা দেখালেন। যদিও তার স্ত্রী চাকর-বাকর ছাড়া কাজ করতে পারবেন না, তারপরও তিনি কিছুদিন স্বাধীনভাবে সময় কাটানোর জন্যে এরকমটি করলেন। তাছাড়া, তিনি মাঝেমধ্যে একটু আধটু শেরি মদ পান করতে ভালোবাসেন। চাকর-বাকরেরা তার এই নিয়ম লঙ্ঘনের কথাটা তাদের মালেকীনকে নিশ্চিত জানিয়ে দিতো, তারা তাকে পছন্দ করলেও মালেকীনকে প্রচণ্ড ভয় পায়।

পরের দিন থেকেই তিনি বেভারলিতে সপ্তাহান্তের জন্যে নিরিবিলিতে পড়াশোনা করতে শুরু করতেন। বুধবারের আগ পর্যন্ত, ট্রেনে ক'রে শহরে ফিরে এসে কোর্ট হাউজে প্রত্যাবর্তন করার পর থেকে হিলিকে কোথাও দেখা যায় নি, এমনকি তার সম্পর্কে কোনো কিছু শোনাও যায় নি।

যেভাবেই হোক, জজ হিলি খেয়াল করেন নি, কিন্তু বিশ বছরের পুরনো চাকর নেল রেনি, যে কিনা তার নিজ দেশ আয়ারল্যান্ডে দুর্ভিক্ষ আর মহামারির কারণে দেশত্যাগ ক'রে এখানে এসেছে, সে জানতো বিচারপতি হিলির মতো গুরুত্বপূর্ণ লোকের জন্য গোছগাছ করা পরিবেশ খুবই দরকার। তাই নেল সোমবার ফিরে এসেছিলো। আর তখনই সে সাপ্লাই ক্লোসেটের কাছে শুকনো লাল দাগ আর সিঁড়ির ধাপে কিছু টেনে নিয়ে যাবার চিহ্ন দেখতে পায়। সে ভেবেছিলো কোনো আহত পশু বোধহয় এ বাড়িতে ঢুকে অন্যপথ দিয়ে বের হয়ে গেছে।

তারপরই সে পার্লারের লম্বা লম্বা পর্দাগুলোতে একটা মাছি দেখতে পেলো।

www.BanglaBook.org

ওটাকে সে নিজের চড়া গলা ব্যবহার ক'রে এবং হাতে পালকের ঝাড়ু নিয়ে জানালা দিয়ে তাড়িয়ে দিয়েছিলো। কিন্তু সে যখন মেহগনি ডাইনিং টেবিলটা পালিশ করছিলো তখন ওটা আবার ফিরে এলে সে ভেবেছিলো রান্নাঘরের নতুন নিগ্রো মেয়েটি বোধহয় বেখেয়ালে কিছু আবর্জনা রেখে দিয়েছে। অবৈধভাবে নিয়ে আসা মুক্ত নারীদের বেলায় সে এখনও এই শব্দটি ব্যবহার করে, আর এটা সে সবসময়ই করবে–সত্যিকারের পয়ঃপরিস্কার নিয়ে তাদের কোনো পরোয়া নেই, কেবল লোক দেখানো ঝাড়ামোছা।

নেলের কাছে মনে হয়েছিলো মাছিটা ট্রেনের ইঞ্জিনের মতোই ঘর্‌র্‌ শব্দ করে। একটা নর্থ *আমেরিকান রিভিউ* ভাঁজ ক'রে সেটা দিয়ে মাছিটাকে সে মেরেছিলো। চ্যাপ্টা হওয়া মাছিটা বাড়ি-ঘরের মাছিদের তুলনায় আকারে দ্বিগুণ আর ওটার নিলচে-সবুজ পিঠে তিনটি কালো দাগও ছিলো। *কী অদ্ভুতরে বাবা!* নেল রেনি ভেবেছিলো। মাছিটার মাথা এমনই যে, জজ হিলি সেটা বাস্কেটে ফেলার আগে প্রশংসার দৃষ্টিতে দেখতেন। কোটর থেকে বের হওয়া চোখ দুটো উজ্জ্বল কমলা রঙের, সে দুটো তার মাথার অর্ধেকটা জায়গা দখল ক'রে রেখেছে। কমলা অথবা লাল রঙের দ্যুতির মধ্যে অদ্ভুত এক আভা ছিলো। এ দুয়ের মাঝে, হলুদ বা কালোর মধ্যেও। *তাম্র বর্ণ* : আগুনের কুণ্ডলী।

পরের দিন সকালে সিঁড়িটা পরিস্কার করতে সে আবার বাড়িতে ফিরে এসেছিলো। দরজা পেরোতেই আরেকটা মাছি তীরের মতো তার নাকের পাশ দিয়ে ছুটে গিয়েছিলো তখন। রেগেমেগে সে জজ সাহেবের আরেকটা ম্যাগাজিন হাতে মুড়ে নিয়ে মাছিটাকে প্রধান সিঁড়ির ওপর পর্যন্ত তাড়িয়ে নিয়ে গিয়েছিলো। নেল সবসময়ই চাকরদের সিঁড়ি ব্যবহার করে, এমনকি বাড়িতে একা থাকলেও। কিন্তু এই পরিস্থিতিটা তাকে সে কাজ করতে বিরত রাখলো। নিজের পায়ের জুতো জোড়া খুলে সিঁড়ির ধাপে উষ্ণ কার্পেটে পা রাখলো। মাছিটাকে তাড়া করতে করতে চলে এলো হিলির শয়ন কক্ষে।

বিস্ফারিত চোখ দুটো রুক্ষভাবে তাকিয়ে ছিলো; শরীরটা এমনভাবে বেঁকে ছিলো যেনো কোনো ঘোড়া ছুটে যাবার জন্যে প্রস্তুত রাখা হয়েছে, আর কয়েক মুহূর্তের জন্যে, মাছিটার মুখ দেখে মনে হলো ওটা বুঝি কোনো মানুষেরই মুখ।

সে তেড়ে এসে *রিভিউটা* দিয়ে জানালার কাঁচের ওপর ব'সে থাকা মাছিটাকে আঘাত করলো। কিন্তু কোনো কিছুর কারণে আঘাত করার সময় একটু হোচট খেলে সে নিচে নিজের খালি পায়ের দিকে তাকিয়ে দেখলো। প'ড়ে থাকা মানুষের দাঁতের উপরের পাটির পুরো অংশটা তুলে নিলো সে।

সঙ্গে সঙ্গে সেটা আবার ফেলে দিয়ে ঠাঁয় দাঁড়িয়ে রইলো মহিলা। যেনো জিনিসটা তাকে অভদ্রতার জন্যে তিরস্কার করছে।

ওগুলো ছিলো নকল দাঁত। জজ হিলির অনুরোধে নিউ ইয়র্কের বিখ্যাত দাঁতের ডাক্তার নিখুঁতভাবে এটা তৈরি ক'রে দিয়েছিলো, যাতে তাকে বিচারের বেঞ্চে খুব স্মার্ট

BanglaBook.org

www.BanglaBook.org

দেখায়। তিনি এগুলো নিয়ে বেশ গর্বিতও ছিলেন–ওগুলো ছিলো একটু বেশি সাদা আর নতুন। যেনো কোনো মানুষের ঠোঁটের ফাঁক দিয়ে গ্রীষ্মের সূর্য উঁকি মারছে।

পাশে তাকিয়ে নেল রেনি খেয়াল করলো একদলা ঘন রক্ত কার্পেটের ওপর জমাট বেঁধে আছে। তার ঠিক পাশেই পরনের সুট-টাই সুন্দরভাবে ভাঁজ ক'রে রাখা। এসব পরিধেয় নেল রেনির কাছে তার নিজের সাদা এপ্রোন, কালো ব্লাউজ আর ঘাগড়ার মতোই সুপরিচিত। এসব পোশাকের পকেট আর হাতায় সে-ই তো জজ সাহেবের জন্যে বেশির ভাগ সেলাইয়ের কাজ করেছে। খুব বেশি জরুরি প্রয়োজন ছাড়া জজ সাহেব কখনই মিঃ র‍্যান্ড্রিজকে নতুন পোশাকের অর্ডার দেন না।

জুতা পরার জন্যে সিঁড়ির নিচে এসে গৃহপরিচারিকা খেয়াল করলো রক্তের ছোপ ছোপ দাগ রেলিংয়ের ওপর প'ড়ে রয়েছে, আর সেটা সিঁড়ির লাল কার্পেটের সাথে লুকোচুরি খেলছে। পার্লারের বিশাল ডিম্বাকৃতির জানালার বাইরে, সুন্দর সাজানো বাগানটা, যেখানকার আঙিনাটা ঢালু হয়ে সবুজ প্রান্তর, জঙ্গল, শুক্‌নো মাঠ পেরিয়ে চার্লস নদীতে গিয়ে মিশেছে, সেখানে এক ঝাঁক বোলতা মাছি দেখতে পেলো সে। নেল ব্যাপারটা খতিয়ে দেখার জন্যে বাইরে বেরিয়ে এলো।

মাছিগুলো একগাঁদা আবর্জনার ওপর জড়ো হয়ে আছে। সে একটু সামনের দিকে এগোতেই তীব্র ঝাঁঝালো গন্ধ তার নাকে-মুখে এসে লাগলে চোখ দিয়ে পানি এসে গেলো। একটা এক চাকার হাত-গাড়ি নিয়ে এলো সে, তার মনে প'ড়ে গেলো জজ সাহেব আস্তাবলের ছেলেটার একটা বাছুরকে এখানে ঘাস খাওয়ার অনুমতি দিয়েছিলেন। আস্তাবলের ছেলেটা আর তার বাছুরটা, উভয়েই ওয়াইড ওকস্-এ বেড়ে উঠেছিলো, এরপর তাদেরকে এ জায়গা থেকে চলে যেতে হয়েছে।

মাছিগুলোর চোখ ছিলো নতুন ধরনের, যেনো আগুন-চোখের মাছি। হলুদ রঙের ভীমরুলও ছিলো ওখানে, যা কোনো মরা পশুপাখির ওপর আস্তানা গেঁড়েছে। কিন্তু উড়ন্ত প্রাণীগুলো জমা হয়ে আছে সাদা সাদা গুটির ওপরে, যেগুলোর ফাঁটা অংশগুলো নড়ছিলো–চক্‌চকে পিঠের পোকা, কোনো কিছুর ওপর গাঁদাগাদি ক'রে আছে, না, কেবল নড়ছেই না, ভেতর থেকে বের হয়ে আসছে, ভেতরে ঢুকছে, তারা কেবল একে অন্যকে ঠেলেঠুলেই খাচ্ছে না, বরং...যার ওপর ভর ক'রে আছে সেই স্তূপটির সাদা আঠালো অংশের সাথে বেঁচে আছে। স্তূপের একটা প্রান্ত মনে হচ্ছে কোনো আগাছা এবং হাতির দাঁতের অংশ...

স্তূপের উপরে এক ধরণের ছোটোখাটো কাঠের যন্ত্রের সাথে ছেঁড়াফাঁড়া একটা পতাকা রয়েছে যার দু'দিকটাই সাদা, বাতাসে সেটা কাঁপছে।

এই স্তূপের মধ্যে কী প'ড়ে আছে সেই সত্যিটা সে না জেনে থাকতে পারলো না। কিন্তু আশংকার মধ্যেও সে প্রার্থনা করলো যেনো আস্তাবলের ছেলেটার বাছুরটাকেই খুঁজে পায়। তার চোখ সে ফেরাতে পারলো না নগ্ন, প্রশস্ত, ঈষদ কুঁজো হওয়া পিঠ থেকে, যাতে অসংখ্য ফাঁটল রয়েছে, আর যার ওপর সাদা সাদা পোকাগুলো হামাগুড়ি

BanglaBook.org

www.BanglaBook.org

দিচ্ছে। বর্ণহীন, শিম আকৃতির ম্যাগোট, মানে মাছির ডিম দু দিকে ছড়িয়ে থাকা অসমানুপাতিক দুটো পা জুড়ে রয়েছে। এক গাঁদা মাছি, কয়েকশো হবে, সেটাকে বৃত্তাকারে ঘিরে রেখেছে। মাথার পেছন অংশটা সাদা সাদা মাছির ডিমে একেবারে ঢেকে আছে। ওগুলোর সংখ্যা কয়েকশো নয়, বরং কয়েক হাজার হবে।

নেল বোলতার বাসাটা লাথি মেরে সরিয়ে দিয়ে হুইল-ব্যারো নামে পরিচিত চাকাওয়ালা হাত গাড়িতে জজ সাহেবকে তুলে নিলো। মাঠটা পেরিয়ে বাগান দিয়ে জজের পড়ার ঘরের দিকে গাড়িটা টেনে নিয়ে এলো সে। একগাঁদা লিগ্যাল পেপারের ওপর শরীরটা রেখে নেল তার কোলে জজ হিলির মাথাটা তুলে নিলো। কতোগুলো পোকা জজের নাক-কান ও হা-করা মুখের ফাঁক গ'লে বের হয়ে এলো। মাথার পেছন দিকে থাকা পোকাগুলো সরিয়ে ফেলতে শুরু করলো রেনি। পোকাগুলো আঁদ্র আর উষ্ণ। কতোগুলো আগুন-চোখের মাছি নেলের শরীরের ভেতর ঢুকতে গেলে সে ওগুলো ধ'রে অসাড় এক প্রতিহিংসায় হাতের তালু দিয়ে পিষে ফেললো, সেগুলোর ডানা ছিঁড়ে ছুঁড়ে মারলো একের পর এক। এরপরই যা দেখলো এবং শুনতে পেলো তাতে ক'রে তীব্র এক চিৎকার দিয়ে নিউ ইংল্যান্ডে ফোন করতে বাধ্য হলো সে।

পাশের ঘরের দু'জন সহিস দেখতে পেলো নেল রেনি হামাগুঁড়ি দিয়ে জজ সাহেবের পড়ার ঘর থেকে বের হয়ে আসছে আর উদভ্রান্তের মতো কাঁদছে।

"আরে, হয়েছে কি, নেলি, হয়েছে কী? হায় ঈশ্বর, তুমি ব্যাথা পাও নি তো?"

পরে, নেল রেনি এড্‌নাহ হিলিকে বলেছিলো যে, তার কোলে মৃত্যুবরণ করার আগে জজ হিলি একটা গোঙানী দিয়েছিলেন। একথা শুনেই বিধবা দৌড়ে গিয়ে পুলিশ প্রধানের দিকে একটা ফুলদানী ছুঁড়ে মেরেছিলেন। তার স্বামী হয়তো এই চার দিন জীবিতই ছিলেন।

মিসেস হিলির স্বামীর হত্যাকারী হিসেবে স্পষ্ট ধারণাটি দেখা গেলো খুবই অসাধারণ। "বোস্টনই তাকে হত্যা করেছে," ঐদিন একটু ধাতস্থ হবার পর পুলিশ প্রধান কার্তেজকে তিনি একথা বলেছিলেন। "এই জঘন্য শহরটা, পুরো শহরটাই। এই শহরই উনাকে খেয়ে ফেলেছে।"

তিনি তাঁকে মৃতদেহের কাছে নিয়ে যাবার জন্যে কার্তেজকে চাপাচাপি করলেন। মৃতদেহটা কোরোনারের কাছে নিয়ে যাওয়া হয়েছে আর তিন ঘণ্টা লেগেছে মৃতদেহের ভেতর থেকে কোয়ার্টার ইঞ্চির পোকাগুলো বের ক'রে আনতে। মৃতের শরীরে ছোটো ছোটো ফুঁটোগুলো হলো এদের পকেট। পোকাগুলো সরিয়ে ফেলার পরেও মাথার পেছনটা মারাত্মকভাবে ফুলে আছে। নাকের ছিদ্রগুলো পোকায় খেয়ে ফেলার জন্যে দুই ছিদ্রের মধ্যে কোনো বিভাজন নেই, আর বগলের নিচের অনেকটা অংশই পোকায় খেয়ে ফেলেছে। কৃত্রিম দাঁতগুলো না থাকার কারণে চোয়ালটা কোনো ভাঙা একোর্ডিয়ানের মতোই ফাঁক হয়ে ঝুলে আছে। তবে সবচাইতে অবমাননাকর, সবচাইতে করুণ কিন্তু এই অবস্থাটা নয়, এমনকি শরীরটা পোকায় খাওয়ার জন্যেও

BanglaBook.org

www.BanglaBook.org

নয়, বরং মৃতদেহের সম্পূর্ণ নগ্ন হওয়াটা। কখনও কখনও কোনো লাশ, বলা হয় যে, সারা বিশ্বের দিকে স্থির দৃষ্টিতে চেয়ে থাকে। জজ হিলির নগ্ন শরীরটা তার বউ ছাড়া আর কারোর পক্ষেই দেখা সম্ভব ছিলো না।

কোরোনারের সুকঠিন শীতল আর নির্মম ঘরটাতে এড্‌নাহ হিলি এই দৃশ্যটা দেখেছেন, আর সঙ্গে সঙ্গেই বুঝে ফেলেছেন বিধবা মানে কি, কতো নির্মমভাবেই না এই অবস্থাটাকে কেউ ঈর্ষা করে না। আচম্‌কা, এক ঝটকায় সে কোরোনারের শেল্‌ফ থেকে ধারালো একটা ব্লেড ছিনিয়ে নিয়ে নিলে কার্তেজের মনে প'ড়ে গেলো ফুলদানী ছুড়ে মারার ঘটনাটা। ভয়ে একটু পিছিয়ে গেলো সে, মনে মনে কোরোনারকে ভৎর্সনা করলো।

এড্‌নাহ হাঁটু গেঁড়ে ব'সে প'ড়ে সযত্নে জজ সাহেবের সাদা এলোমেলো চুলের একটা গোছা মুঠো ক'রে ধরে কেঁটে ফেললেন। হাঁটু গেঁড়ে বসার কারণে তার বিশাল বেড়ের ঘাগড়াটা কোরোনারের ছোট্ট ঘরটার প্রতিটি কোণ জুড়ে ছড়িয়ে পড়লো। ছোটোখাটো এক মহিলা, ঠাণ্ডা, শীতল আর নীলচে এক মৃতদেহের সামনে ব'সে আছেন। হাত-দস্তানা পরা এক হাতে ব্লেডটা ধরা আর অন্য হাতে সদ্য কাঁটা চুলের গোছাটা সযত্নে ধরে রেখেছেন। গোছাটা ঘোড়ার চুলের মতোই পুরু আর রুক্ষ।

• • •

"আমি আমার জীবনে কখনও কোনো মৃতদেহকে এভাবে পোকায় খেতে দেখি নি," এড্‌নাহ হিলিকে কার্তেজের দু'জন সহকারী হাত ধরে লাশঘর থেকে বের ক'রে হিলির বাড়িতে নিয়ে যাবার পর কাঁপা কাঁপা কণ্ঠে কার্তেজ এ কথাটা বললো।

কোরোনার বার্নিকোটের থ্যাবড়ানো ছোট্ট মাথায় নির্মমভাবে যেনো দুটো চিংড়িমাছের মতো চোখ লাগিয়ে দেয়া হয়েছে। তার নাকের ছিদ্র দিয়ে দু'দুটো সূতার গোলা অনায়াসে ঢুকে যেতে পারবে।

"ম্যাগোট, মানে মাছির ডিম," বার্নিকোট দাঁত বের ক'রে হেসে বললো। মাটিতে প'ড়ে থাকা একটা সাদা পোকা তুলে নিলো সে। ওটা তার মাংসল তালুতে রাখলে সেটা টালমাটাল হয়ে পড়ার আগেই ছুঁড়ে ফেলে দিলো একটা জীবাণুবিনাশক চুল্লীতে, ওখানে ওটা ধূয়া হয়ে উবে গেলো। "মৃতদেহ বাইরে ফেলে রেখে পচিয়ে ফেলাটা সাধারণত দেখা যায় না। তবে, এটা সত্য, যে মাছিগুলো আমাদের জজ হিলিকে আকর্ষণ করেছে তা সাধারণত ছাগল অথবা ভেড়ার ক্ষেত্রে দেখা যায়।" সত্য হলো, চার দিন ধরে বাইরে ফেলে রাখার কারণে মাছির ডিমগুলো হিলির শরীরের ভেতরেই বংশ বিস্তার করেছে, যা খুবই অবাক করার মতো একটি ব্যাপার। তবে বার্নিকোট এটা স্বীকার করার মতো জ্ঞান রাখে না। কোরোনারের পদটি একটি রাজনৈতিক নিয়োগ, আর এই পদটির জন্যে কোনো মেডিকেল অথবা বৈজ্ঞানিক জ্ঞানের দরকার হয় না। কেবলমাত্র মৃতদেহ সহ্য করার ক্ষমতা থাকলেই হয়।

BanglaBook.org

www.BanglaBook.org

"বাড়ির যে কাজের মহিলা লাশটা খুঁজে পেয়েছিলো," কার্তেজ ব্যাখ্যা ক'রে বললো, "সে ক্ষতস্থান থেকে পোকাগুলো সরানোর চেষ্টা করেছিলো, তখন সে ভেবেছিলো, সে নাকি দেখেছে, কী বলবো, আমি জানি না কিভাবে..."

বার্নিকোট একটু কেশে নিয়ে কার্তেজকে কথা চালিয়ে যাবার ইঙ্গিত করলো।

"সে শুনেছে জজ হিলি মারা যাবার আগে গোঙানী দিয়েছিলেন," কার্তেজ বললো। "এটাই সে বলেছে, মিঃ বার্নিকোট।"

"ওহ্, তা হতেই পারে!" বার্নিকোট একটু হালকা চালে হাসলো। "বোলতা মাছির ডিমগুলো কেবলমাত্র মৃত টিসুর ওপরই বেঁচে থাকে, চিফ।" সে ব্যাখ্যা ক'রে বললো, যার কারণে স্ত্রী মাছিগুলো গবাদি-পশুর ক্ষতস্থানে অথবা নষ্ট মাংসের মধ্যে বাসা বাঁধে। যদি তারা নড়তে চড়তে সক্ষম নয় কিংবা অচেতন কোনো জীবিত প্রাণীর ক্ষতস্থানে বাসা বাঁধে তাহলে মাছির ডিমগুলো কেবল মৃত টিসুই ভক্ষণ করতে পারে–যাতে খুব কমই ক্ষতি সাধন হয়। মাথার আঘাতটি দেখে মনে হয় আসল আঘাতের দ্বিগুণ অথবা তিনগুণ বেশি ক্ষতিসাধিত হয়েছে। তার মানে সবগুলো টিসুই মরে গিয়েছে। তার অর্থ দাঁড়ায়, ডিমগুলো তাদের খাবার গলাধকরণ করার আগেই বিচারপতি ভদ্রলোক একদম শেষ হয়ে গিয়েছিলেন।"

"তাহলে মাথার ক্ষতস্থানটি," কার্তেজ বললো, "আসল আঘাতের কারণ–এটাই তাকে মেরে ফেলেছে?"

"ওহ্, সেটাই তো সত্যি, চিফ," বার্নিকোট বললো। "আর, সেই কারণেই নকল দাঁতের পাটিটা খুলে গেছে বলা যায়। আপনি বলেছেন, তাকে তাঁদের আঙিনাতেই পাওয়া গেছে?"

কার্তেজ সায় দিলো। বার্নিকোট বলার চেষ্টা করলো খুনটা ইচ্ছাকৃতভাবে করা হয় নি। হত্যার উদ্দেশ্যে কেবলমাত্র একটা আঘাত করা হবে না, বরং পিস্তল কিংবা কুড়াল ব্যবহার করার কথা। "এমনকি একটা চাকুও ব্যবহার করা হতে পারতো। না, এটা দেখে মনে হচ্ছে অনিচ্ছাকৃতভাবে আঘাত করা হয়েছে। দুষ্কৃতিকারী প্রধান বিচারপতির মাথায় আঘাত করেছে শোবার ঘরে, এক আঘাতেই তিনি অচেতন হয়ে পড়েন, তারপর তাকে বাইরে ফেলে দেয়, যাতে বাড়িটা অনায়াসে লুট করতে পারে, হয়তো সে কখনও ভাবে নি হিলির আঘাতটা খুব বেশি গুরুতর।"

কার্তেজ তিক্ত দৃষ্টিতে বার্নিকোটের দিকে তাকালো। "বাড়ি থেকে কোনো কিছুই নেয়া হয় নি। শুধু তাই নয়। প্রধান বিচারপতির কাপড়-চোপড়গুলো খুলে সুন্দর ক'রে ভাঁজ ক'রে রাখা ছিলো।" তার গলাটা একটু ফ্যাস্ ফ্যাস্ ক'রে চড়া হয়ে উঠলো। "তার মানিব্যাগ, স্বর্ণের চেইন, আর হাত ঘড়িটাও কাপড়-চোপড়ের পাশে সুন্দর ক'রে রাখা ছিলো!"

বার্নিকোটের চিংড়ি মাছের মতো চোখ জোড়া বিস্ফারিত হয়ে কার্তেজের দিকে চেয়ে রইলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"তাকে নগ্ন করা হয়েছিলো? আর, কোনো কিছুই নেয়া হয় নি?"

"এটা একদম উন্মাদের কাজ," কার্তেজ বললো, এই ব্যাপারটা তাকে তৃতীয় অথবা চতুর্থবারের মতো বলতে হলো।

"একবার ভাবুন তো!" বিস্ময়ে বার্নিকোট বললো, চারপাশে এমনভাবে তাকালো যেনো কথাটা বলার জন্যে লোকজন খুঁজছে।

"আপনি এবং আপনার ডেপুটিরা এই ব্যাপারটা একদম গোপন রাখবেন, মেয়র সাহেবের নির্দেশে। আপনি সেটা জানেন, ঠিক, মিঃ বার্নিকোট? এই চার দেয়ালের বাইরে একটা শব্দও যেনো না বের হয়!"

"অবশ্যই, চিফ কার্তেজ।" বার্নিকোট দায়িত্বজ্ঞানহীনের মতো হেসে ফেললো। "তো, টেনে-হিঁচড়ে নিয়ে যাবার জন্যে বৃদ্ধ হিলি বেশ মোটা-সোটাই বলা চলে। অন্ত তপক্ষে আমরা বিশ্বাস করতে পারি তার বিধবা মোটেও দুঃখিত হন নাই।"

কার্তেজ ওয়াইড ওক্স-এ যুক্তি এবং আবেগের সাথে ব্যাখ্যা ক'রে অনুরোধ জানালো কেন জনগন জানার আগে তাকে ব্যাপারটা আরো একটু খতিয়ে দেখতে হবে। কিন্তু কাজের মেয়েটা বিছানার চাদর বিছানোর সময় এড্নাহ হিলি কোনো প্রতিক্রিয়াই দেখালেন না।

"বোঝেনই তো–যদি আমাদেরকে নিয়ে তামাশা করে, পত্রপত্রিকাগুলো যদি আমাদের পদ্ধতিগুলো বানচাল ক'রে দেয়, যেমনটি তারা ক'রে থাকে, তবে কি বেরিয়ে আসবে?"

তার চোখ সাধারণত তীক্ষ্ম এবং সব কিছু খুটিয়ে খুটিয়ে দেখে, তবে এখন তা বিষণ্নভাবে স্থির হয়ে রইলো। এমনকি তার চাকরানীরাও, যারা তার রক্তচক্ষুকে ভীষণ ভয় করে, তার বর্তমান অবস্থার জন্যে কেঁদেছে, যেমনটি তারা করেছে জজ হিলির মৃত্যুতে।

কার্তেজ চেয়ারে হেলান দিয়ে বসলো। আত্মসমর্পণের জন্য যেনো সে প্রস্তুত। সে খেয়াল করলো নেল রেনি যখন চা নিয়ে ঘরে ঢুকলো তখন মিসেস হিলি দু'চোখ বন্ধ ক'রে রাখলেন। "কোরোনার মিঃ বার্নিকোট বলেছে আপনার কাজের মহিলা যে দাবি করেছে জজ হিলিকে সে জীবিত অবস্থায় পেয়েছিলো সেটা বৈজ্ঞানিকভাবে একদমই অসম্ভব–দৃষ্টিবিভ্রম। বার্নিকোট মাছির ডিমের সংখ্যা দেখে বলতে পেরেছেন জজ সাহেব এর আগেই মারা গিয়েছিলেন।"

এড্নাহ হিলি সপ্রশ্ন দৃষ্টিতে কার্তেজের দিকে তাকালেন।

"সত্যি, মিসেস হিলি," কার্তেজ নতুন ক'রে আত্মবিশ্বাস নিয়ে আশ্বাসের সঙ্গে বলতে শুরু করলো। "মাছিদের ডিমগুলো প্রাকৃতিকভাবেই মৃত টিসুর ওপর বেঁচে থাকে। বুঝলেন।"

BanglaBook.org

www.BanglaBook.org

"তাহলে তিনি যখন বাইরে প'ড়ে ছিলেন তখন মোটেও যন্ত্রণা ভোগ করেন নি!" ভাঙা ভাঙা কণ্ঠে মিসেস হিলি জানতে চাইলেন।

কার্তেজ আস্থার সঙ্গে মাথা নেড়ে তাঁকে আশ্বস্ত করলো। কার্তেজ ওয়াইড ওক্‌স ছেড়ে আসার আগেই এড্‌নাহ হিলি নেল রেনিকে ডাকলেন এবং তার এই ভয়ংকর গল্পটা যেনো সে আর কাউকে না বলে সে ব্যাপারে নিষেধ ক'রে দিলেন।

"কিন্তু মিসেস হিলি, আমি জানি, আমি..." নেল বোঝানোর চেষ্টা করলো।

"নেল রেনি! তুমি আমার কথা মতো কাজ করবে!"

এরপর বিধবা মহিলা চিফ কার্তেজকে কথা দিলেন তার স্বামীর মৃত্যুর আনুষঙ্গিক বিষয়গুলো তিনি গোপন রাখবেন।

"কিন্তু আপনাকে এটা অবশ্যই করতে হবে," নিজের জামার হাতার কানা ধরে, বললেন মিসেস হিলি, "কথা দিন, তার হত্যাকারীকে খুঁজে বের করবেন।"

কার্তেজ মাথা নেড়ে সায় দিলো। "মিসেস হিলি, আমাদের সর্ব শক্তি দিয়ে এই কাজটা শুরু..."

"না।" তার ফ্যাকাসে হাতটা কার্তেজের কোটটা ধরে রাখলো নিশ্চলভাবে যেনো তাকে এ ঘর থেকে চলে যেতে দেবেন না তিনি। "না, চিফ কার্তেজ। শুরু করা নয়। শেষ করুন। খুঁজে বের করুন। আমাকে কথা দিন।"

মহিলা তাকে নাচার ক'রে তুললেন। "আমি কথা দিচ্ছি আমরা তাই করবো, মিসেস হিলি।" সে আর বেশি কিছু বললো না। কিন্তু তার কণ্ঠে সন্দেহের আভাসও দেখা দিলো। "যেভাবেই হোক।"

জে.টি ফিল্ডস্ কবিদের প্রকাশক, তার নিউ কর্নার-এর অফিসের জানালার পাশে জড়োসড়ো হয়ে ব'সে আছেন। লংফেলোর বাছাই করা কবিতাগুলো যখন তিনি পড়ছেন তখনই একজন জুনিয়র ক্লার্ক এক অতিথিকে নিয়ে ঘরে ঢুকলো। অগাস্টাস ম্যানিংয়ের হালকা পাতলা অবয়বটি দৃষ্টিরগোচরে এলো। আঁটোসাটো ফ্রক কোটে নিজেকে আবদ্ধ করেছেন তিনি। এমনভাবে অফিসে ঢুকলেন যেনো এই তৃতীয় তলায়, ট্রেমন্ট স্ট্রটের ম্যানশনের ভবনটা, এখন যেটা টিকনর, ফিল্ডস্ এ্যান্ড কোং হিসেবে ব্যবহৃত হচ্ছে, সেখানে কিভাবে এসেছেন সে সম্পর্কে তার কোনো ধারণাই নেই।

"জায়গাটা দেখতে বেশ অভিজাত, মিঃ ফিল্ডস্—অভিজাত!"

ফিল্ডস্, এখন একজন সিনিয়র অংশীদার এবং আমেরিকার সবচাইতে সফল প্রকাশক, হেসে নিজের ডেস্কের দিকে গেলেন, একটা পা বাড়িয়ে দিলেন চারটা প্যাডেলের তৃতীয়টার ওপর—এ, বি, সি এবং ডি—এগুলো তার চেয়ারের নিচে সারিবদ্ধভাবে রাখা আছে। এই অফিস থেকে একটু দূরে, অন্য একটা ঘরে 'সি' বেলের শব্দ হলে মেসেঞ্জার বয় চম্‌কে ওঠে। বেল 'সি' মানে প্রকাশককে পঁচিশ মিনিট

www.BanglaBook.org

পরে বিরক্ত করা যাবে। বেল 'বি' মানে দশ মিনিট, বেল 'এ' পাঁচ মিনিট। টিকনর এ্যান্ড ফিল্ডস্ হারভার্ড বিশ্ববিদ্যালয়ের টেক্সট বই, প্যামফ্লেট স্মরণিকা এবং কলেজের ইতিহাস বইয়ের একটি সুনামী প্রকাশনা প্রতিষ্ঠান। তাই ড. অগাস্টাস ম্যানিং, সবধরণের কাজের টাকা যাঁর কাছে থাকে, আজকে এই দিনে সবচাইতে উদার আর মহানুভব 'সি' বেল-এর যোগ্য হলেন।

ম্যানিং তার টুপিটা খুলে এক হাতে নিয়ে অন্য হাতে মাথার দু'দিকের চুলগুলোতে হাত বোলালেন। "হারভার্ড কর্পোরেশনের ট্রেজারার হিসেবে," তিনি বললেন, "আমি অবশ্যই আপনাদের সামনে সম্ভাব্য সমস্যার কথাটা উপস্থাপন করবো যা একটু দেরিতে হলেও আমাদের মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হয়েছে, মিঃ ফিল্ডস্। আপনি বোঝেন হারভার্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট একটি প্রকাশনা প্রতিষ্ঠানকে সন্দেহাতীতভাবেই সুনাম বাড়িয়ে যেতে হয়।"

"ড. ম্যানিং, আমি নির্দ্বিধায় বলতে পারি আমাদের প্রতিষ্ঠানের মতো সুনামী প্রতিষ্ঠান এখানে আর দ্বিতীয়টি নেই।"

ম্যানিং তার বাঁকা বাঁকা আঙুলগুলো এক সঙ্গে ক'রে মুখের কাছে আনলেন, হয় কাশি দেবার জন্যে নয়তো একটা দীর্ঘশ্বাস আঁটকানোর জন্যে, তবে কোন্‌টার জন্যে সেটা ফিল্ডস্ বলতে পারবেন না। "আমরা শুনেছি আপনি নতুন এক অনুবাদ সাহিত্য প্রকাশ করার পরিকল্পনা করছেন, মিঃ ফিল্ডস্, অবশ্যই সেটা মিঃ লংফেলোর। কলেজে মিঃ লংফেলোর কয়েক বছরের অবদানকে আমরা সাধুবাদ জানাই আর নিঃসন্দেহে তার নিজের কবিতাগুলোও প্রথম শ্রেণীর। তারপরও এই প্রকল্পটি সম্পর্কে কিছু শুনেছি, এর বিষয় সম্পর্কে আর এই ধরণের বস্তাপচা জিনিসের ব্যাপারে আমাদের একটু দুঃশ্চিন্তাও রয়েছে..."

ফিল্ডস্ শীতল চোখে ম্যানিংয়ের দিকে তাকিয়ে থাকলে তিনি মুখের কাছে রাখা দু'হাতের আঙুলগুলো সরিয়ে ফেললেন। প্রকাশক তার পা-টা চার নাম্বার প্যাডেলে রাখলেন, সবচাইতে জরুরি অনুরোধের নব্ এটি। "আপনি জানেন, মিঃ ম্যানিং, আমার কবিদের সৃষ্টিগুলোকে সমাজ কতোটা মূল্য দিয়ে থাকে। লংফেলো। লাওয়েল। হোম্‌স।" তিনটি নামের আলাদা আলাদা উচ্চারণ তার অবস্থানকে আরো বেশি সুসংহত করলো যেনো।

"মিঃ ফিল্ডস্, আমরা সমাজের দোহাই দিয়েই কথা বলি। আপনার লেখকেরা আপনার কোটের আস্তিন ধ'রে ঝুলে থাকে। তাঁদেরকে যথাযথভাবে উপদেশ দিন। এই মিটিংয়ের কথাটা উল্লেখ করবেন না, ঠিক যেমনটি আমি করবো না। আমি জানি আপনি চান আপনার প্রতিষ্ঠানটি সম্মান ধরে রাখুক, আপনার এসব প্রকাশনার পরিণামগুলোর ব্যাপার আপনি যে বিবেচনায় রাখেন সে ব্যাপারে আমার কোনো সন্দেহ নেই।"

"আপনার এই আস্থার জন্যে আপনাকে ধন্যবাদ, ড. ম্যানিং।" ফিল্ডস্ তার

BanglaBook.org

www.BanglaBook.org

দু'পাশে ছড়ানো দাঁড়ির ফাঁক দিয়ে দম নিলেন, তার বিখ্যাত কূটনৈতিক আচরণটা বজায় রাখাতে একটু বেগ পেতে হলো তার। "আমি পরিণামগুলো পুরোপুরি বিবেচনা করেই এগিয়ে যাচ্ছি। আপনি যদি বিশ্ববিদ্যালয়ের ঝুলে থাকা প্রকাশনাগুলোর কাজ অব্যাহত রাখতে না চান, আমি বিনা খরচেই এবং আনন্দের সঙ্গেই সবগুলো প্লেট আপনার কাছে পাঠিয়ে দেবো। আপনি জানেন, আমি আশা করি, আপনি যদি আমার লেখকদের সম্পর্কে লোকজনের কাছে নেতিবাচক কিছু বলেন তো আমার নিন্দাই করবেন। আহ্, মি: অসগুড।"

ফিল্ডসের সিনিয়র ক্লার্ক জে.আর অসগুড ঘরে প্রবেশ করলো। ফিল্ডস্ তাকে আদেশ করলেন ড. ম্যানিংকে নতুন অফিসগুলো দেখিয়ে নিয়ে আসতে।

"কোনো দরকার নেই," উঠে দাঁড়াতেই কথাটা ম্যানিংয়ের রুক্ষ দাঁড়ির ফাঁক গ'লে বের হয়ে এলো। "আমার মনে হয় আপনি এই জায়গাটাতে অনেক সুখকর দিন প্রত্যাশা করছেন, মি: ফিল্ডস্," কালো চক্‌চকে কাঠের প্যানেলের দিকে শীতল চোখে তাকিয়ে তিনি বললেন। "মনে রাখবেন, সময় আসবে, যখন আপনিও আপনার লেখকদেরকে তাঁদের উচ্চাকাঙ্ক্ষাপূর্ণ মনোভাব থেকে রক্ষা করতে পারবেন না।" তিনি দারুণ ভদ্রতার সঙ্গে মাথা দুলিয়ে কুর্ণিশ ক'রে চলে গেলেন।

"অসগুড," ফিল্ডস্ দরজাটা বন্ধ ক'রে দিয়ে বললেন, "আমি চাই *নিউইয়র্ক ট্রিবিউন*-এ অনুবাদটি নিয়ে তুমি একটু গুজব ছড়ানোর ব্যবস্থা করো।"

"আহ্, মি: লংফেলো কি সেটা ইতিমধ্যেই ক'রে ফেলেছেন?" অসম্ভব সপ্রতিভ হয়ে জানতে চাইলো সে।

ফিল্ডস্ তার ঠোঁট কামড়ে একটু ভাবলেন। "তুমি কি জানো মি: অসগুড, নেপোলিওন একবার এক বই বিক্রেতাকে অতিমাত্রায় আগ্রাসী হবার জন্যে গুলি করেছিলেন?"

অসগুড একটু ভাবলো। "না, এরকম কথা আমি শুনি নি, মি: ফিল্ডস্।"

"গণতন্ত্রের সবচাইতে সুখী আর আনন্দদায়ক সুবিধা হলো আমরা আমাদের বইগুলোকে ফুলিয়ে ফাঁপিয়ে প্রচারণা করার জন্যে মুক্ত-স্বাধীন। যতোটুকু পারি সেটা আমরা করতে পারি আর সেটা একদম কারোর কোনো ক্ষতি না করেই। আমি চাই আমরা যখন বাইন্ডারদের কাছে যাবো তখন কোনো সম্ভ্রান্ত পরিবার যেনো এই খবরটা না জেনে ঘুমাতে না পারে।" আর তার এক মাইলের মধ্যে যে কেউ এটা বিশ্বাস করে যে, তিনি এটা ঘটাতে পারবেন। "নিউ ইয়র্কের মি: গ্লিকে *লিটারি বোস্টন পেজ*-এর জন্য অন্তর্ভুক্ত করা হোক।" ফিল্ডসের আঙুলগুলো শূন্যে এমনভাবে টোকা মারতে লাগলো যেনো কোনো সঙ্গীতজ্ঞ তার স্মরণীয় পিয়ানো বাজাচ্ছেন। তার হাতের কব্জি লেখার সময় আড়ষ্ট হয়ে যায়, তাই অসগুড প্রকাশকের লেখালেখির কাজটি নিজের হাতে ক'রে থাকে। এর মধ্যে তার কবিতার ভূমিকাও অন্তর্ভুক্ত।

মূল বক্তব্যটি একেবারে প্রস্তুত হয়েই বের হলো : "'সাহিত্যিকেরা বোস্টনে

www.BanglaBook.org

করছেটা কি : গুজব আছে যে, টিকনর, ফিল্ডস্ এ্যান্ড কোং-এর নতুন যে অনুবাদ কর্মটি প্রেসে আছে সেটা বিভিন্ন গোষ্ঠীর মধ্যে দারুণ মনোযোগ আকর্ষণ করবে। লেখক আমাদের শহরের একজন সজ্জন ব্যক্তি, যাঁর কবিতা বহু বছর ধরে আটলান্টিকের দুই পাড়ে প্রশংসা অর্জন ক'রে আসছে। আমরা আরো জানতে পেরেছি যে, এই ভদ্রলোক বোস্টনের সবচাইতে সেরা সাহিত্যিকদের নিযুক্ত করেছেন তার এই কাজে সাহায্য নেবার জন্যে...' একটু থামো, অসগুড। এটাকে 'নিউ ইংল্যান্ড' লেখো। আমরা চাই না বৃদ্ধ গৃন নাক সিঁটকান, চাই কি?"

"অবশ্যই চাই না, স্যার," জবাব দেবার ফাঁকে অসগুড কথাটা টুকে নিলো।

"...নিউ ইংল্যান্ডের সবচাইতে সেরা পণ্ডিতগণ তার নতুন কবিতার অনুবাদকর্মের সংশোধনের এবং তদারকির কাজটি করছেন। কাজটা কী বিষয়ের ওপর সেটা এখনও অজানা রয়ে গেছে, কেবল এটুকু বলা যায় যে, এটা এদেশে এর আগে কখনও পঠিত হয় নি। এই কাজটি এদেশের সাহিত্য জগতের মানচিত্র বদলে দেবে।' ইত্যাদি ইত্যাদি। গৃলি কি এটাকে 'অজ্ঞাত সূত্র' হিসেবে উল্লেখ করবে। তুমি কি সবটা লিখেছো?"

"সকালের প্রথম দিকেই এটা আমি পোস্ট ক'রে দেবো," বললো অসগুড।

"এটা নিউ ইয়র্কের জন্যে লেখো।"

"পরের সপ্তাহে ছাপার জন্যে?" অসগুড ভাবলো সে ভুল শুনেছে।

"হ্যাঁ, হ্যাঁ!" ফিল্ডস্ তার দু'হাত উপরে তুললেন। প্রকাশক কদাচিৎ উদ্বিগ্ন হন। "আর, তোমাকে বলি, পরের সপ্তাহে আমরা আরেকটা প্রস্তুত করবো!"

দরজার কাছে পৌঁছেই অসগুড সতর্কভাবে পেছনে ফিরে তাকালো। "আজ দুপুরে ড. ম্যানিংয়ের কাজের কী হলো, মিঃ ফিল্ডস্, আমি কি জানতে পারি?"

"ভাবনার কিছু নেই।" ফিল্ডস্ তার ঘন দাঁড়ির ফাঁক দিয়ে লম্বা ক'রে একটা দীর্ঘশ্বাস ফেলে নিজের কথাটাকেই যেনো মিথ্যে প্রতিপন্ন ক'রে জানালার পাশে রাখা পাণ্ডুলিপির স্তূপের কাছে ফিরে গিয়ে একটা মোটা কুশনে বসলেন। অসগুড আবারো চলে যেতে উদ্যত হলে ফিল্ডসের মনে হলো ব্যাপারটা একটু ব্যাখ্যা করবেন। "আমরা যদি লংফেলোর দান্তে নিয়ে এগোই তবে অগাস্টাস ম্যানিং দেখতে পাবে, হারভার্ডের সঙ্গে টিকনর এ্যান্ড ফিল্ডসের সব ধরণের প্রকাশনা চুক্তি বাতিল হয়ে গেছে।"

"কেন, এর তো হাজার হাজার ডলার মূল্য রয়েছে-পরের বছর আরো দশটি হবে!" অসগুড একটু শংকিত হয়ে বললো।

ফিল্ডস্ ধৈর্যের সাথে সায় দিলেন। "হুম। তুমি কি জানো অসগুড, হুইটম্যান যখন তার *লিভ্স অব গ্রাসেস* আমদের কাছে নিয়ে এসেছিলেন তখন আমরা কেন সেটা প্রকাশ করি নি?" তিনি জবাবের জন্যে অপেক্ষা করলেন না। "কারণ বিল টিকনর আদিরসের বর্ণনাসমৃদ্ধ অনুচ্ছেদগুলোর কারণে প্রতিষ্ঠানে কোনো সমস্যা হোক সেটা চান নি।"

BanglaBook.org

www.BanglaBook.org

"আমি কি জিজ্ঞেস করতে পারি আপনি এর জন্যে অনুতপ্ত কিনা, মিঃ ফিল্ডস্?"

প্রশ্নটা শুনে তিনি বেশ খুশি হলেন। তার কণ্ঠ চাকরিদাতা থেকে গুরুর কণ্ঠে উন্নীত হলো। "না, আমি অনুতপ্ত নই, প্রিয় অসগুড। হুইটম্যান হলেন নিউ ইয়র্কের, ঠিক যেমনটি এডগার এলান পো।" এই নামটি তিনি একটু বেশি তিক্ততা নিয়ে বললেন কারণ এটা এখনও তাঁকে অনুতপ্ত করে। "তাদের কাছে অল্প যা কিছু আছে আমি তা তাদের কাছেই রেখে দেবো। কিন্তু সত্যিকারের সাহিত্য থেকে আমরা অবশ্যই মুখ ফিরিয়ে রাখবো না, বোস্টনে তো নয়ই। আর এখন সেটা তো করবোই না।"

তিনি 'এখন' বলতে বোঝাতে চাইছেন 'টিকনর আর নেই।' এটা এজন্যে নয় যে, প্রয়াত উইলিয়াম ডি. টিকনরের কোনো সাহিত্য জ্ঞান ছিলো না। সত্যি বলতে কী, টিকনরদের রক্তে সাহিত্য প্রবাহিত হয়। তাদের জ্ঞাতিভাই জর্জ টিকনর এক সময় বোস্টনের সাহিত্য জগতের প্রধান ছিলেন এবং লংফেলো আর লাওয়েল হারভার্ডের স্মিথ অধ্যাপক পদটি পাবার আগে তিনিই প্রথমবারের মতো সেই পদে অধিষ্ঠিত ছিলেন। কিন্তু উইলিয়াম ডি. টিকনর বোস্টনের সবচাইতে জটিল অর্থনৈতিক খাতটিতেই শেষপর্যন্ত নিয়োজিত হলেন, চলে এলেন প্রকাশনা জগতে। ঐ সময়ে এই ব্যবসাটা বই বিক্রির চেয়ে বেশি কিছু ছিলো না। তবে ফিল্ডস্ আধো সমাপ্ত হওয়া পাণ্ডুলিপি থেকে প্রতিভাবানদেরকে চিনতে পেরেছেন। ফিল্ডস্ হয়ে উঠলেন নিউ ইংল্যান্ডের মহান লেখকদের বন্ধু, যাঁদের লেখা ছাপিয়ে প্রকাশকেরা লোকসান দেবার ভয়ে দরজা বন্ধ ক'রে দিয়েছিলেন। ঐসব প্রকাশকেরা খুচরা বিক্রি নিয়েই ব্যস্ত থাকলেন।

ফিল্ডস্ যখন একজন তরুণ কেরাণী ছিলেন তখন বলা হোতো তিনি অতি প্রাকৃত ক্ষমতা (অথবা অন্যান্য কেরাণীদের মতে খুবই 'অদ্ভুত') প্রদর্শন করতেন : তিনি কোনো ক্রেতার ভাবভঙ্গী আর বেশভূষা দেখেই বলে দিতে পারতেন সেই ক্রেতা কি ধরণের বই চাচ্ছেন। প্রথম দিকে এই ব্যাপারটা তিনি নিজের কাছেই রেখে দিতেন। কিন্তু অন্যান্য কেরানীরা যখন এই প্রতিভার আবিষ্কার ক'রে ফেললো তখন সেটা বিরামহীন বাজির উৎস হয়ে উঠলো। যারা এ নিয়ে ফিল্ডসের বিরুদ্ধে বাজি ধরতো তারা সব সময় শেষপর্যন্ত অখুশীই হোতো। ফিল্ডস্ এই প্রকাশনা জগতটিকে খুব দ্রুতই বদলে ফেললেন, তিনি উইলিয়াম টিকনরকে বোঝাতে সক্ষম হলেন যে, লেখকদেরকে না ঠকিয়ে বরং পুরস্কৃত করা উচিত। তিনি এও বুঝেছিলেন, প্রচারণার ফলে কবিরা বিশেষ ব্যক্তিত্বে পরিণত হন। একজন অংশীদার হিসেবে ফিল্ডস্ *দ্য আটলান্টিক মান্থলি* এবং *দ্য নর্থ আমেরিকান রিভিউ* পত্রিকা দুটো তার লেখকদের আখড়া হিসেবে ব্যবহার করার জন্যে কিনে ফেললেন।

অসগুড কখনই ফিল্ডসের মতো পণ্ডিত ব্যক্তি ছিলো না। "অগাস্টাস ম্যানিং কেন এ ধরণের হুমকী দেবেন? এটা তো চাপ দেয়া, স্রেফ জোর করা," বেশ রেগেমেগেই কথাটা বললো সে।

www.BanglaBook.org

একথায় ফিল্ডস্ আপন মনে হেসে ফেললেন। ভাবলেন অসগুডের আরো কতো কিছুই না শেখার আছে। "আমরা আমাদের জানা প্রায় সব লোককেই চাপ দেই, অসগুড, তা না হলে কোনো কিছুই করা যায় না। দান্তের কবিতা ভিনদেশী এবং অপরিচিত। কর্পোরেশনের লর্ডেরা হারভার্ডের সুনাম রক্ষা করে থাকেন প্রতিটি শব্দ কলেজ গেট দিয়ে ঢোকার অনুমতি নিয়ন্ত্রণ করার মধ্য দিয়ে–কোনো অজ্ঞাত অপরিচিত কিছু তাঁদের কাছে ভীতিকর ব'লে ঠেকে।" রোম থেকে সংগ্রহ করা দান্তের *দিভিনা কমেদিয়া*'র পকেট সংস্করণটি তুলে নিলেন ফিল্ডস্। "'দুটো বাজে পরিস্থিতির মাঝখানে বিদ্রোহ করতেই হয়, তা থেকে মুক্ত হতে।' আমাদের দেশের মনোজগৎ টেলিগ্রাফের গতিতে ছুটে চলছে, অসগুড, আর আমাদের প্রতিষ্ঠানগুলো তার পেছন পেছন চলছে ঘোড়ার গাড়ির গতিতে।"

"কিন্তু এতে ক'রে তাঁদের সুনামের ওপর কি কোনো প্রভাব পড়বে? তারা তো লংফেলোর অনুবাদের ব্যাপারে কখনও আপত্তি তোলেন নি।"

প্রকাশকের চোখেমুখে তিক্ত একটা ভাব ফুঁটে উঠলো। "আমার তা মনে হয় না। কিন্তু তাঁদের এখনও অ্যাসোসিয়েশন আছে, খুবই ভীতিকর, এটা এমন কিছু যা কলঙ্ক মুছে ফেলতে পারে।"

ফিল্ডসের সঙ্গে হারভার্ডের সংযোগটি হলো তিনি বিশ্ববিদ্যালয়টিরও প্রকাশক। অন্য পণ্ডিতদের রয়েছে আরো শক্তিশালী সম্পর্ক : লংফেলো ছিলেন এই বিশ্ববিদ্যালয়ের খুবই বিখ্যাত একজন অধ্যাপক, যিনি অবসরের দশ বছর আগেই অবসর নিয়েছেন নিজের কাব্য চর্চায় পুরোপুরি মনোনিবেশ করার জন্যে। অলিভার ওয়েন্ডেল হোম্স, জেমস্ রাসেল লাওয়েল এবং জর্জ ওয়াশিংটন গৃন হলেন এর প্রাক্তন ছাত্র। হোমস্ আর লাওয়েল হলেন নামকরা অধ্যাপক–হোমস্ মেডিকেল কলেজের পার্কম্যান এনাটমি চেয়ারে অধিষ্ঠিত আছেন। আর লাওয়েল হারভার্ড কলেজের আধুনিক ভাষা এবং সাহিত্যের প্রধান, পূর্বে যেখানে লংফেলো অধিষ্ঠিত ছিলেন।

"এটাকে দেখা হবে একটি মাস্টার-ওয়ার্ক হিসেবে, যা বোস্টনের হৃদয়ে এবং হারভার্ডের আত্মায় আলোড়ন তুলবে, মাই ডিয়ার অসগুড। এমনকি অগাস্টাস ম্যানিংও এতোটা অন্ধ নন যে, এটা দেখতে পাবেন না।"

ডাক্তার অলিভার ওয়েন্ডেল হোমস্ একজন মেডিকেল প্রফেসর এবং কবি, হন্তদন্ত হয়ে বোস্টনের মসৃণ পথ দিয়ে এমনভাবে তার প্রকাশকের অফিসের দিকে যাচ্ছেন যে, মনে হচ্ছে তাকে কেউ তাড়া করছে (অবশ্য দু'বার তাকে থামতে হলো অটোগ্রাফ দেবার জন্যে)। তার সিল্ক ওয়েস্ট-কোটের পকেটে একটা ভাঁজ করা চারকোনা কাগজ আছে যার জন্যে ছোটোখাটো ডাক্তার সাহেব কর্নার-এ গেলেন (এটাই হলো তার প্রকাশকের অফিস)।

BanglaBook.org

www.BanglaBook.org

ভক্তদের মুখোমুখি হলে তিনি তাদের পছন্দের নামগুলো শুনে চমকে গেলেন। "ওহ্, এটা। তারা বলে প্রেসিডেন্ট লিঙ্কন এই কবিতাটি মুখস্ত আবৃত্তি করেছেন। সত্যি, তিনি নিজে আমাকে বলেছেন..." হোমস্ নিজের বালসুলভ ছোটোখাটো মুখটার চোয়াল চেপে ধরলেন, তাতে ক'রে মনে হলো তিনি তার মুখটা কিছুক্ষণের জন্যে বন্ধ ক'রে রাখতে চাচ্ছেন, যাতে কেউ দেখে না ফেলে।

অটোগ্রাফ শিকারীদের জন্যে থামার পর তিনি মাত্র একবারই ডুটন এ্যান্ড কোম্পানির বইয়ের দোকানের সামনে থামলেন, অনেকটা আচম্বিত। সেখানে তিনি দেখতে পেলেন নিউ ইয়র্কের নতুন এবং তরুণ লেখকদের তিনটি উপন্যাস আর চারটা কবিতার বই, একদম নতুন। প্রতি সপ্তাহেই বইয়ের নোটিশগুলো ঘোষণা করে যে, একালের সবচাইতে অসাধারণ বইটি এইমাত্র প্রকাশিত হয়েছে। 'একেবারেই আসল' কথাটি এতো বেশি ব্যবহার হয়ে গেছে যে, কেউ এটাকে এখন সাধারণ কোনো পণ্য হিসেবে ভাবতে পারে। যুদ্ধের কয়েক বছর আগে, মনে হয়েছিলো পৃথিবীর একমাত্র বই হলো তার *অটোক্রাট অব দি ব্রেকফাস্ট টেবিল*, ধারাবাহিক রচনা ছিলো সেটি, যেখানে হোমস্ এক ধরণের নতুন সাহিত্যভঙ্গী ব্যবহার করেছিলেন, এটা তার নিজস্ব ব্যক্তিগত পর্যবেক্ষণ।

হোমস্ টিকনর অ্যান্ড ফিল্ডস্-এর সুবিশাল শো-রুমে প্রবেশ করলেন। যেনো কোনো মন্দিরে এক বৃদ্ধ ইহুদি এর মাহাত্মকে স্মরণ করিয়ে দিচ্ছেন। ওয়াশিংটন এবং স্কুল স্ট্রটের ওল্ড কর্নার-এর বইয়ের দোকানগুলোর কথা মনে পড়ে গেলো তার। ফিল্ডসের লেখকেরা ট্রেমোন্ট স্ট্রট-এর নতুন প্রাসাদটিকে ডাকে কর্নার অথবা নিউ কর্নার নামে–অভ্যাসের বশবর্তী হয়ে–সেই সঙ্গে স্মৃতিকাতরতা থেকেও, বলা যেতে পারে।

"শুভ সন্ধ্যা, ডাক্তার হোমস্। মিঃ ফিল্ডসের জন্যে এসেছেন?"

মিস্ সিসিলিয়া এমরয় ফ্রন্ট ডেস্কে কাজ করে, ডাক্তার হোমস্কে উষ্ণ হাসি আর তীব্র সুগন্ধীর সুবাস দিয়ে অভ্যর্থনা করলো সে। এক মাস আগে কর্নারটা চালু হলে ফিল্ডস্ কয়েকজন মহিলাকে সমালোচকদের কঠিন সমালোচনা সত্ত্বেও সেক্রেটারি হিসেবে নিয়োগ দেন। এই ধারণাটার উৎস নিশ্চিতভাবেই ফিল্ডসের সুন্দরী এবং প্রজ্ঞাময়ী স্ত্রী এ্যানি (এ গুণ দুটো সাধারণত একসঙ্গেই থাকে)।

"হ্যা, মাই ডিয়ার।" হোমস্ কুর্ণিশ করলেন। "উনি কি ভেতরে আছেন?"

"আহ্! আমাদের সামনে কি *অটোক্রাট অব দি ব্রেকফাস্ট টেবিল*'র মহান লেখক নাকি?"

কেরাণীদের একজন স্যামুয়েল টিকনর যেতে যেতে সিসিলিয়া এমরয়কে বিদায় জানালো। মিঃ টিকনর গড়পড়তা প্রকাশনীর কেরাণীদেরর মতো নয়। সে বাসায় ফিরলে তার বউ আর চাকরবাকরেরা তাকে অভ্যর্থনা জানাবে। আর তার বাড়িটা ব্যাক-বে নামক অভিজাত এলাকায় অবস্থিত।

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ তার হাতটা বাড়িয়ে দিলেন হাত মেলাবার জন্যে। "নিউ কর্নার জায়গাটা বেশ দারুণ, তাই না, মাই ডিয়ার মিঃ টিকনর?" তিনি হাসলেন। "আমি কিছুটা অবাক হয়েছি যে, আমাদের মিঃ ফিল্ডস্ এখন পর্যন্ত এখানে হারিয়ে যান নি।"

"তাই নাকি," স্যামুয়েল টিকনর অস্পষ্টভাবে কিন্তু গম্ভীরভাবেই বিড়বিড় ক'রে বললো। তারপরই মৃদু হাসলো অথবা বলা যায় ঐরকম শব্দ করলো।

জে.আর অসগুড এসে হোমস্কে নিয়ে উপরে চলে গেলেন। "তাকে পাত্তা দেবেন না, ডাক্তার হোমস্।" অসগুড নাক সিঁটকালেন, দেখলেন স্যামুয়েল ট্রেমন্ট স্ট্রিট-এ নামতেই দাঁড়িয়ে থাকা এক ভিক্ষুকের দিকে একটা কয়েন ছুড়ে দিলো। "আমি বলতে পারি তরুণ টিকনর বিশ্বাস করে সে তার বাবার মতোই জাঁদরেল, কেবলমাত্র নামের কারণেই। আর সে চায় সবাই সেটা জানুক।"

গালগল্প করার মতো সময় ডাক্তার হোমসের নেই–অন্ততপক্ষে আজকে।

অসগুডের মনে আছে মিঃ ফিল্ডস্ মিটিংয়ে রয়েছেন, তাই হোমস্কে লেখকদের জন্যে রাখা একটি জমকালো কক্ষে অপেক্ষা করতে হলো। বেশ আরামদায়ক এবং চমৎকার কক্ষ এটি। অন্য কোনো দিন হলে হোমস্ তার সময় কাটাতেন সাহিত্যিকদের কাজ আর দেয়ালে ঝুলিয়ে রাখা অটোগ্রাফগুলো দেখে দেখে, যার মধ্যে তার নিজেরটাও রয়েছে। তার বদলে তার মনোযোগ গেলো নিজের পকেটের দিকে, ওখানে তার আঙুলগুলো নড়াচড়া করছে। অযত্ন হাতে লেখার জন্যে হোমস্ লেখাটা পড়তে ব্যর্থ হলেন। তিনি কালির দাগের মধ্যে তার জীবনটা দেখেছেন একজন কবি হিসেবে, গত বছরের ঘটনাসমূহে বিপর্যস্ত হয়েছেন তিনি, বিগত সাফল্যসমূহ থেকে জেগে ওঠার ব্যাপারে একেবারেই অক্ষম হয়ে উঠেছেন। চুপচাপ ব'সে তর্জনী আর বুড়ো আঙুলের মাঝখানে চেকটা ঘষলেন যেমনটি আলাদিন তার চেরাগ ঘষ্তো। ফিল্ডসের আমন্ত্রণ দেয়া, বাগে আনা এবং প্রস্তাব দেয়া ভীতিহীন সব নতুন লেখকদের কথা ভাবলেন হোমস্।

লেখকের ঘর থেকে তিনি দু'দুবার বের হয়ে পায়চারী করলেন, দু'বারই দেখতে পেলেন ফিল্ডসের অফিসটা বন্ধ। কিন্তু দ্বিতীয়বার যখন তিনি ঘুরে চলে যাবেন তখনই ভেতর থেকে কবি ও সমালোচক জেমস্ রাসেল লাওয়েলের গলার আওয়াজ শুনতে পেলেন। লাওয়েল খুব চড়া গলায় কথা বলছেন (যেমনটি সবসময় তিনি করেন), একটু নাটকীয় ভঙ্গীতে। ডাক্তার হোমস্ দরজায় কড়া নাড়া কিংবা ঘরে চলে না গিয়ে কথোপকথনটার মর্ম বোঝার চেষ্টা করলেন। তার বিশ্বাস কথাটা অবশ্যই তাকে নিয়েই হচ্ছে।

হোমস্ যখনই কোনো কৌতুহলোদ্দীপক কিছু শুনছেন তখনই চোখ দুটো কুচ্কে ফেলছেন যেনো তাতে ক'রে তার শ্রবণ শক্তিটা বেড়ে যাচ্ছে।

আঁড়ি পেতে শোনা লোকের সামনে যখন আচম্কা এক তরুণ এসে পড়লো তখন সেই আড়িপাতাওয়ালা লোকটি বোকার মতো তার হাত দুটো নাড়তে থাকলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"আমারই দোষ, মাই ডিয়ার," হাসতে হাসতে কবি বললেন। "আমি ডাক্তার হোমস্ আর আপনি..."

"টিল, ডাক্তার সাহেব," হনহন ক'রে দৌড়ে চলে যাওয়ার আগে কাঁপতে থাকা দোকানের ছেলেটা ভয়ে ভয়ে কোনোভাবে নিজের পরিচয়টা দিলো।

"বুঝেছি, আপনার সঙ্গে ড্যানিয়েল টিলের দেখা হয়েছিলো।" অসগুড নামের সিনিয়র কেরাণী ভদ্রলোক হল থেকে উদয় হলো। "তাকে আমরা এখানে বড় কোনো কাজে রাখতে পারি নি, কিন্তু কঠোর পরিশ্রমী সে।" হোম্স অসগুডের সঙ্গে সঙ্গে মৃদু হাসলেন : বেচারা, কেবলমাত্র কাজে যোগ দিয়েছে, আর এরই মধ্যে কিনা অলিভার ওয়েন্ডেল হোম্সের সঙ্গে প্রায় মাথা ঠোকাঠুকি অবস্থা! নিজের এই আত্মগরিমার জন্যে কবি মনে মনে হাসলেন।

"আপনি কি চান আমি ফিল্ডস্কে খবরটা দিয়ে আসি?" অসগুড জানতে চাইলেন।

এরপরই ভেতর থেকে দরজাটা খুলে গেলো। জেমস্ রাসেল লাওয়েল রাজসিক ভঙ্গীতে হেলেদুলে অন্তর্ভেদী দু'চোখ নিয়ে দুই আঙুলে নিজের দাঁড়ির অগ্রভাগ ধরে ভেতর থেকে বাইরে তাকালেন। তিনি ফিল্ডসের অফিসে আজকের সংবাদ পত্রটি নিয়ে একাই আছেন।

হোমস্ ভাবলেন, যদি লাওয়েল তার উদ্বিগ্নতার কথা শোনেন তবে তিনি কী বলতে পারেন : *এখন সময় হলো সমস্ত শক্তি দিয়ে লংফেলের ওপর, দান্তের ওপর, হোম্সের ওপর মনোযোগ দেয়া, আমাদের তুচ্ছ অহংকার নিয়ে নয়...*"আসুন, আসুন, ওয়েন্ডেল!" লাওয়েল তার জন্যে মদ ঢালতে শুরু করলেন।

হোমস্ বললেন, "আরে, লাওয়েল, আমি বিশ্বাস করেছিলাম এইমাত্র আমি এখান থেকে একাধিক কণ্ঠস্বর শুনেছি। ভূত ছিলো নাকি?"

"কোলোরিজকে যখন জিজ্ঞেস করা হয়েছিলো তিনি ভূতে বিশ্বাস করেন কিনা, তিনি নেতিবাচক জবাব দিয়েছিলেন। ব্যাখ্যা ক'রে বলেছিলেন যে, তিনি তাদেরকে কখনও দেখেন নি।" তৃপ্তি নিয়ে হেসে সিগারেটের জ্বলন্ত অংশটি মুচরে ফেললেন তিনি। "ওহ্, দান্তে ক্লাব-এর উচিত আজ রাতাকে উদযাপন করা। কেমন শোনায় সেটা দেখতেই আমি এটা উচ্চস্বরে পড়ছিলাম।" লাওয়েল পাশের টেবিলের ওপর রাখা সংবাদপত্রটির দিকে ইঙ্গিত করলেন। তিনি জানালেন যে, ফিল্ডস্ ক্যাফেটোরিয়া থেকে নেমে গেছেন।

"লাওয়েল, আমাকে বলুন তো, আপনি কি জানেন *আটলান্টিক* তাদের পেমেন্ট নীতির পরিবর্তন করেছে কিনা? মানে, আমি জানি না, আপনি শেষ সংখ্যায় কোনো কবিতা দিয়েছিলেন কিনা। আপনি অবশ্যই *রিভিউ* নিয়ে ব্যস্ত আছেন, সেটা জানি।" হোমসের আঙুল তার পকেটে থাকা চেকটা স্পর্শ করলো।

লাওয়েল খুব মনোযোগ দিয়ে শুনছিলেন না। "হোমস্, আপনার অবশ্যই এটা

BanglaBook.org

www.BanglaBook.org

স্বচক্ষে দেখা দরকার। ফিল্ডস্ নিজে এটা ছেড়েছেন। এই তো, সামনেই। দেখুন।" তিনি সন্দেহজনকভাবে মাথা নেড়ে সায় দিয়ে সতর্কভাবে দেখতে লাগলেন। পত্রিকাটার সাহিত্য পাতা ভাঁজ করা আছে আর তা থেকে লাওয়েলের সিগারেটের গন্ধ পাওয়া যাচ্ছে।

"কিন্তু, আমি যা জানতে চাই, মাই ডিয়ার লাওয়েল," হোমস্ পত্রিকাটা সরিয়ে রেখে বেশ জোর দিয়ে বললেন, "তা হলো, এটা সাম্প্রতিক কালের কিনা—ওহ্, অসংখ্য ধন্যবাদ।" তিনি পানি এবং ব্র্যান্ডি গ্রহণ করলেন।

দাঁড়িতে হাত বোলাতে বোলাতে ফিল্ডস্ ফিরে আসলেন। তিনি রহস্যজনকভাবেই উৎফুল্ল আর তৃপ্ত, ঠিক লাওয়েলের মতোই। "হোমস্! আজকের এই আনন্দের দিনে আপনাকে এখানে আশা করি নি। আমি এইমাত্র মিঃ ক্লার্ককে দেখার জন্যে আপনার মেডিকেল কলেজেই যাচ্ছিলাম। *আটলান্টিক*-এর শেষ সংখ্যার পেমেন্ট চেকে কিছু মারাত্মক ভুল হয়ে গেছে। আপনি আপনার এক একেকটি কবিতার জন্যে একশোর বদলে পচাত্তর ক'রে পেয়েছেন।" যুদ্ধের কারণে ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির জন্যে একজন কবি একটি কবিতার জন্যে একশো ডলার পেয়ে থাকেন, এক্ষেত্রে কেবল ব্যতিক্রম লংফেলো। তিনি পেয়ে থাকেন ১৫০ ডলার। আর অনামী-অখ্যাতজনেরা পায় পঁচিশ থেকে পঞ্চাশ ডলার।

"সত্যি?" হোমস্ অনেকটা স্বস্তি প্রকাশ ক'রে বললেন এবং সঙ্গে সঙ্গে বিব্রতও হলেন একটু। "তো, বেশি পেলে আমি সবসময়ই খুশি হই।"

"এইসব নতুন কেরাণীগুলো এমন এক ধরণের প্রাণী যা আপনি কখনও দেখেন নি।" ফিল্ডস্ মাথা ঝাঁকালেন। "বন্ধুরা, মনে হয় একটা বড় জাহাজের হুইলে আমি ব'সে আছি, কারণ সারাক্ষণ চোখে চোখে না রাখলে সেটা পাথরের উপর দিয়ে চালিয়ে নিয়ে যাওয়া হবে যে।"

হোমস্ উৎফুল্ল হয়ে নিজের চেয়ারে ব'সে অবশেষে হাতে থাকা *নিউইয়র্ক ট্রিবিউন*-টার দিকে তাকালেন। কঠিন নিরবতার মধ্যে তিনি হাতাওয়ালা চেয়ারে ডুবে গেলেন। যেনো এর নরম চামড়ার ভেতরে নিজেকে গিলে ফেলতে দিচ্ছেন।

জেমস্ রাসেল লাওয়েল ক্যামব্রিজ থেকে কর্নার-এ এসেছিলেন *দ্য নর্থ আমেরিকান রিভিউ*তে দীর্ঘদিন ধরে অবহেলিত দায়িত্বটা পালন করতে। লাওয়েল তার সুবিশাল কাজগুলো *রিভিউ*তে রেখে এসেছেন একদল সহকারী সম্পাদকের দলটির কাছে, প্রুফ দেখার জন্যে, যাদের নামও তিনি ঠিকমতো জানেন না, এই পত্রিকাটি ফিল্ডসের দুটো সেরা ম্যাগাজিনের একটি। ফিল্ডস্ জানেন লাওয়েল যে কারোর চাইতে, এমনকি লংফেলোর চাইতেও বেশি অগ্রীম প্রচারণা পছন্দ করেন।

"দারুণ সুন্দর! আপনার মধ্যে এখনও খানিকটা ইহুদি ভাব রয়ে গেছে, মাই ডিয়ার ফিল্ডস্!" হোমসের কাছ থেকে পত্রিকাটা ঝট্‌কা মেরে নিয়ে লাওয়েল বললেন। তার বন্ধু লাওয়েলের অদ্ভুত মন্তব্যটা বিশেষ খেয়াল করলেন না। যেহেতু তারা তার

BanglaBook.org

www.BanglaBook.org

সেই তত্ত্ব বানানোর প্রবণতার সাথে পরিচিত যাতে দাবি করা হয় যে, সামর্থ্যবান সবার মধ্যে কিছুটা ইহুদি অথবা ইহুদিজাত বিষয় রয়েছে।

"আমার বই বিক্রেতারা এই ক্ষেত্রে চ্যাম্পিয়ন," ফিল্ডস্ খুব উৎসাহ নিয়ে বললেন। "বোস্টনের মুনাফা থেকেই আমরা একটা চক্‌চকে কোচ বানাতে পারবো!"

"মাই ডিয়ার ফিল্ডস্," মুচ্‌কি হেসে লাওয়েল বললেন। তিনি পত্রিকাটা এমনভাবে স্পর্শ করলেন যেনো কোনো গোপন উপহার হাতে ধ'রে রেখেছেন। "আপনি যদি দান্তের প্রকাশক হতেন, তবে আমি বলতে পারি, তাঁকে ফ্লোরেন্সের পথে উৎসব ক'রে স্বাগত জানানো হোতো!"

অলিভার ওয়েন্ডেল হোমস্ হেসে ফেললেন। তবে যখন বললেন তখন তার মধ্যে একটু দৃঢ়তাও দেখা গেলো, "ফিল্ডস্ যদি দান্তের প্রকাশক হতেন তাহলে দান্তেকে কখনও দেশান্তরিই করা হোতো না, লাওয়েল।"

ডাক্তার হোমস্ যখন লংফেলোর বাড়িতে যাবার আগে অর্থ-শাখার কেরাণীকে খোঁজ করার জন্যে সবার কাছ থেকে ক্ষমা চেয়ে ঘর থেকে বের হলেন তখন ফিল্ডস্ দেখতে পেলেন লাওয়েল খুবই উদ্বিগ্ন হয়ে আছেন। কবি ভদ্রলোক এমন ব্যক্তি যিনি নিজের অসন্তোষ লুকান না, সেটা যা-ই হোক না কেন।

"আপনি কি দেখতে পাচ্ছেন না হোমস্‌কে দেখে অনেক বেশি দৃঢ়প্রতীজ্ঞ ব'লে মনে হচ্ছে?" লাওয়েল জিজ্ঞেস করলেন। "তিনি হয়তো কোনো শোকবাণী প'ড়ে থাকবেন," তিনি ব্যঙ্গ ক'রে বললেন। জানতেন, তার এই সমালোচনার ব্যাপারে ফিল্ডসের অনুভূতিটা কীরকম হবে। "তার নিজের।"

কিন্তু ফিল্ডস্ কথাটা শুনে হেসে ফেললেন। "তিনি তার উপন্যাস নিয়ে বেশ বেশ ব্যস্ত আছেন, এই যা। আর সমালোচকেরা তাকে যথাযথভাবে সমালোচনা করবে কিনা কে জানে। তো, তার মাথায় সব সময়ই একশোটা জিনিস থাকে। আপনিও সেটা জানেন, লাওয়েল।"

"এটাই হলো আসল কথা! হারভার্ড যদি আমাদেরকে আরো বেশি ভয় দেখানোর চেষ্টা করে –" লাওয়েল বলতে শুরু করলেন, "আমি চাই না কেউ এই ধারণায় আসুক যে, আমরা এর পেছনে পেছনে নেই, ফিল্ডস্। আপনি কি কখনও ভাবেন নি যে এটা ওয়েন্ডেলের জন্যে আরেকটা ক্লাব?"

লাওয়েল আর হোমস্ একে অন্যের হাস্যরসগুলো ধারালো করতে খুব পছন্দ করেন। আর ফিল্ডস্ তাঁদেরকে নিরুৎসাহিত করার জন্যে যা করার তাই করেন। মনোযোগ পাবার জন্যে তারা প্রতিদ্বন্দ্বীতা ক'রে থাকেন। সাম্প্রতিক এক ভোজের পরে মিসেস ফিল্ডস্ জানিয়েছেন তিনি নাকি বলতে শুনেছেন লাওয়েল হ্যারিয়েট বিচার স্টোয়িকে বোঝাচ্ছিলেন কেন *টম জোন্স* এপর্যন্ত লেখা সেরা একটি উপন্যাস। সেই সময় হোমস্ স্টোয়ির ধর্মতাত্ত্বিক অধ্যাপক স্বামীকে প্রমাণ সহকারে বোঝাচ্ছিলেন যে, এ বিশ্বের সব ধরণের অশ্লীল ভাষার জন্যে ধর্মই দায়ি। প্রকাশক তার দু'জন সেরা

BanglaBook.org

www.BanglaBook.org

কবির মধ্যেকার ধারাবাহিক টানাপোড়েন নিয়ে চিন্তিত আছেন। তিনি বেশি চিন্তিত লাওয়েল খুব একগুঁয়েভাবে চেষ্টা করনে যে, তার হোমস্ সম্পর্কিত ধারণাগুলো সঠিক। হোমসের উদ্বিগ্নতা ফিল্ডস্ আর সহ্য করতে পারবেন না।

তিনি লাওয়েলের শক্তসামর্থ্য কাঁধে হাত রেখে আন্তরিকভাবে কথা বললেন। "তাকে ছাড়া আমাদের দান্তে ক্লাব একটা অসাড় আত্মা হোতো, মাই ডিয়ার লাওয়েল। এটা নিশ্চিত তার কিছু সমস্যা রয়েছে, কিন্তু এটাই হলো তার প্রতিভা। এজন্যেই ডাক্তার জনসন ঘোষণা করেছিলেন তিনি একজন *ক্লাবপ্রিয়* মানুষ। তিনি আমাদের সঙ্গেই আছেন, তাই নয় কি। আর লংফেলোর জন্যেও।"

হারভার্ড কর্পোরেশনের ট্রেজারার ড. অগাস্টাস ম্যানিং হারভার্ডের অন্য লোকেরা চলে গেলেও সেই সন্ধ্যাতে বিশ্ববিদ্যালয়ের হলেই রয়ে গেলেন। তিনি মাঝে মাঝেই নিজের ডেস্ক থেকে মাথা তুলে অন্ধকারাচ্ছন্ন জানালার দিকে তাকাচ্ছেন। বিপদের কথা ভাবলেন, যা কলেজের ভিত্তি কাঁপিয়ে দিতে প্রতিদিন উদয় হয়। সেদিনের বিকেলেই তিনি বাইরে গিয়েছিলেন কয়েকজন দোষীর নাম রেকর্ড করার জন্যে। গ্রেজ হলের কাছে তিনজন ছাত্র একে অন্যের সঙ্গে কথা বলছিলো। সেই সময়েই তারা তাকে এগিয়ে আসতে দেখেছিলো কিন্তু খুব বেশি দেরি হয়ে গিয়েছিলো। একেবারে ভূতের মতোই তিনি কোনো শব্দ করলেন না, এমনকি ঝরা পাতার ওপর দিয়ে হেঁটে যাবার সময়ও। তাদেরকে ফ্যাকাল্টি বোর্ডের মাধ্যমে সতর্ক ক'রে দেয়া হবে 'জটলা পাকানো'র জন্যে–এটা হলো বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে দুইয়ের অধিক ব্যক্তি দাঁড়িয়ে থাকার বিরুদ্ধে একটি আইন।

কলেজে সেই সকালে, ছ'টা বাজে চ্যাপেলে যাওয়ার সময় ম্যানিং টিউটর ব্র্যাডলিকে এক ছাত্রের ব্যাপারে নালিশ করলেন, যেকিনা বাইবেলের নিচে বই রেখে পড়ছিলো। দোষী ছেলেটি দ্বিতীয় বর্ষের এক ছাত্র। চ্যাপেলের ভেতরে পড়াশোনা করার জন্যে তাকে একান্তে ডেকে সতর্ক করা হবে। সেই সঙ্গে লেখকের উস্কানীমূলক প্রবণতার জন্যেও–অনৈতিক রাজনীতির এক ফরাসি দার্শনিক। কলেজ ফ্যাকাল্টির পরবর্তী মিটিংয়ে রায় দেয়া হবে তরুণটির নামের নিচে কয়েক ডলারের জরিমানা এবং ক্লাশে তার উপস্থিতির পয়েন্টও কাটা হবে।

ম্যানিং এবার ভাবলেন দান্তে সমস্যাটা কিভাবে তোলা হবে। একজন কঠোর লয়ালিস্ট থেকে ক্ল্যাসিক্যাল স্টাডিজ এবং ভাষাতত্ত্বে ম্যানিংয়ের বিচরণ, এটা বলা হয় যে, একবার পুরো একটি বছর তার সমস্ত ব্যক্তিগত এবং ব্যবসায়িক বিষয়াদি ব্যয় করেছেন লাতিন ভাষা শেখার জন্যে; কেউ কেউ এটা সন্দেহ করে যে, তার স্ত্রী ভাষাটি জানেন না। যেখানে অন্য পরিচিতজনেরা মন্তব্য করে যে, এতেই প্রমাণিত হয় গল্পটার অসত্যতা। জীবিত ভাষাগুলো, হারভার্ডের ফেলোরা এ নামেই ডাকে, সস্তা অলঙ্কারের

BanglaBook.org

www.BanglaBook.org

চেয়ে সামান্য বেশি কিছু। জঘন্যভাবে বিকৃত। ইতালিয় ভাষা, জার্মান এবং স্প্যানিশের মতো, বিশেষ ক'রে ঢিলেঢালা রাজনৈতিক আকাঙ্ক্ষা, স্থূল রুচি আর ক্ষয়িষ্ণু ইউরোপের অনৈতিকতাকে উপস্থাপন করে। সাহিত্যের ছদ্মবেশে কোনো ভিনদেশী বিষকে ছড়িয়ে দেবার ইচ্ছে ড. ম্যানিংয়ের নেই।

ম্যানিং বসতেই শুনতে পেলেন তার বৈঠকখানা থেকে অবাক করার মতো খট্ খট্ শব্দ ভেসে আসছে। এই সময়ে যে কোনো ধরণের শব্দই অপ্রত্যাশিত, কারণ ম্যানিংয়ের সেক্রেটারি চলে গেছে। ম্যানিং দরজার দিকে গিয়ে হাতল ধরে ধাক্কা দিলেন। কিন্তু সেটা আঁটকে আছে। দরজাটা ধরে বার বার খোলার চেষ্টা করলেন তিনি। তার হাতে যখন ব্যাথা শুরু হয়ে গেলো তখন নিজ থেকেই দরজাটা খুলে গেলে দেখতে পেলন তার সামনে এক ছাত্র একটা টুলের ওপর কোনো রকম ভারসাম্য রক্ষা ক'রে দাঁড়িয়ে আছে, তার হাতে কাঠের বোর্ড আর কিছু স্ক্রু। ম্যানিংয়ের দরজাটা সিল মারতে গিয়ে সে হেসে ফেললো।

অপরাধীর সঙ্গীরা দৌড়ে ম্যানিংয়ের দৃষ্টিসীমার বাইরে চলে গেলো। ম্যানিং টুলের ওপর দাঁড়ানো ছাত্রটিকে ধরে ফেললেন খপ্ ক'রে। "টিউটর! টিউটর!'

"কেবল ঠাট্টা করার জন্যে করেছিলাম, বিশ্বাস করেন! এবার আমাকে যেতে দিন!" ষোলো বছরের ছোকরাটাকে সঙ্গে সঙ্গে চার বছরের কম বয়সী ব'লে মনে হচ্ছে এখন। সে ভয়ে ম্যানিংয়ের বিস্ফারিত চোখে আঁটকে আছে।

কয়েকবার ম্যানিংকে আঘাত করলো সে তারপর তার হাতে কামড় বসিয়ে দিলে হাতটা ছেড়ে দিলেন ম্যানিং। কিন্তু একজন আবাসিক টিউটর এসে দরজার কাছেই ছেলেটার কলার ধরে ফেললো।

শীতল চোখে তাকিয়ে ম্যানিং উদ্যতভাবে কয়েক পা সামনে এগিয়ে গেলেন। তিনি দীর্ঘক্ষণ ধরে চেয়ে রইলেন। ছেলেটাকে এতো ছোটো আর ভঙ্গুর ব'লে মনে হলো যে, টিউটর অস্বস্তিতে প'ড়ে উচ্চস্বরে জানতে চাইলেন সে কী করেছে। ম্যানিং তার হাতের দিকে তাকালেন যেখান থেকে কামড়ের কারণে রক্ত ঝড়ছে। দাঁতের দাগ ব'সে গেছে তার হাতে।

ম্যানিংয়ের কথাগুলো যেনো তার মুখ থেকে নয় বরং তার আড়ষ্ট দাঁড়ির ভীড় ঠেলে বের হয়ে এলো। "তার কাছ থেকে তার সহযোগীর নামগুলো জেনে নিন, টিউটর পিয়ার্স। আর খুঁজে বের করুন কোত্থেকে সে স্পিরিট পান ক'রে এসেছে। তারপর তাকে পুলিশে সোপর্দ করুন।"

পিয়ার্স ইতস্তত করলো। "পুলিশ, স্যার?"

ছাত্রটি প্রতিবাদ করলো। "কলেজের ব্যাপারে পুলিশকে ডেকে আনলে কি জঘন্য একটা ব্যাপারই না হবে!"

"এক্ষুণি, টিউটর পিয়ার্স!"

BanglaBook.org

www.BanglaBook.org

অগাস্টাস ম্যানিং তাদের মুখের ওপর দরজা বন্ধ ক'রে দিলেন। তিনি নিজের আসনে বসতেই টের পেলেন ভয়ে তার নিঃশ্বাস ভারি হয়ে উঠেছে। অভিজাত ভঙ্গীতে আরাম ক'রে বসলেন তিনি। *নিউইয়র্ক ট্রিবিউন*টা আবার হাতে তুলে নিয়ে যে খবরটি তার মনোযোগ আকর্ষণ করেছিলো তাতে আবার মনোসংযোগ করলেন। জে.টি ফিল্ডসের 'লিটারির বোস্টন' পাতার প্রচারণাটি পড়তে পড়তে তিনি হাতের যে জায়গাতে কামড় লেগেছে সেখানে অন্য হাত দিয়ে ঘষলেন। পরের ভাবনাটি কম বেশি ট্রেজারারের মনে জেঁকে বসলো : ফিল্ডস্ বিশ্বাস করে তার নতুন দূর্গে তিনি অপরাজেয়...এই একই উন্নাসিকতা গর্বিতভাবে লাওয়েলও পরিধান করে কোনো কোটের মতো...লংফেলো ধরাছোঁয়ার বাইরেই রয়ে গেলেন; মিঃ গৃন, এখন একটি পূরাকীর্তি, মানসিকভাবে অথর্ব...*কিন্তু ডাক্তার হোমস্*...অটোক্রাট মামলার বিতর্কটি কেবলমাত্র ভয় থেকে উৎসারিত, কোনো নীতি থেকে নয়... ছোটোখাটো ডাক্তার ভদ্রলোকের মুখের দিকে তাকাতেই তিনি যে ভয়ের ছটা দেখতে পেয়েছিলেন সেটা অনেক বছর আগে প্রফেসর ওয়েবস্টারের পতনের সময় দেখেছিলেন–কোনো হত্যা অথবা ফাঁসির ভয় নয়, বরং তার অবস্থান হারানোর ভয়, একজন হারভার্ড ভদ্রলোক হিসেবে এই সমাজে তার যে সুনাম আছে, সেটা হারানোর ভয়...*হ্যা, হোমস্ : ডাক্তার হোমস্ আমাদের মহান মিত্র হিসেবে আর্বিভূত হবেন।*

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ২

পুলিশ প্রধানের নির্দেশে প্রায় আধডজন পুলিশ পুরো বোস্টনে সারা রাত ধরে 'সন্দেহভাজন ব্যক্তি' খুঁজে বেড়ালো। প্রত্যেক অফিসার রাস্তায় যাকেই দেখলো মনে করলো লোকটাকে বোধহয় তারা সেন্ট্রাল স্টেশনে এর আগে দেখেছে। সাদা পোশাকের গোয়েন্দারা নিজেদের পোশাক এড়িয়ে যেনো কবর থেকে উঠে এলো–ভূগর্ভস্থ হোল্ডিংসেল থেকে–আর নিচু কণ্ঠে সাংকেতিক ভাষায় এবং ইশারা ইঙ্গিতের মাধ্যমেই কথা বললো তারা।

গোয়েন্দা ব্যুরোটা ইউরোপিয় মডেলের আদলে তৈরি করা হয়েছে, বোস্টনে সেটা স্থাপিত করা হয়েছে অপরাধীদের অবস্থান জানার উদ্দেশ্যে, এজন্যেই বেছে নেয়া গোয়েন্দাদের বেশিরভাগই সাবেক দুষ্কৃতিকারী। যদিও ওখানে তদন্ত করার জন্যে কোনো পরিশীলিত পদ্ধতি নেই তাই তারা সমব সময় সশস্ত্র অবস্থায় থাকে, এই কারণে গোয়েন্দারা তাদের পুরনো কৌশলে ফিরে গেছে (তাদের পছন্দের কাজগুলো হলো জোর ক'রে তথ্য আদায় করা, ভয়ভীতি দেখানো এবং মিথ্যে প্রলোভন দেয়া) নিজেদের গ্রেফতারের কাজে সফলতা আর বেতনের নিশ্চয়তার জন্যে। চিফ কার্তেজ এটা নিশ্চিত করতে আপ্রাণ চেষ্টা করেছে যাতে গোয়েন্দারা এবং গণমাধ্যম ভাবে যে, নতুন খুন হওয়া ব্যক্তি একজন অতি সাধারণ নাগরিক। নিজের গোয়েন্দাদেরকে সম্পদশালী হিলিদের উচ্ছিষ্ট টাকার হাতছানি থেকে মুক্ত রাখাটাই তার জন্যে একটা নতুন সমস্যা হিসেবে দেখা দিয়েছে এখন।

এক জায়গায় জড়ো হওয়া বেশ কিছু লোক অশ্লীল গান গাইছে অথবা নিজেদের মুখ দু'হাতে ঢেকে রেখেছে। বাকিরা, যেসব অফিসার তাদেরকে ধরে এনেছে, তাদেরকে হুমকী ধামকী এবং অভিশাপ দিচ্ছে। কতিপয় চোর-ছ্যাচ্চর এক সঙ্গে কাঠের বেঞ্চে সারিবদ্ধভাবে ব'সে আছে। সব শ্রেণীর অপরাধীরাই এখানে রয়েছে। চোর-বাটপার থেকে স্বনামধন্য অপরাধী! জানালা ভাঙচুরকারী থেকে পকেটমার আর সুন্দরী পতিতা, যারা পথচারীদের প্রলোভনে ফেলে গলির ভেতরে নিয়ে গিয়ে তাদের সঙ্গী-সাথীদের সহযোগীতায় বাকি কাজটা সমাধা করে। পাবলিক বেলকনিতে হাটু গেঁড়ে ব'সে থাকা এক ফ্যাকাশে মুখের আইরিশ ছোকরার হাত থেকে গরম গরম পেশতা বাদাম উঁকি মারছে। তার হাতে ভাঁজকরা কাগজের একটা ঠোঙা। সেখান থেকে রেলিংয়ের দিকে লক্ষ্য রাখছে সে।

"তুমি কি শুনেছে, কেউ কোনো লোকের সম্পর্কে আজেবাজে কথা বলতে? তুমি শুনেছো?"

BanglaBook.org

www.BanglaBook.org

"এ্যাই ছোকরা, এই সোনার চেইনটা তুমি কোত্থেকে পেয়েছো? এই সিল্কের রুমালটা?"

"এই ছেলেটাকে নিয়ে তুমি কি পরিকল্পনা করছিলে, অ্যাঁ?"

"এই ব্যাপারটা কি, চাম? তুমি কি কখনও কোনো ব্যক্তিকে হত্যা করার চেষ্টা করেছো, কেবল দেখার জন্যে এটা কীরকম?"

লাল-মুখের অফিসাররা চিৎকার ক'রে এইসব প্রশ্ন করছিলো। তারপর চিফ কার্তেজ জজ হিলির হত্যা নিয়ে সবিস্তারে বলতে শুরু করলো নিহতের পরিচয়টা সুকৌশলে এড়িয়ে গিয়ে। কিন্তু খুব বেশি দূর যাবার আগেই তাকে বাঁধা দেয়া হলো।

"হেই, চিফি।" এক মোটাসোটা কৃষ্ণাঙ্গ বদমাশ খুব মজা ক'রে বললো। তার বিস্ফারিত চোখ দুটো ঘরের এক কোণে নিবদ্ধ। "হেই, চিফি। নতুন কালো কুত্তাটার হয়েছেটা কি? তার পোশাক কোথায়? আমার মনে হয় না আপনি কোনো নিগ্রো গোয়েন্দা নিয়োগ করতে যাচ্ছেন। নাকি, আমিও আবেদন করবো?"

উচ্চস্বরে হাসি শুনে নিকোলাস রেই সোজা হয়ে দাঁড়ালো। আচম্‌কা সে জেরা করার কাজে তার অনুপস্থিতি এবং সাদা পোশাকের ব্যাপারে সচেতন হয়ে উঠলো।

"শোনো ছোক্‌রা, ও কোনো কালু নয়," সামনে এগিয়ে এসে পেট্রলম্যান রেইকে অভিজ্ঞ চোখে একজন যাচাইকারী হিসেবে দেখে কথাটা বললো ফিটফাট পোশাক পরা এক ভদ্রলোক। "তাকে দেখে আমার আধা-শংকর ব'লে মনে হচ্ছে, এরকম জিনিসের নিখুঁত একটা নমুনা সে। মা একজন কৃতদাস, বাবা হলো ক্ষেতের শ্রমিক, তাই না, বন্ধু?"

রেই লাইনের খুব কাছে এগিয়ে এলো। "চিফের করা প্রশ্নের জবাবটার কি হলো, স্যার? যদি পারেন তো, আসুন, আমরা একে অন্যকে সাহায্য করি।"

"ভালোই বলেছো লিলি হোয়াইট।" লোকটা তার একটা আঙুল তার পাতলা মোছে বেশ আমুদে ভঙ্গীতে রাখলো। গোঁফের প্রান্তভাগ ঠোঁটের কাছে এসে বেঁকে গেছে এমনভাবে যেনো সেটা মুখটাকে ব্র্যাকেট বন্দী ক'রে ফেলেছে। দাঁড়ি হতে গিয়ে আচম্‌কা সেটা গালে এসে থেমে গেছে।

চিফ কার্তেজ তার কালো জ্যাকেকটা তুলে নিলো, সেটা ল্যাংডন পিস্‌লির ব্রেস্টবোন কোটের উপরে রাখা ছিলো। "আমাকে রাগিও না, পিস্‌লি!"

"আরে, সাবধানে, বুঝলেন?" পিস্‌লি, বোস্টনের বিখ্যাত সিঁদেল চোর, বিশেষ ক'রে সিন্দুক ভাঙার কাজে তার সুনাম রয়েছে। নিজের কোটটা ঝাড়ামোছা করতে করতে বললো। "এই জিনিসটার দাম আটশো ডলার, বৈধভাবে কেনা, বুঝলেন!"

চারদিক থেকে হাসির রোল শোনা গেলো, তার মধ্যে কিছু গোয়েন্দাও আছে। ল্যাংডন পিস্‌লিকে খুব বেশি বকতে দেবে না কার্তেজ, বিশেষ ক'রে আজকের দিনে। "আমার ধারণা গত রোববার কমার্শিয়াল স্ট্রটে কতোগুলো সিন্দুক ভাঙার ঘটনায় তোমার সংশ্লিষ্টতা রয়েছে," কার্তেজ বললো। "আমি তোমাকে এক্ষুণি সাবাথ'ল

BanglaBook.org

www.BanglaBook.org

ভাঙার জন্যে গ্রেফতার ক'রে চৌদ্দ-শিকে ঢোকাবো, আর তুমি অন্যান্য দুই পয়সার পকেটমারদের সঙ্গে পাথরের বিছানায় ঘুমাবে!"

উইলার্ড বার্নডি, লাইনের কয়েক স্পট নিচে দাঁড়িয়ে হাসতে হাসতে গড়িয়ে পড়লো যেনো।

"তো, আমি আপনাকে সে ব্যাপারে কিছু বলবো, মাই ডিয়ার চিফ," পিস্‌লি কণ্ঠটা একটু নাটকীয় ভঙ্গীতে সপ্তমে চড়িয়ে বললো, যাতে ঘরের বাকি সবাই সেটা শুনতে পায়। "আমরা নিশ্চিত নই, আমাদের বন্ধু মিঃ বার্নডি ওখানে ছিলেন কিনা, কমার্শিয়াল স্ট্রটটা যেভাবে চলে সেরকম সবকিছুই সে খবি ভালো মতো করতে পারে। অথবা, ঐসব সিন্দুকগুলো কি কোনো বৃদ্ধা মহিলাদের সোসাইটির ছিলো?"

লোকজন ঠেলেঠুলে বার্নডি যখন এগোতে লাগলো তখন তার চোখের আকার বেড়ে দ্বিগুন হয়ে গেলো, ল্যাংডন পিস্‌লির দিকে থাবা তুলে আসতেই গুন্ডা পাণ্ডাদের মধ্যে দাঙ্গা বাধার উপক্রম হলো। উপরের চোর-বদমশাগুলো এসময়ে উৎফুল্ল হয়ে উৎসাহ আর চেঁচামেঁচি করতে লাগলো।

অফিসাররা বার্নডিকে ছেড়ে দিতেই একজন হতভম্ব লোককে সে ধাক্কা দিয়ে লাইনের বাইরে ফেলে দিলে লোকটা হোচট খেয়ে সামনের দিকে প'ড়ে যেতেই মাটিতে পড়ার আগেই তাকে নিকোলাস রেই ধ'রে ফেললো।

তার দেহ কিছুটা পেটানো, ঘন কালো চোখ দুটো সুন্দর কিন্তু একেবারেই রুগ্ন, তাতে যেনো এক ধরণের ঘোর লেগে আছে। আগন্তুক লোকটা তার নষ্ট-পচা দাঁত প্রদর্শন ক'রে অনেকটা বিড়বিড় ক'রে কিছু বলেই একগাদা মেডফোর্ড মদ উগলে দিলো। তার জামায় যে পচা ডিম লেগে রয়েছে মনে হলো না সে ব্যাপারটা জানে।

কার্তেজ বদমাশদের গ্যালারিটা পুণরায় ঠিকঠাক ক'রে আবারো সবিস্তারে বললো। সে সবাইকে নদীর তীরে পাওয়া এক নগ্ন লোকের কথা জানালো, যার শরীর পোকা আর মাছিতে পূর্ণ ছিলো, শরীরের বেশির ভাগ চামড়া পোকায় খেয়ে ফেলেছে। কার্তেজ তাদেরকে জানালো যে, এখানে উপস্থিত কেউই লোকটাকে মাথায় আঘাত ক'রে হত্যা ক'রে নদীর তীরে ফেলে দিয়েছে। সে আরেকটা অদ্ভুত কথা বললো : একটা সাদা এবং ছিন্নভিন্ন পতাকা লাশের ওপর রাখা ছিলো।

রেই তাকে নিজের পায়ে উঠে দাঁড় করাতে সাহায্য করলো। লোকটার নাক এবং মুখ লাল আর থ্যাড়ানো, তার পাতলা গোঁফ আর দাঁড়িকে সেটা ছাপিয়ে গেছে। তার একটা পা খোঁড়া। এই আঘাতটি বহুদিন আগের ভুলে যাওয়া কোনো দুর্ঘটনা অথবা মারামারির ফল। তার বড়সড় হাত দুটো কোনো কিছু ইঙ্গিত করার কারণে কাঁপছে। আগন্তুক লোকটা পুলিশ প্রধানের প্রতিটি সূক্ষ্ম বর্ণনার সঙ্গে সঙ্গে কাঁপছে আর সেটা ক্রমাগতভাবেই বাড়ছে।

ডেপুটি চিফ স্যাভেজ বললো, "ওহ্, এই লোকটা! তাকে এখানে কে এনেছে, তুমি জানো, রেই? একটু আগে তারা যখন ছবি গ্যালারির জন্যে সব বদমাশগুলোর

www.BanglaBook.org

ছবি তুলছিলো তখন সে একটা নামও বলে নি। সে মিশরীয় স্ফিংসের মতোই নিশ্চুপ আর বোবা।"

স্ফিংসটার কাগজের কলার তার দোমড়ানো মোচড়ানো কালো স্কার্ফের নিচে লুকিয়ে আছে, একদিকে ঢিলেঢালভাবে কুচ্‌কে আছে সেটা। উদাস হয়ে চেয়ে আছে সে, আর বাতাসে হাত ছুড়ছে, তার বড়সড় হাতটা এলোমেলোভাবে একটা বৃত্ত তৈরি করছে।

"কোনো কিছু আঁকার চেষ্টা করছো নাকি?" স্যাভেজ ঠাট্টার সুরে বললো।

তার হাতটা আসলেই কিছু আঁকছে–কোনো মানচিত্র জাতীয় কিছু, এমন কিছু যা পুলিশকে সামনের সপ্তাহগুলোতে সীমাহীন সাহায্য করতো যদি তারা জানতো তাদের কি খুঁজতে হবে। এই আগন্তুকটি হিলির হত্যার দৃশ্যটির সঙ্গে দীর্ঘদিন যাবত ঘনিষ্ঠ ছিলো কিন্তু বিকন হিলের ধনাঢ্য পার্লারগুলোর সঙ্গে নয়। না, লোকটা শূন্যের মধ্যে মর্ত্যের কোনো জায়গার ছবি আঁকছে না, বরং অন্য এক জগতের, অন্ধকার একটি কক্ষের ছবি আঁকছে। যেনো এটা *এখানেই*–আর্টেমাস হিলির মৃত্যু দৃশ্যটার কথা শুনতেই যেনো সে বুঝে ফেলেছে–হ্যা, সেই শাস্তিটাই দেয়া হয়েছে।

"তার দুর্গন্ধ থেকে আমি বুঝে গেছি," ডেপুটি চিফ স্যাভেজ হাতের অঙ্গভঙ্গীগুলো না বোঝার পর ফিস্‌ফিস্ ক'রে রেইকে বললো। "সে বোবা এবং কালা। আমি তার জন্যে কিছু রুটি আর পনির এনে দিচ্ছি। ঐ বার্নডি শালাকে চোখে চোখে রেখো, রেই।" স্যাভেজ বর্তমান সমস্যাসৃষ্টিকারীর দিকে মাথা নেড়ে ইঙ্গিত ক'রে বললো। সে এখন হাতকড়া পরা হাত দিয়ে তার গোলাপী চোখ দুটো ঘষছে। কার্তেজের ভয়ংকর বর্ণনা শুনে মন্ত্রমুগ্ধ হয়ে গেছে সে।

ডেপুটি চিফ আস্তে ক'রে কম্পিত লোকটাকে পেট্রলম্যান রেইয়ের অধীন থেকে বের ক'রে নিয়ে ঘরের অন্য পাশে নিয়ে গেলো। কিন্তু লোকটা কাঁপছে, বেশ জোরে জোরে কাঁদছে, তারপরই, যেনো অনেকটা আচম্বিত শক্তি অর্জন ক'রে ডেপুটি চিফকে ধাক্কা মেরে দৌড়ে একটা বেঞ্চে উঠে দাঁড়ালো।

লোকটি রেইয়ের পেছনে ঝাঁপিয়ে পড়ে বাম হাত দিয়ে রেইয়ের গলা পেঁচিয়ে ধরলো। তার আঙুলগুলো রেইয়ের ডান বগল খামচে ধরলো আর অন্য হাতটা রেইয়ের টুপিটা ধরে টেনে চোখের উপর নামিয়ে দিলে ও চোখে দেখতে পেলো না। রেইয়ের মাথাটা ঘুরিয়ে তার দিকে নিলো যাতে তার কান সে তার ভেঁজা ঠোঁটটা ছুঁতে পারে। লোকটার ফিস্‌ফিসানি খুবই নিচু স্বরের, খুবই মরিয়া আর ফ্যাস্‌ফ্যাসে, আর এতোটাই স্বীকারোক্তিমূলক যে, কেবলমাত্র রেই-ই তার বলা কথাগুলো শুনতে পারলো।

বদমাশদের মধ্যে খুশির হল্লা বয়ে গেলো।

আগন্তুক আচমকা রেইকে ছেড়ে দিয়ে একটা পিলার খপ্ ক'রে ধরে বেশ জোরে ধাক্কা দিয়ে নিজেকে সামনের দিকে ছুঁড়ে দিলো। অস্পষ্ট ফিস্‌ফিসানি কণ্ঠের

www.BanglaBook.org

শব্দগুলো রেই বেশ মনোযোগ দিয়ে শুনলো, অর্থহীন সংকেতের শব্দ, এতোটাই কর্কশ আর শক্তিশালী যে, এর চেয়ে বেশি অর্থপূর্ণ কথা রেই কল্পনাও করতে পারলো না। *দিনানজি*। স্মরণ করতে বেগ পেতে হলো (*ইত্তার্নে, ইত্তার্নো, ইত্তানো, ইত্তার্নো*) আসামীকে ধরার সময় সে ভারসাম্য হারালো না। কিন্তু আগন্তুক নিজেকে এমন প্রবলভাবে ছাড়িয়ে নিলো যে, সে তাকে থামাতে পারলো না।

ভারি জানালাটা ভেঙে সে নিচে প'ড়ে গেলো। একটা ধারালো আকৃতির ভাঙা কাঁচের টুকরো প্রায় নাচতে নাচতে ছিট্‌কে এসে কালো স্কার্ফটাতে লাগলো আর তার শ্বাসনালী ভেদ ক'রে ঢুকে গেলো সেটা। তার মাথাটা শূন্যে গড়িয়ে নিচের দিকে চলে গেলো। নিচের আঙিনায় ভাঙা কাঁচের গুড়োঁর ওপরে আছ্‌ড়ে পড়লো লোকটা।

সব কিছু নিরব-নিথর হয়ে গেলো। কাঁচের টুকরোগুলো, অনেকটা তুষার কণার মতোই সূক্ষ্ম আর নাজুক, রেই জানালার কাছে যেতেই ওগুলো তার পায়ের বুট জুতার নিচে বিঁধলো। জানালা দিয়ে নিচে তাকালো সে। লোকটার শরীর হেমন্তের পাতার বিছানার উপর হাত-পা ছড়িয়ে প'ড়ে আছে। জানালার কাঁচের ধারালো অংশগুলো তার শরীরটা কেঁটেকুঁটে একাকার ক'রে ফেলেছে। ছিন্নভিন্ন অঙ্গপ্রত্যঙ্গগুলো কোর্ট-ইয়ার্ডে পড়তেই প্রথমে বেঁকে গেলো এবং সুতীব্র একটা চিৎকার হলো। রেই এগিয়ে যেতেই লোকটা তার অন্তিম বক্তব্য হিসেবে যে কথাগুলো বললো তা থেকে নিজেকে কোনোভাবেই এড়াতে পারলো না : *ভই শিনত্রেত। ভই শিনত্রেত।* যে তুমি প্রবেশ করো। যে তুমি প্রবেশ করো।

*

জেমস্ রাসেল লাওয়েল হারভার্ডের লোহার গ্যালোপটা পেরোতেই নিজেকে তার জনপ্রিয় কবিতার নায়ক গ্রেইল অন্বেষণকারী স্যার লনফল-এর মতো ভাবলেন। অবশ্য কবি ভদ্রলোক ঢোকার সময় ভীতিহীন নাইটের মূর্তিটার দিকে চেয়েও থাকতে পারেন। সাদা ঘোড়াটার ওপর সওয়ার হয়ে আছে সে, তার শরীরের বাইরের কিছু অংশ হেমন্তের রঙে রাঙানো। যেনো সেটা তার অদ্ভুত ধরনের দেহসৌষ্ঠবের সাথে মানাচ্ছে না : তার দাড়ি কুঁক্‌ড়ে নিচের দিকে চার কোণা হয়ে গেছে, থুত্‌নী থেকে তিন চার ইঞ্চি লম্বা সেগুলো। কিন্তু তার গোঁফটা তার চেয়েও বেশি লম্বা হয়ে বেড়ে উঠেছে। দাঁড়িকে ছাড়িয়ে সেটা দুয়েক ইঞ্চি নিচে নেমে গেছে। তার কতিপয় সমালোচক এবং অনেক বন্ধুবান্ধব একান্তে আলাপচারিতায় বলেছে যে, এটা তার সাহসী চেহারার সাথে সঙ্গতিপূর্ণ নয়। লাওয়েলের মতামত হলো দাড়ি থাকা উচিত, তা না হলে ঈশ্বর সেগুলো দিতেন না। যদিও তিনি নির্দিষ্ট ক'রে বলেননি তার এই স্টাইলটি ধর্মপ্রসূত কিনা।

তার কল্পিত নাইটহুড আজকাল আরো তীব্রভাবে কাঙ্ক্ষিত অনুভূত হচ্ছে যখন

www.BanglaBook.org

আঙিনাটা ক্রমাগতভাবেই শত্রুপক্ষের দূর্গ হয়ে উঠছে। কয়েক সপ্তাহ আগে, কর্পোরেশন প্রফেসর লাওয়েলকে সংস্কারের একটি প্রস্তাবনা পেশ করার জন্যে বোঝানোর চেষ্টা করেছিলো যাতে তার ডিপার্টমেন্টের সামনে থাকা অনেকগুলো বাঁধাকে অপসারিত করা যেতো (উদাহরণস্বরূপ ছাত্রেরা আধুনিক বিদেশী ভাষায় অর্ধেকের মতো উপস্থিতির হার পেয়ে থাকে যেনো তারা ক্ল্যাসিক্যাল ভাষার জন্যে পড়াশোনা করে) কিন্তু প্রতিদানে কর্পোরেশন লাওয়েলের সবগুলো ক্লাসের ব্যাপারে চূড়ান্ত অনুমোদন দিতো। লাওয়েল বেশ দৃঢ়তার সঙ্গেই তাদের প্রস্তাব প্রত্যাখ্যান ক'রে ছিলেন। তারা যদি প্রস্তাবটি অনুমোদন করতে চায় তবে তাদেরকে হারভার্ডের বিশ মাথার হাইড্রা তুল্য ওভারসিয়ার বোর্ডের মাধ্যমে দীর্ঘ প্রক্রিয়ার ভেতর দিয়ে সেটা করতে হবে।

তারপর এক বিকেলে লাওয়েলকে প্রেসিডেন্ট যে উপদেশ দেন তাতে ক'রে তার এই ধারণা হয় যে, সবগুলো ক্লাসের অনুমোদনের জন্যে বোর্ডের যে দাবি সেটা একোবরেই ফালতু ব্যাপার ছিলো।

"লাওয়েল, আপনার এবং ম্যানিংয়ের জন্যে দাম্ভে সেমিনারটা বাতিল ক'রে দিলেই ভালো হবে।" লাওয়েলের বাহুটা আত্মবিশ্বাসের সঙ্গে ধরলেন প্রেসিডেন্ট।

লাওয়েল চোখ কুচ্‌কালেন। "এজন্যেই ডেকে এনেছেন? এর জন্যেই ওরা সবাই এটার পিছু নিয়েছে!" তিনি প্রচণ্ড রেগে ঘুরে দাঁড়ালেন। "আমি তাদের কাছে মাথা নোয়াবো না! তারা টিকনরকে তাড়িয়েছে। তারা লংফেলোর কাছে নিজেদেরকে ঘৃণ্য হিসিবে তুলে ধরেছে। আমার মনে হয়, যারা নিজেদেরকে ভদ্রলোক ভাবে, তাদের সবার উচিত ওদের বিরুদ্ধে কথা বলা। যারা তাদের মাস্টার ডিগ্রি অন্য জায়গা থেকে পাস করে নি, তারা বাদে।"

"প্রফেসর লাওয়েল, আপনি আমাকে একজন গ্রাম্য লোক ব'লে মনে করেন। আপনি তো জানেনই, আপনার চেয়ে বেশি কর্পোরেশনকে আমি নিয়ন্ত্রণ করি না, আর বেশিরভাগ ক্ষেত্রেই মনে হয় তাদের সঙ্গে কথা বলাটা যেনো কোনো ছোট্ট ছিদ্রের মধ্য দিয়ে কথা বলা। হায়, আমি তো কেবলই কলেজের প্রেসিডেন্ট মাত্র," তিনি একটু হাসলেন। এটা ঠিক, টমাস হিল কেবলই হারভার্ডের প্রেসিডেন্ট, আর এসবে একদম আনাড়ী–এক দশকের মধ্যে তৃতীয়বার, কর্পোরেশনের সদস্যদের ক্ষমতা তার চেয়েও বেশি হয়ে গেছে। "কিন্তু তারা বিশ্বাস করে আপনার ডিপার্টমেন্টের উন্নয়নের অংশ হিসেবে দাম্ভের ভূমিকা অযথার্থ–সহজ সরল ভাষায় বলতে গেলে, এটাই হলো আসল কথা। তারা এটার একটা উদাহরণ সৃষ্টি করবে, লাওয়েল। ম্যানিং এটার একটা উদাহরণ সৃষ্টি করবে!" তিনি সতর্ক ক'রে দিয়ে আবারো লাওয়েলের হাতটা ধরলেন যেনো কবিকে যেকোনো মুহূর্তের বিপদের হাত থেকে তিনি সরিয়ে রাখছেন।

লাওয়েল বললেন তিনি কর্পোরেশনের ফেলোদের এমন কোনো সাহিত্য বিচার মেনে নেবেন না যার সম্পর্কে তাদের কোনো ধারণাই নেই। আর হিল এ ব্যাপারে

BanglaBook.org

www.BanglaBook.org

এমনকি তর্কও পর্যন্ত করার চেষ্টা করলেন না। হারভার্ডের ফেলোদের জন্যে এটা হলো নীতির প্রশ্ন। আর তারা জীবন্ত ভাষাগুলো সম্পর্কে কিছুই জানে না।

একটু পরেই লাওয়েল দেখলেন প্রেসিডেন্ট হিল বগলদাবা ক'রে একগাদা নিল রঙের কাগজ নিয়ে এলেন যাতে হাতে লেখা সাম্প্রতিককালের প্রয়াত এক বৃটিশ কবির দান্তের কবিতা সম্পর্কে মূল্যায়ন করে বক্তব্য রয়েছে। "পুরো মানবজাতির বিরুদ্ধে কী জঘন্য ব্যাপারই না! পরকাল এবং নরক যন্ত্রণার কী নিদারুণ উচ্ছাস আর উল্লাস! পড়ার সময় আমরা আমাদের নাক চেপে রাখি, আমাদের কানে আঙুল দিয়ে রাখি। কেউ কি কখনও দেখেছে এরকম তীব্র দুর্গন্ধ, নোংরা বিষ্ঠা, রক্ত, ক্ষতবিক্ষত দেহ, নিদারুণ যন্ত্রণার আর্তনাদ, শাস্তি দেবার রূপকথার দানব? এটা দেখে আমি এটাকে এ পর্যন্ত লেখা সবচাইতে অনৈতিক এবং অধার্মিক বই হিসেবে বিবেচনা না ক'রে পারছি না।" হিল আত্মতৃপ্তির সঙ্গে হাসলেন যেনো কথাগুলো তিনি নিজেই লিখেছেন।

লাওয়েল হেসে ফেললেন। "ইংল্যান্ডের লর্ডকে কি আমরা বইয়ের তাকের উপরে রেখেছি? আমরা যে কেন লাল-কোটের লোকদের কাছে লেক্সিংটন হস্তান্তর ক'রে জেনারেল ওয়াশিংটনকে যুদ্ধের মতো বড় একটা সমস্যা থেকে বিরত রাখিনি?" লাওয়েল হিলের চোখে কিছু একটা দেখতে পেলেন, এমন কিছু যেমনটি নবীন কোনো ছাত্রের চোখে তিনি দেখে থাকেন। এতে ক'রে তিনি বুঝতে পারলেন প্রেসিডেন্ট তার কথাটা বুঝতে পেরেছেন। "যেদিন আমেরিকা সাহিত্যকে আনন্দ আর কলেজ-রুমে কবিতা মুখস্ত করার জন্যে না শিখে বরং এটার মানবিক এবং মহৎ শক্তির জন্যে শিখবে, আমার প্রিয় সম্মানিত প্রেসিডেন্ট, সেদিন আমেরিকা অতি উচ্চ প্রজ্ঞা অর্জন করবে, আর কেবল এজন্যেই আমেরিকা একটা জাতিতে উদ্ভাসিত হয়ে উঠবে। এটা একটা মৃত নামকে জীবন্ত শক্তিতে জাগিয়ে তোলে।"

হিল খুব চেষ্টা ক'রে গেলেন তার উদ্দেশ্য থেকে সরে না যেতে। "এটা হলো পরকালের ভ্রমণ এবং নরক যন্ত্রনার একটি ধারণা–যা খুবই নিচুমানের, কর্কশ, লাওয়েল, আর এরকম একটি কাজের শিরোনামও খুব যথার্থ হয়েছে, নাম দিয়েছে 'কমেডি'! এটা মধ্যযুগীয়, এটা স্কলাস্টিক এবং..."

"ক্যাথলিক।" এ কথাতে হিল চুপ মেরে গেলেন। "আপনি এটাই বোঝাতে চেয়েছেন, সম্মানিত প্রেসিডেন্ট। এটা খুব বেশি মাত্রায় ইতালিয়, হারভার্ডের জন্যে খুব বেশি ক্যাথলিক হয়ে যায়?"

হিল একটু ভুরু তুললেন। "আপনি এটা তো বোঝেন এ ধরণের ভয়ংকর ঈশ্বরের ধারণা আমাদের প্রটেস্টান্ট কানে সহ্য হবে না।"

সত্য হলো, লাওয়েলও বোস্টনের আশপাশের জনাকীর্ণ আইরিশ রোমান ক্যাথলিকদের প্রতি হারভার্ডের ফেলোদের মতো বন্ধুত্বপূর্ণ নয়। কিন্তু কবিতাটা ভ্যাটিকানের ঘোষণা পত্রের মতো কিছু, এরকম একটি ধারণা আছে..."হ্যা, আমরা

BanglaBook.org

www.BanglaBook.org

বরং লোকজনদেরকে পরকালের জন্যে নিন্দা করতে পারি তাদেরকে সে সম্পর্কে কিছু না জানিয়েই। দান্তে এটাকেই বলেছেন কমেডি বা তার মাতৃভাষায় *কমেদিয়া* ব'লে, মাইডিয়ার স্যার। যেহেতু এটা তার নিজস্ব গ্রাম্য ইতালিয় ভাষায় লেখা, লাতিনে নয়, এবং এটার সমাপ্তি হয়েছে মিলনাত্মকভাবে, কবির স্বর্গারোহনের মধ্য দিয়ে, তাই এটা ট্র্যাজেডি'র বিপরীত। কবিতাকে কৃত্রিমভাবে নির্মাণ না করার বদলে তিনি বরং কবিতাকে তার ভেতর থেকে উঠে আসতে দিয়েছেন।"

প্রেসিডেন্টকে বিরক্ত আর হতাশ হতে দেখে লাওয়েল খুশি হলেন। "কসম খেয়ে বলুন তো প্রফেসর, আপনি কি মনে করতেন না এটা একেবারেই প্রতিহিংসাপূর্ণ, কিছুটা জঘন্যও, বিশেষ ক'রে একটা পাপের শাস্তির ব্যাপারে? ভাবুন তো, আজকাল কিছু লোক তার শত্রুদের অঞ্চলকে নরক নামে ডাকে!" তিনি যুক্তি দেখালেন।

"মাইডিয়ার সম্মানিত প্রেসিডেন্ট, আমরা কথা বলার সময়েই এটা আমি ভেবেছি। ভুল বুঝবেন না। দান্তে তার বন্ধুকে নিচেও পাঠায়। এটা আপনি অগাস্টাস ম্যানিংকে বলতে পারেন। কঠোরতা ছাড়া করুণা খুবই কাপুরুষোচিত আত্মকেন্দ্রিকতা আর খুব বেশি আবেগপ্রসূত হোতো।"

হারভার্ডের সদস্যগণ, প্রেসিডেন্ট এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের ছয় জন ধার্মিক ব্যক্তি, যাদেরকে কলেজ ফ্যাকাল্‌টির বাইরে থেকে নেয়া হয়েছে তারা তাদের দীর্ঘস্থায়ী পাঠ্যসূচীর ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ যা তাদেরকে ভালো কিছু দিচ্ছে–গৃক, লাতিন, হিব্রু, প্রাচীন ইতিহাস, গণিত, আর বিজ্ঞান–এবং তাদের রায় হলো নিচুমানের আধুনিক ভাষাসমূহ এবং সাহিত্য অনন্য হিসেবেই থাকবে, এগুলো এমন কিছু যা তাদের ক্যাটালগকে হৃষ্টপুষ্টই করবে। প্রফেসর টিকনরের প্রস্থানের পর লংফেলো বেশ উন্নতি করেছিলেন, তার মধ্যে দান্তে সেমিনারের প্রচলন এবং একজন নির্বাসিত ইতালিয় পিয়েত্রো বাকিকে ভাড়া করাটাও পড়ে। তাকে একজন ইতালিয় ইন্সট্রাক্টর হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। তার দান্তে সেমিনারের জন্যে বিষয় এবং ভাষার প্রতি আগ্রহ কমে গেছে, ধারাবাহিকভাবেই এটার জনপ্রিয়তা কমে যাচ্ছে। তারপরও কয়েকজন সেই কোর্স পাস ক'রে গেলে কবি ভদ্রলোক বেশ উৎসাহ অনুভব করেছেন। উৎসাহীদের অন্যতম হলেন জেমস্ রাসেল লাওয়েল।

এখন, প্রশাসনের সঙ্গে তার নিজের লড়াইটার দশ বছর পরে লাওয়েল এমন একটি ঘটনার মুখোমুখি হলেন যার জন্যে তিনি অপেক্ষায়ই ছিলেন। যার জন্যে নিয়তি হিসেবে সময় ঘনিয়ে এসেছে : আমেরিকা কর্তৃক দান্তের আবিষ্কার। কিন্তু কেবলমাত্র হারভার্ডের তড়িৎ এবং পুরোপুরি নিরুৎসাহিত করার জন্যে নয়, দান্তে ক্লাব ভেতর থেকেও বাধাগ্রস্ত হয়েছে : হোমস্ এবং তার দু নৌকায় পা দেয়া।

কখনও কখনও লাওয়েল ক্যামবৃজে হোমসের বড় ছেলের সঙ্গে একটু হাটাহাটি করতে বের হতেন, সেই ছেলের নাম অলিভার ওয়েন্ডেল হোমস্ জুনিয়র। সপ্তাহে দু'বার, লাওয়েল তার বিশ্ববিদ্যালয় হলের ক্লাস শেষ করতেই আইনের এই ছাত্রটি

BanglaBook.org

www.BanglaBook.org

ডেইন ল'স্কুলের ভবন থেকে উদয় হোতো। হোমস্ তার ছেলেকে পেয়ে নিজেকে সৌভাগ্যবান মনে করতে পারতেন না, কারণ তিনি নিজের ছেলেকে তাকে ঘৃনা করতে বাধ্য করেছেন–কেবল যদি হোমস্ শুনতেন, জুনিয়রকে কথা বলানোর পরিবর্তে। একবার লাওয়েল তরুণ ছেলেটিকে জিজ্ঞেস করেছিলেন ডাঃ হোমস্ বাড়িতে দান্তে ক্লাব সম্পর্কে কোনো কিছু বলেন কিনা। "ওহ্, অবশ্যই, বলেন। মিঃ লাওয়েল," সুদর্শন এবং লম্বা জুনিয়র ঠাট্টার সুরে বলে ছিলো, "এবং আটলান্টিক ক্লাব, ইউনিয়ন ক্লাব, সাটার-ডে ক্লাব, সাইন্টিফিক ক্লাব, ইতিহাসবেত্তাদের সমিতি এবং চিকিৎসক সমিতি..."

সাম্প্রতিক সময়ের পার্ক হাউজে সাটার-ডে ক্লাবের দুপুরের ভোজনের সময় লাওয়েলের মনে এইসব ভাবনা যখন ঘুরছিলো তখন বোস্টনের নব্য এবং অন্যতম ধনী ব্যবসায়ী ফিনিয়াস জেনিসন লাওয়েলের পাশেই ব'সে ছিলেন। "হারভার্ড আবারো আপনাকে হেনস্তা করছে," জেনিসন বললেন। লাওয়েল খুবই হতবাক হয়েছিলেন এই ভেবে যে, তার মুখটা খুব সহজেই বিজ্ঞাপন বোর্ডের মতো প'ড়ে ফেলা যায়। "আত্কে উঠবেন না, বন্ধু আমার," হেসে জেনিসন বললেন। হাসির ফলে তার গালে গভীর টোল পড়লো। জেনিসনের নিকট আত্মীয়েরা বলে যে, তার সোনালী ঝলমলে চুল আর অভিজাত টোল তার শৈশবের সময় থেকেই তার বিশাল সৌভাগ্যকে অবলম্বন করেছে, যদিও সত্যি বলতে গেলে, এটা সম্ভবত একটি রাজহন্তারক টোল, যেনো এটা এমন একজনের কাছ থেকে উত্তরাধিকার সূত্রে পাওয়া যে প্রথম চার্লসকে শিরোচ্ছেদ করেছিলো। "কর্পোরেশনের ফেলোদের সঙ্গে আমর অন্য একদিন কথা বলার সুযোগ হয়েছিলো। আমার কাছে না আসলে আপনি বোস্টন অথবা ক্যামব্রিজে কী ঘটছে সে সম্পর্কে কিছুই জানতে পারবেন না।"

"আমাদের জন্যে আরেকটা লাইব্রেরি বানাচ্ছেন, তাই না?" লাওয়েল জানতে চাইলেন।

"মনে হলো ফেলোরা নিজেদের মধ্যে আপনার ডিপার্টমেন্ট নিয়ে কথা বলার ব্যাপারে খুবই উন্মুখ হয়ে থাকে। তারা মনে হলো খুবই দৃঢ়প্রতীজ্ঞ। আমি আপনার ব্যাপারে অযাচিত নাক গলাতে চাই না, অবশ্য, কেবল –"

"কাউকে বলবেন না, আপনাকে ব'লে বলছি, মাই ডিয়ার জেনিসন, তারা আমাকে আমার দান্তে ক্লাস থেকে বাদ দিতে বদ্ধপরিকর।" লাওয়েল কথার মাঝখানে বললেন। "মাঝে মাঝে আমার মনে হয় তারা দান্তের বিরুদ্ধে যেভাবে মাঠে নেমেছে, আমার বিরুদ্ধেও সেরকম উঠেপড়ে লেগেছে। এমনকি তারা আমার ক্লাশের ছাত্রদের জন্যে চাকরী করার সুযোগ বাড়ানোর প্রস্তাবও দিয়েছে যদি আমি তাদেরকে আমার সেমিনার বিষয়গুলো অনুমোদন করতে দেই।" জেনিসনের মুখভঙ্গী তার দুশ্চিন্তাকে প্রকাশ করলো।

"অবশ্য আমি প্রস্তাবটি প্রত্যাখ্যান করেছি," লাওয়েল বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

জেনিসন তার চওড়া হাসিটা হাসলেন। "তাই নাকি?"

তারা দু'জনেই বার কয়েক টোস্ট করলেন, সেই রাতে, স্বতঃস্ফূর্তভাবে কবিতার পংক্তিও বের হয়ে এলো। হোমস্ বরাবরের মতোই দ্রুত, খসড়া আকারের কবিতার দিকে মনোসংযোগ করতে সক্ষম হলেন।

"খুব বেশি পালিশ করা কবিতা আঁটকে রাখবে না
মোটে :
পিঠ চুলকানোর জন্যে বিলিয়ার্ড বল হলো
সবচাইতে বাজে।

"এইসব ডিনার-পরবর্তী কবিতা হোমস্ ছাড়া বাকি সব কবিকেই হত্যা করতে পারবে," লাওয়েল প্রশংসার হাসি হেসে কথাটা বললেন। তার চোখ এখন ঢুলুঢুলু। "কখনও কখনও আমার মনে হয় জেনিসন, আমি সেই জিনিস নই যা দিয়ে কোনো অধ্যাপক তৈরি করা হয়। কিছু দিক থেকে ভালো, অন্যদিক থেকে খুবই বাজে। খুব বেশি স্পর্শকাতর এবং যথেষ্ট অহংকারী নয়—এটাকে বলতে পারি বস্তুগতভাবে অহংকারী। আমি জানি এটা আমাকে একেবারে ক্লান্ত ক'রে ফেলে।" তিনি একটু থামলেন। "এ পৃথিবীর কাছে নিজেকে অসাড় করার জন্যে কেন এতোগুলো বছর ধরে প্রফেসরের চেয়ারে বসবো না? আপনাকে কেউ পছন্দ করবে মূলতঃ কীসের জন্যে, শিল্পপতি যুবরাজ, এরকম নিরর্থক অস্তিত্বের কথা ভাবুন?"

"বালসুলভ কথাবার্তা, মাই ডিয়ার লাওয়েল!" মনে হলো এই বিষয়টা নিয়ে জেনিসন কথা বলতে বলতে ক্লান্ত হয়ে পড়েছেন, কিন্তু কয়েক মুহূর্ত বাদেই তিনি একটু ভেবে নতুন ক'রে আগ্রহী হয়ে উঠলেন। "কোনো দর্শকের চেয়ে আপনার এ পৃথিবীতে অনেক বেশি এবং বড় দায়িত্ব রয়েছে, আপনার নিজের প্রতিও! আমি আপনার একটুও দ্বিধাগ্রস্ততা শুনবো না! আমি জানতাম না দান্তে কী ক'রে আমার আত্মাকে রক্ষা করবে। কিন্তু বন্ধু, আপনার মতো একজন জিনিয়াস, ধরে নিচ্ছেন এ পৃথিবী থেকে দেশান্তরী হওয়া সবার জন্যে লড়াই করাটা একটি স্বর্গীয় দায়িত্ব।"

লাওয়েল নিচু কণ্ঠে কী যেনো বিড়বিড় করলেন যা একেবারেই শ্রবণাতীত তবে সন্দেহ নেই সেটা বিনয়বশত।

"এখন, এখন, লাওয়েল," জেনিসন বললেন। "আপনি কি সেই একজন নন যিনি সাটার-ডে ক্লাবকে এই ব'লে বোঝাতে সক্ষম হয়েছিলেন যে, আপনাদের অমর সব বন্ধুদের মতো কোনো পাকা ব্যবসায়ীর সঙ্গে ডিনার করাটাও যথেষ্ট ভালো কাজ?"

"পার্কার হাউজটা কেনার প্রস্তাব দেবার পর কি তারা সেই প্রস্তাবটা ফিরিয়ে দিতে পেরেছিলো?" লাওয়েল হেসে ফেললেন।

"তারা আমাকে ফিরিয়ে দিতে পারতো যদি আমি মহান ব্যক্তিদের দলভূক্ত হবার লড়াইটাতে ক্ষান্ত দিতাম। আমি কি আমার প্রিয় কবিকে উদ্ধৃত করতে পারি : 'আর

BanglaBook.org

www.BanglaBook.org

তারা কিসের স্বপ্ন দেখতে চায়, কী করতে চায় ।' ওহ্, এটা কতোই না দারুণ!"

লাওয়েল তার নিজের কবিতার দ্বারা এভাবে কেউ অনুপ্রাণিত হলো ব'লে তীব্রভাবে হেসে উঠলেন । কেন তিনি হবেন না? লাওয়েলের কাছে কবিতার স্বর্থকতা হলো, এটা দর্শনের অস্পষ্টতাকে মাত্র একটি লাইনে প্রকাশ করতে পারে ।

এখন, আরেকটি লেকচার দেবার পথে তার সমস্ত ভাবনা জুড়ে রইলো একদল ছাত্র ভর্তি ঘরে প্রবেশ করা, এটা ভাবতেই তিনি হাই তুললেন ।

লাওয়েল তার ঘোড়াটাকে হোলিস হলের বাইরে পুরনো পানির পাম্পের দিকে নিয়ে গেলেন । "তারা যদি পথের সামনে এসে পড়ে তবে সজোরে লাথি মেরো, বুড়ো খোকা," একটা সিগারেট ধরাতে ধরাতে তিনি বললেন । হারভার্ডের প্রাঙ্গণে ঘোড়া আর সিগারেট নিষিদ্ধের তালিকায় রয়েছে ।

এক লোক একটা এল্‌ম গাছের গায়ে হেলান দিয়ে অলসভাবে দাঁড়িয়ে আছে । উজ্জ্বল হলুদ রঙের একটা ওয়েস্টকোট পরে আছে সে আর তার গড়ন খুবই হালকা পাতলা । লোকটা কবির দিকে তাকিয়ে আছে, তাকে এমনকি এতো দূর থেকে দেখেও ছাত্র হিসেবে বেশি বয়স্ক এবং ফ্যাকাল্টি সদস্য হিসেবে বেশি বেমানান লাগছে । লোকটা লাওয়েলের দিকে খুবই পরিচিত সাহিত্য-ভক্তের দৃষ্টিতে চেয়ে আছে ।

খ্যাতি নিয়ে লাওয়েল খুব বেশি মাথা ঘামান না, তিনি কেবল পছন্দ করেন যে, তার বন্ধুরা তার লেখার মধ্যে ভালো কিছু খুঁজে পেয়েছে আর মাবেল লাওয়েল, তার কন্যা হিসেবে তার মৃত্যুর পর গর্বিত বোধ করবে । এছাড়া তিনি নিজেকে ভাবেন *তেরেস এতকুয়ে রতান্দাস* : নিজের মধ্যে এক অতি ক্ষুদ্র মানুষ । এখনও পথেঘাটে নারী-পুরুষের প্রশংসা তাকে উষ্ণ করতে ব্যর্থ হয় । কখনও কখনও তিনি ক্যামবৃজের একটু হাটতে যেতেন একেবারে এমনই তরতাজা হৃদয় নিয়ে যে, তাকে এক ভাবলেশহীন মুখ, এমনকি কোনো সম্পূর্ণ অজানা লোক দেখেও তার চোখে জল চলে আসতো । তবে একই রকম যন্ত্রণা আছে তাঁকে দেখে বিস্মিত হওয়া কোনো চাহনি দেখেও । এটা তাকে পুরোপুরি স্বচ্ছ আর ভিন্ন একটা অনুভূতি দেয় : কবি লাওয়েল, একটি ভুত । হলুদ ভেস্টেড পরা লোকটা গাছের গায়ে হেলান দিয়ে আছে, লাওয়েল তাকে অতিক্রম করতেই সে তার কালো টুপিটার প্রান্ত স্পর্শ করলো । কবি দ্বিধাগ্রস্ত ভাবে মাথাটা একটু নামিয়ে বো করলেন, তার গাল দুটো একটু চুলকালো । কলেজ ক্যাম্পাসে তাড়াহুড়া ক'রে ঢুকতেই লাওয়েল খেয়াল করলেন না সেই লোকটা কতোটা অদ্ভুতভাবে গভীর মনোযোগের সাথে তাঁকে দেখে যাচ্ছে ।

ডাঃ হোমস পরিপূর্ণ এমফিথিয়েটারের ভেতরে প্রবেশ করতেই একগাদা বুটের শব্দ হলো, তারা এমন সব লোকদের কর্তৃক নিযুক্ত যাদের পেন্সিল আর নোটবুক হাতের ব্যবহারকে অকেজো ক'রে ফেলেছে, তার প্রবেশ পথে শোরগোল শোনা গেলো । এর

www.BanglaBook.org

পর পরই ক্রমাগতভাবে হুর্‌রে ধ্বনি শোনা গেলো জংলীগুলোর কাছ থেকে (হোমস তাদেরকে ডাকেন তার তরুণ বর্বরের দল ব'লে), তারা সবাই জড়ো হয়েছে ক্লাশরুমের উপরের অংশে যা পাহাড় নামে পরিচিত (যেনো এটা ফরাসি বিপ্লবের সম্মেলন)। এখানে হোমস্ মানুষের শরীরটাকে নির্মাণ করেন ভেতরে বাইরে সব দিক থেকেই। এখানে সপ্তাহের চার দিন, পঞ্চাশ জন মুগ্ধ সন্তান তার প্রতিটি কথার জন্যে অপেক্ষা করে। এমফিথিয়েটারের উদরে, ক্লাশরুমে, ছাত্রদের সামনে দাঁড়িয়ে তিনি নিজেকে বারো ফিট লম্বা মনে করেন, যদিও তার আসল উচ্চতা হলো মাত্র পাঁচ ফুট পাঁচ ইঞ্চি (আর সেটাও ঐ বিশেষ বুট জোড়ার অবদানে, বোস্টনের সেরা বুট জুতা নির্মাণকারী প্রতিষ্ঠান এটা তাকে বানিয়ে দিয়েছে)।

অলিভার ওয়েন্ডেল হোমস ফ্যাকাল্টির একমাত্র সদস্য যিনি দুপুর একটার অ্যাসাইনমেন্টটা ম্যানেজ করতে সক্ষম হয়েছেন। এই সময়টাতে ক্ষুধা আর ক্লান্তি যৌথভাবে সিগারেটের ধোঁয়ার সাহায্য নিয়ে দোতলার এই নর্থ গ্রোভ ভবনে বিস্তার লাভ করে। কতিপয় ইর্ষাকাতর সহকর্মী বলে থাকে, তার খ্যাতির কারণেই তিনি ছাত্রদের মন জয় করতে পেরেছেন। সত্যি বলতে কী, বেশির ভাগ ছাত্রই, যারা আইন এবং ধর্মতত্ত্ব না নিয়ে চিকিৎসা বিজ্ঞান বেছে নিয়েছে তারা গ্রাম্য, আর বোস্টনে আসার আগে তারা যদি সাহিত্যের কিছু ছিঁটেফোঁটা আস্বাদ করেও থাকে সেটা লংফেলোর কিছু কবিতা পড়ার মধ্যেই সীমাবদ্ধ। এখনও হোমসের সাহিত্যের সুনামের কথা অতিরঞ্জিত গল্পের মতো ছড়িয়ে থাকে। কেউ কেউ *দ্য অটোক্রাট অব দি ব্রেকফাস্ট টেবিল*-এর একটি কপি সংগ্রহ করে কারো কাছে এই রকম মন্তব্য করে যে, "তুমি এখনও *অটোক্রাট* পড়ো নি?" কিন্তু তার সাহিত্যের সুনাম ছাত্রদের মধ্যে সুনামের চেয়েও বেশি কিছু হিসেবে বিরাজ করে।

"আজকে," হোমস বললেন, "আমরা এমন একটা বিষয় নিয়ে শুরু করবো যা আমার ধারণা তোমরা তার সাথে মোটেও পরিচিত নও!" একটা মেয়ের লাশ ঢেকে রাখা সাদা চাদরটা টেনে সরালেন তিনি, তারপর শোরগোল আর বুটের শব্দের মধ্যে নিজের একটা হাত তুলে ধরলেন।

"সম্মান করো, ভদ্রমহোদয়গন! সম্মান করো মানবিকতার এবং ঈশ্বরের সবচাইতে স্বর্গীয় কাজকে!"

ডঃ হোমস নিজেও তার ছাত্রদের মনোযোগের বিশাল এক সমুদ্রের মধ্যে হারিয়ে গেলেন। আচম্‌কা এই মনোসংযোগটা তার ছাত্রদের মধ্যে যেনো অনুপ্রবেশ করেছে।

"হ্যা, আজকের বিষয় হলো নারীদেহ," হোমস্ আবারো বলতে শুরু করলেন।

আলভা স্মিথ নামের এক ভীত তরুণ, শ্রেণীকক্ষের আধডজন প্রতিভাবান ছাত্রের মধ্যে যে অন্যতম, যাদেরকে অবলম্বন ক'রে অধ্যাপকেরা তাঁদের লেকচার বাকিদের কাছে পৌছে দেন; সেই ছেলেটা এ কথা শুনে আরক্তিম হয়ে উঠলো। তার পাশে বসা সঙ্গীরা তার এই অবস্থা দেখে খুশিই হলো।

BanglaBook.org

www.BanglaBook.org

হোমসের চোখে এটা এড়ালো না। "এখানে, আমরা দেখতে পাচ্ছি স্মিথের ভাসোমোটর নার্ভের ক্রিয়া-প্রতিক্রিয়ায় আচম্‌কাই তার সমস্ত শিরা-উপশিরায় রক্তে পরিপূর্ণ হয়ে উঠেছে–ঠিক একই জিনিস তোমরা আজ সন্ধ্যাতে তোমাদের বান্ধবী কিংবা বন্ধুদের গালেও দেখতে পাবে।"

বাকিদের সঙ্গে স্মিথও হেসে উঠলো। তবে হোমস্ সেই সঙ্গে অনিচ্ছাকৃত একটি হাসির শব্দও শুনতে পেলেন যা তার কাছে একটু বয়স্ক লোকের ব'লে মনে হলো। ভালো ক'রে চেয়ে দেখলেন দরজার কাছে হারভার্ড কর্পোরেশনের অন্যতম ক্ষমতাবান ব্যক্তি রেভারেন্ড ডাঃ পুটনাম দাঁড়িয়ে আছেন। কর্পোরেশনের ফেলোরা যদিও খুবই উচ্চস্তরের সুপারভাইজার, কিন্তু তারা কখনই বাস্তবিক অর্থে বিশ্ববিদ্যালয়ের ক্লাশে হাজির হন না। ক্যামব্রিজ থেকে বোস্টনের নদীর তীরে অবস্থিত হাসপাতাল সংলগ্ন মেডিক্যাল ভবনে হেটে আসাটা বেশিরভাগ প্রশাসকের কাছেই অগ্রহণযোগ্য একটি কাজ ব'লে মনে হয়।

"এবার" হোমস তার ক্লাশের সবাইকে একটু নার্ভাসভাবে ব'লে লাশের কাছে যন্ত্রপাতি নিয়ে রাখলেন, সেখানে তার দু'জন ডেমনস্ট্রেটর জড়ো হয়েছে। "চলো, এবার আমরা আমাদের বিষয়ের গভীরে প্রবেশ করি।"

ক্লাশ শেষে বর্বরের দল যখন একে অন্যকে কনুঁই দিয়ে গুঁতো মারতে মারতে, কিছু ইঙ্গিত করতে করতে চলে গেলো, হোমস্ তখন রেভারেন্ড ডাঃ পুটনামকে তার নিজের অফিসে নিয়ে গেলেন।

"আপনি আমার বিশেষ প্রিয়ভাজন, ডাঃ হোমস, আমেরিকার পণ্ডিত ব্যক্তিদের জন্যে আপনি একজন মহান আদর্শ হিসেবে প্রতিনিধিত্ব করছেন। এতো বেশি ক্ষেত্রে, এতো বেশি পরিশ্রম আর কেউ করে না। আপনার নাম পাণ্ডিত্য এবং লেখকের একটি প্রতীক হয়ে উঠেছে। যার জন্যে এই তো গতকালকেই, আমি ইংল্যান্ড থেকে আসা এক ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলাম, তিনি বলছিলেন আপনি কিভাবেই না মাতৃভূমিকে গৌরবান্বিত করেছেন।"

হোমস আপন মনে হাসলেন, "তিনি কি বলেছেন? তিনি কি বলেছেন, রেভারেন্ড পুটনাম? আপনি জানেন, আমি সেটা শুনতে চাচ্ছি।"

কথার মাঝখানে কথা বলাতে পুটনাম ভুরু তুললেন। "তা সত্ত্বেও, অগাস্টাস ম্যানিং আপনার কিছু সাহিত্য কর্মকাণ্ডের ব্যাপারে চিন্তিত হয়ে উঠছেন, ডাঃ হোমস।"

হোমস খুবই অবাক হলেন। "আপনি মিঃ লংফেলের দান্তের অনুবাদকর্মের কথা বলতে চাচ্ছেন? লংফেলো হলেন এর অনুবাদক। আমি তো কেবল তার সহযোগীদের একজন। আমি বলবো, আপনি একটু অপেক্ষা করুন, ওটা পড়ুন, নিশ্চয়ই আপনিও সেটা উপভোগ করবেন।"

"জেমস্ রাসেল লাওয়েল। জে.টি ফিল্ডস্। জজ গ্রীন। ডাঃ অলিভার ওয়েন্ডেল হোমস্। সাহায্যকারী হিসেবে খুব ভালো-ই বাছাই করা হয়েছে, তাই না?"

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ খুব বিরক্ত হলেন। তিনি ভাবেননি যে, তাদের ক্লাবের ব্যাপার স্যাপারগুলো সাধারণ কৌতুহলের বিষয় হয়ে উঠবে, আর এ নিয়ে তিনি বাইরের কারোর সঙ্গে কথা বলতেও পছন্দ করেন না। দাম্ভে ক্লাব হলো তার সেই সব হাতে গোনা স্বল্পসংখ্যক কাজকর্ম যা জনসাধারণের বিষয় নয়। "ওহ্, ক্যামবৃজে দুটো পাথর ছুড়ে মেরে আপনি নির্ঘাত দু'জন লেখককে আঘাত করতে পারবেন, মাই ডিয়ার পুটনাম।"

পুটনাম হাত দুটো ভাঁজ ক'রে বুকের কাছে রেখে অপেক্ষা করলেন।

হোমস্ লক্ষ্যহীনভাবে হাত ছুড়লেন। "মিঃ ফিল্ডস্ এসব ব্যাপার দেখাশোনা করেন।"

"আমি প্রার্থনা করি এই ধরনের ঝুঁকিপূর্ণ কাজ থেকে নিজেকে সরিয়ে নেবেন আপনি," পুটনাম খুবই গুরুত্ব দিয়ে কথাটা বললেন। "আপনার বন্ধুদের মধ্যে কিছু কাণ্ডজ্ঞান সম্পন্ন কথা বলুন। প্রফেসর লাওয়েল, উদাহরণ হিসেবে বলি, কেবল –"

"আপনি যদি এমন কারোর খোঁজে থাকেন যার কথা লাওয়েল শুনবেন, মাই ডিয়ার রেভারেন্ড," হোম্স হাসতে হাসতে কথার মাঝখানে বললেন, "তবে মেডিকেল কলেজে ঢুকে আপনি ভুলই করেছেন।"

"হোমস্," পুটনাম দয়ালু কণ্ঠে বললেন। "আমি কেবল আপনাকে সাবধান ক'রে দিতে এসেছি, কারণ আমি আপনাকে বন্ধু হিসেবেই গণ্য করি। যদি ড. ম্যানিং জেনে যান যে, আমি আপনার সঙ্গে এরকম কথা বলেছি, তবে তিনি..." পুটনাম একটু থামলেন, শোকবাণী পাঠ করার মতোই কণ্ঠটা নিচু খাদে নামিয়ে আনলেন। "ডিয়ার হোম্স, আপনার ভবিষ্যৎ দাম্ভেকে নিয়ে সমস্যার মধ্যে পড়বে। আমি আশংকা করছি আপনার কবিতার কী হবে তা নিয়ে, আপনার নাম নিয়েও, ম্যানিং কিন্তু সর্বতোভাবে চেষ্টা ক'রে যাচ্ছেন।"

"ম্যানিং আমাকে ব্যক্তিগতভাবে কোনো আক্রমণ করেন নি, এমনকি আমাদের ছোট্ট ক্লাবটির বেছে নেয়া আগ্রহের বিরুদ্ধে অবস্থান নিলেও।"

পুটনাম জবাব দিলেন, "আমরা অগাস্টাস ম্যানিংকে নিয়ে কথা বলছি। কেবল এটা মাথায় রাখবেন।"

ডাঃ হোম্স যখন ঘুরে চলে গেলেন, তাকে দেখে মনে হলো তিনি যেনো একটা ভূগোলককে গিলে ফেলছেন। পুটনাম প্রায়ই অবাক হয়ে ভাবেন, সব পুরুষমানুষ কেন দাড়ি রাখে না। তিনি খুব উৎফুল্ল, কারণ তিনি জানেন যে, ড. ম্যানিং তার এই রিপোর্টে খুবই খুশি হবেন।

আর্তেমাস প্রেসকোট হিলির জন্ম ১৮০৮ সালে এবং মৃত্যু ১৮৬৫ সালে। বছর কয়েক আগে পাহাড়ি এলাকার পাদদেশে মাউন্ট অবার্ন গোরস্থানটির একটি কেনা অংশে নিজের বিশাল পারিবারিক জমিতে সমাহিত হলেন তিনি।

BanglaBook.org

www.BanglaBook.org

বোস্টনের ব্রাহ্মণদের মধ্যে এখনও অনেকে মনে করে যুদ্ধের আগে হিলির কাপুরুষোচিত সিদ্ধান্তের জন্যে তাকে অপছন্দ করা হয়। কিন্তু এটা সবাই মানে যে, কেবলমাত্র সাবেক কট্টরপন্থীরাই তাঁদের স্টেটের প্রধান বিচারপতির শেষকৃত্যানুষ্ঠানে ঘৃণা প্রকাশ ক'রে তার স্মৃতিকে অসম্মান করবে।

ডাঃ হোম্‌স তার স্ত্রীর দিকে একটু ঝুঁকলেন। "কেবলমাত্র চার বছরের পার্থক্য, মিলিয়া।"

স্ত্রী নিচু কণ্ঠে তাঁকে ব্যাপারটা ব্যাখ্যা ক'রে বলার জন্যে অনুরোধ করলেন।

"বিচারপতি হিলির বয়স হয়েছিলো ষাট," হোমস ফিস্‌ফিস্ ক'রে আবার বলতে লাগলেন। "অথবা হতো। আমার চেয়ে মাত্র চার বছরের বড়, ডার্লিং, দিন হিসেব করলে পুরো চার বছরের বড়!" সত্যি বলতে কী প্রায় মাসের হিসেবে হবে, যাইহোক ডাঃ হোমস্ মোটামুটি মৃতব্যক্তির সঙ্গে নিজের বয়সের হিসাব সঠিকভাবেই করলেন। এমেলিয়া হোমস্ একটু চোখ নেড়ে তাকে বললেন শোকবাণী পাঠ করার সময়ে চুপ থাকতে হয়। হোমস্ কথা থামিয়ে সামনের শান্ত আর নিরব-নিথর গোরস্থানের দিকে তাকিয়ে রইলেন।

মৃতব্যক্তির সঙ্গে তার খুব বেশি ঘনিষ্ঠতা ছিলো এমন দাবী হোমস্ করতে পারেন না। প্রধান বিচারপতি হিলি হারভার্ডের ওভারশিয়ার বোর্ডে কাজ করেছেন, তাই ডাঃ হোমস্ মাঝেমধ্যে হিলির সঙ্গে কথাবার্তা বলতেন, দেখাশোনা হতো তাঁদের সঙ্গে। হোমস্ হিলিকে ডাক্তারদের এক সমিতি *ফিবেটা কাপ্পার* সদস্য হওয়ার জন্যেও চিনতেন, সেই গর্বিত সোসাইটিতে হিলি কিছুদিন সভাপতিত্ব করেছেন। ডাঃ হোমস তার চাবিটা নিজের হাতঘড়ির স্বর্ণের চেইনের সঙ্গে রেখেছেন, হিলির মৃতদেহ সমাহিত হবার সময়ে সেই **জিনিসটাতে এখন তিনি আঙুল বুলাচ্ছেন। অন্ততপক্ষে, হোম্‌স একজন ডাক্তার হিসেবে, বিশেষ সহমর্মিতায় মৃতব্যক্তি সম্পর্কে ভাবলেন, বেচারা হিলি কোনো মৃত্যু যন্ত্রণা ভোগ করেন নি।

ডাঃ হোমসের সঙ্গে বিচারপতি হিলির সবচাইতে দীর্ঘকালীন যোগাযোগও ছিলো আদালতে, ঠিক একই সময়ে এটা হোমস্‌কে নাড়িয়ে দিয়ে ছিলো, কবিতার বিশ্ব থেকে তাকে পুরোপুরি সরিয়ে দিয়েছিলো সেই ঘটনা। ওয়েবস্টার মামলার বিবাদী পক্ষের তিনজন বিচারপতির প্যানেলের সভাপতিত্ব করেছিলেন প্রধান বিচারপতি হিলি, তিনি জন ডব্লিউ. ওয়েবস্টারের পক্ষে সাফাই সাক্ষী দেবার জন্যে ডাঃ হোমস্‌কে জবানবন্দী দেবার জন্যে অনুরোধ করেছিলেন। অনেক বছর আগের সেই মামলার উত্তপ্ত দিনগুলোতে ওয়েন্ডেল হোমস্ দেখেছেন নিজের মতামত দিতে গিয়ে আর্তেমাস হিলির ভারি এবং দৃঢ় স্টাইলের বক্তৃতা।

"হারভার্ডের অধ্যাপকেরা খুনখারাবি করেন না।" সেটা ডাঃ হোমসের ওয়েবস্টারের পক্ষে জবানবন্দী দেবার আগে তৎকালীন হারভার্ড প্রেসিডেন্টের জবানবন্দী দেবার ঠিক পরমুহূর্তে বলা হয়েছিলো।

BanglaBook.org

www.BanglaBook.org

হোম্‌স যখন লেকচার দিচ্ছিলেন তখনই ডা: পার্কম্যানের হত্যাকাণ্ডটি সংঘটিত হয়েছিলো হোমসের লেকচার রুমের ঠিক নিচে। এটা খুবই কষ্টকল্পিত ব্যাপার যে, হোম্‌স খুনি এবং নিহত ব্যক্তি দু'জনেরই বন্ধু ছিলেন–তিনি জানতেন না কার জন্যে বেশি শোক করবেন। অন্ততপক্ষে হোমসের ছাত্রছাত্রিদের যথারীতি হাস্যরোল প্রফেসর ওয়েবস্টারের দেহটাকে কেঁটেকুঁটে ছিন্নভিন্ন করেছিলো।

"একজন ধার্মিক ব্যক্তি এবং এমন একজন, যিনি ঈশ্বরকে খুবই ভয় পেতেন..."

পাদ্রীর প্রধান শোক প্রকাশকের ভাবভঙ্গী আর স্বর্গপ্রাপ্তির উচ্চ কণ্ঠের প্রতিশ্রুতির জন্যে হোমসের পাশে বসাটা সঙ্গত হয়নি। নীতিগতভাবেই ধর্মীয় আচার অনুষ্ঠানের সময় খুব কমসংখ্যক যাজকই ডা: হোমসের সঙ্গে কখনও ভালোভাবে বসতে পেরেছেন। হোম্‌স হলেন সেইসব সাহসী মন্ত্রীদের একজনের সন্তান যাঁর ক্যালভিনিজম স্মরণ করিয়ে দেয় ইউনিটারিয়ান বিশৃঙ্খলার মুখোমুখি। অলিভার ওয়েন্ডেল হোমস্ এবং তার লাজুক ছোটো ভাই জন অসাড় সব কথার মাঝে তার পেছনে ছিলেন, যা ডাক্তারের কানে এখনও বাজছে : "আদমের পতনে, আমরা সবাই পাপী।" ভাগ্য ভালো যে, তারা তাঁদের মায়ের চটজলদি হাস্যরসাত্মক কথার মধ্যে আশ্রয় পেলেন, যিনি রেভারেন্ড হোমস্ এবং তার অতিথি মন্ত্রীগণ জন্মগত পাপের ব্যাপারে ধর্মীয়-বাণী দেবার সময় পাশ ফিরে ফিস্‌ফিস্ ক'রে হাস্যরস করলেন। তাদের মা তাদের কাছে, বিশেষ ক'রে শয়তান তাদের আত্মা নিয়ন্ত্রণ করছে জাতীয় গল্প শুনে ওয়েন্ডেল যখন কেঁপে উঠতেন তখন তাদের কাছে প্রতীজ্ঞা করতেন যে, নতুন ধ্যানধারণা সমাগত। আর, সেটাই হয়েছিলো। বোস্টন এবং অলিভার ওয়েন্ডেল হোমসের জন্যে নতুন ধ্যানধারণার আবির্ভাব হয়েছিলো। কেবলমাত্র ইউনিটারিয়ানরা-ই মাউন্ট অবার্নের মতো কবরস্তান বানাতে পারতো, যা একটি উদ্যানও বটে।

হোম্‌স খেয়াল করলেন যে, তার মতো অনেক বিখ্যাত ব্যক্তিই উপস্থিত আছেন, অনেকেই ডা: হোমসের দিকে মাথা ঘুরিয়ে তাকালেন, কারণ ডাক্তার নিজেও বিভিন্ন নামে পরিচিত বিখ্যাতজনদেরই অংশ–নিউ ইংল্যান্ডের সন্তরা, আগুনচুল্লীর পাশে বসা কবিগন। তারা যাঁরাই হোন না কেন, তারা হলেন দেশের সবচাইতে উল্লেখযোগ্য সাহিত্য ব্যক্তিত্ব। হোমসের খুব কাছেই দাঁড়িয়ে আছেন কবি, অধ্যাপক এবং সম্পাদক জেমস্ রাসেল লাওয়েল। অলসভঙ্গীতে নিজের সুদীর্ঘ গোঁফে তাঁ দিলেন তিনি যতোক্ষণ না ক্যানি লাওয়েল তার জামার হাতা ধরে টান দিলেন। অন্যপাশে, নিউ ইংল্যান্ডের মহান সব কবিদের প্রকাশক জেঁচি ফিল্ডস্, খুবই গুরুগম্ভীর চিন্তায় ডুবে আছেন তিনি। লাওয়েল এবং ফিল্ডস্ প্রধান বিচারপতি হিলির সঙ্গে হোমসের চেয়ে বেশি ঘনিষ্ঠ ছিলেন না, কিন্তু তারা হিলির শেষকৃত্যে উপস্থিত হয়েছেন হিলির অবস্থান, মানমর্যাদা এবং তার পরিবারের সম্মানার্থে (লাওয়েলদের সঙ্গে তাঁদের জ্ঞাতি সম্পর্ক রয়েছে)।

এইসব আগত লোকেরা এই সাহিত্যিক ত্রয়ীর দিকে উৎসুক দৃষ্টিতে তাঁদের

www.BanglaBook.org

সবচাইতে বর্ণিল সঙ্গীটিকে খুঁজছে। সত্যি বলতে কী, হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলো তার বন্ধুকে মাউন্ট অবার্ন পর্যন্ত সঙ্গ দেবার জন্যে আসতে নিয়েছিলেন। কিন্তু নিজের গাড়ি থেকে কয়েক পা এগিয়েই যথারীতি তিনি তার ফায়ার-সাইডে গিয়ে নিজেকে আবদ্ধ রাখলেন। ক্রেইগি হাউজের বাইরে এ জগতে খুব কম জায়গা-ই আছে যেখানে লংফেলো যান। অনুবাদের কাজে কয়েক বছর ব্যয় করার পর ঝুলে থাকা প্রকাশনাটির বাস্তবতা পুরোপুরি মনোযোগ পেতে সক্ষম হয়েছে। তাছাড়া, লংফেলোর আশংকা (এবং সঠিকভাবেই) করেছিলেন যে, তিনি যদি মাউন্ট অবার্ন-এ আসেন তবে তার খ্যাতি হিলির পরিবার থেকে শোক-সন্তপ্তদের মনোযোগ সরিয়ে দেবে। যখনই ক্যামবৃজের পথেঘাটে লংফেলো হেটে যান, লোকজন ফিস্‌ফাস্ করে, বাচ্চারা দৌড়ে এসে তাকে জড়িয়ে ধরে, এতো বেশি সংখ্যক টুপি খুলে তাকে অভিবাদন জানানো হয় যে, মনে হতে পারে পুরো মিডল্‌সেক্স কাউন্টিটা বুঝি একই সঙ্গে কোনো গীর্জায় প্রবেশ করেছে।

লংফেলোর সঙ্গে একবার ভাড়া করা ঘোড়ার গাড়িতে ক'রে যাবার কথা স্মরণ করতে পারলেন হোমস্। সেটা কয়েক বছর আগের কথা, যুদ্ধের আগের ঘটনা। তারা ক্রেইগি হাউজের জানালা অতিক্রম করার সময় জানালা দিয়ে ফ্যানি এবং হেনরি লংফেলোকে তাঁদের ফায়ার-সাইডের পাশে ব'সে থাকতে দেখলেন, তাঁদের চারপাশে একটা পিয়ানোকে ঘিরে ছিলো তাঁদের পাঁচটি সুন্দর ছেলেমেয়ে। তখনও, লংফেলোর চেহারাটা এ বিশ্বকে দেখানোর জন্যে উন্মুক্ত ছিলো।

"আমি লংফেলোর বাড়ির দিকে তাকাতেই কাঁপছিলাম," হোম্‌স বলেছিলেন।

লাওয়েল, যিনি একটি ভুলেভরা লেখা সম্পাদনা করছিলেন, রচনাটির ভুলত্রুটি নিয়ে ক্ষোভ প্রকাশ করছিলেন, অনেকটা মৃদু হেসেই জবাব দিয়েছিলেন, সেটা হোমসের কণ্ঠ থেকে ভিন্ন ছিলো।

"তাঁদের সুখময়তা একেবারেই নিখুঁত," হোম্‌স বলতে শুরু করেছিলেন। "এতোই নিখুঁত যে, কোনো পরিবর্তন তাঁদেরকে বাজে অবস্থায় ফেলতে পারে না।"

রেভারেন্ড ইয়ংয়ের বক্তৃতাটা নিরব-নিথর গোরস্তানের প্রাঙ্গণে ফিস্‌ফিসানিতে পরিণত হতেই হোম্‌স তার ভেলভেট কোটের উপর ঝ'রে পড়া হলুদ পাতাগুলো হাত দিয়ে ঝেড়ে ফেললেন, স্থির হয়ে দাঁড়িয়ে থাকা শোকগ্রস্তদের মুখের দিকে তাকালেন তিনি, খেয়াল করলেন রেভারেন্ড ইয়ংয়ের বক্তব্য শুনে ক্যামবৃজের সবচাইতে প্রখ্যাত যাজক রেভারেন্ড আলিশা ট্যালবোট বেশ উৎকটভাবেই নিজের বিরক্তি ভাবটা প্রকাশ করলেন, সন্দেহ নেই, তিনি হিলির যাজক হবার জন্যে যা করার দরকার তা-ই রিহার্সেল করেছেন। হিলির বিধবার সংযত আচরণ দেখে হোম্‌স তাকে বেশ সমীহ করলেন। বেশি কান্নাকাটি করা বিধবারা সবসময়ই অতি দ্রুত নতুন স্বামীর পাণি গ্রহণ ক'রে থাকে। হোম্‌স আরো দেখলেন পুলিশ প্রধান কার্তেজ হিলির বিধবার পাশেই গেছে, সে মিসেস হিলির বাহু ধরে টেনে একটু পাশে নিয়ে গেলো, দেখে বোঝাই

BanglaBook.org

www.BanglaBook.org

যাচ্ছে মহিলাকে কোনো কিছু বোঝানোর চেষ্টা করছে সে–কিন্তু তাদের চোখমুখের যে ভঙ্গী, তা দেখে এটা বোঝা যায় যে, তাদের মধ্যে এর আগেও বেশ কথাবার্তা হয়েছে; এটা ঠিক, কার্তেজ কোনো তর্ক করছে না, বরং বিধবা হিলিকে কিছু স্মরণ করিয়ে দিচ্ছে যেনো। বিধবা সশ্রদ্ধভাবেই মাথা নেড়ে সায় দিলেন। ওহ্, কিন্তু কতো শক্তভাবেই না সেটা করলেন, হোম্‌স ভাবলেন। চিফ কার্তেজ অবশেষে এমনভাবে স্বস্তির নিঃশ্বাস ফেললো যে, গৃক দেবতা অউলাস অবশ্যই তাঁকে ঈর্ষা ক'রে থাকবে।

২১ নাম্বার চার্লস স্ট্রিটে সেই রাতে খাবারের সময়টা সাধারণ সময়ের তুলনায় বেশ চুপচাপভাবেই কাটলো। বাড়ির অতিথিরা সবসময়ই বিদায় নেয় বিস্ময় প্রকাশ ক'রে, হোমসের কথাবার্তার বাহুল্যতার উল্লেখ না করেই। তারা অবাক হয়ে ভাবে বাড়ির সদস্যরা একে অন্যের কথা আদৌ শোনে কিনা। রাতের বেলায় সবচাইতে সেরা বাগ্মীকে বাড়ির কর্তা ডাক্তার সাহেব জেলি পরিবেশন ক'রে পুরস্কার দেবার প্রথা চালু করেছেন। আজকে, ডাঃ হোম্‌সের কন্যা ছোট্ট এমেলিয়া অন্য দিনের চেয়ে একটু বেশি বক্‌বক্ করছে, সাম্প্রতিক সময়ে মিস 'বি'-এর সাথে কর্নেল 'এফ'-এর বাগদানের কথা বলছে সে, আর তার সেলাই কাজ জানা বন্ধুরা বিয়ের জন্যে কী কী উপহার তৈরি করছে তা নিয়েও বাগাড়ম্বর ক'রে যাচ্ছে।

"বাবা," একটু দাঁত বের ক'রে হেসে অলিভার ওয়েন্ডেল হোমস্ জুনিয়র বললো, "আমার বিশ্বাস আজকের রাতের জেলি থেকে তুমি বঞ্চিত হবে।" জুনিয়র হোমসের টেবিল থেকে একটু স'রে বসেছে : এজন্যে নয় যে, সে লম্বায় ছ'ফুট, যা তার বাড়ির অন্যান্য বাসিন্দাদের তুলনায় বেশ লম্বাই বলা চলে, বরং সে কথায় এবং চালচলনে ইচ্ছাকৃতভাবেই দুঃখবাদী।

হোম্‌স তার সামনে রাখা রোস্টের দিকে চেয়ে একটু ভেবে হাসলেন। "কিন্তু ওয়েন্ডি, আজরাতে আমি তোমার কাছ থেকে তো খুব বেশি কথা শুনতে পেলাম না।"

জুনিয়র ওয়েন্ডেলকে তার বাবা ওয়েন্ডি নামে ডাকলে সে খুবই অপছন্দ করে। "ওহ্, আমি জিততে চাই না, তুমিও না, বাবা।" সে তার ছোটো ভাই এডওয়ার্ডের দিকে তাকালো। কলেজের হোস্টেলে থাকে সে, বাড়িতে আসে মাঝেমধ্যে। "তারা বলছে ল'স্কুলের একটা চেয়ারের নামকরণ করবে হিলির নামে, তুমি এটা বিশ্বাস করো, নেডি? পলাতক-দাস আইনটি তিনি অবজ্ঞা করার পর বোস্টন তার অতীতকে ক্ষমা ক'রে দেবার জন্যে মৃত্যুই হলো একমাত্র পথ, এটাই কেবল আমি জানি।"

রাতের খাবারের পর তার হাটার সময় ডাঃ হোমস্ মার্বেল খেলতে থাকা কিছু বাচ্চাকে এক মুঠো পেনি উপহার দিতেই স্মৃতিপাত থেকে একটা কথা ভেসে এলো। এই কয়েন দেবার বেলায় তিনি একটা ঘোরপ্যাঁচ বেছে নেন (কেন নেবেন না?)। ছেলেগুলো যখন পয়সার অক্ষরগুলো সঠিকভাবে সাজাতে পারে, তিনি তাদেরকে কয়েনগুলো দিয়ে দেন। বোস্টনের গ্রীষ্মের বাতাস বইছে দেখে তিনি খুব খুশি হলেন। আর তার সঙ্গে তীব্র গরম যা তার হাঁপানিকে উস্‌কে দেয়।

BanglaBook.org

www.BanglaBook.org

হোম্‌স তার বাড়ির পেছনে থাকা লম্বা একটা গাছের নিচে ব'সে "নিউ ইয়র্কের সবচাইতে সেরা ক'জন সাহিত্যিক" বিজ্ঞাপনটার কথা ভাবলেন, সেটা ছাপা হয়েছে ফিল্ডসের সংবাদপত্র *নিউইয়র্ক ট্রিবিউন*-এ। তাঁদের দান্তে ক্লাব : দান্তেকে এবং তার কবিতাকে আমেরিকাতে পরিচয় করিয়ে দেবার লাওয়েলের মিশনে খুবই গুরুত্ব বহন করে। এই প্রকাশনার পরিকল্পনা করছেন ফিল্ডস্। হ্যা, এতে একাডেমিক এবং ব্যবসায়ীক ঝুঁকি রয়েছে। কিন্তু হোমসের জন্যে ক্লাবের বিজয়টা তার সেই সব বন্ধুদের ঐক্যকে সুদৃঢ় করবে, যেসব বন্ধুদের পেয়ে তিনি নিজেকে ভাগ্যবান মনে করেন। তারা যখন কবিতাকে মুক্ত করছেন তখন তিনি উন্মুক্ত আড্ডা আর মেধার বিচ্ছুরণকে যেকোনো কিছুর চেয়ে বেশি পছন্দ করেন। দান্তে ক্লাব হলো সারিয়ে তোলার সংগঠন–এই সব বিগত বছরগুলো যখন আচম্‌কাই তাঁদেরকে বৃদ্ধ ক'রে তুলেছিলো–যুদ্ধ নিয়ে তাঁদের বিভক্তির পর হোম্‌স আর লংফেলোর মধ্যে ঐক্য স্থাপন করে এবং ফিল্ডসের পার্টনার উইলিয়ামের কোনো ধরণের নিরাপত্তা না দেয়ার পরও তার সঙ্গে তার সেরা লেখকদের ঐক্য স্থাপন করিয়ে এই সারিয়ে তোলার কাজটা হয়েছে। লংফেলোকে বাইরের পৃথিবীর সঙ্গে সংযোগ ক'রে দেয়া, অথবা, অন্ততপক্ষে তার সঙ্গে কিছু সাহিত্যিক অনুরাগীর পরিচয় করিয়ে দেয়া হয়েছে। অনুবাদকর্মে হোমসের প্রতিভা খুব বেশি অসাধারণ নয়। প্রয়োজনীয় কল্পনা শক্তি তার রয়েছে, কিন্তু একজন কবির কণ্ঠকে অন্য আরেকজন কবি পুরোপুরি আত্মস্থ করতে পারার যে গুণ লংফেলোর আছে, তা তার নেই। এখনও, বিদেশে, অপেক্ষাকৃত কম মুক্তবাণিজ্যের দেশগুলোতে অলিভার ওয়েন্ডেল হোমস্ নিজেকে বেশ ভালো দান্তের কবিতার একজন সমঝদার ভাবেন : দান্তের পণ্ডিতদের চেয়েও বেশি দান্তেবাদী একজন। হোমস্ যখন কলেজে পড়তেন তখন অভিজাত সাহিত্যিক প্রফেসর জর্জ টিকনর তার ধৈর্য প্রায় হারিয়ে ফেলেছিলেন তাকে হারভার্ডে প্রথম স্মিথ প্রফেসর হিসেবে পদ দেবার বেলায় হারভার্ড কর্পোরেশনের বাঁধার কারণে। ওয়েন্ডেল হোমস সেইসময়, মাত্র বারো বছর বয়সে গৃক এবং লাতিনে মাস্টার্স করছিলেন, তিনি অদ্ভুতভাবেই ইউরিপিডের *হেকুবা* থেকে ঘণ্টার পর ঘণ্টা ধরে মুখস্ত করতে করতে বিরক্ত আর এক ঘেয়েমীতে আক্রান্ত হয়েছিলেন বহু দিন আগেই সেসব জিনিস অপাংক্তেয় হয়ে গিয়েছিলো।

হোমসের পারিবারিক ড্রইংরুমে যখন তাঁদের প্রথম দেখা হয়েছিলো তখন অধ্যাপক টিকনরের দৃঢ় কালো চোখ কলেজ ছাত্রটির দিকে স্থির হয়ে আঁটকে ছিলো, আর ছাত্রটি তার নিজের সমস্ত ওজন একবার ডান পায়ে তো আরেকবার বাম পায়ে রেখে চলছিলেন। "এক মুহূর্তের জন্যেও স্থির থাকতে পারে না," অলিভার ওয়েন্ডেল হোমসের বাবা রেভারেন্ড হোমস দীর্ঘশ্বাস ফেলে কথাটা বলেছিলেন। টিকনর বলেছিলেন ইতালিয় ভাষা এই অস্থিরতাকে নিয়মের মধ্যে আনতে পারবে। সেই সময় ডিপার্টমেন্টের সম্পদে খুব বেশি টানাটানি ছিলো যে, অনুষ্ঠানিকভাবে ভাষাটি সাধা যেতো না। তবে হোমস খুব জলদিই টিকনর কর্তৃক প্রস্তুত করা ব্যাকরণ এবং

www.BanglaBook.org

ভোকাবুলারি ইন্সট্রাকশনের একটি ঋণ লাভ করেছিলেন। এই কাজে দান্তের *দিভিনা কমেদিয়া*'র একটি সংস্করণও ছিলো। এটা এমন একটি কবিতা যা একাধিক ক্যান্টিকেল, মানে, ছত্রে বিভক্ত, যেগুলোকে ডাকা হয় *ইনফার্নো* বা নরক বলে, *পারগেতোরিও* বা পাপমোচন এবং *পারাদিসু* বা স্বর্গ নামে।

এখন হোম্‌স আশংকা করছেন হারভার্ড দান্তেকে আঘাত করছে মূর্খতার গহীন গহ্বর থেকে। ভয় এবং কুসংস্কার থেকে মুক্ত হলে প্রকৃতি কিভাবে কাজ করে সেটা মেডিকেল স্কুলের বিজ্ঞান অলিভার ওয়েন্ডেল হোমস্‌কে শিখিয়েছে। তিনি বিশ্বাস করেন জ্যোর্তিবিজ্ঞান জ্যোতিষবিদ্যাকে প্রতিস্থাপন করেছে যেমন, ঠিক তেমনি থিওনমি একদিন জেগে উঠবে ধীরগতি অবস্থা থেকে। এই বিশ্বাসকে পুঁজি করেই হোম্‌স একজন কবি এবং অধ্যাপক হিসেবে বেড়ে উঠেছেন।

এরপরই যুদ্ধ ডা: হোম্‌সকে বিপর্যস্ত ক'রে দিলো, যেমনটি করেছিলো দান্তে অলিঘিয়েরিকে।

১৮৬১ সালের এক শীতের সন্ধ্যায় এটা শুরু হয়েছিলো। হোমস বসেছিলেন লাওয়েলের এল্‌ম উড-এর ম্যানশনে। অস্থির হয়ে পায়চারী করছিলেন ওয়েন্ডেল জুনিয়রের ২৫তম ম্যাসাচুসেটস্ রেজিমেন্ট ছাড়ার সংবাদটি শুনে। লাওয়েল ছিলেন তার নার্ভকে শান্ত করার জন্যে সঠিক প্রভাবক : আগ্রাসী এবং উচ্চকণ্ঠে বেশ আত্মবিশ্বাসের সঙ্গে বলছিলেন যে, পৃথিবী ঠিক সেরকমই আছে যেমনটি তিনি নিজে বলেছিলেন।

সেই গ্রীষ্ম থেকে সোসাইটি হেনরি ওয়াডস্‌ওয়ার্থের শান্তশিষ্ট উপস্থিতির অভাবটা গভীরভাবে অনুভব করেছে। লংফেলো তার বন্ধুর কাছে চিঠি লিখে তাকে ক্রেইগি হাউজ ছেড়ে যেতে হবে এধরণের সব আমন্ত্রণ প্রত্যাখ্যান করেন, জানান যে, তিনি বেশ ব্যস্ত আছেন। দান্তের অনুবাদ করতে শুরু করেছিলেন তিনি। বলেছিলেন, সেই কাজটা থামানোর কোনো পরিকল্পনা তার নেই : *আমি এই কাজটি করেছি যখন এছাড়া আমার অন্য কিছু করার ছিলো না।*

লংফেলোর কাছ থেকে আসা এই নিরবতা, এইসব চিঠিগুলো চিৎকার ক'রে যেনো শোক করছিলো। বাইরে থেকে তাকে শান্ত দেখালেও ভেতরে ভেতরে তার রক্তক্ষরণ হচ্ছিলো।

তাই লাওয়েল ঠিক করলেন লংফেলোর বাড়িতে যাবেন, তাকে সাহায্য করার জন্যে জোর করবেন। লাওয়েলের ছিলো দীর্ঘদিনের একটি আক্ষেপ যে, আমেরিকানরা আধুনিক ভাষাগুলোর ব্যাপারে একেবারেই অজ্ঞ। এমনকি হাতে গোনা কয়েকটি বৃটিশ অনুবাদও প'ড়ে দেখে না তারা।

"এধরণের বই গর্দভ জনগণের কাছে বিক্রি করার জন্যে আমার দরকার একজন স্বনামধন্য কবির নাম।" আমেরিকানরা যে দান্তের ব্যাপারে অন্ধকারে রয়েছে সে সম্পর্কে গভীর সতর্কতা জানিয়ে ফিল্ডস্ বলতেন। যখনই ফিল্ডস্ তার লেখকদেরকে

BanglaBook.org

www.BanglaBook.org

কোনো ঝুঁকিপূর্ণ প্রকল্পের ব্যাপারে নিরুৎসাহিত করার ইচ্ছে প্রকাশ করতেন, তিনি পাঠকের বোকামীর প্রতিই ইঙ্গিত করতেন।

লাওয়েল বিগত বছরগুলোতে লংফেলোকে তিন ভাগে বিভক্ত কবিতা অনুবাদ করতে নিরুৎসাহিত করেছিলেন, এমন কি একবার তিনি নিজেই করবেন ব'লে হুমকী দিয়েছিলেন–যে কাজটি করার অন্তর্গত শক্তি তার ছিলো না। এখন, তিনি সাহায্যের ব্যাপারে না করতে পারলেন না। হাজার হোক লাওয়েল হলেন হাতেগোনা অল্প কয়জন আমেরিকানদের মধ্যে অন্যতম যিনি দান্তের আনেক কিছু জানেন; দেখে অবশ্য মনে হয় তিনি সবই জানেন।

লাওয়েল সবিস্তারে হোমস্‌কে জানালেন লংফেলো কী অসাধারণ ভাবেই না লংফেলোর দেখিয়ে দেয়া ক্যান্টো থেকে দান্তেকে ধরতে পারছেন। "কাজটা করার জন্যেই তার জন্ম হয়েছে বলেই আমি মনে করি, ওয়েন্ডেল।" লংফেলো শুরু করেছিলেন *পারাদিসো* দিয়ে, তারপর *পারগাতোরি* এবং অবশেষে *ইনফার্নো*।

"উল্টো দিক থেকে শুরু করেছেন?" হোম্‌স কৌতুহলবশে জানতে চাইলেন।

লাওয়েল মাথা নেড়ে সায় দিয়ে হাসলেন। "ডিয়ার লংফেলো নরকে যাবার আগে স্বর্গপ্রাপ্তির নিশ্চয়তা চান।"

"আমি এভাবে লুসিফারের কাছে কখনও যেতে পারবো না," *ইনফার্নো*'র ওপর মন্তব্য ক'রে হোম্‌স বললেন। "পাপমোচন আর স্বর্গ হলো সঙ্গীত এবং আশা, আপনার মনে হবে আপনি ঈশ্বরের কাছে ভেসে চলেছেন। কিন্তু জঘন্য বর্বরতা মধ্যযুগের দুঃস্বপ্ন। আলেকজান্ডার দ্য গ্রেট'র উচিত ছিলো এটা তার বালিশের নিচে নিয়ে ঘুমানো।"

"দান্তের নরক আমাদের এই পৃথিবীরই অংশ, যেমনটি আন্ডারওয়ার্ল্ডের অংশ, এটা কোনোভাবেই এড়ানো যায় না," লাওয়েল বললেন, "বরং মুখোমুখি হতে হয়। এই জীবনে আমরা প্রায়শই নরকের স্পর্শ লাভ ক'রে থাকি।"

দান্তের কবিতা তাদের মধ্যেই বেশি আলোড়ন তুলে থাকে যারা ক্যাথলিক মতবাদে বিশ্বাসী নয়। বিশ্বাসীরা দান্তেকে ধর্মীয়ভাবে না দেখে পারে না। তাদের কাছে দান্তের বিশ্বাস খুবই যথার্থ আর এতোটাই দৃঢ় যে এই কবিতা তাদের হৃদয়ের গভীরে প্রবেশ ক'রে ফেলে। এজন্যেই হোম্‌স দান্তে ক্লাব নিয়ে ভীত : তিনি ভীত যে, এটা কবির শক্তিশালী সাহিত্যিক গুণের কারণে তাঁদেরকে নতুন কোনো নরকের দিকে নিয়ে যাবে। আর তারচেয়েও খারাপ ব্যাপার হলো, তিনি আশংকিত যে, সারাজীবন ধরে তার পিতা কর্তৃক শয়তান সম্পর্কিত উপদেশ থেকে পালিয়ে বেড়ানোটাকেও কিছুটা দোষ দেয়া হবে।

১৮৬১ সালের এল্‌ম উড-এর পড়ার ঘরে একজন বার্তাবাহক কবির চা পানে বিঘ্ন ঘটালো। ডাঃ হোমস্ জানতেন, একেবারে নিশ্চিত করেই জানতেন যে, এটা এমন একটা টেলিগ্রাম যাতে তাকে জানানো হবে তার ছেলে ওয়েন্ডেল জুনিয়র যুদ্ধ ক্ষেত্রের

BanglaBook.org

www.BanglaBook.org

কোথাও হিমশীতল বরফে মরে প'ড়ে আছে। সম্ভবত ক্লান্তির কারণেই–মৃত্যুর ব্যাখ্যা দিয়ে যেসব তালিকা করা হয় তাতে সব সময় লেখা থাকে, "ক্লান্তিজনিত কারণে মারা গেছে"। কিন্তু সেই খবরের বদলে এসেছে অন্য খবর, হেনরি ওয়াডস্ওর্থ লংফেলো তার একজন চাকরকে পাঠিয়েছেন, যাঁর ক্রেইগি হাউজ স্টেটটা এখান থেকে খুব কাছেই অবস্থিত। ছোট্ট একটা চিরকুটে কিছু ক্যান্টো অনুবাদে সাহায্য করার জন্যে অনুরোধ করা হয়েছে। হোমস্কে তাকে সঙ্গ দেবার জন্যে লাওয়েল পটাতে পেরেছেন। "ইতিমধ্যেই আমি এতো বেশি কাজে জড়িয়ে গিয়েছি যে, নতুন কোনো প্রলোভনে যেতে আমি আশংকা বোধ করছি," চিরকুটটা পড়েই হোমস্ উচ্চস্বরে হেসে কথাটা বললেন। "আমার আশংকা হচ্ছে আপনার দান্তে ম্যানিয়া আমাকেও আক্রান্ত ক'রে ফেলবো।"

ফিল্ডস্ লাওয়েলকে রাজি করাতে সক্ষম হলেন যেনো তিনিও দান্তের কাজে জড়িত হোন। যদিও প্রকাশক সাহেব ব্যবসার কারণে অসংখ্যবার ভ্রমণ করেও কাজ চালাবার মতো ইতালিয় ভাষা জানেন না (এই ব্যবসায়ীক ভ্রমণ বেশির ভাগ ক্ষেত্রেই আনন্দের জন্যে এবং এ্যানির জন্যে করা হয়, যেহেতু রোম আর বোস্টনের মধ্যে বইয়ের ব্যবসা খুব কমই হয়), এবার তিনি অভিধান এবং মন্তব্যের মাঝে ডুবে গেলেন। তার বউ যেমনটি বলে, ফিল্ডসের আগ্রহ এমন কিছুতে যা অন্যদেরকে আগ্রহী ক'রে তোলে। বৃদ্ধ জর্জওয়াশিংটন গৃন, যিনি ত্রিশবছর আগে লংফেলোর সঙ্গে ইতালির গ্রামাঞ্চলগুলো ঘুরে বেড়াবার সময়ে লংফেলোকে প্রথম দান্তের বই উপহার দিয়েছিলেন, তিনি যখনই রোড আইল্যান্ড থেকে শহরে আসতেন, লংফেলোর সঙ্গে দেখা করতেন। তার কাজের মূল্যায়ন করতেন পুঙ্খানুপুংঙ্খভাবে। ফিল্ডস্ই প্রস্তাব করেছিলেন ক্রেইগি হাউজের পড়ার ঘরে প্রতি বুধবার রাতে দান্তে আড্ডার জন্যে। আর ডা: হোম্স একজন দক্ষ নামকরণবিদ, যিনি এই আড্ডাকে দান্তে ক্লাব নাম দেন, যদিও হোম্স নিজে, সাধারণত তাঁদেরকে তাঁদের 'স্যাঁসেজ' নামে ডাকেন। জোর দিয়ে বলেন যে, আপনি যদি ভালো ক'রে লক্ষ্য করেন তবে লংফেলোর ফায়ার-সাইডে দান্তেকে মুখোমুখি দেখতে পারবেন।

হোমসের নতুন উপন্যাসটি তার নিজের নামকে আবারো জনগণের কাছে সমুজ্জ্বল করবে। এটা হবে আমেরিকার গল্প-পাঠকদের বইয়ের দোকান আর গ্রন্থাগারের দীর্ঘ প্রতীক্ষার অবসান। তিনি তখন তুলনীয় হবেন হার্মান মেলভিলের সঙ্গে। নিজের ত্রুটিযুক্ত ব্যক্তিত্বকে কবিতার আভিজাত্যের মাধ্যমে রূপান্তর ক'রে দান্তে নিজেকে প্রায় স্বর্গীয় এক বীরে রূপান্তরিত করেছেন। কিন্তু এর জন্যে ফ্লোরেন্সবাসী ভদ্রলোককে তার নিজের বাড়ি, তার স্ত্রী বাচ্চা-কাচ্চা এবং যে অকৃতজ্ঞ শহরকে তিনি ভালোবাসতেন সেসবকে জলাঞ্জলী দিতে হয়েছিলো। এক নিদারুণ একাকীত্বে তিনি তার জাতিকে সংজ্ঞায়িত করেছিলেন; কেবলমাত্র তার কল্পনায়ই তিনি প্রশান্তি পেতেন। ডা: হোম্স তার স্বাভাবিক ভঙ্গীতে সবকিছু একসঙ্গে তুলে ধরতেন।

BanglaBook.org

www.BanglaBook.org

তার উপন্যাসটি জাতির আস্থা অর্জন করার পর, ডা. ম্যানিং এবং অন্যান্য শত্রুরা তার সুনামকে বিনষ্ট করার চেষ্টা করছেন! দান্তের প্রতি প্রগাঢ় শ্রদ্ধার কারণে অলিভার ওয়েন্ডেল হোম্‌স একাই আক্রমণকারীদের হাত থেকে দান্তেকে রক্ষা করতে পারতেন এবং সেই সঙ্গে লংফেলোর বিজয়টাকেও নিশ্চিত করতে পারতেন। কিন্তু দান্তের অনুবাদটি যদি খুব তাড়াহুড়ো ক'রে একটি লড়াই শুরু ক'রে দেয়, যা ইতিমধ্যেই তার সুনামকে গভীরভাবে প্রশ্নবিদ্ধ ক'রে ফেলেছে, তাহলে তার আমেরিকান গল্প সবার অলক্ষ্যেই এসে চলে যাবে, অথবা খুব বাজে হবে।

হোম্‌স আদালতের রায়ের মতো পরিস্কার দৃষ্টি নিয়ে দেখেছেন কি করতে হবে। তিনি তাঁদের গতি একটু কমিয়ে দেবেন যাতে অনুবাদটি শেষ হবার আগেই তার উপন্যাসটি সমাপ্ত হয়ে যায়। এটা কেবল দান্তের ব্যাপার নয়, এটা অলিভার ওয়েন্ডেল হোম্‌সেরও ব্যাপার। এর উপর তার সাহিত্যের ভাগ্য নির্ভর করছে। তাছাড়া, নতুন বিশ্বের আবির্ভাবের কয়েক শত বছর আগে, দান্তে দুঃখজনকভাবে তার সময়কালকে মেনে নিয়েছিলেন। কয়েকটি বাড়তি সপ্তাহে কি বয়ে আনতে পারবে?

কোর্ট স্কয়ারের পুলিশ স্টেশনের লবিতে, নিকোলাস রেই দীর্ঘ সময় ধরে গ্যাসের আলোতে এক টুকরো কাগজ ভালোমতো দেখার পর তার নোটপ্যাড থেকে মুখ তুলে তাকালো। নিল রঙের পোশাক পরা ঘন দাঁড়ির এক লোক, এক টুকরো ছোট্ট কাগজের পার্সেল এমনভাবে তুলে নিলো যেনো সেটা কোনো নবজাতক, তার ফ্রন্ট ডেস্কের সামনে অপেক্ষা করলো সে।

"তুমি পেট্রলম্যান রেই, ঠিক? সার্জেন্ট স্টোনওয়েদার। তোমাকে বিরক্ত করতে চাইনি।" লোকটা এগিয়ে এসে তার চমৎকার হাতটা বাড়িয়ে দিলো। "লোকে যাই বলুক না কেন, আমার মনে হয় প্রথম নিগ্রো পুলিশ হবার জন্যে বেশ বুকের পাটা লাগে। তুমি কী লিখছিলে, রেই?"

"আমি কি আপনার কোনো সাহায্যে আসতে পারি, সার্জেন্ট?" রেই জানতে চাইলো।

"আসতে পারো। তুমিই তো সেই লোক, যে স্টেশনের আশেপাশে ঐ জানালা দিয়ে লাফ দেয়া শয়তানতুল্য ভিক্ষুকের সম্পর্কে লোকজনের কাছে জানতে চাইছিলে, তাই না? আমিই তাকে শো-আপ-এর জন্যে পাকড়াও ক'রে নিয়ে গিয়েছিলাম।"

রেই নিশ্চিত, কার্তেজের অফিসের দরজাটা এখন বন্ধই আছে। সার্জেন্ট স্টোনওয়েদার তার পার্সেল থেকে ব্লাবারি পাই বের ক'রে কথা বলার ফাঁকে ফাঁকে খেতে লাগলো।

"আপনার কি স্মরণে আছে, তাকে যখন আপনি ধরে নিয়ে যান তখন আপনি কোথায় ছিলেন?" জিজ্ঞেস করলো রেই।

BanglaBook.org

www.BanglaBook.org

"আই–আমি এমন কাউকে খুঁজে দেখছিলাম যে নিজেকে পরিচয় যথার্থভাবে দিতে পারছিলো না, চিফ যেমনটি আমাদেরকে নির্দেশ দিয়েছেন। মদের দোকান, পান্থশালা, দক্ষিণ বোস্টনের ঘোড়া গাড়ির অফিস। সেময় আমি সেখানেই ছিলাম, কারণ আমি কয়েকজন মাতালকে চিনি যারা ওখানে কিছু জায়গায় কাজ করে। তোমার ঐ ভিক্ষুকটি ওখানকার একটি বেঞ্চে গুঁটিসুঁটি মেরে শুয়ে ছিলো, আধোঘুমে ছিলো, তবে বেশ কাঁপছিলো, যেনো *ত্রেমুলোস দেমেন্দুস* অথবা *দেলিরিয়াস ত্রেমেন্দুস* কিংবা ঐরকম কিছু, আর কি।"

"আপনি জানেন, লোকটা কে ছিলো?" রেই জানতে চাইলো।

স্টোনওয়েদার চিবোতে চিবোতে বললো, "অনেকেই সেখানে ঘোড়া-গাড়িতে ক'রে আসে যায়, সবসময়ই। তো, আমার কাছে পরিচিত ব'লে মনে হয়নি। এমন কি তাকে ধরে নিয়ে যাবার কথাও আমার মনে আসেনি, সত্যি বলতে কী, তাকে দেখে নিরীহ বলেই মনে হয়েছিলো আমার।"

রেই এ কথা শুনে একটু অবাকই হলো। "কিন্তু কিসের জন্যে আপনি আপনার মত বদলালেন?"

"ঐ শালার ভিক্ষুক, সেটার জন্যে!" স্টোনওয়েদার গর্জে উঠলো। তার দাঁড়িতে পাইয়ের কিছু গুঁড়ো লেগে আছে। "সে কিছু বদমাশকে ঘোরাঘুরি করতে দেখে আমার কাছে দৌড়ে আসে, হাত তুলে ধরে আমারর সামনে সমর্পিত করে নিজেকে যেনো সে ঐখানেই খুনখারাবির জন্যে হাতকড়া পরতে এবং হত্যার জন্যে শাস্তি পেতে চাচ্ছে। তাই আমি ভাবলাম, ঈশ্বর তাকে আমার কাছে পাঠিয়েছেন তাকে এইখানে শো-আপ করার জন্যে, আমার ধারণা আর কি, বুঝলে! শালার বোকারহদ্দ। সবকিছুই ঘটেছে ঈশ্বরের ইচ্ছায়, আমার বিশ্বাস। কি, বুঝলে তো, পেট্রলম্যান?"

রেই লাফিয়ে পড়ে মরা লোকটার চেহারা মনে করতে গিয়ে বেশ বেগ পেলো। "পথে কি লোকটা আপনাকে কিছু বলেছে? সে কি কিছু করছিলো? অন্যকারোর সঙ্গে কথা বলছিলো? ধরুণ, কোনো পত্রিকা পড়ছিলো? কোনো বই?"

স্টোনওয়েদার কাঁধ ঝাঁকালো। "খেয়াল করি নি।" কোটের পকেট হাত্‌রিয়ে রুমাল বের করতে গেলে রেই আক্ষেপের সাথেই লক্ষ্য করলো স্টোনওয়েদারের চামড়ার বেল্ট থেকে একটা রিভলবার উঁকি মারছে। রেই যেদিন গভর্নর এন্ড্রুজ কর্তৃক পুলিশ বিভাগে নিযুক্ত হয় সেদিন মেয়রের কাউন্সিল তার বেলায় কিছু নিষেধাজ্ঞা আরোপ করে: রেই কোনো ইউনিফর্ম পরতে পারবে না, বিলি ক্লাব-এর চেয়ে বেশি শক্তিশালী কোনো অস্ত্র বহন করতে পারবে না এবং শ্বেতাঙ্গ অফিসারের অনুপস্থিতিতে কোনো শ্বেতাঙ্গকে গ্রেফতারও করতে পারবে না সে।

প্রথম মাসে নিকোলাস রেইকে দুটো ডিস্ট্রিক্ট ওয়ার্ডে দায়িত্ব দেয়া হয়। স্টেশন হাউজের ক্যাপ্টেন ঠিক করেন যে, রেই কেবলমাত্র নিগার হিল এলাকাতেই বেশি

BanglaBook.org

www.BanglaBook.org

কার্যকর হবে। কিন্তু ওখানে যথেষ্ট কালো লোক ছিলো যারা একজন মুলাট্টো অফিসারকে এতোটাই ঘৃণা আর অবিশ্বাস করতো যে, বাকি পেট্রলম্যানরা ঐ এলাকায় দাঙ্গার আশংকা করেছিলো। স্টেশন হাউজটাও খুব বেশি সুবিধার ছিলো না। কেবলমাত্র দু'জন কিংবা তিনজন পুলিশ রেইয়ের সঙ্গে কথা বলতো, বাকিরা চিফ কার্তেজের কাছে চিঠি লিখে তাতে স্বাক্ষর ক'রে কালো অফিসার নিয়ে ডিপার্টমেন্টের পরীক্ষা-নিরীক্ষার ইতি ঘটাতে পরামর্শ দিয়েছিলো।

"পেট্রলম্যান, তুমি সত্যি জানতে চাও লোকটা কেন এমন করছিলো?" স্টোনওয়েদার জানতে চাইলো। "কখনও কখনও একজন মানুষ যেরকমটি আছে সেরকমটি থাকতে পারে না, আমার অভিজ্ঞতা থেকে বলছি, আর কি।"

"লোকটা এই স্টেশন হাউজে মারা গেছে, সার্জেন্ট," রেই বললো। "তবে তার মন প'ড়ে ছিলো অন্যখানে–আমাদের থেকে বহু দূরে, নিরাপদ কিছুর থেকে অনেক দূরে।"

এটা স্টোনওয়েদারের বোধগম্য হলো না। "আমার মনে হচ্ছে ঐ বেচারা লোকটা সম্পর্কে আমার আরো বেশি কিছু জানা দরকার ছিলো।"

সেই বিকেলে, চিফ কার্তেজ এবং ডেপুটি চিফ স্যাভেজ বিকন হিল পরিদর্শনে গেলো। রেই চালকের আসনে থাকলেও স্বাভাবিক সময়ের তুলনায় বেশি চুপচাপ রইলো। তারা যখন গাড়ি থেকে নামলো তখন কার্তেজ বললো, "তুমি এখনও ঐ ভবঘুরেটার কথা ভাবছো, পেট্রলম্যান?"

"লোকটা কে, সেটা আমি বের করতে পারি নি, চিফ," রেই বললো।

কার্তেজ ভুরু তুললো। তবে তার চোখ এবং কণ্ঠ নরমই রইলো। "তো, তার সম্পর্কে তুমি কি জানো?"

"সার্জেন্ট স্টোনওয়েদার তাকে ঘোড়া গাড়ির অফিস থেকে ধরে এনেছিলো। লোকটা ঐ এলাকারই হতে পারে।"

"ঘোড়া গাড়ির অফিস! তাহলে তো সে যেকোনো স্থান থেকেই আসতে পারে।"

রেই দ্বিমত পোষণ করলো না, তর্কও করলো না। ডেপুটি চিফ স্যাভেজ, যে এসব কথা শুনছিলো সে নির্বিকারভাবে বললো, "আমাদের কাছে তার ছবি আছে, চিফ, শো আপ-এর ঠিক আগে তোলা।"

"মন দিয়ে শোনো," কার্তেজ বললো। "তোমরা দু'জনেই : বুড়ি হিলি মুরগীটা যদি খুশি হতে না পারে তবে সে আমাকে নাকানিচুবানি ক'রে ছাড়বে। আর এটাও ঠিক, তাকে খুশি করা যাবে না। যতোদিন না আমরা তাকে হত্যাকারীর ফাঁসির দিনক্ষণটা জানাতে পারছি। রেই, আমি চাই না তুমি সেই লোকটার ব্যাপারে খামোখা সময় নষ্ট করো, তুমি আমার কথা শুনেছো? আমরা আমাদের নাগালের মধ্যে এক লোককে মরতে দিয়ে ইতিমধ্যেই যথেষ্ট সমস্যায় প'ড়ে গেছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

ওয়াইড ওক্স-এর ম্যানশনটার জানালাগুলো ভারি কালো পর্দা দিয়ে ঢাকা, কেবলমাত্র এর ফাঁক গলে অল্পবিস্তর দিনের আলো ঢুকতে দিয়েছে সেগুলো। বিধবা হিলি পদ্মপাতার আকৃতির বালিশের ওপর থেকে মাথাটা তুললেন। "আপনারা খুনিকে খুঁজে পেয়েছেন, চিফ কার্তেজ," কার্তেজ ঘরে ঢুকলে তিনি জিজ্ঞেস করলেন না, এমনি এমনি বললেন।

"মাই ডিয়ার মাদাম," চিফ কার্তেজ তার টুপিটা খুলে বিছানার পাশে টেবিলের ওপর রাখলো। "আমরা সব জায়গাতেই লোক লাগিয়ে দিয়েছি। তদন্তটি এখনও প্রাথমিক পর্যায়ে আছে..." কার্তেজ সম্ভাবনাগুলো বুঝিয়ে বললো : দু'জন লোক আছে যারা হিলির কাছ কাছ থেকে টাকা ধার নিয়েছিলো, আর একজন কুখ্যাত অপরাধী আছে যার দণ্ড পাঁচ বছর আগে প্রধান বিচারপতি বহাল রেখেছিলেন।

বিধবার ভুরু তীরের আকার ধারণ করলো। প্রধান বিচারপতির শেষকৃত্য এবং অন্যান্য আচার অনুষ্ঠান শেষ হবার পর, এডনাহ্ হিলি তার শোবার ঘর ছেড়ে আর বের হননি। নিজের পরিবারের ঘনিষ্ঠ লোকদের সাথেও দেখা করতে অস্বীকৃতি জানিয়ে আসছেন তিনি। তার গলায় জজ সাহেবের চুলের গিট দিয়ে তৈরি একটি অলঙ্কার ঝুলছে, বিধবা নেল রেনিকে দিয়ে, একটা অলঙ্কার হিসেবে এটা বানিয়ে নিয়েছেন।

তার দুই ছেলে, প্রধান বিচারপতি হিলির মতোই চওড়া কাঁধ এবং বড় আকারের মাথা তাদের, তবে বাপের মতো বিশাল বপুর অধিকারী নয়, দুটো গ্রানাইট পাথরের বুলডগের মতো দরজার দু'পাশে দুটো হাতাওয়ালা চেয়ারে ব'সে আছে তারা।

রোল্যান্ড হিলি কার্তেজকে মাঝপথে থামালো : "আমি বুঝতে পারছি না, আপনারা এতো ধীরগতিতে অগ্রসর হচ্ছেন কেন, চিফ কার্তেজ।"

"আমরা যদি কোনো পুরস্কার ঘোষণা করতাম তাইলেই বোধহয় দ্রুত কাজ হোতো!" বড় ছেলে রিচার্ড তার ভাইয়ের মন্তব্যের সাথে জুড়ে দিলো। "লোভের ফাঁদে ফেলে ধরা যেতো আর কি! জনগণের কাছ থেকে সাহায্য পাবার এটাই হলো একমাত্র পথ।"

ডেপুটি চিফ এই কথাটা পেশাগত ধৈর্যসহকারে শুনে গেলো। "মিঃ হিলি, আমরা যদি আপনার বাবার মৃত্যুর সত্যিকারের অবস্থাটা প্রকাশ করি তবে যারা এক পয়সার কাঙাল তারা ভূয়া সব খবর দিয়ে আপনাদের ভাসিয়ে দিতো। আপনাদের উচিত পুরো ব্যাপারটা জনসাধারণের কাছ থেকে অন্ধকারে রাখা এবং আমাদের কাজকে অব্যাহত রাখতে দেয়া।

"আমাদের ওপর আস্থা রাখুন, বন্ধু," সে আরো বললো, "এ সম্পর্কে পুরোপুরি জানতে পারলে আপনার সেটা পছন্দ হবে না।"

বিধবা এবার কথা বললেন। "আপনাদের শো-আপে যে লোকটা মারা গেছে, তার পরিচয় সম্পর্কে কিছু জানতে পেরেছেন?"

BanglaBook.org

www.BanglaBook.org

কার্তেজ তার হাতটা তুলে ধরলো। "আমরা যখন পুলিশের শো-আপে নিয়ে আসি তখন দেখা যায় আমাদের অনেক ভদ্রনাগরিকই একই পরিবারভূক্ত," একটু ব্যঙ্গ ক'রে হেসে সে বললো। "স্মিথ অথবা জোন্স।"

"আর এই লোকটা," মিসেস হিলি বললেন। "সে কোন্ পরিবারের?"

"সে আমাদের কোনো নাম বলে নি, মাদাম," কার্তেজ বললো, নিজের স্মিত হাসিটা ঘন গোঁফের আড়ালে লুকাতে সক্ষম হলো সে। "তবে সে জজ হিলির হত্যাকাণ্ড সংক্রান্ত কোনো কিছু জানতো ব'লে আমাদের মনে হয় না। লোকটার মাথা একেবারে নষ্ট ছিলো, ছিটগ্রস্ত আর কি।"

"হয়তো বোবা এবং কালা," স্যাভেজ যোগ করলো।

"তাহলে সে কেন পালিয়ে যাবার জন্যে এতো মরিয়া হবে, চিফ কার্তেজ?" রিচার্ড হিলি জানতে চাইলো।

এই প্রশ্নটা খুবই চমৎকার, কার্তেজ ভাবলো, তবে সেটা প্রকাশ করতে চাইলো না। "আমি আপনাকে ব'লে শেষ করতে পারবো না, রাস্তা থেকে ধরে আনা কতো লোক আমাদের জানায় যে, তাদেরকে শয়তান তাড়া ক'রে বেড়াচ্ছে। এমনকি তারা শয়তানের নিখুঁত বর্ণনাও দেয়, যেমন তাদের শিংগুলো কীরকম দেখতে।"

মিসেস হিলি সামনে ঝুঁকে চোখ দুটো কুচ্‌কে তাকালেন। "চিফ কার্তেজ, আপনার কোচোয়ান?"

কার্তেজ হলের দিক থেকে আসা রেইয়ের দিকে তাকালো। "মাদাম, পেট্রলম্যান নিকোলাস রেইয়ের সঙ্গে আপনাকে পরিচয় করিয়ে দিচ্ছি। আপনি অনুরোধ ক'রে ছিলেন তাকে এখানে নিয়ে আসার জন্যে, শো-আপের সময় যে লোকটা মারা গেছে সে সম্পর্কিত ব্যাপারে।"

"একজন নিগ্রো পুলিশ অফিসার?" স্পষ্ট অস্বস্তির সঙ্গে তিনি জানতে চাইলেন।

"সত্যি বলতে কি, সে একজন মুলাট্টো, মাদাম," স্যাভেজ বেশ গর্বিত ভঙ্গীতে ঘোষণা করলো। "পেট্রলম্যান রেই কমনওয়েল্‌থের একেবারে প্রথম নিগ্রো অফিসার। তারা বলে নিউ ইংল্যান্ডের মধ্যেই নাকি প্রথম সে।" রেইয়ের দিকে হাতটা বাড়িয়ে করমর্দন করলো সে।

মিসেস হিলি ঘাড়টা বেঁকিয়ে মুলাট্টোর কাছে তার প্রশ্যত সন্তুষ্টি ভাবটা লুকাতে সক্ষম হলেন। "আপনিই সেই অফিসার যে কিনা ভরঘুরেটার দায়িত্বে ছিলেন?

রেই মাথা নেড়ে সায় দিলো।

"তাহলে অফিসারেরা, বলুন। কী কারণে সে এমন আচরণ করলো?"

চিফ কার্তেজ একটু নার্ভাসভাবে কেশে রেইয়ের দিকে তাকালো।

"কেন, সেটা আমি ঠিক বলতে পারবো না, মাদাম," রেই সততার সাথেই জবাব দিলো। "ঠিক সেই সময়ে সে নিজের দিক থেকে কোনো বিপদ আঁচ করতে পেরেছিলো কিনা সেটা আমি বলতে পারবো না।"

BanglaBook.org

www.BanglaBook.org

"সে কি আপনার কাছে কিছু বলেছে?" রোল্যান্ড জানতে চাইলো।

"বলেছে, মিঃ হিলি। অন্ততপক্ষে বলা যায়, সে চেষ্টা করেছিলো। তবে আমার ধারণা তার ঐ ফিস্‌ফিসানিতে বোঝার মতো কিছু ছিলো না," রেই বললো।

"হা! আপনাদের কাস্টডিতে থাকা এক ভবঘুরে মারা গেলো আর তার পরিচয়টা পর্যন্ত বের করতে পারলেন না! আমার স্থির বিশ্বাস, আপনি ভাবছেন আমার স্বামী তার এমন পরিণতিই প্রত্যাশা করতেন, চিফ কার্তেজ!"

"আমি?" কার্তেজ পেছনে থাকা তার ডেপুটির দিকে অসহায়ভাবে তাকালো। "মাদাম!"

"আমি একজন অসুস্থ মহিলা, ঈশ্বর আছেন, তিনি দেখছেন, কিন্তু আমাকে ধোঁকা দেয়া ঠিক হবে না! আপনি আমাদের সবাইকে বোকা এবং বাজে চরিত্রের লোক ভাবছেন, আর চাচ্ছেন আমরা সবাই জাহান্নামে যাই!"

"মাদাম!" স্যাভেজ তার চিফের কথার প্রতিধ্বনি করলো।

"আমার মৃত্যু দেখার আনন্দ আপনাকে দেবো না, চিফ কার্তেজ! তিনি যা ভালো বুঝেছেন তাই করেছেন, আর এজন্যে আমরা মোটেও লজ্জিত নই!" মহিলা তার আঙুল দিয়ে ঘাড়টাতে চুলকাতেই ব্যান্ডেজটা মাটিতে প'ড়ে গেলো। তার গাঁয়ে ফস্‌কা আর লাল লাল দাগে ভরা। তিনি তার ঘাড়টা খাম্‌চালেন, নিজের গায়ের মাংসে নখ বসিয়ে দিলেন যেনো মাংস ছিঁড়ে বের ক'রে আনবেন। অদৃশ্য কোনো পোকা-মাকড়ের দল খাম্‌চে ধরলেন, যেনো সেগুলো তার মাথার ভেতরে বাস করছে।

তার ছেলে দু'জন চেয়ার থেকে লাফিয়ে উঠে দাঁড়ালেও দরজার দিকে আবার ফিরে গেলো, কার্তেজ আর স্যাভেজও অসহায়ভাবে পিছু হটতে লাগলো যেনো বিধবা যে কোনো মুহূর্তে বিস্ফোরিত হবেন।

রেই আরো কিছুক্ষণ অপেক্ষা করলো, তারপর বেশ শান্তভাবেই বিছানার দিকে কয়েক পা এগিয়ে গেলো।

"মাদাম হিলি।" খাম্‌চানোর ফলে তার রাত্রিকালীন পোশাকের বুননগুলো আল্‌গা হয়ে গেছে। রেই ল্যাম্পের আলোটা একটু কমিয়ে দিলো, এখন কেবল বিধবার আব্‌ছা আব্‌ছা অবয়বটাই দেখা যাচ্ছে। "মাদাম, আমি আপনাকে জানাতে চাই যে, আপনার স্বামী আমাকে একবার সাহায্য করেছিলেন।"

মহিলা স্থির হয়ে চেয়ে রইলেন।

কার্তেজ এবং স্যাভেজ দরজার দিকে দাঁড়িয়ে নিজেদের মধ্যে বিস্ময়ের দৃষ্টি বিনিময় করলো। রেই এতোটা আস্তে আস্তে বললো যে, ঘরের শেষ প্রান্তে দাঁড়িয়ে সেসব কথা স্পষ্ট ক'রে শোনা তাদের জন্যে সম্ভব হলো না। আর তারা এটা ভেবেও ভীত যে, মহিলার উন্মাদগ্রস্ততা হয়তো আবারো জেগে উঠবে। তবে, এই অন্ধকারেও তারা আঁচ করতে পারলো মহিলা কীরকম শান্ত হয়ে উঠেছেন। কতোটা নিশ্চুপ আর স্থির, কেবল তার দ্রুত শ্বাস প্রশ্বাসের শব্দ ছাড়া।

BanglaBook.org

www.BanglaBook.org

"আমাকে বলুন, প্লিজ," মহিলা বললেন।

"ভার্জিনিয়ার এক মহিলা ভ্রমণের সময় আমাকে এখানে, এই বোস্টনে নিয়ে এসেছিলেন। কতিপয় দাসপ্রথাবিরোধী লোক আমাকে তার কাছ থেকে কেড়ে নিয়ে প্রধান বিচারপতির সামনে হাজির করে। প্রধান বিচারপতি রায় দিলেন একজন দাস একবার কোনো মুক্তরাজ্যে প্রবেশ করার সঙ্গে সঙ্গেই আইনগতভাবে মুক্ত হয়ে যায়। তিনি আমাকে রেই নামের এক কৃষ্ণাঙ্গ কামার এবং তার পরিবারের কাছে সোপর্দ করেন।"

"ঐ ঘৃণ্য ফেরারী দাস আইনটি আমাদের সবাইকে শেষ ক'রে দিয়েছে।" মিসেস হিলির চোখের পাতা দুটো খুলে গেলো, তিনি একটা দীর্ঘশ্বাসও ফেললেন, তার মুখটা অদ্ভুতভাবেই বেঁকে গেলো। "আমি জানি, ঐ সিমস্ ছেলেটার কারণে আপনার জাতের বন্ধুরা কি ভাবে। প্রধান বিচারপতি আমাকে আদালতে উপস্থিত দেখতে চাইতেন না, তিনি এটা অপছন্দ করতেন, তবে আমি গিয়েছিলাম–এ নিয়ে তখন অনেক কথা হয়েছিলো। সিমস্ আপনার মতোই ছিলো। সুদর্শন একজন নিগ্রো। তবে একেবারে কালো চুলের মতোই কালো। প্রধান বিচারপতি তাকে কখনও ফেরত পাঠাতেন না যদি না তাকে সেটা করতে না হোতো। তার কোনো উপায় ছিলো না, আপনি বোঝেন সেটা। তবে তিনি আপনাকে একটা পরিবার দিয়েছিলেন। এমন একটা পরিবার যা আপনাকে সুখী করেছিলো?"

সে সায় দিলো।

"তাহলে কেন এর পরপরই ভুল হয়ে গেলো? এর আগে যা এলো তা কি তারা কখনও সংশোধন করতে পারে না? এটা খুবই ক্লান্তিকর। খুবই ক্লান্তিকর।"

তার কিছুটা চেতনা ফিরে এলো, তিনি জানেন অফিসাররা চলে যাওয়ার পর কি করতে হবে। তবে রেইয়ের কাছ থেকে তার আরো একটা জিনিস জানা দরকার। "আপনি যখন ছোটো ছিলেন তখন কি তিনি আপনার সঙ্গে কথা বলেছিলেন?" জজ হিলি সবসময়ই বাচ্চাদের সঙ্গে কথা বলতে অসম্ভব ভালোবাসতেন। নিজের ছেলেমেয়েদের সঙ্গে হিলির দৃশ্যগুলো তার চোখের সামনে ভেসে উঠলো।

"রায়টি লেখার আগে তিনি আমাকে বলেছিলেন, আমি যদি চাই তবে তার এখানে এসে থাকতে পারি, মিসেস হিলি। তিনি বলেছিলেন, বোস্টনে আমরা সবসময়ই নিরাপদে থাকবো, তবে একজন বোস্টনবাসী হবো কিনা সেটা একান্তই আমার ইচ্ছে, আমি কি বোস্টনকে আপন ক'রে নিতে পারবো, নাকি এখানে আজীবন বহিরাগত একজন হিসেবেই থেকে যাবো সেটাও আমার অভিরুচি। তিনি আমাকে বলেছিলেন, যখন কোনো বোস্টনবাসী স্বর্গের কোনো দরজায় পৌছান তখন এক দেবদূত এসে তাকে সতর্ক ক'রে দেয়, "তুমি এই জায়গাটা পছন্দ করবে না, কারণ এটা বোস্টন নয়।"

BanglaBook.org

www.BanglaBook.org

বিধবা হিলি ঘুমিয়ে পড়লে সে একটা চাপা কণ্ঠ শুনতে পেলো। সে এটা শুনতে পেলো তার ফাঁকা এবং হিমশীতল ঠাণ্ডা ঘর থেকে। প্রতি সকালে সে তার নিজের মুখের শব্দ শুনে ঘুম থেকে ওঠে। কথাগুলো সে আস্বাদন করতে পারতো, যেগুলোতে সুগন্ধীর প্রলেপ দেয়া আছে সেগুলোর গন্ধও নিতে পারতো সে। কিন্তু যখন সে নিজে নিজে বিড়বিড় করার চেষ্টা করে, কখনও কখনও ঘোড়ারগাড়ি চালানোর সময়, কখনও বা একটা গ্লাসের সামনে, সেটা হয় একেবারেই অর্থহীন। সে তার কলম নিয়ে ব'সে আছে, ওটা দিয়ে লিখছে, আর অর্থহীন কথাটা শুনতে যতোটা বাজে তারচেয়েও খারাপ দেখাচ্ছে। কাঁচের ভেতর দিয়ে মৃতদেহটা নিয়ে যাবার আগে সে ফিস্‌ফিস্ করা লোকটাকে দেখতে পেয়েছিলো, পচা গন্ধ ভেসে আসছে তার শরীর থেকে, আর আতংকিত চোখে তার দিকে চেয়ে আছে। নামহীন লোকটাকে আকাশ থেকে ফেলা হয়েছে, অনেক দূরের কোনো স্থান থেকে। রেই না ভেবে পারলো না, রেইয়ের হাতেই, যেখান থেকে তাকে আবারো সে ফেলে দিয়েছিলো। এই ভাবনাটা তার মন থেকে ঝেড়ে ফেলার চেষ্টা করলো। কিন্তু কতো পরিস্কারভাবেই না সে দেখতে পাচ্ছে কোর্ট প্রাঙ্গণের ওপর পতিত লোকটাকে, যেখানে লোকটা একদলা মাংসপিণ্ড হয়ে প'ড়ে আছে। একেবারে নিখুঁত একটা ছবি। ম্যাজিক লণ্ঠনের ভেতর দিয়ে যেভাবে ছবির স্লাইড একের পর এক চলে যেতে থাকে, ঠিক সেরকম। এই পতনটা তার থামানো উচিত ছিলো, চিফ কার্তেজের আদেশটা একেবারেই সহজ-সরল। লোকটা পতন মুহূর্তে যেসব কথা বলেছে সেগুলোর অর্থ বের করতে হবে তাকে।

"অন্য কারোর সাথে হলে আমি তাকে যেতে দিতাম না," এমেলিয়া হোম্‌স বললেন, তার ছোট্ট মুখটাতে চিন্তার ভাঁজ পড়লো, তার স্বামীর কোটের কলারটা গলা অবধি টেনে দিলেন। "মিঃ ফিল্ডস্, আজরাতে সে বাইরে যাবে না। কী হবে সেটা নিয়ে আমি ভীষণ চিন্তিত। শুনুন হাঁপানীতে সে কিভাবে শ্বসকষ্টে ভুগছে। এখন, ওয়েন্ডেল বলো, তুমি কখন বাড়িতে পৌছাবে?"

জে.টি ফিল্ডসের ভাড়া করা ঘোড়ার গাড়িটা ২১ চার্লস্ স্ট্রীট পর্যন্ত গেলো। তিনি ভাবলেন, এটা কেবলমাত্র তার বাড়ি থেকে দুই ব্লক দূরে, ফিল্ডস্ কখনই হোমস্‌কে হাঁটতে দেন না। সামনের সিঁড়িতে এসে ডাক্তার সাহেবের শ্বাস-প্রশ্বাস নিতে সমস্যা হলো। এজন্যে প্রচণ্ড ঠাণ্ডা আবহাওয়াকে দায়ি করলেন তিনি, যেমনটি প্রচণ্ড গরমকেও ক'রে থাকেন।

"ওহ্, আমি জানি না," কিছুটা বিরক্ত হয়ে ডাঃ হোম্‌স বললেন। "আমি নিজেকে মিঃ ফিল্ডসের হাতে সঁপে দিয়েছি।"

এমেলিয়া খুব গুরুগম্ভীর কণ্ঠে বললেন, "তো, মিঃ ফিল্ডস্, কতো তাড়াতাড়ি তাকে আপনি বাসায় ফিরিয়ে আনছেন?"

BanglaBook.org

www.BanglaBook.org

ফিল্ডস্ এটা বেশ গুরুত্ব দিয়ে বিবেচনা করলেন। একজন স্ত্রীর স্বস্তির ব্যাপারটা তার কাছে একজন লেখকের মতোই গুরুত্বপূর্ণ। আর, রাত বেশি হওয়াতে এমেলিয়া হোমস খুবই উদ্বিগ্ন।

"আশা করি ওয়েন্ডেল আর কিছু প্রকাশ করবে না," মাসের শুরুতে ফিল্ডসের ওখানে এক নাশতার টেবিলে এমেলিয়া কথাটা বলেছিলেন। "তাকে কেবল সংবাদপত্রের সমালোচনা লেখার জন্যে ডাকা হবে, এ ছাড়া আর কোথায় ব্যবহার করা যাবে?"

এমেলিয়ার চিত্ত স্থির করতে ফিল্ডস্ তার মুখটা খোলা রাখলেন। তবে হোমস্ খুব বেশি দ্রুত ক'রে ফেলেছিলেন–যখন তিনি নার্ভাস হয়ে পড়েন অথবা ভড়কে যান, কেউ তখন তার মতো এতো দ্রুত কথা আর কেউ বলতে পারে না, বিশেষ ক'রে তার নিজের সম্পর্কে। "কী বলতে চাচ্ছো, এমেলিয়া? আমি নতুন কিছু লিখেছি আর সমালোচকেরা সেব্যাপারে অনুযোগ করবে না, তা কি হয়। এ হলো 'আমেরিকান গল্প' যা মিঃ ফিল্ডস্ দীর্ঘদিন ধ'রে লিখবার জন্যে আমাকে চাপ দিয়ে আসছেন। প্রিয়তমা, তুমি দেখবে, এটা হবে আমার অন্য লেখাগুলোর তুলনায় সবচাইতে ভালো।"

"ওহ্, এটা তো তুমি সবসময়ই বলো, ওয়েন্ডেল।" সে তার মাথাটা বিষন্নভাবে ঝাঁকালো। "তবে আমি চাই তুমি এটা বাদ দাও।"

ফিল্ডস্ জানে, হোমসের হতাশাটা এমেলিয়া সহ্য করেছিলেন যখন হোমসের *দ্য অটোক্রাট*-এর সিরিয়াল–*দ্য প্রফেসর এট দি ব্রেকফাস্ট টেবিল*–পুনরুক্ততার জন্যে সমালোচিত হয়েছিলো, যদিও সফলতার ব্যাপারে ফিল্ডসের আশ্বাস ছিলো। এখনও হোমস্ সেটার তৃতীয় সিরিজ লেখার পরিকল্পনা করছেন। যার নাম দিয়েছেন *পয়েট এট দি ব্রেকফাস্ট টেবিল*। সমালোচকদের আক্রমণে তার বেশ ক্ষতিও হয়েছিলো। আর একমাত্র সাদামাটা সফলতা ছিলো *এলিসি ভেনার*, যা তার প্রথম উপন্যাস, বলা যায়, এটি তিনি লিখেছিলেন এক নিঃশ্বাসে, আর প্রকাশ করেছিলেন ঠিক যুদ্ধের আগে।

নিউ ইয়র্কের একধরনের নতুন বোহেমিয়ান সমালোচকের দল বোস্টনের স্টাবলিশমেন্টকে আক্রমণ করতে বেশি পছন্দ করে, আর হোমস্ তার গর্বিত শহরকে যে কারোর চেয়ে অনেক বেশি উপস্থাপন করেন–হাজার হলেও তিনি বোস্টনকে এ বিশ্বের কেন্দ্র হিসেবে অভিহিত করেছেন, আর নিজের শ্রেণীকে নামকরণ করেছেন বোস্টনের ব্রাহ্মণ হিসেবে। গুণ্ডাগুলো নিজেদেরকে ইয়ং আমেরিকান ব'লে পরিচয় দেয়, ম্যানহাটনের ব্রডওয়ের পাশে ভূগর্ভস্থ পানশালায় বাস করে, তারা প্রভাবশালী ফায়ার-সাইড কবিদেরকে আগামী প্রজন্মের জন্যে অপ্রাসঙ্গিক ব'লে ঘোষণা দিয়েছে। লংফেলোর গোষ্ঠীরা–পুরনো রীতির কবিতা আর গেঁয়োরা গৃহ যুদ্ধের ধ্বংসযজ্ঞ থেকে দেশকে বাঁচাতে কী করেছিলো? তারা সেটা জানতে চায়। হোম্স যুদ্ধের কয়েক বছর আগে আপোস করার কথা বলেছিলেন, এমনকি আর্টেমাস হিলির সঙ্গে ফেরারি দাস

BanglaBook.org

www.BanglaBook.org

আইন-এর পক্ষে এক রেজুলুশনে স্বাক্ষরও করেছিলেন। যে আইনে সংঘাত এড়ানোর জন্যে পালিয়ে যাওয়া দাসদেরকে তাদের মালিকের কাছে ফেরত পাঠানোর বিধান ছিলো।

"কিন্তু তুমি কি দেখছো না, এমেলিয়া," নাশতার টেবিলে হোমস্ আবারো বলতে শুরু করেছিলেন। "আমি এ দিয়ে বেশ টাকা কামাবো, আর সেটা ভুল হবে না।" হঠাৎ করেই তিনি ফিল্ডসের দিকে তাকালেন। "গল্পটা শেষ করার আগে যদি আমার কিছু হয়ে যায়, আপনি তাহলে বিধবার কাছে টাকা নিয়ে আসবেন না, আসবেন কি?" তারা সবাই হেসে উঠলো।

এখন, তার গাড়ির পাশে দাঁড়িয়ে, ফিল্ডস্ আকাশের দিকে এমনভাবে তাকালেন যেনো এমেলিয়া যে জবাবের জন্যে অপেক্ষা করছে তার উত্তর সেখানেই নিহিত রয়েছে। "বারোটার দিকে," তিনি বললেন। "বারোটা হলে কেমন হয়, মাই ডিয়ার মিসেস হোম্স?" দয়ালু আর বাদামী চোখে তিনি মিসেস হোমসের দিকে তাকালেন, যদিও তিনি জানেন এটা রাত দুটোর আগে হবে না।

কবি ভদ্রলোক তার প্রকাশকের হাত ধরলেন। "দাস্তে রাতের জন্যে এটা বেশ ভালোই। এমেলিয়া, মিঃ ফিল্ডস্ আমাকে দেখেশুনেই রাখবেন। একজন লোক আরেকজন লোকের কাছে আসাটা তো ভালো সৌজন্য। লংফেলোর কাছে আজরাতে যাওয়াটা ঠিকই আছে। সারা রাত তো আর থাকছি না।"

১৮৬৫ সালে এটা খুবই জনপ্রিয় একটি কিংবদন্তী ছিলো যে, হেনরি ওয়াডস্ওর্থ লংফেলো যখন তার হলুদ রঙের কোলোনিয়াল ম্যানশনের বাইরে দীর্ঘ প্রতীক্ষিত কোনো অতিথি নয়তো একেবারেই অদেখা কোনো লোক আসতো তখন তিনি নিজেই তাদেরকে অভ্যর্থনা জানাতেন। অবশ্য কিংবদন্তী প্রায়শই হতাশ করে, আর সাধারণত কবির কোনো একজন গৃহভৃত্যই ক্রেইগি হাউজের বিশাল দরজাটা খুলে দিতো। বাড়িটার নামকরণ করা হয়েছিলো এর পূর্বতন মালিকের নামানুসারে। সম্প্রতিক বছরগুলোতে এমনও সময় গেছে যখন লংফেলো কারো সঙ্গেই দেখা করতেন না।

কিন্তু আজকের বিকেলে, ফিল্ডস্ ঘোড়ায় টানা গাড়িতে ক'রে ক্রেইগি হাউজে এসে থামতেই নিজের প্রজ্ঞার প্রতি বিশ্বাসী হয়ে লংফেলো তার দরজার সামনে এসে দাঁড়িয়ে রয়েছেন। হোম্স, গাড়ির জানালা দিয়ে মুখ বের ক'রে রেখেছেন। জনসাধারণের মনে লংফেলোর যে ছবিটা গেঁথে আছে, আজকে, এই ল্যাম্পের আলোর নিচে, দাঁড়িয়ে থাকা ফ্রককোট পরিহিত আর অভিজাত দাঁড়িতে তাকে ঠিক সেরকমই লাগছে। এই ছবিটা থমকে গিয়েছিলো ফ্যানি লংফেলোর প্রয়াত হবার পর থেকে (যেনো তার স্ত্রী নন, তিনি নিজেই মারা গেছেন)।

লংফেলোর তিন কন্যা, যারা অপ্রত্যাশিতভাবে পড়া তুষারের ওপর খেলছিলো

BanglaBook.org

www.BanglaBook.org

তারা ছুটে এলো। তাদের মোটা জুতাগুলো খুলে, তুষার কণা ঝেড়ে ফেলার জন্য সিঁড়ির দোরগোড়ায় এসে একটু থামলো।

আমার পড়ার ঘর থেকে আসা ল্যাম্পের
আলোয় দেখি,
প্রশস্ত হল থেকে উঠে যাওয়া সিঁড়ি,
গুরুগম্ভীর অ্যালিস, হাসোজ্জ্বল অ্যালেগ্রা
আর সোনালী চুলের এডিথ।

হোমস্ প্রশস্ত সিঁড়ি দিয়ে উঠে এখন লংফেলোর সঙ্গে তার পড়ার ঘরে দাঁড়িয়ে আছেন, যেখানে ল্যাম্পের আলো কবির লেখার টেবিলটাকে আলোকিত ক'রে রেখেছে। এখানে সবসময় তিনটি মেয়ের দেখা মেলে। *এখনও তিনি এক জীবন্ত কবিতার ভেতর দিয়ে হেঁটে যান।* হোম্‌স আপন মনে হেসে ফেললেন। লংফেলোর ছোট্ট ইয়াপ্পি কুকুরটার থাবা হাতে তুলে নিলেন যে কিনা তার সবগুলো দাঁত দেখিয়ে আর নিজের শূকরছানার মতো শরীরটা দোলাচ্ছে।

এরপর হোম্‌স আগুনের পাশে রাখা একটা চেয়ারে বসা ভগ্নস্বাস্থ্য আর ছাগলা-দাঁড়ির পণ্ডিতকে সম্ভাষণ জানালেন। দীর্ঘ আকারের কাগজটার দিকে ফ্যাল ফ্যাল ক'রে তাকিয়ে রইলেন তিনি। "লংফেলোর সংগ্রহে থাকা প্রাণোচ্ছল জর্জ ওয়াশিংটন, কেমন আছেন মাই ডিয়ার গৃন?"

"ভালো, ভালো। ধন্যবাদ আপনাকে। আমি খুব দুঃখিত, শরীরটা ভালো ছিলো না ব'লে জজ হিলির শেষকৃত্যে উপস্থিত থাকতে পারিনি।" বাকিদের কাছে জর্জ ওয়াশিংটন গৃন সাধারণত 'বৃদ্ধ' বলেই অভিহিত হয়ে থাকেন, তবে তার বয়স মাত্র ষাট–হোমসের চেয়ে কেবল চার বছর আর আর লংফেলোর চেয়ে মাত্র দু'বছরের বড় তিনি। ক্রমাগত অসুস্থতার কারণে অবসরপ্রাপ্ত ইউনিটারিয়ান মন্ত্রী এবং ঐতিহাসিকের বয়স কয়েক যুগ বেড়ে গেছে। কিন্তু তিনি প্রতি সপ্তাহেই ইস্ট গৃন থেকে, যা এখন রোড আইল্যান্ড নামে পরিচিত, ট্রেনে ক'রে বেশ আগ্রহভরেই ক্রেইগি হাউজে আসেন। "লংফেলো, আপনি কি গিয়ে ছিলেন?"

"না, মাই ডিয়ার মিঃ গৃন," লংফেলো বললেন। ফ্যানি লংফেলোর শেষকৃত্যের আগে থেকে লংফেলো আর মাউন্ট অবার্ন গোরস্থানে যাননি। এমনকি শেষকৃত্যের সময় নিজেকে শোবার ঘরের বিছানায় আবদ্ধ ক'রে রেখে ছিলেন। "তবে আমার বিশ্বাস, ওখানে বেশ ভালো সমাগমই হয়ে ছিলো?"

"ওহ্, তাতো বটেই, লংফেলো।" হোম্‌স তার আঙুলগুলো বুকের ওপর আবদ্ধ ক'রে রাখলেন বেশ বুদ্ধিদীপ্তভাবে। "খুব সুন্দর আর মার্জিত অনুষ্ঠান ছিলো সেটা।"

BanglaBook.org

www.BanglaBook.org

"সম্ভবত খুব বেশিই সমাগম হয়েছিলো," লাইব্রেরি থেকে হাতে এক গাদা বই পুস্তক নিয়ে ঢুকে লওয়েল বললেন, কিন্তু হোম্‌স যে এই প্রশ্নের উত্তর ইতিমধ্যেই দিয়ে দিয়েছেন সেটা খেয়ালই করলেন না।

"বৃদ্ধ হিলি নিজেকে বেশ ভালোই চিনতেন," হোম্‌স ভদ্রভাবে ইঙ্গিত করলেন। "তিনি জানতেন তার স্থান হলো আদালতে, রাজনীতির অসভ্য বর্বর জগতে নয়।"

"ওয়েন্ডেল! আপনি এটা বলতে পারেন না," লাওয়েল কর্তৃত্বের সুরে বললেন।

"লাওয়েল।" ফিল্ডস্ তার দিকে ইঙ্গিতপূর্ণভাবে তাকালেন।

"ভবছি, আমরা কৃতদাস শিকারী হয়ে উঠছি।" লাওয়েল হোমস থেকে কয়েক মুহূর্তের জন্যে একটু সরে থাকলেন। লাওয়েল হলেন হিলিদের ষষ্ঠ অথবা সপ্তম জ্ঞাতি ভাই। "আপনি কি কখনও হিলির মতো কাপুরুষোচিতভাবে আদেশ দিতেন, ওয়েন্ডেল? যদি আপনি তার জায়গায় হতেন, আপনি কি তবে ঐ সিমস্ ছেলেটাকে তার দাস শ্রমিকদের কৃষি এলাকার রাজ্যে ফিরিয়ে দিতেন? বলুন আমাকে। আমাকে সেটা বলুন, হোম্‌স।"

"পরিবারটির যে ক্ষতি হয়েছে সেটা আমাদেরকে সম্মান করতে হবে," খুব শান্ত কণ্ঠে হোমস্ বললেন, তার এই মন্তব্যটি প্রধানত আধো বধির হওয়া মিঃ গৃনের প্রতিই, যিনি বিনীত ভঙ্গীতে মাথা দুলিয়ে সায় দিলেন।

ওপর তলা থেকে একটা বেল বাজলে লংফেলো নিজেকেই দুষলেন। কোনো অধ্যাপক, রেভারেন্ড, সিনেটের অথবা রাজারাও তার অতিথিদের মধ্যে রয়েছেন, তাদেরই কেউই হয়তো এসে থাকতে পারে, কিন্তু সিগনালটা শুনে লংফেলো এলিস, এডিথ আর এ্যানি আলেগ্রার শোবার সময়ের প্রার্থনা শুনতে গেলেন।

তার ফিরে আসার ফাঁকে, ফিল্ডস্ বেশ চতুরভাবেই আলোচনার বিষয়টা অপেক্ষাকৃত হাল্‌কা ক'রে ফেললেন। তাই কবি ভদ্রলোক হাসতে হাসতে ঘরে ঢুকলেন, কারণ হোম্‌স এবং লাওয়েল যৌথভাবে পুণরায় একটা গল্প বয়ান করলেন। বাড়ির কর্তা তার মেহগণি কাঠের এ্যারন উইলার্ড ঘড়িটার দিকে তাকালেন। ঘড়িটা বেশ পুরনো এবং সঠিক সময় দেয় বলেই তিনি এটা বেচেন নি, রেখেছেন, কারণ এটার টিক্‌টিক্ শব্দ অন্য ঘড়ির তুলনায় খুবই আস্তে আস্তে হয়।

"কাজের সময় হয়ে গেছে," তিনি বললেন।

ঘরের মধ্যে নিরবতা নেমে এলে লংফেলো জানালার সবুজ রঙের পর্দাগুলো নামিয়ে দিলেন। হোম্‌স ল্যাম্পগুলোর মৃদু শিখা আরো কমিয়ে দিলেন। বাকিরা একসারি মোমবাতি সাজালেন। এই আলোর বৃত্তের সারির সঙ্গে যোগ হলো আগুন-চুল্লীর আলোর বিকিরণ। পাঁচজন পণ্ডিত এবং ট্র্যাপ কুকুরটা লংফেলোর বড়সড় স্কচ রাখার পাত্রটি ঘিরে ছোট্ট ঘরটাতে জড়ো হলো।

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলো তার ড্রয়ার দান্তের ইতালিয় সংস্করণটির কিছু পৃষ্ঠা বের ক'রে প্রত্যেক অতিথির কাছে হস্তান্তর করলেন, সেই সঙ্গে ছাপা হওয়া তার অনুবাদের প্রুফ কপিও দিলেন। দান্তে তার কবিতার পংক্তিগুলো সাজিয়েছিলেন *তেরজা রিমা*তে, প্রত্যেক তিনটি লাইনে একটি কাব্যিক সেট, প্রথম এবং তৃতীয় লাইনের সাথে ছন্দের মিল, আর মাঝখানের লাইনের সাথে পরের সেটের প্রথম লাইনের ছন্দের মিল, যাতে ক'রে প্রথম পংক্তিগুলো সামনের দিকে এগিয়ে যায়।

লংফেলো যেভাবে তাঁদের দান্তে আড্ডাগুলোর শুরু করেন নিখুঁত ইতালিয় ভাষায় *কমেদিয়া*'র প্রথম কয়েকটি লাইন আবৃত্তি ক'রে সেটা হোমস সবসময়ই পছন্দ করেন।

"'আমাদের জীবন ভ্রমণের মাঝপথে, নিজেকে আবিষ্কার করলাম অন্ধকার এক অরণ্যে, সঠিক পথের দিশা হারিয়ে।'"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৩

দান্তে ক্লাব মিটিংয়ের প্রথম কার্যসূচীতেই বাড়ির কর্তা গত সপ্তাহের প্রুফশিটগুলো পুণর্মূল্যায়ন করলেন।

"ভালো কাজ হয়েছে, মাই ডিয়ার লংফেলো," ডাঃ হোম্‌স বললেন। যখনই তার বলা সংশোধনগুলো গ্রহণ করা হয়, তিনি বেশ সন্তুষ্ট থাকেন, আর গত বুধবারে তার বলা দুটো সংশোধনী লংফেলোর ফাইনাল প্রুফে জায়গা ক'রে নিয়েছে। হোমস্ তার মনোযোগ এই সন্ধ্যার ক্যান্টোগুলোতে স্থাপন করলেন। তিনি প্রস্তুতির জন্যে বাড়তি যত্ন নিয়েছেন, কারণ আজকে তিনি সবাইকে এটাই বোঝাবেন যে, তিনি দান্তেকে রক্ষা করতে এসেছেন।

"সপ্তম সার্কেলে," লংফেলো বললেন, "দান্তে আমাদের বলেন কিভাবে ভার্জিল এবং তিনি একটি কৃষ্ণ অরণ্যে এসে হাজির হলেন।" নরকের প্রতিটি এলাকায় দান্তে তার শ্রদ্ধেয় পথনির্দেশক রোমান কবি ভার্জিলকে অনুসরণ করেছেন। যাত্রা পথে তিনি প্রতিটি পাপীদলের ভাগ্য সম্পর্কে জানতে পারেন, বাস্তব পৃথিবীর এক বা দুটো ঠিকানা চিনতে পেরেছেন।

"হারানো অরণ্য দান্তের পাঠকদের কাছে কোনো না কোনো সময় ব্যক্তিগত দুঃস্বপ্ন হিসেবে জুড়ে ছিলো," লাওয়েল বললেন। "দান্তে লিখেছেন, যেমন রেমব্রান্ট তুলি দিয়ে গভীর অন্ধকার আর উজ্জ্বল আলো একেঁছেন।"

বরাবরের মতোই দান্তের কবিতা লাওয়েলের একেবারে ঠোঁটস্থ; শারিরীক এবং মানসিকভাবে তিনি দান্তের কবিতার মধ্যে বাস করেন। হোম্‌স তার জীবনে মাত্র একবারই অন্যলোকের প্রতিভায় ঈর্ষান্বিত হলেন।

লংফেলো তার অনুবাদ থেকে প'ড়ে শোনালেন। তার কণ্ঠটা বেশ গভীর থেকে সত্যের সঙ্গে উচ্চারিত হলো। কোনো রূঢ়তা ছাড়াই, যেনো চাঁচা বরফের নিচে প্রবাহিত পানির ধারার শব্দের মতো। মনে হলো জর্জ ওয়াশিংটন গৃন নিরব হয়ে গেলেন। পণ্ডিত ভদ্রলোক এক কোণে রাখা সুপরিসর সবুজ রঙের হাতাওয়ালা চেয়ারে ব'সে কবির নরম কণ্ঠের উচ্চারণ আর আগুনের মৃদু উত্তাপের মাঝে ঘুমিয়ে পড়লেন। ছোট্ট কুকুর ট্র্যাপও গৃনের চেয়ারের নিচে গুটিসুটি মেরে শুয়ে আছে, তাদের দু'জনের নাক ডাকার শব্দটা এক সঙ্গে মিশে এমন হয়েছে যেনো সেটা বিটোফেনের সিম্ফনির বেইজ বাজছে।

আমাদের হাতে যে ক্যান্টোটা আছে তাতে দান্তে নিজেকে এক আত্মঘাতি অরণ্যে আবিষ্কার করেন, যেখানে পাপিদের 'ছায়াগুলো' সব বৃক্ষে রূপান্তরিত হয়েছে,

BanglaBook.org

www.BanglaBook.org

খোলানকার রসের বদলে রক্ত ঝরে পড়ছে। তারপর আরো শাস্তি নেমে এলো : কৃশকায় হার্পিস, মুখ আর ঘাড়গুলো মেয়েদের মতো আর শরীর পাখিদের মতো। পাগুলো হলো থাবা আর পেটগুলো দারুণভাবে ফোলা। তাদের পথের মধ্যে আসা সাতটি গাছকে খেয়ে ফেললো এবং দুমড়েমুচড়ে দিয়ে চলে গেলো। কিন্তু সুতীব্র যন্ত্রণার মধ্যেই, গাছের টুকরো এবং কান্নাগুলো দান্তেকে তাদের গল্প বললো।

"রক্ত আর শব্দপুঞ্জ একসঙ্গে বের হয়ে আসে।" বললেন লংফেলো।

দান্তের দেখা শাস্তি বিষয়ক দুটো ক্যান্টোর পর, বইগুলো চিহ্নিত ক'রে, কাগজগুলো গোছগাছ করা হলো। এমন সময় প্রশংসার দৃষ্টিও বিনিময় করা হলো। লংফেলো বললেন, "আসর শেষ হয়ে গেছে, ভদ্রমহোদয়গণ। এখন মাত্র সাড়ে ন'টা বাজে। আমাদের পরিশ্রমের জন্যে এখন কিছুটা বিশ্রাম আর ভোজনের দরকার।"

"আপনি জানেন," হোমস্ বললেন, "অন্য দিনের মতো আমাদের দান্তে কাজটি নতুন ক'রে ভাবছিলাম।"

লংফেলোর গৃহভৃত্য পিটার দরজায় নক্ ক'রে লাওয়েলের কাছে ইতস্তত ক'রে নিচু কণ্ঠে একটা বার্তা দিয়ে গেলো।

"আমার সঙ্গে কেউ দেখা করতে চায়?" হোমস্কে মাঝপথে থামিয়ে দিয়ে লাওয়েল অবিশ্বাস নিয়ে কথাটা বললেন। "আমাকে এখানে খুঁজে পেলো কে?" পিটার কাচুমাচু ক'রে অস্পষ্টভাবে জবাব দিতেই লাওয়েল এমনভাবে গর্জে উঠলেন যে, বাড়ির ভেতরের সবাই সেটা শুনতে পাবে। "আমাদের ক্লাবের এই নৈশ আড্ডায় কে আবার আসবে?"

পিটার লাওয়েলের দিকে ঝুঁকলো। "স্যার, লোকটা বলছে সে একজন পুলিশ অফিসার।"

সামনের হলে পেট্রলম্যান নিকোলাস রেই তার বুটে লেগে থাকা টাটকা তুষারগুঁড়ো ঝেড়ে ফেলে লংফেলোর ঘরে থাকা জর্জ ওয়াশিংটনের সেনাবাহিনীর ভাস্কর্য আর পেইটিংয়ের দিকে স্থির চোখে চেয়ে রইলো সে। বাড়িটা আমেরিকান বিপ্লবের প্রথম দিকে ওয়াশিংটনের প্রধান দফতর ছিলো।

রেই তার ব্যাজটা দেখালে কৃষ্ণাঙ্গ গৃহভৃত্য পিটার সন্দেহজনকভাবে মাথা দুলিয়েছিলো। রেইকে বলা হয়েছিলো মি: লংফেলোর বুধবারের মিটিংটাতে কোনোভাবেই বিরক্ত করা যাবে না, পুলিশ হোক আর যেই হোক, তাকে পার্লারে অপেক্ষা করতেই হবে। যে ঘরে তাকে নিয়ে যাওয়া হলো সেটার সাজ খুবই হাল্কা–দেয়াল আর ছাদ থেকে ফুলের ছবিওয়ালা ওয়ালপেপার আর পর্দা ঝুলছে। একটা ঘিয়ে রঙের নারী মূর্তির আবক্ষ চিমনীর পাশে খিলানের নিচে পাহারা দিচ্ছে। তার কোঁকড়ানো চুল আল্তো ক'রে পিঠের ওপর ছড়িয়ে পড়েছে।

BanglaBook.org

www.BanglaBook.org

দু'জন লোক ঘরে ঢুকলে রেই উঠে দাঁড়ালো। একজনের বেশ বাড়ন্ত আর সুদীর্ঘ দাড়ি এবং আভিজাত্য থাকায় তাকে আরো বেশি লম্বা ব'লে মনে হচ্ছে, যদিও তার উচ্চতা গড়পড়তা ধরণের। তার সঙ্গীটি মোটাসোটা, আত্মপ্রত্যয়ী একজন মানুষ, হাতির দাঁতসদৃশ্য গোঁফ দুই গালের পাশে ঝুলছে, যেনো সেগুলোই প্রথমে নিজেদের পরিচয় জ্ঞাপন করছে। ইনি হলেন জেমস্ রাসেল লাওয়েল, দীর্ঘ সময় ধরে কিছু বললেন না, তারপর সামনের দিকে এগিয়ে এলেন।

তিনি নিজের জ্ঞান জাহির করার সুযোগ পেয়ে আত্মতৃপ্তিতে হাসলেন। "লংফেলো, আপনি কি জানেন না, ফ্রিম্যান-এর সংবাদপত্রে এই ছোকরা সম্পর্কে আমি সবই পড়েছি! এই ছোকরা নিগ্রো তার রেজিমেন্টে একজন বীর ছিলো। চুয়ান্নতে, প্রেসিডেন্ট লিনকনের মৃত্যুর সপ্তাহেই, এন্ড্রু তাকে পুলিশে নিয়োগ দিয়েছিলো। তোমার সাথে দেখা হওয়াটা কতোই না সম্মানের, বন্ধু আমার!"

"পঞ্চান্ন রেজিমেন্ট, প্রফেসর লাওয়েল, সিস্টার রেজিমেন্ট। ধন্যবাদ আপনাকে।" রেই বললো। "প্রফেসর লংফেলো, আপনাকে আপনার আড্ডায় বিঘ্ন ঘটানোর জন্যে আমি ক্ষমা চাইছি।"

"আমরা আমাদের সবচাইতে গুরুত্বপূর্ণ অংশটি শেষ করেছি মাত্র, অফিসার," হেসে বললেন লংফেলো। তার রূপালী চুল আর পাতলা দাঁড়িতে তাকে আটান্ন বছরের বেশি কারোর চেয়ে অনেক বেশি সুস্থ-সবলই মনে হয়। চোখ দুটো নীল সজীব আর বার্ধক্যহীন। লংফেলো পরে আছেন একেবারে কালো ফ্রককোট, যার বোতামগুলো চক্‌চক্ করছে। একটা ওয়েস্টকোটও পরেছেন তিনি, সেটা তাঁকে আরো বেশি মানিয়েছে। "কয়েক বছর আগেই আমি আমার অধ্যাপকের গাউন ত্যাগ করেছি, আর প্রফেসর লাওয়েল আমার জায়গায়, সেই পদে স্থলাভিষিক্ত হয়েছেন।"

"তবে এখনও আমি এই বিরক্তিকর টাইটেলে অভ্যস্ত হয়ে উঠতে পারি নি," লাওয়েল বিড়বিড় ক'রে বললেন।

রেই তার দিকে ফিরলো। "আপনার বাড়ির এক তরুণী আমাকে এখানে নিয়ে এসেছে, সে বলেছে আপনি বুধবার রাতে এখানে কোনো ধরনের উৎপাত সহ্য করেন না।"

"আহ্, তাহলে ওটা আমার মাবেল ছিলো!" লাওয়েল হেসে বললেন। "সে তোমাকে বাইরে ছুড়ে মারে নি তো, নাকি মেরেছে?"

রেই হাসলো। "সে খুবই চমৎকার এক তরুণী, স্যার। আপনার ইউনিভার্সিটি হল আমাকে এখানে পাঠিয়েছে, প্রফেসর।"

লাওয়েলেকে বিস্মিত হলেন। "কি?" ফিস্‌ফিস্ ক'রে বলেই বিস্ফোরিত হলেন। গাল আর দু'কান উত্তপ্ত হয়ে উঠলো তার, কণ্ঠটা যেনো নিজের জিভটাকেই ঝল্‌সে দিলো : "তারা আমার কাছে পুলিশ পাঠিয়েছে! কোন্ বিবেচনায়, বলি? তারা কি নিজেরা কথা বলতে পারে না! খুলে বলুন, স্যার!"

BanglaBook.org

www.BanglaBook.org

রেই একেবারে ফায়ারপ্লেসের পাশে রাখা লংফেলোর স্ত্রীর মার্বেলের মূর্তির মতো ঠাঁয় দাঁড়িয়ে রইলো।

লংফেলো তার বন্ধুর কোটের হাতাটা ধরে একটু টান দিলেন। "বুঝলে অফিসার, প্রফেসর লাওয়েল কতোটা দয়ালু, তিনি আমাকে আমাদের কয়েকজন কলিগের সঙ্গে সাহায্য করেন, সাহিত্যিক কর্মকাণ্ডে, যা বর্তমান কলেজ গর্ভনমেন্টের সদস্যরা পছন্দ করছেন না। কিন্তু এজন্যেই কি..."

"মার্জনা করবেন," পুলিশের লোকটা বললো। প্রথমে যে লোকটি কথা বলেছিলেন তার দিকে তাকাতেই তার মুখের রক্তিম ভাবটি যতো দ্রুত আর্বিভূত হয়েছিলো ততো দ্রুতই উবে গেলো। "আমি ইউনিভার্সিটি হলকে অনুরোধ করেছিলাম ভাষার ওপর একজন বিশেষজ্ঞকে খুঁজে দেয়ার জন্যে। ওখানকার কিছু ছাত্র আপনারই নাম বললো।"

"তাহলে অফিসার আমাকেই ক্ষমা করবে," লাওয়েল বললেন। "তুমি তাহলে বেশ ভাগ্যবান, আমাকে পেয়ে গেছো। আমি ক্যামবৃজের নেটিভদের মতো– ছয়টি ভাষায় কথা বলতে পারি।" কবি ভদ্রলোক হেসে যে কাগজটা রেই তাকে দিয়েছিলো সেটা লংফেলোর ডেস্কে রেখে দিলেন। তিনি কুচ্‌কানো কাগজটার অক্ষরগুলো ওপর আঙুল বোলালেন।

রেই দেখলো লেখাগুলোর দিকে তাকিয়ে লাওয়েলের প্রশস্ত কপালটা একটু কুচ্‌কে গেলো। "একজন লোক আমাকে কিছু কথা বলেছে, খুবই মৃদুভাবে, আমাকে কিছু বলার জন্যেই, একেবারে হঠাৎ ক'রে। আমি কেবল বলতে পারি সেটা কোনো অদ্ভুত এবং বিদেশী ভাষায় বলা হয়েছে।"

"কখন?" লাওয়েল জানতে চাইলেন।

"কয়েক সপ্তাহ আগে। খুবই অদ্ভুত এবং অপ্রত্যাশিত ঘটনা ছিলো সেটা।" রেই তার চোখ দুটো বন্ধ করলো। তার মস্তিষ্কের ভেতরে যে কথাগুলো গেঁথে আছে তা স্মরণ করলো। কথাগুলো সে খুব স্পষ্টভাবে শুনে থাকলেও সেগুলো কারো কাছে পুণরায় উল্লেখ করা সহজসাধ্য নয়। "আমার আশংকা শব্দগুলো খুবই অস্পষ্ট আর দূর্বোধ্য হবে, প্রফেসর।"

"দূর্বোধ্যই বটে!" লাওয়েল কাগজটা লংফেলোকে দিতে দিতে বললেন। "আমার আশংকা হচ্ছে এই কথাগুলো হায়ারোগ্লিফিক্‌সের মতোই দূর্বোধ্য। তুমি কি লোকটাকে জিজ্ঞেস করোনি সে কী বলতে চাচ্ছিলো? অথবা, অন্ততপক্ষে সে কোন্ ভাষায় কথা বলছে সেটা বের করতে পারোনি?"

রেই জবাব দিতে ইতস্তত করলো।

লংফেলো বললেন, "অফিসার, আমাদের কাছে একদল ক্ষুধার্ত জ্ঞানী লোক রয়েছে, যাঁদেরকে ঘরে রেখে এসেছি, তাঁদের প্রজ্ঞাকে গলদা চিংড়ি আর ম্যাকারোনির ঘুষ দেয়া হবে। আপনি কি দয়া ক'রে এই কাগজের একটা কপি আমাদের কাছে রেখে যাবেন?"

BanglaBook.org

www.BanglaBook.org

"সেটা করতে পারলে আমি বরং খুশিই হবো, মিঃ লংফেলো," রেই বললো। কবি ভদ্রলোক কিছু বলার আগেই সে আরো বললো, "আমি কেবল অনুরোধ করবো আপনার কাছে যে, আজ আমি এসেছি সেটা যেনো আপনি ছাড়া আর কেউ না জানেন। এটা খুবই স্পর্শকাতর পুলিশী মামলা।"

লাওয়েল অবিশ্বাসে ভুরু তুললেন।

"অবশ্যই," লংফেলো বললেন, মাথাটা একটু নামিয়ে বো করলেন তিনি। যেনো ক্রেইগি হাউজের ভেতরে বিশ্বাসের ব্যাপারটা কোনো সুরক্ষিত আমানত।

• • •

"ঈশ্বরের এই সুবোধ পুত্রকে আজকের রাতে টেবিল থেকে দূরে সরিয়ে রাখুন, মাই ডিয়ার লংফেলো!" ফিল্ডস্ একটা রুমাল নিজের শার্টের কলারে লাগাতে লাগাতে বললেন। তারা এখন ডাইনিং রুমের টেবিলে এসে জড়ো হয়েছেন। ওখানে ট্র্যাপ মৃদু গর্জন করছে।

"ওহ্, সে কবিদের খুবই ভালো বন্ধু, ফিল্ডস্," লংফেলো বললেন। "আপনি যখন আপনার বিছানায় আরাম করছিলেন, আর আমরা পড়ার ঘরে একাদশ ক্যান্টো নিয়ে ছিলাম, এই বন্ধুভাবাপন্ন প্রাণীটি তখন খাবার টেবিল থেকে খাবার নিয়ে একটি তিতির পাখিকে দিচ্ছিলো!"

"এটা তার *ডিভাইন কমেডি* থেকে প্রেরণার ফলাফল," হাসতে হাসতে লংফেলো বললেন।

"অদ্ভুত ঘটনা," হোমস্ একটু আগ্রহ নিয়ে বললেন। "এটাই তো পুলিশ অফিসারটি বলেছে, নাকি?" তিনি পুলিশের দেয়া নোটটা পড়তে পড়তে বললেন। এরপর সেটা আরেকজনকে দিয়ে দিলেন।

লাওয়েল সায় দিলেন। "নিম্নরদের মতো আমাদের এই অফিসার বেই যা-ই শুনে থাকুক না কেন সেটা এ দুনিয়ার সবচাইতে বড় বালখিল্যতা।"

"আমি কেবল এটুকু বলতে পারি যে, লেখাটা খুবই বাজেভাবে ইতালীয় ভাষায় লেখার একটি প্রচেষ্টা," জর্জ ওয়াশিংটন গৃন কাঁধ ঝাঁকিয়ে নোটটা ফিল্ডসের কাছে দিয়ে একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন।

ইতিহাসবিদ পুণরায় তার খাবারের দিকে মনোযোগ দিলেন। দান্তে ক্লাব-এর বইগুলো তাকে তুলে রাখতেই তার সম্বিত ফিরে এলো। খাবার টেবিলে ঠাট্টা-মশ্‌করা চললো। তাকে এখন প্রতিযোগীতা করতে হবে লংফেলোর বন্ধুস্থানীয় সব উজ্জ্বল তারকাদের সাথে। গৃনের জীবনটা ছোট্ট প্রতীজ্ঞা এবং বড়সড় বিপর্যয়ের সঙ্গে একসূত্রে গেঁথে গেছে। জনসম্মুখে দেয়া তার বক্তৃতাগুলো তাকে একজন প্রফেসর হিসেবে নিশ্চয়তা দেবার জন্যে কখনই খুব বেশি শক্তিশালী ছিলো না। আর তার মন্ত্রী

BanglaBook.org

www.BanglaBook.org

হিসেবে কর্মকাণ্ডগুলো কখনই উল্লেখযোগ্য ব্যাপার ছিলো না যাতে ক'রে তার নিজের শহরের কাছে নিজেকে আবার গ্রহণযোগ্য করা যায় (সমালোচকেরা বলতো তার লেকচারগুলো খুব বেশি ধর্মীয় নসিহতের মতো, আর তার ধর্মীয় নসিহতগুলো নাকি অতিমাত্রায় ঐতিহাসিক)। লংফেলো তার পুরনো বন্ধুর দিকে প্রসন্ন দৃষ্টিতে তাকিয়ে তার পছন্দের খাবারগুলো টেবিলের ওপাশে ঠেলে দিলেন যাতে গৃন বেছে নিতে পারেন।

"পেট্রলম্যান রেই," লাওয়েল খুব প্রশংসার সুরেই বললেন। "খুবই সুপুরুষ একজন মানুষ, তাই না, লংফেলো? আমাদের মহান যুদ্ধের একজন সৈনিক আর এখন পুলিশ বিভাগের প্রথম কৃষ্ণাঙ্গ সদস্য। হায়, আমরা প্রফেসরেরা, একেবারে নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে অতি অল্প যে কয়জন স্টিমারে ক'রে ভ্রমন করছে তাদেরকে কেবল চেয়ে চেয়ে দেখি।"

"ওহ্, কিন্তু আমরা আমাদের বুদ্ধিবৃত্তিক অন্বেষণের মধ্য দিয়ে আরো দীর্ঘদিন বেঁচে থাকবো," বললেন হোম্‌স। "*আটলান্টিক*-এর শেষ সংখ্যার এক প্রবন্ধ অনুযায়ী 'দীর্ঘদিন বেঁচে থাকার শিক্ষাটার মূল্য অপরিসীম'। আরেকটা চমৎকার প্রশংসাবাণী, মাই ডিয়ার ফিল্ডস্!"

"হ্যা, সেটা আমি দেখেছি! দারুণ লেখা। আরো নতুন লেখক তৈরি করুন, ফিল্ডস্," বললেন লাওয়েল।

"হিম্‌ম্‌ম্।" ফিল্ডস্ তার দিকে চেয়ে হাসলেন। "বোঝা যাচ্ছে, কোনো লেখককে কলম দিয়ে লেখার সুযোগ ক'রে দেয়ার আগে আপনার সাথে আমার শলাপরামর্শ ক'রে নেয়া উচিত ছিলো। *রিভিউ* অবশ্য আমাদের *লাইফ অব পার্সিভাল*-এর ওপর ছোটোখাটো একটা লেখা ছাপিয়েছে। অপরিচিত কেউ হয়তো অবাক হয়ে ভাববে যে, আপনি আমার প্রতি কোনো ধরণের ছাড় প্রদর্শন করেন নি।"

"ফিল্ডস্, আমি কোনো আজেবাজে জিনিসের প্রশংসা করি না," লাওয়েল বললেন। "আপনি বেশ ভালো করেই জানেন, কোনো খারাপ বই কেবলমাত্র প্রকাশনার জন্যেই ক্ষতিকর নয়, বরং ভালো বিষয়বস্তুর ওপর কাজ করার পথেও বাধা হয়ে দাড়ায়।"

"আমি আজকের আড্ডার কাছে জানতে চাইছি *নর্থ আমেরিকান রিভিউ*তে আমার দিনলিপি প্রকাশ করাটা লাওয়েলের জন্য ঠিক হবে কিনা, আমার নিজের প্রকাশনার বইয়ের ওপর যা একটি আক্রমণ!"

"তো, আমি এর জবাবে বলবো," লাওয়েল বললেন, "এখানকার কেউ বইটি প'ড়ে আমার মতামত নিয়ে তর্ক করেছেন কিনা।"

"আমি পুরো টেবিলের পক্ষ থেকে জবাব দিচ্ছি, না," ফিল্ডস্ বললেন, "আমি আপনাকে আশ্বস্ত করছি যে, যেদিন থেকে লাওয়েলের আর্টিকেলটা প্রকাশিত হলো, সেদিন থেকে এক কপি বইও বিক্রি হয় নি।"

BanglaBook.org

www.BanglaBook.org

হোম্‌স কাঁটাচামচ দিয়ে গ্লাসে টোকা দিলেন। "আমি লাওয়েলকে এখানে অভিযুক্ত করবো একজন খুনি হিসেবে, *লাইফ*কে পুরোপুরি শেষ ক'রে দেবার জন্যে।"

তারা সবাই হেসে উঠলেন।

"ওহ্, এটা জন্যেই মরে গেছে, বিচারক হোম্‌স," জবাব দিলেন বাদী, "আর আমি ছাড়া আর কে এটার কফিনে পেরেক ঠুকেছে!"

"ধরুন," গৃন চেষ্টা করলেন তার পছন্দের বিষয়ে ফিরে যাওয়ার জন্যে। "কেউ কি এই বছরে একটি দান্তেবাদী চরিত্রকে লক্ষ্য করেছেন?"

"তারা ১৩০০ সালের দান্তেবাদীর সাথে যোগাযোগ রাখে," লংফেলো সায় দিতে দিতে বললেন। "তাই দুটো বছরেই গুডফ্রাইডের তারিখ পড়েছিলো ২৫শে মার্চে!"

"দারুণ!" লাওয়েল বললেন। "আজ থেকে একশো পয়ষট্টি বছর আগে, দান্তে বিষাদময় শহর *সিত্তা দোলেনতে*'তে গিয়েছিলেন। সেটা কি দান্তের বছর হবে না! এটা কি অনুবাদটির জন্যে ভালো নয়," লাওয়েল বালখিল্যভাবে হেসে বললেন, "অথবা খারপ কিছু?" নিজের এই মন্তব্য তাকে হারভার্ড কর্পোরেশনের দৃঢ় মনোভাবের কথা স্মরণ করিয়ে দিতেই তার প্রশস্ত হাসিটি ম্রিয়মান হয়ে গেলো।

লংফেলো বললেন, "আগামীকাল *ইনফার্নো*র নতুন ক্যান্টো হাতে নিয়ে আমি ছাপাখানার ভূতদের কাছে যাবো–রিভারসাইড প্রেসে–আমরা কাজটা শেষ করার কাছাকাছি চলে এসেছি। আমি ফ্লোরেন্সের কমিটির কাছে কথা দিয়েছিলাম এ বছরের শেষ দিকে *ইনফার্নো*র একটি ব্যক্তিগত কপি পাঠিয়ে দেবো দান্তের ছয়শো তম জন্ম-জয়ন্তী উৎসবে অংশীদার হবার জন্যে।"

"আপনি জানেন, মাই ডিয়ার বন্ধু," লাওয়েল ভুরু তুলে বললেন। "হারভার্ডের এসব গদর্ভগুলো এখনও সক্রিয় রয়েছে। আমার দান্তে কোর্সটি বন্ধ ক'রে দিতে চেষ্টা করছে তারা।"

"অগাস্টাস ম্যানিং আমাকে অনুবাদটি প্রকাশ করার পরিণতি সম্পর্কে সতর্ক ক'রে দেবার পর," ফিল্ডস্ কথার মাঝখানে বললেন, টেবিলে চাপড় মারতে লাগলেন অধৈর্য হয়ে।

"তারা এই বিষয়টা নিয়ে এতো বাড়াবাড়ি করছে কেন?" গৃন জানতে চাইলেন।

"কোনো না কোনোভাবে তারা যতোদূর সম্ভব দান্তে থেকে দূরত্ব বজায় রাখার চেষ্টা করছে," লংফেলো ভদ্রভাবে বুঝিয়ে বললেন। "তারা এটার প্রভাব নিয়ে শংকিত, এটা যে বিদেশী, মাই ডিয়ার গৃন–এটা ক্যাথলিকও বটে।"

হোম্‌স একটু সমবেদনা প্রকাশ ক'রে বললেন, "দান্তের কিছু লেখার সান্নিধ্যে এলে মনে হয় ওদের কিছুটা বোধগম্য হবে। গত জুনে মিটিং-হাউজে যাবার বদলে কয়জন পিতা নিজ সন্তানদের দেখার জন্যে মাউন্ট-অবার্ন গোরস্থানে গিয়েছিলো? অনেকের জন্যেই, যেখান থেকে আমরা বের হয়ে এসেছি, তার চেয়ে অন্য আর কোনো নরকের দরকার নেই।"

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল তৃতীয় অথবা চতুর্থ গ্লাস লাল ফলারনিয়ান মদ পান করলেন। টেবিলের ওপাশে ফিল্ডস্ তাকে ইশারা ক'রে শান্ত করতে ব্যর্থ চেষ্টা করলেন। কিন্তু লাওয়েল বললেন, "একবার তারা আগুনে বই ছুড়ে ফেলতে শুরু করলে আমাদেরকেও ইনফার্নোতে, মানে নরকে, এমনভাবে নিক্ষেপ করবে যে, আমরা সহসা সেখান থেকে বের হতে পারবো না, মাই ডিয়ার হোম্‌স!"

"ওহ্, মনে করবেন না আমি স্বর্গ থেকে বৃষ্টি পড়ার হাত থেকে রক্ষা করার জন্যে আমেরিকানদের মানসিকতাকে ওয়াটার প্রুফ করার প্রচেষ্টাকে পছন্দ করি, মাই ডিয়ার লাওয়েল। তবে, সম্ভবত..." হোম্‌স ইতস্তত করলেন। এই তো তার সুযোগ। তিনি লংফেলোর দিকে ফিরলেন। "সম্ভবত, আমাদেরকে অপেক্ষাকৃত কম উচ্চাভিলাষি প্রকাশনার দিনক্ষণ নিয়ে বিবেচনা করতে হবে, মাই ডিয়ার লংফেলো–জনসাধারণের কাছে এটা ছড়িয়ে দেবার আগে, প্রথমে কয়েক ডজন প্রাইভেট ইস্যুর বই প্রকাশিত হোক, যাতে ক'রে আমাদের বন্ধু এবং সহকর্মী পণ্ডিতেরা এটা বুঝতে পারে, ভালোভাবে গ্রহণ করতে পারে।"

লাওয়েল প্রায় চেয়ার ছেড়ে লাফিয়ে উঠতে যাচ্ছিলেন। "মিঃ ম্যানিং কি আপনার সঙ্গে কথা বলেছেন? এটার ব্যাপারে আপনাকে ভড়কে দেবার জন্যে ম্যানিং কি আপনার কাছে কাউকে পাঠিয়েছিলেন, হোম্‌স?"

"লাওয়েল, প্লিজ।" ফিল্ডস্ কূটনৈতিক হাসি হাসলেন। "ম্যানিং এ নিয়ে হোমস্‌কে কিছু বলবেন না।"

"কি?" ডাঃ হোম্‌স ভান করলেন যে, তিনি এটা খেয়াল করেননি। লাওয়েল জবাবের জন্যে অপেক্ষা করতে লাগলেন। "অবশ্যই না, লাওয়েল। ম্যানিং হলেন সেইসব আগাছাদের একজন যাঁরা সবসময়ই পুরনো-জীর্ণ বিশ্ববিদ্যালয়গুলোতে বেড়ে ওঠেন। কিন্তু আমার মনে হয় না, আমরা অযথা দ্বন্দ্বে জড়িয়ে আদালতে যেতে চাই। এতে ক'রে আমরা দান্তের ব্যাপারে যা প্রত্যাশা করি তা থেকে বিচ্যুত হয়ে যাবো। এটা কবিতার কোনো বিষয় না হয়ে, হয়ে যাবে একটা লড়াই। অনেক ডাক্তার ওষুধ ব্যবহার করেন যতোদূর সম্ভব রোগীর মুখ ভর্তি করার জন্যে। আমাদের খুব বিচক্ষণ হতে হবে এবং আমাদের সাহিত্যিক বিস্তারণের ব্যাপারে সতর্কও থাকতে হবে।"

"যতো বেশি মিত্র হবে ততোই ভালো," ফিল্ডস্ টেবিলের সবার উদ্দেশ্যে কথাটা বললেন।"

"আমরা দুষ্টলোকেদের আশেপাশে হামাগুড়ি দিতে পারি না," লাওয়েল বললেন।

"আমরা এও চাই না, আমাদের এই পাঁচ জনের এক সৈন্যদল সারা দুনিয়ার বিরুদ্ধে যুদ্ধে নামবে," হোম্‌স আরো বললেন। তিনি খুবই রোমাঞ্চিত যে, ফিল্ডস্ তার বিলম্ব করার আইডিয়াটা ইতিমধ্যেই গিলে ফেলেছেন। এই জাতি দান্তে নামটি শোনার আগেই তিনি তার উপন্যাসটি সমাপ্ত করবেন।

লাওয়েল উচ্চস্বরে বললেন, "না, অনুবাদটির প্রকাশের ক্ষেত্রে পিছিয়ে আসার

BanglaBook.org

www.BanglaBook.org

আগে আমি বরং হারভার্ডের পুরো কর্পোরেশনের সঙ্গে এক ঘণ্টা চুপ মেরে ব'সে থাকতেও রাজি আছি।"

"অবশ্যই, আমাদের প্রকাশনার পরিকল্পনাটি পরিবর্তন করা মোটেই ঠিক হবে না," ফিল্ডস্ বললেন। হোমসের পালে বাতাস লাগলো যেনো। "তবে হোম্স ঠিকই বলেছেন, আমরা এটা একাই সমাধা করবো।" ফিল্ডস্ বলতে শুরু করলেন। "আমরা নিশ্চিতভাবেই আমাদের পক্ষে লোক নিয়োগ করতে পারি। আমি বৃদ্ধ প্রফেসর টিকনরকে অনুরোধ করতে পারি তার মধ্যে যেটুকু প্রভাব এখনও রয়েছে তা কাজে লাগাতে। আর সম্ভবত মিঃ এমারসনকেও, যিনি অনেক বছর আগেই দান্তের রচনা পড়েছেন। এ দুনিয়াতে কেউই জানে না একটা বই প্রকাশ হবার পর সেটা পাঁচ হাজার কপি বিক্রি হবে, নাকি হবে না। তবে পাঁচ হাজার কপি বিক্রি হলে ধরে নেয়া যেতে পারে পচিশ হাজার কপিও বিক্রি হতে পারবে।"

"তারা কি আপনার শিক্ষকতার পদটি কেড়ে নিতে পারে, মিঃ লাওয়েল?" গৃন কথার মাঝে বললেন, এখনও তিনি হারভার্ড কর্পোরেশন নিয়েই ভাবছেন।

"এই পদটি ছাড়াই জেমি অনেক বেশি জনপ্রিয় কবি," ফিল্ডস্ জোর দিয়ে বললেন।

"তারা আমার কী করবে সেটা আমি পরোয়া করি না! আমি দান্তেকে কোনোভাবেই ফিলিস্তিনীদের হাতে তুলে দেবো না!"

"আমাদের কেউই এটা করবেন না!" হোম্স চট ক'রে বললেন। তার নিজের বিস্ময়, তিনি পরাজিত হননি, বরং আরো বেশি দৃঢ়প্রতীজ্ঞ হয়েছেন–তিনি যে কেবল সঠিক তা-ই নয়, বরং তিনি দান্তে থেকে তার বন্ধুদের এবং তার বন্ধুদের অতি উচ্ছ্বাস থেকে দান্তেকে রক্ষা করতে পারেন। তার এই অতি উচ্ছ্বাস আড্ডায় সাড়া ফেললো। "শুনুন, শুনুন," এবং "এটাই তো! এটাই তো!" এই ব'লে টেবিলে সরব তোলা হলো। লাওয়েলের কণ্ঠটাই বেশি শোনা গেলো।

গৃন তার কাটা চামচে টমাটোর ফর্সির একটা অংশ দেখতে পেলেন, উপুড় হয়ে ট্র্যাপ কুকুরটার সাথে সেটা ভাগাভাগি ক'রে নিলেন তিনি। টেবিলের নিচ থেকেই গৃন লক্ষ্য করলেন লংফেলো উঠে দাঁড়িয়েছেন।

যদিও তারা পাঁচজন বন্ধু লংফেলোর ক্রেইগি হাউজের চরম গোপনীয়তার মধ্যে ডাইনিংরুমে জড়ো হয়েছেন, কিন্তু লংফেলোর দাঁড়িয়ে কথা বলাটা একেবারেই বিরল একটি ব্যাপার আর তাতে ক'রে একদম স্তব্ধ একটি অবস্থার সৃষ্টি হয়েছে।

"সবার সুস্বাস্থ্য কামনা করছি।"

তিনি কেবল এটাই বললেন। কিন্তু তারা এমনভাবে হুররে বললেন যেনো এটা আরেকটা স্বাধীনতার ঘোষণা। এরপরই আসলো আইসক্রিম, কগনাক, চিনির কিউব আর সিগারেট, সেগুলো টেবিলের মাঝখানে রাখা মোমবাতির আগুন থেকে জ্বালানো হলো।

BanglaBook.org

www.BanglaBook.org

রাতটি শেষ হবার আগেই লংফেলোকে ফিল্ডস্ রাজি করালেন সবাইকে সিগারেটের ইতিহাসটা বলতে। মৃদু কণ্ঠে যেকোনো বিষয়েই লংফেলো কথা বলেন, এমনকি সিগারেটের ইতিহাসও।

"আমাকে ওখান থেকে অনুরোধ করা হয়েছে," লংফেলো বলতে শুরু করতেই তখন ফিল্ডস্ আগাম হেসে ফেললেন। "যখন মিঃ ফিল্ডস্ আমাকে সবচাইতে কাছের তামাক বিক্রেতার কাছে গিয়ে কিছু উপহার কেনার জন্যে তার সঙ্গী হবার জন্যে রাজি করালেন, তখন ঐ তামাকে ব্যবসায়ী এমন একটি ব্র্যান্ডের এক বাক্স সিগারেট নিয়ে এসেছিলেন যে, কসম খেয়ে বলছি, তার নাম আমি জীবনেও শুনি নি। লোকটা একেবারে সততার সঙ্গেই বলেছিলো, 'এগুলো হলো এমন ধরণের সিগারেট যা লংফেলো খেতে পছন্দ করেন, স্যার।"

"আপনার জবাবটা কি ছিলো?" গৃন জানতে চাইলেন।

"আমি লোকটার দিকে তাকালাম, সিগারেটগুলো দেখলাম এবং তাকে বললাম, 'তাহলে তো, আমাকেই এগুলো পরখ ক'রে দেখতে হয়।' তাকে এক বাক্সের দাম দিয়ে দিলাম।"

"তাহলে এখন আপনি কী ভাবছেন, মাইডিয়ার লংফেলো?" লাওয়েলের হাসির কারণে তার গলায় খাবার আঁটকে গেলো।

লংফেলো নিঃশ্বাস ফেললেন। "ওহ্, আমি বিশ্বাস করি লোকটা ঠিকই বলেছিলো। সেগুলোর স্বাদ বেশ ভালো।"

*

"'তাহলে তো এটাই ভালো হয় যে, আমার উচিত সশস্ত্র হওয়া, যাতে, আমি যদি আমার প্রিয় জায়গা থেকে চলে যাই, তবে আমি...'" ছাত্রটি হতাশভাবে বিড়বিড় করলো, তার আঙুলগুলো ঘষলো।

কয়েক বছর ধরে, এল্‌ম উডে লাওয়েলের পড়ার ঘরটা তার দান্তে কোর্সের জন্যে শ্রেণীকক্ষের মতোই দ্বিগুণ হয়ে গেছে। স্মিথ প্রফেসর হিসেবে তার প্রথম মেয়াদে তাকে একটা ঘর দেবার জন্যে তিনি অনুরোধ করলে ইউনিভার্সিটির হলের বেসমেন্টে তিনি একটা পরিত্যাক্ত জায়গা পেলেন, ডেস্কের বদলে সেখানে আছে লম্বা একটা কাঠের বোর্ড আর প্রফেসরের জন্যে পিউরিটানদের কাছ থেকে পাওয়া একটা ডায়াস। লাওয়েলকে বলা হয়েছিলো, ভালো ক্লাসরুম পাওয়ার জন্যে কোর্সটিতে যথেষ্ট পরিমাণের উপস্থিতি নেই। সেটা কেবল বাড়তি কিছু। এল্‌ম উড-এ ক্লাস বসালে তিনি বেশ আরাম বোধ করেন, পাইপের তামাক এবং ফায়ারপ্লেসের আগুনের উত্তাপ উপভোগ করতে পারেন। আর তাকে বাড়িও ছাড়তে হয় না, সেটা তো বলাই বাহুল্য।

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েলের পছন্দমতো সপ্তাহের যেকোনো দু'দিন ক্লাশ হয়–কখনও কখনও রবিবার, এই দিনটি লাওয়েল বেশ পছন্দ করেন, কারন এই দিনেই একশত বছর আগে ফ্লোরেন্সে, বোকাচ্চিও তার প্রথম দান্তে লেকচারটি দিয়েছিলেন। পাশের ঘরে ব'সে প্রায়শই মাবেল লাওয়েল তার বাবার লেকচার শুনে থাকে। ঐ ঘরটার সাথে ক্লাস নেবার ঘরটার দুটো খোলা খিলানযুক্ত পথের সংযোগ রয়েছে।

"মনে রাখবে মিড," ছাত্রটি যখন হতাশ হয়ে চুপ মেরে গেলো তখন প্রফেসর লাওয়েল বললেন। "মনে রাখবে, স্বর্গের এই পঞ্চম বৃত্তে, শহীদদের বৃত্তে, দান্তের কাছে কাচ্চিয়াগুইদা ভবিষ্যৎবাণী করেছিলেন যে, পৃথিবীতে ফিরে যাওয়া মাত্রই কবিকে ফ্লোরেন্স থেকে নির্বাসিত করা হবে, তিনি যদি আবার শহরের দ্বারে উপস্থিত হন তবে তাকে আগুনে পুড়িয়ে মারা হবে। এবার মিড, তার পরের অংশটা মনে মনে অনুবাদ করো–*ইয়ো নন পারদেসি লি অলত্রি পার আই মেই কারমি*।"

লাওয়েলের ইতালিয় ভাষা বেশ প্রগলভ, আর সেটা সবসময়ই ব্যাকরণগত দিক থেকে শুদ্ধ। কিন্তু একজন হারভার্ড জুনিয়র মিড ভাবে, লাওয়েলের আমেরিকানত্ব বেশ বাজেভাবে উচ্চারিত হয়, যেনো একটা ধ্বনির সাথে পরেরটার কোনো সংযোগই নেই।

"'আমি আমার কবিতার কারণে অন্য কোনো স্থান হারাবো না।'"

"মূল লেখাটার সাথে থাকো, মিড! *কারমি* হলো সঙ্গীত–কেবল তার কবিতা নয়, তার কণ্ঠের সুরধ্বনি। মধ্য যুগের চারণ কবিদের দিনগুলোতে, তুমি কবিকে টাকা দিয়ে বেছে নিতে পারতে, সে কি তোমাকে গানে গানে গল্প বলবে নাকি সারমন বা ধর্মোপদেশ দিবে। এমন একটি সারমন যা গানে গানে উপদেশ দেয়–এ হলো দান্তের *কমেডি*। 'তাই আমি সঙ্গীত ছুড়ে ফেলবো যাতে ক'রে আমাকে অন্য কোনো স্থান হারাতে না হয়।' এটাই বেশি ভালো হয়, মিড," লাওয়েল বেশ আয়েশ ক'রে বললেন।

"দান্তে নিজেই পুণরায় বলেছেন," প্লিনি মিড আবেগহীন কণ্ঠে বললো। পাশে ব'সে থাকা এডওয়ার্ড শেল্‌ডন একটু লজ্জিত হলো এতে। "যেমনটি আপনি বলেন," মিড আবারো বলতে শুরু করলো, "এক স্বর্গীয় পয়গম্বর ইতিমধ্যেই ভবিষ্যৎ দেখে ফেলেছিলেন যে, দান্তে প্রশান্তি এবং সুরক্ষা খুঁজে পাবেন ক্যান গ্রান্দের অধীনে। তাহলে দান্তের 'অন্য কোনো স্থান'র দরকার কি? কবিতার দোহাই দিয়ে যত্তোসব আজগুবি কথাবার্তা।"

লাওয়েল বললেন, "দান্তে যখন নিজের কথণের মাধ্যমে ভবিষ্যতে নিজের নতুন আবাসের কথা বলেন, যখন তিনি বলেন তিনি অন্য কোনো স্থান খুঁজছেন, তিনি সেটা ১৩০২ সালের কথা বলেন না–তার নির্বাসনের বছর–বরং ওটা তার দ্বিতীয় জীবনের কথা, সেই জীবন, যা কবিতার মধ্য দিয়ে তাকে শত শত বছর বাঁচিয়ে রাখবে।"

মিড হাল ছাড়লো না। "কিন্তু 'প্রিয়তম স্থান'টি সত্যিকার অর্থে দান্তের কাছ থেকে

BanglaBook.org

www.BanglaBook.org

কখনই কেড়ে নেয়া হয়নি। তিনি নিজেই ওখান থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন। ফ্লোরেন্স তাকে নিজভূমে ফিরে আসার প্রস্তাব দিয়েছিলো, তার পরিবার এবং তার স্ত্রীর কাছে পুণরায় মিলিত হবার সুযোগ দিয়েছিলো, তারপরও তিনি সেই প্রস্তাবটি প্রত্যাখ্যাত করেছিলেন।"

প্লিনি মিড কখনই ইন্সট্রাক্টরকে খুশি করে না অথবা বন্ধুত্বপূর্ণভাবে তাকায় না, কিন্তু সকালবেলা সে তার শেষ টার্মের পেপারগুলোর নম্বর পাওয়ার পর থেকে– দারুণভাবে হতাশ হয়েছে সে–লাওয়েলের দিকে তিক্ত চোখে তাকিয়েছিলো সে। মিড কম নম্বর পেয়েছে আর তার ফলাফল ১৮৬৭ সালে ক্লাসের র‍্যাঙ্ক বুক-এ বারোতম থেকে ক'মে পনেরোতে নেমে এসেছে–সত্যি হলো সে ফরাসি সাহিত্যের ক্লাসের সময় বেশ কয়েকবার লাওয়েলের সঙ্গে ভিন্নমত পোষণ করেছে আর প্রফেসর নিজের অভ্রান্তির পক্ষে দৃঢ়ভাবেই অবস্থান নিয়েছিলেন। মিড জীবিত ভাষার ওপর কোর্সটা একেবারেই ছেড়ে দিতো কিন্তু কর্পোরেশনের নিয়ম হলো ভাষা কোর্সে একবার অন্তর্ভূক্ত হয়ে গেলে ছাত্রকে আরো তিন টার্ম ডিপার্টমেন্টে থাকতে হবে। তাই মিডকে জেমস্ রাসেল রাওয়েলের বিশাল বাতাসের ঝোলার মধ্যে এবং দান্তে অলিঘিয়েরির সঙ্গেই থেকে যেতে হয়েছে।

"কী প্রস্তাবটাই না তারা দিয়েছিলো!" লাওয়েল হেসে বললেন। "দান্তেকে করুণা ক'রে এবং ফ্লোরেন্সের তার বৈধ স্থানে পুনঃস্থাপন করতে : কবির ক্ষমা প্রার্থনা আর বিশাল অংকের টাকা উৎকোচের বিনিময়ে! আমরা জনি রেবকে ইউনিয়নে ফিরিয়ে এনেছিলাম তার চেয়েও কম অবমাননার মধ্য দিয়ে। যে ব্যক্তি ন্যায় বিচারের জন্যে উচ্চকণ্ঠ তার জন্যে তার শাস্তিদানকারীদের এমন পচা জঘন্য আপোস মেনে নেয়াটা বহু দূরের ব্যাপার।"

"তো, আমরা যাই বলি না কেন, দান্তে কিন্তু ফ্লোরেন্সেবাসীই!" একটা ইঙ্গিতপূর্ণ চাহনির সাহায্যে শেলডনের সমর্থন পাবার চেষ্টা ক'রে মিড মন্তব্য করলো। "শেল্‌ডন, তুমি কি এটা দেখতে পাচ্ছো না? দান্তে তার শেষ জীবনে বিরামহীনভাবেই ফ্লোরেন্স এবং যেসব ফ্লোরেন্সবাসীর সাথে তিনি পরিচিত হয়েছিলেন তাদের নিয়ে লিখে গেছেন, কথা বলেছেন, আর এসবই তিনি লিখেছেন নির্বাসনে থাকার সময়! আমার কাছে বেশ পরিস্কার, বন্ধু, তিনি ফিরে আসার জন্যে উদগ্রীব ছিলেন। লোকটা নির্বাসনে মারা গিয়েছিলো, আর দারিদ্র ছিলো তার চরম এবং চূড়ান্ত ব্যর্থতা।"

বিব্রত হয়ে এডওয়ার্ড শেল্‌ডন খেয়াল করলো যে, লাওয়েলের নিরবতায় মিড দাঁত বের ক'রে হাসছে। লাওয়েল চুপচাপ দাঁড়িয়ে আছেন তার জ্যাকেটের পকেটে দু'হাত ঢুকিয়ে। তবে শেল্‌ডন লাওয়েলের পাইপের ধোঁয়ায় সুউচ্চ মানসিকতার একটি ফ্রেম দেখতে পাচ্ছে। মনে হচ্ছে তিনি অন্য কিছু ভাবছেন। লাওয়েল সাধারণত একেবারে আনকোরা কাউকে অগ্রসর সাহিত্যের ক্লাসে ভর্তি করতে দেন না, তবে তরুণ শেল্‌ডন খুব চাপাচাপি করলে লাওয়েল তাকে বলেছিলেন তারা দেখবেন সে

BanglaBook.org

www.BanglaBook.org

সামলাতে পারে কিনা। এই সুযোগটি পাবার জন্যে শেল্‌ডন খুবই কৃতজ্ঞ, তাই সে আশা করলো মিডের বিরুদ্ধে গিয়ে লাওয়েল এবং দান্তের পক্ষ নেবার সুযোগটি সে নেবে। কোনো সন্দেহ নেই যে, এই ছেলেটি শৈশবে রেল লাইনের ওপর ধাতব মুদ্রা রেখে দিতো। শেল্‌ডন মুখ খুলতে যেতেই মিড তাকে চোখ টিপে থামিয়ে দিলো। শেলডনের দিকে লাওয়েল এমনভাবে তাকালেন যেনো ছেলেটা তার সঙ্গে বিশ্বাসঘাতকতা করছে, তারপর তিনি মিডের দিকে ফিরলেন। "তোমার ভেতরের ইহুদিটা কোথায়, বাবা?" তিনি জানতে চাইলেন।

"কি?" মিড অপমানে আত্‌কে উঠে বললো।

"না, মনে কিছু করো না, আমি তা মনে করি না। মিড, দান্তের মূল প্রতিপ্রাদ্য হলো মানুষ–একজন মানুষ নয়।" লাওয়েল অবশেষে ধৈর্যসহকারেই বললেন, আর এই জিনিসটা তিনি কেবলমাত্র তার ছাত্রদের জন্যেই সযত্নে রেখে দেন। "ইতালিয়ানরা সবসময়ই দান্তের জামার হাতা ধরে টেনে তাকে বলাতে বাধ্য করে যে, তিনি হলেন তাদের রাজনীতি এবং তাদের চিন্তাধারা। তাদের পথও বটে। এটাকে ফ্লোরেন্সে অথবা ইতালিতে আবদ্ধ ক'রে রাখা হলে মানবসভ্যতার সহমর্মিতা থেকে নির্বাসিত করা হবে। আমরা *প্যারাডাইজ লস্ট* পড়ি কবিতা হিসেবে, কিন্তু দান্তের *কমেদি* হলো আমাদের অন্তর্জীবনের ইতিহাস। তোমরা কি ইসায়ে ৩৮:১০ জানো?"

শেল্‌ডন খুব ভাবলো; মিড লৌহকঠিন মুখে আড়ষ্ট হয়ে ব'সে রইলো, বোঝাই যাচ্ছে সে জানে কিনা, তা ভাবছে না।

"'*ইগো ডিক্সি : ইন দিমিদিও দিরাম মিয়োরাম ভাদাম আদ পোর্তাস ইনফেরি*'!" লাওয়েল উচ্চস্বরে, অনেকটা চিৎকার ক'রে বললেন, তারপর তার বইভর্তি শেলফের দিকে এগোলেন, সেখানে তিনি এইমাত্র বলা পংক্তিটা লাতিন ভাষার বাইবেলে খুঁজে পেলেন। "দেখেছো?" তার ছাত্রদের পায়ের নিচে পুরু কার্পেটের ওপর ওটা খুলে রেখে জানতে চাইলেন তিনি। পংক্তিটি যে হুবহু তার মনে আছে সেটা দেখাতে পেরে তাকে খুব উৎফুল্ল দেখালো।

"আমি কি অনুবাদ করবো?" লাওয়েল জানতে চাইলেন। 'বলছি : জীবনের মধ্যাহ্নে আমি যাবো নরক-দরজার সম্মুখে।' এমন কিছু কি আছে যা আমাদের পুরনো ধর্মগ্রন্থের লেখকগণ ভাবেন নি? আমাদের জীবনের মাঝামাঝি কোনো সময়ে আমরা সবাই, প্রত্যেকে, আমাদের নিজেদের নরকের দিকে যাই। দান্তের কবিতার প্রথম লাইনটি কি?"

"'আমাদের জীবন ভ্রমণের মাঝপথে'।" পেচওয়ার্ড শেল্‌ডন খুশি মনেই এগিয়ে এলো, স্টাফটন হলের নিজ ঘরে *ইনফার্নো*র শুরুর দিকের অংশগুলো বার বার পড়েছে সে, কখনও কোনো কবিতার পংক্তিতে সে এতোটা আলোড়িত হয়নি, অন্যের কান্নায় এতো সমব্যথী হয়নি। "'নিজেকে খুঁজে পেলাম অন্ধকার এক অরণ্যে, সঠিক পথের দিশা হারিয়ে'।"

BanglaBook.org

www.BanglaBook.org

"*নেল মেজ্জো দেল কাম্মিন দি নস্ত্রা ভিতা।* জীবন ভ্রমণের মাঝপথে,'" লাওয়েল ফায়ারপ্লেসের দিকে বিস্ফারিত চোখে তাকিয়ে পূর্ণবার পংক্তিটি উচ্চারণ করলেন। শেলডন কাঁধ উঁচিয়ে তাকালো, ভাবলো অবশ্যই তার পেছনে সুন্দরী মাবেল লাওয়েল প্রবেশ করেছে, কিন্তু মেয়েটার ছায়া দেখে বোঝা গেলো সে এখনও পাশের ঘরেই ব'সে আছে। "'আমাদের জীবন।' দান্তের কবিতার একেবারে প্রথম লাইনে, আমরা একটা ভ্রমণের সাথে জড়িয়ে পড়ি, আমরা তার মতোই একটা তীর্থ ভ্রমণে যোগ দেই, আর দান্তের মতো আমরাও নরকের মুখোমুখি হই। বুঝলে, কবিতাটির মহৎ এবং চিরন্তন মূল্যবোধ হলো মানবাত্মার আত্মজীবনীর মতো। তোমাদের এবং আমার, হয়তো, যতোটা দান্তের, ঠিক ততোটাই।"

শেলডনের আবৃত্তি করা ইতালীয় ভাষায় শেষ চৌদ্দটি লাইন শুনে লাওয়েল ভাবলেন সত্যিকারের কিছু শিক্ষা দিতে কতোই না ভালো লাগে। এথেন্স থেকে কবিদের নির্বাসিত করার কথা ভাবতেন সক্রেটিস, তিনি কতোই না বোকা ছিলেন! লংফেলোর অনুবাদটি প্রচণ্ড সফল হিসেবে প্রমাণিত হলে অগাস্টাস ম্যানিংয়ের পরাজয়টা কতো আনন্দের সাথেই না লাওয়েল উপভোগ করবেন।

পরের দিন লাওয়েল গ্যোতের ওপর একটা লেকচার দিয়ে ইউনিভার্সিটি হল থেকে বের হয়ে আসার সময় জীর্ণ একটা কোট পরা ছোটো খাটো এক ইতালিয়ান লোককে দেখলেন হনহন ক'রে তাঁকে পাশ কাটিয়ে চলে যাচ্ছে।

"বাকি?" লাওয়েল বললেন।

কয়েক বছর আগে লংফেলো একজন ইতালিয় ভাষার ইন্সট্রাক্টর হিসেবে পিয়েত্রো বাকিকে নিয়োগ দিয়েছিলেন। কর্পোরেশন কখনই একজন বিদেশীকে, বিশেষ ক'রে ইতালিয় রোমান ক্যাথলিককে নিয়োগ দেবার ধারণাটি পছন্দ করে নি। সত্য হলো, বাকি ভ্যাটিকান কর্তৃক বিতাড়িত হলেও কর্পোরেশনের কর্তাদের মনমানসিকতা বদলায় নি। লাওয়েল যে মুহূর্তে সিদ্ধান্ত নিয়েছিলেন ডিপার্টমেন্টের নিয়ন্ত্রণ নেবেন, ঠিক তখনি পিয়েত্রোকে ছাঁটাই করার গ্রহণযোগ্য কারণ পেয়ে গেলো কর্পোরেশন : তার বাড়াবাড়ি এবং আর্থিকভাবে দেউলিয়াত্ব। যেদিন সে বরখাস্ত হলো সেদিনই ইতালিয় লোকটি প্রফেসর লাওয়েলের কাছে তার খেদ জানিয়ে বলেছিলো, "আমাকে এখানে আর দেখবেন না, মরে গেলেও না।" যাহোক না, লাওয়েল বাকির কথাটা বিশ্বাস করেছিলেন।

"মাই ডিয়ার প্রফেসর।" বাকি এবার তার সাবেক ডিপার্টমেন্ট প্রধানের দিকে হাত বাড়িয়ে দিলো, যে তার স্বাভাবিক ভঙ্গীতে প্রচণ্ড জোরে করমর্দন করলো।

"তো," লাওয়েল বলতে শুরু করলেন, তিনি ঠিক নিশ্চিত নন হারভার্ডের প্রাঙ্গণে বাকি কিভাবে জীবিত অবস্থায় আছে সেই কথাটা জিজ্ঞেস করবেন কিনা।

BanglaBook.org

www.BanglaBook.org

"একটু হাটাহাটি করার জন্যে বের হওয়া, প্রফেসর," বাকি ব্যাখ্যা ক'রে বললো। যদিও লাওয়েলকে অতিক্রম ক'রে যাবার সময় তাকে দেখে খুবই উদ্বিগ্ন ব'লে মনে হলো। তাই প্রফেসর কথাবার্তা সংক্ষেপে সারলেন। তবে অল্প সময়ের জন্যে পেছনে ফিরে লাওয়েল খেয়াল করলেন, বাকি একটি লোকের দিকে এগিয়ে যাচ্ছে। লোকটা কালো টুপি এবং চেক ওয়েস্টকোট পরা। কবিতার ভক্ত এই লোকটাকেই লাওয়েল কয়েক সপ্তাহ আগে একটা এল্‌ম গাছে হেলান দিয়ে দাড়িয়ে থাকতে দেখেছেন। এখন এই লোকটার সাথে বাকির কি কাজ থাকতে পারে? লাওয়েল ঠিক করলেন তিনি দেখবেন বাকি এই অপরিচিত লোকটাকে সম্ভাষন জানায় কিনা। লোকটাকে দেখে নিশ্চিত মনে হচ্ছে সে কারোর জন্যে অপেক্ষা করছে। কিন্তু ঠিক তখনই গৃক আবৃত্তির ক্লাস থেকে মুক্ত হয়ে ভীষণ কৃতজ্ঞ একদল ছাত্র তাদের চারপাশে জড়ো হলো। এই দু'জন লোক যদি একে অন্যের সঙ্গে কথা ব'লেও থাকে, সেটা লাওয়েল দেখতে পেলেন না।

লাওয়েল এই ঘটনাটি ভুলে ল'স্কুলের দিকে এগোতে শুরু করলে দেখতে পেলেন অলিভার ওয়েন্ডেল জুনিয়র তার ক্লাসের সহপাঠী দলের মাঝখানে দাঁড়িয়ে আছে। আইনের কোনো একটা বিষয়ে তাদের ভুলত্রুটি ব্যাখ্যা ক'রে যাচ্ছে সে। বেশভূষায় ডাঃ হোমসের সাথে খুব বেশি অমিল নেই–কিন্তু পার্থক্য কেবল এইটুকু, যেনো কেউ ছোটোখাটো ডাক্তার ভদ্রলোককে ধরে টেনেটুনে তার আকারের দ্বিগুণ ক'রে ফেলেছে।

ডাঃ হোম্‌স তার বাড়ির গৃহভৃত্যদের সিঁড়ির গোড়ায় এসে থামলেন। একটা আয়নার সামনে দাঁড়িয়ে চিরুণী দিয়ে নিজের চুলটা একটু আঁচড়িয়ে নিলেন। ভাবলেন, নিজের চেহারাটা খুব বেশি আকর্ষণীয় নয়। "একটা অলংকারের চেয়ে ভালো," লোকজনকে এ কথা বলতে তিনি পছন্দ করেন। গায়ের রঙ একটু গাঢ়, নাকটা একটু তীক্ষ্ণ আর ঘাড়টা একটু বেশি লম্বা হলে দেখতে তিনি ওয়েন্ডেল জুনিয়রের মতো হতে পারতেন। হোমসের ছোটো ছেলে নেডি হয়েছে তার বাবার মতো, তাই বেচারাকে যথেষ্ট দুর্ভাগা বলা যায়। বাবার শ্বাস-প্রশ্বাসের সমস্যাটিও উত্তরাধিকারী সূত্রে পেয়েছে সে। ডাঃ হোম্‌স এবং নেডি হলো খাঁটি ওয়েন্ডেল, রেভারেন্ড হোমস এমনটিই বলতেন, আর ওয়েন্ডেল জুনিয়র হলো একেবারে বিশুদ্ধ হোম্‌স। এই রক্ত নিয়ে জুনিয়র তার বাবার চেয়েও বেশি সুনাম অর্জন করবে, কেবলমাত্র হোমসের উপাধিই নয়, বরং হিজ এক্সিলেন্সি হোম্‌স অথবা প্রেসিডেন্ট হোম্‌স হতে পারবে। ডাঃ হোম্‌স ভারি বুটের শব্দ শুনে দ্রুত পাশের একটা ঘরে চলে এলেন। তারপর স্বাভাবিক ভঙ্গীতেই সিঁড়ি দিয়ে আবার উঠে গেলেন। তার চোখ গেলো একটা পুরনো বইয়ের দিকে। অলিভার ওয়েন্ডেল হোম্‌স জুনিয়র হুড়মুড় ক'রে বাড়িতে ঢুকলো, মনে হচ্ছে তৃতীয় তলায় বড়বড় পা ফেলে উঠে যাচ্ছে সে।

BanglaBook.org

www.BanglaBook.org

"আরে, ওয়েন্ডি," হোম্‌স মুচ্‌কি হেসে ডাকলেন। "তুমি?"

জুনিয়র সিঁড়ির মাঝপথে এসে একটু গতি কমালো। "বাবা।"

"তোমার মা এইমাত্র আমার কাছে জানতে চাইছিলেন আজকে তোমাকে আমি দেখেছি কিনা, বুঝতে পেরেছি, আমি দেখিনি। এতো দেরি ক'রে কোত্থেকে এলে, বাবা?"

"একটু হেটে।"

"তাই? একা একা?"

ল্যান্ডিং-এ এসে জুনিয়র অনিচ্ছাকৃতভাবেই থামলো। ঘনকালো ভুরুর নিচে দু'চোখ জোড়া দিয়ে সে তার বাবার দিকে তাকালো। "সত্যি বলতে কী, জেম্‌স রাসেল লাওয়েলের সঙ্গে কথা বলার জন্যে বের হয়েছিলাম।"

হোম্‌স অবাক হবার ভান করলেন। "লাওয়েল? তোমরা একসঙ্গে সময় কাটিয়েছো? তুমি এবং প্রফেসর লাওয়েল?"

জুনিয়র তার চওড়া কাঁধটা একটু তুললো।

"তো, আমাদের দু'জনের ঐ বন্ধুটির সাথে তোমার কী কথা হলো, সেটা কি আমি জিজ্ঞেস করতে পারি?" ডাঃ হোম্‌স অমায়িকভাবে হাসলেন।

"রাজনীতি, আমার যুদ্ধের সময়ের কথা, আমার ল'ক্লাস। আমাদের আড্ডা বেশ ভালোই হয় বলা যায়।"

"তো, তুমি আজকাল তোমার অবসরগুলো বেশ ভালোভাবেই কাটাচ্ছো, দেখছি। আমি বলবো তুমি মিঃ লাওয়েলের সঙ্গে তোমার এই ঘুরে বেড়ানোটা বাদ দাও।" কোনো জবাব নেই। "এতে ক'রে তো তোমার পড়ালেখার সময় ছিনতাই হয়ে যাচ্ছে, তুমিও সেটা জানো। এটা আমরা করতে পারি না, পারি কি?"

জুনিয়র হেসে ফেললো। "প্রত্যেক সকালেই বলো, 'যুক্তিটা কি ওয়েন্ডি? একজন আইনজীবি কখনই মহান কোনো ব্যক্তি হতে পারে না, ওয়েন্ডি।'" কথাটা বলা হলো হাল্‌কা ফ্যাস্‌ফ্যাসে কণ্ঠে। "এখন তুমি চাচ্ছো আমি খুব ভালোভাবে আইন বিষয়টা পড়ি?"

"ঠিক, জুনিয়র। এটা ঘাম ঝরায়, এটা স্নায়ুতে চাপ বাড়ায়, ভালো কোনো কিছু করতে গেলে ফসফরাস খরচ করতে হয়। আর তোমার অভ্যাসগুলো নিয়ে আমাদের পরের দান্তে ক্লাব মিটিংয়ে মিঃ লাওয়েলের সঙ্গে কথা বলবো। আমি নিশ্চিত, তিনি আমার সঙ্গে একমত হবেন। তিনি নিজেও একসময় আইনজীবি ছিলেন। আর, এও জানেন এটার কী দরকার।" হোম্‌স হলের দিকে চললেন।

জুনিয়র গজ গজ করলো।

ডাঃ হোম্‌স ঘুরে দাঁড়ালেন। "আর কিছু বলবে, বাবা?"

"আমি ভাবছি," জুনিয়র বললো। "মানে, আমি তোমাদের দান্তে ক্লাব সম্পর্কে আরো কিছু শুনতে চাই, বাবা।"

BanglaBook.org

www.BanglaBook.org

ওয়েন্ডেল জুনিয়র কখনই তার বাবার সাহিত্য বা পেশাগত কর্মকাণ্ডের ব্যাপারে আগ্রহ দেখায়নি। সে ডাক্তার সাহেবের কবিতা অথবা প্রথম উপন্যাসটিও কখনও পড়ে নি। তার বাবার মেডিকেল বিষয়ক অথবা কবিতা কিংবা ইতিহাস বিষয়ক কোনো বক্তৃতায়ও হাজির থাকে না সে। এটা ঘটেছে, বিশেষ ক'রে হোমসের *দ্য আটলান্টিক মান্থলি*তে প্রকাশিত 'ক্যাপ্টেনের খোঁজে আমার অভিযান'-এর পরই। যুদ্ধক্ষেত্রে জুনিয়র মারা গেছে এরকম ভুল টেলিগ্রাম পাবার পর হোমস্ ঐ গল্পে দক্ষিণে তার নিজের ভ্রমণের কথাটা লিখেছিলেন।

জুনিয়র, সত্যি বলতে কী, প্রুফ কপিটা আগাগোড়া দেখেছে, সেটা পড়ার পর তার ক্ষতস্থানে যেনো মরিচের গুঁড়ো দিয়েছে এমন মনে হয়েছিলো তার। সে বিশ্বাসই করতে পারে নি তার বাবা পুরো যুদ্ধটিকে মাত্র কয়েক হাজার শব্দে বর্ণনা করেছেন, তাও আবার বেশির ভাগ বর্ণনাই ছিলো হাসপাতালের বিছানায় বিদ্রোহীদের মৃত্যুর কিস্‌সা সংক্রান্ত, এবং হোটেলের কেরাণীদের কথা, যারা তার কাছে জানতে চাইছিলেন তিনি *অটোক্রাট অব দি ব্রেকফাস্ট টেবিল*-এর লেখক কিনা।

"মানে," জুনিয়র দাঁত বের ক'রে হেসে বললো, "তুমি কি নিজেকে দান্তে ক্লাবের একজন সদস্য হিসেবে ভাবতে বিব্রত বোধ করো?"

"বুঝতে পারলাম না, ওয়েন্ডি? এর মানে কি? এ ব্যাপারে তুমি কি জানো?"

"কেবল এটুকুই যে, মিঃ লাওয়েল বলেন, তোমার কণ্ঠ নাকি পড়ার ঘর থেকে খাবার টেবিলেই বেশি শোনা যায়। মিঃ লংফেলোর কাছে তার কাজই জীবন; লাওয়েলের কাছে, লংফেলোর ডাক। বুঝলে, তিনি তার বিশ্বাসের ওপর ভিত্তি ক'রে কাজ করেন, সেগুলো নিয়ে কেবল কথা বলেন না, যেমনটি তিনি করেছেন একজন আইনজীবি হিসেবে দাসদের পক্ষে লড়াই ক'রে। তোমার জন্যে এটা কেবল আরেকটা জায়গায় মদের গ্লাস ঠোকাঠুকি করা।"

"লাওয়েল কি বলেছেন..." ডাঃ হোমস বলতে শুরু করলেন।

কিন্তু জুনির ওপর তলায় উঠে নিজের ঘরের দরজা বন্ধ ক'রে দিলো।

"তুমি আমাদের দান্তে ক্লাবের এতো ভেতরের খবর কিভাবে জানতে পারলে!" ডাঃ হোম্‌স চিৎকার ক'রে বললেন।

হোম্‌স তার পড়ার ঘরে যাবার আগে জুনিয়রের ঘরের সামনে অসহায়ের মতো কিছুক্ষণ ঘোরাঘুরি করলেন। তার কণ্ঠটা কেবলই আড়াতে শোনা যায়? যতোই তিনি মনে মনে অভিযোগটি নিয়ে ভাবলেন ততোই সেটা তাঁকে খোঁচাতে লাগলো : লংফেলোর ডান হাত হিসেবে নিজের অবস্থানটি ধ'রে রাখার চেষ্টা করছেন লাওয়েল।

জুনিয়রের কথায় লাওয়েলের উচ্চ কণ্ঠটি তার মাথায় গেঁথে আছে। পরের কয়েকটি সপ্তাহ তিনি অবিরাম লিখে চললেন, কিন্তু সেটা স্বত:স্ফূর্তভাবে নয়। হোমসের মধ্যে ভাবনাগুলো আসলেও সেগুলো প্রকাশ করার জন্যে যথোপোযুক্ত শব্দ বা বাক্যগুলো তিনি খুঁজে পেলেন না।

BanglaBook.org

www.BanglaBook.org

একনাগারে কয়েক ঘণ্টা তিনি কাজ করতে পারেন না। তার দু'পা ঠাণ্ডা হয়ে যায়, মাথা গরম হয়ে মাংসপেশীগুলো অস্থির হয়ে ওঠে, তার তখন মনে হয় উঠতেই হবে। রাতের বেলায়, এগারোটা বাজার আগেই তিনি কাজ বন্ধ ক'রে দেন একটা টুপি চটুল নষ্ট নিয়ে পড়েন, মাথাটা হাল্কা করার জন্যে। খুব বেশি মাথা ঘামালে তার অস্বস্তি লাগে, যেমনটি লাগে বেশি খাবার খেলে। এটাকে তিনি আবহাওয়া আর নার্ভের সাথে সংশ্লিষ্ট ব'লে মনে করেন। তার প্যারিসের এক ডাক্তার বন্ধু ব্রাউন সেকোয়া বলেছিলেন যে, ইউরোপের মতো আমেরিকাতে পশুদের মারা যাবার সময় অতো বেশি রক্তপাত হয় না। এটা কি চমকে যাবার মতো কথা নয়? এই শরীরবৃত্তীয় সমস্যা সত্ত্বেও হোমসের মনে হলো তিনি পাগলের মতোই লিখতে পারবেন।

"আপনি জানেন আমিই হবো একমাত্র ব্যক্তি যে আমাদের দান্তে সম্পর্কিত সাহায্যের জন্যে প্রফেসর টিকনরের সঙ্গে কথা বলছে," ফিল্ডস্‌কে হোম্‌স বললেন। যাবার পথে কর্নার-এ তিনি ফিল্ডসের অফিসে এসেছিলেন।

"সেটা কি?" ফিল্ডস্ এক সঙ্গে তিনটি জিনিস পড়ছেন, একটি পাণ্ডুলিপি, একটা চুক্তিপত্র আর একটা চিঠি। "রয়্যালটি চুক্তিগুলো কোথায়?"

জে. আর অসগুড আরেক বান্ডিল কাগজ এনে তাকে দিলেন।

"আপনি খুব ব্যস্ত আছেন দেখছি, ফিল্ডস্। আর *আটলান্টিক*-এর পরবর্তী সংখ্যা নিয়েও তো আপনাকে মাথা খাটাতে হবে–আপনার ক্লান্ত মস্তিষ্কটাকে বিশ্রাম দেবার দরকার।" হোম্‌স বললেন। "হাজার হোক, প্রফেসর টিকনর আমার শিক্ষক ছিলেন। বৃদ্ধের ওপর আমার অনেক প্রভাব রয়েছে, লংফেলোর চাইতেও বেশি।"

হোমসের এখনও মনে পড়ে একটা সময় ছিলো যখন বোস্টনকে সাহিত্যসেবীরা টিকনর-ভিল ব'লে জানতো : তুমি যদি টিকনরের বাড়ির লাইব্রেরিতে আমন্ত্রণ না পাও তো, তুমি কেউ নও। ঐ ঘরটা একসময় টিকনরের রাজসভা ব'লেও পরিচিত ছিলো; এখন সেটা টিকনরের হিমশৈল হিসেবেই বেশি পরিচিতি। সাবেক প্রফেসর ভদ্রলোক একজন দাসপ্রথা বিলোপ বিরোধী হিসেবে সুনাম থেকে দুর্নামে পতিত হয়েছেন, তবে তার অবস্থান, এ শহরের প্রথম সাহিত্যিক গুরু হিসেবে চিরকালই অক্ষয় থাকবে। তার প্রভাব-প্রতিপত্তিকে তাঁদের সুবিধার্থে আবার জাগিয়ে তোলা যেতে পারে।

"আমি যতোটা সহ্য করতে পারি তার চেয়ে অনেক বেশি ক্ষতি আমার জীবনে হয়েছে মানুষ নামক প্রাণী কর্তৃক, মাই ডিয়ার হোম্‌স," ফিল্ডস্ দীর্ঘশ্বাস ফেলে বললেন। "আজকাল পাণ্ডুলিপি দেখা মানে সোর্ডফিশ দেখা–এরা আমাকে কেঁটেকুঁটে দু'টুকরো ক'রে ফেলে।" তিনি হোমসের দিকে বেশ কিছু সময় ধরে চেয়ে রইলেন। তার পর তার পার্ক স্ট্রিট-এ তাকে পাঠাতে সম্মত হলেন। "তার কাছে আমার কথা বলবেন কিন্তু, ওয়েন্ডেল।"

BanglaBook.org

www.BanglaBook.org

হোম্‌স জানে জর্জ টিকনরের সঙ্গে কথা বলাটা এড়িয়ে গিয়ে ফিল্ডস্‌ স্বস্তিবোধ করছেন। প্রফেসর টিকনর–এই ছোটোখাটো লোকটির প্রভাব এখনও রয়েছে, যদিও তিনি ত্রিশ বছর আগে অবসরে চলে যাবার পর থেকে কোনো কিছুই শেখান নি–তার চাচাতো ভাই উইলিয়াম ডি. টিকনরের কথাও কখনও খুব বেশি ভাবেন নি। তিনি ডাক্তার সাহেবকে বিদায় দিলে তিনি ঘোরানো সিঁড়িটা দিয়ে পাশের ৯নং পার্ক স্ট্রট-এ নেমে গেলেন।

"টাকা-পয়সার কচ্‌কচানি, বিক্রি-বাট্টা আর লোকসানের মতো ক'রে বইকে দেখা," প্রফেসর টিকনর শুকনো ঠোঁটে তিক্ততা নিয়ে বললেন। "আমার চাচাতো ভাই এই রোগে ভুগছে, ডা: হোমস, আর সেটা আমার ভাতিজাদেরকেও সংক্রমিত করেছে, আমার বিশ্বাস। যারা পরিশ্রম ক'রে ঘাম ঝরায় তারা শিল্প-সাহিত্যকে নিয়ন্ত্রণ করবে না, এটা কি বিশ্বাস করেন না, হোমস?"

"কিন্তু, মি: ফিল্ডসের রয়েছে অসাধারণ চোখ, তাই না? তিনি জানতেন আপনার *হিস্টোরি* বেশ ভালো চলবে, প্রফেসর। তিনি মনে করেন লংফেলোর অনুবাদ করা দান্তে পাঠকপ্রিয়তা পাবে।" সত্য হলো, টিকনরের *হিস্টোরি অব স্পেনিশ লিটারেচার* পত্রিকার লেখক আর সাংবাদিকদের বাইরে খুব কম পাঠকপ্রিয়তাই পেরেছে। কিন্তু প্রফেসর সাহেব মনে করেন এটা সফলতার মাপকাঠিকে সীমাবদ্ধ ক'রে দেয়।

হোমসের এই প্রশংসাকে এড়িয়ে গিয়ে টিকনর আস্তে ক'রে একটা ছোটোখাটো যন্ত্র থেকে হাত দুটো সরিয়ে নিলেন। তার কাছে একটা লেখার যন্ত্র আছে–তার বর্ণনামতে, এটা এক ধরণের ছোটোখাটো ছাপার মেশিন–লিখতে গেলে তার হাত যখন কাঁপতে শুরু করেছিলো তখনই এটা বানানো হয়েছিলো। এর ফলে কয়েক বছর ধরে তিনি আর নিজের হাতের লেখা দেখতে পান না। হোম্‌স যখন তার কাছে আসলেন তখন তিনি একটা চিঠি লিখছিলেন।

টিকনর ভেলভেটের বেগুনী রঙের টুপি আর পায়ে স্লিপার পরে ব'সে আছেন। দ্বিতীয়বারের মতো তিনি হোমসের ওপর চোখ বুলালেন, বিশেষ ক'রে হোমসের কাপড়চোপড়, টাই আর রুমালের কোয়ালিটিটা দেখে নিলেন।

"আমার ভয় হচ্ছে, ডাক্তার, যখন মি: ফিল্ডস্‌ জানবেন লোকজন কী ধরণের বই পড়ে, তিনি সেটা কখনই বুঝতে পারবেন না, কেন তারা এরকম বই পড়ে। নিকট বন্ধুদের অতি প্রশংসার মাঝে তিনি বেড়ে উঠেছেন। একটি বিপজ্জনক চারিত্রিক গুণ।"

"আপনি সবসময়ই বিদেশী সংস্কৃতিকে শিক্ষিত শ্রেণীর মাঝে ছড়িয়ে দেবার ওপর গুরুত্ব দিয়ে থাকেন," হোম্‌স তাকে স্মরণ করিয়ে দিলে জানালার পর্দাগুলো ফেলে দিয়ে বৃদ্ধ প্রফেসর লাইব্রেরির ফায়ারপ্লেসে আগুন ধরালেন। হোম্‌স তার কপালে আল্‌তো ক'রে টোকা দিলেন। টিকনরের হিমশৈলটা সত্যি বলতে কী তন্দুর হয়ে উঠলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"আমাদেরকে বিদেশী কাজগুলো বোঝার চেষ্টা করা উচিত, ডা: হোম্‌স। আমরা যদি আমাদের জাতীয় চরিত্রে নতুন কিছুকে আত্মস্থ না করি, আমাদের প্রতিষ্ঠানগুলোতে তাঁদের উৎকৃষ্ট কাজগুলো অন্তর্ভুক্ত না করি, বাইরের দুনিয়াই একদিন আমাদেরকে গিলে ফেলবে।"

হোমস হাল ছাড়লেন না, "আমাদের মধ্যেই বলছি, প্রফেসর, মি: লংফেলোর অনুবাদটি জনসাধারণ কিভাবে গ্রহণ

করবে ব'লে আপনি মনে করেন?" হোমসের চোখের অতি গুরুত্ব ভাবটি টিকনরকে থামতে বাধ্য করলো।

"হতে পারে, আমার মনে হয়, মানে, কোনো সন্দেহ নেই যে, মি: লংফেলো খুবই বিস্ময়কর কিছু করবেন। এরজন্যেই কি আমি তাকে হারভার্ডে আমার উত্তরাধীকারী হিসেবে মনোনীত করিনি? তবে মনে রাখবেন, একবার আমিও এখানে দান্তেকে পরিচিত করার স্বপ্ন দেখেছিলাম, অবশ্য কর্পোরেশন আমার পদটিকে হেয়..." টিকনরের ঘনকালো চোখে ধোঁয়াটে কুয়াশা দেখা গেলো। "আমি ভাবিনি যে, জীবিত অবস্থায় আমি কোনো আমেরিকানকে দান্তের অনুবাদ করতে দেখে যাবো, আর লংফেলো যে কাজটা ভালোভাবেই করবে, সে ব্যাপারে আমার কোনো সন্দেহ নেই। সর্বস্তরের জনগন এটা গ্রহণ করবে কিনা সেটা ভিন্ন প্রশ্ন, তবে দান্তেকে পণ্ডিতেরা পছন্দই করবেন। এই বিচারের বেঞ্চে বসার জন্যে আমি কখনই প্রতিযোগীতা করবো না," টিকনর কথাটা বললেন বেশ গর্বিত ভঙ্গীতে। "তবে আমি এই বিশ্বাসে বেড়ে উঠেছি যে, যখনই আমরা আশা করবো যে, দান্তেকে বিশাল জনগোষ্ঠীর কাছে পৌছে দেয়া উচিত, আমরা শত্রুতার মুখোমুখি হবো। আমাকে ভুল বুঝবেন না, ডা: হোমস্। দান্তের কাছে আমি অনেক ঋণী, ঠিক লংফেলোর মতো। এটা জিজ্ঞেস করবেন না যে, মানুষকে দান্তে কী দিয়েছেন অথবা দান্তেকে মানুষ কী দিয়েছে–যদিও, ব্যক্তিগতভাবে তার জগতে প্রবেশ করাটা চিরকালের জন্যেই কঠিন এবং ক্ষমাহীন।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৪

সেই রোববার, রাস্তাগুলোর নিচে, টির নিদ্রায় শায়িতদের মাঝে, ক্যামব্রুজের দ্বিতীয় ইউনিটারিয়ান চার্চের মিনিস্টার রেভারেন্ড আলিশা ট্যালবোট, সংকীর্ণ পথ দিয়ে যাবার সময় হাতের লণ্ঠনটা একটু উঁচু ক'রে তুলে ধ'রে ছড়িয়ে থাকা কফিনগুলো আর ভাঙা হাড়ের স্তূপগুলো এড়িয়ে চললেন। ভাবলেন, এখন কি আদৌ তার কেরোসিন লণ্ঠনটার দরকার রয়েছে কিনা, তিনি তো এই অন্ধকার সর্পিল ভূগর্ভস্থ পথের সঙ্গে একেবারেই অভ্যস্ত হয়ে উঠেছেন। এখানকার পচে যাওয়া লাশের দুর্গন্ধে তিনি নাকটা সংকুচিত করতে বাধ্য হলেন। একদিন, তিনি কোনো ল্যাম্প ছাড়াই এই পথটি ব্যবহার করবেন, কেবলমাত্র ঈশ্বরের ওপর আস্থা রেখে।

কয়েক মুহূর্তের জন্যে তার মনে হলো একটা শব্দ শুনতে পেয়েছেন। ঘুরে দেখলেন, কিন্তু সমাধি আর সারিবদ্ধ কলামগুলো একটুও নড়ে নি।

"আজরাতে কেউ বেঁচে আছেন কি?" তার বিখ্যাত বিষণ্ন কণ্ঠটি অন্ধকার বাতাসে আঘাত করলো। একজন যাজকের কাছ থেকে এটা সম্ভবত একটি অযাচিত মন্তব্য, কিন্তু সত্য হলো, আচমকা তিনি ভয় পেয়ে গেছেন। আর সব মানুষের মতোই, ট্যালবোট তার জীবনের বেশির ভাগ সময় একাই থাকেন, আবদ্ধ স্থানে তিনি ভড়কে যান। সাধারণ হিসেবের বাইরে, মৃত্যু সব সময়ই তাকে ভীত ক'রে তোলে। এটাই তার চরম লজ্জার বিষয়। আর এটাই হলো একমাত্র কারণ যার জন্যে চার্চের এই ভূগর্ভস্থ অন্ধকারের তিনি প্রায়ই হাটেন, মৃত্যুভয়ের মতো অধার্মিক বিষয়টাকে জয় করার চেষ্টা করেন। কেউ যদি তার জীবনী লিখতো তবে হয়তো এটা ব্যাখ্যা করতে সাহায্য করবে, কিভাবে ট্যালবোট কতো উদ্বিগ্নতার সঙ্গে পুরনো জেনারেশনের ক্যালভিনিজম দানবদের বিরুদ্ধে ইউনিটারিয়ানিজমের যৌক্তিক নীতিকে মুড়িচে তুলে ধরেছিলেন। ট্যালবোট নার্ভাস হয়ে শিষ বাজাতে বাজাতে তার লণ্ঠনটা হাতে নিয়ে কক্ষের শেষপ্রান্তের সিঁড়ির কাছে পৌছে গেলেন, ওখানে উষ্ণ গ্যাসের আলোর রাস্তা দিয়ে যাওয়ার চেয়ে তার বাড়িতে সংক্ষিপ্ত পথ দিয়ে যাবার নিশ্চয়তা রয়েছে।

"কে ওখানে?" হাতের লণ্ঠনটা চারপাশে ঘুরিয়ে তিনি জানতে চাইলেন, এবার তিনি নিশ্চিত হলেন, নিশ্চিত কোনো কিছু নড়াচড়া করছে। কিন্তু কিছুই দেখতে পেলেন না। ইঁদুরের পক্ষে নড়াচড়ার শব্দটি খুব বেশি ভারি ব'লে মনে হলো। আবার পথঘাটের চোর-বদমাশদের তুলনায় খুব বেশি নিরব শোনাচ্ছে। ব্যাপারটা কি? তিনি ভাবলেন। রেভারেন্ড ট্যালবোট লণ্ঠনটা চোখ বরাবর তুলে ধরলেন। লুটেরাদের একটি দলের কথা তিনি শুনেছিলেন, উন্নয়ন আর যুদ্ধের কারণে স্থানচ্যুত হয়েছিলো তারা,

BanglaBook.org

www.BanglaBook.org

পরে তারা চার্চের পরিত্যাক্ত ভূগর্ভস্থ কক্ষে আশ্রয় নিয়েছিলো। ট্যালবোট ঠিক করলেন যে, এখানকার ব্যাপারটা দেখার জন্যে আগামীকাল সকালেই পুলিশ পাঠাবেন। যদিও, এর আগের দিন তার বাড়িতে হাজার ডলার ডাকাতি হবার পর তিনি পুলিশকে জানানোর পর কী আর ভালো হয়েছিলো? তিনি প্রায় নিশ্চিত, ক্যামবৃজের পুলিশ এ ব্যাপারে কিছুই করতে পারবে না। তিনি কেবল এটা জেনে খুশি যে, ক্যামবৃজের চোরেরাও পুলিশের মতোই সমান অকর্মণ্য, দামী ও মূল্যবান জিনিসপত্রগুলো নিতে ভুলে যায় তারা।

রেভারেন্ড ট্যালবোট একজন ন্যায়নীতিবান ব্যক্তি, সবসময়ই তার প্রতিবেশী এবং ধর্মসভার জন্য সঠিক কাজটাই করেন। ব্যাতিক্রম কেবল তখনই হয় যখন তিনি খুব বেশি ঈর্ষান্বিত হয়ে ওঠেন তিনি। ত্রিশ বছর আগে, সেকেন্ড চার্চের স্টুয়ার্ড পদে অধিষ্ঠিত হবার আগে, তিনি ঠিক করেছিলেন তার ধর্মসভায় প্রার্থনা করা এবং ভালো বেতনের কাজ দেবার প্রতিশ্রুতি দিয়ে জার্মানি এবং নেদারল্যান্ড থেকে লোকজন নিয়োগ দিয়ে বোস্টনে নিয়ে আসবেন। আয়ারল্যান্ড থেকে যদি ক্যাথলিকরা উড়ে এসে জুড়ে বসতে পারে, তাহলে কিছু প্রোটেস্টান্টকে আনা যাবে না কেন? কিন্তু কাজটা কেবল ছিলো রেললাইন তৈরি করা আর তার নিয়ে আসা লোকেদের একটা বিরাট অংশ অতিরিক্ত পরিশ্রম এবং নানান রোগে মারা যায়, রেখে যায় এতিম শিশু আর পরিত্যাক্ত বিধবাদের। ট্যালবোট সঙ্গোপনে তার প্রকল্পটি গুটিয়ে নিয়ে কয়েক বছর ধ'রে চেষ্টা ক'রে তার জড়িত থাকার সমস্ত প্রমাণ নষ্ট ক'রে ফেলতে পেরেছিলেন। তবে তিনি রেলরোড নির্মাণকারীদের কাছ থেকে ক্ষতিপূরণ বাবদ পারিশ্রমিক ঠিকই গ্রহণ করেছিলেন। যদিও তিনি নিজেকে বলেছিলেন যে, টাকাগুলো ফিরিয়ে দেবেন, কিন্তু দেন নি। তার বদলে তিনি এটা তার মনে তালা মেরে রেখে দিলেন এবং জীবনের প্রতিটি সিদ্ধান্ত নিতে শুরু করলেন অন্যদের নির্বুদ্ধিতার দিকে তাকিয়ে তীক্ষ্ণ দৃষ্টি রেখে।

রেভারেন্ড ট্যালবোট এগোতেই শক্ত কিছুর সঙ্গে হোচট খেলেন তিনি। হতভম্ব হয়ে দাঁড়িয়ে পড়তেই তিনি একটু ভাবলেন তিনি তার আভ্যন্তরীণ কম্পাসটি হারিয়ে ফেলেছেন, দেয়াল হাতড়ালেন তিনি। আলিশা ট্যালবোটকে অন্য কোনো লোক জড়িয়ে ধরে নি, অথবা এমনকি তাঁকে কেউ স্পর্শও করেনি–কেবল হাত মেলানো ছাড়া–অনেক বছর ধরেই। তবে এখন, এমনকি তার কাছেও কোনো সন্দেহ রইলো না যে, দুটো উষ্ণ হাত তার বুক চেপে ধরেছে আর তার হাতের লণ্ঠনটা সরিয়ে নিয়েছে যে হাতটা সেটা অন্য কারোর হাত। বেঁচে থাকার সুতীব্র আকাঙ্খার সাথে অপরাধবোধের তাড়নায় তিনি আর্তনাদ ক'রে উঠলেন।

ট্যালবোটের জ্ঞান যখন ফিরে এলো, অনন্ত সময়ের সংক্ষিপ্ততম মুহূর্তেই তিনি বুঝতে পারলেন, এক ভিন্নধরনের অন্ধকার তার চারপাশে ঘিরে রয়েছে। কক্ষের সুতীব্র গন্ধটি তার ফুঁসফুঁসে চাপ দিচ্ছে, কিন্তু এখন ঠাণ্ডা, ঘন আদ্রতা টের পেলেন

www.BanglaBook.org

নিজের গালে, নিজের ঘাম গড়িয়ে মুখে চলে এলে এর লবণাক্ততার স্বাদও পেলেন। তিনি টের পেলেন তার চোখের কোণা থেকে অশ্রু গড়িয়ে পড়ছে। এটা খুবই ঠাণ্ডা, একেবারে বরফের মতোই। তার শরীরের পোশাকগুলো কেড়ে নেয়া হয়েছে। তিনি কাঁপছেন। তারপরেও তার অসাড় মাংসে উত্তাপ ছড়াচ্ছে এবং একধরনের অসহ্য অনুভূতি বয়ে যাচ্ছে যার সাথে এর আগে তার কোনো পরিচয়ই ছিলো না। এটা কি কোনো ভয়ংকর দুঃস্বপ্ন? হ্যা, অবশ্যই! এটা হলো সেই দানব, পশু, ইত্যাদি ইত্যাদি সব ভয়ংকর বাজে জিনিস, বিছানায় যাবার আগে তিনি যেটা পড়েন। তারপরেও, কক্ষ থেকে হামাগুঁড়ি দিয়ে বের হবার কথাটি তিনি স্মরণ করতে পারলেন না, তার সুন্দর ছিমছাম বাড়ি এবং ওয়াশস্ট্যান্ড থেকে সুন্দর পানির ঝর্ণার কথাও স্মরণ করতে পারলেন না। তিনি কখনই ক্যামবৃজের ফুটপাতের নিচে ভূগর্ভস্থ জগত থেকে আর কখনই বের হয়ে আসেন নি। যেভাবেই হোক, তিনি বুঝতে পারলেন, তার হৃদস্পন্দনটা বেড়ে যাচ্ছে। এটা তার উপরে ঝুলে আছে, অস্থিরভাবে স্পন্দিত হচ্ছে, তার শরীরের রক্ত সঞ্চালন ক'রে তার মাথার দিকে নিয়ে যাচ্ছে। তিনি ঘোরের মধ্যে নিঃশ্বাস নিলেন।

যাজকের মনে হলো তিনি শূন্যে লাথি মারছেন। উদভ্রান্তের মতো। আর প্রচণ্ড উত্তাপের কারণে তিনি বুঝতে পারছেন এটা মোটেই কোনো স্বপ্ন নয়, তিনি আসলে মরতে বসেছেন। এটা খুবই অদ্ভুত। তার মধ্যে যে আবেগটি গেঁড়ে বসেছে সেটা ভীতি নয়। সম্ভবত এতে তিনি সারাজীবনভরই তাড়িত হয়েছেন। কিন্তু এখন ভীতির বদলে তার মধ্যে গভীর একটা ক্রোধ দেখা গেলো– বাকিরা যখন সবাই যার যার মতো কাজ ক'রে যাচ্ছে নির্বিকারভাবে তখন ঈশ্বরের এক সন্তান মরতে বসেছে।

নিজের অন্তিম মুহূর্তে তিনি অশ্রুসজল চোখে প্রার্থনা করার চেষ্টা করলেন, "ঈশ্বর, আমি ভুল ক'রে থাকলে আমাকে ক্ষমা ক'রে দিও," কিন্তু তার বদলে একটি তীক্ষ্ণ আর্তনাদ তার মুখ দিয়ে বের হয়ে এলো, আর সেটা তার হৃদয়ের প্রচণ্ড বজ্রাঘাতে হারিয়ে গেলো।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৫

১৮৬৫ সালের অক্টোবরের রবিবারে, *বোস্টন ট্রান্সক্রিপ্ট*-এর প্রথম পৃষ্ঠায় দশ হাজার ডলারের পুরস্কারের একটি সংবাদ ছাপা হলো। ছোটো ছোটো গাড়িতে ক'রে বিক্রি করা সংবাদপত্রের ডিলারেরা ফোর্ট সাম্‌টার আক্রমণ এবং দক্ষিণের নব্বই দিনের বিদ্রোহ অবসান হবার পর এরকম দারুণ খবর আর শোনে নি।

বিধবা হিলি চিফ কার্তেজকে একটা টেলিগ্রাম ক'রে তার পরিকল্পনাগুলো জানিয়ে দিয়েছিলেন আগেই। টেলিগ্রাম ব্যবহার করার কারণ, ভদ্র মহিলা চাচ্ছিলেন এটা যেনো চিফের চোখে পড়ার আগে পুলিশ স্টেশনের অনেকেই দেখতে পান। তিনি বোস্টনের পাঁচটি সংবাদপত্রে লিখলেন, কার্তেজকে জানালেন, তার স্বামীর মৃত্যুর সত্যিকারের বর্ণনা দিয়ে হত্যাকারীকে ধরিয়ে দেয়া অথবা তথ্য দেয়ার জন্যে পুরস্কার ঘোষণা করলেন। গোয়েন্দা বিভাগের অতীত দুর্নীতির কারণে মেয়র সাহেব একটি অধ্যাদেশ জারি ক'রে পুলিশের জন্যে ঘোষিত পুরস্কারের অর্থ নেবার বেলায় নিষেধাজ্ঞা আরোপ ক'রে দিয়েছেন, তবে জনসাধারণ এই নিষেধাজ্ঞার আওতার মধ্যে প'ড়ে না। বিধবা হিলি মানেন যে, কার্তেজ এতে খুশি হবে না। কিন্তু সে তো মহিলার কাছে যে কথা দিয়েছিলো সেটা রাখতে পারে নি। *ট্রান্সক্রিপ্ট*-এর নগর সংস্করণে খবরটা প্রথম ছাপা হয়।

এডনাহ্ হিলি এখন হত্যাকারীর ভোগান্তি আর দুঃখিত হবার কথা কল্পনা করলেন। তার ইচ্ছে হত্যাকারীকে গ্যালোজ হিল-এ নিয়ে এসে ঝুলিয়ে না মেরে পুরোপুরি ন্যাংটা ক'রে আগুনে নিক্ষেপ করা এবং তাকে আগুন থেকে বেড়িয়ে আসার সুযোগ ক'রে দেয়া (এতে অবশ্যই সে সফল হবে না)। এসব ভেবে মহিলা রোমাঞ্চিত হলেন, তার গা শিউরে উঠলো।

মিটেন্স তার হাতটা ধরে রাখলো যাতে তিনি নিজের গায়ের চামড়া আর বেশি খাম্‌চাতে না পারেন। তার উন্মাদগ্রস্ততা বেড়েই চলছে, জামা কাপড় দিয়ে নিজের সৃষ্ট ক্ষতস্থানগুলো আর ঢাকা যাচ্ছে না। এক দুঃস্বপ্নের রাতে, তিনি তার শয়নকক্ষে ঢুকে মৃত স্বামীর চুল দিয়ে তৈরি অলংকারটা লুকাবার জন্যে মরিয়া হয়ে উঠেছিলেন। সকাল বেলায় তার চাকরবাকর আর ছেলেরা ওয়াইড ওকস-এর সব জায়গা তন্নতন্ন ক'রে খুঁজলো, কিন্তু কিছুই পেলো না। এতে ভালোই হয়েছিলো। গলায় ঐসব জিনিস পরে বিধবা হিলি হয়তো কখনই ভালো মতো ঘুমাতে পারতেন না।

সুখের কথা হলো, সেইসব বিপর্যয়কর দিনগুলোতে ভদ্রমহিলা জানতে পারেন নি যে, সেই হেমন্তে প্রচণ্ড গরম প'ড়ে ছিলো। বিচারপতি হিলি আস্তে আস্তে বলেছিলেন,

BanglaBook.org

www.BanglaBook.org

"জুরি ভদ্রমহোদয়গণ..." ক্ষুধার্ত পোকাগুলো তখন তার মাথার ভেতর একটি ক্ষতস্থানের ভেতর দিয়ে প্রবেশ ক'রে গিজ গিজ ক'রে বাড়ছিলো। প্রথমে বিচারপতি আর্টেমাস প্রেসকোট হিলি তার একটি হাত নড়াতে পারছিলেন না। তারপর, তিনি যখন তার আঙুলগুলো নাড়ালেন, মনে করলেন নিজের পা দিয়ে লাথি মারছেন। কিছুক্ষণ পর তার মুখ দিয়ে আর কথা বের হলো না। "আমাদের ভদ্রমহোদয়গণের অধীনে থাকা জুরিরা..." তিনি বুঝতে পারছিলেন কথাটা খুবই অর্থহীন শোনাচ্ছে কিন্তু তিনি অসহায়। কিছুই করতে পারছিলেন না। মস্তিষ্কের যে অংশটা বাক্যগঠন ও বিন্যাস ক'রে থাকে, সেই অংশটা তখন এসব পোকামাকড়ের খাদ্য হিসেবে ব্যবহৃত হচ্ছিলো। চারদিনের মধ্যে যখন তার চেতনা কিছুক্ষণের জন্যে ফিরে এসেছিলো, তীব্র যন্ত্রণায় জজ হিলি বিশ্বাস করেছিলেন যে, তিনি মরেই গেছেন। কিন্তু আবারো মরার জন্যে তিনি প্রার্থনা করেছিলেন। "প্রজাপতি এবং শেষ বিছানা..." তার ওপরে থাকা ছেঁড়াফাঁড়া পতাকাটার দিকে তাকালেন তিনি, তার মধ্যে যেটুকু চেতনা তখনও ছিলো সেটুকু দিয়েই তিনি অবাক হয়ে ভাবতে লাগলেন।

ক্যামব্রজের সেকেন্ড ইউনিটারিয়ান চার্চের সেক্সটন সেই পড়ন্ত বিকেলে রেভারেন্ড ট্যালবোটের মৃত্যুর সপ্তাহের ঘটনাগুলো চার্চের ডায়রিতে লিপিবদ্ধ ক'রে রাখলেন। সেই সকালে ট্যালবোট একটি প্রেরণাদায়ক সারমন, মানে ধর্মপোদেশ দিয়ে ছিলেন। তারপর, চার্চেই তিনি সময় কাটিয়েছেন। চার্চের ডিকনদের থেকে জ্বলজ্বলে নোটিশগুলো নিয়ে রেখে দিয়েছিলেন। কিন্তু সেক্সটন গ্রেগ খুবই অবাক হয়েছিলেন যখন ট্যালবোট তাঁকে চার্চের শেষ মাথায় অবস্থিত ভারি পাথরের দরজাটা তালা মেরে রাখতে বলেছিলেন। ওখানেই তাদের অফিস ঘরগুলো অবস্থিত।

মনে হয় তার কিছুক্ষণ বাদেই, কয়েক মিনিট হবে হয়তো, সেক্সটন একটা তীব্র আর্তনাদ শুনেছিলেন। শব্দটা মনে হচ্ছিলো কোথাও থেকে আসছে না, আবার সেটা যে চার্চের কোথাও থেকে আসছে সেটাও স্পষ্ট বোঝা যাচ্ছিলো না। তারপর প্রায় অদ্ভুতভাবেই সেক্সটন গ্রেগ ভূগর্ভস্থ সমাধি কক্ষে যাওয়ার দরজায় কান পাতলেন। শব্দটা মিঁইয়ে গেলেও এর প্রতিধ্বনি দরজার ওপাশ থেকে আসছে ব'লে তার মনে হলো! সেক্সটন কোমরের বেল্টে থাকা চাবির গুচ্ছটা নিয়ে দরজাটা খুলে ফেললেন। বুক ভরে নিঃশ্বাস নিয়ে তিনি সিঁড়ি দিয়ে নিচে নেমে গেলেন।

সেক্সটন গ্রেগ এখানে ত্রিশ বছর ধ'রে কাজ করছেন। রেভারেন্ড ট্যালবোটকে তিনি প্রথম দেখেছিলেন বিশপ ফেনউইকের সঙ্গে বোস্টনের ক্যাথলিক চার্চের বৃদ্ধির বিপদ সম্পর্কে ধারাবাহিক এবং জনসম্মুখে এক বিতর্ক করার সময়ে।

সেই বিতর্কে রেভারেন্ড ট্যালবোট বেশ দাপটের সঙ্গে তিনটি বিষয় নিয়ে তর্ক করেছিলেন :

BanglaBook.org

www.BanglaBook.org

১. কুসংস্কারগ্রস্ত আচার-অনুষ্ঠান এবং ক্যাথলিক বিশ্বাসের বড় বড় চার্চগুলো ঈশ্বর বিরোধী ধর্মীয় কর্মকাণ্ডকে প্রতিনিধিত্ব করে।

২. চার্চ বা ক্যাথেড্রালের আশেপাশে থাকা আইরিশ বসতিস্থাপনকারীদের প্রবণতা আমেরিকার বিরুদ্ধে গোপন ষড়যন্ত্রকে উস্কে দিচ্ছে এবং তাদেরকে আমেরিকান হতেও বাধা দিচ্ছে;

৩. সবচাইতে বড় বিদেশী হুমকী হলেন পোপ, তিনিই ক্যাথলিকদের সবকিছু নিয়ন্ত্রণ করেন, আমেরিকার সব ধর্মের স্বাধীনতার ওপর তিনি একটা হুমকী, আর লোকটার উদ্দেশ্য হলো এই দেশটা পরিচালনা করা।

অবশ্য, কোনো ক্যাথলিক বিরোধী ইউনিটারিয়ান যাজকই বোস্টনের শ্রমিকদের কর্মকাণ্ডকে অগ্রাহ্য করেন নি, যারা কিনা একটা ক্যাথলিক কনভেন্টে আগুন লাগিয়েছিলো এই অভিযোগে যে, কয়েকজন প্রোটেস্টান্ট মেয়েকে ক্যাথলিকরা অপহরণ ক'রে তুলে নিয়ে গিয়ে আঁটকে রেখেছে তাদেরকে নান বানানোর জন্যে। দাঙ্গাকারীরা ধ্বংস স্তুপের ওপর লিখে রেখেছিলো পোপের নিকুচি করি! সেটা নিয়ে ভ্যাটিকানের সঙ্গে যতোটা না বেশি দ্বিমত হয়েছিলো তারচেয়ে বেশি হয়েছিলো আইরিশদের ক্রমবর্ধমান চাকরি গ্রহণ করাকে নিয়ে।

ট্যালবোটের যুক্তিতর্ক, তার ক্যাথলিক বিরোধী সারমন আর লেখালেখিগুলো হারভার্ড ডিভাইনিটি স্কুলের প্রফেসর নরটনের দ্বারা প্রভাবিত ছিলো। যদিও তিনি এটা অস্বীকার করতেন। রোববারের সকালে মিটিং হাউজে ঢুকে ট্যালবোট যারপর নাই আনন্দ পেতেন। নিরব-নিথর ক্যামবৃজে এসে অর্গানের বাজনা শুনে তার ভালোই লাগতো। ডায়াসে ট্যালবোটের উপস্থিতিটা ছিলো দৃঢ়প্রত্যয়ী এবং অভিজাত। তার ক্ষমতাগুলো এখানেই নির্ভর করে। সন্তান জন্ম দিতে গিয়ে ১৮২৫ সালে তার স্ত্রী মারা যাবার পর থেকে ট্যালবোটের কোনো পরিবার নেই, এমনকি তার সেরকম কোনো ইচ্ছেও হয় নি। কারণ, তার প্রার্থনা সভার এই সম্মলেনই তাকে যারপরনাই সন্তুষ্টি দিয়ে থাকে।

সেক্সটন গ্রেগের সমস্ত সাহস তিরোহিত হবার সঙ্গে সঙ্গেই তার হাতে থাকা তেলের বাতির ম্রিয়মান হয়ে পড়লো যেনো। সেক্সটন যখন নিঃশ্বাস ফেললেন কুয়াশা তার মুখ ঢেকে দিলো। ক্যামবৃজে এখনও সেমন্ত চলছে, কিন্তু সেকেন্ড চার্চের ভূগর্ভস্থ কক্ষে একেবারে হিমশীতল ঠাণ্ডা বিরাজ করছে।

"এখানে কি কেউ আছেন? আপনার এখানে থাকা..." সেক্সটনের কণ্ঠটা এই গাঢ় অন্ধকারে মনে হলো একেবারেই অশরীরি, তাই সঙ্গে সঙ্গে তিনি মুখ বন্ধ ক'রে ফেললেন। কক্ষের এ দিকে তিনি খেয়াল করলেন ছোটো ছোটো সাদা বিন্দু ছড়িয়ে আছে। ওগুলোর সংখ্যা বাড়তে থাকলে তিনি উপুড় হয়ে জিনিসটা খতিয়ে দেখতে গেলে তীক্ষ্ণ একটা বিদীর্ণ শব্দে উপরে তাকালেন।

BanglaBook.org

www.BanglaBook.org

মাথার টুপিটা একটু সামনের দিকে টেনে সারি সারি কফিনের মাঝে আর বিষন্ন পাথরের খিলানযুক্ত পথ দিয়ে দরজার দিকে চললেন তিনি। দেয়ালে বিশালাকারের ইঁদুরের ছোটাছুটি দেখা গেলো। তার হাতে থাকা ল্যাম্পের আলো নয়, একটি তীব্র আলো ঠিক তার পথের সামনে জ্বলছে। দাউদাউ ক'রে জ্বলতে থাকা আগুন থেকেই বিদীর্ণ চিৎকারটা ভেসে আসছে।

"কেউ কি ওখানে আছেন?" সেক্সটন সতর্কভাবে মোড় নেবার আগে নোংরা দেয়ালটা ধ'রে এগোতে এগোতে বললেন।

"এই ইহজগতে!" তিনি উচ্চকণ্ঠে বললেন।

এবড়োথেবড়োভাবে খোড়া একটা গর্ত থেকে একজন মানুষের পা বের হয়ে আছে। হাটু পর্যন্ত পা দুটো স্পষ্ট দেখা যাচ্ছে, কিন্তু বাকি শরীরটা গর্তের ভেতরে ঢুকে রয়েছে। দু'পায়ের তালুতেই আগুন ধরিয়ে দেয়া হয়েছে। পা দুটো ভীষণভাবে সামনে পেছনে দুলছে, প্রচণ্ড যন্ত্রণায় শূন্যে লাথি মারছে। লোকটার পায়ের মাংস গলতে শুরু করেছে, আর তাতে ক'রে বাড়ন্ত আগুনের শিখা গোড়ালী পর্যন্ত বিস্তৃত হচ্ছে।

সেক্সটন গ্রেগ মাটিতে ব'সে পড়লেন। তার পাশে, ঠাণ্ডা-মাটিতে, এক গাদা কাপড়চোপড় ভাঁজ ক'রে রাখা আছে। একটা কাপড়, সেটা উর্ধাঙ্গেরই হবে, আগুন নেভানোর জন্যে হাতে নিয়ে তিনি জ্বলন্ত পা দুটো চেপে ধরলেন।

"আপনি কে?" পা দুটো যে লোকের তার উদ্দেশ্যে চিৎকার ক'রে বললেন তিনি। কিন্তু লোকটা মরে গেছে।

সেক্সটনের কয়েক মুহূর্ত লেগে গেলো বুঝতে যে, তার হাতে থাকা কাপড়টা যাজকের গাউন। মাটি থেকে বের হয়ে আসা মানুষের হাড়গোড়ের মধ্যে হামাগুড়ি দিয়ে কাপড়ের স্তুপের দিকে এগোলেন : অন্তর্বাস, পরিচিত টুপিটা, সাদা গলাবন্ধ, চাদর আর প্রাণপ্রিয় রেভারেন্ড আলিশা ট্যালবোটের কালো জুতো জোড়া।

মেডিকেল কলেজের তৃতীয় তলায় নিজের অফিসের দরজাটা বন্ধ করতেই অলিভার ওয়েন্ডেল হোম্‌স করিডোরে শহরের পুলিশ বিভাগের এক পেট্রলম্যানের সঙ্গে প্রায় ধাক্কা খেতে বসলেন। হোম্‌স যেমনটি ভেবেছিলেন কাজটা শেষ করতে তার চাইতেও বেশি সময় লাগছে। তাই তিনি আগামীকাল সকালে আবার শুরু করার আশায় বাড়ির উদ্দেশ্যে তাড়াতাড়ি রওনা দিচ্ছিলেন, যাতে ক'রে ওয়েন্ডেল জুনিয়রের নিয়মিত আড্ডার বন্ধুবান্ধবরা আসার আগেই তিনি তার সঙ্গে একটু সময় কাটাতে পারেন। পেট্রলম্যান কর্তৃপক্ষের কাউকে খুঁজছিলো। হোম্‌সকে সে জানালো, পুলিশ প্রধান স্কুলের পরীক্ষা-হলটি ব্যবহার করার জন্যে অনুরোধ করেছেন আর প্রফেসর হেইউডকে পাঠানো হয়েছে এক হতভাগ্য ভদ্রলোকের মৃতদেহ ময়নাতদন্ত করার কাজে সহযোগীতা করার জন্যে। কোরোনার মিঃ বার্নিকোটকে পাওয়া যাচ্ছে না–তিনি বললেন না যে, সপ্তাহান্তে বার্নিকোটকে পাবলিক হাউজে পাওয়া যায় ব'লে একটি কথা প্রচলিত রয়েছে। আর সেই সময়ে তিনি কোনো ময়নাতদন্ত করবেন না, এটা নিশ্চিত।

BanglaBook.org

www.BanglaBook.org

ডিনের ঘরটা খালি দেখে হোম্‌স মনে করলেন যেহেতু তিনি নিজেই সাবেক একজন ডিন তাই তিনিই পেট্রলম্যানের অনুরোধটি আইনত রক্ষা করতে পারেন।

পুলিশের একটি গাড়ি চিফ কার্তেজ এবং ডেপুটি চিফ স্যাভেজকে বহন ক'রে নিয়ে আসলো। ওটার ভেতরে একটা চাদরে টাকা স্ট্রেচার রাখা আছে। তার পাশেই প্রফেসর হেইউড এবং তার এক ছাত্র, যেকিনা তার সহযোগী হিসেবে কাজ করছে এখন। হেইউড সার্জিক্যালের ওপর শিক্ষা নিয়ে ময়নাতদন্তে বেশ দক্ষ ক'রে তুলেছেন নিজেকে। বার্নিকোটের আপত্তি থাকা সত্ত্বেও, পুলিশ মাঝে মাঝেই প্রফেসরকে ডেড হাউজে নিয়ে গিয়ে মতামত জানতে চায়।

হোম্‌স বেশ আগ্রহের সাথে খেয়াল করলেন যে, দরজার সামনে দু'জন কনস্টেবলকে চিফ কার্তেজ দাঁড় করিয়ে রেখেছে। এই রাত বিরাতে মেডিকেল কলেজে কে অনুপ্রবেশ করলো সেটার পরোয়া কে করে? কার্তেজ মৃতদেহের উপর থেকে চাদরটা কেবলমাত্র হাটু পর্যন্ত তুলে দিলো। এটুকুই যথেষ্ট। এ দৃশ্য না দেখারই চেষ্টা করলো হোম্‌স।

পা দুটো–কেবলমাত্র পা দুটো–মশালের মতোই জ্বালানো হয়েছে আগুনে, আর যেরকম গন্ধ আসছে তাতে মনে হচ্ছে সেটা কেরোসিন দিয়েই পোড়ানো হয়েছে। পুড়িয়ে একেবারে অঙ্গার করে ফেলা হয়েছে, হোমস্ ভাবলেন। একেবারে ভড়কে গেছেন তিনি। সন্ধি থেকে বিচ্ছিন্ন হয়ে দুটো হাঁড় গোড়ালী থেকে অদ্ভুতভাবে বের হয়ে আছে। চামড়াটা দেখে চেনা মুশকিল। আগুনে পুড়ে কালো হয়ে গেছে। গোলাপী রঙের মাংসগুলো বের হয়ে আছে। ভালো ক'রে দেখার জন্যে প্রফেসর হোমস্ হাটু গেঁড়ে ব'সে পড়লেন।

যদিও কয়েক'শ লাশ কাঁটাছেঁড়া করেছেন, তারপরও ডাঃ হোম্‌স তার সহকর্মীদের মতো শক্ত হৃদয়ের মানুষ নন, তাই এক্সামিন টেবিল থেকে একটু দূরে সরে এলেন তিনি। একজন প্রফেসর হিসেবে, হোমস কেবলমাত্র একবারই তার ক্লাসরুম থেকে বের হয়ে এসেছিলেন তার ডেমন্সট্রেটরকে ঘুষিয়ে-সুঝিয়ে রাজি করিয়ে, সেব্যাপারে কোনো অনুযোগ না জানিয়ে, তখন একটি জীবন্ত খোরগোশকে ক্লোরোফর্ম দিয়ে অজ্ঞান করার কাজ চলছিলো।

হোমসের মাথা ঘুরতে শুরু করলো। আচম্‌কাই তার মনে হলো ক্লোরোফর্মের কারণে ঘরের বাতাস কমে গেছে। তিনি জানেন না, এই ময়নাতদন্তের কাজটি কতোক্ষণ ধরে চলবে, তবে তিনি নিশ্চিত, মাথা ঘুরে প'ড়ে যাওয়ার আগেই সট্‌কে পড়বেন, বেশিক্ষণ এখানে থাকবেন না। হোমস্ চাদরটা সরিয়ে মৃতদেহের বাকী অংশটা উন্মুক্ত করলেন। মৃতব্যক্তির সুতীব্র যন্ত্রণার ছাপটি উন্মোচিত হলো। লাল টক্‌টকে মুখ, আর চোখে গালে ময়লা লেগে রয়েছে। পুরো নগ্ন দেহটার ওপরে হোম্‌স চোখ বুলালেন।

হেউড মৃতদেহের ওপর ঝুঁকে থাকার জন্যে এবং চিফ কার্তেজ তাকে একের পর

BanglaBook.org

www.BanglaBook.org

এক প্রশ্ন করার কারণে হোমস্ লাশের মুখটা দেখে চিনতে পারলেন না। হোমস্‌কে কেউ চুপ থাকতে বলে নি, আর হারভার্ডের এনাটমি এবং ফিসিওলজির একজন পার্কম্যান অধ্যাপক হিসেবে তাদের সঙ্গে তিনি আলোচনায় যোগ দিতেই পারেন। কিন্তু হোমস্ কেবল তার গলায় সিল্কের কাপড়টা আলগা করতেই ব্যস্ত রইলেন। তিনি অস্থিরভাবে চোখ পিটপিট ক'রে তাকালেন, নিজের নিঃশ্বাস বন্ধ ক'রে রাখবেন নাকি বুকের মধ্যে ইতিমধ্যে জ'মে থাকা বাতাস নির্গত করবেন, বুঝে উঠতে পারছেন না। আরেকটু সময় অতিক্রান্ত হলেই যেনো তিনি মাথা ঘুরে মাটিতে প'ড়ে যাবেন। উপস্থিত একজন লোক হোমস্‌কে জিজ্ঞেস করলো তিনি অসুস্থ কিনা। লোকটি ভদ্র, দেখতে সুন্দর এবং জ্বলজ্বলে চোখ তার। তাকে দেখে একজন মুলাট্টো বলেই মনে হচ্ছে। সে কথা বলছে বেশ পরিচিত ভঙ্গীতে, এরকম ঘোর লাগা মুহূর্তেও হোমস্ মনে করতে লাগলেন : এই অফিসারটি দাস্তে ক্লাবের মিটিংয়ের সময় লাওয়েলের সঙ্গে দেখা করতে এসেছিলো।

"প্রফেসর হোমস্? আপনি কি প্রফেসর হেউডের মূল্যায়নের সাথে এক মত পোষণ করছেন?" চিফ কার্তেজ জানতে চাইলো। হোমস্ লাশের কাছ থেকে নিজেকে দূরে সরিয়ে রাখার কারণে হয়তো নিতান্তই ভদ্রতাবশত তাকে ময়নাতদন্ত সর্ম্পকে এ কথা বলা হলো। হোম্‌স মনে করার চেষ্টা করলেন হেউড এবং চিফ কার্তেজের বাক্যালাপটি তিনি খেয়াল করেছেন কিনা। মনে হলো হেউডের একটা মন্তব্য স্মরণ করতে পারছেন, যেখানে তিনি বলছিলেন যে, আগুনে পা পোড়োনার সময় নিহত ব্যক্তি জীবিত ছিলেন। লোকটি অবশ্যই এই অত্যাচারটি থামানোর ব্যাপারে ছিলেন একবারেই অসহায়, আর লোকটির মুখ দেখে এবং তার অন্য কোনো ক্ষতস্থানের অনুপস্থিতি দেখে স্পষ্টতই প্রতীয়মান হচ্ছে যে, তিনি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেছেন।

"অবশ্যই," হোম্‌স মন্তব্য করলেন। "হ্যা, তাতো নিশ্চয়, অফিসার।" হোম্‌স দরজার দিকে পিছু হটলেন যেনো কোনো মারাত্মক বিপদ থেকে পালাতে চাইছেন। "সম্ভবত, এ যাত্রায় আমাকে ছাড়াই আপনারা কাজটি করতে পারবেন?"

চিফ কার্তেজ প্রফেসর হেউডের সঙ্গে আবারো আলাপে মগ্ন হতেই হোম্‌স দরজার দিকে চলে গেলেন। হল দিয়ে সোজা বাইরের প্রাঙ্গণে এসে যতোদূর সম্ভব বুক ভরে বাতাস নিলেন তিনি।

• • •

বোস্টনের সেই কঠিন সময়টা অতিক্রম হতেই ডাক্তার সাহেব একসারি ঠেলাগড়ির পাশ দিয়ে যেতে যেতে রেভারেন্ড ট্যালবোটের মৃতদেহের কথাটি ভাবলেন। বিব্রত এবং বিপর্যস্ত হবার কারণে তিনি এখনও জানতে পারেন নি যে, ট্যালবোটকে খুন করা হয়েছে। তাই, এই আলোড়নসৃষ্টিকারী খবরটি ফিল্ডস্ অথবা লাওয়েলের সঙ্গে

BanglaBook.org

www.BanglaBook.org

আগাভাগি করতে পারলেন না। একজন মেডিকেল ডাক্তার, প্রফেসর, চিকিৎসাবিদ্যার পার্লামেন্টের একজন তুখোড় বক্তা ডাঃ অলিভার ওয়েন্ডেল হোম্‌স একটি লাশ দেখে ভূত দেখার মতো কাঁপতে পারলেন কী ক'রে? ওয়েন্ডেল জুনিয়র তার বাবার এই ভীতুর ডিমের মতো কাঁপাকাঁপির খবরটা শুনে বেশ মজা পাবে। তার ছেলে যে, নিজের বাবার চেয়ে ভালো ডাক্তার, প্রফেসর এবং স্বামী হবে সে ব্যাপারে নিজের অনুভূতি মোটেও বাবার কাছ থেকে লুকিয়ে রাখে না।

যদিও তার বয়স এখনও পচিশ হয়নি, তারপরও, জুনিয়র যুদ্ধক্ষেত্রে বেশ সময় কাটিয়েছে, দেখেছে লাশের স্তূপ, তার র‍্যাঙ্কের প্রায় পুরো দলটিকেই কামানের গোলায় লণ্ডভণ্ড হতে দেখেছে চোখের সামনে, মানুষের নাড়িভুড়ি, অঙ্গ-প্রত্যঙ্গ মরা পাতার মতো তার ওপর আছড়ে পড়তে দেখেও সে ভয়ে কাঠ হয়ে যায় নি। তার চাচাতো ভাই যখন তাকে জিজ্ঞেস করছিলো, কেন ওয়েন্ডেল জুনিয়রের গোঁফ খুব দ্রুত গজায় যেখানে তারটা শত চেষ্টা করেও গজায় না, জুনিয়র বেশ রুক্ষভাবে জবাব দিয়েছিলো, "আমার রক্তে সাহস নামক বস্তুটি রয়েছে।"

এখন ডাঃ হোম্‌স তার জানা ভালো মানের রুটি বানাবার প্রক্রিয়াটি মনে করলেন। বোস্টনের সেরা ব্যবসায়ীদের কাছ থেকে জানা সবগুলো টিপ্‌স স্মরণ করলেন তিনি। দোকানীর পণ্যটি ধরে উদাসীনভাবে কিন্তু একজন ডাক্তারের দৃঢ়প্রত্যয়ী হাতে রক্ষভাবে মোচড়ালেন। কপালের ঘাম মুছতেই হাতের রুমালটি একেবারে ভিঁজে গেলো। পরের স্টলে কয়েকজন নোংরা বৃদ্ধা মহিলা ময়দার গোলা দলাই মলাই করছে।

এক আইরিশ গৃহিনীর দোকানে পৌছাতেই ডাক্তার সাহেব বুঝতে পারলেন মেডিকেল কলেজে যে কম্পনের সূচনা হয়েছিলো সেটা এখন আরো বেড়ে যাচ্ছে। এর কারণ এই নয় যে, বিকৃত মৃতদেহ দেখে তার অরুচি হয়। আর এটা এজন্যেও নয় যে, কারণ আলিশা ট্যালবোটকে খুবই বীভৎসভাবে মারা হয়েছে। না, বরং হত্যাকাণ্ডটার মধ্যে খুবই পরিচিত একটি ব্যাপার রয়েছে। খুবই পরিচিত।

হোম্‌স এক পাউন্ডের গরম একটা রুটি কিনে বাড়ির উদ্দেশ্যে রওনা হলেন। তার মনে হলো ট্যালবোটের মৃত্যুটা আগে থেকে জানা অদ্ভুত কোনো স্বপ্ন কিনা। তবে হোমস্ এধরনের কুসংস্কারে বিশ্বাস করেন না। এরকম ন্যক্কারজনক কাজের কথা তিনি অবশ্যই একবার পড়েছিলেন। সেই পড়ার বিস্তারিত খুটিনাটি যেনো ট্যালবোটের লাশটা দেখতেই মাথার ভেতর থেকে বের হয়ে এলো, যা বহু দিন ধ'রে সযত্নে ভাঁজ ক'রে রাখা ছিলো। কিন্তু কোন্ ধরণের লেখায় এরকম ভয়ঙ্কর বিষয় রয়েছে? কোনো মেডিকেল জার্নালে নয় সেটা। *বোস্টন ট্রান্সক্রিপ্ট*-এও নয়। পথের মাঝখানে হোম্‌স থমকে দাঁড়ালেন। যাজক লোকটি তার পায়ের আগুন নেভানোর জন্যে পা দুটোতে লাথি মারছেন, এরকম একটি দৃশ্যের কথা ভাবলেন...

"'*দাই ক্যালকাগ্‌নি আলে পুন্তে*,'" হোম্‌স বেশ উচ্চস্বরেই উচ্চারণ করলেন :

www.BanglaBook.org

তাদের পায়ের গোড়ালী থেকে পায়ের পাতা পর্যন্ত–এভাবেই দুর্নীতিগ্রস্ত যাজকেরা তাদের পাথরের গর্তে চিরকাল পুড়বে। তার হৃদয়টা মুচ্‌ড়ে উঠলো। "দান্তে! এটা তো দান্তে!"

ডাইনিংরুমের টেবিলের মাঝখানে এমেলিয়া হোম্‌স ঠাণ্ডা পেস্ট্রিটা এনে রাখলেন। নিজের পোশাকটা ঠিকঠাক ক'রে চাকরদের কিছু নির্দেশনা দিয়ে তিনি তার স্বামীকে খোঁজার জন্যে দরজার দিকে এগিয়ে গেলেন। তিনি নিশ্চিত, পাঁচ মিনিটেরও কম আগে ওপর তলার সিঁড়ি ঘরের জানালা দিয়ে ওয়েন্ডেলকে হাতে রুটি নিয়ে চার্লস স্ট্রট থেকে এদিকে আসতে দেখেছেন। রুটি আনতে তিনিই বলেছিলেন, কারণ রাতে কিছু বন্ধুবান্ধব খাবেন, এরমধ্যে এ্যানি ফিল্ডস্‌ও আছেন। (আর সবকিছু নিখুঁতভাবে না রাখলে একজন গৃহকর্ত্রী কিভাবে যোগ্যতার পরিচয় দেবে?) কিন্তু চার্লস স্ট্রটটা একেবারে ফাঁকা, কেবল ওখানকার গাছের ছায়াগুলোই দেখা যাচ্ছে। সম্ভবত তিনি জানালা দিয়ে অন্য কোনো টেইল কোট পরিহিত খাটো মানুষকে দেখেছিলেন।

পেট্রলম্যান রেইয়ের রেখে যাওয়া নোট পেপারটা হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলো পরীক্ষা ক'রে দেখলেন। তিনি বিক্ষিপ্ত অক্ষরগুলো ভালো ক'রে দেখেছেন। আরেকটা কাগজে লেখাগুলো কপি করেছেন, শব্দগুলো বিভিন্নভাবে সাজিয়ে নতুন কোনো শব্দ বানিয়ে দেখেছেন, অতীতের ভাবনা থেকে মিলিয়ে দেখেছেন। তার মেয়ে পোর্টল্যান্ডে তার ফুপুর বাড়িতে বেড়াতে গেছে, আর তার দুই ছেলে ভিন্ন দুটি দেশে ঘুরে বেড়াচ্ছে, সুতরাং কয়েকটা দিন তিনি একা একাই থাকবেন।

রেভারেন্ড ট্যালবোট যে সকালে খুন হয়েছেন, সেই সকালে, সদ্য ঘুম থেকে জেগে উঠে, ভোরের ঠিক আগে একটা ঘোরের মধ্যে বিছানায় বসেছিলেন কবি। এটা তার অভ্যাস। লংফেলোর ঘুমহীন রাতের কারণ কোনো ভয়ংকর স্বপ্ন কিংবা বেকায়দায় ঘুমানোর ফল নয়। সত্যি বলতে কী, তার আধো ঘুম আধো সজাগ অবস্থাটি তার কাছে বরং বেশ প্রশান্তির বলেই মনে হয়। নির্ঘুম রাতের অনেক ঘণ্টা কাটানোর পরও তার দিনের বেলায় কোনো ক্লান্তি লাগে না ব'লে তিনি কৃতজ্ঞ। কিন্তু কখনও কখনও, রাতের ল্যাম্পের বিবর্ন আলোতে লংফেলোর মনে হয় তিনি স্ত্রীর শান্ত মুখটা দেখছেন, তার দিকেই তাকিয়ে আছে বিছানার পাশে, ঘরের এককোণ থেকে, যেখানে সে মারা গিয়েছিলো। সেরকম সময়ে তিনি চম্‌কে উঠে ব'সে পড়েন। তার এই সাময়িক আনন্দটি মুহূর্তেই এক দুঃস্বপ্নের যন্ত্রণা হয়ে ওঠে। এরকম যন্ত্রণা লংফেলো কল্পনাও করতে পারেন না। তবে রাতের বেলায় যতো বিভীষিকাময় ছবিই তিনি দেখেন না কেন, সকালে তিনি একাই জেগে ওঠেন। লংফেলো তার

BanglaBook.org

www.BanglaBook.org

ক্যালামান্‌কো ড্রেসিং গাউনটা গায়ে চাপাতেই তার সাদা দাঁড়িগুলোকে একটু বেশি ভারি ব'লে অনুভূত হলো।

একটা ড্রেসকোট পরে সিঁড়ি দিয়ে নিচে নামলেন লংফেলো। বোতাম ঘরে একটা গোলাপও লাগানো আছে তাতে। বাড়িতেও তিনি পরিপাটি থাকতে পছন্দ করেন। সিঁড়ির নিচের ল্যান্ডিংয়ে দান্তের তরুণ বয়েসের একটি প্রতিকৃতির অনুলিপি টাঙানো আছে, ছবিটা এঁকেছেন একচোখের শিল্পী গিয়েত্তো। ফ্লোরেন্সের বারগেলোতে আঁকা হয়েছিলো গিয়েত্তোর ফ্রেস্‌কোটা, কিন্তু কয়েকশো বছরে সেটা ধুয়েমুছে বিস্মৃত হয়ে গেছে। এখন কেবল ধ্বংসপ্রাপ্ত ফ্রেস্‌কোর লিথোগ্রাফটিই টিকে রয়েছে। নির্বাসনে যাওয়ার আগে দান্তে গিয়েত্তোর সামনে বসেছিলেন ছবিটি আঁকার জন্যে। ভাগ্যের সঙ্গে তার যে যুদ্ধ তখন সেটা তাকে অতিক্রম ক'রে গেছে। তখনও তিনি বিয়াত্রিচের একজন নিরব পাণিপ্রার্থী ছিলেন। মাঝারি আকৃতির এক তরুণ, গাঢ়, বিষন্ন আর ভাবুক মুখের একজন মানুষ। তার চোখ দুটো বেশ বড়, নকটা বাঁকানো, নিচের ঠোঁটটা পুরু আর চেহারায় প্রায় রমণীয় কোমলতার ছোঁয়া।

তরুণ দান্তে খুব কমই কথা বলতেন, যদি না কেউ তাকে প্রশ্ন করতো, কিংবদন্তী সেরকমই বলে। নিজের ভালো চিন্তার বাইরে খুব কম জিনিসই তার মনোযোগ আকর্ষণ করতো। একবার সিয়েনার এক ঔষধের দোকানে দূর্লভ একটি বই পেয়ে দোকানের বাইরে বেঞ্চে ব'সে সারাদিনভর প'ড়ে ছিলেন, বাইরের একটি উৎসব আর গানবাজনা, নৃত্য এসব তিনি একদমই খেয়াল করেন নি। যেনো ঘোরের মধ্যে চলে গিয়েছিলেন।

লংফেলো যখন তার পড়ার ঘরে এক পাত্র জইয়ের তৈরি খাবার আর দুধ নিয়ে বসলেন, তখন পেট্রলম্যান রেইয়ের নোটটা নিয়ে না ভেবে পারলেন না। লক্ষ লক্ষ সম্ভাবনার কথা ভাবলেন, তার সামনে থাকা হিজিবিজি লেখাগুলোর সঙ্গে কয়েক ডজন ভাষা মিলিয়ে দেখে সেটা রেখে দিলেন–ড্রয়ারের ভেতরে। এই একই ড্রয়ার থেকে তিনি *ইনফার্নো*'র ষোড়শ এবং সপ্তদশ ক্যান্টোর কাগজটি বের ক'রে আনলেন। কাগজগুলোতে সাম্প্রতিক দান্তে বৈঠকে যেসব সাজেশন দেয়া হয়েছিলো সেগুলো সুন্দর ক'রে লিখে রাখা হয়েছে। তার ডেস্কে কিছু সময়ের জন্যে আসল কবিতাগুলো অনুপস্থিত রয়েছে। লংফেলোর সবচাইতে বিখ্যাত কবিতাগুলোর নতুন একটি 'হাউজ হোল্ড' সংস্করণ বের করেছেন ফিল্ডস্ এবং তাকে তার *টেলস অব এ ওয়ে সাইড ইন* বইটির লেখা শেষ করাতে রাজি করিয়েছেন। কিন্তু লংফেলোর মনে হচ্ছে, তিনি আর কখনও মৌলিক কিছু লিখতে পারবেন না। অবশ্য, এটা করার চেষ্টাও করছেন না এখন। দান্তের অনুবাদ তার নিজের কবিতা, তার *মাইনহাহাস*, *প্রিসিলাস*, আর *ইভানজেলিন*-এর একটি বিরতি। এই কাজটি শুরু হয়েছিলো পচিশ বছর আগে। এখন, বিগত চার বছর ধরে, দান্তে তার ভোরের প্রার্থনা আর দিনের কর্মকাণ্ড হয়ে উঠেছে।

www.BanglaBook.org

লংফেলো তার দ্বিতীয় এবং শেষ কফিতে চুমুক দিতে দিতে সেই রিপোর্টটার কথা ভাবলেন, যাতে বলা আছে যে, ফ্রান্সিস চাইল্ড গুজব ছড়াচ্ছে, ইংল্যান্ডে বন্ধুবান্ধব তৈরি করা হচ্ছে : "লংফেলো এবং তার গোষ্ঠী টাস্কান জ্বরে এতোটাই আক্রান্ত হয়েছেন যে, তারা এরকম কথা বলতেও দুঃসাহস দেখাচ্ছেন, দান্তের তুলনায় মিল্টন দ্বিতীয় শ্রেণীর একজন কবি।" ইংরেজ এবং আমেরিকার পণ্ডিতদের কাছে মিল্টন হলেন ধর্মীয় কবিদের মধ্যে আদর্শস্থানীয়। তবে মিল্টন স্বর্গ আর নরক সম্পর্কে সাবধানী লোকের মতো লিখেছেন। অন্য কেউ যাতে মনোকষ্ট না পান সে ব্যাপারে ফিল্ডস্ বেশ সতর্ক থাকেন, তিনি যখন কর্নার-এ লেখকদের ক'ক্ষে ব'সে আর্থার হিউ ক্লাফের কাছ থেকে চাইল্ডের মন্তব্যটি শুনেছিলেন, হেসেই গড়িয়ে পড়েছিলেন, তবে এটা লংফেলোকে খুব বেশি বিব্রত করেছিলো।

লংফেলো তার পালকের কলমটা ভেঁজালেন। তিনটি নক্সা করা কালির দোয়াতের মধ্যে এটাকেই তিনি বেশি মূল্য দিয়ে থাকেন। এটা একসময় স্যামুয়েল টেলর কলোরিজের ছিলো, তারপর লর্ড টেনিসনের, যিনি লংফেলোকে উপহার হিসেবে দিয়েছিলেন, তার দান্তের অনুবাদ যাতে ভালো হয় সেই কামনাও জানিয়েছিলেন। একঘরে হয়ে থাকা টেনিসন হলেন দেশের অল্প কয়েকজন হাতে গোনা লোকের মধ্যে অন্যতম যিনি দান্তেকে সত্যিকারভাবে বোঝেন এবং তাকে খুবই উঁচু আসনে অধিষ্ঠিত ক'রে থাকেন। তিনি *ইনফার্নো*'র চেয়ে *কমেদি*-ই বেশি বোঝেন এবং পড়েন। স্পেন কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা, আক্রমণ আর ইনকুইজেশনের আগে দান্তেকে স্পেনিয়রা বেশ ভালোভাবেই গ্রহণ করেছিলো। দান্তের 'নিষ্ঠুরতা'র প্রতি ভলতেয়ার ফরাসি বিদ্বেষ শুরু করেছিলেন, যা এখনও অব্যাহত রয়েছে। এমনকি ইতালিতে, যেখানে দান্তে সবচাইতে বেশি পরিচিত, সেখানেও কবিকে বিভিন্ন দলের মধ্যে স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ন্ত্রণের যে লড়াই তাতে অংশ নিতে বাধ্য করা হয়েছিলো। লংফেলো প্রায়শই ভাবেন, নির্বাসনে থাকাকালীন লেখা *দিভাইন কমেদি*'র জন্যে দান্তেকে প্রথমেই দুটো জিনিস করা উচিত ছিলো : প্রথমটি হলো মাতৃভূমিতে ফিরে আসার লড়াইয়ে বিজয় অর্জন করা, আর দ্বিতীয়টি হলো, বিয়াত্রিচের সাথে আবার দেখা করা, যা তিনি কখনই করেন নি।

দান্তে গৃহহীন লোকের মতো ঘুরে বেড়াতেন, এমনকি লেখার কালিও তাকে ধার করতে হতো। তিনি যখন কোনো অচেনা শহরে এসে হাজির হতেন তখন নিজেকে স্মরণ করিয়ে দিতেন, আর কখনও ফ্লোরেন্সে প্রবেশ করবেন না। তিনি যখন দূরের পাহাড়ের চূড়ায় এক সামন্ত প্রাসাদের টাওয়ারের দিকে তাকিয়ে ছিলেন, তার মনে হয়েছিলো ক্ষমতাবানরা কতোটাই না উন্নাসিক, আর দূর্বলের ওপর কী নির্যাতনই না করে তারা। প্রতিটি নদী আর জলপ্রপাত তাকে আর্নো'র কথা স্মরণ করিয়ে দিতো : যখনই তিনি কোনো বিদেশী ভাষা শুনতেন, বুঝতেন, তিনি নির্বাসনে আছেন। দান্তের কবিতা তার ঘরে ফেরার অন্বেষণ ছাড়া আর কিছুই না।

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলো তার সময়কে যথাযথভাবে ব্যবহার করার জন্যে খুব বেশি নিয়মনিষ্ঠ। তিনি লেখার জন্যে সকালের দিকটা বেছে নেন আর সকালের শেষ দিকটা ব্যক্তিগত কাজের জন্যে বরাদ্দ রাখেন। বারোটা বাজার আগে কাউকে বাড়িতে দর্শন দেন না কেবল, তার নিজ সন্তান ছাড়া।

কবি তার জবাব না দেয়া চিঠির স্তূপটা বাছাই ক'রে অটোগ্রাফ দেয়া ছোটো ছোটো কাগজের বাক্সের কাছে গেলেন। কয়েক বছর আগে *ইভানজেলিন* প্রকাশ হবার পর থেকেই তার জনপ্রিয়তা বেড়ে গেছে, নিয়মিতভাবেই লংফেলো অজানা-অচেনা লোকের কাছ থেকে চিঠি পান, যেগুলোর বেশিরভাগই তার স্বাক্ষর চেয়ে লেখা হয়ে থাকে। ভার্জিনিয়ার এক তরুণী তার এক নগ্ন প্রতিকৃতি পাঠিয়েছিলো, যার পেছনে লেখা ছিলো : 'এতে কোনো খুঁত খুঁজে পাওয়া যাবে কি?' নিচে মেয়েটির ঠিকানাও ছিলো। লংফেলোর ভুরু কেবল কপালে উঠেছিলো। কোনো কথা না লিখে তিনি স্বাক্ষর দিয়ে চিঠি পাঠিয়ে দিয়েছিলেন। দুই ডজন খামের মুখ বন্ধ ক'রে লংফেলো আরেক মহিলাকে আন্তরিকভাবে প্রত্যাখ্যান ক'রে লিখলেন। তিনি অসৌজন্যমূলক আচরণ করতে পছন্দ করেন না, কিন্তু এই মহিলা পঞ্চাশটি অটোগ্রাফ চেয়ে অনুরোধ করেছে, ব্যাখ্যা ক'রে বলেছে, সে নাকি এগুলো ডিনার পার্টিতে আসা তার অতিথিদেরকে উপহার দেবে। অনুরোধটি পেয়ে তিনি খুবই মজা পেলেন।

চিঠির স্তূপ থেকে নিউ ইয়র্কের অবার্ন-এর এক তরুণী, মেরি ফ্রেরের চিঠিটা পেয়ে লংফেলো বেশ খুশি হলেন। নাহান্টে গ্রীষ্মকালীন অবকাশের সময় এই মেয়ের সঙ্গে লংফেলো বেশ ঘনিষ্ঠ হয়ে উঠেছিলেন, তারা সেখানে অনেক রাত ঘুরে বেড়িয়েছিলেন। সমুদ্রতীরে ব'সে তারা সঙ্গীত আর কবিতা নিয়ে কথা বলেছেন। কথা বলতে বলতে মেয়েটি তার কোলে ঘুমিয়েও পড়েছে। লংফেলো মেয়েটিকে দীর্ঘ একটি চিঠি লিখলেন, তার সঙ্গে সম্পর্কিত তিনটি মেয়ে প্রায়শই যারা তার কাছে জানতে চায়, ঐদিন তাঁদের কথাবার্তার পর কী হয়েছিলো, সেকথা জানালেন। মেয়েগুলো তার কাছে আকুতিও জানায়, মিস্ ফ্রেরে এরপর কোথায় গ্রীষ্মকালটা কাটাবেন সেটা যেনো খুঁজে বের করা হয়।

তিনি চিঠিগুলো রেখে জানালার কাছে যে ডেস্কটা আছে সেখানে গিয়ে বসলেন। কবি সবসময় হেমন্তকালে লেখার নতুন সৃজনশীল শক্তি প্রত্যাশা করেন। জানালার ওপাশে কয়েক একরের বিস্তীর্ণ সবুজ প্রান্তর, সাম্প্রতিককালে এটা তিনি কিনেছেন। এই সবুজ প্রান্তরটি গিয়ে শেষ হয়েছে চার্লস নদীতে। একটা জনপ্রিয় কথা চালু আছে যে, তিনি এই জমিটা কিনেছেন বাড়ির মূল্য বাড়ানোর জন্যে, কিন্তু সত্যি বলতে কী, তিনি কেবল দৃশ্য দেখার কথা মাথায় রেখেই এটি করেছেন।

গাছগুলোতে বাদামী রঙের ফল ছাড়া কোনো পাতাই নেই, বনে কোনো ফুল নেই, কেবল গুচ্ছগুচ্ছ স্ট্রবেরি ছাড়া। বাতাসের কণ্ঠ বেশ রুক্ষ—সেটা প্রেমিকের কণ্ঠ নয়, কর্তৃত্বপূর্ণ স্বামীর কণ্ঠ।

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলোর দিনটা বেশ ভালোই কাটলো, রাতে খেয়ে দেয়ে একটা পত্রিকা নিয়ে বসলেন। তবে পড়ার ঘরে বাতি জ্বালাবার পর অল্পকয়েক মিনিটই পত্রিকা নিয়ে কাটালেন। *ট্রান্সক্রিপ্ট*-এর বিলম্বিত সংস্করণে এডনাহ্ হিলির চম্‌কে দেয়া ঘোষণাটি ছাপা হয়েছে। আর্টিকেলটাতে আর্টেমাস হিলির হত্যাকাণ্ডের বিশদ বিবরণ দেয়া হয়েছে। লংফেলো আর বেশি পড়তে পারলেন না, যদিও আর্টিকেলের কিছু বর্ণনা কয়েক ঘণ্টা বাদেও তার মনে অনিচ্ছাসত্ত্বেও ঘুরঘুর করলো। এটা প্রধান বিচারপতির মৃত্যু যন্ত্রণার জন্যে নয় যার জন্যে লংফেলো সহ্য করতে না পেরে পত্রিকা পড়া বন্ধ ক'রে দিলেন।

জুলাই, ১৮৬১ সাল, লংফেলোর পরিবারের নাহান্ট-এ থাকার কথা ছিলো। নাহান্টে তখন ঠাণ্ডা বাতাস বয়ে যাচ্ছিলো, কিন্তু কেউ মনে করে নি, লংফেলো এখনও তীব্র রোদ আর গরমের ক্যামব্রিজ ছেড়ে যান নি।

পাশের লাইব্রেরি থেকে পড়ার ঘরে একটা তীব্র চিৎকার ভেসে এলো। মেয়ে দুটো ভয়ে চিৎকার করছে। তার স্ত্রী ফ্যানি লংফেলো আট বছরের ছোট্ট মেয়ে এডিথের সাথে ব'সে ছিলেন আর এগারো বছরের এলিস সদ্য কাটা চুলগুলো একটা বাক্সে ভরে সেটার মুখ বন্ধ করছিলো। ছোট্ট এ্যানি এ্যালেগ্রা ওপর তলায় গভীর ঘুমে আচ্ছন্ন তখন। কেউ ঠিক মতো দেখে নি কী ঘটেছে। ফ্যানি বাতাস আসার জন্যে একটা জানালা খুলে দিলে কাছে রাখা মোমবাতির আগুন বাতাসে পরিপুষ্ট হয়ে তার গ্রীষ্মের পাতলা পোশাকটা স্পর্শ করলে মুহূর্তেই তার শরীরে আগুন ধ'রে গেলো।

লংফেলো তার পড়ার ঘরের স্ট্যান্ডিং ডেস্কে ছিলেন। পাশের ঘর থেকে ফ্যানি চিৎকার ক'রে দৌড়ে এলেন। তার পোশাক আগুনে পুড়ছে, আগুনের শিখা সিল্ক কাপড়ের মতো লেপ্টে ধরেছে তার সারা শরীর। লংফেলো একটা কার্পেট দিয়ে স্ত্রীকে জড়িয়ে ধ'রে মাটিতে শুইয়ে দিলেন।

আগুন নিভে গেলে তিনি স্ত্রীর কম্পিত দেহটা পাজাকোলা ক'রে ওপর তলায় নিয়ে গিয়েছিলেন। পরে, সেদিন রাতে, ডাক্তাররা তাঁকে ঘুমের ঔষুধ দিয়ে বিশ্রামে থাকতে দিলেন। সকালবেলায় ফ্যানি লংফেলোকে এই ব'লে আশ্বস্ত করলেন যে, তার এখন খুব ভালো অনুভূত হচ্ছে আর ব্যথাও কম লাগছে। একটু কফি খেয়েই তিনি কোমায় চলে গেলেন। ক্রেইগি হাউজে তাদের আঠারোতম বিয়ে বার্ষিকীতে শেষকৃত্য অনুষ্ঠিত হলো। পুরো দেহের মধ্যে তার মাথাটাই কেবল আগুনের হাত থেকে রক্ষা পেয়েছিলো।

কবি সেদিন নিজেকে তার শোবার ঘরের বিছানায়ই আবদ্ধ রেখে নিজের আগুনে পুড়ে ছিলেন। তবে তিনি নিচের পার্লার থেকে তার বন্ধুদের আর নারী-পুরুষের সুতীব্র কান্নার শব্দ ঠিকই শুনতে পেয়েছিলেন, এই কান্নাটি যেমন ছিলো ফ্যানির জন্যে তেমনি সেটা ছিলো তার জন্যেও। এরকম ঘোরের মধ্যেও তিনি কান্না শুনে বুঝতে পারছিলেন কে কাঁদছে। তার মুখের কিছু অংশ আগুনে পোঁড়ার কারণে দীর্ঘ আর ঘন দাড়ি রাখার

BanglaBook.org

www.BanglaBook.org

প্রয়োজনীয়তা দেখা দিয়েছিলো–কেবলমাত্র আগুনে পোঁড়া ক্ষতচিহ্ন ঢাকার জন্যেই নয়, আসলে তিনি আর শেভ করতে পারতেন না। তার হাতের চামড়ায় দীর্ঘদিন ধ'রে আগুনের পোঁড়ার চিহ্নটি রয়ে গিয়েছিলো। আর সেটা বার বার তার ব্যর্থতাকেই স্মরণ করিয়ে দিতো। এখন অবশ্য সেই দাগ মুছে গেছে।

লংফেলো তার শোবার ঘরে ধীরে ধীরে সেরে উঠেছিলেন। এক সপ্তাহের মতো সময় ধরে, হলের পাশ দিয়ে যাবার সময় তার সন্তানেরা ভূতুরে কথাবার্তা শুনতে পেতো। ছোট্ট এ্যানি, ভাগ্য ভালো যে, সে এতোই ছোটো ছিলো, এসব বুঝতো না।

"কেন তাকে বাঁচাতে পারলাম না আমি? কেন তাকে বাঁচাতে পারলাম না?"

ফ্যানির মৃত্যু তার কাছে বাস্তবিক ব'লে মনে হবার পর, নিজের মেয়েদের দিকে কোনোরকম ভেঙে না প'ড়ে আবার তাকানোর পর, লংফেলো তার ড্রয়ারটা আবার খুললেন, যেখানে তিনি দান্তের অনুবাদের কিছু খসড়া রেখেছিলেন। এগুলোর বেশির ভাগই অনেকটা শ্রেণীকক্ষের অনুশীলন হিসেবে করা হয়েছিলো, যখন তার হাতে কোনো কাজ ছিলো না। সেইসব কাগজগুলো আগুনের খিদে মেটালো। এটা তো দান্তের কোনো কবিতা নয়, এটা হলো হেনরি লংফেলোর কবিতা–ভাষা, আঙ্গিক, ছন্দ–তার নিজের জীবনের সব উপাদানে ভরা কবিতা। *পারাদিসু* নিয়ে আবার শুরু করতেই তিনি এবার আর দান্তের শব্দ, ভাষা অনুবাদ করার পিছু নিলেন না। তিনি দান্তেকে অনুসরণ করলেন কেবল। লংফেলো নিজেকে তার ডেস্ক থেকে সরিয়ে রেখে তার তিন যুবতী কন্যা, সন্তানদের গৃহপরিচারিকা আর তার ধৈর্যশীল ছেলেদের–এখন তারা অস্থির যুবক–তার ভাড়াটে সাহায্যকারী এবং দান্তের কথা ভাবলেন। লংফেলো দেখলেন তিনি নিজের কবিতা মোটেই লিখতে পারছেন না, কিন্তু দান্তের কবিতার অনুবাদ লিখে চলছেন বিরামহীনভাবে। তার হাতের কলমটা মনে হলো বিশাল এক হাতুড়ি। দূর্দান্ত শক্তি তাতে।

আর খুব দ্রুতই লংফেলো তার টেবিলের চারপাশে উৎসাহদাতাদের পেয়ে গেলেন : প্রথমে লাওয়েল, তারপর হোমস্, ফিল্ডস্ এবং গৃন। লংফেলো প্রায়শই বলেন, তারা দান্তে ক্লাব গঠন করেছেন নিউ ইংল্যান্ডের শীতের ঠাণ্ডার সময় নিজেদেরকে আমোদিত করার জন্যে।

ইনফার্নো'র সাম্প্রতিক লেখা নতুন ছত্রগুলোর সম্পাদনা শুরু করতেই লংফেলো ক্রেইগি হাউজের বাইরে থেকে একটা ভোতা শব্দ শুনতে পেলেন। ট্র্যাপ কুকুরটা তীক্ষ্ণ একটা আর্তনাদ করলো।

"মাস্টার ট্র্যাপ? কী হয়েছে?"

কিন্তু ট্র্যাপ শব্দটির উৎস সম্পর্কে কোনো কিছু খুঁজে পেলো না, গজগজ করতে করতে নিজের ঝুড়িতে ফিরে এলো সে। লংফেলো তার বাতি নেভানো খাবার ঘর থেকে বাইরে উঁকি দিলেন কিন্তু কিছুই দেখতে পেলেন না। একটা চোখ ঝলসানো আলোর পরপরই একজোড়া চোখ অন্ধকার থেকে যেনো বেরিয়ে এলো। মুখটা

BanglaBook.org

www.BanglaBook.org

যেভাবে এলো তাতে ক'রে লংফেলোর হৃদস্পন্দটা লাফিয়ে উঠলো না, লাফিয়ে উঠলো চেহারাটা দেখেই, যদি এটা সেটা হয়ে থাকে, তার চোখে চোখ রাখার পর পরই উধাও হয়ে গেলো। তার নিঃশ্বাস দ্রুত হয়ে গেছে। হোচট খেয়ে প্রায় পেছনে প'ড়ে যাচ্ছিলেন লংফেলো, একটা ক্যাবিনের গায়ে ধাক্কা খেলে পুরো পরিবারের খাবারের ডিশগুলো মাটিতে প'ড়ে গেলো (ফ্যানির বাবার কাছ থেকে বিয়ের উপহার ছিলো সেগুলো, ক্রেইগি হাউজও এর মধ্যে পড়ে)। জিনিস-পত্রগুলোর ভাঙার ঝন্‌ঝন্ শব্দের কারণে লংফেলোর অহেতুক একটি চিৎকার শোনা গেলো।

ট্র্যাপ তার সমস্ত শক্তি নিয়ে ঘেউ ঘেউ ক'রে লাফাতে লাগলো। লংফেলো দৌড়ে খাবার ঘর থেকে পার্লারে চলে এলেন। তারপর লাইব্রেরির ফায়ারপ্লেসের ম্রিয়মান আগুনের কাছে। সেখানকার জানালা দিয়ে দেখলেন চোখ দুটোর মালিকের কোনো চিহ্ন দেখা যায় কিনা। তিনি আশা করলেন জেমি লাওয়েল অথবা ওয়েন্ডেল হোমস্ এসে বলবেন এরকমভাবে তাকে ভয় পাইয়ে দেবার জন্যে তারা খুবই দুঃখিত। কিন্তু লংফেলোর লেখার হাতটা কাঁপতে লাগলো আর তিনি কেবল জানালার বাইরে গাঢ় অন্ধকারই দেখতে পেলেন।

লংফেলোর চিৎকারের শব্দটা ব্রেটল স্ট্রিট-এ যখন শোনা গেলো তখন জেমস্ রাসেল লাওয়েলের দু'কান বাথটাবে অর্ধেক ডুবে রেখেছেন। তিনি দু'চোখ বন্ধ ক'রে ভাবছিলেন জীবনটা কোথায় চলে গেছে। মাথার ওপরের ছোট্ট জানালাটা একটু ফাঁক ক'রে খুলে রাখা হয়েছে আর রাতটা বেশ ঠাণ্ডাই বলা চলে। ফ্যানি যদি এখানে আসতো সে তাকে এক্ষুণি বিছানায় চলে যেতে বলতো, তাতে কোনো সন্দেহ নেই।

যখন বেশিরভাগ স্বনামধন্য কবি তার চেয়েও বেশি বৃদ্ধ হয়ে গেছেন তখন লাওয়েলের খ্যাতি বেড়ে গেছে। এর মধ্যে লংফেলো আর হোমস্‌ও পড়েন, তারা দু'জনেই বয়সে তার চেয়ে দশ বছরের বড়। তরুণ কবি শিরোনামটিতে তিনি এতোটাই অভ্যস্ত হয়ে গেছেন যে, এই আটচল্লিশ বছর বয়সে এসে তিনি কোনো ভুল ক'রে এটা হারাতে চান না।

নির্বিকারভাবে তিনি দিনের চতুর্থ সিগারেটটাতে কয়েকটা টান দিয়ে আনমনেই বাথটাবের পানিতে সিগারেটের ছাই ফেললেন। কয়েক বছর আগের কথা স্মরণ করলেন যখন এই বাথটাবটি তার শরীরের জন্যে বেশ সুপিরসরই ছিলো, মানে আয়তনটা শরীরের জন্যে স্বাচ্ছন্দ্য ছিলো। বাড়তি কিছু ক্ষুরের কথা ভাবলেন, যেগুলো এখন আর খুঁজে পাওয়া যাচ্ছে না, কয়েক বছর আগে সেগুলো শেল্‌ফের উপরে লুকিয়ে রেখেছিলেন তিনি। ফ্যানি আর ম্যাব কি তার চেয়েও বেশি স্পর্শাকাতর যে, তারা গোসল করার সময় প্রায়শই তাঁকে যে বাজে চিন্তাটা খুচিয়ে থাকে সেটা আন্দাজ করতে পারে? তার যৌবনে, প্রথম স্ত্রীর সঙ্গে দেখা হবার আগে, লাওয়েল তার

BanglaBook.org

www.BanglaBook.org

ওভারকোটের পকেটে এক ধরণের বিষ রাখতেন। তিনি বলতেন তার রক্তের মধ্যে কালো রক্তগুলো তার বেচারী মায়ের কাছ থেকে উত্তরাধিকারী সূত্রে পেয়েছেন। ঐ সময়েই, লাওয়েল একটি পিস্তল তার কপালে ঠেকিয়ে কক্ করেছিলেন, কিন্তু তিনি এতোটাই ভীত ছিলেন যে, ট্রগার টিপতে পারেন নি। এই কথাটা মনে হলে এখনও তিনি মনে মনে ভীষণ লজ্জিত হোন।

মারিয়া হোয়াইট লাওয়েল যখন মারা গেলেন, তার নয় বছরের বিবাহিত জীবনের স্বামী প্রথমবারের মতো নিজেকে বুড়ো ভাবলেন, তার মনে হয়েছিলো, যেনো আচমকাই তার একটি অতীত ছিলো, যা তার বর্তমান সময়কার জীবনের কাছে একেবারেই অজানা-অচেনা। সেখান থেকেই তিনি এখন এই সময়ে নির্বাসিত হয়েছেন। লাওয়েল তার তিক্ত আবেগ নিয়ে ডা: হোমসের সঙ্গে কথা বলেছেন। হোম্‌স রাতের বেলায়, সাড়ে দশটার দিকে বিরতি দিতে বলেছিলেন এবং সকালবেলা কফির বদলে ঠাণ্ডা পানি পান করার উপদেশ দিয়েছিলেন। সেটা খুবই ভালো ছিলো। তার এমন ধৈর্য নেই যে মৃত্যু পর্যন্ত যন্ত্রণা ভোগ করতে দেখবেন।

মারিয়ার মৃত্যুর পরে ফ্যানি ডানল্যাপ ছোট্ট মাবেলের গর্ভনেস হয়েছিলো। সম্ভবত সে নিজেকে মারিয়ার বিকল্প ভাবতো। নতুন স্ত্রী লাভের সন্ধিক্ষণটি, লাওয়েল যেমনটি ভেবে শংকিত হয়েছিলেন, ততোটা কঠিন ছিলো না। আর এজন্যে তার অনেক বন্ধুবান্ধব তাকে দোষও দিয়েছিলো। তবে তিনি নিজের জামার আস্তিনে দুঃখ ভাঁজ ক'রে রাখতেন না। লাওয়েল তার হৃদয়ের গভীর থেকে আবেগ ভরেই ঘৃণা করেছিলেন। তাছাড়া, সত্য কথা হলো, বেশির ভাগ সময়েই মারিয়া আর তার কাছে বাস্তব ব'লে মনে হোতো না। মারিয়া হলো একটা দৃশ্য, দূরবর্তী দৃশ্য, একটা ধারণা, আকাশের বুকের মৃদু একটি আলো, অনেকটা সূর্য ওঠার আগে অপসৃয়মান তারার মতো। লাওয়েল তার জার্নালে লিখেছিলেন 'আমার বিয়াত্রিচ,' কিন্তু এতো কিছুর পরও মারিয়া তার হৃদয়ের গভীরে, কোথাও, একটি জায়গা দখল ক'রে রেখেছে।

মাবেল ছাড়াও মারিয়ার সঙ্গে লাওয়েলের সংসারজীবনে আরো তিনটি সন্তান ছিলো, তাদের মধ্যে সবচাইতে ভালো স্বাস্থ্যের অধিকারী সন্তানটি বেঁচে ছিলো মাত্র দু'বছর। তার শেষ সন্তান ওয়াল্টারের মৃত্যুর এক বছর বাদেই মারিয়া মারা যায়। তাঁদের বিয়ের পর পরই ফ্যানির গর্ভপাত হয়ে যায়, যার কারণে সে সন্তান ধারণে অক্ষম হয়ে পড়ে। সুতরাং জেমস্ রাসেল লাওয়েলের একমাত্র জীবিত সন্তান, তার কন্যা, বাচ্চা নিতে অক্ষম দ্বিতীয় স্ত্রী কর্তৃক আইনগতভাবে দত্তক নেয়া।

মেয়েটি যখন ছোটো ছিলো, লাওয়েল ভাবতেন মাবেল হবে খুবই শক্তসামর্থ্য, দুষ্ট, কাদায় গড়াগড়ি খাওয়া, গাছে ওঠা এক তরুণী। তিনি মেয়েকে সাঁতার আর স্কেট শিখিয়েছেন। দিনে বিশ মাইল হাটাতেন মেয়েকে।

কিন্তু আগে লাওয়েলদের কেবল ছেলে সন্তানই ছিলো। জেমি লাওয়েলের তিন তিন জন ভাগ্নে ছিলো যারা ইউনিয়ন আর্মিতে কাজ করতে গিয়ে মারা গেছে। সেটাই

www.BanglaBook.org

ছিলো নিয়তি। লাওয়েলের দাদা ছিলেন ম্যাসাচুসেটের দাস প্রথা বিরোধী আইনের মূল লেখক। কিন্তু জে.আর লাওয়েলের কোনো ছেলে সন্তান হয়নি, জেমস্ রাসেল জুনিয়রদের কেউই তাদের সময়ে মহৎ কিছু করে নি। কয়েক মাসের জীবন পাওয়া ওয়াল্ট ছিলো একেবারে শক্তসামর্থ্য গড়নের, এটা নিশ্চিত, সে হতো ক্যাপ্টেন অলিভার ওয়েন্ডেল হোম্স জুনিয়রের মতোই সাহসী আর লম্বা।

লাওয়েল তার হাতির দাঁতের মতো দেখতে গোঁফে তা দিলেন। প্রান্তদেশ দুটো সুলতানদের গোঁফের মতো বাঁকানো। *নর্থ আমেরিকান রিভিউ*-এর কথা ভাবলেন। তার কী পরিমাণ সময়ই না এই পত্রিকা পড়ার কাজে ব্যয় হয়েছে। বলাবাহুল্য, গিলে খেয়েছে। পাণ্ডুলিপি সুসংগঠিত ক'রে উপস্থাপন করা তার প্রতিভার প্রতি অবিচার করারই শামিল। এইসব কাজ তিনি এখন সহ-সম্পাদক চার্লস এলিয়ট নরটনের ওপর ছেড়ে দিয়েছেন। অন্য লেখকের ভাষারীতি, আঙ্গিক, ব্যাকরণ দেখা–আর নির্বাচিত এবং অনির্বাচিত লেখার লেখকেরা, যারা তার ব্যক্তিগত বন্ধুও বটে, তাদের চাপ থাকতো লেখাগুলো প্রকাশ করার জন্যে–এগুলো সবই লাওয়েলের লেখার প্রতিভা আর সময় দুটোই ছিনতাই ক'রে ফেলেছে। শিক্ষকতার রুটিনটাও কবি সত্ত্বার আকাঙ্খাকে এলোমেলো ক'রে দেয়। আগের যেকোনো সময়ের তুলনায় এখন তার মনে হয় হারভার্ড কর্পোরেশন সবসময় তার ঘারের ওপর নিঃশ্বাস ফেলছে। তার মস্তিষ্কটাকে নিংড়ে, পিষে অথর্ব করে ফেলা হয়েছে ক্যালিফোর্নিয়ার অভিবাসীদের মতো। তার কল্পনা শক্তিটি ফিরে পেতে হলে তাকে এক বছর ধ'রে একটি গাছের নিচে শুয়ে থাকতে হবে। কোনো ধরণের কাজকর্ম না ক'রে কেবল ঘাসের ওপর সূর্যের আলোতে স্নান করতে হবে। কনকর্ডে তার বন্ধুর কাছে বেড়াতে গিয়ে তিনি হর্দনকে ঈর্ষা করেছিলেন। বাড়ির একেবারে ছাদের ওপর তিনি একটি টাওয়ার বানিয়েছেন যেখানে কেবল গোপন একটি কুঠুরী দিয়েই প্রবেশ করা যায়। ঔপন্যাসিক ভদ্রলোক সেখানে একটা চেয়ার রেখেছেন।

সিঁড়িতে যে আলো এসে পড়লো সেটা লাওয়েল দেখেন নি আর বাথরুমের দরজাটাও যে খুলে গেলো সেটাও খেয়াল করলেন না। ফ্যানি সেটা খুলে বাইরে এসে বন্ধ ক'রে দিলো।

লাওয়েল অপরাধবোধে ব'সে আছেন। "এখানে বাতাস খুব একটা আসে না, প্রিয়।"

ফ্যানির বড়বড়, প্রায় প্রাচ্যদেশীয় চোখে বিপদের ঝলকানি দেখা গেলো। "জেমি, মালির ছেলেটা এসেছে। আমি তাকে কি হয়েছে জিজ্ঞেস ক'রে ছিলাম, কিন্তু সে তোমার সঙ্গে কথা বলতে চাচ্ছে। তাকে মিউজিক রুমে বসিয়ে রেখেছি। ছেলেটার নিঃশ্বাসের সমস্যা আছে মনে হয়।"

লাওয়েল তার ড্রেসিং গাউনটা গায়ে চাপিয়ে হন হন ক'রে সিঁড়ি দিয়ে নিচে নেমে গেলেন। কদর্য তরুণটির উপরের পাটির দাঁত ঘোড়ার দাঁতের মতো, সেগুলো উপরের

BanglaBook.org

www.BanglaBook.org

ঠোঁট থেকে বের হয়ে আছে। ছেলেটা পিয়ানোর পাশে এমন নার্ভাসভাবে দাঁড়িয়ে আছে যেনো একটু পরই তার জীবনের প্রথম কনসার্টটি করতে যাচ্ছে।

"স্যার, বিরক্ত করার জন্যে ক্ষমা চাচ্ছি...আমি ব্রেটল থেকে এসেছি, মনে হয় এ-ইগি হাউজ থেকে একটা চিৎকার শুনেছি...ভাবলাম, প্রফেসর লংফেলোকে ডেকে জেনে নেই সব ঠিক আছে কিনা–সবাই তো বলে তিনি খুবই দয়ালু লোক–তবে, আমি তার সঙ্গে কখনও পরিচিত হইনি..."

ভয়ে লাওয়েলের হৃদস্পন্দনটা বেড়ে গেলো। তিনি ছেলেটার কাঁধে হাত রাখলেন। "কি ধরণের শব্দ শুনেছো তুমি, ছোকরা?"

"প্রচণ্ড আঘাতের শব্দ। কোনো কিছু ভাঙার শব্দ হবে, মনে হয়।" ছেলেটা অঙ্গভঙ্গী ক'রে বিফলভাবে শব্দটার বর্ণনা দিতে গেলো। "ছোট্ট কুত্তা–আহ্, তার নাম তো ট্র্যাপ, তাই না? বেশ হাকডাক করেছে। আমার ধারণা চিৎকারটা খুবই জোরে হয়েছিলো, স্যার। আমি কখনও এরকম আর্ত চিৎকার শুনি নি, স্যার।"

লাওয়েল ছেলেটাকে অপেক্ষা করতে ব'লে তার ড্রেসিং ক্লোসমেন্টের দিকে গেলেন। একটা স্লিপার আর ট্রাউজার বের করলেন, যেগুলো পড়ার ব্যাপারে সাধারণ কোনো সময় হলে ফ্যানি আপত্তি তুলতো।

"জেমি, তুমি এরকম সময়ে বাইরে যাবে না," ফ্যানি লাওয়েল জোর দিয়ে বললেন। রাত অনেক হয়ে গেছে।"

"লংফেলোর কিছু হয়েছে মনে হচ্ছে," তিনি বললেন। "মানে, ছেলেটার ধারণা কিছু একটা হয়েছে।"

ফ্যানি চুপ মেরে গেলেন।

লাওয়েল তার সঙ্গে শিকারের বন্দুকটা সঙ্গ নেবেন ব'লে ফ্যানিকে কথা দিলেন। কাঁধে সেটা ঝুলিয়ে মালির ছেলেটাকে সঙ্গে নিয়ে বেরিয়ে পড়লেন ব্রেটল স্ট্রট-এর উদ্দেশ্যে।

দরজার কাছে যখন এলেন তখনও লংফেলো কাঁপছেন, লাওয়েলের কাঁধে বন্দুক দেখে আরো কাঁপতে লাগলেন তিনি। তার এরকম আচরণের জন্যে তিনি ক্ষমা চাইলেন আর কোনো রকম ভূমিকা ছাড়াই সব খুলে বললেন। জোর দিয়ে বললেন যে, তার কল্পনা শক্তি ক্ষণিকের জন্যে বিপর্যস্ত হয়ে গিয়েছিলো।

"কার্ল," লাওয়েল মালির ছেলেটার কাঁধে আবারো হাত রেখে বললেন, "পুলিশ স্টেশনে গিয়ে তাড়াতাড়ি একজন পেট্রলম্যানকে ডেকে আনো।"

"ওহ্, তার কোনো দরকার হবে না," লংফেলো বললেন।

"অনেক চুরি-ডাকাতি হচ্ছে, লংফেলো, পুলিশ এসে পুরো এলাকাটি তল্লাশী ক'রে দেখুক, নিরাপত্তা নিশ্চিত করুক। স্বার্থপর হবেন না, প্লিজ।"

লাওয়েল অপেক্ষা করলেন লংফেলো হয়তো আরো কিছুক্ষণ এ নিয়ে লড়াই চালিয়ে যাবেন, কিন্তু সেটা তিনি করলেন না। লাওয়েল কার্লের দিকে ঈশারা করতেই

BanglaBook.org

www.BanglaBook.org

ছেলেটা ব্যাপক উৎসাহ আর জরুরি ভাব নিয়ে পুলিশ স্টেশনের দিকে রওনা হয়ে গেলো। ক্রেইগি হাউজের ভেতরে ঢুকে পড়ার ঘরের চেয়ারে ব'সে লাওয়েল তার ড্রেসিং গাউন আর ট্রাউজারটা ঠিক ক'রে নিলেন। লংফেলো এরকম ছোটোখাটো ব্যাপারে লাওয়েলকে বিরক্ত করার জন্যে ক্ষমা চেয়ে তাকে এল্‌ম উড-এ ফিরে যেতে বললেন। তবে চা খেয়ে যাবার জন্যেও তিনি চাপাচাপি করলেন।

জেমস্ রাসেল লাওয়েল আঁচ করলেন লংফেলোর ভয়ের কারণটা কোনো ছোটোখাটো ব্যাপার নয়।

"ফ্যানি হয়তো খুব কৃতজ্ঞ হয়েছে," হাসতে হাসতে তিনি বললেন। "সে আমার বাথটাবে থাকার সময় বাথরুমের জানালা খোলার স্বভাবটাকে ব'লে 'গোসল ক'রে মরা'।"

এমন কি এখনও, লংফেলোর কাছে লাওয়েল তার স্ত্রী ফ্যানির নামটি উচ্চারণ করতে অস্বস্তিতে ভোগেন। অবচেতনেই এই অবস্থাটি বদলাতে চেষ্টা করলেন। নামটা লংফেলোকে তাড়িত করে; তার হৃদয়ের ক্ষতটি এখনও টাট্‌কা আছে। কখনই তিনি তার নিজের স্ত্রী ফ্যানি সম্পর্কে কথা বলেন না। তাকে নিয়ে কখনও লেখেন নিও। এমনকি একটি সনেট কিংবা স্মৃতিগাঁথা কবিতাও লেখেন নি তার স্মরণে। তার জার্নালে ফ্যানি লংফেলোর মৃত্যুর ঘটনাটির উল্লেখ একবারের জন্যে ও করা হয় নি। ফ্যানির মৃত্যুর পর, লংফেলো টেনিসনের একটি কবিতা থেকে কেবল কয়েকটি লাইন টুকে জার্নালে লিখেছিলেন : 'ঘুমাও নিশ্চিন্তে, প্রিয়তমা আমর, শান্তিতে।' লাওয়েলের বিশ্বাস তিনি বুঝতে পারেন বিগত কয়েক বছর ধরে দান্তের কাছে ফিরে যাবার পর থেকে লংফেলো কেন মৌলিক কবিতা লিখতে পারছেন না বা লিখলেও খুব কমই লিখছেন। মৌলিক কিছু লিখলেও যে লেখাগুলোতে ফ্যানির নাম চলে আসবে, সেজন্যেই লেখেন না।

"হয়তো কোনো এক পর্যটক ওয়াশিংটন হাউজটা দেখার জন্যে এসেছিলেন," লংফেলো একটু হেসে বললেন। "আমি কি আপনাকে বলিনি যে, অন্য আরেক দিন একজন এখানে, 'জেনারেল ওয়াশিংটনের হেডকোয়ার্টা'র দেখতে এসেছিলো, মনে পড়ে? লোকটা জিজ্ঞেস করেছিলো এখানে শেক্সপিয়ার থাকতেন কিনা।"

তারা দু'জনেই হেসে উঠলেন। "ওহ্ ঈশ্বর! তাকে কী বলেছিলেন?"

"আমি বলেছিলাম শেক্সপিয়ার যদি এখানে এসে থাকেনও, তো, তার সঙ্গে আমার এখনও দেখা হয় নি।"

লাওয়েল আরাম কেদারায় হেলান দিয়ে শুলেন। "দারুণ জবাব। মনে হয় ক্যামব্রিজে কখনও চাঁদ ওঠে না, এ কারণেই এখানে এতো পাগল। এই সময়েও দান্তের ওপর কাজ করছিলেন?" লংফেলোর বের ক'রে আনা প্রুফগুলো পাশের টেবিলেই রাখা আছে। "মাই ডিয়ার বন্ধু। আপনার কলম তো সব সময়ই ভেঁজা থাকে। এভাবে লিখলে তো ক্লান্ত হয়ে উঠবেন।"

BanglaBook.org

www.BanglaBook.org

"আমি খুব একটা ক্লান্ত হই না। অবশ্য, কখনও কখনও এমনও মনে হয় যেনো পাদার মধ্যে চাকা আঁটকে গেছে। কিন্তু এই কাজটা আমাকে এমনভাবে তাড়া দেয় যে, লাওয়েল, আমাকে বিশ্রামই দিতে দেয় না।"

লাওয়েল প্রুফের কাগজটা ভালো ক'রে দেখতে লাগলেন।

"ষোড়শ ক্যান্টো," লংফেলো বললেন। "ছাপাখানায় এটা যাবার কথা থাকলেও কিছু অংশ আমি আবার নতুন ক'রে লিখছি। দান্তে যখন ফ্লোরেন্সবাসীদের সঙ্গে দেখা করলেন, তিনি বললেন, *'সি ফোজি স্তাতো দাল ফোকো কোর্পাতো...'*"

"'আমি কি নিজেকে আগুন থেকে বাঁচিয়ে রাখতে পারতাম'"– লংফেলো ইতালিয় ভাষায় আবৃত্তি করলে লাওয়েল সেটা অনুবাদ ক'রে বললেন, "'আমি তাদের মধ্যেই নিজেকে ছুঁড়ে ফেলেছি, আর আমার ধারণা আমার মাথা এতে ক'রে যন্ত্রণা পাবে।' হ্যা, আমাদের কখনও ভুলে গেলে চলবে না যে, দান্তে নরকের ব্যাপারে একেবারে বিশুদ্ধ দর্শক ছিলেন না। তিনি নিজেও, শারিরীক এবং মানসিকভাবে বিপদে ছিলেন পুরো ভ্রমণটাতে।"

"আমি ইংরেজিতে যথার্থ প্রতিশব্দ খুঁজে পাচ্ছি না। কেউ হয়তো বলবে, আমার মনে হয় আর কি, অনুবাদে আসল লেখকের কণ্ঠটা আরো বেশি নরম ক'রে ফেলা হয়েছে। তারচেয়েও বড় কথা, অনুবাদক হিসেবে আমি চাই, আমার অধিকার সমুন্নত রাখতে এবং সত্যকে বলার জন্যে দৃঢ় প্রতীজ্ঞ হতে, পুরো সত্য, সত্য বৈ অন্য কিছু নয়।"

ট্র্যাপ লংফেলোর দিকে চেয়ে ঘেউঘেউ করতে শুরু করলো আর তার প্যান্টের পায়ে খাঁমচাতে লাগলো।

লংফেলো হাসলেন। "ট্র্যাপ প্রায়শই প্রেসে যায়, যেতে যেতে তারও মনে হচ্ছে, সেও দান্তেকে পুরোপুরি অনুবাদ ক'রে ফেলেছে।"

কিন্তু ট্র্যাপ লংফেলোর অনুবাদের দর্শনের ব্যাপারে ঘেউ ঘেউ করছে না। কুকুরটা সামনের হলের দিকে চেয়ে আছে। লংফেলোর দরজায় জোরে জোরে আঘাত হলো।

"আহ, পুলিশ এসে গেছে," লাওয়েল বললেন, তাদের এতো দ্রুত গতিতে এসে পড়াতে মুগ্ধ হলেন। তিনি তার ভেঁজা গোঁফে তা দিলেন।

লংফেলো দরজা খুলে দিলেন। "আরে, অবাক করা ব্যাপার দেখছি," তিনি বেশ আতিথেয়তার ভঙ্গীতে বললেন।

"ব্যাপার কী," জে.টি ফিল্ডস্ মাথার টুপিটা খুলে ভুরু দুটো কুচকে বললেন। "তাস খেলার মাঝখানে আমি একটা মেসেজ পাই–বারলেটকে একেবারে হারাতে যাচ্ছিলাম তখন!" টুপিটা হ্যাঙ্গারে রাখতে রাখতে হাসলেন তিনি। "ওটাতে বলা ছিলো, এখানে এক্ষুণি আসতে। সবকিছু কি ঠিক আছে, মাই ডিয়ার লংফেলো?"

"আমি তো এরকম কোনো মেসেজ পাঠাই নি, ফিল্ডস্," লংফেলো বললেন। "আপনার সঙ্গে কি হোমস্ ছিলেন না?"

BanglaBook.org

www.BanglaBook.org

"না, তার জন্যে আমরা আধ ঘণ্টা অপেক্ষা করেছি।"

তাঁদের দিকে কতোগুলো শুকনো পাতা উড়ে এলো। কিছুক্ষণের মধ্যেই, ছোটোখাটো গড়নের অলিভার ওয়েন্ডেল হোমসের বুটজুতার শব্দ শোনা গেলো। ফিল্ডস্ একটু স'রে দাঁড়ালে হোম্‌স হন্‌হন্ ক'রে ভেতরে ঢুকে পড়লেন।

"হোমস?" লংফেলো বললেন। উদভ্রান্ত ডাক্তার ভদ্রলোক প্রচণ্ড আতংকের সঙ্গে খেয়াল করলেন যে, লংফেলোর হাতে দান্তের ক্যান্টোর একটা কাগজ ধরা।

"হায় ঈশ্বর, লংফেলো," ডাক্তার হোম্‌স আর্তনাদ ক'রে উঠলেন। "এগুলো সরিয়ে রাখুন!"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৬

দরজাটা খুব ভালো মতো লাগানো হয়েছে এটা নিশ্চিত হবার পর হোম্‌স হরবর ক'রে বলতে লাগলেন কিভাবে মার্কেট থেকে ফেরার পথে এটা তার মধ্যে উদয় হয়েছে এবং কিভাবে মেডিকেল কলেজে ফিরে গিয়ে সেখানে তিনি দেখতে পেয়েছেন যে–ঈশ্বরকে ধন্যবাদ!–পুলিশ ক্যামব্রজ স্টেশন ছেড়ে চলে গেছে। হোমস তার ভায়ের তাস খেলার টেবিলে একটা মেসেজ রেখে এসেছিলেন যাতে ফিল্ডস্ অতিসত্ত্বর ক্রেইগি হাউজে চলে যান।

ডাক্তার সাহেব লাওয়েলের হাতটা খপ্ ক'রে ধরে বেশ তাড়া দিয়ে ঝাঁকালেন, তিনি খুব কৃতজ্ঞ যে, তিনি এখানে আছেন। "মাই ডিয়ার লাওয়েল, এল্‌ম উড-এ আপনার কাছেও যাচ্ছিলাম আমি," হোম্‌স বললেন।

"হোম্‌স, আপনি কি পুলিশকে কিছু বলেছেন?" লংফেলো জানতে চাইলেন।

"লংফেলো, এবং বাকি সবাই, প্লিজ পড়ার ঘরে আসুন। আপনাদের সবাইকে প্রতীজ্ঞা করতে হবে, আমি যা বলবো তা কাউকে বলবেন না, এটা খুবই গোপনীয় একটি ব্যাপার।"

কেউ ভিন্নমত পোষণ করলেন না। এই ছোটোখাটো ডাক্তার ভদ্রলোককে খুবই চিন্তিত দেখাচ্ছে যে, ব্যাপারটা একেবারেই বিরল। তার অভিজাত কৌতুককর আচরণ অনেক আগেই তিরোহিত হয়েছে–এটা বোস্টনের বিনোদন আর এমেলিয়া হোমসের দুঃখের কারণ। "আজ একটা খুন হয়েছে," হোম্‌স একেবারে ভয়ার্ত আর ফিস্‌ফিসে কণ্ঠে বললেন, যেনো বাড়ির চারপাশে কান পেতে আছে অসংখ্য লোক আর একথাটি শুনে ফেলতে পারে শত্রুপক্ষের কেউ। তিনি ফায়ারপ্লেসের সামনে থেকেও সরে গেলেন, পাছে চিমনী দিয়ে তার কথাগুলো বের না হয়ে যায়। "মেডিকেল কলেজে," আবার বলতে শুরু করলেন, "কাজের জন্যে যাচ্ছিলাম, পুলিশ তখনই কমিশনে আসলো আমাদের একটা ঘরে ময়নাতদন্তের কাজে। যে মৃতদেহটা তারা নিয়ে এসেছিলো তাতে ময়লা লেগে ছিলো। বুঝলেন?"

হোমস্ থামলেন, বক্তব্যের দ্যোতনা সৃষ্টি করার জন্যে নয়, দম নেবার জন্যে। প্রচণ্ড উত্তেজনায় তিনি তার হাঁপানীর কথা ভুলে গেছেন।

"হোমস্, এর সাথে আমাদের কী সম্পর্ক? আপনি আমাকে জনের খেলা থেকে কেন এখানে আসতে বললেন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"থামুন," হোম্‌স হাত তুলে বললেন। "মৃত লোকটা, তার পায়ে...হায় ঈশ্বর, আমাকে সাহায্য করো!"

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলোর নীল চোখ দুটো জ্বলজ্বল ক'রে উঠলো। তিনি এ পর্যন্ত তেমন কিছু না বললেও হোমসের কথা বেশ মনোযোগ দিয়ে শুনছিলেন। "একটু মদ খাবেন, হোম্‌স?" তিনি বেশ ভদ্রভাবে জিজ্ঞেস করলেন।

"হ্যা, ধন্যবাদ," হোম্‌স সায় দিয়ে তার ঘামে ভেঁজা ভুরু দুটো মুছে নিলেন। "ক্ষমা চাচ্ছি। আমি এখানে তীরের বেগে ছুটে এসেছি। এতোটাই অস্থির হয়ে উঠেছিলাম যে, একটা ঘোড়ার-গাড়িও নিতে মনে ছিলো না। এতোটাই ভয়ে ছিলাম যে, ঘোড়ার গাড়িতে যদি কারোর সঙ্গে দেখা হয়ে যায়, সেই আশংকাও ছিলো!"

লংফেলো শান্তভাবেই রান্নাঘরে চলে এলেন। হোমস্‌ মদের জন্যে অপেক্ষা করছেন। বাকি দু'জন লোক অপেক্ষা করছে হোমসের কথা শোনার জন্যে। লাওয়েল তার বন্ধুর উদ্বিগ্নতায় সহমর্মী হয়ে মাথা দোলালেন। বাড়ির কর্তা মদ আর বরফের টুকরো নিয়ে ফিরে এলে হোমস্‌ চট ক'রে গ্লাসটা হাতে নিয়ে ঢকঢক ক'রে পান ক'রে তৃষ্ণা মেটালেন।

"যদিও একজন নারী পুরুষকে খাওয়ার জন্যে প্রলুব্ধ করে, মাই ডিয়ার লংফেলো," হোম্‌স বললেন, "আপনি কখনও আদমের পানের ব্যাপারটা নিয়ে হাওয়াকে কিছু বলতে শোনেন নি, আদম সেটা নিজের বুদ্ধিতেই করেছিলেন।"

"আরে, ওয়েন্ডেল, তারপর বলুন," লাওয়েল তাড়া দিলেন।

"ঠিক আছে, বলছি। আমি সেটা দেখেছি। বুঝলেন? মৃতদেহটা খুব কাছ থেকেই দেখেছি, এতো কাছ থেকে দেখেছি যতোটা কাছে এখন জেমির সঙ্গে আছি।" ডাক্তার হোমস্‌ লাওয়েলের চেয়ারে ব'সে পড়লেন। "লোকটাকে জীবন্ত মাটিতে পুঁতে ফেলা হয়েছিলো, উল্টো ক'রে, তার পা দুটো ছিলো সোজা উপরের দিকে। আর তার পায়ের, দু'পায়ের তালু, ভদ্রমহোদয়গণ, ভয়ংকরভাবে আগুনে পুড়িয়ে ফেলা হয়েছে। সেগুলো আগুনে পুড়ে একেবারে কাবাব হয়ে গেছে, আমি এরকমটি জীবনেও...এটা আমি জীবনের শেষ দিন পর্যন্ত মনে রাখবো!"

"মাইডিয়ার হোমস্‌," লংফেলো বললেন কিন্তু হোম্‌স কথা বলা বন্ধ করলে না, এমনকি লংফেলোর জন্যেও না।

"তার গায়ের সব কাপড় খুলে ফেলা হয়েছিলো। আমি জানি না, পুলিশ সেটা করেছে কিনা–না, আমার মনে হয় তারা লোকটাকে ওভাবেই পেয়েছিলো, তারা তো তাই বলেছে, মনে হচ্ছে। আমি লোকটার চেহারা দেখেছি, বুঝলেন।" গ্লাসে আবারো চুমুক দিলেন কিন্তু ওখানে আর তেমন কিছু অবশিষ্ট নেই। একটুকরো বরফ তুলে নিয়ে তিনি দাঁতে চেপে ধরলেন।

"তিনি একজন যাজক," লংফেলো বললেন।

হোমস্‌ অবিশ্বাসভরে তাকালেন তার দিকে। মুখের বরফটা দাঁত দিয়ে ভেঙে ফেললেন। "হ্যা, একদম ঠিক।"

"লংফেলো, আপনি সেটা কিভাবে জানলেন?" ফিল্ডস্‌ আচম্‌কা ঘুরে তাকালেন,

BanglaBook.org

www.BanglaBook.org

এ পর্যন্ত তিনি ধারণা করেছিলেন এ কাহিনীর সাথে তাঁদের কোনো সম্পর্ক নেই। "এটা তো এখন পর্যন্ত কোনো পত্রিকায় আসে নি..." কিন্তু তারপরেই ফিল্ডস্ বুঝতে পারলেন কিভাবে লংফেলো জানতে পারলেন। লাওয়েলও বুঝতে পারলেন সেটা।

লাওয়েল এমনভাবে হোম্সের দিকে তেড়ে এলেন যেনো তিনি তাকে মারবেন। "আপনি কিভাবে জানলেন যে, মৃতদেহের শরীরটা উল্টো ক'রে রাখা হয়েছিলো, হোমস? পুলিশ কি আপনাকে বলেছে?"

"না, ঠিক তা নয়।"

"আপনি আমাদের অনুবাদটি থামানোর জন্যে একটা ছুতা খুঁজছিলেন যাতে ক'রে গোরভার্ড কোনো সমস্যা বয়ে না আনে আর আপনিও সে ব্যাপারে চিন্তিত না থাকেন। এটা তো একদমই বানোয়াট।"

"আমি কি দেখেছি সেটা কারোর বলার দরকার নেই," ডাক্তার হোমস্ পাল্টা বললেন। "মেডিসিন এমন একটা বিষয় আপনাদের কেউ যে বিষয়ে পড়াশোনা করেন নি। আমি আমার জীবনের বেশির ভাগ সেরা সময় ইউরোপ এবং আমেরিকাতে কাটিয়েছি নিজের পেশাগত অধ্যয়ন ক'রে। এখন, আপনি এবং লংফেলো যদি পারভানটেস নিয়ে কথা বলতে শুরু করেন তো আমি নিজেকে মূর্খ ভাববো–না, আমি পারভানটেস সম্পর্কে বেশ ভালোই জানি, তবে আমি আপনাদের কথাবার্তাই বেশি শুনবো, কারণ আপনারা এনিয়ে বেশি পড়াশোনা করেছেন!"

ফিল্ডস্ দেখলেন হোমস্ আসলে কতোটা ঘাবড়ে গেছেন। "আমরা বুঝতে পেরেছি, ওয়েন্ডেল, প্লিজ।"

হোমস্ যদি দম নেবার জন্যে না থামতেন তবে বুঝি জ্ঞানই হারাতেন। "লাশের মাথাটা ঢাকা ছিলো, লাওয়েল। আমি তার অশ্রুজলের গড়িয়ে পড়ার চিহ্ন দেখেছি আর কপালের ঘামও দেখা যাচ্ছিলো–আমার কথা শুনুন : তার কপালের উপরে। তার মুখে রক্ত জমাট বেঁধে ছিলো। আমি যখনই সেই ভয়ংকর মুখের দিকে তাকালাম, বুঝতে পারলাম, এ হলো রেভারেন্ড আলিশা ট্যালবোট।"

নামটা সবাইকে খুব অবাক করলো। ক্যামব্রিজের বৃদ্ধ স্বৈরাচারী উল্টো হয়ে মাটির গর্তে ঢুকে ছিলেন, মাথা থেকে হাঁটু পর্যন্ত মাটির ভেতরে পুঁতে থাকার কারণে চোখ দুটো বন্ধ ছিলো, নড়াচড়া করতে একেবারেই অসহায় ছিলেন, কেবলমাত্র নিজের আগুন লাগা পা দুটো শূন্যে ছুঁড়ে মারা ছাড়া, ঠিক দন্ডপ্রাপ্ত একজন সাইমোনিয়াক্সদের মতো, যে পাদ্রীরা তাদের টাইটেলগুলো অপব্যবহার ক'রে টাকা গ্রহণ করেছিলেন..."

"যদি জানতে চান, তো আরো অনেক কিছুই আছে।" হোমস্ এবার বেশ দ্রুততার সাথে বরফ চিবোতে লাগলেন। "স্কটল্যান্ডইয়ার্ড থেকে আসা একজন পুলিশ বলেছে যে, তাকে সেকেন্ড ইউনিটারিয়ান চার্চের ভূগর্ভস্থ কবরস্থানে পাওয়া গেছে–ওটা ট্যালবোটেরই চার্চ! লাশের শরীরে কোমর পর্যন্ত মাটি লেগে ছিলো। *কিন্তু কোমরের নিচে এক ফোঁটা মাটিও ছিলো না।* তাকে সম্পূর্ণ নগ্ন ক'রে মাটিতে পোঁতা হয়েছিলো, উল্টো ক'রে আর কি। পা দুটো ছিলো সোজা উপরের দিকে।"

www.BanglaBook.org

"তারা তাকে কখন খুঁজে পেয়েছে? ওখানে কে ছিলো?" লাওয়েল জানতে চাইলেন।

"আরে, কী যন্ত্রণা," হোমস্ আর্তনাদ ক'রে উঠলেন। "এতো কিছু আমি কী ক'রে জানবো!"

লংফেলো তার ঘড়ির দিকে অলসভাবে তাকালেন, ঘণ্টার কাঁটা এগারোটার ঘরে। "সান্ধ্য পত্রিকায় বিধবা হিলি একটি পুরস্কারের ঘোষণা দিয়েছেন। হিলির স্বাভাবিক মৃত্যু হয় নি। বিধবা হিলি বিশ্বাস করেন, তাকেও হত্যা করা হয়েছে।"

"কিন্তু, ট্যালবোটেরটা তো কেবলই হত্যা নয়, লংফেলো! আমি কি সোজাসুজি বলবো সেটা? এটা তো দাস্তে! ট্যালবোটকে হত্যা করার জন্যে কেউ দাস্তেকে ব্যবহার করেছে!" হোমস উদ্‌ভ্রান্তের মতো চিৎকার ক'রে বললেন, তার গাল দুটো আরক্তিম হয়ে উঠলো।

"আপনি নগর সংস্করণটা পড়েছেন, মাই ডিয়ার হোমস্?" লংফেলো ধৈর্য সহকারে জিজ্ঞেস করলেন।

"অবশ্যই! আমার তো তাই মনে হয়।" বাস্তবে, সত্যি বলতে কী, মেডিকেল কলেজে ঢোকার সময় তিনি কেবলমাত্র পত্রিকাটাতে চোখ বুলিয়ে ছিলেন। "ওতে কী বলা হয়েছে?"

লংফেলো পত্রিকাটা খুঁজে বের করলে ফিল্ডস্ সেটা হাতে নিয়ে উচ্চস্বরে প'ড়ে শোনালেন। "প্রধান বিচারপতি আর্টেমাস এস. হিলির রহস্যজনক মৃত্যুর নতুন রহস্য উন্মোচন," ফিল্ডস্ তার ওয়েস্টকোটের পকেট থেকে চশমাটা বের ক'রে পরলেন। "গতানুগতিক ছাপার ভুল। হিলির মধ্য নাম হলো প্রেসকোট।"

লংফেলো বললেন, "ফিল্ডস্, প্রথম কলামটি পড়ুন। পড়ুন; লাশটা কিভাবে পাওয়া গিয়েছিলো–হিলির বাড়ির পেছনের মাঠে, নদী থেকে সেটা খুব বেশি দূরে নয়।"

"রক্তাক্ত...একেবারে নগ্ন অবস্থায়, তার সব জামা কাপড় আর অন্তর্বাস খুলে ফেলা হয়ে ছিলো...পাওয়া গিয়েছে একেবারে..."

"প'ড়ে যান, ফিল্ডস্।"

"পোকায় খাওয়া অবস্থায়?"

মাছি, ভীমরুল, মাছির ডিম বা শূককীট –পত্রপত্রিকায় পোকাগুলোকে এভাবেই শ্রেণী বিভাজিত করা হয়েছে। আর ওয়াইড ওক্স-এর কাছেই একটা পতাকা পাওয়া গেছে, সেটা কিসের কিংবা কোত্থেকে এসেছে তা হিলিরা ব্যাখ্যা করতে পারে নি। পত্রিকা পড়ে যে ভাবনাটা লাওয়েলের মধ্যে বিচরণ করছে সেটা তিনি অস্বীকার করতে চাচ্ছেন। কিন্তু আরাম কেদারায় বসলেন না তিনি, তার নিচের ঠোঁটটা কাঁপতে

BanglaBook.org

www.BanglaBook.org

লাগলো অজ্ঞাত এক আতংকে। এটা তখনই হয় যখন তিনি কী বলবেন ভেবে পান না।

তারা একে অন্যের দিকে কিছু খোঁজার আশায় দৃষ্টি বিনিময় করলেন। আশা করলেন তাঁদের মধ্যে নিশ্চয় এমন কেউ আছেন যে, এটা ব্যাখ্যা করার মতো বুদ্ধি রাখে এবং এই সিদ্ধান্তে আসতে পারবেন যে, রেভারেন্ড ট্যালবোট একজন সিমোনিক্স হিসেবে পুড়েছেন আর প্রধান বিচারপতি হিলি নিরপেক্ষদের মধ্যেই পড়েন। প্রতিটি পুঙ্খানুপুঙ্খ বর্ণনা এতো বেশি নিশ্চয়তা দিচ্ছে যে, তারা কোনোভাবেই সেটা অস্বীকার করতে পারেন না।

"একেবারেই খাপ খেয়ে যাচ্ছে," হোমস বললেন। "হিলির জন্যে এটা একেবারেই খাপ খেয়ে যায় : নিরপেক্ষ থাকার পাপের শাস্তি খুবই কঠিন। তিনি দীর্ঘ দিন ধ'রে ফেরারী দাস আইনটির কার্যকারিতা অস্বীকার ক'রে আসছিলেন। কিন্তু ট্যালবোটের ব্যাপারটা কি? আমি কখনও শুনি নি তিনি তার ক্ষমতার অপব্যবহার করেছেন–আমাকে রক্ষা করো, ফিবিয়াস!" দেয়ালে ঝুলিয়ে রাখা রাইফেলটা দেখেই হোমস্ লাফিয়ে উঠলেন। "লংফেলো, এটা এখানে কেন?"

ক্রেইগি হাউজে লাওয়েল কেন এসেছিলেন সেকথা স্মরণ করতেই তিনি একটু কেঁপে উঠলেন। "দেখেছেন ওয়েন্ডেল, লংফেলো ভেবেছিলেন তিনি তার বাড়ির বাইরে কোনো চোরকে উঁকি মারতে দেখেছেন। আমরা মালির ছেলেটাকে পাঠিয়েছি পুলিশকে ডেকে আনার জন্যে।"

"একজন সিঁদেল চোর?" হোম্‌স জানতে চাইলেন।

"ভূত," লংফেলো মাথা ঝাঁকিয়ে বললেন।

ফিল্ডস্ মোটা কার্পেটটা ডিঙিয়ে কাছে চলে এলেন। "বাহ্, একেবারে যথার্থ জিনিস।" তিনি হোমসের দিকে ফিরলেন। "মাই ডিয়ার ওয়েন্ডেল, এজন্যে আপনাকে একজন ভালো নাগরিক হিসেবে স্মরণ করা হবে। পুলিশ এলে আমরা বোঝাবো যে, এইসব অপরাধের ব্যাপারে আমাদের কাছে তথ্য রয়েছে এবং তাকে নির্দেশ করবো পুলিশ চিফকে সঙ্গে নিয়ে আসার জন্যে।" ফিল্ডস্ তার কর্তৃত্বপূর্ণ কণ্ঠে আবার আবির্ভূত হলেন। তারপরেও লংফেলোর কাছ থেকে সায় পাবার জন্যে তার দিকে তাকালেন।

লংফেলো একটুও নড়লেন না। তার নীল রঙের স্থির দু'চোখ সামনে রাখা বহুমূল্যবান বইয়ের দিকে নিবদ্ধ। তিনি এইসব কথাবার্তা শুনেছেন কিনা সেটা বোঝা গেলো না। ভাবলেশহীন দৃষ্টি তার, তিনি যখন ব'সে পড়লেন তখন তার হাত আপন মনেই দাঁড়িতে আঁটকে রইলো। তার অবিচলিত ভাবটা বন্ধুদেরকে অসুস্থ ক'রে তুললো।

"হ্যা," লাওয়েল বললেন, যেনো ফিল্ডসের কথাটা বেশ মনোযোগ দিয়ে এতোক্ষণ ধরে ভেবেছেন। "অবশ্যই, আমরা আমাদের আন্দাজের কথাটা পুলিশকে জানাবো। কোনো সন্দেহ নেই, এতে রহস্যের জট খুলতে সাহায্য করবে।"

www.BanglaBook.org

"না!" হোমস হাফাতে হাফাতে বললেন। "না, আমরা কাউকে কিছু বলবো না। লংফেলো," ডাক্তার ভদ্রলোক মরিয়া হয়ে বললেন, "এটা আমরা নিজেদের মধ্যেই রাখবো! এ ঘরের প্রত্যেকে এই ব্যাপারটা গোপন রাখবেন, প্রতীজ্ঞা করুন, ঈশ্বর বললেও বলবেন না!"

"আহা, ওয়েন্ডেল!" লাওয়েল বেটে ডাক্তারের দিকে একটু ঝুঁকলেন। "এখন আপনার হাত দুটো পকেটে ঢুকিয়ে রাখার সময় নয়! দু দু'জন লোক খুন হয়ে গেছে, আমাদের নিজেদের সমগোত্রীয় দু'জন!"

"হ্যা, তাতো ঠিকই, এরকম ভয়ংকর ব্যাপারে জড়াবার আমরা কে?" হোমস্ আর্তি জানালেন। "পুলিশ তো তদন্ত করছেই, আমাদের কোনো সাহায্য ছাড়াই তারা দোষীকে খুঁজে বের করবে, এটা নিশ্চিত!"

"আমরা কে সহায্য করার!" লাওয়েল টিট্‌কারী মেরে বললেন। "পুলিশ এরকমটি ভাববে সে ব্যাপারে কোনো সম্ভাবনাই নেই, ওয়েন্ডেল! তারা তাদের পিছু ঠিকই নেবে, আমরা এখানে ব'সে থাকলেও!"

"তারা কি আমাদের এই অদ্ভুত গল্পটা শুনে উঠে প'ড়ে লাগবে, লাওয়লে? এরকম খুনের ব্যাপারে আমরা কি জানি?"

"তাহলে আপনি আমাদেরকে এখানে আসতে বলেছিলেন কেন, ওয়েন্ডেল?"

"যাতে আমরা আমাদেরকে রক্ষা করতে জানি! আমি সবার ভালো চাই," হোমস্ বললেন। "এটা তো আমাদের সবাইকে বিপজ্জনক পথে এনে দাঁড় করাবে!"

"জেমি, ওয়েন্ডেল, প্লিজ..." ফিল্ডস্ তাঁদের মাঝখানে এসে দাড়ালেন।

"আপনি যদি পুলিশের কাছে যেতে চান তাহলে আমাকে এসব থেকে বাদ রাখবেন," হোম্‌স কাঁপা কাঁপা কণ্ঠে বলে ব'সে পড়লেন। "আমার নিষেধ সত্ত্বেও আপনার যা ইচ্ছে হয় তাই করুন।"

"দেখুন ভদ্রমহোদয়গণ," লাওয়েল হাত তুলে হোমসের দিকে নির্দেশ ক'রে বললেন, "ডা: হোমস্ যথারীতি তার অবস্থানেই আছেন, সারা দুনিয়ার দরকার হলেও তিনি অনড় থাকেন–ব'সে থাকেন নিজের পাছার ওপর।"

হোমস ঘরের চারপাশে তাকালেন, আশা করলেন তার পক্ষে কেউ কথা বলবে, তারপর নিজের চেয়ারের মধ্যে ঢুবে গেলেন, হাতের স্বর্ণের চেইনটা খুলে তার ফি বেটা কাপ্পা চাবিটা নিয়ে নাড়াচাড়া করলেন। লংফেলোর মেহগনি ঘড়ির সাথে নিজের ঘাড়িটার সময় মিলিয়ে দেখলেন।

লাওয়েল যখন একটু সাহসের সাথে কথা বলেন তখন সবচাইতে বেশি প্ররোচিত করতে পারেন। লংফেলোর দিকে ঘুরে তিনি তাই করলেন। "মাই ডিয়ার লংফেলো, অফিসার যেকোনো সময় এসে পৌছাবে, পুলিশ চিফকে উদ্দেশ্য ক'রে আমাদের একটা নোট তৈরি ক'রে রাখা উচিত। আজ রাতে আমরা এখানে কী আবিষ্কার করলাম সে ব্যাপারে ব্যাখ্যা করে, আর কি। তারপর, আমরা এটা তাদের ওপরই ছেড়ে দেবো,

BanglaBook.org

www.BanglaBook.org

আমরা আর নাক গলাবো না, যেমনটি আমাদের ডাক্তার সাহেব চাইছেন।"

"আমি লিখছি," লংফেলোর কাগজপত্রের ড্রয়ারটা খুললেন ফিল্ডস্। হোমস্ আর লাওয়েল তাঁদের যুক্তি-তর্কটা আবারো শুরু করলেন।

লংফেলো ছোট্ট একটা দীর্ঘশ্বাস ফেললেন কেবল।

ফিল্ডসের হাতটা ড্রয়ারের মধ্যে ঢুকেই থেমে গেলো। হোমস্ আর লাওয়েল চুপ মেরে গেলেন।

"অন্ধকারে লাফ দেবেন না। প্রথমে আমাকে বলেন," লংফেলো বললেন। "বোস্টন এবং ক্যামব্রিজে কে আছে যে, এই হত্যার খবরটা জানে?"

"তো, সে ব্যাপারে প্রশ্ন রয়েছে।" লাওয়েল অসৌজন্যমূলক আচরণ হয়ে যায় কিনা তা নিয়ে বেশ শংকিত আছেন। হাজার হলেও নিজের মৃত বাপের পরে তিনি এই লোকটাকেই বেশি শ্রদ্ধা করেন। "এই শহরের সবাই, লংফেলো। একটার খবর তো সংবাদপত্রের প্রথম পাতাতেই ঠাঁই পেয়েছে"–তিনি হিলির মৃত্যুর খবরটার শিরোনাম তুলে ধরলেন–"আর মোরগ ডাকার আগেই ট্যালবোটের খবরটা চাউড় হয়ে যাবে। একজন বিচারক আর একজন পাদ্রী। আপনি মাংস আর বিয়ার জনগণের কাছ থেকে আড়াল করার জন্যে তালা মেরে রাখার চেষ্টা ক'রে দেখতে পারেন!"

"খুব ভালো। এ শহরে দান্তের ব্যাপারে আর কে জানে? আর কে জানে, কিভাবে *লে পিয়াস্তে এরানো এ তুত্তি একসেস ইনত্রাম্বে* করা যায়? কতোজন ওয়াশিংটন থেকে হেঁটে এসে স্কুল স্ট্রট-এর দোকানে উঁকি মারে, অথবা জর্ডানের সামনে থামে। টুপির লেটেস্ট ফ্যাশনের জন্যে আগ্রহী হয়, নিজেদেরকে ভাবে *রিগাভান লোর দি সাঙ্গুয়ে ইল ভলতো, চে, মিশিয়াতো, দি লাগরিম*। আর কল্পনা করে ঐসব ভয়ংকর *ফাসিদিয়াসি ভার্মি*–জঘন্য পোকাগুলো?"

"বলুন, আমাদের শহরের কে–না, আজকের দিনে আমেরিকাতে কে–দান্তে'র সবগুলো কাজের, সবগুলো ছত্র, সব শব্দ জানে? এমনকি দান্তের *ইনফার্নো*'র শাস্তির আদলে শাস্তি দিয়ে হত্যা করার কথা ভাবতে পারে?"

নিউ ইংল্যান্ডের সবচাইতে বাকপটুদের এক আড্ডাখানা লংফেলোর পড়ার ঘরটি একেবারে চুপ মেরে গেলো। ঘরের কেউই জবাব দেবার কথাটা ভাবলেন না, কারণ এই ঘরটাই হলোএই প্রশ্নের উত্তর, হেনরি ওয়াডসওয়ার্থ লংফেলো, প্রফেসর জেমস্ রাসেল লাওয়েল, প্রফেসর ডাঃ অলিভার ওয়েন্ডেল হোমস্, জেমস্ টমাস ফিল্ডস্, এবং ছোট্ট একদল বন্ধু আর সহকর্মী।

"হায় ঈশ্বর, তা কেন হবে," ফিল্ডস্ বললেন। "এখানে খুব কম লোকই আছে যারা ইতালিয় ভাষায় কথা বলতে পারে, যদি পারেও সেটা কিন্তু দান্তের ইতালি ভাষা নয়, কারণ দান্তের ভাষা ছিলো টাস্কান, যেটা ঠিক ইতালি ভাষা নয়। কেউ যদি অভিধান এবং ব্যাকরণ বই নিয়ে ভাষাটি বোঝার চেষ্টাও করে তাদের কাছে তো আর দান্তের কাজের কোনো কপি কখনও থাকরা কথা নয়!" ভাষাটি ফিল্ডসের জানার

BanglaBook.org

www.BanglaBook.org

কথা। নিজের প্রয়োজনেই প্রকাশক জানেন নিউ ইংল্যান্ডের কোথায় কারা কোন্ ধরনের সাহিত্য পড়ে। "এটা বলা যায়," তিনি আবার বলতে শুরু করলেন, "আমেরিকাতে দান্তের অনুবাদের পূর্ণাঙ্গ প্রকাশনা বের না হলে কারো কাছেই সেটা থাকার কথা নয়..."

"যেমনটি আমরা করছি?" লংফেলো ষোড়শ ক্যান্টোটা তুলে ধরে বললেন। "আমরা যদি পুলিশকে ঠিকঠাকভাবে বোঝাতে পারি যে, হত্যাকাণ্ডগুলো দান্তের অনুকরণে করা হচ্ছে, তবে তারা সম্ভাব্য কাদেরকে এই অপরাধের জন্যে সন্দেহ করবে?"

" আমরা কেবল তাদের প্রথম সন্দেহের মধ্যেই পড়বো না," লংফেলো বললেন। "আমরা হবো তাদের প্রধান সন্দেহভাজন।"

"আসুন, মাই ডিয়ার লংফেলো," ফিল্ডস্ অট্টহাসি হেসে বললেন। "এসব উত্তেজনা থেকে আমরা আমাদের মাথাটা বের ক'রে আনি। ঘরের চারপাশে তাকান : অধ্যাপকেরা, কমনওয়েলথের অগ্রগণ্য নাগরিকেরা, কবিগণ, সিনেটর, পণ্ডিতেরা আর প্রকাশকগণ–কারা ভাবতে যাবে আমরা একটি হত্যাকাণ্ড জড়িত? আমি আপনাদের সবাইকে আবারো স্মরণ করিয়ে দিতে চাই, আমরা বোস্টনের সাধারন কোনো লোক নই, আমরা এই সমাজের মাথা!"

"যেমনটি ছিলেন প্রফেসর ওয়েবস্টার। ফাঁসির মঞ্চ আমাদেরকে বলে হারভার্ডের কোনো লোকের ফাঁসি হবার জন্যে আইনে কোনো বাঁধা নেই," লংফেলো জবাব দিলেন।

ডাঃ হোমসের মুখটা ফ্যাকাশে হয়ে গেলো। যদিও লংফেলো তাকে সমর্থন দিয়েছেন ব'লে তিনি স্বস্তি পেলেন, কিন্তু শেষ মন্তব্যটি তাকে সূঁচের মতো বিদ্ধ করলো।

"মেডিকেল কলেজে তখন আমার চাকরির মাত্র কয়েক বছর হয়েছে," হোমস সামনের দিকে তাকিয়ে বললেন। "প্রথমে, স্কুলের সব শিক্ষক এবং কর্মচারী সন্দেহের তালিকায় ছিলো–এমন কি আমার মতো কবিও।" হোমস্ হাসার চেষ্টা করলেও সেটাতে সফল হলেন না। "আমি তাদের তালিকায় সম্ভাব্য সন্দেহভাজন হিসেবে ছিলাম। তারা আমার বাড়িতে এসে আমাকে জিজ্ঞাসাবাদও করেছিলো। ওয়েন্ডেল জুনিয়র আর ছোট্ট এমেলিয়া তখন একেবারেই শিশু। নেডি তো নবজাতকই বলা চলে। সেটা ছিলো আমার জীবনের সবচাইতে বাজে সময়।"

লংফেলো শীতল কণ্ঠে আশ্বস্ত ক'রে বললেন, "মাই ডিয়ার বন্ধুরগণ, যদি পারেন তো এই বিষয়ে একমত হোন : পুলিশ যদি আমাদেরকে বিশ্বাস করতেও চায়, তারা যদি আমাদেরকে আস্থায়ও নেয়, তারপরও আমরা খুনিকে ধরার আগ পর্যন্ত সন্দেহভাজন হিসেবেই রইবো। তারপরও কথা আছে, খুনি যদি ধরাও পড়ে, আমেরিকানরা দান্তের লেখার সঙ্গে পরিচিত হবার আগেই দান্তে রক্তপাতের জন্যে

BanglaBook.org

www.BanglaBook.org

কলঙ্কিত হবেন। বর্তমান সময়টা এমনই যে, আমাদের দেশ আর কোনো হত্যা-খুন সহ্য করতে পারবে না। ড. ম্যানিং এবং কর্পোরেশন তাঁদের পাঠ্যসূচীকে রক্ষা করার জন্যে দান্তেকে মাটি চাপা দিতে ইতিমধ্যেই উঠে প'ড়ে লেগেছেন। এটা হবে কফিনে শেষ পেরেক ঠোকা। ফ্লোরেন্সে যেমনটি হয়েছিলো, অনাগত আরো এক হাজার বছর ধরে আমেরিকাতেও দান্তে হয়ে পড়বেন ঠিক তেমনই অভিশপ্ত। হোমস্ ঠিকই বলেছেন, আমরা কাউকেই বলবো না।"

ফিল্ডস্ বিস্ময়ে লংফেলোর দিকে তাকালেন।

"আমরা এই ছাদের নিচে প্রতীজ্ঞা করেছিলাম দান্তেকে রক্ষা করবো," লাওয়ের তার প্রকাশকের কঠিন মুখের দিকে চেয়ে শান্তকণ্ঠে বললেন।

"আগে আমাদের নিজেদেরকে এবং আমাদের এই শহরকে রক্ষা করার ব্যাপারটা নিশ্চিন্ত হোক, তা না হলে দান্তের পক্ষে কেউ থাকবে না।" ফিল্ডস্ বললেন।

"আমাদের নিজেদেরকে এবং দান্তেকে রক্ষা করাটা এখন একই ব্যাপার হয়ে গেছে, মাই ডিয়ার ফিল্ডস্," হোমস্ এমনভাবে বললেন যেনো আসন্ন বিপদটা তিনি স্পষ্ট টের পাচ্ছেন। "এ দুটো এখন আর কোনো আলাদা বিষয় নয়। এটা জানাজানি হয়ে গেলে কেবল আমাদের ওপরেই দোষ চাপানো হবে না, ক্যাথলিক এবং অভিবাসীদের ওপরও এসবের দায় চাপানো হবে..."

ফিল্ডস্ জানেন তার কবি ঠিকই বলছেন। তারা যদি এখন পুলিশের কাছে যায়, তারা তবে নিজেরাই বিপদের মধ্যে প'ড়ে যাবেন। "ঈশ্বর আমাদের সহায় হোন। আমরা একেবারে ধ্বংস হয়ে যাবো।" তিনি একটা দীর্ঘশ্বাস ফেললেন। আইন-আদালত নিয়ে ফিল্ডস্ ভাবছেন না। বোস্টনে সুনাম এবং গুজব দুটোই বেশ শক্তিশালী। তার কবিদের মতো খ্যাকিমান ব্যক্তিদেরকে জনগণ সবসময়ই এক ধরণের অসুস্থ ঈর্ষা পোষণ ক'রে থাকে। এধরনের হত্যার সঙ্গে সামান্যতম সংশ্লিষ্টতার খবরও যদি প্রকাশ পায় তবে সেটা টেলিগ্রাফের চেয়েও দ্রুত ছড়িয়ে পড়বে।

"তারা হয়তো ইতিমধ্যেই অনেক কিছু জেনে গেছে," লংফেলো বললেন। "এটার কথা মনে আছে?" ড্রয়ার থেকে এক টুকরো কাগজ বের করলেন তিনি। "এখন কি এটা একটু দেখবো? মনে হয় এটাতেই বোঝা যাবে সবকিছু।"

লংফেলো তার হাতে থাকা পেট্রলম্যান রেইয়ের কাগজটা মেলে ধরলেন। পণ্ডিতেরা সবাই কাগজটার লেখার কাছে এসে ঝুঁকে পড়লেন। তাঁদের বিস্মিত মুখে ফায়ারপ্লেসের আলো এসে পড়াতে প্রত্যেকের অভিব্যক্তিতে ভিন্ন মাত্রা যোগ হলো।

রেইয়ের *দিনান সি আমনো আতেসেন্নো ভুর্নে ইতুর নদুর লাশিয়াতো নে* তাঁদের দিকে চেয়ে আছে। "এটা একটা ছত্রের মাঝখানের অংশ," লাওয়েল ফিস্‌ফিস্ ক'রে বললেন। "হ্যা! এটা কী ক'রে আমরা খেয়াল করতে পারলাম না?"

ফিল্ডস্ কাগজটা প্রায় কেড়েই নিলেন। এটা যে তিনি এখনও দেখেন নি সেটা যেনো প্রকাশক সাহেব মানতেই চাইছেন না। তার মাথা ঝিম্‌ঝিম্ করতে শুরু

www.BanglaBook.org

করেছে। ফিল্ডসের হাতে থাকা কাগজটা কাঁপছে। তিনি সেটা টেবিলে মেলে রেখে তার ওপর আল্‌তো ক'রে হাত বোলালেন।

"'দিনান্‌জি এ মি নন ফুর কোসে ক্রিয়েত্‌ সে নন এতারনে, ই ইয়ো ইতারনো দুরো, লাসিয়াত অগনে,'" লাওয়েল ফিল্ডস্‌কে আবৃত্তি ক'রে শোনালেন। "নরকের দরজার কাছে একটা লেখা থেকে, এটা কেবলই তার একটা অংশ মাত্র! *'লাসিয়াত অগনে স্পেরানজা, ভই সিনত্রেত্‌।'"*

অনুবাদ করার জন্যে লাওয়েল চোখ বন্ধ করলেন :

"আমার সামনে কিছুই সৃষ্টি হয় নি,
এটা যদি অনন্ত না হয়ে থাকে, তবে আমি সহ্য
করবো অনন্ত।
এখানে যে প্রবেশ করবে তার সব আশাই হবে
তিরোহিত।"

সেন্ট্রাল পুলিশ স্টেশনে যে লোকটা লাফিয়ে পড়ে মরেছে সেও এই লেখাটা দেখেছিলো। সে নিরপেক্ষদেরকে দেখেছিলো : *ইগনাভি*। অসহায়ভাবে শূন্যে আছাড় খেয়ে নিজেদের দেহগুলোর সাথে ধাক্কা খেলো তারা। ভীমরুল আর মাছিরা তাদের শ্বেত-শুভ্র নগ্ন দেহের চারপাশে জড়ো হলো। বিশ্রী সব পোকার দল তাদের পচা দাঁতের ফাঁক গলে হামাগুড়ি দিয়ে বের হয়ে এলো। তাদের কোমরের নিচে জড়ো হলো ওগুলো। তাদের নোনা রক্ত পান করলো তারা। আত্মাগুলোর সামনে একটা ফাঁকা ব্যানার তাদের ঠিকানাহীন পথের প্রতীক হিসেবে আছে। লাফিয়ে পড়া লোকটার মনে হয়েছিলো তার নিজের গায়ের চামড়া মাছিতে জীবন্ত হয়ে উঠছে, তার আলগা হয়ে যাওয়া মাংস আর চামড়া বাতাসে নড়ছে। তাই তাকে পালাতে হবে এখন...অন্তত পক্ষে সেই চেষ্টাটা করতে হবে।

ক্যান্টো তিনের সংশোধিত অনুবাদের প্রুফ কপিটা খুঁজে পেলে সেটা টেবিলে মেলে ধরলেন লংফেলো।

"ওপরে ঈশ্বর আছেন," হোমস্‌ দীর্ঘশ্বাস ফেলে লংফেলোর আস্তিনটা খপ্‌ ক'রে ধরলেন। "ঐ মুলাট্টো অফিসারটি রেভারেন্ড ট্যালবোটের ময়ন্তদন্তের সময় ছিলো। জজ হিলির মৃত্যুর পরই কিন্তু সে আমাদের কাছে এসেছিলো! ইতিমধ্যেই সে কিছু জেনে ফেলেছে।"

লংফেলোর মাথা ঝাঁকালেন। "মনে রাখবেন, লাওয়েল হলেন কলেজের স্মিথ প্রফেসর। পেট্রলম্যান একটি অজ্ঞাত ভাষার পরিচয় জানতে চেয়েছিলেন, যা আমরা এখনও বের করতে পারি নি। আমাদের দান্তে ক্লাবের রাতের অধিবেশনে কিছু ছাত্র তাকে এল্‌ম উড-এর কথা বলেছিলো। আর মাবেলই তাকে এখানে পাঠিয়ে ছিলো। সে দান্তীয় কোনো ব্যাপার কিংবা হত্যার সঙ্গে এর সংশ্লিষ্টতার কিছুই জানে না বলেই

BanglaBook.org

www.BanglaBook.org

আমার ধারণা, এমনকি সে অনুবাদের ব্যাপারেও একদম অজ্ঞ আছে ব'লে মনে হয়।"

"আমরা কি ক'রে এটা ধরতে পারলাম না?" হোমস্ জানতে চাইলেন। "গৃন ভেবেছিলেন এটা ইতালিয় হতে পারে, কিন্তু আমরা ব্যাপারটা আমলেই নেই নি।"

"ঈশ্বরকে সেজন্যে ধন্যবাদ," ফিল্ডস্ হাফ ছেড়ে বাঁচলেন যেনো। "তা না হলে পুলিশ তখনই আমাদের পেছনে লাগতো!"

হোমস্ নতুন এক আশংকায় আবার বলতে শুরু করলেন : "কিন্তু প্রবেশদ্বারের লেখাটা পেট্রলম্যানের কাছে কে প'ড়ে শোনালো? এটা তো পুরোপুরি কাততালীয় হতে পারে না। এর সাথে ঐসব খুনিদের কোনো না কোনো সম্পর্ক আছেই!"

"আমারও মনে হয়, কথাটা ঠিক।" লংফেলো ধীরে ধীরে মাথা দুলিয়ে সায় দিলেন।

"কে সেটা বলতে পারতো?" হোমস্ হাতের কাগজটা বার বার ওল্টাতে লাগলেন। "এই লেখাটা," হোমস্ বলতে শুরু করলেন। "নরকের প্রবেশদ্বার–এটা ক্যান্টো তিনে আছে, ঐ একই ক্যান্টোতে ভার্জিল আর দান্তে নিরপেক্ষদের মাঝ দিয়ে হেঁটে যান। চিফ জাস্টিস হিলির হত্যার মডেল।"

ক্রেইগি হাউজের আঙিনাতে পায়ের শব্দ শোনা গেলো। লংফেলো মালির ছেলের আশার দরজা খুলে দিতেই সে ভেতরে ঢুকে পড়লো। কথা বলতে শুরু করতেই তার বাইরে বের হয়ে আসা দাঁতগুলো দেখা গেলো আবার। আঙিনার সামনে কে আছে দেখার জন্যে এগোতেই লংফেলোর সঙ্গে নিকোলাস রেইয়ের মুখোমুখি হয়ে গেলো।

"তিনি আমাকে এখানে নিয়ে আসার জন্যে চাপাচাপি করেছেন, মিঃ লংফেলো, স্যার," লংফেলোকে বেশ অবাক হতে দেখে কার্ল বোঝানোর চেষ্টা করলো, তারপর রেইর দিকে তাকিয়ে তেঁতো একটা হাসি দিলো।

রেই বললো, "ছেলেটা যখন আমার কাছে এসে আপনার সমস্যার কথা জানালো তখন আমি ক্যামব্রিজ স্টেশনে অন্য একটা কাজে ব্যস্ত ছিলাম। একজন স্থানীয় অফিসার বাইরে খুঁজে দেখছেন।"

রেই তার কথা শেষ করতেই পড়ার ঘরের পিনপতন নিরবতার আওয়াজটা যেনো কানে শুনতে পেলো।

"ভেতরে আসুন, অফিসার রেই," লংফেলো জানেন না কী বলবেন। তিনি তার ভয়ের কারণটার উৎসের কথা বললেন।

সামনের হলের জর্জ ওয়াশিংটন ট্রুপের দিক থেকে পিছন ফিরে আছে নিকোলাস রেই। হাত দিয়ে তার ট্রাউজারের পকেটে সে কাগজের বান্ডিল স্পর্শ করলো, ওগুলো ভূগর্ভস্থ করবস্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা কাগজগুলো, এখনও স্যাঁত স্যাঁতে মাটির কাঁদা লেগে আছে তাতে। কিছু কিছু কাগজের টুকরোগুলোতে একটা বা দুটো অক্ষর আছে, বাকিগুলো এতোটাই নোংরা ছিলো যে চেনার উপায় ছিলো না।

BanglaBook.org

www.BanglaBook.org

রেই পড়ার ঘরে ঢুকেই তিনজন ভদ্রলোককে ভালো ক'রে লক্ষ্য করলো : হাতির দাঁতের মতো বাকাঁনো গোঁফের লাওয়েলের ওভারকোটের নিচে ড্রেসিংগাউন আর ট্রাউজার দেখা যাচ্ছে, বাকি দু'জনের ঢিলে ঢালা কলার এবং ইস্ত্রিবিহীন জামাকাপড় পরা। একটা রাইফেল দেয়ালে হেলান দিয়ে রাখা আছে; টেবিলে বেশ কয়েকটা রুটি।

রেইয়ের চোখ গিয়ে থামলো নার্ভাস এবং বালসুলভ চেহারার একজনের ওপর, এঘরের একমাত্র ব্যক্তি যার মুখে দাড়ি নেই। "ডাঃ হোমস্ আজ বিকেলে মেডিকেল কলেজে আমাদের একটা ময়নাতদন্তে সাহায্য করেছেন," লংফেলোকে বললেন রেই। "সত্যি বলতে কী, ঐ কাজেই আমি ক্যামব্রুজে এসেছি এখন। আমাদের কাজে সাহায্য করার জন্যে আপনাকে আবারো ধন্যবাদ, ডাক্তার সাহেব।"

ডাক্তার চট ক'রে উঠে দাঁড়ালেন। "এ আর তেমন কি স্যার, আপনার যদি আবারো আমার সাহায্যের দরকার হয়, আমাকে ডেকে পাঠাবেন, কোনো রকম দ্বিধা করবেন না।"

তিনি বেশ বিনয়ের সঙ্গে বললেন, তারপর রেইকে তার কার্ডটা দিলেন। কয়েক মুহূর্তের জন্যে ভুলে গেলেন তিনি তেমন কোনো সাহায্যই করেন নি। হোমস্ এতোটাই নার্ভাস যে, ঠিকমতো গুছিয়ে কথা বলতে পারলেন না। "মনে হচ্ছে অর্থহীন কোনো লাতিন বাণী যা আমাদের শহরের খুনিকে ধরার কাজে তেমন কোনো সাহায্যেই আসবে না।"

রেই চুপচাপ মাথা নেড়ে সায় দিলো।

মালির ছেলেটা লংফেলোর হাত ধরে তাকে একটু পাশে নিয়ে গেলো। "আমি খুব দুঃখিত, মিঃ লংফেলো," ছেলেটা বললো। "সে যে পুলিশ, সেটা আমি বিশ্বাসই করি নি। তার তো কোনো পোশাক কিংবা অস্ত্রশস্ত্র নেই। কেবল সাধারণ একটা কোট প'রে আছে। কিন্তু অন্য অফিসারেরা আমাকে বলেছে যে, মেয়র সাহেবই তাকে সাধারণ পোশাক পরতে বলেছেন, যাতে কেউ তাকে একজন নিগ্রো পুলিশ হিসেবে দেখে ভড়কে না যায় এবং তাকে কটুক্তি না করে!"

লংফেলো কার্লকে অন্য আরেক দিন মিষ্টি খাওয়াবে ব'লে কথা দিয়ে বিদায় ক'রে দিলেন।

পড়ার ঘরে, হোমস্ একবার এক পায়ে তো আবার অন্য পায়ে ভর দিচ্ছেন যেনো গরম কয়লার ওপর দাঁড়িয়ে আছেন তিনি। রেই যাতে সেন্ট্রাল টেবিলটা দেখতে না পায় সেজন্যে মাঝখানে বাঁধা হয়ে দাঁড়িয়ে আছেন। ওখানে হিলির মৃত্যুসংক্রান্ত খবরের একটা সংবাদপত্র রাখা আছে; আরো আছে লংফেলোর ক্যান্টো তিন-এর ইংরেজি অনুবাদের কপিটা, তার পাশেই সেই হত্যার মডেলটা রাখা আছে : ওসবের মধ্যে আবার নিকোলাস রেইয়ের হিজিবিজি লেখা কাগজটা আছে : *দিনান সি আমনো আতেসেন্নোন তুর্নে ইতুর নদুর লাসিয়াতো নে।*

BanglaBook.org

www.BanglaBook.org

রেইয়ের পেছনে লংফেলো পড়ার ঘরের মাঝখানে এসে দাঁড়ালেন। তার নিঃশ্বাসের শব্দটাও রেই টের পেলেন। সে খেয়াল করলো হোমসের পেছনে থাকা টেবিলের দিকে লাওয়েল এবং ফিল্ডস্ অদ্ভুত চোখে তাকাচ্ছে।

এক ঝটকায় ডাক্তার হোমস্ টেবিল থেকে রেইয়ের দেয়া কাগজটা হাতে নিয়ে নিলেন। "ওহ্, অফিসার," ডাক্তার সাহেব বললেন। "আপনার নোটটা কি নেবেন না?"

আচমকা রেইয়ের মনে আশা জাগলো। সে শান্ত কণ্ঠে বললো, "আপনারা কি..."

"হ্যা, হ্যা," হোমস্ বললেন। "আমরা অনেক বই ঘেটে ওটার কিছু অংশ বের করেছি, মাই ডিয়ার অফিসার, আর আমাদের ধারণা এটা আসলে ভাঙা ইংরেজি। এটার একটা অংশ হলো"–হোমস্ দম নিয়ে চোখমুখ শক্ত ক'রে প'ড়ে শোনালেন–"'সি নো ওয়ান টুর, নে, ও, টার্ন নো ডোর লেচ আউট টু ডে।' কাউকে ঘুরে বেড়াতে দেখি না, না, আজ আর দরজার কপাট খোলো না।' অনেকটা শেক্সপিয়ারের মতো মনে হচ্ছে, যদিও কিছুটা অর্থহীন শোনাচ্ছে, কি বলেন?"

রেই লংফেলোর দিকে তাকালো, তার মতো তিনিও বেশ অবাক হয়েছেন। "স্মরণ করিয়ে দেবার জন্যে আপনাকে ধন্যবাদ, ডাঃ হোমস্," রেই বললেন। "এবার তাহলে আপনাদের কাছ থেকে বিদায় নিচ্ছি, ভদ্রমহোদয়গণ, গুডনাইট।"

রেই ফুটপাত দিয়ে চলে যেতেই তারা সবাই দরজার কাছে জড়ো হলেন।

"দরজার কপাটটা খোলো না?" লংফেলো জিজ্ঞেস করলেন।

"তার সন্দেহটা অন্য কিছুর দিকে ঘুরিয়ে দিলাম, লাওয়েল!" হোমস্ অনেকটা চিৎকার করেই বললেন। "আপনার তো খুশি হবারই কথা। অভিনেতারা যখন মঞ্চে কিছু ভুলে যায় তখন তাৎক্ষণিক কিছু করে, এটা অনেকটা সেরকমই!"

"আরে, এটা তো দারুণ একটি ভাবনা, ওয়েন্ডেল।" ফিল্ডস্ হোমসের কাঁধে বাহ্বাসূচক চাপড় মারলেন।

লংফেলো কথা বলতে গিয়েও বলতে পারলেন না। তিনি পড়ার ঘরের দরজাটা বন্ধ ক'রে দিলেন।

"লংফেলো? মাই ডিয়ার লংফেলো?" ফিল্ডস্ বললেন।

লাওয়েল তার প্রকাশকের হাতটা ধ'রে মাথা ঝাঁকালেন। হোমস্ বুঝতে পারলেন তিনি কিছু একটা ধরে রেখেছেন। সেটা তিনি ফেলে দিলেন। রেইয়ের নোটটা। "দেখুন, অফিসার রেই এটা ভুলে রেখে গেছেন।"

তারা রেইয়ের নোটটা দেখছেন না। এটা হলো শীতল, রঙহীন পাথরে খোদাই করা নরকের প্রবেশদ্বার, যেখানে দান্তে অনিচ্ছাকৃতভাবে থেমে গেলে ভার্জিল তাকে সামনের দিকে ঠেলে দিয়েছিলেন।

লাওয়েল রেগেমেগে দান্তের হতবুদ্ধিকর শব্দের কাগজটা তুলে নিয়ে হলের বাতির কাছে গেলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

অধ্যায় ৭

পরবর্তী দান্তে ক্লাবের মিটিংয়ে অলিভার ওয়েন্ডেল হোমস্ একটু দেরি ক'রে আসলেন, তার জানামতে এটাই তার শেষ মিটিং হতে যাচ্ছে। ফিল্ডসের ঘোড়ার গাড়িতে আসতে রাজি হন নি তিনি, যদিও শহরের আকাশ কালো হয়ে আসছে। লংফেলোর বাড়ির সামনে এসে প্রচণ্ড বাতাসে তার ছাতাটা উল্টে গেলে ডাক্তার কবি একটা দীর্ঘশ্বাস ফেললেন। তার জন্যে এ পৃথিবীতে এতো বেশি ভুল জিনিস হচ্ছে যে, এসবের সাথে আর তিনি পেরে উঠছেন না। লংফেলোর বিশুদ্ধ চোখের অভ্যর্থনায় তিনি কোনো স্বস্তি পেলেন না। প্রশান্তির কিছু নেই। ডাক্তারের পেটে যে প্রশ্নটি গিট পাকিয়ে আছে তারও কোনো উত্তর নেই : এসব নিয়ে আমরা এখন কিভাবে এগোবো?

আজকের রাতের খাবার টেবিলে তিনি তাঁদেরকে বলবেন যে, দান্তের অনুবাদে তিনি আর থাকছেন না। লাওয়েল হয়তো তাকে সম্প্রতি ঘটে যাওয়া ঘটনাগুলো থেকে পালিয়ে যাওয়ার জন্যে দায়ী করতে পারেন। একজন খণ্ডকালীন অনুরাগী হিসেবে পরিচিত হতে হোমস্ শংকিত। কিন্তু এখন রেভারেন্ড ট্যালবোটের পোড়া মাংসের গন্ধ নিয়ে আর আগের মতো স্বাভাবিকভাবে দান্তে পড়তে পারবেন ব'লে তার মনে হচ্ছে না। এমন ভানও তিনি করতে পারবেন না। তার কেন জানি মনে হচ্ছে, এসবের জন্যে কোনো না কোনোভাবে তারাও কিছুটা দায়ি, খুব বেশি বাড়াবাড়ি ক'রে ফেলেছেন তারা, প্রতি সপ্তাহে তাঁদের দান্তের *ইনফার্নো* পড়াটা এই বোস্টন শহরে বাতাসে *ইনফার্নো*'তে বর্ণিত শাস্তির আবহ ছড়িয়ে দিচ্ছে।

অনেকটা একহাজার লোকের সৈন্যদলের আগমনের তীব্রতা নিয়ে এক লোক আধঘণ্টা আগে তার কাছে এসেছিলেন।

জেমস্ রাসেল লাওয়েল। তিনি একেবারে ঘেমে ভিঁজে আছেন, যদিও তার বাড়ি খুব কাছেই। অল্প একটু হেটেই এখানে এসেছেন। একেবারে সংজ্ঞাহীনের মতো আচরণ করছেন তিনি। উত্তপ্ত কয়লার নরম আগুন বড় চিমনিটা দিয়ে বের হয়ে লাওয়েলের দাঁড়িতে পড়েছে আর তাতে ক'রে তার দাঁড়ি উজ্জ্বল আলোর আভা ছড়াচ্ছে।

সেই সপ্তাহে কর্নার-এ ফিল্ডস্কে একপাশে নিয়ে গিয়ে লাওয়েল বুঝিয়েছিলেন যে, এই অবস্থায় তিনি থাকতে পারবেন না। পুলিশের কাছে তাঁদের নিরবতার দরকার রয়েছে–খুব ভালো কথা। তাঁদের সুনাম রক্ষিত হবে–তাও ভালো। দান্তেকে রক্ষা করতেই হবে–আরো ভালো কথা। কিন্তু এইসব চমৎকার যুক্তি আর বোধজ্ঞান একটা সহজ সত্যকে মুছে ফেলতে পারে না : কতোগুলো জীবন ঝুঁকির মধ্যে প'ড়ে গেছে।

BanglaBook.org

www.BanglaBook.org

ফিল্ডস্ বলেছিলেন তিনি একটা গ্রহণযোগ্য উপায় খুঁজে বের করার চেষ্টা করবেন। লংফেলো বলেছিলেন, তারা কী করতে পারবেন সেব্যাপারে লাওয়েল কী ভাবছেন সেটা তিনি জানেন না। হোমস্ সফলভাবেই তার বন্ধুকে এড়িয়ে গিয়েছেন। লাওয়েল চেষ্টা করেছিলেন একই সময়ে চার জনের একটা মিটিংয়ের ব্যবস্থা করার জন্যে, কিন্তু আজকের দিনের আগ পর্যন্ত তারা এক হতে পারেন নি।

এখন তারা বৃত্তাকারে ব'সে আছেন। এভাবেই তারা আড়াই বছর ধ'রে ব'সে যাচ্ছেন, একটিমাত্র কারণেই লাওয়েল তাঁদের প্রত্যেকের কাঁধে চাপড় মারেন নি। আর সেই কারণটা হলো, তার প্রিয় সবুজ রঙের ইজি চেয়ারটাতে দান্তের কাগজগুলো রাখা আছে : তারা সবাই প্রতীজ্ঞা করেছে জর্জ ওয়াশিংটন গৃনকে কিছুই জানাবেন না।

এই তো তিনি। নাজুক আঙুলগুলো সবার সামনে মেলে রেখেছেন, আগুনের পাশে ব'সে নিজেকে উষ্ণ করছেন। বাকিরা জানে, ভগ্নস্বাস্থ্যের অধিকারী গৃন এরকম ভয়ংকর নির্মম ঘটনা হয়তো সহ্যও করতে পারবেন না। সেজন্যেই বৃদ্ধ ইতিহাসবিদ এবং অবসরপ্রাপ্ত যাজক মৃদুভাবে অভিযোগ জানালেন যে, তিনি তার চিন্তাভাবনা গুছিয়ে প্রস্তুতি নিতে পারেন নি, কারণ লংফেলো হঠাৎ করেই ক্যান্টো সম্পর্কিত আলোচনা শুরু ক'রে দিয়েছেন। আর এই বুধবারের রাতে তিনিই একমাত্র উৎফুল্ল সদস্য হিসেবে প্রতীয়মান হলেন।

সপ্তাহের শুরুতে, লংফেলো তার সহকর্মী পণ্ডিতদের কাছে চিঠি লিখে পাঠিয়েছিলেন যে, তারা যেনো ছাব্বিশতম ক্যান্টোটা একটু পর্যালোচনা ক'রে দেখেন, যেখানে দান্তের সঙ্গে ট্রোজান যুদ্ধের গৃক বীর ইউলিসিসের জ্বলন্ত আত্মার দেখা হয়। এটা দলের মধ্যে সবচাইতে বেশি জনপ্রিয়, তাই আশা করা হচ্ছে, এটা তাঁদেরকে চাঙ্গা করবে।

"এখানে আসার জন্যে সবাইকে ধন্যবাদ," লংফেলো বললেন।

শেষকৃত্যের সময়ের কথাটা মনে প'ড়ে গেলো হোমসের, যখন দান্তের অনুবাদ শুরু করার ঘোষণা দেয়া হয়েছিলো। ফ্যানির মৃত্যুর খবরটা ছড়িয়ে পড়লে বোস্টনের কতিপয় অভিজাত ব্যক্তি, লংফেলোর ভাষায় ব্রাহ্মণ, মনের অজান্তেই পুলকিত হয়েছিলেন—যা তারা নিজেরাও কখনও স্বীকার করবে না, এমনকি মনে মনেও—এক সকালে ঘুম থেকে উঠে তিনি বুঝতে পেরেছিলেন যে, দুর্ভাগ্য কারো কারোর জীবনে অসম্ভব রকম আর্শীবাদ বয়ে আনে। লংফেলোর মনে হয়েছিলো কোনো রকম ক্ষতি ছাড়াই প্রতিভা এবং বৈভবে তিনি পৌছে গিয়েছেন। ডাঃ হোমস্ ফ্যানির আগুনে পুড়ে মারা যাবার পর হেনরি ওয়াডস্ওর্থ লংফেলোকে সেরে ওঠার জন্যে সাহায্য করেছেন।

দান্তে ক্লাব একজন বন্ধুর জীবন বাঁচিয়ে দিয়েছিলো। আর এখন—দান্তেকে অনুকরণ ক'রে দু দুটো হত্যাকাণ্ড সংঘটিত হয়ে গেছে। আর এরকম অনুমানও করা হচ্ছে যে, তৃতীয় অথবা চতুর্থ হত্যাকাণ্ডটি শীঘ্রই সংঘটিত হবে, হয়তো তারা যখন এই আগুনের পাশে ব'সে আছেন ঠিক তখনই।

BanglaBook.org

www.BanglaBook.org

"আমরা কী ক'রে এটা এড়াতে পারি..." জেমস্ রাসেল লাওয়েল তিক্তভাবে গ্নের দিকে চেয়ে বললেন, যিনি তার প্রুফ শিটের মার্জিনে নোট লিখে যাচ্ছেন।

লংফেলো ইউলিসিস-এর ক্যান্টোটা প'ড়ে শুনিয়ে আলোচনা করলেন, অযাচিত মন্তব্য তাকে থামাতে পারলো না। তার সদাহাস্যময় মুখটা বিবর্ণ আর ফ্যাকাশে হয়ে গেলো।

ইউলিসিস নিজেকে নরকের আগুনসদৃশ্য দেহের শয়তানদের কাউন্সেলরদের মাঝে নিজেকে আবিষ্কার করলেন। তার ডগাগুলো সামনে পেছনে দোলাতে লাগলো ঝুলে থাকা জিভের মতো। নরকের কেউ কেউ দান্তেকে তাদের গল্প বলতে বাধা দিলো। বাকিরা তীব্রভাবেই উদগ্রীব হয়ে রইলো। ইউলিসিস এই দু'পক্ষের মধ্যেই পড়েন।

ইউলিসিস দান্তেকে বললেন ট্রয়ের যুদ্ধের পরে একজন বৃদ্ধ সৈনিক হিসেবে তিনি ইচাকা-তে তার স্ত্রী এবং পরিবারের কাছে জাহাজে ক'রে ফিরে যান নি। বেঁচে যাওয়া হাতে গোনা কয়েকজন মাঝি-মাল্লাকে তিনি রাজি করাতে সক্ষম হলেন সামনে এগিয়ে একটি নৌ অঞ্চল অতিক্রম করার জন্যে, যে জায়গাটি কোনো মানুষের পক্ষে নিয়তিকে অবজ্ঞা ক'রে অতিক্রম করা অসম্ভব। তাই একটা ঘূর্ণি বাতাস এসে তাদেরকে সাগরে ডুবিয়ে দেয়।

এই বিষয়ে গ্নই হলেন একমাত্র ব্যক্তি যিনি কিছু বললেন। ইউলিসিসের এই ঘটনার ওপরে টেনিসনের একটি কবিতার কথা তিনি ভাবলেন। বিষন্নভাবে হেসে মন্ত ব্য করলেন, "আমার মনে হয় এই দৃশ্যে লর্ড টেনিসনকে দান্তে যে অনুপ্রেরণা দিয়েছিলেন সেটা বিবেচনা করা উচিত।

"'থেমে যাওয়াটা কতোই না বিব্রতকর," গ্ন বললেন, টেনিসনের কবিতাটি মুখস্ত আবৃত্তি করলেন। "মরচে পড়ে গেলে ব্যবহারে আর চক্চকে হয় না! যেনো নিঃশ্বাস নেয়াটাই জীবন! জীবনের ওপর জীবনের স্তুপ খুবই অল্প, আর আমার কাছে সেটা'"– চোখে দৃশ্যমান ধোঁয়াটে ভাব নিয়ে তিনি থামলেন–"'খুবই অল্প পরিমাণে রয়েছে।' টেনিসনকে আমাদের পথপ্রদর্শক করা হোক, প্রিয় বন্ধুগণ, তিনি তার দুঃখের মাঝে কিছুটা ইউলিসিসের মতো, জীবনের চূড়ান্ত পরিভ্রমণের বিজয়ের আকাঙ্ক্ষা করেছেন।"

লংফেলো এবং ফিল্ডসের ব্যাকুল জবাবের পর বৃদ্ধ গ্নের মন্তব্য মিঁইয়ে গেলো উচ্চস্বরের নাক ডাকার মধ্যে। তার যা দেবার তা দেয়ার পর তিনি নিঃশেষ হয়ে গেলেন। লাওয়েল তার হাতে থাকা প্রুফের কাগজটি ধ'রে রাখলেন শক্ত ক'রে। তার ঠোঁট দুটো আড়ষ্ট হয়ে থাকলো অবাধ্য কোনো স্কুলবালকের মতো। তার উদভ্রান্ততা বেড়ে গেলো বিশুদ্ধ ভণিতায়। তার মেজাজটা আগতদের সবার কাছে উন্মোচিত হলো।

যখন কেউ কোনো কথা বললো না, লংফেলো আর্তি জানিয়ে বললেন, "লাওয়েল,

BanglaBook.org

www.BanglaBook.org

এই ছত্রের ওপরে কোনো মন্তব্য করবেন কি?"

পড়ার ঘরের একটা আয়নার ওপরে দান্তের একটি সাদা মার্বেলের মূর্তি রাখা আছে। সেটার উদাস দৃষ্টি তাঁদের দিকেই নিবদ্ধ। লাওয়েল বিড়বিড় করলেন, "দান্তে কি বলেন নি যে, কোনো কবিতাই অনুবাদ করা যায় না? তারপরও আমরা সপ্তাহে একদিন জড়ো হই এবং বেশ তৃপ্তি নিয়েই তার শব্দগুলোকে হত্যা করি।"

"লাওয়েল, থামুন!" ফিল্ডস্ কর্কশভাবে বললেন, তারপর লংফেলোর দিকে তাকিয়ে চোখের ভাষায় ক্ষমা চেয়ে নিলেন। "আমাদের যা করতে হবে তাই আমরা করছি," প্রকাশক নিচু এবং ফ্যাস্‌ফ্যাসে কণ্ঠে এমনভাবে বললেন যাতে ক'রে সেটা লাওয়েল শুনতে পেলেও গৃনের ঘুমের ব্যাঘাত ঘটিয়ে তাকে জাগিয়ে না তোলে।

লাওয়েল উদগ্রীব হয়ে সামনের দিকে ঝুঁকে এলেন। "আমাদের কিছু করার দরকার...আমাদের সিদ্ধান্ত নেবার দরকার..."

হোমস্ সঙ্গে সঙ্গে লাওয়েলের দিকে বড়বড় চোখে তাকিয়ে গৃনের দিকে ইঙ্গিত করলেন। অথবা আরো বেশি নির্দিষ্ট ক'রে বললে বলা যেতে পারে ইঙ্গিত করলেন গৃনের লোমশ কানের দিকে। বৃদ্ধলোকটি যেকোনো মুহূর্তে জেগে উঠতে পারে। হোমস্ এরপর আঙুল নেড়ে তাঁদের এ বিষয় নিয়ে নিরব থাকার ইশারা করলেন।

"আপনি এখন আমাদেরকে কী করতে বলছেন?" হোমস্ জানতে চাইলেন। "দুর্ভাগ্যবশত, করার কিছুই নেই," হোমস্ এবার বিড়বিড় ক'রে বললেন, নিজের টাই'টা আলগা ক'রে নিয়ে নিজের প্রশ্নটা যেনো প্রত্যাহার ক'রে নেবার চেষ্টা করলেন। অসফলভাবেই।

হোমস্ বেঁফাস কিছু ব'লে ফেলেছেন। পাল্টা আক্রমণের অপেক্ষা করলেন তাই। এই আক্রমণটা এড়ানো যায় একমাত্র মন খুলে কথা বলার মাধ্যমে, এই চার জন, একই ছাদের নিচে ব'সে, একযোগে কাজ করার মধ্য দিয়ে।

লাওয়েলের মুখটা আরক্তিম হয়ে উঠলো। জর্জ ওয়াশিংটন গৃনের ছন্দময় নিঃশ্বাসের দিকে তাকালেন তিনি। তার মাথার ভেতরে একই সময়ে তাঁদের আলোচনার কথাগুলোও ঘুরে ফিরছে : লংফেলো তাঁদেরকে আসার জন্যে খুবই আন্তরিকভাবে ধন্যবাদ দিয়েছেন, গৃন টেনিসনকে উদ্ধৃত করেছেন, হোমসের দীর্ঘশ্বাস, ইউলিসিসের রাজষিক ভাষা, প্রথমে সেটা দূর্ভাগা জাহাজের ডেকে দাঁড়িয়ে বলা হয়েছিলো এবং পরে নরকে সেটা আবারো বলা হয়। এসবই তার মাথার ভেতরে ঘুরপাক খাচ্ছে আর নতুন কিছু ভাবাচ্ছে।

ডা: হোমস্ দেখলেন লাওয়েল তার কপালে হাত রাখলেন। হোমস্ জানেন না লাওয়েল এটাকে কী বলবেন। তিনি বেশ অবাক হলেন। হয়তো তিনি লাওয়েলের কাছ থেকে প্রত্যাশা করছেন তিনি চিৎকার ক'রে তাঁদেরকে জাগিয়ে তুলবেন; কিন্তুঅতীতে সংকটকালে লাওয়েল মহান কবির কাণ্ডজ্ঞান প্রদর্শন করেছেন। "'আমার জাহাজীরা, যারা কঠিন পরিশ্রম করেছি আর আমার সঙ্গে ভেবেছে...'" এটা টেনিসনের

BanglaBook.org

www.BanglaBook.org

একটি কবিতার পংক্তি, যেখানে ইউলিসিস মৃত্যুকে অস্বীকার করতে তার নাবিকদেরকে উদ্দীপ্ত করছেন।

লাওয়েল একটু ঝুঁকে হাসলেন, তার লৌহকঠিন উচ্চারণের মতোই দৃঢ় দেখালো তাকে।

"...আমি আর তোমরা হলাম বুড়া;
বৃদ্ধ বয়েসের রয়েছে সম্মান আর তাড়া।
মৃত্যু সবকিছু দেয় থামিয়ে,
তবে শেষে কিছু একটা বাকি যে থাকে,
মহান কিছু লেখা, হয়তো এখনও
শেষ করা হয় নি তা'..."

হোমস্ একেবারে বিস্মিত হয়ে গেলেন, সেটা শব্দের ক্ষমতার জন্যে নয়। তিনি অভিভূত হলেন শব্দগুলোর তাৎক্ষণিক অর্থবহতার জন্যে। ভেতরে ভেতরে তিনি কাঁপতে লাগলেন। এটা কোনো নিছক আবৃত্তি নয় : লাওয়েল তাঁদের সঙ্গে কথা বললেন। লংফেলো এবং ফিল্ডস্‌ও উচ্ছ্বাস আর ভয়ে চেয়ে আছেন, কারণ তারা বেশ স্পষ্টভাবেই বুঝতে পেরেছেন। লাওয়েল তাঁদের দিকে চেয়ে কথা বলতেই তারা মুচকি হাসলেন, দুটো হত্যার পেছনের সত্যটাকে খোঁজার জন্যে তাঁদেরকে রাজি করালেন।

বাইরের প্রবল বৃষ্টি জানালাতে আঘাত হানছে। বজ্রপাতের আলোও দেখা যাচ্ছে, আর সেগুলোর দোর্দণ্ড শব্দের প্রতাপে জানালার কাঁচগুলো কাঁপছে। হোম্‌সের জানার আগেই লাওয়েলের কণ্ঠটা হারিয়ে গেলো কয়েক মুহূর্তের জন্যে, তিনি আর আবৃত্তি করছেন না।

এরপরই লংফেলো কথা বললেন, টেনিসনের কবিতার পংক্তিটা তিনিও একই ভঙ্গীতে উচ্চারণ করলেন :

"...সুগভীর
অসংখ্য কণ্ঠের গোঙানী। আসো বন্ধুরা, আমার।
এখনও খুব বেশি দেরি হয়ে যায় নি
নতুন পৃথিবী খোঁজার..."

এবার লংফেলো ঘুরে তার প্রকাশকের দিকে তাকালেন, তার চোখেমুখে কিছু কথা বলার ইঙ্গিত আছে : আপনার পালা এবার, ফিল্ডস্।

ফিল্ডস্ আমন্ত্রণ পেয়ে সম্মতি জানিয়ে মাথা দোলালেন। হোমস্ খুব ভয় পেলেন যে, লাওয়েল এবং লংফেলো অসম্ভব কিছুর দিকে ধাবিত হচ্ছেন। তবে এখানে

www.BanglaBook.org

আশাও রয়েছে। ফিল্ডস্ হলেন তার কবির ত্রাণকর্তা, তিনি তাঁদেরকে ঝুঁকির মুখে পড়তে দেবেন না। ফিল্ডসের ব্যক্তি জীবনটা মারাত্মক বিপদ থেকে দূরে থেকেছে সব সময়, কখনও বাচ্চা নেবার চেষ্টা করেন নি আর এভাবেই প্রথম অথবা দ্বিতীয় বছরদিনের আগে সন্তানের মৃত্যুর দুঃখ থেকে নিজেকে বিরত রেখেছেন তিনি। পৃথিবীর ঝক্কি ঝামেলা থেকে মুক্ত হয়ে নিজের সুরক্ষিত প্রাণশক্তিগুলো তার লেখকদের জন্যে নিবেদিত করেছেন। একবার ফিল্ডস্ পুরো একটি বিকেল লংফেলোর সাথে *হেসপেরাস*-এর একটি জাহাজ ডুবির ঘটনাকে বিবৃত ক'রে লেখা কবিতা নিয়ে তর্ক ক'রে কাটিয়ে দিয়েছিলেন। এই তর্কবিতর্কের ফলে লংফেলোর কর্নেলিয়াস ভ্যান্ডারবিল্টের প্রমোদ তরীতে প্রমোদ ভ্রমণের পরিকল্পনাটি ভেস্তে গিয়েছিলো। আর যাত্রার মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই জাহাজটা আগুনে পুড়ে ডুবে যায়। হোমস্ প্রার্থনা করলেন, একইভাবে, বিপদ কেটে যাবার আগ পর্যন্ত ফিল্ডস্ যেনো তাঁদেরকে বিরত রাখতে পারেন।

তবে প্রকাশক জানেন এরা হলেন পণ্ডিত এবং বিজ্ঞ ব্যক্তি, কাজের লোক নন।

ফিল্ডসের মুখটা খুললেও পরক্ষণেই সেটা বন্ধ হয়ে গেলো। দ্বিধায়, যেনো কেউ দুঃস্বপ্নের কথা বলতে চাচ্ছে কিন্তু পারছে না। আচম্‌কা সমুদ্রভীতিতে আক্রান্ত হলেন তিনি। হোমস্ সমবেদনায় দীর্ঘশ্বাস ফেললেন, তার অস্বস্তিটা আঁচ করতে পারলেন তিনি। কিন্তু এরপরই ফিল্ডস্ ভুরু কুচ্‌কে প্রথমে লংফেলো, তারপর লাওয়েলের দিকে তাকালেন, নিজের পায়ে ভর দিয়ে প্রবল প্রাণশক্তিতে টেনিসনের কবিতার বাকি পংক্তিটা বিড়বিড় ক'রে উচ্চারণ করলেন :

> *"আর,*
> *পুরনো দিনে পৃথিবী এবং স্বর্গকে যে শক্তি নাড়িয়ে দিতো*
> *আমরা এখন সেই শক্তিতে নেই, আমরা যা আমরা তাই..."*

আমরা কি একটা হত্যা রহস্য সমাধান করার মতো শক্তিশালী? ডাঃ হোমস্ ভাবতে লাগলেন। অলীক ভাবনা, এটা আসলেই সেই জিনিস। খুবই ভয়ংকরভাবে দু দুটো খুন হয়ে গেছে, তবে সেটা প্রমাণ করা যাবে না, হোমস্ ভাবলেন, নিজের বিজ্ঞানমনস্ক মন দিয়ে বুঝতে পারলেন, আরো খুন হবে। তাঁদের জড়িত হওয়াটা অযাচিতভাবে মাথা ঘামানো হবে অথবা বিপর্যয়করও হতে পারে। তার অর্ধেক মন মেডিকেল কলেজের শবব্যবচ্ছেদ দেখার জন্যে অনুতপ্ত হচ্ছে, বাকি মন তার আবিষ্কারের কথা বন্ধুদের বলার জন্যে অনুশোচনা করছে। তারপরও, এটা না ভেবে তিনি পারছেন না : জুনিয়র কী করবে? ক্যাপ্টেন হোমস্। জুনিয়রের রয়েছে সংকীর্ণ দৃঢ়প্রত্যয়ের মেধা। সংকীর্ণরাই কেবলমাত্র সত্যিকারের সাহসী হতে পারে। হোমস্ দু'চোখ বন্ধ করলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

জুনিয়র কী করবে? ওয়েন্ডেল জুনিয়রের সৈন্যদলটির ট্রেনিং-ক্যাম্প ছেড়ে যাওয়ার দৃশ্যটির কথা তিনি ভাবলেন। "গুডলাক। আমি যদি তরুণ হতাম তবে লড়াই করতাম।" এবং এরকম আরো কিছু কথা। তবে তিনি এরকমটি ভাবেন নি। তিনি বরং ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন যে, তিনি তরুণ ছিলেন না।

লাওয়েল হোম্‌সের দিকে ঝুঁকে ধৈর্য সহকারে নরম কণ্ঠে ফিল্ডসের কথাটাই পূণর্ব্যক্ত করলেন। "আমরা যা, আমরা তাই।"

আমরা যা, আমরা তাই : আমরা কী বেছে নেবো। হোমসের এই শান্তভাবটির একটুখানি। তার জন্যে অপেক্ষায়রত তিনজন বন্ধু একমত হয়েছেন। এখনও তিনি পকেটে হাত ঢুকিয়ে চলে যেতে পারেন। হাঁপানীর কারণে গভীর একটা নিঃশ্বাস নিলেন, তারপরই স্বস্তির একটা দীর্ঘশ্বাস ছাড়লেন। কিন্তু হোমস্ আচম্‌কা কথা বললেন। নিজের কণ্ঠটা তিনি নিজেই চিনতে পারলেন না, এমন একটা কণ্ঠ যা দান্তের সঙ্গে কথা বলার জন্যে যথেষ্ট। তিনি কেবল চিনতে পারলেন তার কণ্ঠে টেনিসনের কথাগুলো মূর্ত হয়ে উঠছে : "'... আমরা যা, আমরা তাই,/এক বীরের হৃদেয়র মতো,/ সময় আর দুর্ভাগ্য দূর্বল ক'রে ফেলেছে আমাদের, তবে ইচ্ছে শক্তিতে আমরা শক্তিশালী/ চলো খুঁজে বেড়ানোর চেষ্টা করি,'"–তিনি থামলেন– "এবং হাল ছেড়ে দিও না।"'

"চেষ্টা করি," লাওয়েল ধ্যানমগ্ন হয়ে সবার মুখের দিকে তাকালেন, তারপর হোম্‌সের দিকে চেয়ে থামলেন। "খুঁজে বেড়ানোর..." ঘড়িতে ঘণ্টা বাজলে গৃন আড়মোড়া দিয়ে জেগে উঠতে লাগলেন তিনি, তবে আর কোনো কথাবার্তার দরকার নেই : দান্তে ক্লাবের পুর্ণজন্ম হয়ে গেছে।

"ওহ্, হাজারবার ক্ষমা চাচ্ছি, মাই ডিয়ার লংফেলো।" পুরনো ঘড়িটার শব্দে গৃন জেগে উঠে বললেন। "আমি কি খুব বেশি কিছু থেকে বঞ্চিত হয়েছি?"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৮

রেভারেন্ড ট্যালবোটের মৃতদেহটা যে সপ্তাহে আবিষ্কার হয়েছিলো সেই সপ্তাহে বোস্টনের অনুন্নত এলাকাটা একইরকম ছিলো। পথঘাট ছিলো নির্বিকার। সেখানকার বস্তি, বাড়িঘর, বেশ্যাপাড়া আর সস্তা হোটেলগুলো অন্য জায়গায় যাবার সঙ্গতি আছে এরকম বোর্ডারদেরকে ছেড়ে দিয়েছিলো। সেখানকার পাইপ থেকে শুকনো বাষ্প বের হয়, ফুটপাতগুলোতে কমলার খোসা প'ড়ে থাকে আর অসময়ে হৈহুল্লোর নাচে-গানে মশগুল থাকে লোকজন। কালোরা সরকারী ঘোড়ার গাড়িতে ক'রে যাওয়া আসা করে : তরুণীর দল, ধোপা আর বাড়ি ঘরের ঝি-চাকর, যাদের মাথার চুল রঙ-বেরঙের স্কার্ফে শক্ত ক'রে বাঁধা, তাদের অলঙ্কারগুলো টুংটাং সঙ্গীত সৃষ্টি করে; কালো সৈনিক অথবা পোশাক পরা নাবিকদেরও দেখা যেতে পারে সেখানে, তারপরও সেটা অপ্রীতিকর দৃশ্য। তাই একজন মুলাট্টো লক্ষণীয় ভঙ্গীতে হেঁটে গেলে কেউ কেউ তা খেয়াল করলো না, আর অন্যেরা হাসা হাসি করলো, আরো বেশি কালো যারা তারা রেগেমেগে তাকালো তার দিকে। তারা জানে রেই একজন পুলিশ আর তাই তাদের চেয়ে সে আলাদা, যেমনটি সে আলাদা তার মিশ্র বর্ণের জন্যে। কালোরা বোস্টনে নিরাপদ, এমনকি সাদাদের সঙ্গে একই স্কুলে পড়তে এবং পাবলিক যানবাহনে চড়ার অনুমতিও তারা পায়। এজন্যেই তারা শান্ত থাকে। তারপরও, রেই দায়িত্বে থাকাকালীন সময়ে একটু ভুল করলে অথবা ভুল কাউকে ধরলে ঘৃণার শিকার হয়। এসব কারণে কালোরা তাকে তাদের জগত থেকে নির্বাসিত করেছে, আর যেহেতু এইসব কারণ সঠিক, তাই তার কাছে কেউ কখনও ব্যাখ্যা করে নি, অনুশোচনা জাগায় নি।

মাথায় ঝুড়ি নিয়ে আলাপরত কয়েকজন তরুণী আঁড় চোখে তার দিকে তাকালো। তার সুন্দর ব্রোঞ্জ ত্বক ল্যাম্পের আলোতে আরো বেশি সুন্দর হয়ে উঠেছে। রাস্তার অন্যপাশে, এক কোণে, বিশাল বপুর এক লোক ঘোরাফেরা করছে, রেই তাকে চিনতে পারলো। স্পেশীয় ইহুদি, কুখ্যাত এক চোর, যাকে কখনও কখনও পুলিশ স্টেশনে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। নিকোলাস রেই তার ঘরে যাবার সংকীর্ণ সিঁড়িটা দিয়ে উঠতে লাগলো। তৃতীয় তলার ল্যান্ডিংয়ের সামনেই তার ঘর। বাতিটা নষ্ট হওয়া সত্ত্বেও সে একটা ছায়া দেখে বুঝতে পারলো কেউ তার ঘরের যাবার পথে বাঁধা হয়ে দাঁড়িয়ে আছে।

সপ্তাহের ঘটনাগুলো বেশ নিদারুণ হয়ে উঠছে। রেই যখন চিফ কার্তেজকে রেভারেন্ড ট্যালবোটের মৃতদেহটা দেখাতে নিয়ে গেলো তখন ওখানকার সেক্সটন কার্তেজ এবং কয়েকজন সার্জেন্টকে সঙ্গে ক'রে মাটির নিচের কবরখানায় নিয়ে

BanglaBook.org

www.BanglaBook.org

গিয়েছিলেন। কার্তেজ থেমে ঘুরে দাঁড়ালে রেই খুব অবাক হয়েছিলো। "পেট্রলম্যান।" রেইকে তাদের সঙ্গে আসার জন্যে ইশারা করেছিলো সে। কবরখানার ভেতরে ঢুকে কবরের সারি দেখে পেট্রলম্যান রেইয়ের বুঝে উঠতে একটু সময় লেগেছিলো। এরপরই মাটির নিচে পুঁতে রাখা মৃতদেহের পা দুটো তার নজরে প'ড়ে ছিলো : আগুনে পোড়া, চামড়া উঠে যাওয়া এবং একেবারেই বিকৃত। সেক্সটন যা দেখেছেন সেটা তাদেরকে জানালেন।

পায়ের পাতা দুটো প্রায় ভেঙে পড়ার উপক্রম হয়েছিলো, চামড়া, মাংস পুড়ে একাকার হয়ে হাড় বের হয়ে গিয়েছিলো যে, সেটাকে এনাটমির দৃষ্টিতেই কেবল গোড়ালী বলা যেতে পারতো। পুলিশের কাছে এটা একেবারেই উন্মাদগ্রস্ত একটি কাজ ব'লে মনে হচ্ছে।

"কেবলমাত্র পায়েই আগুন ধরানো হয়েছে?" পেট্রলম্যান রেই আল্‌তো ক'রে পোড়া পা'টা স্পর্শ ক'রে জানতে চেয়ে ছিলো। পোড়া মাংসে তখনও আগুনের উত্তাপ ছিলো ব'লে রেই হাতটা সরিয়ে ফেললো। অবাক হয়ে সে ভাবলো মানুষের শরীর বিকৃত হয়ে যাবার আগে কতোটা পরিমাণ উত্তাপ সহ্য করতে পারে। দু'জন সার্জেন্ট মৃতদেহটা বয়ে নিয়ে যাবার পর, সেক্সটন গ্রেগ কান্নাজড়িত কণ্ঠে কিছু একটা বললেন।

"কাগজটা," তিনি রেইকে ধ'রে বললেন, সে-ই একমাত্র পুলিশ তখন ভূগর্ভস্থ কবরখানায় রয়ে গিয়ে ছিলো। "সমাধির পাশে কিছু কাগজের টুকরো আছে, ওগুলো তো এখানে থাকার নয়। উনারও এখানে থাকার কথা নয়! তাকে আমার এখানে আসতে দেয়া ঠিক হয় নি!" কান্না থেকে তিনি আর নিজেকে বিরত রাখতে পারলেন না। রেই লণ্ঠনটা নিচু ক'রে কাগজের টুকরোতে থাকা অক্ষরগুলো দেখলো, যেনো বেখেয়ালে অপরাধের প্রমাণ রেখে গেছে অপরাধী।

সংবাদপত্রে দুটো হত্যার খবরকেই জঘন্য হত্যা হিসেবে উল্লেখ করবে—হিলি এবং ট্যালবোটেরটা—এতো দ্রুত যে, জনগনের কাছে নিহত দু'জন দুই বন্ধু হিসেবে পরিগণিত হবেন—প্রায়শই পথে-ঘাটে সর্বত্র হিলি-ট্যালবোটের হত্যা হিসেবে আলোচিত হবে এটি। যে রাতে ট্যালবোটের মৃতদেহটি পাওয়া গিয়েছিলো সে রাতে লংফেলোর বাড়িতে ডাঃ অলিভার ওয়েন্ডেল হোম্‌সের অদ্ভুত মন্তব্যে কি সাধারণ লোকের এই সিন্ড্রোমটা প্রকাশ হয়ে গিয়েছিলো? হোমস্ রেইকে তার মেডিকেল অভিজ্ঞতা জানানোর সময় মেডিকেলের ছাত্রদের মতোই নার্ভাস ছিলেন। "অর্থহীন লাতিন অনুমাণের মতো কিছু মনে হলেও আমাদের শহরে পালিয়ে বেড়ানো খুনিকে ধরতে সাহায্য করতে পারবে।" শব্দটি রেইকে খুব ভাবালো : খুনিকে। ডাঃ হোমস্ মনে করছেন হত্যাকাণ্ডগুলো একই লোক বা গোষ্ঠী করেছে। যদিও তাদেরকে একসূত্রে গাঁথার মতো নিশ্চিত কিছু এখনো মেলে নি, কেবলমাত্র তাদের পৈশাচিকতা ছাড়া। অবশ্য মৃতদেহ দুটো নগ্ন এবং তাদের পরিধেয়গুলো সুন্দর ক'রে পাশেই রাখা

BanglaBook.org

www.BanglaBook.org

ছিলো–কিন্তু রেই যখন হোম্‌সের সঙ্গে কথা বলছিলেন তখন তো সেই খবরটা পত্রিকায় ছাপাও হয় নি। হতে পারে উন্নাসিক ডাক্তার সাহেবের মুখ ফস্‌কে এটা বের হয়ে গেছে।

পত্রিকাগুলো তাদের শিরোনামে আরো হত্যার খবর ছাপিয়েছে : ফাঁস দেয়া, ডাকাতি করা, গুলি ক'রে আত্মহত্যা করা, এক পতিতাকে পুলিশ স্টেশনে থেকে একটু দূরে প্রায় শ্বাসরোধ অবস্থায় পাওয়া, একটা বাচ্চাকে ফোর্ট হিলের বোর্ডিং হাউজ থেকে এমনভাবে পেটানো অবস্থায় পাওয়া গেছে যে, তার হাড্ডি-মাংস যেনো এক হয়ে গেছে। আর সেন্ট্রাল স্টেশনে জিজ্ঞাসাবাদের জন্যে আনা এক ভবঘুরের অদ্ভুত ঘটনাটা তো আছেই। যেকিনা পুলিশের সামনেই জানালা দিয়ে লাফিয়ে নিচে প'ড়ে মারা গিয়েছে। ঘটনাটি ঘটেছে চিফ কার্তেজের চোখের সামনে। পত্রিকাগুলো চিৎকার চেঁচামেচি করছে, "নাগরিকদের নিরাপত্তার ব্যাপারে কি পুলিশের আদৌ কোনো দায় দায়িত্ব আছে?"

নিজের অন্ধকার ঘরের দিকে যাবার সময় সিঁড়ির মাঝপথে রেই থেমে গেলো, নিশ্চিন্ত হলো তার পেছনে কেউ নেই। কোটের নিচে থাকা বিলি ক্লাব পিস্তলটা ধ'রে আবার উঠতে শুরু করলো সে। "আমি কেবল একজন গরীব ভিক্ষুক, স্যার।" যে লোকটা সিঁড়ির ওপর থেকে বললো, তার চিকন দুটো পা আর আয়রন হিল জুতো জোড়া দেখে খুব সহজেই চেনা গেলো : ল্যাংডন পিল্‌সি, সিন্দুক ভাঙার চোর, বেখেয়ালে তার ডায়মন্ডের ব্রেস্ট পিনটা ঘষছে সে।

"লিলি হোয়াইট।" পিল্‌সি দাঁত বের ক'রে হাসলে তার সুন্দর দাঁতগুলো দেখা গেলো। "হাত মেলান।" সে রেইয়ের হাতটা ধরলো। "ঐ শো-আপের পর থেকে আপনার এই মূল্যবান চেহারাটা আর দেখা যায় নি। এটা আপনার ঘর হতে পারে না?" সে নির্দোষভাবে পেছনের দিকে ইঙ্গিত করলো।

"স্বাগতম তোমাকে, মিঃ পিস্‌লি। দু'দিন আগে, রাতের বেলায়, লেক্সিংটন ব্যাংকটা যে তুমিই ডাকাতি করেছো সেটা আমি জানি।" নিকোলাস রেই এটা বললেন এজন্যে যে, সেও এই চোরটার মতো সবকিছুর খোঁজখবর রাখে।

পিস্‌লি এমন কোনো প্রমাণ বা আলামত রেখে যায় নি যে, তার উকিল তাকে দোষী সাব্যস্ত করতে পারবে। "আমাকে বলেন তো, আজকাল কার মাথা এতো বেশি খারাপ হয়েছে যে, একা একা একটা ব্যাংক লুট করতে যাবে?"

"তুমি, আমি নিশ্চিত, তুমিই। ধরা দেবার জন্যেই কি এখানে এসেছো?" রেই একেবারে গুরু গম্ভীরভাবে কথাটা বললো।

পিল্‌সি নাক সিঁটকে হাসলো। "না বাবা, তা হবে কেন। তবে আমার মনে হয়, আপনার ওপর তারা কিছু বিধিনিষেধ আরোপ করেছে–সেগুলো কি? কোনো পোশাক পরা যাবে না, সাদা লোকদের গ্রেফতার করা যাবে না, এরকম–তো, তারা খুব অন্যায় কাজ করেছে, অবশ্যই এটা অন্যায্য। তবে কিছু সান্ত্বনাও আছে। আপনি তো চিফ

BanglaBook.org

www.BanglaBook.org

কার্তেজের খুব ঘনিষ্ঠ লোক হয়ে উঠেছেন, এতে ক'রে কিছু লোককে সত্যিকারের বিচারের মুখোমুখিও করা যাবে। মানে, জজ হিলি আর রেভারেন্ড ট্যালবোটের হত্যাকারীদের কথা বলছি, তাঁদের আত্মা শান্তিতে থাকুক। শুনেছি ট্যালবোটের চার্চের ডিকনরা পুরস্কারের টাকা যোগাড় করার জন্যে চাঁদা তুলছে।"

রেই তার ঘরের দিকে চললো, কথাটা আমলেই নিলো না সে। "আমি খুব ক্লান্ত," শান্ত কণ্ঠে সে বললো। "কোনো আসামী বা হত্যাকারীর খবর না থাকলে চলে যেতে পারো।"

পিস্‌লি রেইয়ের স্কার্ফটা ধ'রে তাকে থামালো। "পুলিশের লোকেরা পুরস্কারের অর্থ নিতে পারে না। তবে আমার মতো নাগরিকেরা তা পারে। আর কেউ যদি সেটা খুঁজে পায়..." মুলাট্টোর মুখটা একেবারে ভাবলেশহীন থাকলে পিস্‌লি তার বিরক্তি প্রকাশ করলো। "এভাবেই ঐ বোবা-কালা ভিক্ষুকটি শো-আপের সময় বৃদ্ধ গ্রিমের সঙ্গে পরিচিত হয়েছিলো, তাই না? ভালো ক'রে শুনুন, আমাদের শহরে এক বোকা আছে, যে ট্যালবোটকে খুন ক'রে খুব অন্যায় করেছে, মাই ডিয়ার ভদ্রলোক। আমি তাকে খুব সহজেই পাকড়াও করতে পারবো। আমাকে সাহায্য ক'রে দেখেন, পুরস্কারের অর্ধেক হবে আপনার।" সে সরাসরি বললো। "টাকাটা বেশ ভালো অংকের। তারপর, আপনি যেমনটি চান তেমন হবে। ফ্লাডগেটগুলো খোলা আছে : বোস্টনের সব কিছুই বদলে যাবে। যুদ্ধ এই জায়গাটাকে টাকার গোলাম ক'রে ফেলেছে। একা একা পথ চলার জন্যে এখন সময়টা খুবই কঠিন।"

"তুমি কি যাবে, মিঃ পিস্‌লি," নীতিবাগীশ ভাবগাম্ভীর্যের সাথে রেই আবারো বললো।

পিস্‌লি কিছুক্ষণ অপেক্ষা করলো, তারপর পরাজয়ের হাসিতে গড়িয়ে পড়লো যেনো। সে রেইয়ের টুইড কোটের কিছু কল্পিত লোম হাত দিয়ে ব্রাশ করলো। "এমনিই বলছিলাম, লিলি হোয়াইট। দেখেই আমার বোঝা উচিত ছিলো যে, আপনি জোসেফের কোট পড়েছেন। এজন্যেই কেবল আপনার জন্যে আমি দুঃখিত, বন্ধু আমার, খুবই দুঃখিত। কালোরা আপনাকে সাদা হবার জন্যে ঘৃণা করে, আর সাদারা করে কালো হবার জন্যে। আমি, আমি একজন পুরুষকে বিচার করি সে খুন করতে সক্ষম কিনা, তা দিয়ে।" সে তার মাথার পাশটা ইঙ্গিত করলো। "লুজিয়ানার এক গ্রাম্য শহরে একবার দেখেছি, লিলি হোয়াইট, যেখানে আপনি দেখতে পাবেন অর্ধেক নিগ্রো বাচ্চাদের রক্তেই সাদালোকের রক্ত। পথঘাট একেবারে শংকর জাতে ভরা। আমার মনে হয় আপনি ঐরকম জায়গাতেই থাকতে চান, তাই না?"

রেই তাকে পাত্তা না দিয়ে পকেট থেকে চাবিটা নেবার জন্যে হাত ঢোকালে পিস্‌লি বললো সে তার সম্মানে দরজাটা খুলে দেবে। রেইয়ের দরজাটা এক মোচরেই খুলে ফেললো সে।

রেই তার দিকে তাকালো, এই প্রথম সে একটু ভড়কে গেলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"তালা খোলা আমার হাতের খেলা, বুঝলেন," পিস্‌লি মাথার টুপিটা একটু তুলে বললো। তারপর আত্মসমর্পণের ভঙ্গীতে হাত দুটো তুলে ধরলো সে। "বেআইনীভাবে ঘরে ঢোকার জন্যে আপনি আমাকে গ্রেফতার করতে পারেন, পেট্রলম্যান। ওহ্, না, না, তা পারেন না, পারেন কি?" দাঁত বের ক'রে হেসে চলে গেলো সে।

এপার্টমেন্ট থেকে কিছুই খোয়া যায় নি। এই সিন্দুক ভাঙা চোর তার ক্ষমতা দেখিয়ে গেলো, পাছে নিকোলাস রেইয়ের মনে বোকামীপূর্ণ ভাবনা গেঁড়ে ব'সে সেজন্যে।

• • •

লংফেলোর সঙ্গে এভাবে বাইরে বের হয়ে আসাটা অলিভার ওয়েন্ডেল হোম্‌সের জন্যে খুবই অদ্ভুত ব্যাপার। জনসাধারণের মধ্য দিয়ে তাকে হেঁটে যেতে দেখা, পথঘাটের গাছগাছালির চমৎকার গন্ধ নেয়া, যেনো তিনি ঐ লোকটার জগতেরই অংশ যে কিনা ঘোড়ার গাড়ি নিয়ে রাস্তাঘাট পরিস্কার করছে। এটা এজন্যে নয় যে, কবি ভদ্রলোক ক্রেইগি হাউজ থেকে বিগত পাঁচ বছরে কখনও বের হোন নি, বরং তার বাইরের কর্মকাণ্ড ছিলো সংক্ষিপ্ত সময়ের জন্যে, সীমিত পরিসরের মধ্যে। প্রুফ শিটগুলো নদীতীরবর্তী প্রেসে দিয়ে আসা, ফিল্ডসের সাথে রিভিয়ার অথবা পার্কার হাউজে অসময়ে ডিনার করা। লংফেলোর এই দীর্ঘ নিরবতা এবং প্রশান্তিময় জগৎ থেকে বের হয়ে আসার ব্যাপারে হোমস্ কিছুটা জড়িত আছেন ব'লে একটু লজ্জিত হলেন। তার জায়গায় লাওয়েলের থাকা উচিত ছিলো। লংফেলোকে বাইরে নিয়ে আসার ব্যাপারে তিনি কখনও অপরাধ বোধ করতেন না। হোমস্ ভাবলেন এজন্যে লংফেলো তাকে ঘৃণা করেন কিনা–হয় তিনি ঘৃণার যোগ্য অথবা তিনি অন্য অনেক বাজে মানুষের আবেগের মতো সুরক্ষিত।

এডগার এলান পো'র কথা ভাবলেন হোমস্, যিনি 'লংফেলো এবং অন্যান্য চৌর্যবৃত্তিক লেখকগণ,' শিরোনামে একটা লেখা লিখেছিলেন; লংফেলোসহ বোস্টনের সব কবিকে অভিযোগ করেছিলেন যে, তারা জীবিত এবং মৃত লেখকদের লেখা নকল করেছেন, এর মধ্যে পো'র নিজের রচনাও অন্তর্ভুক্ত। সেটা ছিলো ঐ সময়ে যখন লংফেলো ঋণ দিয়ে সাহায্য ক'রে পো'কে বাঁচিয়ে রেখেছিলেন। ক্ষুব্ধ ফিল্ডস্ এজন্যে তার টিকনর এ্যান্ড ফিল্ডস্ প্রকাশনী থেকে পো'র লেখা প্রকাশ করতে নিষেধাজ্ঞা জারি করেছিলেন। লাওয়েল সংবাদপত্রগুলোতে চিঠি লিখে আক্রমণ করেছেন, নিউ ইয়র্কের অর্বাচীন লেখকের ভুল দেখিয়ে দিয়ে ছিলেন। হোমসের এই ধারণা বদ্ধমূল হয়ে উঠলো যে, তিনি যাই লেখেন সেটা তার পূর্ববর্তী কোনো লেখকের কাছ থেকে চুরি করা। আর তার স্বপ্নে প্রায়শই পুরনো কোনো বিখ্যাত মৃত লেখক হাজির হয়ে নিজের কবিতা ফিরে পেতে চাইতেন। লংফেলো, জনসম্মুখে কিছুই বলেন নি, একান্তে পো'র কর্মকাণ্ডকে ভুল হিসেবে উল্লেখ ক'রে ছিলেন মাত্র। পো'র দুঃখজনক মৃত্যুতে

www.BanglaBook.org

লংফেলো সত্যিকারভাবেই শোকগ্রস্থ হয়েছিলেন ব'লে হোম্‌সের কাছে ব্যাপারটা খুবই উল্লেখযোগ্য ঘটনা ব'লে মনে হয়েছিলো।

তারা দু'জনেই ফুলের বাকেট হাতে নিয়ে ক্যামব্রুজে গেলেন। জায়গাটা গ্রামের চেয়ে কম আর শহরের চেয়ে বেশি। তারা আলিশা ট্যালবোটের চার্চে যাওয়ার সময় তাঁদের কাছে কয়েকজন পথচারী হাতের রুমালে অথবা টুপিতে স্বাক্ষর চাইলো– ডা: হোমসের জন্যে এটা কদাচিৎ ব্যাপার, তবে লংফেলোর জন্যে সচরাচর ঘটনা। যদিও রাতের বেলা ছদ্মবেশ ধারণ করার পক্ষে, তারপরও লংফেলো সিদ্ধান্ত নিয়েছিলেন আর দশজন শোকগ্রস্ত লোকের মতোই তিনি ওখানে যাবেন, ছদ্মবেশ নেবার জন্যে অতিমাত্রায় পোশাক প'রে নিজেকে লাশ-চোরের মতো দেখানোর কোনো ইচ্ছে তার নেই।

লংফেলোর কাছে হোমস্ খুবই কৃতজ্ঞ, কারণ যেদিন থেকে তারা একমত হয়েছেন সেদিন থেকেই তিনি নেতৃত্ব গ্রহণে সম্মত হয়েছেন...তারা কিসে একমত হয়েছেন, ইউলিসিসের অগ্নিঝরা শব্দ আউড়ে নিজেদের মুখ পোড়ানোর জন্যে? লাওয়েল বলেন তদন্ত করা। হোমস একে 'একটু খোঁজ নেয়া' বলতেই বেশি পছন্দ করেন, আর একথা তিনি লাওয়েলকে বলেছেনও।

তাঁদের ছাড়াও আরো কয়েকজন দান্তেপ্রেমী আছেন যাঁদেরকে দায়ী করা যেতে পারে। তাঁদের মধ্যে কয়েকজন ইউরোপে থাকেন, হয় স্থায়ীভাবে, নয় তো অস্থায়ীভাবে। এর মধ্যে লংফেলোর প্রতিবেশী চার্লস এলিয়ট নর্টনও রয়েছেন, যিনি কবি ভদ্রলোকের আরেকজন সাবেক ছাত্র, আর ইউলিয়াম ডিন হাওয়েল্‌স, ফিল্ডসের একজন তরুণ উপাসক, ভেনিসের প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছিলো সে। এরপর আছেন চুয়াত্তর বছর বয়স্ক প্রফেসর টিকনর, তিন দশক ধরে নিজেকে তার লাইব্রেরিতে আবদ্ধ ক'রে রেখেছেন তিনি। আছেন পিয়েত্রো বাকি, হারভার্ড কর্তৃক বরখাস্ত হবার আগপর্যন্ত লংফেলো এবং লাওয়েলের অধীনে যে ইতালিয়ান ভাষার টিউটর ছিলো। সব শেষে আছে লংফেলো আর লাওয়েলের দান্তে সেমিনারের সব প্রাক্তন ছাত্রেরা (টিকনরের সময়ের তুলনায় সংখ্যায় বেশি)। তালিকাটা তৈরি করা হবে এক গোপন মিটিংয়ে। কিন্তু হোমস্ প্রার্থনা করলেন, জনসম্মুখে যেসব লোক তাঁদেরকে সম্মান করে তাদের কাছে বোকা হিসেবে প্রতিপন্ন হবার আগেই যেনো হত্যা রহস্যটি উন্মোচিত হয়।

ক্যামব্রুজের সেকেন্ড ইউনিটারিয়ান চার্চের বাইরে হত্যাকাণ্ডটি হলে আজকে সেটা খুঁজে পাওয়া যেতো না। তারপরও বলতে হয়, তাঁদের অনুমানগুলো যদি যথার্থ হয় এবং ট্যালবোট যেখানে সমাধিস্থ হয়েছেন সেখানে যদি কোনো গর্ত থেকে থাকে, তবে চার্চের ডিকনরা তড়িঘড়ি ক'রে তাজা ঘাস দিয়ে সেটা ইতিমধ্যেই ভরাট ক'রে ফেলেছেন। একজন মৃত পাদ্রীকে উল্টো ক'রে রেখে দেয়াটা প্রার্থনা সভার জন্যে খুব ভালো বিজ্ঞাপন হবে না।

BanglaBook.org

www.BanglaBook.org

"চলুন, ভেতরে ঢুকে দেখা যাক," লংফেলো বললেন।

হোমস্ লংফেলোর পেছনে পেছনে চললেন।

চার্চের পেছনে, যেখানে অফিস ঘর এবং পোশাক বদলাবার ঘরগুলো রয়েছে, সেখানকার এক দেয়ালে একটা বিশাল আকারের পাথরের দরজা আছে। তবে সেটার সঙ্গে অন্য ঘরের কোনো সংযোগ নেই, আর চার্চের কোনো সংলগ্ন ভবনও নেই।

লংফেলো হাতের দস্তানাটা খুলে ঠাণ্ডা পাথরের ওপর হাত বোলালেন। এর পেছনে একটা সুতীব্র শীতলতা রয়েছে।

"হ্যা!" হোম্স ফিস্‌ফিস্ ক'রে বললেন। "ভূগর্ভস্থ কক্ষ, লংফেলো! নিচে একটা ঘর আছে..."

তিন বছর আগেও অনেক চার্চ ভূগর্ভস্থ কবরখানা রাখতো। ব্যয়বহুল এই কবরখানাগুলো যেমন প্রার্থনাসভার সদস্যরা ন্যূনতম ফি দিয়ে কিনতে পারতো, তেমনি ধনী পরিবারগুলোও কিনতে পারতো চড়া দাম দিয়ে। কয়েক বছর ধরে এসব ভূগর্ভস্থ কবরখানাগুলো চার্চ আঙিনার বাইরে বর্ধিত ঘনবসতি শহরের জন্যে বেশ ভালো ব্যবস্থা হিসেবেই বিবেচিত হয়ে আসছিলো, কিন্তু হলুদব্যাধি জন্ডিসে যখন শতশত বোস্টনবাসী মরতে লাগলো, জনস্বাস্থ্য বিষয়ক সরকারী বোর্ড ঘোষণা দিলো, এর কারণ নাকি ভূগর্ভস্থ কক্ষের গলিত মৃতদেহ। তাই নতুন ক'রে চার্চের নিচে কবরখানা বানানো নিষিদ্ধ করা হয়। যথেষ্ট টাকা-পয়সা আছে এমন পরিবারগুলো তাদের স্বজনদেরকে সুন্দর সুন্দর পাথরের কফিনে ক'রে মাউন্ট অবার্ন অথবা নতুন কোনো অভিজাত কবরস্তানে পুনঃস্থাপন করতে শুরু করলো। কিন্তু মাটির নিচে সাধারণ 'জনগন'–অথবা গরীবেরা–ভূগর্ভস্থ কক্ষের একটা অংশ ভরে ফেলেছে। সারি সারি নামফলকবিহীন কফিন রয়েছে সেখানে।

"দান্তে সাইমোনিয়াকদের, মানে যারা ঘুষের বদলে গির্জার যাজকত্ব গ্রহণ ক'রে ছিলো, খুঁজে পেয়েছিলেন *পিয়েত্‌রা লিভিদাতে*, অর্থাৎ বিবর্ণ পাথরের মধ্যে," লংফেলো বললেন।

একটা কম্পিত কণ্ঠ মাঝখা থেকে ব'লে উঠলো, "ভদ্রমহোদয়গণ, আপনাদেরকে কি সাহায্য করতে পারি?" ট্যালবোটকে প্রথম পুড়তে দেখেছিলেন যিনি, চার্চের সেই সেক্সটন বললেন। লম্বা, হালকা-পাতলা গড়ন তার, পরনে কালো আলখেল্লা, সাদা চুল, অথবা আরো সঠিক ক'রে বলতে গেলে খাড়া খাড়া সাদা চুল, তিনি সামনে দাঁড়িয়ে আছেন প্রতিপক্ষের মতো। বড়বড় চোখে চেয়ে আছেন, যেনো কোনো ভূত দেখছেন।

"শুভ সকাল, স্যার।" হোমস্ এগিয়ে গিয়ে তার মাথার টুপিটা একটু নামালেন। হোম্স ভাবলেন লাওয়েল অথবা ফিল্ডস্ যদি আজ এখানে থাকতো তবে বেশ ভালো হোতো; দু'জনেই জন্মগতভাবে কর্তৃত্বপরায়ণ আচরণে অভ্যস্ত। "স্যার, আমার বন্ধু এবং আমি যদি অনুমতি না নিয়ে এখানে ঢুকে থাকি তবে এক্ষুণি চলে যাচ্ছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

সেক্সটনের চোখে মুখে তাঁদেরকে আপ্যায়নের কোনো ভাব ফুঁটে উঠলো না।

হোমস্ পেছনে ফিরে তাকালেন। লংফেলো তার হাতের লাঠিটা নিয়ে দু'হাত বুকের কাছে ভাঁজ ক'রে দাঁড়িয়ে আছেন একেবারে ধীরস্থিরভাবে, যেনো তিনি একজন অযাচিত দর্শক।

"তো, যেমনটি বলছিলাম, স্যার, আপনি দেখতেই পাচ্ছেন, এটা খুবই গুরুত্বপূর্ণ যে...মানে, আমি ডাঃ অলিভার ওয়েন্ডেল হোমস্। মেডিকেল কলেজে এনাটমি বিভাগের প্রধান–মানে, একটা চেয়ারে অধিষ্ঠিত আছি আর কি– আসলে সেটাকে চেয়ার না ব'লে সোফা বলা-ই ভালো। হয়তো আপনি আমার কিছু কবিতা পড়েছেন..."

"স্যার।" সেক্সটনের কণ্ঠটা বেশ চড়া শোনালো। তারমধ্যে একটা যন্ত্রণার ছাপও রয়েছে। "আপনারা কি জানেন না, আমাদের প্রয়াত যাজককে এখানেই পাওয়া গিয়েছিলো..." ভয়ার্তভাবে বলেই তিনি থেমে গেলেন। "জায়গাটা আমিই দেখাশোনা করি, এখানে কেউ ঢুকতে বা বের হতে পারে নি! উপরে ঈশ্বর আছেন, এটা যদি আমার পাহারার সময় ঘটে থাকে, তাহলে আমি বলবো কাণ্ডটি করেছে দেহবিহীন অশরীরি এক আত্মা, কোনো মানুষ নয়।" তিনি একটু থামলেন। "পা দুটো," চক্‌চকে চোখে তাকিয়ে এমনভাবে বললেন যেনো আর কিছু বলবেন না।

"ওনার পা-দুটো, স্যার," ডাঃ হোম্‌স বললেন, আরো কিছু শোনার আশায় বললেন, যদিও ট্যালবোটের পা দুটো সম্পর্কে তিনি অনেক কিছুই জানেন– অন্য সবার চেয়ে বেশিই। "পা দুটোর কী বললেন?"

মিঃ গৃন ছাড়া দান্তে ক্লাবের চারজন সদস্য ট্যালবোটের মৃত্যুর খবর ছেপেছে এরকম সবকটি সংবাদপত্র যোগার করেছেন। যেখানে জজ হিলির হত্যাকাণ্ডের সত্যিকারের অবস্থাটি দু'সপ্তাহের জন্যে লুকিয়ে রাখা হয়েছিলো সেখানে আলিশা ট্যালবোটের খুন হওয়ার খবরটি বেশ বিস্তারিতভাবেই ছাপা হয়েছে। এই খবরটি কেউ পড়লে বেশ ভালোভাবেই বুঝতে পারবে যে, শাস্তি দেবার ধরণটি দান্তের অনুকরণে করা হয়েছে, অবশ্য এজন্যে তাকে দান্তের রচনা সম্পর্কেও জানতে হবে। সেক্সটন গ্রেগের অবশ্য দান্তেকে জানার দরকার নেই। তিনি তো ঘটনার একজন সাক্ষীই। এ ক্ষেত্রে তার ছিলো বৃদ্ধ পয়গম্বরের মতোই শক্তি এবং সাবলীলতা।

"পা দুটোতে," সেক্সটন দীর্ঘ বিরতির পরে বলতে শুরু করলেন, "আগুন ধরানো হয়েছিলো; ওগুলো ছিলো এই অন্ধকার কক্ষে আগুনের রথ। প্লিজ, ভদ্রমহোদয়গণ।" তার মাথাটা বিষন্নতায় হেলে পড়লো একটু, তাঁদেরকে চলে যাবার ইশারা করলেন তিনি।

"বেশ ভালো, স্যার," লংফেলো নরম কণ্ঠে বললেন। "রেভারেন্ড ট্যালবোটের অন্তর্ধানই আমাদেরকে এখানে নিয়ে এসেছে।"

সেক্সটনের চোখ দুটো সঙ্গে সঙ্গে নরম হয়ে গেলো। হোম্‌সের কাছে এটা স্পষ্ট

BanglaBook.org

www.BanglaBook.org

পায় যে, লোকটা এই সাদা-লম্বা দাড়ির কবিকে দেখে চিনতে পেরেছেন নাকি লংফেলোর সুরেলা কণ্ঠ শুনে শান্ত পশুর মতো নিস্তেজ হয়ে গেলেন। হোমস্ বুঝতে পারলেন দান্তে ক্লাব যদি এই কাজে কোনো অগ্রগতি সাধন করতে পারে তবে সেটা এজন্যে হবে যে, লংফেলোর উপস্থিতি লোকজনকে এক ধরণের সম্মোহন ক'রে থাকে, যেমনটি তার কলম ক'রে থাকে ইংরেজিভাষীদেরকে।

লংফেলো বলতে লাগলেন, "নিজেদেরকে আপনার কাছে প্রমাণ করার জন্যে আমরা কেবল আপনাকে প্রতিশ্রুতিই দিতে পারি, আমরা আসলে আপনার সহযোগীতা কামনা করছি, স্যার। আমি প্রার্থনা করি, আপনি আমাদের ওপর বিশ্বাস রাখবেন, আমার আশংকা, আমরাই একমাত্র ব্যক্তি যারা এই ঘটনাটি সম্পর্কে সত্যিকারভাবে বুঝতে সক্ষম। তবে, সেটা আমরা কোনোভাবেই প্রকাশ করতে পারছি না।"

বিশাল ফাঁকা গহ্বরটা কুয়াশায় উষ্ণ হয়ে আছে। ডা: হোমস্ তার চোখ-কানকে বিদ্ধ করা দুর্গন্ধের বাতাসটা হাত নেড়ে ধূলোবালি ঝারার মতো ক'রে তাড়ানোর চেষ্টা করলেন। তারা সংকীর্ণ ভূগর্ভস্থ কক্ষের সিঁড়ি দিয়ে সাবধানে এবং ধীরে ধীরে নামতে শুরু করলেন। লংফেলো কমবেশী মুক্তভাবে নিঃশ্বাস নিচ্ছেন। তার গন্ধ নেবার ক্ষমতা সুবিধাজনকভাবেই বেশ সীমিত : এটা তাকে বাজে কোনো কিছু থেকে বসন্তের ফুলের সুবাসের আনন্দ দেয়।

সেক্সটন গ্রেগ জানালেন জনসাধারণের জন্যে যে ভূগর্ভস্থ কক্ষটি আছে সেটি শহরের রাস্তার নিচ দিয়ে কয়েক ব্লক পর্যন্ত বিস্তৃত।

লংফেলো একটা পাথরের পিলারে ঝুলিয়ে রাখা লণ্ঠন বাতিটা জ্বালিয়ে সেটা হাতে নিয়ে নক্সা বিবর্জিত পাথরের কফিনগুলোর দিকে নিচু ক'রে ধরলেন।

সেক্সটন রেভারেন্ড ট্যালবোটের সম্পর্কে মন্তব্য করতে গিয়েও ইতস্তত করলেন। "উনার সম্পর্কে করুণা নিয়ে ভাববেন না, আমি আপনাদেরকে বলতে পারি, সত্যি বলতে কী, আমাদের প্রিয় রেভারেন্ড এই কক্ষে চার্চের কোনো কাজে আসতেন না।"

"তাহলে তিনি এখানে কেন আসতেন?" হোমস্ জানতে চাইলেন।

"এটা ছিলো তার বাড়িতে যাবার একটি সংক্ষিপ্তপথ। আমি অবশ্য খুব একটা পছন্দ করতাম না, বলতে পারেন।"

অক্ষর সংবলিত ছোটো ছোটো কাগজের টুকরোগুলোর মধ্যে এ এবং এইচ অক্ষর দুটো রেই নিতে ভুলে গিয়েছিলো, সেগুলো হোমসের বুটের নিচে চাপা প'ড়ে মাটিতে দেবে গেলো।

লংফেলো জানতে চাইলেন, যে পথ দিয়ে যাজক সাহেব উপরের রাস্তায় বের হতেন, সেখান দিয়ে অন্য কেউ এই কক্ষে প্রবেশ করতে পেরেছিলো কিনা।

"না," দৃঢ়ভাবে সেক্সটন বললেন। "দরজাটা কেবলমাত্র ভেতর থেকেই খোলা

BanglaBook.org

www.BanglaBook.org

যায়। পুলিশও তল্লাশী ক'রে দেখেছে, সেরকম কোনো আলামত পাওয়া যায় নি। আর রেভারেন্ড ট্যালবোট যে, ঐদিন রাস্তায় বের হবার দরজাটা পর্যন্ত পৌছে ছিলেন সে ব্যাপারেও কোনো প্রমাণ বা লক্ষণ পাওয়া যায় নি।"

সেক্সটন যাতে কথাগুলো শুনতে না পান সেজন্যে হোমস্ লংফেলোকে একটু পাশে টেনে নিয়ে গেলেন। ফিস্ ফিস্ ক'রে তিনি বললেন, "আপনার কি মনে হয় ট্যালবোট যে এটা সংক্ষিপ্ততম পথ হিসেবে ব্যবহার করতেন সেটা কোনো উল্লেখযোগ্য ঘটনা? সেক্সটনকে আমাদের আরো বেশি কিছু জিজ্ঞেস করতে হবে। আমরা এখনও ট্যালবোটের সিমোনি, মানে, টাকার বিনিময়ে যাজকের পদ লাভের ব্যাপারে কিছু জানি না, এটা একটা ইঙ্গিতবহন করতে পারতো।" ট্যালবোট যে তার ভেড়ার পালের একজন ভালো শিকারী কুকুর ছিলেন এই তথ্যটি ছাড়া তারা আর কিছুই জানতে পারলেন না।

লংফেলো বললেন, "আমার মনে হয় এটা বলা নিরাপদ যে, কবরখানার মধ্য দিয়ে যাতায়াত করাটাকে পাপ হিসেবে দেখা হয় না, তাই না? তাছাড়া, আমরা জানি, সিমোনিতে অবশ্যই টাকার দরকার হয়–নিতে হয় অথবা দিতে হয়। সেক্সটন ছিলেন ট্যালবোটের একজন ভক্ত। তাই যাজক সাহেবের স্বভাব সম্পর্কে খুব বেশি প্রশ্ন করা হলে তিনি যেসব তথ্য স্বেচ্ছায় দিতেন সেগুলো হয়তো আর দেবেন না। মনে রাখবেন, সেক্সটন গ্রেগের মতো বোস্টনের সবাই বিশ্বাস করে যে, ট্যালবোটের মৃত্যু আসলে অন্য কারোর পাপের ফল, তার নিজের নয়।"

"তাহলে আমাদের শয়তান লুসিফার এখানে ঢুকলো কী ক'রে? যদি কক্ষের বের হবার দরজাটা কেবলমাত্র ভেতর থেকেই...সেক্সটন তো বললেনই তিনি চার্চেই ছিলেন আর কাউকে পেছনের দরজা দিয়ে আসতে দেখেন নি..."

"হয়তো, দুর্বৃত্তলোকটি ট্যালবোটের জন্যে সিঁড়ি বেয়ে অপেক্ষা করেছে এবং কক্ষটি ছেড়ে চলে গেছে, তারপর তাকে রাস্তার ওপর থেকে আবার ভূগর্ভস্থ এই কক্ষে জোর ক'রে নিয়ে এসেছে।" লংফেলো অনুমাণ ক'রে বললেন।

"কিন্তু একজন মানুষকে ঢোকানোর মতো একটা গর্ত করা, তাও আবার এতো তাড়াতাড়ি? মনে হচ্ছে আমাদের এই দুর্বৃত্তটি ট্যালবোটকে অতর্কিতে আক্রমণ করেছে–গর্তটি খুঁড়ে অপেক্ষা করেছে, তারপর তাকে ধরে এনে গর্তের মধ্যে ঢুকিয়ে দিয়ে পায়ে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দিয়েছে..."

তাঁদের সামনে থাকা সেক্সটন হঠাৎ ক'রে থেমে গেলেন। তার শরীরের অর্ধেক মাংসপেশী আঁটকে গেলো আর বাকি অর্ধেক ভয়ংকরভাবে কাঁপতে লাগলো। তিনি কথা বলার চেষ্টা করলেও মুখ দিয়ে কিছুই বের হলো না। নিজের মুখটা বেঁকিয়ে কক্ষের মেঝেতে রাখা ভারি একটা পাথরের পাটাতনের দিকে ইঙ্গিত করতে সক্ষম হলেন তিনি। সেক্সটন দৌড়ে চার্চের মূল জায়গায় চলে গেলেন।

জায়গাটা খুব কাছেই। একটু খতিয়ে দেখা যেতে পারে।

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলো এবং হোমস্ একসঙ্গে নিজেদের সমস্ত শক্তি নিয়োজিত ক'রে পাটাতনটা সরালেন। মাটিতে একটা বৃত্তাকারের গর্ত, মাঝারি গড়নের কোনো মানুষের জন্যে সেটা যথেষ্ট। পাটাতনটা সরাতেই আগুনে পোড়া মাংসের তীব্র গন্ধ বাতাসে ছড়িয়ে পড়লো। হোমস্ তার কাঁধের কাপড়টা দিয়ে নাকে চাপা দিলেন।

লংফেলো হাঁটু গেঁড়ে ব'সে গর্তের চারপাশের থেকে একমুঠো মাটি হাতে তুলে নিলেন। "হ্যা, আপনার কথাই ঠিক, হোমস্। গর্তটি বেশ গভীর এবং ভালোভাবেই তৈরি করা হয়েছে। এটা অবশ্যই আগেভাগে খোঁড়া হয়েছে। ট্যালবোট যখন এখানে ঢোকেন তখন খুনি এখানেই অপেক্ষা করছিলো। সে কি এখানে আমাদের নার্ভাস বন্ধু সেক্সটনকে ফাঁকি দিয়ে ঢুকতে সক্ষম হয়েছিলো?" লংফেলো অনুমান ক'রে বললেন, "ট্যালবোটকে আঘাত ক'রে অচেতন করেছে সে, তারপর গর্তের ভেতরে তার মাথাটা ঢুকিয়ে ভয়ংকর কাণ্ডটি করে।"

"কল্পনা করুন সেই ভয়ংকর মুহূর্তটির কথা! হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের আগে ট্যালবোটের চেতনা ছিলো। নিজের মাংস পোঁড়ার অভিজ্ঞতা..." হোমস্ প্রায় নিজের জিভটাই যেনো গিলে ফেললেন। "মানে, আমি বলতে চাচ্ছি না, লংফেলো..." তিনি জিভ কাটলেন, তারপর আবারো বলতে শুরু করলেন। "আপনি জানেন, আমি কেবল বোঝাতে চাচ্ছি যে..."

মনে হলো না লংফেলো তার কথাটা শুনতে পেয়েছেন। তিনি পাটাতনটার ওপর হাত রেখে ফুলের তোড়াটা আস্তে ক'রে গর্তের পাশে রাখলেন। "এখানেই থাকো, যথাযথভাবেই শাস্তি পেয়েছো তুমি,"' লংফেলো বললেন, উনিশ নাম্বার ক্যান্টো থেকে চয়ন করলেন তিনি। যেনো তার সামনে থাকা বাতাসকে শোনানোর জন্যেই পড়ছেন। "দান্তে নরকে ব'সে সাইমোনিয়াক নিকোলাস তৃতীয়-এর উদ্দেশ্যে এই কথাই বলেছিলেন, মাই ডিয়ার হোমস্।"

ডা: হোমস্ চলে যেতে উদ্যত হলেন। গুমোট বাতাস তার ফুঁসফুঁসে চাপ সৃষ্টি করেছে। তার কথাগুলো বুকের মধ্যেই আঁটকে রইলো।

লংফেলো অবশ্য তার হাতের গ্যাসের লণ্ঠনটা গর্তের ওপর ধরলেন, তবে ভেতরে ঢুকলেন না। "গর্তের নিচে কি আছে সেটা দেখার জন্যে আমাদেরকে আরো গভীরে গর্ত খুঁড়তে হবে। পুলিশ কখনই এটার কথা ভাববে না।"

হোমস্ তার দিকে অবিশ্বাস্য চোখে চেয়ে রইলেন। "আমি করবো না! ট্যালবোটকে এই গর্তে ঢোকানো হয়েছিলো, গর্তের নিচে গর্ত ক'রে নয়, মাই ডিয়ার লংফেলো!" হোমস্ কিছু পংক্তি আপন মনে বিড়বিড় করলেন। "এখানেই থাকো, যথাযথভাবেই শাস্তি পেয়েছো তুমি...আর তোমার অসৎ পথে অর্জিত লুটের মাল পাহারা দাও –"' তিনি একটু থামলেন। "তোমার অসৎ পথে অর্জিত *লুটের মাল* পাহারা দাও। বেচারি পাপীর টাকা নেবার কর্মকাণ্ডকে ইঙ্গিত ক'রে দান্তে কি এখানে তার বিরল ঘৃণা প্রদর্শন করছেন না?"

BanglaBook.org

www.BanglaBook.org

"অবশ্যই, এজন্যেই তো আমি এটা পড়লাম," লংফেলো বললেন। "তবে দান্তেকে পড়তে হবে আক্ষরিক অর্থেই। এটা নিয়ে তর্ক হতে পারে যে, দান্তের এই লাইনগুলো আসলে সাইমোনিয়াকদের *কনত্রাপাসো*, মানে, যে যেরকমভাবে পাপ করেছে তাকে সেভাবেই শাস্তি দেয়াটাকেই প্রকাশ করে আর তা হলো তাদেরকে উল্টো ক'রে টাকার মধ্যে কবরস্থ করা হয়েছে। তারা অনৈতিক কাজ করেছে ব'লে তাদের মাথা নিচে দেয়া হয়েছিলো। এটা নিশ্চিত, দান্তে এই কাজটার ব্যাপারে পিটারের সাথে সাইমন ম্যাগাসের কথোপথনটার কথা ভাবছিলেন : 'টাকাগুলোও তোমাদের সঙ্গে ধ্বংস হবে।' এটার ব্যাখ্যা হলো, দান্তের পাপীদেরকে যে গর্ত ধারণ করে সেটা তাদের পারলৌকিক পুরস্কার।"

হোমস্ এই ব্যাখ্যার কথা শুনে সন্তুষ্ট হলেন ব'লে মনে হলো না।

"আমরা যদি মাটি খুঁড়ি," লংফেলো মৃদু হেসে বললেন, "আপনার সন্দেহটা অমূলক হিসেবে প্রমাণিত হবে।" তিনি তার হাতের লাঠিটা গর্তের তলানিতে ঠেকালেন। তবে গর্তটা খুব বেশি গভীর। "এটার নাগাল পাবো না, মনে হচ্ছে।" লংফেলো গর্তের মাপ নিয়ে বললেন। এরপরই তিনি ছোটোখাটো ডাক্তারের দিকে তাকালেন, যিনি হাঁপানীর কারণে হাঁসফাঁস করছেন।

হোমস্ নিজের মতেই অটল রইলেন। "ওহ্, কিন্তু লংফেলো..." গর্তের দিকে তাকালেন তিনি। "প্রকৃতি কেন আমার কাছে আমার ভবিষ্যৎ সম্পর্কে উপদেশ জানতে চায় না?" তার মধ্যে তর্কের কোনো লক্ষণ দেখা গেলো না। লংফেলো ভালোভাবে তর্ক করতেও পারতেন না, তিনি খুব বেশিমাত্রায়ই শান্ত থাকেন। এখানে যদি লাওয়েল থাকতেন তবে তিনি খোরগোশের মতোই মাটি খুঁড়ে ফেলতেন।

"নির্ঘাত আমি আমার আঙুলের নখ ভাঙবো।"

লংফেলো সায় দিয়ে মাথা নাড়লেন। ডাক্তার সাহেব খুব ভালো ক'রে তাকিয়ে গর্তে পা ঢোকালেন। "এটা খুব বেশি সংকীর্ণ। আমি হাঁটু ভাঙতে পারবো না। মনে হয় না মাটি খোড়ার জন্যে ওখানে দাঁড়াতে পারবো আমি।"

হোমস্কে গর্ত থেকে ওঠার জন্যে লংফেলো সাহায্য করলেন। ডাক্তার আবারো গর্তে প্রবেশ করলেন, এবার মাথাটা আগে ঢোকালেন। লংফেলো তার দু'পায়ের গোড়ালী ধ'রে রাখলেন। একজন পাপেট মাস্টারের দক্ষতা রয়েছে কবি ভদ্রলোকের।

"সাবধানে, লংফেলো, খুব সাবধানে!"

"আপনি কি দেখতে পাচ্ছেন?" লংফেলো জিজ্ঞেস করলেন।

হোমস্ তার কথা শুনতেই পেলেন না। হাত দিয়ে মাটি খামচালে তার নখের নিচে ভেঁজা মাটি উঠে এলো, আর সেটা অসুস্থ রকমেরই উষ্ণ এবং বরফের মতোই শীতল আর শক্ত। সবচাইতে বাজে ব্যাপার হলো, দুর্গন্ধ; আগুনে পোড়া মাংসের পচা গন্ধ গর্তের মধ্যে জমাট বেঁধে আছে। হোমস্ তার দম বন্ধ রাখার চেষ্টা করলেন, কিন্তু হাঁপানীর কারণে তার মাথাটা যেনো বেলুনের মতো হাল্কা হয়ে গেলো।

BanglaBook.org

www.BanglaBook.org

রেভারেন্ড ট্যালবোট যেখানে ছিলেন তিনি এখন ঠিক সেখানেই। তার মতোই উপুড় হয়ে আছেন। তবে, পায়ে শাস্তিস্বরূপ আগুনের বদলে শক্ত হাতের ছোঁয়া পাচ্ছেন।

লংফেলোর শান্ত কণ্ঠটা গর্তের নিচে শোনা গেলো, উদ্বেগজনক একটি প্রশ্ন। ডাক্তার সাহেব তার কথা শুনতে পেলেন না। তিনি ভাবতে লাগলেন লংফেলো বেখেয়ালে তার পা-দুটো ছেড়ে দিলে তিনি নিচের মাটিতে প'ড়ে যাবেন কিনা। আচমকা তার মনে বিপদের কথাটা উদয় হলো, যে বিপদে তারা নিজেদেরকে নিক্ষেপ করেছে একটা বইয়ের জন্যে লড়াই করার মধ্য দিয়ে। এইসব ভাবনা ভাবতে ভাবতে ডাক্তারের হাত দুটো কিছু একটাতে গিয়ে ঠেক্‌লো।

স্পর্শে বেশ বোঝা গেলো জিনিসটা কি; কোনো জামাকাপড় হবে। না, একটা ব্যাগ। একটা কাপড়ের ব্যাগ।

হোমস্ একটু কেঁপে উঠলেন। কথা বলার চেষ্টা করলেন তিনি, কিন্তু তীব্র দুর্গন্ধের কারণে বলতে পারলেন না। কয়েক মুহূর্তের জন্যে ভয়ে জ'মে গেলেন। এরপরই সম্বিত ফিরে পেয়ে নিজের পা দুটো উদভ্রান্তের মতো ছুঁড়তে লাগলেন।

লংফেলো বুঝতে পারলেন এটা একটা সংকেত, বন্ধুর শরীরটা গর্ত থেকে টেনে তুললেন তিনি। হোমস্ বাতাসের জন্যে হাঁসফাঁস করলে লংফেলো সযত্নে তার পিঠে হাত বোলাতেই থুথু ফেলে শ্বাস নিলেন জোরে জোরে।

হোমস্ তার হাঁটুতে ভর দিয়ে ব'সে পড়লেন। "দেখুন, এটা কি, লংফেলো, হায় ঈশ্বর!" হোমস্ ব্যাগটার মুখ খুললেন।

ডা: হোমস্ হাজার ডলারের নোটগুলো মাটিতে রাখতেই লংফেলো অবাক হয়ে চেয়ে রইলেন।

আর তোমার অসৎ পথে অর্জিত লুটের মাল পাহারা দাও...

ওয়াইড ওক্‌স-এর যেখানে হিলি পরিবার তিন পুরুষ ধরে বাস করছে, সেখানে নেল রেনি দু'জন আগত লোককে সুদীর্ঘ হল দিয়ে পথ দেখিয়ে নিয়ে গেলো। তাঁদেরকে দেখে খুব অদ্ভুত রকমেরই গুরুগম্ভীর লাগছে, তাঁদের দেখে মনে হচ্ছে তারা ইচ্ছের বিরুদ্ধে ব্যস্ত আছে, তবে তাঁদের চোখের পাতা খুব দ্রুত পড়ছে। এমনকি গৃহপরিচারিকার কাছেও তাঁদের ফ্যাশনটা বেশ অভিজাত ব'লে মনে হলো, দুটো একেবারেই ভিন্নধরনের এবং বিরোধপূর্ণ স্টাইল একসঙ্গে দেখাটা বিরল দৃশ্যই বটে।

জেমস্ রাসেল লাওয়েল, ছোটো দাড়ি এবং পাতলা গোঁফ, পরেছেন একটি মলিন ডাবল ব্রেস্টেড কোট, একটা ব্রাশ না করা সিল্কের টুপি, সাদামাটা সুটের সঙ্গে যা বড্ড বেমানান, আর তার নেকটাইটা সেইলর নটে বাঁধা, তাতে যে পিনটা লাগানো আছে সেটা বোস্টনের হাল-ফ্যাশনে আর ব্যবহৃত হয় না। অন্যজন, যাঁর দাড়ি বেশ

BanglaBook.org

www.BanglaBook.org

লম্বা, বেগুনী রঙের হাত দস্তানাটা খুলে স্কটিশ টুইড ফ্রক কোটের পকেটে ঢুকিয়ে রেখেছেন সেগুলো। সেই পকেটের নিচে একটা স্বর্ণের চেইন ঘড়ি লাগানো।

চিফ জাস্টিসের বড় ছেলে রিচার্ড সুলিভান সাহিত্যিক অতিথি দু'জনকে অভ্যর্থনা জানানোর পরও নেল রেনি ঘর ছেড়ে বের হলো একটু ধীরে ধীরে।

"আমার গৃপরিচারিকার ব্যবহারের জন্যে ক্ষমা চাচ্ছি," নেল রেনি ঘর থেকে চলে যাবার পর হিলি বললো। "ঐ মহিলাই বাবার লাশটা খুঁজে পেয়ে বাড়িতে নিয়ে এসেছিলো, তারপর থেকেই মহিলা প্রত্যেককেই সন্দেহের চোখে দেখছে, যেনো সবাই এরজন্যে দায়ি। আমরা বেশ উদ্বিগ্ন, মহিলা হয়তো আমার মা'র মতোই আজকাল ভূতুরে জিনিস কল্পনা করছে।"

"রিচার্ড, আমরা মিসেস হিলির সঙ্গে দেখা করতে চাচ্ছি," লাওয়েল বেশ ভদ্রভাবে বললেন। "মিঃ ফিল্ডস্ মনে করেন চিফ জাস্টিস হিলির স্মরণে একটি বইয়ের ব্যাপারে মিসেস হিলির সঙ্গে আমাদের আলোচনা করা দরকার, বইটি টিকনর এ্যান্ড ফিল্ডস্ থেকে বের হবে।" আত্মীয়স্বজন কিংবা দূর সম্পর্কের জ্ঞাতিদের জন্যে মৃতব্যক্তির পরিবারের সাথে ব্যক্তিগতভাবে দেখা ক'রে সমবেদনা জানানোটাই নিয়ম, তবে প্রকাশকের দরকার একটা অজুহাত।

রিচার্ড হিলির বড়সড় মুখটা বিনয়ে একটু নম্র হলো। "আমার আশংকা উনার সঙ্গে দেখা করা বোধহয় সম্ভব নয়, ভাই লাওয়েল। আজকের দিনটা তার বাজে দিনগুলোর একটি। তিনি শোবার ঘরে দরজা বন্ধ ক'রে শুয়ে আছেন।"

"তুমি বলতে চাচ্ছো তিনি সুস্থ নন।" লাওয়েল বেশ আন্তরিকতার সঙ্গে বললেন।

রিচার্ড হিলি একটু ইতস্তত করলো। "শারীরিকভাবে নন, ডাক্তারের মতে আর কি। তবে বিগত কয়েক সপ্তাহ ধরে তিনি একটা ম্যানিয়াতে আক্রান্ত হয়েছেন। তাই এটাকে শারিরীকও বলা চলে। ক্ষমা করবেন, যদি কথাটা খারাপ বা অশোভন শোনায়। তবে তিনি নিজের গায়ের চামড়া খামচে রক্তাক্ত ক'রে ফেলছেন।"

"উনাকে সাহায্য করার জন্যে কি আমরা কিছু করতে পারি, মাই ডিয়ার হিলি?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন।

"বাবার খুনিকে খুঁজে বের করুন।" হিলি বিষন্ন কণ্ঠে বললো। সে খেয়াল করলো ভদ্রলোক দু'জন অস্বস্তি নিয়ে নিজেদের মধ্যে দৃষ্টি বিনিময় করলেন।

আরটেমাস হিলির লাশটা কোথায় পাওয়া গিয়েছিলো সেই জায়গাটা দেখতে চাইলেন লাওয়েল। রিচার্ড হিলি এই অদ্ভুত অনুরোধটা রাখতে চাইলো না। তবে লাওয়েলের কবি স্বত্ত্বার স্পর্শকাতর হৃদয়ের কথা ভেবে সে অতিথি দু'জনকে বাইরে নিয়ে গেলো। বাড়ির পেছনের ফুলের বাগানটা পেরিয়ে খোলা মাঠে এসে পড়লো তারা, এই জায়গাটি শেষ হয়েছে নদীর তীরে গিয়ে। হিলি লক্ষ্য করলো জেমস্ রাসেল লাওয়েল একজন কবি হলেও বেশ অবাক করার মতো দ্রুত গতিতে এবং

BanglaBook.org

www.BanglaBook.org

হাঁপাহাঁপি হেঁটে যাচ্ছেন। তাকে দেখে কোনো কবি ব'লে মনে হচ্ছে না, মনে হচ্ছে একজন ক্রীড়াবিদ।

ভোরে একটা বাতাস বইলে কিছু বালি আর শস্যদানা লাওয়েলের লম্বা লম্বা দাড়ি আর মুখে এসে লাগলো। মুখে একটা বিস্বাদ আর মাথার মধ্যে হিলির মৃত্যুর ছবিটা নিয়ে লাওয়েল অনেক কিছু ভাবতে ভাবতে এগোলেন।

দান্তের তৃতীয় ক্যান্টোতে নিরপেক্ষরা ভালো এবং মন্দ কোনোটাই বেছে নেয় নি, তাদেরকে স্বর্গ আর নরকের কোথাও ঠাঁই দেয়া হয় নি। তাদেরকে একটা ক্ষুদ্র কক্ষে রাখা হয়, সেটাকে নরক বলা যায় না, সেখানে এইসব কাপুরুষদেরকে উলঙ্গ ক'রে একটা ফাঁকা ব্যানারের সঙ্গে শূন্যে ভাসিয়ে রাখা হয়, নিজেদের জীবনের একটি নির্দিষ্ট পথ অনুসরণ করতে অস্বীকৃতি জানানোর জন্যে। তাদেরকে উঁইপোকা আর ভীমরুল দিয়ে বিরামহীনভাবে কষ্ট দেয়া হয়েছিলো। তাদের রক্ত তাদেরই অশ্রুজলের ধবন দিয়ে মিশ্রিত হয়েছিলো। আর এই সবই তাদের পায়ের কাছে জঘন্য পোকাগুলোকে আকর্ষণ করেছিলো। আবার তাদের শরীরের পচে যাওয়া মাংস আরো বেশি পোকা-মাকর আর কীটের উদ্ভব ঘটিয়েছিলো। মাছি, ভীমরুল আর শূককীট, এই তিন ধরনের পোকামাকড়ই আরটেমাস হিলির শরীরে পাওয়া গিয়েছিলো।

লাওয়েলের কাছে, এতে ক'রে তাঁদের খুনি তার কাছে বাস্তব হিসেবেই উদ্ভাসিত হয়েছে ব'লে মনে হলো।

"আমাদের লুসিফার জানে এই পোকামাকড়গুলো কিভাবে বহন করতে হয়," লাওয়েল বলেছিলেন।

ক্রেইগি হাউজে তাঁদের তদন্তের প্রথম দিন সকালে তারা জড়ো হয়েছিলেন, ছোট্ট পড়ার ঘরটি সংবাদপত্রে ভরে আছে, তাঁদের হাতের আঙুলগুলোতে কালি লেগে রয়েছে অনেক বেশি পৃষ্ঠা ওল্টানোর ফলে। ফিল্ডস্, জানার্লে জড়ো করা লংফেলোর নোটগুলো খতিয়ে দেখলেন। তিনি জানতে চাইলেন লাওয়েল কেন হিলিকে নিরপেক্ষ হিসেবে বেছে নেয়া তাঁদের শত্রুর নাম দিয়েছেন লুসিফার।

লাওয়েল তার গোঁফের একটি প্রান্ত আঙুল দিয়ে মোচড়ালেন বেশ চিন্তিত ভঙ্গীতে। তার বন্ধুরা যখন তার শ্রোতা হয়ে উঠলেন তিনি তখন একেবারে শিক্ষকের মেজাজে চলে গেলেন। "ফিল্ডস্, দান্তে 'নিরপেক্ষ' বা দোমনাদের দল বলতে তাদেরই বুঝিয়েছেন যারা বিশাল কিছু অস্বীকার করেছে। বিশাল কিছু অস্বীকার করার জন্যে এটা অবশ্যই পন্টিয়াস পিলেইটই হবে–খৃস্ট্রিয় ইতিহাসে সবচাইতে জঘন্য নিরপেক্ষতা–যখন সে জিশুকে ক্রুশবিদ্ধ করার ব্যাপারে না অনুমতি দিয়েছিলো,

www.BanglaBook.org

দিয়েছিলো বাধা। জজ হিলিও সেরকমই, তাকে ফেরারি দাস আইনকে বাতিল করার জন্যে বলা হয়েছিলো, কিন্তু তিনি কিছুই করেন নি। পালিয়ে আসা দাস টমাস সিম্‌সকে তিনি সাভানোতে ফেরত পাঠিয়েছিলেন। ছেলেটা তখন মোটেই কোনো বালক ছিলো না। সেখানে তাকে চাবুক পেটা ক'রে রক্তাক্ত করা হয় এবং সেই আহত অবস্থায় শহরে প্রদক্ষিণ করানো হয় তাকে। বৃদ্ধ হিলি সবসময় সাফাই গেয়েছেন যে, কংগ্রেসের আইন অমান্য করা আ বাতিল করার মতো অবস্থানে তিনি ছিলেন না। না! ঈশ্বরের নামে বলছি, এটা তো আমাদের সবারই অবস্থান।"

"তার এই *গ্র্যান রিফুইতো* বা মহান অস্বীকৃতির কোনো কারণ জানা যায় নি। দান্তে কোনো নাম দেন নি," লংফেলো দৃঢ়ভাবে বলে লাওয়েলের সিগারেটের ধোঁয়াগুলো হাত নেড়ে তাড়ালেন।

"দান্তে কোনো পাপীর নাম দিতে পারেন না," লাওয়েল বেশ জোর দিয়ে বললেন। "এইসব পাপীরা যারা জীবনকে অবজ্ঞা করে, ভার্জিল বলেছেন 'তারা কখনও বেঁচেই ছিলো না,' মৃত্যুতেও তাদেরকে অবজ্ঞা করা হবে, সবচাইতে তুচ্ছ আর জঘন্য প্রাণী দিয়ে তিলে তিলে নিঃশেষ করা হবে, এটাই তাদের *কনত্রাপাসো*, তাদের পারলৌকিক শাস্তি।"

"একজন ওলন্দাজ পণ্ডিতের মতে এই চরিত্রটি পন্টিয়াস পিলেট নয়, মাই ডিয়ার লাওয়েল। বরং সে হলো ম্যাথিউ ১৯ : ২২-এর এক তরুণ, যেকিনা পারলৌকিক জীবনের প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলো," লংফেলো বললেন। "মিঃ গৃন এবং আমি, আমরা দু'জনেই পোপ পঞ্চম সেলেস্টিনের মহান অস্বীকৃতিটা পড়তে পছন্দ করি, আরেকজন ব্যক্তি, যিনি পোপের সিংহাসনটা ফিরিয়ে দিয়ে নিরপেক্ষ পন্থা অবলম্বন করেছিলেন। যার ফলে দূর্নীর্তিগ্রস্ত পোপ বনিফেসের অধিষ্ঠান হয় এবং যিনি প্রকারন্তরে দান্তের নির্বাসনের কারণ হয়ে ছিলেন।"

"এতে ক'রে তো দান্তের কবিতাকে একেবারেই ইতালির সীমানায় আবদ্ধ ক'রে ফেলা হলো," প্রতিবাদের ভাষায় লাওয়েল বললেন। "আমাদের গৃনের কাছ থেকে এরকমটিই আশা করা যায়। আমি বলবো এটা পিলেটই। আমি তাকে ঠিক দান্তের মতোই আমাদের সামনে রাগান্বিত অবস্থায় দেখতে পাচ্ছি।"

ফিল্ডস্ এবং হোমস্ এইসব বাক্যালাপের সময় চুপচাপই ছিলেন। এবার ফিল্ডস্ নরম কণ্ঠে কিন্তু কিছুটা ভৎর্সনা করেই যেনো বললেন যে, তাঁদের কাজ-কর্ম যেনো অবশ্যই ক্লাবের সেশন হয়ে না ওঠে। এইসব খুনিদেরকে বোঝার জন্যে তাঁদেরকে আরো ভালো কোনো পথ খুঁজে বের করতে হবে।

সেই মুহূর্তেই, এসব থেকে কী বের হয়ে আসতে পারে ভেবে প্রথমবারের মতো লাওয়েল ভয় পেয়ে গেলেন। "তো, আপনার বক্তব্যটা কি?"

"আমাদেরকে সরাসরি দেখতে হবে," ফিল্ডস্ বললেন, "দান্তের স্বপ্ন কোত্থেকে জীবন্ত হয়ে উঠলো।"

BanglaBook.org

www.BanglaBook.org

এখন হিলির এস্টেটের মধ্য দিয়ে যেতে যেতে লাওয়েল তার প্রকাশকের হাতটা ধরলেন। "'*কাম লা রেনা কোয়েন্দা তারবো স্পিরা,*'" ফিস্‌ফিস্ ক'রে বললেন তিনি।

ফিল্ডস্ বুঝতে পারলেন না। "আবার বলুন তো, লাওয়েল?"

লাওয়েল দ্রুত সামনে এগিয়ে গিয়ে থামলেন যেখানে কালো মাটির মসৃণ এবং উজ্জ্বল বালুর বৃত্তাকার ক্ষেত্রটি রয়েছে। "এখানে!" বিজয়ীর মতো তিনি বললেন।

রিচার্ড হিলি একটু পেছনে ছিলো। সে বললো, "হ্যা।" যখন সে বুঝতে পারলো তাকে খুব বিস্মিত দেখালো। "আপনি কিভাবে জানলেন, ভাই? আপনি কিভাবে জানলেন, এখানেই আমার বাবার লাশটা পাওয়া গিয়েছিলো?"

"ওহ্," লাওয়েল কপটভাবে বললেন, "এটা একটা প্রশ্নই বটে। তোমার হাঁটা দেখে মনে হলো একটু ধীরগতির হয়ে যাচ্ছে, তাই আমি ভাবলাম 'তাহলে এখানেই?' সে কি আস্তে হাটছিলো না?" ফিল্ডসের দিকে সাহায্যের আশায় তাকালেন তিনি।

"আমিও সেরকমই মনে করি, মিঃ হিলি।" ফিল্ডস্ নিঃশ্বাস নিয়ে মাথা দুলিয়ে পায় দিলেন।

রিচার্ড হিলি মনে করে না তার হাঁটা শ্লথগতির হয়ে ছিলো। "আহ্, তাহলে জবাবটা হবে হ্যা," সে বললো, নিজের মনের ভাবটা লুকাবার কোনো চেষ্টাই করলো না। "এখানেই, ঠিক এখানেই ঘটেছিলো, ভাই। আমাদের আঙিনার সবচাইতে বাজে আর কুৎসিত অংশও এটা," তিক্তভাবে সে কথাটা বললো। এটা মাঠের মাঝখানের একটা অংশ, যেখানে কোনো কিছুই জন্মাতে পারে না।

লাওয়েল বালুর মধ্যে আঙুল চালালেন। "এখানেই ছিলো," তিনি বললেন। এই প্রথমবারের মতো তার মনে হিলির জন্যে সত্যিকারের সমবেদনা জেগে উঠলো। এখানেই তাকে উলঙ্গ ক'রে পরিত্যাক্ত অবস্থায় ফেলে রাখা হয়েছিলো। সবচাইতে বাজে ব্যাপার হলো তিনি এমন একটা সমাপ্তির মুখোমুখি হয়েছিলেন যা তিনি কখনই বুঝতে পারেন নি, সেটা কখনও তার স্ত্রী এবং সন্তানেরাও বুঝবে না।

রিচার্ড হিলির মনে হলো লাওয়েলের চোখে বুঝি পানি এসে গেছে। "আপনার জন্যে তার হৃদয়ে সবসময়ই একটি বিশেষ স্থান ছিলো, ভাই," সে বলেই লাওয়েলের পাশে হাঁটু গেঁড়ে ব'সে পড়লো।

"কি?" লাওয়েল জানতে চাইলেন, তার সমবেদনা দ্রুত উবে গেলো।

হিলি আবারো বললো, "প্রধান বিচারপতির কথা বলছিলাম। আপনি তার আত্মীয়দের মধ্যে অন্যতম প্রিয় ছিলেন। ওহ্, তিনি আপনার কবিতা প'ড়ে খুবই প্রশংসা করতেন। যখনই *দ্য নর্থ আমেরিকান রিভিউ*'র নতুন কোনো সংখ্যা হাতে পেতেন পাইপে তামাক ভ'রে আগাগোড়া সেটা পড়তেন। তিনি বলতেন, আপনার নাকি সত্য সম্পর্কে অনেক উঁচু ধারণা রয়েছে।"

"তিনি এসব বলতেন?" লাওয়েল একটু অবাক হয়েই জানতে চাইলেন।

লাওয়েল বিচারপতির প্রশংসার কথা শুনে তার প্রকাশকের মুখ টিপে হাসির দৃশ্যটা এড়িয়ে গেলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

তারা যখন মাঠ থেকে বাড়িতে ফিরে এলেন একজন ভাড়াটে লোক পোস্ট অফিস থেকে একটা বান্ডিল নিয়ে উদয় হলো। রিচার্ড হিলি তাঁদের কাছে ক্ষমা চেয়ে লোকটার কাছে গেলো।

ফিল্ডস্ দ্রুত লাওয়েলকে একপাশে নিয়ে গেলেন। "আরে, আপনি কী ক'রে জানলেন হিলি কোথায় খুন হয়েছিলেন, লাওয়েল? আমরা আমাদের মিটিংয়ে তো সেটা নিয়ে কোনো আলোচনা করিনি।"

"তো, যে কোনো খাঁটি দান্তেবাদী হিলির আঙিনায় চার্লস নদীর সংলগ্নটা সহজেই ধরতে পারবে। মনে রাখবেন, নিরপেক্ষদেরকে কেবলমাত্র নরকের প্রথম নদী একিরন'র থেকে কয়েক হাত দূরে পাওয়া গিয়েছিলো।"

"হ্যা। তবে সংবাদপত্রের রিপোর্টে তো নির্দিষ্ট ক'রে বলে নি আঙিনার ঠিক কোন্ জায়গাতে তাকে পাওয়া গেছে।"

"সংবাদপত্রগুলো একটা সিগারেটে আগুন ধরানোরও যোগ্য নয়।" লাওয়েল কথা ঘুরিয়ে প্রশ্নের উত্তর দিতে দেরি ক'রে ফিল্ডসের উদ্বেগ বাড়িয়ে দিতে পেরে বেশ মজা পেলেন। "বালুর কারণে বুঝেছি।"

"বালু?"

"হ্যা। হ্যা। *'কাম লা রেনা কোয়ান্দো তারবো স্পিরা।'* আপনার দান্তেকে মনে করুন," ফিল্ডস্কে ভৎর্সনা করলেন যেনো। "কল্পনা করুন, নরকের চক্রে নিরপেক্ষদের প্রবেশ করার কথাটি। পাপীদের দলের দিকে তাকালে আমরা কি দেখি?"

ফিল্ডস্ হলেন বস্তুবাদী পাঠক, পাতার নাম্বার, কাগজের ওজন, অক্ষর বিন্যাস, চামড়ার গন্ধ, ইত্যাদিই তার বেশি স্মরণে এলো। "ক্রোধের উচ্চারণ–" ফিল্ডস্ মনে মনে অনুবাদ ক'রে সতর্কভাবে বললেন–"যন্ত্রণার শব্দ, আর উচ্চ কণ্ঠস্বর..." স্মরণ করতে পারলেন না। তার পকেটে দান্তের একটি ইতালিয় পকেট সংস্করণ আছে, সেটার পাতা ওল্টাতে শুরু করলেন।

লাওয়েল সেটা কেড়ে নিলেন। "আরো হলো, ফিল্ডস্! *'ফর্মিভানো উন তুমুলতো, ইল কুয়াল অজ্জিরা সেম্প্রে ইন কুয়েল অরা সানজা তেম্পো টিন্তা, কাম লা রেনা কোয়ান্দো তারবো স্পিরা'* : 'একটা প্রবল আলোড়ন তৈরি করো যা পাক খেয়ে ঘুরবে / চিরকাল সেই অন্ধকার এবং সময়হীন শূন্যতায়, / ঘূর্ণি বাতাসের মতো বালু কণা উড়ে বেড়ায়।"

"তো..." ফিল্ডসের এটা বোধগম্য হচ্ছে না।

লাওয়েল অধৈর্যসহকারে দীর্ঘশ্বাস ফেললেন। "বাড়ির পেছনে মাঠটা ঘাসে পূর্ণ অথবা মাটি আর পাথরে ভরা। তবে সেগুলো একেবারেই ভিন্ন রকমের, আল্গা বালুর দানা আমাদের চোখে মুখে এসে লাগলো, তাই আমি সেটা অনুসরণ করলাম। দান্তের নরকে নিরপেক্ষদের শাস্তিটা ঘটেছিলো প্রচণ্ড আলোড়নের সঙ্গে *ঘূর্ণি বাতাসের মতো*

BanglaBook.org

www.BanglaBook.org

বালু কণা উড়ে বেড়ায়। আলগা বালুর এই রূপকটা স্থির ভাষা নয়, ফিল্ডস্! এটা হলো এইসব পাপীদের চঞ্চল এবং অস্থির মনের প্রতীক, যারা ক্ষমতা থাকা সত্ত্বেও কিছু না করাটাকেই বেছে নিয়েছিলো, আর তাই নরকে সেই ক্ষমতাটা কেড়ে নেয়া হয়।"

"রাখেন, জেমি!" গৃহপরিচারিকা একটা পালকের ঝাড়ু নিয়ে পাশের দেয়ালের দিকে দৌড়ে যাচ্ছে দেখে ফিল্ডস্ একটু উচ্চস্বরেই বললেন। তিনি সেটা খেয়াল করে নি। "একটু থামেন! ঘূর্ণি বাতাসের মতো বালু! তিন ধরণের পোকামাকড়, পতাকাটা, নদীতীরবর্তী, এটাই তো যথেষ্ট। কিন্তু বালু? আমাদের শয়তানটা যদি তার কর্মকাণ্ডে দান্তের রূপকটা একেবারে আক্ষরিকভাবেই উপস্থাপন করতে পারে..."

লাওয়েল বিষণ্নভাবে মাথা দোলালেন। "আসলেই সে একজন দান্তেবাদী," একধরণের প্রশংসাপূর্ণ উচ্ছ্বাসেই বললেন তিনি।

"স্যারেরা?" কবি ভদ্রলোকের পাশে নেল রেনির উদয় হলে তারা দু'জনেই চম্‌কে পিছু হটে গেলেন।

লাওয়েল ভয়ার্ত কণ্ঠে জানতে চাইলেন মহিলা তাঁদের কথা শুনছিলো কিনা।

মহিলা তার মাথাটা দৃঢ়ভাবে নেড়ে প্রতিবাদ করলো। "না, স্যার, কসম খেয়ে বলছি। তবে আমি ভাবছি যদি..." মহিলা ঘাড় বেঁকিয়ে দু'দিকে তাকালো। "আপনারা সমবেদনা জানাতে আসা বাকি দু'জনের চেয়ে আলাদা। যেভাবে আপনারা বাড়িটা দেখলেন...আর আঙিনাটা যেখানে...আপনারা কি আরেকবার আসবেন না? আমি অবশ্যই..."

কথার মাঝখানেই রিচার্ড হিলি ফিরে এলে গৃহপরিচারিকা অন্য দিক দিয়ে হলে প্রবেশ করার পথ দিয়ে চলে গেলো।

সে দীর্ঘনিঃশ্বাস ফেললো। "আমাদের পুরস্কার ঘোষণা করার পর থেকে প্রতি সকালেই আমি মিথ্যে আশার আলো দেখছি, আশা করছি সত্যটা বোধহয় জানা যাবে।" সে ফায়ারপ্লেসের কাছে গিয়ে এইমাত্র আসা কাগজগুলো আগুনে ফেলে দিলো। "আমি বলতে পারছি না লোকজন কি নির্মম, নাকি একেবারে বদ্ধ উন্মাদ।"

"ভাই," লাওয়েল বললেন। "পুলিশের কাছে কি এমন কোনো তথ্য নেই যা তোমাকে সাহায্য করতে পারে?"

"বিখ্যাত বোস্টন পুলিশ। আপনাকে কেবল এটাই বলতে পারি, ভাই লাওয়েল, তারা যে অপরাধীকেই খুঁজে পাচ্ছে তাকেই স্টেশন হাউজে ধ'রে নিয়ে আসছে, আর তা থেকে কী বেরিয়ে আসে, জানেন?"

রিচার্ড জবাবের অপেক্ষায় আছে। লাওয়েল প্রবল উত্তেজনার সঙ্গে জবাব দিলেন যে তিনি জানেন না।

"তাহলে আপনাদেরকে বলছি। তাদের একজন জানালা দিয়ে লাফিয়ে মরেছে। ভাবতে পারেন? যে মুলাট্টো অফিসার লোকটাকে বাঁচানোর চেষ্টা করেছিলো সে বলেছে, লোকটা নাকি তাকে ফিস্‌ফিস্ ক'রে দুর্বোধ্য কিছু বলে গেছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল সামনে এগিয়ে এসে হিলির কাঁধে হাত রাখলেন যেনো তার কাঁধে চাপড় মেরে আরো তথ্য বের ক'রে আনবেন। লাওয়েলের কোটটা ধরে ফিল্ডস্ টান দিলেন। "একজন মুলাট্টো অফিসার?" লাওয়েল জানতে চাইলেন।

"বিখ্যাত বোস্টন পুলিশ," তিক্ত কণ্ঠে রিচার্ড আবারো বললো। "আমরা একজন প্রাইভেট গোয়েন্দা ভাড়া করবো, তবে তারাও শহরের পুলিশদের মতো জঘন্য রকমের দুর্নীতিবাজ।"

উপরের ঘর থেকে একটা গোঙানী ভেসে এলে রোল্যান্ড হিলি সিঁড়ি দিয়ে দৌড়ে নেমে এলো। সে রিচার্ডকে জানালো যে, তাদের মা আবারো সংজ্ঞা হারিয়েছেন।

রিচার্ড উপরের ঘরে চলে যেতেই নেল রেনি লাওয়েল আর ফিল্ডসের দিকে এগেলো, তবে রিচার্ড হিলি যাবার সময় এটা খেয়াল ক'রে ফেললো। প্রশস্ত রেলিং দিয়ে ঝুঁকে সে মহিলাকে আদেশ করলো, "নেল, বেসমেন্টের কাজটা শেষ করো।" মহিলা চলে যাবার পর সে আবার সিঁড়ি দিয়ে উঠতে লাগলো।

"তাহলে পেট্রলম্যান রেই যখন ঐ ফিস্‌ফিসানিটা শুনেছিলো তখন সে হিলির হত্যার তদন্ত করছিলো," ফিল্ডস্ বললেন যখন তিনি এবং লাওয়েল ছাড়া ঘরে আর কেউ থাকলো না।

"আর, এখন আমরা জানি সেই ফিস্‌ফিসানিটা কার-যে-ই ঐদিন স্টেশন হাউজে মারা গিয়ে থাকুক না কেন?" লাওয়েল একটু ভাবলেন। "আমাদেরকে অবশ্যই দেখতে হবে গৃহপরিচারিকা কিসে ভয় পেয়েছিলো।"

"মনে রাখবেন লাওয়েল। আপনাকে যদি হিলির ছেলেরা দেখে ফেলে তবে ঐ মহিলাকে গরমপানিতে চোবানো হবে।" ফিল্ডসের সাবধানবানী লাওয়েলকে নিবৃত্ত করলো। "সে বললো মহিলা নাকি কল্পিত জিনিস দেখছে।"

ঠিক সেসময়েই, রান্নাঘরের পাশ থেকে বিশাল একটা শব্দ ভেসে এলো। লাওয়েল রান্নাঘরের দরজার দিকে ছুটলেন। দরজায় আল্‌তো ক'রে টোকা দিলেন তিনি। কোনো জবাব নেই। দরজায় কান পেতে তিনি চুলার পাশ থেকে এক ধরনের শব্দ শুনতে পেলেন : ডাম্বওয়েটার, মানে একধরণের ছোটোখাটো লিফটের মতো যা দিয়ে বিভিন্ন তলায় খাবার-দাবার পাঠানো হয়, সেটার কম্পন। বেসমেন্ট থেকেই আসছে সেটা। তিনি ডাম্বওয়েটারের কাঠের প্যানেল দরজাটা খুললেন। ওটা ফাঁকা, কেবলমাত্র একটুকরো কাগজ আছে তাতে।

ফিল্ডসের কাছে দ্রুত ফিরে এলেন তিনি।

"কি হয়েছে? এটা কি?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"এটাকে আমরা ডাম্বওয়েটার ব'লে ডাকতে পারি না। পড়ার ঘরটা খুঁজে বের করার দরকার। আপনি এখানে থাকেন, লক্ষ্য রাখবেন হিলির ছেলেরা ফিরে আসে কিনা," লাওয়েল বললেন।

"কিন্তু, লাওয়েল!" ফিল্ডস্ বললেন। "সে চলে এলে আমি কী করবো?"

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল কোনো জবাব দিলেন না। তিনি প্রকাশককে নোটটা দিয়ে দিলেন।

তিনি ভদ্রলোক হল দিয়ে ছুটে চললেন। খোলা দরজা দিয়ে উঁকি মেরে একটা পোকা দেখতে পেলেন। পথের মাঝখানে। সেটাকে ধাক্কা দিয়ে সরিয়ে একটু ভেতরে ঢুকলেন। ঘরটা বেশ পরিস্কার, তবে এখানে কেউ থাকে না। এটা এজন্যে নয় যে, হিলি এখানে মারা গেছেন, বরং হিলির স্মৃতিটা মনে প'ড়ে যাবে সেজন্যে কেউ থাকতে চায় না।

মাথার ওপরে এড্‌নাহ্ হিলির গোঙানীটা লাওয়েল শুনতে পেলেন, তারা যে মৃতের বাড়িতে আছেন সেকথাটা আমলে নিলেন না তিনি।

হলে অপেক্ষায় থাকা ফিল্ডস্ নেল রেনির লেখা নোটটা পড়লেন : *তারা আমাকে বলেছে আমি যেনো এটা অবশ্যই গোপন রাখি, কিন্তু আমি পারছি না, আর এও জানি না কার কাছে কথাটা বলবো। জজ হিলিকে যখন পড়ার ঘরে নিয়ে এলাম তখন তিনি মারা যাবার আগে আমার কোলে মাথা রেখে গোঙানী দিয়েছিলেন। এটা কি কারো সাহায্যে আসবে না?*

"হায় ঈশ্বর!" ফিল্ডস্ মনের অজান্তেই নোটটা মুঠোতে শক্ত ক'রে ধরলেন। "তিনি তখনও বেঁচেছিলেন!"

পড়ার ঘরে, লাওয়েল হাঁটু মুড়ে মেঝেতে কান পাতলেন। "আপনি তখনও বেঁচে ছিলেন," ফিস্‌ফিস্ ক'রে বললেন তিন। "মহান অস্বীকৃতিকারী। এজন্যেই আপনাকে হত্যা করা করা হয়েছে।" তিনি আরটেমাস হিলিকে উদ্দেশ্য ক'রে বললেন। "লুফিকার আপনাকে কি বলেছিলো? যখন আপনার গৃহপরিচারিকা আপনাকে খুঁজে পেয়েছিলো তখন আপনি তাকে কিছু বলতে চেষ্টা করেছিলেন। অথবা আপনি কিছু জিজ্ঞেস করার চেষ্টা করছিলেন?" মেঝেতে তিনি এখনও রক্তের ফোঁটা ফোঁটা দাগ দেখতে পেলেন। কার্পেটের কোণায় তিনি অন্য কিছুও দেখতে পেলেন। পোকার শূককীট, অদ্ভুত এক ধরণের পোকা যা লাওয়েল চিনতে পারলেন না। কতোগুলো আগুন-চোখের মাছি নেল রেনি জজ হিলির শরীরের ওপর পিষে টুকরো টুকরো করেছিলেন। তিনি হিলির কাগজপত্রে ঠাঁসা ডেস্ক হাত্‌রিয়ে একটা পকেট লেন্স খুঁজে পেলেন, সেটা পোকাগুলোর উপর ধরলেন। সেগুলোর সাথে জজ হিলির রক্ত লেগে আছে।

হঠাৎ করেই, ডেস্কে স্তুপ ক'রে রাখা কাগজের নিচ থেকে চার থেকে পাঁচটা আগুন-চোখের মাছি বের হয়ে এসে এক সঙ্গে লাওয়েলের দিকে তেড়ে এলো।

তিনি বোকার মতো আৎকে উঠলেন, একটা ভারি চেয়ারের ওপর হোচট খেয়ে পড়লেন। তার পায়ে একটা লোহার ছাতা রাখার স্ট্যান্ডের আঘাত লেগে গেলে স্ট্যান্ডটা প'ড়ে গেলো।

লাওয়েল, প্রতিহিংসায় একটা বিশাল এবং ভারি আইনের বই হাতে নিয়ে প্রত্যেকটি মাছিকে পিষ্ট করলেন। "লাওয়েলকে ভয় পাইয়ে দিতে পারবে সেরকমটি

BanglaBook.org

www.BanglaBook.org

ভেবো না।" এরপরই তিনি তার পায়ের গোড়ালীতে একটা হাল্কা খোঁচা টের পেলেন। একটা মাছি প্যান্টের ফাঁক গ'লে ঢুকে পড়েছে। লাওয়েল প্যান্টটার পায়ের দিকে কাপড় টেনে তুললে মাছিটা দিশেহারা হয়ে পালাতে চেষ্টা করলো। মোটা কার্পেটের ওপর বুট জুতা দিয়ে সেটা পিস্ট ক'রে ফেললেন তিনি। ঠিক এই সময়েই লক্ষ্য করলেন তার গোড়ালীর যেখানে স্ট্যান্ডের আঘাত লেগেছিলো সেখানে একটা লাল ফুঁটো দেখা যাচ্ছে।

লাওয়েল তার রুমালটা বের করলেন, ফ্যানি লাওয়েল যেটাতে জে.আর.এল এমব্রয়ডারি করেছে, সেই রুমালটা দিয়ে এইমাত্র পিষ্ট করা পোকাটা ধরে ভালো করে দেখলেন, সেইসাথে অন্য পোকাগুলোর শরীরের যেটুকু অংশ খুঁজে পেলেন সেগুলোও তুলে নিলেন। ওগুলো রুমালে মুড়িয়ে নিয়ে কোটের পকেটে রেখে পড়ার ঘরটা থেকে দৌড়ে বের হয়ে গেলেন। তার চাচাতো ভাইয়ের কণ্ঠস্বরটা শুনতে পেয়ে ফিল্ডস্ তাকে সোফাটা আগের জায়গায় রাখতে সাহায্য করলেন।

প্রকাশক কোনো কিছু পাওয়া গেছে কিনা জানতে চাইলেন। "তো, লাওয়েল? আপনি কি কিছু খুঁজে পেলেন?"

লাওয়েল তার পকেটে থাকা রুমালটাতে চাপড় মেরে বললেন, "সাক্ষীদেরকে পেয়েছি, মাই ডিয়ার ফিল্ডস্।"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ৯

আলিশা ট্যালবোটের শেষকৃত্যের পরের সপ্তাহে নিউ ইংল্যান্ডের প্রত্যেক যাজক তাঁদের মৃত সহকর্মীর জন্যে একটা আবেগী ইউলোজি পাঠ করেছিলেন। এরপরের রোববার, একটি সারমন দেয়া হলো নির্দেশনার ওপর, হত্যার ব্যাপারে নয়। যখন হিলি কিংবা ট্যালবোটের হত্যার সুরাহা হচ্ছিলো না তখন বোস্টনের যাজকেরা যুদ্ধের পর থেকে সংঘটিত অপরাধ এবং পাপের ওপর ধর্মপোদেশ দিলেন–পুলিশ বিভাগের ব্যর্থ কাজের বিরুদ্ধে বিষোদগাকার করার সঙ্গে সঙ্গে ক্যামব্রজের বৃদ্ধ স্বৈরাচার নিজের অহংকারের জন্যেই ধ্বংস হয়েছেন বলে মনে করা হলেও মুখে বলা হলো না।

সংবাদপত্রের লোকেরা জানতে চাইলো কী ক'রে এরকম দু'জন গণ্যমান্য নাগরিকের হত্যাকাণ্ড ঘটতে পারলো। মেয়রের কাউন্সিল কর্তৃক বরাদ্দ করা পুলিশের কার্যক্ষমতা বাড়ানোর জন্যে যে টাকা দেয়া হয়েছিলো সেগুলো কোথায় যায়? পুলিশের পোশাকে চক্‌চকে সিলভার নাম্বারের পেছনেই সেটা ব্যয় হয়, ব্যঙ্গ ক'রে একটি পত্রিকা বলেছিলো। পুলিশের লোকেরা সঙ্গে অস্ত্র ব্যবহার করবে কার্তেজের এরকম আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ কেন অনুমোদন দিলো, যেখানে তারা কোনো অপরাধীই খুঁজে পায় না, সেখানে অস্ত্র দিয়ে তারা করবেটা কি?

নিকোলাস রেই সেন্ট্রাল স্টেশনে ব'সে আগ্রহের সাথে এইসব পড়ছিলো। সত্যি বলতে কী, পুলিশ বিভাগে আসলেই কিছু উন্নতি হয়েছে। ফায়ার অ্যালার্ম বেলের ব্যবস্থা করা হয়েছে, যাতে শহরের যেকোনো স্থান থেকে যেকোনো জায়গায় পুরো পুলিশ বিভাগকে ডেকে আনা যায়। চিফ আরো আদেশ দিয়েছিলেন যে, প্রহরী আর স্কাউটদেরকে বিরামহীনভাবে সেন্ট্রাল স্টেশনে রিপোর্ট দিতে হবে।

কার্তেজ ব্যক্তিগতভাবে পেট্রলম্যান রেইয়ের কাছে হত্যাকাণ্ড দুটোর ব্যাপারে তার নিজস্ব মূল্যায়ন জানতে চাইলে রেই পরিস্থিতিটা বিবেচনা করতো। তার রয়েছে সেই বিরল গুণ যা কোনো মানুষকে কথা বলার আগে চুপ রাখে। "কোনো সৈনিক পক্ষ ত্যাগ করলে পুরো ডিভিশনকে মাঠে নামানো হোতো, সেখানে সদ্য খোড়া কবর এবং কফিন ছাড়া আর কিছুই থাকতো না। পক্ষত্যাগী সৈনিক মার্চ করতো আমাদের সামনে একজন যাজককে সঙ্গে নিয়ে। তার চোখ, হাত-পা বেধে তাকে আদেশ করা হোতো কফিনের ওপর বসতে। তার নিজের লোকদেরই একটি ফায়ারিং স্কোয়াড আদেশের অপেক্ষায় সারিবদ্ধভাবে দাঁড়াতো। প্রস্তুত হও, লক্ষ্য ঠিক করো...*ফায়ার*, সে কফিনের ওপর প'ড়ে যেতো, তাকে ওখানেই কবর দেয়া হোতো, কোনো এপিটাফ বা নাম-ফলক থাকতো না। আমরা কাঁধে বন্দুক ফেলে ক্যাম্পে ফিরে আসতাম।"

BanglaBook.org

www.BanglaBook.org

"হিলি এবং ট্যালবোটকে কি এক ধরণের উদাহরণ হিসেবে হত্যা করা হয়েছে?" কার্তেজকে মনে হলো সন্দেহগ্রস্ত।

"পক্ষত্যাগীকে বৃগেডিয়ার জেনারেলের তাঁবুতে অথবা জঙ্গলে নিয়ে গিয়ে খুব সহজেই গুলি ক'রে হত্যা করা যেতো পারতো। অথবা তাকে কোর্ট মার্শালে পাঠিয়ে দেয়া যেতো। জনসম্মুখে এটা ক'রে আমাদেরকে বুঝিয়ে দেয়া হতো যে, কোনো পক্ষত্যাগীকে এভাবেই ভাগ্য বরণ করতে হবে। পালিয়ে যাবার চেষ্টা করতো যেসব দাস তাদের সাথে তাদের মালিকেরাও একই রকম কৌশল ব্যবহার করতো। হিলি আর ট্যালবোটের হত্যাকাণ্ডটির ঘটনা হলো গৌণ ব্যাপার। প্রথমত এবং মূল হলো, এইসব লোকের শাস্তি দেবার ব্যাপারটা নিয়েই আমাদের মাথা ঘামানো উচিত। আমরা দায়িত্ব পেয়ে গেছি, এখন সব চোখে চোখে রাখতে হবে।"

কার্তেজ খুব মুগ্ধ হলেও সেটা প্রকাশ করলো না। "ঠিক। কে শাস্তি দিলো, পেট্রলম্যান? কোন্ ভুলের জন্যে? কেউ যদি এইসব কর্মকাণ্ড থেকে আমাদেরকে কিছু শেখাতে চায়, তাহলে কি তারা এমনভাবে করতো না যাতে আমরা সহজেই বুঝতে পারতাম? একটা পতাকার নিচে নগ্ন মৃতদেহ ফেলে রেখে পা দুটো আগুনে পোড়ানো হলো। এতে তো কিছুই বোঝা যায় না।"

যদিও অন্য কাউকে অবশ্যই তারা সেটা বোঝাতে পেরেছে, রেই ভাবলো। সে এবং কার্তেজ হয়তো সেটা বুঝতে পারছে না।

"আপনি অলিভার ওয়েন্ডেল হোম্‌সের সম্পর্কে কি জানেন?" স্টেট হাউজ থেকে চিফকে নিয়ে বের হবার সময় ঘোড়ার গাড়ির সামনে এসে কার্তেজের কাছে রেই জানতে চাইলো।

"হোমস্।" কার্তেজ নির্বিকারভাবে কাঁধ ঝাঁকালো। "কবি এবং ডাক্তার। একজন সামাজিক উপদ্রব। এই লোক বৃদ্ধ প্রফেসর ওয়েবস্টারের ফাঁসির আগে তার ভালো বন্ধু ছিলেন। ওয়েবস্টারের নির্দোষের ব্যাপারে তিনি খুবই উচ্চকণ্ঠ ছিলেন। যদিও তিনি ট্যালবোটের ময়নাতদন্তের ব্যাপারে খুব বেশি সাহায্যে আসেন নি।"

"না, তিনি খুব বেশি সাহায্যে আসেন নি," ট্যালবোটের পা দুটো দেখে হোমস্ যে কী রকম ঘাবড়ে গিয়েছিলেন সেকথাটা মনে করলো রেই। "আমার বিশ্বাস তিনি সুস্থ ছিলেন না, তার হাঁপানী আছে।"

"হ্যা–মানসিক হাঁপানী," কার্তেজ বললো।

ট্যালবোটের মৃতদেহটা খুঁজে পাবার পর রেই সেই জায়গা থেকে পাওয়া দু'ডজন কাগজের টুকরো কার্তেজকে দেখিয়েছিলো। ছোটো ছোটো চারকোণা কাগজ। কার্পেটের ট্যাগের চেয়ে বেশি বড় হবে না। প্রত্যেকটাতেই ছিলো একটা ক'রে ছাপা অক্ষর। কোনো কোনোটা ভূগর্ভস্থ কক্ষের আদ্রতায় নোংরা হয়ে যাওয়ায় চেনাই যায় নি। এই তুচ্ছ জিনিসটাতে রেইয়ের আগ্রহ দেখে কার্তেজ অবাক হলো। এটা তার মুলাট্টো অফিসারের ওপর তার আত্মবিশ্বাস কমিয়ে দিচ্ছে।

BanglaBook.org

www.BanglaBook.org

তবে রেই সেগুলো টেবিলের ওপর খুব যত্ন ক'রে মেল রাখলো। এইসব কাগজগুলো গুরুত্বপূর্ণ, এতে অবশ্যই উল্লেখযোগ্য কিছু রয়েছে, যেমনটি আছে জানালা দিয়ে লাফ দেয়া লোকটার বিড়বিড় ক'রে বলা কথার মধ্যে। বারোটা টুকরোর মধ্যে থাকা অক্ষরগুলো সে চিনতে পারলো : *e, di, ca, t, I, vic b, as, im, m, y* এবং আরেকটা *e*। একটা নোংরা কাগজের টুকরোতে *g* অক্ষরটা রয়েছে, যদিও সেটা খুব সহজেই *q* হতে পারে।

রেই যখন নিহতের আত্মীয়দের সঙ্গে চিফ কার্তেজকে দেখা করার জন্যে গাড়ি চালিয়ে নিয়ে যায় না অথবা স্টেশন ক্যাপ্টেনদের সাথে তার কোনো মিটিং থাকে না, তখন সে একটু সময় ব্যয় ক'রে পকেটে রাখা অক্ষর সংবলিত কাগজগুলো টেবিলে রেখে দেখে আর ভাবে। কখনও কখনও সে শব্দ তৈরি করতে পারে, আর সেগুলো একটা মেমেরান্ডাম বইতে টুকে রেখে দেয়। সে তার সোনালী রঙের চোখ দুটো শক্ত ক'রে বন্ধ করলো। অচেতনভাবেই দ্বিগুণ প্রত্যাশা নিয়ে চোখ দুটো বড় বড় ক'রে খুললো যাতে অক্ষরগুলো দিয়ে মনে মনে কোনো শব্দ তৈরি করতে পারে। জাদুবলে যেনো সে বুঝে ফেলে এই অক্ষরগুলো দিয়ে কী বোঝানো হয়েছে। এক বিকেলে, স্টেশন হাউজ থেকে লাফিয়ে পড়া লোকটার ফিস্‌ফিস্ ক'রে বলা শেষ কথাগুলো মেলে রাখলো এই আশায়, যেনো এটা তার কাছে উদ্ভাসিত হয় যে, দুটো হারানো কণ্ঠস্বর আসলে একই সূত্রে গাঁথা।

এইসব টুকরো কাগজের অক্ষরগুলোর একটি পছন্দের গ্রুপ আছে তার : *আমি মরতে পারি না আমি*...ঠিক এ জায়গায় এসে রেই সব সময় থেমে যায়। কিন্তু এতে কি কিছুই নেই? অন্যগুলো নিয়েও সে চেষ্টা করলো : *সহযোগী হও যেমনটি আমি*...অস্পষ্ট অক্ষর *g* অথবা *q* নিয়ে কী করবে সে?

সেন্ট্রাল স্টেশনে প্রতিদিন প্রচুর চিঠি আসে, যাতে এমন এমন নিশ্চিতভাবে দাবী করা হয় যে, তারা এগুলো কোনোটাই বিশ্বাস করে না। মানে, ওসবে বিশ্বাস যোগ্যতা খুব কমই থাকে। এইসব চিঠিপত্র মূল্যায়ন করার জন্যে চিফ কার্তেজ রেইকে নিয়োগ দিয়েছে, তাকে 'আজেবাজে' কাজ থেকে দূরে রাখার অংশ হিসেবে।

চিফ জাস্টিস হিলিকে তার মৃত্যুর এক সপ্তাহ আগে মিউজিক হল-এ পাঁচজন লোক দেখেছে। বজ্রাহত লোকটিকে রেই তার সিজন টিকেট নাম্বারের সাহায্যে পাকড়াও করেছিলো : রক্সবুরি ক্যারিয়েজের একজন ডিজাইনার মিস্ত্রি সে, চিফ জাস্টিসের মতো তারও মাথা ভর্তি কোঁকড়নো চুল। নামপরিচয়হীন এক লোক চিঠিতে পুলিশকে জানিয়েছিলো, রেভারেন্ড ট্যালবোটের খুনি পত্রলেখকের এক দূর সম্পর্কীয় আত্মীয়। সে লিভারপুলের জাহাজে চেপেছে, সেখানে অপরাধমূলক কাজে জড়িত হবার পর তার আর কোনো খবর শোনা যায় নি। আরেকটা চিঠিতে দাবি করা হয়েছে, এক মহিলা এক দর্জির দোকানে ব'সে স্বীকার করেছে, সে-ই জজ হিলিকে ঈর্ষার চোটে হত্যা ক'রে ট্রেনে চেপে নিউইয়র্কে পালিয়ে গেছে। ওখানে তাকে তালিকাবদ্ধ চারটা হোটেলের যেকোনো একটাতে পাওয়া যাবে।

BanglaBook.org

www.BanglaBook.org

দুটো বাক্য থাকা একটা অজ্ঞাত নামের চিঠি যখন রেই খুললো, তার শরীরে একটা কিছু আবিষ্কার করার রোমাঞ্চ বয়ে গেলো : খুব ভালো মানের কাগজ সেটা আর বার্তাটা লেখা হয়েছে বড় বড় এবং ভাঙা ভাঙা হাতের লেখায়–লেখকের সত্যিকারের হাতের লেখাটা আড়াল করার প্রচেষ্টা হিসেবে :

রেভারেন্ডের গর্তে আরো বেশি খুঁড়ুন। তার মাথার নিচে কিছু একটা নেই।

চিঠিটার শেষে কেবল লেখা আছে 'আপনার শহরের একজন একজন সম্মানিত নাগরিক।'

"কিছু একটা নেই?" কার্তেজ ঠাট্টার সুরে বললো।

"এতে কিছুই প্রমাণ করা যায় না, আবিস্কার করার মতো কোনো গল্প নেই এতে," রেই তার চরিত্রের সাথে বেমানান এক উচ্ছ্বাসে বললো। "লেখক কিছু একটা বলতে চাচ্ছে। আর মনে রাখবেন : ট্যালবোটের কী হয়েছিলো সংবাদপত্রগুলো সেটা বেশ বিস্তারিতভাবেই লিখেছে। এখন, এটা আমাদেরকে আমাদের সুবিধার্থে ব্যবহার করতে হবে। এই লোকটা সত্যিকারের প্রেক্ষাপটটা জানে। এখানে দেখুন, চিফ।" রেই উচ্চস্বরে প'ড়ে শোনালেন : '"তার মাথার নিচে।'"

"রেই, আমার সমস্যা বেড়ে যাচ্ছে আর কি! সিটি হলের কেউ লেখাটা খুঁজে পেয়েছে এটা নিশ্চিত করতে যে, ট্যালবোটকে তার পোশাকহীন অবস্থায় পাওয়া গিয়েছে, আর পোশাকগুলো তার পাশেই রাখা ছিলো, ঠিক যেমনটি হিলির বেলায় হয়ে ছিলো। তারা এটা আগামীকাল ছাপাবে, পুরো শহর জেনে যাবে আমরা একজন খুনিকে খুঁজে বেড়াচ্ছি। তখন লোকজন 'অপরাধ'কে দুষবে না–তারা খুনির নাম জানতে চাইবে।" কার্তেজ আবার চিঠিটার দিকে ফিরে গেলো। "তো, চিঠিটাতে কেন বলা হলো না সেই 'কিছু একটা' আসলে কি, যা আমরা ট্যালবোটের গর্তে খুঁজে পাবো? আর এই শহরের সম্মানিত নাগরিকটি সোজা আমাদের স্টেশনে এসে সে যা জানে তা আমার মুখের ওপর ব'লে দিলো না কেন?"

রেই কোনো জবাব দিলো না। "চিফ, আমাকে ভূগর্ভস্থ কক্ষটি আরেকবার দেখতে দিন।"

কার্তেজ মাথা নাড়লেন। "কমনওয়েলথের প্রতিটি অভিশপ্ত ডায়াসের কাছ থেকে শোনা উত্তপ্ত বাক্যগুলো তুমি শুনেছো, রেই। আমরা কোনো কল্পিত বস্তু সেকেন্ড চার্চের ভূগর্ভস্থ কক্ষের মাটি খুঁড়ে বের করার জন্যে যেতে পারি না!"

"আরো তদন্তের দরকার রয়েছে ব'লে তো আমরা ঘটনাস্থলের গর্তটি অক্ষতই রেখে দিয়েছি," রেই পাল্টা যুক্তি দিলো।

"তা ঠিক। তবে এ ব্যাপারে আমি আর কোনো কথা শুনতে চাই না, পেট্রলম্যান।"

রেই মাথা নেড়ে সায় দিলো, তবে তার মুখের ভঙ্গী দেখে বোঝা গেলো এই চিন্তাটা সে বাদ দেবে না। চিফ কার্তেজের দৃঢ়ভাবে বলা অস্বীকৃতি রেইকে তার লক্ষ্য

BanglaBook.org

www.BanglaBook.org

থেকে বিচ্যুত করতে পারে নি। পরে, সেই বিকেলেই কার্তেজ তার গ্রেটকোটটা প'রে নিয়ে রেইয়ের ডেস্কের কাছে গিয়ে আদেশ করলো, "পেট্রলম্যান: ক্যামবৃজের সেকেন্ড ইউনিটারিয়ান চার্চ।"

একজন নতুন সেক্সটন, দেখতে ব্যবসায়ীদের মতোন, তাঁদেরকে অভ্যর্থনা জানিয়ে ভেতরে নিয়ে গেলেন। তিনি বললেন, তার পূর্বসূরী সেক্সটন গ্রেগ ট্যালবোটের মৃতদেহটা খুঁজে পাবার পর থেকে একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছেন তাই নিজের মানসিক অবস্থা সামলে ওঠার জন্যে ইস্তফা দিয়েছেন। সেক্সটন নার্ভাসভাবে ভূগর্ভস্থ কক্ষের চাবিটা খুঁজলেন।

"হয়তো ভালো কিছু পাওয়া যাবে," যখন কক্ষের দুর্গন্ধটা তাদের নাকে এসে লাগলো তখন রেইকে সাবধান ক'রে কার্তেজ বললো।

এই তো।

লম্বা হাতলের বেলচাটা দিয়ে কয়েকটা আঘাত করার পর রেই টাকার পুটলীটা বের ক'রে আনলো যেখানে হোমস্ এবং লংফেলো মাটি চাপা দিয়ে রেখেছিলেন সেটা।

"এক হাজার। পুরো একহাজার, চিফ কার্তেজ।" রেই গ্যাসের লণ্ঠনটার আলোতে নোটগুলো গুনে বললো। "চিফ," উল্লেখযোগ্য কিছু বুঝতে পেরে রেই বললো, "চিফ কার্তেজ, ক্যামবৃজ স্টেশন হাউজ–যে রাতে আমরা ট্যালবোটের লাশটা খুঁজে পেলাম। আপনার কি মনে আছে তারা আমাদেরকে কি বলেছিলেন? ঐদিনই, খুন হবার আগে, রেভারেন্ড রিপোর্ট করেছিলেন তার সিন্দুক ডাকাতি হয়ে ছিলো।"

"তার সিন্দুক থেকে কতো টাকা খোয়া গিয়েছিলো?"

রেই টাকাগুলোর দিকে ইঙ্গিত করলো।

"এক হাজার।" কার্তেজ অবিশ্বাসে ঘোৎ ঘোৎ ক'রে ব'লে উঠলেন। "তো, আমি জানি না এটা আমাদেরকে সাহায্য করবে নাকি ঘটনাটাকে আরো বেশী জটিল ক'রে ফেলবে। ল্যাংডন ডব্লিউ পিস্‌লি অথবা উইলার্ড বার্‌ন্ডি যদি একরাতে যাজকের সিন্দুক ভেঙে পরের দিন তাকে হত্যা করে, তবে আমি খুব অবাক হবো। তারা যদি তা ক'রেও থাকে, তাহলে তো বলতেই হয় টাকাগুলো রেখে গেছে যাতে ট্যালবোট কবরে গিয়ে সেগুলো ভোগ করতে পারেন!"

ঠিক তখনই রেই একটা ফুলের বাকেটের দিকে এগিয়ে গেলো। টোকেনে লংফেলোর নাম লেখা আছে। সে ওটা তুলে নিয়ে কার্তেজকে দেখালো।

"না, না, আমি এইখানে অন্য কাউকে ঢুকতে দেই নি," নতুন সেক্সটন তাদেরকে চার্চের পেছনের ঘরে নিয়ে গিয়ে আশ্বস্ত ক'রে বললেন। "ঘটনা ঘটার পর থেকে... বন্ধই তো ছিলো।"

"তাহলে হয়তো আপনার পূর্বসূরীই উনাদেরকে ঢুকতে দিয়েছিলেন। আপনি কি জানেন, মি: গ্রেগকে আমরা কোথায় খুঁজে পাবো?" চিফ কার্তেজ জিজ্ঞেস করলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"এখানেই পাবেন। প্রতি রোববার, বিশ্বাসীরা যেমনটি ক'রে থাকে," সেক্সটন জবাব দিলেন।

"তো, উনি এখানে যখন আসবেন, আমি চাই আপনি তাকে বলবেন যে, আমাদের সাথে যেনো খুব জলদি যোগাযোগ করেন, আমার কার্ডটা রাখুন। উনি যদি ভেতরে ঢোকার অনুমতি কাউকে দিয়ে থাকেন সেটা আমাদেরকে জানতে হবে।"

স্টেশন হাউজে ফিরে এসে অনেক কাজ করতে হলো। ক্যামবৃজের যে পেট্রলম্যানের কাছে রেভারেন্ড ট্যালবোট ডাকাতির ঘটনাটা রিপোর্ট করেছিলেন তাকে আবারো জিজ্ঞাসাবাদ করা হলো; লিগ্যাল টেন্ডার নোটগুলো ব্যাংকের সাহায্যে খোঁজ নিয়ে জানতে হবে সেগুলো আসলেই ট্যালবোটের সিন্দুকের নোটগুলো কিনা। ট্যালবোটের ক্যামবৃজের প্রতিবেশীরাও জানাতে পারে সেই রাতের সিন্দুক ভাঙার ব্যাপারে তারা কিছু জানে কিনা। কিছু তথ্য পাওয়ার জন্যে হাতের লেখা বিশেষজ্ঞ একজন নোটটা বিশ্লেষণ ক'রে দেখবে।

রেই দেখতে পেলো কার্তেজ একেবারেই আশাবাদীর মতো কথা বলছে, সম্ভবত হিলির মৃত্যুর সংবাদ শোনার পর এই প্রথমবারের মতো সে এতোটা আশাবাদী হলো। সে প্রায় উত্তেজিত। "এটাই ভালো পুলিশের করা উচিত, রেই– স্বভাবের একটু ছোঁয়া। কখনও কখনও আমরা এটা পেয়ে থাকি। দৈনন্দিন জীবনে এবং পেশাগত জীবনের হতাশার মাঝে এটা ম্রিয়মান হয়ে প'ড়ে। আমি এই নোটটাকে ময়লা আবর্জনার মধ্যেই ফেলে দিতাম, কিন্তু তুমি সেটা করো নি। তো, আমাকে বলো। আমরা এখন কি করবো যা আমরা আদৌ করিনি?"

রেই কৃতজ্ঞতার সঙ্গে হেসে ফেললো।

"কিছু একটা আছে। বলো, বলো।"

"আমি যা বলবো সেটা আপনি পছন্দ করবেন না, চিফ," রেই জবাব দিলো।

কার্তেজ কাঁধ ঝাঁকালো। "যদি সেটা তোমার ঐ কাগজের টুকরোগুলোর চেয়ে বেশি কিছু না হয়।"

রেই সাধারণত আনুকূল্য গ্রহণ করতে চায় না। তবে একটা কিছুর জন্যে সে উদগ্রীব হয়ে আছে। জানালার কাছে গিয়ে স্টেশনের বাইরের গাছপালাগুলোর দিকে তাকালো। "আমরা একটা বিপদকে দেখতে পারছি না, চিফ। একজনকে আমাদের স্টেশন হাউজে নিয়ে আসা হয়েছিলো, সে তার নিজের জীবনের চেয়েও বেশি ক'রে অনুভব করেছিলো। আমি জানতে চাই আমাদের আঙিনায় কে মারা গিয়েছিলো।"

*

অলিভার ওয়েন্ডেল হোমস্ তার পছন্দসই কাজ পেয়ে বেশ খুশি। তিনি না কোনো কীটতত্ত্ববিদ, না কোনো প্রকৃতিবিদ, তবে তিনি পশুপাখির বৈজ্ঞানিক গবেষণায় বেশ আগ্রহী। কিন্তু লাওয়েলের পিষ্ট করা পোকামাকড় আর ম্যাগোটের দলাটা পাওয়ার

BanglaBook.org

www.BanglaBook.org

দু'দিনের মধ্যেই ডাঃ হোমস্ বোস্টনের সেরা বিজ্ঞান বিষয়ক বইয়ের লাইব্রেরি থেকে পোকামাকড়ের ওপর প্রায় সব বই-ই যোগাড় ক'রে পড়াশোনা শুরু ক'রে দিয়েছেন।

এই ফাঁকে, হিলির গৃহপরিচারিকা নেলের সঙ্গে লাওয়েল মহিলার ক্যামব্রিজের উপকণ্ঠে বোনের বাড়িতে একটি সাক্ষাতের ব্যবস্থা ক'রে ফেললেন। মহিলা তাকে জানালো প্রধান বিচারপতি হিলিকে কি অবস্থায় সে খুঁজে পেয়েছিলো, আর তিনি মৃত্যুর পূর্বমুহূর্তে কিভাবে কথা বলার চেষ্টা ক'রে ছিলেন। হিলির কণ্ঠস্বরটা শুনে যেনো কোনো স্বর্গীয় শক্তির ছোঁয়াতে ভদ্রমহিলা হাটু গেঁড়ে ব'সে পড়েছিলো।

ট্যালবোটের চার্চ থেকে যা উদ্‌ঘাটন করা হলো তার পরিপ্রেক্ষিতে দান্তে ক্লাব এই সিদ্ধান্তে এসেছিলো যে, পুলিশের নিজেরাই ভূগর্ভস্থ কক্ষে মাটি চাপা দেয়া টাকাগুলো খুঁজে বের করবে। হোমস্ এবং লাওয়েল দু'জনেই এর বিরুদ্ধে : হোমস্ ভয়ে এবং লাওয়েল দখলীসত্ত্বের ধারণা থেকে। লংফেলো তার বন্ধুদের কাছে আবেদন জানালেন পুলিশকে যেনো তাঁদের প্রতিপক্ষ হিসেবে না দেখা হয়। এমনকি তাঁদের কর্মকাণ্ড পুলিশ জেনে ফেললেও। মনে রাখতে হবে যে, তারা সবাই একই উদ্দেশ্যে কাজ করছে : হত্যাকাণ্ডগুলো বন্ধ করা। পার্থক্য কেবল, দান্তে ক্লাব কাজ ক'রে যাচ্ছে মূলতঃ সাহিত্যগত দিক থেকে আর পুলিশ কাজ করছে বস্তুগত কিছু খুঁজে পাবার উদ্দেশ্যে। সুতরাং অমূল্য একহাজার ডলারের পোটলাটা পুণরায় মাটিতে পুঁতে রেখে আসার পর লংফেলো পুলিশ প্রধানের কাছে একটা সহজ সরল চিঠি লিখেছিলেন : *আরো গভীরে খুঁড়ুন...* তারা আশা করেছিলেন পুলিশ বিভাগের কোনো অভিজ্ঞ চোখ এটা দেখে বুঝতে পারবে, আর সম্ভবত, হত্যা সম্পর্কে আরো বেশি কিছু উদঘাটনও করতে পারবে।

হোমস্ তার কীটতত্ত্বের গবেষণা শেষ করার পর লংফেলো, ফিল্ডস্, আর লাওয়েল তার বাড়িতে দেখা করতে এলেন। যদিও হোমস্ জানালা দিয়ে তার চারজন অতিথিকেই চার্লস্ স্ট্রিট দিয়ে তার বাড়ির দিকে আসতে দেখেছিলেন তারপরও তিনি আইরিশ গৃহপরিচারিকাকে অতিথিদেরকে ছোট্ট অভ্যর্থনা কক্ষে বসাতে ব'লে তাঁদের সবার নাম লিখে নিয়ে আসতে বললেন। তারপরই হোমস্ সিঁড়ি দিয়ে নিচে নেমে এলেন।

"লংফেলো? ফিল্ডস্? লাওয়েল? আপনারা এসেছেন? উপরে চলে আসুন! দেখে যান আমি কী খুঁজে পেয়েছি।"

চমৎকার পড়ার ঘরটি বেশিরভাগ লেখকের পড়ার ঘরের তুলনায় খুব বেশি গোছালো। মেঝে থেকে ছাদ পর্যন্ত বইয়ের স্তূপ–হোমসের উচ্চতার হিসেবে–একটা স্লাইডিং মই দিয়েই কেবল ওগুলো ধরা যাবে, আর এই মইটা তিনি নিজেই বানিয়েছেন। হোমস্ তার সাম্প্রতিক আসবাবটা দেখালেন–তার ডেস্কের এক কোণে হাতের নাগালে থাকা একটা বুককেস যাতে কোনো বই নেবার জন্যে কাউকে দাড়াতে না হয়।

BanglaBook.org

www.BanglaBook.org

"খুব ভালো, হোমস্," লাওয়েল বললেন, যিনি মাইক্রোস্কোপ দিয়ে দেখছিলেন।

হোমস্ একটা স্লাইড প্রস্তুত করলেন। "বর্তমান সময়কাল পর্যন্ত প্রকৃতি তার সমস্ত অন্তর্গত সৃষ্টির ঘরগুলোর নিষিদ্ধ কথায় লিখে রেখেছে প্রবেশ নিষিদ্ধ ব'লে। যদি কোনো কৌতুহলী এর রহস্যময় জগতের মধ্যে ঢুকে গোয়েন্দাগিরি করে তো প্রকৃতি তার কাগজগুলোকে গাঢ় রহস্য দিয়ে ঢেকে ফেলে এবং অলৌকিক আভায় হতবিহ্বল করে।

তিনি ব্যাখ্যা করলেন যে, নমুনাগুলো হলো ম্যাগোট বা মাছির ডিম থেকে উৎপন্ন একধরণের মাছি, মৃতদেহটা যেদিন পাওয়া গিয়েছিলো শহরের কোরোনার বার্নিকোট সেদিন ঠিক এই কথাটিই বলেছিলেন। এই প্রজাতির মাছিরা মৃত টিসুর ওপর ডিম পাড়ে। ডিমগুলো এরপর ম্যাগোট হয়ে যায়, তারা পঁচা মাংস ভক্ষণ ক'রে থাকে, সেই মাংস খেয়ে হৃষ্টপুষ্ট হয়ে মাছিতে রূপান্তর হয়। পর্যায়ক্রমে একই কাজ ক'রে তারা।

হোমসের একটা রকিংচেয়ারে ব'সে দোল খাচ্ছিলেন ফিল্ডস্, তিনি বললেন, "কিন্তু গৃহপরিচারিকার ভাষ্যমতে হিলি মৃত্যুর আগে আর্তনাদ ক'রে গেছেন। তার মানে তিনি তখনও বেঁচে ছিলেন! যদিও আমি বিশ্বাস করি সেটা নির্ঘাত মৃত্যুর আগমুহূর্তের ব্যাপার। বেঁচে থাকার কোনা সম্ভাবনাই ছিলো না তার। আক্রমণের চারদিন পরে...আর তার শরীরের প্রতিটি ফাঁটা জায়গাতে মাছির ডিমে পূর্ণ ছিলো তখন।"

হোমস্ মাথা ঝাঁকালেন। "জজ হিলি এবং মানবজাতির জন্যে সৌভাগ্যের ব্যাপার যে, এটা হতে পারে না। হয় তার মাথার ক্ষতস্থানের ওপর চার-পাঁচটা ম্যাগোট, মানে মাছির ডিম ছিলো, নয়তো তিনি বেঁচে ছিলেন না। রিপোর্টে যেরকম বলা আছে তাতে এতো বেশি পরিমাণ ম্যাগোট তার শরীরে থাকলে সবগুলো টিসুই মরে যেতো। তিনিও মরে যেতেন।"

"হয়তো গৃহপরিচারিকার দৃষ্টিবিভ্রম হয়েছিলো," লংফেলো মত দিলেন। দেখলেন লাওয়েলের মুখে পরাজিত হবার অভিব্যক্তি।

"আপনারা যদি তাকে দেখতেন, লংফেলো," লাওয়েল বললেন। "যদি তার চোখের দ্যুতিটা দেখতেন, হোমস্। ফিল্ডস্, আপনি তো দেখেছেন!"

ফিল্ডস্ মাথা নেড়ে সায় দিলেন যেনো তিনি এখন আর খুব একটা নিশ্চিত নন। "মহিলা ভয়ংকর কিছু দেখেছেন অথবা দেখেছেন ব'লে ভেবেছেন!"

লাওয়েল কথাটা মেনে নিতে পারলেন না, দু'হাত বুকের কাছে ভাঁজ করলেন। "আরে, ঈশ্বরের দোহাই, ঐ মহিলাই একমাত্র ব্যক্তি যে জানে। আমি তার কথা বিশ্বাস করি। আমাদেরকেও তার কথা বিশ্বাস করতে হবে।"

হোমস্ কর্তৃত্বের সঙ্গে বললেন। তার গবেষণা অন্ততপক্ষে তাদের কর্মকাণ্ডের ব্যাপারে কিছু একটা আলোকপাত করতে পারে। "আমি দুঃখিত, লাওয়েল। মহিলা আসলেই ভয়ংকর কিছু দেখেছেন : হিলির অবস্থাটা। তবে এটা—*এটা* হলো বিজ্ঞান।"

BanglaBook.org

www.BanglaBook.org

পার্ক, ঘোড়ার গাড়িতে ক'রে ক্যামব্রিজে ফিরে গেলেন লাওয়েল। তিনি ম্যাপ্‌ল গাছের ধোঁয়াটে নিচ দিয়ে অলসভাবে হাটলেন। গৃহপরিচারিকার গল্পটি বাতিলের বিরুদ্ধে কিছু প্রমাণ না পেয়ে যখন একটু উদভ্রান্ত হয়ে হাটছিলেন তখন বোস্টনের নামী আর ধনী ব্যবসায়ী ফিনিয়াস জেনিসনের সঙ্গে দেখা হয়ে গেলো। তিনি একটা ঘোড়াগাড়িতে ক'রে যাচ্ছিলেন। তাঁকে দেখে লাওয়েল ভুরু তুললেন। এ সময়ে তিনি কারো সঙ্গে দেখা করার মতো অবস্থায় নেই।

"হুলো! আপনার হাতটা দিন তো!" জেনিসন তার ঘোড়ার গাড়িটার গতি একটু ধীর গতির ক'রে জানালা দিয়ে হাতটা বাড়িয়ে দিলেন।

"মাই ডিয়ার জেনিসন," লাওয়েল বললেন।

"ওহ্, পুরনো কোনো বন্ধুর সঙ্গে দেখা হওয়াটা কতোই না দারুণ ব্যাপার!" জেনিসন বেশ আন্তরিকতার সঙ্গেই বললেন। লাওয়েলের শক্ত হাতটা বোস্টনের ব্যবসায়ীদের শ্যাম্পেনের বোতল ঝাঁকানোর মতো ভঙ্গীতে হাতটা ধ'রে ঝাঁকালেন জেনিসন। নেমে এসে ড্রাইভারের দরজায় টোকা মারলেন গাড়িটা থামিয়ে রাখার জন্যে।

জেনিসনের চক্‌চকে সাদা ওভারকোটটার বোতাম খোলা। তাতে ক'রে ভেতরে পরা ঘিয়ে রঙের ফ্রককোটের ওপর সবুজ ওয়েস্টকোটটা দেখা যাচ্ছে। লাওয়েলের দিকে হাত বাড়িয়ে বললেন, "এল্‌ম উড-এ যাচ্ছিলেন, বুঝি?"

"অপরাধী, মাই লর্ড," লাওয়েল জবাব দিলেন।

"বলুন আমাকে, অভিশপ্ত কর্পোরেশন কি আপনাকে দান্তে ক্লাস করতে দিচ্ছে?" জেনিসন ভুরু কুচ্‌কে বেশ গুরু গম্ভীরভাবে জানতে চাইলেন।

"মনে হয় তারা একটু নরম হয়েছে, ধন্যবাদ যে হয়েছে," দীর্ঘশ্বাস ফেলে লাওয়েল বললেন। "আমি কেবল আশা করি, আমি আমার দান্তে ক্লাসটা বাতিল করেছিলাম তাদের পক্ষে বিজয় হিসেবেই, এ কথাটা যেনো তারা মনে রাখে।"

জেনিসন পথের মাঝখানে এসে থেমে গেলেন, তার মুখটা বিবর্ণ হয়ে গেলো। নিচু কণ্ঠে তিনি কথা বললেন। তার গালের টোলটা তালু দিয়ে ধরলেন। "লাওয়েল? এটা কি জেমি লাওয়েল, যিনি হারভার্ডে থাকার সময় অবাধ্যতার জন্যে বহিষ্কৃত হয়েছিলেন? ভবিষ্যৎ আমেরিকার প্রতিভার পক্ষে ম্যানিং এবং কর্পোরেশনের হাস্যকর কর্মকাণ্ডের কি হলো? আপনি অবশ্যই, অথবা তারা..."

"দ্বিধাগ্রস্ত ফেলোদের সাথে এর কোনো সম্পর্ক নেই," লাওয়েল তাঁকে আশ্বস্ত করলেন। "এই মুহূর্তে আমার অন্য একটা কাজ রয়েছে যার জন্যে আমার পূর্ণ মনোযোগের দরকার, আমি সেমিনার ক্লাশ নিয়ে মাথা ঘামাচ্ছি না। এখন আমি কেবল লেকচার দিচ্ছি।"

"কেউ যদি বাংলার বাঘ চায় তবে তাকে গৃহস্থালী বেড়াল দেয়া যায় না!" জেনিসন হাত মুঠো ক'রে বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"এটা আমার লাইন নয়, জেনিসন। আমি জানি না আপনি ফেলোদের মতো লোকগুলোকে কী ক'রে সামলান। আপনি অলস আর স্থূলবুদ্ধির ব্যক্তিদের সঙ্গে গাটছড়া বাধেন।"

"আপনি এখন যে কাজে ব্যস্ত তাতে কি অন্য রকম কিছু আছে?" জেনিসন তার চওড়া হাসি দিয়ে বললেন। "একটা গোপন ব্যাপার আছে, লাওয়েল। আপনি যেটার পেছনে লেগেছেন সেটা পাবার আগ পর্যন্ত আপনি ছুটবেনÑএটাই হলো মূলমন্ত্র। আপনি জানেন কোন্‌টা গুরুত্বপূর্ণ আর কি করতে হবে!" একটু থেমে তৃপ্তির হাসি নিয়ে আবারো বললেন। "তো, আমি যদি আপনার এই লড়াইয়ে কোনো সাহায্য করতে পারি, যে কোনো সাহায্যই হোক না কেন..."

কয়েক মুহূর্তের জন্যে লাওয়েল একেবারে পটে গিয়ে জেনিসনকে সব খুলে ব'লে সাহায্য চাইতে যাচ্ছিলেন। যদিও তিনি জানেন না ঠিক কেন। কবি ভদ্রলোকের টাকা পয়সার টানাটানি চলছে, সবসময়ই অবিবেচকের মতো টাকাপয়সা বিনিয়োগ ক'রে সমস্যায় পড়েন তিনি, তাই তার কাছে মনে হয় সফল ব্যবসায়ীদের অতিপ্রাকৃত ক্ষমতা রয়েছে।

"না, না, প্রয়োজনের চেয়ে আমি আমার লড়াইয়ে অনেক বেশিই সাহায্যের হাত নিয়ে নিয়েছি, আমি মনে করি আপনার অবস্থাও সেরকমই।" লাওয়েল লন্ডন কাপড়ের কোটিপতি ব্যবসায়ীর কাঁধে চাপড় মারলেন। "তাছাড়া, তরুণ মিড তার দাম্ভে ক্লাশ থেকে ছুটি পেয়ে খুশিই হবে।"

"প্রতিটি ভালো যুদ্ধের জন্য দরকার শক্তিশালী মিত্রের," হতাশ হয়ে জেনিসন বললেন। এরপর মনে হলো তিনি এমন কিছু প্রকাশ করতে চাইছেন যেটা তিনি প্রকাশ করতে পারছে না। "ডা. ম্যানিংকে আমি লক্ষ্য করেছি। তিনি তার প্রচারণা বন্ধ করবেন না, তাই আপনিও থামবেন না ব'লে দিচ্ছি। তারা আপনাকে যাই বলুক না কেন, বিশ্বাস করবেন না। মনে রাখবেন, এটা আমি বলেছি।"

অনেক বছর ধরে যে ক্লাশটা ধ'রে রাখার জন্যে লাওয়েল লড়াই করেছেন সেই সম্পর্কে বলতে গিয়ে নিয়তির নির্মম পরিহাসের এক কালো মেঘ অনুভূত হলো তার মনে। সেই দিনই, পরে কোনো এক সময়ে, এলম উড্‌-এর কাঠের গেটটা দিয়ে লংফেলোর কাছে যাবার সময় তার একইরকম অদ্ভুত অনুভূতি হলো।

"প্রফেসর!"

লাওয়েল ঘুরে দেখলেন কলেজের কালো ফ্রককোট পরিহিত এক তরুণকে, দৌড়ে আসছে সে, তার হাতের মুঠো উপরে তুলে ধরা, মুখটা বেশ রুক্ষ। "মিঃ শেল্‌ডন? তুমি এখানে কী করছো?"

"আপনার সঙ্গে এক্ষুণি আমার কথা বলতে হবে।" কলেজ ছাত্রটি হাপিয়ে উঠেছে।

লংফেলো এবং লাওয়েল গত সপ্তাহটি ব্যয় করেছেন তাঁদের সব দাম্ভে ছাত্রদের

BanglaBook.org

www.BanglaBook.org

তালিকা তৈরি করতে। তারা হারভার্ডের অফিশিয়াল রেকর্ড ব্যবহার করেন নি, কারণ তাতে ক'রে অনেকের মনোযোগ আকর্ষণের ঝুঁকি থেকে যেতো। এটা লাওয়েলের জন্যে খুব বড় একটা চ্যালেঞ্জ ছিলো, যে কিনা সব কিছুই রেকর্ড ক'রে রাখে আর খুব কম নামই মনে রাখতে পারে। এমনকি পথেঘাটে কয়েক বছর আগের ছাত্রের কাছ থেকে উষ্ণ সম্ভাষণ পেয়েও লাওয়েল তাকে স্মরণ করতে পারেন না। "মাই ডিয়ার বৎস!" তারপরই বলেন, "তোমার নামটা যেনো কি?"

সৌভাগ্যবশত তার দু'জন বর্তমান ছাত্র, এডওয়ার্ড শেলড আর প্লিনি মিডের বেলায় এরকমটি ঘটলো না, কারণ রেভারেন্ড ট্যালবোটের খুন হবার সময়ে তারা দু'জনেই এল্‌ম উড-এ দান্তের সেমিনারে তার কাছ থেকে শিক্ষাগ্রহণ করেছে।

"প্রফেসর লাওয়েল। আমি আমার বক্সে এই নোটিশটা পেয়েছি!" শেল্‌ডন এক টুকরো কাগজ লাওয়েলের হাতে ধরিয়ে দিলো। "ভুল ক'রে কি দেয়া হয়েছে?"

লাওয়েল সেটার দিকে নির্বিকারভাবে তাকালেন। "কোনো ভুল নয়। আমার কিছু কাজ আছে যার জন্যে একটু সময় দরকার, এক সপ্তাহের জন্যে কিংবা তার চেয়েও একটু বেশি সময়ের জন্যে। আমার কোনো সন্দেহ নেই যে, তোমার মধ্যে এতো বেশি পরিমাণে দান্তে আছে যে, কিছুদিনের জন্যে সেটা বন্ধ ক'রে রাখলে কোনো সমস্যা হবে না।"

শেল্‌ডন মেনে নিতে না পেরে মাথা ঝাঁকালো। "কিন্তু, আপনি আমাদেরকে সবসময় কি বলতেন? দান্তেকে ছড়িয়ে দেবার জন্যে যে নতুন এক ভক্তের দল তৈরি হয়েছে তারই বা কী হবে? আপনি কর্পোরেশনের কাছে নতি স্বীকার করেন নি তো? আপনি দান্তে পড়তে পড়তে ক্লান্ত হয়ে যান নি তো, প্রফেসর?" ছাত্রটি চাপাচাপি করলো।

প্রশ্নটি শুনে লাওয়েল একটু কেঁপে উঠলেন যেনো। "কোনো চিন্তাশীল মানুষ দান্তে প'ড়ে ক্লান্ত হয়েছেন ব'লে আমার জানা নেই, বাবা শেল্‌ডন! খুব কম লোকেই জীবনের এমন গভীরতায় পৌঁছাতে পারে। একজন মানুষ, কবি এবং শিক্ষক হিসেবে আমি প্রতিদিন তাকে আরো বেশি মূল্য দিয়ে থাকি। তিনি আমাদের হতাশাচ্ছন্ন সময়ে আশা দেন, দেন জীবনের দ্বিতীয় সুযোগ। আর পরকালে প্রায়শ্চিত্তের জন্যে দান্তের সঙ্গে দেখা হবার আগ পর্যন্ত আমি কর্পোরেশনের অভিশপ্ত স্বৈরাচারদের এক চুলও ছাড় দেবো না।"

শেল্‌ডন ঢোক গিললো। "তাহলে কমেডি অধ্যাহত রাখার ব্যাপারে আমার ব্যাগ্রতার কথাটা আপনি আপনার মাথায় রাখবেন?"

লাওয়েল শেল্‌ডনের কাঁধে তার একটা হাত রেখে হাটতে শুরু করলেন। "বাবা, তুমি সেই গল্পটা জানো তো, ভেরোনার এক বাড়ির দরজার সামনে দিয়ে যেতে থাকা এক মহিলার গল্পটি, বোকাচ্চিও যেটা বলেছিলেন, দান্তে যেখানে নির্বাসনে থাকার সময় ছিলেন। মহিলা দান্তেকে রাস্তার ওপার থেকে দেখে আরেক মহিলাকে দেখিয়ে

www.BanglaBook.org

বলেছিলো, 'এ হলো অলিঘিয়েরি, যে লোক যখন ইচ্ছে নরকে যায় এবং মৃত মানুষের খবর নিয়ে ফিরে আসে।' অন্য মহিলাটি জবাবে বলেছিলো, 'তাই তো হবে। তুমি কি দেখছো না, তার দাড়ি কী রকম কোঁকড়ানো আর কী কালোই না তার চেহারা? আমি বলবো, উত্তাপ আর ধোঁয়ার জন্যেই এমনটি হয়েছে।'"

ছাত্রটি উচ্চস্বরে হেসে উঠলো।

"এই সব কথাবার্তায়, বলা হয় যে," লাওয়েল একটু থেমে আবার বলতে শুরু করলেন, "দান্তে হেসে ফেলেছিলেন। তুমি কি জানো আমি কেন গল্পটার সত্যতা নিয়ে সন্দিহান, মাই ডিয়ার?"

শেল্‌ডন প্রশ্নটা শুনে ঠিক সেই রকম ভাবভঙ্গী করলো যেমনটি সে দান্তে ক্লাশের সময় ক'রে থাকে। "হয়তো, প্রফেসর, ভেরোনার ঐ মহিলা সত্যিকার অর্থে দান্তের কবিতার বিষয়-বস্তু সম্পর্কে কিছুই জানতো না," সে আন্দাজে বললো, "কারণ, তার জীবিতকালে কেবলমাত্র হাতে গোনা কয়েকজনই তার কবিতার পাণ্ডুলিপি দেখেছে, তাদের মধ্যে আবার তার রক্ষাকারীরাই বেশি, এমনকি তার মৃত্যুর পরেও, খুব বেশি লোকে কবিতাগুলো পড়ে নি।"

"আমি মোটেই বিশ্বাস করি না যে, দান্তে হেসেছিলেন," লাওয়েল বেশ তৃপ্তির সঙ্গে জবাব দিলেন।

শেল্‌ডন কোনো কিছু বলার আগেই লাওয়েল তার টুপিটা একটু তুলে ক্রেইগি হাউজের দিকে চলতে শুরু করলেন।

"আমার উদ্‌গ্রীবের ব্যাপারটা মনে রাখবেন, কিন্তু!"

ডা: হোমস্ ব'সে আছেন লংফেলোর লাইব্রেরিতে, নিকোলাস রেইয়ের যোগাড় করা সংবাদপত্রে ছাপা একটা চমৎকার এনগ্রেভিংয়ের দিকে খেয়াল করলেন। ছবিটাতে দেখানো হয়েছে সেন্ট্রাল স্টেশনে মারা যাওয়া লোকটাকে। সংবাদপত্রের নোটিশে ঘটনার কোনো উল্লেখ নেই। তবে এতে লাফিয়ে পড়া লোকটার বিপর্যস্ত আর বিষাদগ্রস্ত চেহারাটার দেখা যাচ্ছে, মৃত্যুর ঠিক আগে শো-আপের সময়ের ছবি এটি। এতে বলা হয়েছে, লোকটির কোনো আত্মীয়স্বজনের খোঁজ যেনো পুলিশ প্রধানের অফিসে রিপোর্ট করা হয়।

"আপনি কখন লোকটিকে না খুঁজে তার পরিবারকে খুঁজবেন?" হোমস অন্যদেরকে জিজ্ঞেস করলেন। "যখন সে মরা যাবে," হোমস নিজেই জবাব দিলেন।

লাওয়েল ছবিটা পরখ ক'রে দেখলেন। "এরকম বিষণ্ন মুখের কোনো মানুষকে মনে হয় না আমি জীবনেও দেখেছি। আর এই ব্যাপারটা পুলিশ প্রধানকে জড়িত করার ক্ষেত্রে যথেষ্ট। ওয়েন্ডেল, আমার বিশ্বাস, আপনি ঠিকই বলেছেন। হিলির বড় ছেলে বলেছিলো যে, পেট্রলম্যান রেইয়ের কাছে কিছু কথা ব'লে যে লোকটা জানালা

BanglaBook.org

www.BanglaBook.org

দিয়ে লাফিয়ে প'ড়ে মারা গেছে তার পরিচয় এখনও পুলিশ উদ্‌ঘাটন করতে পারে নি। তারা যে সংবাদপত্রে একটা নোটিশ দেবে সেটা সহজেই অনুমেয়।"

সংবাদপত্রটির প্রকাশকের কাছে ফিল্ডস্ একটু ঋণী। তাই ফিল্ডস্ তার অফিসের সামনে দিয়ে যাবার সময় একটু দেখা ক'রে যাবার কথা ভাবলেন। প্রকাশক জানালেন যে, মুলাট্টো অফিসার লোকটিই নোটিশটি দিয়েছে।

"নিকোলাস রেই," ফিল্ডস্ একটু অবাকই হলেন। "হিলি এবং ট্যালবোটের যা কিছু ঘটেছে, তাতে ক'রে কোনো মৃত ভবঘুরের জন্যে একজন পুলিশ অফিসারের এতোটা ঘাম ঝরানো একটু অবাক করার মতো ঘটনাই বটে।" তারা লংফেলোর ওখানে রাতের খাবার খাচ্ছিলেন। "হত্যাকাণ্ডগুলোর সঙ্গে যে একটা সংযোগ রয়েছে সেটা কি তারা জানতে পেরেছে? ঐ লোকটা কী ব'লে গেছে সে ব্যাপারে কি পেট্রলম্যানের কোনো ধারণা আছে?"

"এটা সন্দেহজনক," লাওয়েল বললেন। "যে মুহূর্তেই সে জানবে সঙ্গে সঙ্গে আমাদের কাছে এসে জানতে চাইবে সে।"

হোমস্ এ কথাটা শুনে মোটেও ঘাবড়ালেন না। "তাহলে এই পেট্রলম্যানের আগেই আমাদেরকে ঐ লোকটার পরিচয় জানতে হবে!"

"তো, আসুন, রিচার্ড হিলির জন্যে চিয়ার্স করি। এখন আমরা জানি রেই কেন ঐ হায়ারোগ্লিফিক্সটা নিয়ে আমাদের কাছে এসেছিলো," ফিল্ডস্ বললেন। "এই লাফ দিয়ে প'ড়ে মরে যাওয়া লোকটাকে পুলিশের শো-আপে অন্যান্য ভিক্ষুক এবং চোরবাটপারের সঙ্গে নিয়ে আসা হয়েছিলো। অফিসারেরা তাদেরকে হিলির হত্যার ব্যাপারে প্রশ্ন ক'রে থাকতে পারে। আমরা এই উপসংহারে আসতে পারি যে, ঐ বেচারা লোকটা দান্তেকে চিনতো। ভীতসন্ত্রস্ত হয়ে রেইয়ের কানে ইতালিয় ভাষায় হত্যা কাণ্ডটিকে উৎসাহিত করেছে এরকম একটি ক্যান্টো থেকে কয়েকটি পংক্তি ফিস্‌ফিস্ ক'রে ব'লে গেছে সে, আর তার পরই মারা গেছে–জানালা দিয়ে লাফিয়ে প'ড়ে।"

"লোকটা কিসে এতো ভয় পাচ্ছিলো?" হোমস অবাক হয়ে বললেন।

"এটা আমরা দৃঢ়তার সাথে বলতে পারি যে, লোকটা নিজে খুনি ছিলো না, যেহেতু সে রেভারেন্ড ট্যালবোটের হত্যার দু'সপ্তাহ আগেই মারা গিয়েছে," ফিল্ডস্ বললেন।

লাওয়েল চিন্তিতভাবে গোঁফে তা দিলেন। "হ্যাঁ, তবে সে খুনিকে চিনে থাকতে পারে আর খুনির সাথে তার পরিচয়টা নিয়ে বেশ ভয়ে ছিলো সে। সম্ভবত খুব ভালো করেই তাকে চিনতো, যদি ঘটনা তাই হয়ে থাকে।"

"সে তার দান্তে জ্ঞানের জন্যে ভীত ছিলো, ঠিক আমাদের মতোই। তাহলে পুলিশের জানার আগে আমরা কি ক'রে তার পরিচয়টা খুঁজে বের করবো?" হোমস জানতে চাইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

এসব কথাবার্তার মধ্যে লংফেলো একেবারে চুপ রইলেন। এবার তিনি কথা বললেন, "লোকটার পরিচয় খুঁজে বের করার ব্যাপারে পুলিশের তুলনায় আমাদের দুটো স্বাভাবিক সুবিধা রয়েছে, বন্ধুগণ। আমরা জানি হত্যাকাণ্ডটি যে, দান্তের অনুপ্রেরণায় হয়েছে সে কথাটা ঐ লোকটাও জানতো। আর তার নিদারুণ সংকট মুহূর্তে সে ইতালিয় ভাষায় দান্তের কয়েকটি পংক্তি আউড়ে গেছে। সুতরাং, আমরা এই ধারণায় আসতে পারি যে, সে একজন ইতালিয় ভিক্ষুক ছিলো, যেকিনা বেশ ভালো সাহিত্য পড়তো। আর, অবশ্যই সে একজন ক্যাথলিক ছিলো।"

তিনদিনের খোঁচা খোঁচা দাড়ি, মাথার টুপি চোখের ওপর নামানো আর কান দুটো একেবারে ঢাকা এক লোক, বোস্টনের সবচাইতে পুরনো চার্চের এক চার্চের সামনে ব'সে আছে কোনো পবিত্র মূর্তির মতো। ফুটপাতে বসা এক হাড্ডিসার লোক একটা মাটির পাত্র থেকে নিজের ডিনার খাচ্ছে। তাকে অতিক্রম ক'রে যেতে থাকা একজন পথচারী তাকে একটা প্রশ্ন করলে সে ফিরেও তাকালো না, জবাবও দিলো না। "স্যার।" নিকোলাস রেই তার পাশে হাঁটু মুড়ে ব'সে লাফিয়ে পড়া লোকটার ছবি সংবলিত পত্রিকাটা তার সামনে তুলে ধরলো। "আপনি কি এই লোকটাকে চিনতে পেরেছেন, স্যার?"

এবার লোকটা চোখ দুটো গোল গোল ক'রে ফিরে তাকালো।

রেই তার কোটের ভেতর পকেট থেকে ব্যাগটা বের করলো। "স্যার, আমার নাম নিকোলাস রেই, আমি শহরের একজন পুলিশ অফিসার। এই লোকটার নাম জানা আমার খুবই দরকার। লোকটা মারা গেছে। সে কোনো সমস্যা করতে পারবে না। প্লিজ, আপনি কি তাকে চেনেন, অথবা তাকে চেনে এমন কাউকে আপনি জানেন?"

লোকটা তার পাত্র থেকে একটা টুকরো তুলে মুখে দিলো। এরপরই না-সূচক ভঙ্গীতে মাথা নাড়লো।

পেট্রলম্যান রেই রাস্তার একটু দূরে সারি সারি মুদি আর মাংসের দোকানগুলোর দিকে গেলো।

মাত্র দশ মিনিট পরেই, একটা ঘোড়ার গাড়ি থেকে পাশের প্লাটফর্মেই কয়েকজন যাত্রী নামলে আরো দু'জন লোক সেই স্থির হয়ে ব'সে থাকা লোকটার কাছে গেলো। একজন লোকের হাতে আছে ঠিক ঐ সংবাদপত্রটি, যাতে লাফিয়ে পড়া লোকটার ছবি আছে।

"এই যে ভাই, এই লোকটাকে চেনেন নাকি?" অলিভার ওয়েন্ডেল হোমস্ বিনীতভাবে জানতে চাইলেন।

লোকটার দিবাস্বপ্ন ভাঙার জন্যে পয়সাটা যথেষ্ট মনে হলেও পুরোপুরি যথেষ্ট নয়।

লাওয়েল সামনের দিকে উপুড় হলেন। "স্যার?"

হোমস্ আবারো পত্রিকাটা তার সামনে তুলে ধরলেন। "দয়া ক'রে বলবেন কি, লোকটাকে চেনেন কিনা, বললেই আমরা খুশি মনে চলে যাবো, ভাই।"

BanglaBook.org

www.BanglaBook.org

কোনো সাড়া নেই।

লাওয়েল চিৎকার ক'রে বললেন। "আপনার কি কানে শোনার যন্ত্র লাগবে?"

তাতেও খুব বেশি কাজ হলো না। লোকটা তার পাত্র থেকে অজানা কোনো খাবার নিয়ে মুখে চালান ক'রে দিলো নির্বিকারভাবে। তবে খাবারটা চিবানোর কোনো লক্ষ্য দেখা গেলো না।

"আপনি কি জানতেন না," পাশে দাঁড়িয়ে থাকা হোমস্‌কে বললেন লাওয়েল। "তিনদিন হয়ে গেলো, কিছুই তো পাওয়া গেলো না। এই লোকটার কোনো বন্ধুবান্ধব নেই।"

"আমরা ইতিমধ্যেই ফ্যাশনেবল কোয়ার্টারের সবচাইতে শক্ত বাধাটা ছাড়িয়ে গেছি। এখন এখানে এসে হাল ছাড়বেন না।" তারা যখন পত্রিকাটি লোকটার সামনে ধরেছিলো তখন হোমস্ লোকটার চোখে কিছু একটা দেখতে পেয়েছিলেন। তিনি আরো লক্ষ্য করেছিলেন যে, লোকটার গলায় একটা মেডেল ঝুলছে : সান পাওলিনো, টুসকানির লুক্কার ভক্ত সেইন্ট। লাওয়েল হোম্‌সের দৃষ্টিকে অনুসরণ করলেন।

"সিনর, আপনি কোত্থেকে এসেছেন?" লাওয়েল ইতালিতে জিজ্ঞেস করলেন।

যাকে জিজ্ঞেস করা হলো সে তখনও সামনের দিকে উদাসভাবে চেয়ে আছে, তবে তার মুখটা হা হয়ে গেছে। *"দা লুক্কা, সিনর।"*

লাওয়েল জায়গাটার নাম খুব সুন্দর ব'লে প্রশংসা করলেন। ইতালিয় ভাষা শুনে লোকটা একটুও অবাক হয় নি। এই লোকটা, সব গর্বিত ইতালিয়দের মতোই এই প্রত্যাশা নিয়ে বেড়ে উঠেছে যে, সবাই তার ভাষায়ই কথা বলবে। তবে লোকটা বেশি কথা বললো না। লাওয়েল আবারো পত্রিকার ছবিটা দেখিয়ে প্রশ্নটা করলেন। কবি ভদ্রলোক বুঝিয়ে বললেন যে, লোকটার নাম জানা তাঁদের খুবই দরকার, যাতে ক'রে তার পরিবারকে খুঁজে বের করা যায় এবং যথাযথভাবে তাকে কবর দেয়ার ব্যবস্থা করা যায়। "আমরা বিশ্বাস করি এই বেচারিও লুক্কা থেকে এসেছে," খুব দুঃখি দুঃখি ইতালিতে বললেন তিনি। "একটা ক্যাথলিক চার্চের প্রাঙ্গণে তার কবর হওয়া উচিত—তার নিজের ধর্মের লোকদের মাঝে।"

লুক্কাবাসী লোকটা একটু ভাবলো, তারপরই সে তার কনুই দিয়ে পেছনের চার্চের দরজার দিকে ইঙ্গিত করলো।

যে ক্যাথলিক বিশপ তাঁদের প্রশ্নগুলো শুনছিলেন তিনি যদিও বেশ আত্মমর্যাদাশীল কিন্তু শক্তসামর্থ্য শরীরের একজন মানুষ।

"লোন্‌জা," পত্রিকাটা ফিরিয়ে দিয়ে তিনি বললেন। "হ্যা, সে এখানেই থাকতো। আমার বিশ্বাস তার নাম লোন্‌জা। হ্যা, গ্রিফোনি লোন্‌জা।"

"তাহলে তো আপনি তাকে ব্যক্তিগতভাবে চিনতেন?" লাওয়েল আশান্বিত হয়ে জানতে চাইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"সে এই চার্চটা চিনতো, মিঃ লাওয়েল," বিশপ জবাব দিলেন দয়ালু কণ্ঠে। "ভ্যাটিকান থেকে আমাদের মতো অভিবাসীদের জন্যে একটা তহবিল বরাদ্দ আছে। যারা তাদের দেশে ফিরে যেতে চায় তাদেরকে আমরা টাকা ধার দিয়ে থাকি, সেই সাথে কিছু হাত খরচ। অবশ্য, আমরা খুব অল্প সংখ্যক লোককেই সাহায্য করি।" আরো কিছু বলতে চাইলেও নিজেকে বিরত রাখলেন তিনি। "তাকে আপনাদের কী জন্যে দরকার, ভদ্রমহোদয়গণ? তার ছবিটা কেন পত্রিকাতে ছাপা হয়েছে, জানতে পারি?"

"ফাদার, আপনাকে দুঃখের সঙ্গে জানাচ্ছি, সে মরে গেছে। আমাদের বিশ্বাস পুলিশ তার পরিচয় জানার চেষ্টা করছে," ডাঃ হোমস্ বললেন।

"আহ্। আপনি আমার চার্চে অথবা এর আশেপাশে কাউকে পুলিশকে সাহায্য করতে দেখবেন না, এমনকি তাদের সাথে কথা বলতেও চাইবে না তারা, সেটা যেকোনো ব্যাপারেই হোক না কেন। পুলিশ উরসুলাইন কনভেন্টটা পুড়িয়ে ফেলার পর কোনো ব্যবস্থা নেয় নি, কাউকে ধরে বিচারের মুখোমুখি করে নি। আর যখনই কোনো অপরাধ সংঘটিত হয়, পুলিশ গরীব, নিরীহ আইরিশ ক্যাথলিকদের হেনস্তা ক'রে থাকে," তিনি বেশ ক্রুদ্ধ হয়ে বললেন। "আইরিশদেরকে দলে দলে যুদ্ধে পাঠানো হয়েছিলো নিগ্রোদের স্বার্থেই, আর তারাই এখন তাদের কর্মসংস্থানগুলো কেড়ে নিচ্ছে, কিন্তু ধনীর ছেলেরা বাড়িতে ব'সে ব'সে হাওয়া খেয়েছে।

হোমস্ বলতে চাইলেন : আমার ওয়েন্ডেল জুনিয়র নয়, ফাদার। তবে, সত্যি বলতে কী হোমস্ তো ছেলেকে যুদ্ধে যেতে বারণই করেছিলেন।

"মিঃ লোন্‌জা কি ইতালিতে ফিরে যেতে চেয়েছিলেন?" লাওয়েল জানতে চাইলেন।"

"কেউ যদি কিছু চায় সেটা তার মনেই থাকে, আমি সে কথা বলতে পারি না, এই লোকটা খাবারের জন্যে এসেছিলো, যা আমরা নিয়মিতভাবেই দিয়ে থাকি, আর অল্প কিছু টাকাও ধার চেয়েছিলো। আমি যদি ইতালিয়ান হতাম তবে আমি আমার দেশে ফিরে যেতে চাইতাম। আমাদের বেশির ভাগ সদস্যই আইরিশ। আমার ধারণা ইতালিয়ানরা তাদের মাঝে খুব একটা নিরাপদ বোধ করে না। পুরো বোস্টন এবং এর চারপাশের এলাকাগুলোতে, আমাদের ধারণা তিনশোর বেশি ইতালিয়ান আপনি খুঁজে পাবেন না। তারা খুবই হতদরিদ্র, সহমর্মিতা আর দানখয়রাতের দরকার রয়েছে তাদের। কিন্তু অন্যান্য দেশ থেকে যতো অভিবাসী আসবে এখানকার চাকরির ক্ষেত্র ততোই কমবে–আশা করি আপনারা সম্ভাব্য সমস্যাটি বুঝতে পেরেছেন।"

"ফাদার, আপনি কি জানেন মিঃ লোন্‌জার কোনো পরিবার-পরিজন রয়েছে কিনা?" হোমস্ জানতে চাইলেন।

বিশপ মাথা ঝাঁকিয়ে বললেন, "এখানে এক লোক আছে যে কিছুদিন তার সঙ্গে ছিলো। লোন্‌জা একেবারে মাতাল ধরণের লোক ছিলো। তাকে দেখে রাখার দরকার

BanglaBook.org

www.BanglaBook.org

ছিলো। হ্যা, তার নামটা কি জানতে চাচ্ছেন? একটা অদ্ভুত ইতালিয় নাম সেটা।" তিনি নিজের ডেস্কের দিকে গেলেন, "তার সম্পর্কে আমাদের কাছে কিছু কাগজ থাকার কথা, যেহেতু সে কিছু টাকা ধার নিয়েছে। এই তো সেটা–একজন ইতালিয় জাহাজ টিউটর। দেড় বছর আগে আমাদের কাছ থেকে পঞ্চাশ ডলারের মতো ধার নিয়েছিলো সে। মনে পড়েছে, সে দাবি করেছিলো সে নাকি এক সময় হারভার্ডে কাজ করেছে, যদিও আমার তাতে সন্দেহ আছে। এই তো।" তিনি কাগজ থেকে নামটা প'ড়ে শোনালেন। "পিয়েত্রো বাকি।"

নিকোলাস রেই একটা ঘোড়াশালায় কিছু হতদরিদ্র ছেলেদেরকে জিজ্ঞাসাবাদ করার সময় দেখলো হলিক্রশ চার্চ থেকে উঁচু টুপি পরিহিত দু'জন লোক বের হয়ে কর্নারের দিকে উধাও হয়ে গেলো। এতোদূর থেকেও এরকম জনবহুল জায়গায় তাদেরকে বেশ স্পষ্ট দেখা গেলো। চার্চে গিয়ে বিশপকে ডাকলো রেই। বিশপ শুনলেন রেই একজন পুলিশ অফিসার, আর সে একজন অজ্ঞাত লোকের পরিচয় খুঁজে বেড়াচ্ছে। রেইয়ের হাতে থাকা সংবাদপত্রের ছবিটা দেখে বিনয়ের সঙ্গে তাকালেন তিনি।

"এই বেচারিকে আমি জীবনেও কখনও দেখি নি, অফিসার।"

রেই দু'জন উঁচু টুপির লোকের কথা ভাবলো, জিজ্ঞেস করলো এখানে এসে অন্য কেউ কি এই অজ্ঞাত লোকটির খোঁজ করেছিলো কিনা। বিশপ বাকির ফাইলটা ড্রয়ারে রেখে অমায়িক হেসে বললেন, না।

ওখান থেকে পেট্রলম্যান রেই গেলো ক্যামব্রিজে। সেন্ট্রাল স্টেশনে একটা টেলিগ্রাম এসেছে, তাতে বলা হয়েছে মাঝরাতে আরটেমাস হিলির কফিন থেকে তার লাশটা চুরির চেষ্টা করা হয়েছিলো।

"আমি তাদেরকে বলেছিলাম জনগণের কাছ থেকে কি জানা যাবে," হিলির পরিবারকে চিফ কার্তেজ বললো। মাউন্ট অবার্ন করবস্থানে মৃতদেহটা এখন স্টিলের কফিনে রেখে দেয়া হয়েছে আর একজন রাত্রিকালীন কেয়ারটেকার ভাড়া করা হয়েছে পাহারা দেবার জন্যে। এই পাহারাদারের সঙ্গে একটা শটগানও রয়েছে। হিলির কবর থেকে খুব বেশি দূরে নয়, একটা পাহাড়ের পাদদেশে হেনরিয়েন্ড ট্যালবোটের একটা মূর্তি স্থাপন করা হয়েছে চার্চের কংগ্রেগেশনের টাকায়। মূর্তিটার চেহারা যাজকের আসল চেহারার চেয়েও বেশি সুন্দর আর আভিজাত্যপূর্ণ। মার্বেলের মূর্তিটির এক হাতে পবিত্র বাইবেল ধরা আর অন্য হাতে তাঁর চশমাটা। এটা তার এক অদ্ভুত আচরণের অনুসারেই করা হয়েছে; তিনি যখন কোনো লেখা পড়তেন তখন চশমাটা খুলে রাখতেন, কিন্তু লেকচার দেবার সময় কোনো এক অদ্ভুত কারণে চশমাটা প'রে নিতেন। যেনো ঈশ্বরের বাণী আওড়ানোর জন্যে নিজের দৃষ্টিজোড়া তীক্ষ্ণ রাখার চেষ্টা করতেন।

BanglaBook.org

www.BanglaBook.org

মাউন্ট অবার্ন-এ চিফ কার্তেজের সঙ্গে দেখা করার জন্যে যাবার পথে রেই ছোট্ট একটা হট্টগোল দেখে থামলো। তাকে বলা হলো এক বৃদ্ধলোক, যাঁর ঘর তিন তলায়, তিনি এক সপ্তাহেরও বেশি সময় ধরে অনুপস্থিত রয়েছেন। কখনও কখনও তিনি ভ্রমন করেন ব'লে এটা একেবারে অপ্রত্যাশিতও নয়। তবে আশেপাশে যারা বসবাস করে তারা দাবি করলো তার ঘর থেকে খুব উৎকট একটা গন্ধ আসছে। রেই বার কয়েক দরজাটা নক্ করলো। তারপর একটা মই নিয়ে এসে বাড়ির বাইরে দিকে জানালার নিচে রাখলো। মই বেয়ে উঠে সে ঘরের জানালাটা খুললো, কিন্তু ঘরের ভেতরকার তীব্র উৎকট গন্ধ তাকে মই থেকে প্রায় ফেলেই দিচ্ছিলো।

ঘরের ভেতর ঢোকার পর রেই ঘরের দেয়াল ধরে দাঁড়ালো। কয়েক সেকেন্ড লাগলো এটা বুঝতে যে, করার মতো কিছুই এখানে নেই। একজন লোক সোজা দাঁড়িয়ে আছে, তার পা দুটো মেঝের উপর ঝুলছে, গলায় দড়ি দেয়া। তার চেহারা ফ্যাকাসে আর পচে যাওয়ার কারণে চেনাই যাচ্ছে না। কিন্তু রেই লোকটাকে চিনতে পারলো, তার পোশাক দেখে আর ভীতসন্ত্রস্ত চোখ দুটো দেখে। ইনি হলেন পাশের ইউনিটারিয়ান চার্চের সাবেক সেক্সটন। ওখানে রাখা একটা চেয়ারে একটা কার্ড পাওয়া গেলো। চিফ কার্তেজ গ্রেগকে যে কার্ডটা দিয়েছিলো সেটাই। এর উল্টো পিঠে সেক্সটন পুলিশের উদ্দেশ্যে একটা মেসেজ লিখে রেখে গেছেন, তিনি জোর দিয়ে বলেছেন যে, রেভারেন্ড ট্যালবোটকে হত্যা করতে ভূগর্ভস্থ কক্ষে প্রবেশ করা কাউকে হয়তো তিনি দেখতে পেতেন। তিনি সতর্ক ক'রে দিয়ে লিখেছেন, বোস্টনের কোথাও এক শয়তানের আত্মা পদার্পন করেছে।

পিয়েত্রো বাকি ইতালিয় এক ভদ্রলোক, সে পাদুয়া বিশ্ববিদ্যালয়ের একজন স্নাতক, একজন প্রাইভেট টিউটর হিসেবে, বোস্টনে, তার জন্যে খুলে থাকা সবগুলো সুযোগই গ্রহণ করেছে, যদিও সেগুলোর বেশিরভাগই স্বল্পকালীন এবং নিরানন্দময়। হারভার্ড থেকে বরখাস্ত হবার পর সে অন্য বিশ্ববিদ্যালয়ের কোনো পদ পাবার চেষ্টা ক'রে ছিলো। "ফ্রেঞ্চ অথবা জার্মানি ভাষায় হয়তো কিছু পদ রয়েছে," ফিলাডেলফিয়ার নতুন কলেজের ডিন হেসে বললেন, "কিন্তু ইতালি! আমরা আশা করি না আমাদের ছেলেরা অপেরা গায়ক হতে চাইবে।"

সৌভাগ্যবশত, যুদ্ধ শেষে বোস্টনের কিছু নির্দিষ্ট অংশে মোটামুটি একটি চাহিদা তৈরি হয়েছিলো। এক ধরণের নব্যধনিক শ্রেণীর বিখ্যাত পরিবার, যুদ্ধকালীন সময়ে যারা অতিরিক্ত মুনাফা ক'রে ধনী হয়েছিলো, তারা নিজেদের কন্যাদেরকে সংস্কৃতিবান করতে বেশ মরিয়া হয়ে উঠেছিলো। কেউ কেউ ভেবেছিলো, যেসব তরুণী ফরাসির পাশাপাশি সাধারণ ইতালিয় জানবে তারা ইতালিতে বেড়াতে গেলে সেটা বেশ কাজেই লাগাবে (বোস্টনের সুন্দরীদের সাম্প্রতিক কালের একটি ফ্যাশন)। তাই পিয়েত্রো

BanglaBook.org

www.BanglaBook.org

পাশি, তার হারভার্ডের পদটি তার কাছ থেকে কেড়ে নিলে নতুন ব্যবসায়ী এবং পুঁজিপতিদের দেখাশোনার কাজে নিয়োজিত হলো। পরে তাদের কাছে গান গাওয়া, ছবি আঁকা এবং নাচের মাস্টারেরাই বেশি আবেদন সৃষ্টি করলো।

এই জীবনটা পিয়েত্রো বাকির কাছে বিষাদময় হয়ে উঠলো।

শিক্ষাদানের জন্যে তাকে এতোটা বেশি হেনস্তা হতে হয় নি, যেমনটি হতো পারিশ্রমিকের টাকা চাইতে গিয়ে। বোস্টনের *আমেরিকানি*রা নিজেদেরকে এক কার্থেজ হিসেবে তৈরি করেছে, এটা এমন একটি জায়গা যেখানে টাকা থাকলেও সাংস্কৃতির বালাই নেই, এই পৃথিবীতে কোনো রকম অবদান রেখে যাওয়া ছাড়াই চলে যাওয়ার পরিণতির দিকে সেটা ধাবিত করে। এগ্রিগেন্টামের নাগরিকদের উদ্দেশ্যে প্লেটো কি বলেছিলেন? এইসব লোক এমনভাবে তৈরি হয়েছে যেনো তারা চিরজীবি, আর তারা এমনভাবে খায় যেনো একটু পরই মরে যাবে।

পচিশ বছর আগের কথা, সিসিলির সুন্দর এক গ্রামীণ এলাকায়, আর সব পূর্বসূরী ইতালিয়ানদের মতোই, পিয়েত্রো বাতালো এক বিপজ্জনক মহিলার প্রেমে প'ড়ে ছিলো। কিন্তু মেয়েটির পরিবার ছিলো বাতালোর প্রতিপক্ষ রাজনীতিক দলের সমর্থক, যারা রাজ্যের ওপর পোপের নিয়ন্ত্রণের বিরুদ্ধে লড়াই করছিলো। মহিলা যখন বুঝতে পারলো পিয়েত্রো তাকে প্রতারিত করেছে, মহিলার পরিবার তখন এতোটাই খুশি হলো যে, তারা পিয়েত্রোর জন্যে নির্বাসনের ব্যবস্থা করলো। বিভিন্ন সৈন্য দলের সঙ্গে বিচিত্র সব অভিযানের পর, পিয়েত্রো এবং তার এক ব্যবসায়ী ভাই, যারা ধ্বংসাত্মক রাজনীতির খপ্পর থেকে মুক্ত হতে চেয়েছিলো, নিজেদের নাম বদলে বাকি রাখলো। তারপর, সাগর পাড়ি দিয়ে দেশ ছাড়লো। ১৮৪৩ সালে পিয়েত্রো বোস্টনেই বন্ধুভাবাপন্ন পরিবেশ খুঁজে পেলো, যা পরবর্তীতে, ১৮৬৪ সালে বদলে গিয়েছিলো। তখন স্থানীয়রা অভিবাসীদেরকে নিয়ে দারুণ আশংকায় ছিলো, বিভিন্ন ভবনের জানালায় লেখা থাকতো বিদেশীদের আবেদন করার দরকার নেই। বাকিকে হারভার্ড কলেজে স্বাগতম জানানো হলো এবং কিছুদিন পরই তাকে তরুণ প্রফেসর হেনরি লংফেলোর মতো ব্রেটল স্ট্রিটে চমৎকার একটি বাড়ি দেয়া হলো। এরপরই পিয়েত্রো বাকি তার আইরিশ গৃহপরিচারিকার প্রতি দূর্নিবার আকর্ষণ অনুভব করলে তাকে বিয়ে ক'রে ফেললো। কিন্তু মহিলা অল্প দিনের মধ্যেই তাকে ছেড়ে চলে গেলো, বাকির ছাত্ররা যেমন ব'লে থাকে, একেবারে সবকিছু চুরি ক'রে, কেবলমাত্র বাকির গায়ের জামাটা বাদে। এভাবেই দূরাবস্থার শুরু হলো, পিয়েত্রো বাকির হৃদয় ক্রমশ ভাঙতে শুরু করলো..."

"আমি বুঝি সে হলো, তো, আমরা কি বলবো..." তার সঙ্গে কথা বলতে থাকা লোকটা বাকির পেছনে ছুটতে ছুটতে বললো : "*... খুব কঠিন।*"

"ঐ মেয়েটা খুব কঠিন?" বাকি সিঁড়ি দিয়ে ওঠা থামালো না। "হা! মেয়েটা বিশ্বাস করে না আমি একজন ইতালিয়," বাকি বললো। "মেয়েটা বলেছে আমাকে নাকি দেখতে ইতালিয়দের মতো লাগে না!"

www.BanglaBook.org

সিঁড়ির মাথায় এক অল্পবয়সী মেয়ে এসে হাজির হলো, সে রেগেমেগে দেখতে লাগলো তার বাবা ছোটোখাটো টিউটরের পেছন পেছন অনুনয় বিনয় করছে।

"ওহ্, আমি নিশ্চিত সে বুঝেসুঝে ও কথা বলে নি," যতোদূর সম্ভব সাফাই গাওয়ার চেষ্টা করলো।

"আমি বুঝেসুঝেই বলেছি!" ছোট্ট মেয়েটি সিঁড়ির ল্যান্ডিং থেকে চিৎকার ক'রে বললো, রেলিং দিয়ে সে এমনভাবে ঝুঁকে বললো যেনো পিয়েত্রো বাকির মাথার টুপির ওপর গিয়ে পড়বে। "তাকে দেখে মোটেও সেরকম কিছু মনে হয় না, বাবা! তিনি খুব বেশি খাটো!"

"এ্যারাবেল্লা!" লোকটা চিৎকার ক'রে বললো, তারপর ঘুরে আন্তরিকভাবে হলুদরঙের দাঁত বের ক'রে হাসলো। "আমি বলি কি, একটু অপেক্ষা করেন, স্যার! এই ঘটনাটাকে আপনার পারিশ্রমিক পুণঃমূল্যায়ন হিসেবে দেখুন, কী বলেন, সিনর বাকি?" সে প্রস্তাব করলো, ভুরু দুটো কপালে তুলে জবাবের অপেক্ষায় থাকলো।

বাকি কয়েক মুহূর্তের জন্যে লোকটার দিকে ফিরলো, তার মুখ রেগেমেগে লাল হয়ে গেছে। তার মুখের বলিরেখা বিগত কয়েক বছরে কয়েকগুন বেড়ে গেছে, প্রতিটি ছোটোখাটো বিপর্যয়েই সে তার অস্তিত্ব নিয়ে সন্দেহ করে। *"আমারি কানি!"* বাকি কেবল এটাই বললো। এ্যারাবেল্লা দ্বিধাগ্রস্তভাবে নিচের দিকে তাকালো। এই ইতালিয় শিক্ষক তাকে এতোটা ইতালি ভাষা শেখায় নি যে, তার বলা *আমেরিকানি* শব্দটার মানে বুঝতে পারবে–ইতালিয়রা আমেরিকানদের এ নামেই ডাকে–যার ইংরেজি অনুবাদ হয় 'জঘন্য কুত্তা।'

এই সময়ে ঘোড়ার গাড়িটা গরু-বাছুরের মতো ঠাঁসাঠাসি ক'রে লোকজন নিয়ে ছুটে চলেছে কসাইখানার দিকে। বোস্টন এবং আশপাশের মফস্বলের সুবিধার্থে ঘোড়ার গাড়িগুলো পনেরো জন যাত্রী নেয়া যায় এরকম দুই টন ওজনের কপার্টমেন্ট বহন করে। লোহার চাকার এই গাড়িরগুলো দুই ঘোড়ায় টানা হয়। যারা সিট পেতে সক্ষম হয়েছিলো তারা আরামে বসতে পেরেছে, বাকিরা, যার মধ্যে বাকিও রয়েছে, কোনো রকম গাদাগাদি ক'রে ছাদের সাথে লাগানো চামড়ার স্ট্র্যাপটা ধরতে পেরেছে। এরই মধ্যে কন্ডাক্টর ছোকরাটা ঠেলেঠুলে ভাড়া আদায় করছে। বাইরের প্লাটফর্মে লোকজন কানায় কানায় ভরে আছে, তারা পরের গাড়ির জন্যে অপেক্ষা করছে। সেই দমবন্ধ ভীড়ের মধ্যে দু'জন মাতাল, বন্ধ কপার্টমেন্টে যাদের মুখের বিশ্রী গন্ধ প্রকট হয়ে উঠেছে, তারা এমন একটা গান ধরেছে যার একবর্ণও তারা জানে না। বাকি হাত দিয়ে তার নাক-মুখ চাপা দিলো, দেখতে পেলো কেউ ব্যাপারটা লক্ষ্য করছে না, হাতের ফাঁক দিকে একটু নিঃশ্বাস নিলো বাকি।

বাকি নিজের রাস্তায় পৌছালে ফুটপাত থেকে নেমে একটা অন্ধকারাচ্ছন্ন বেসমেন্ট কম্প্লেক্সে ঢুকলো, এই এ্যাপার্টমেন্টটাকে ডাকা হয় হাফ-মুনপ্লেস ব'লে, সিঁড়ির শেষ ধাপে জেমস্ রাসেল লাওয়েল এবং ডা: অলিভার ওয়েন্ডেল হোমস্ দাড়িয়ে আছেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"তোমার চিন্তাভাবনার জন্যে এক পেনি, সিনর।" বাকির হাতটা ধ'রে লাওয়েল উদ্ভাবে হাসলেন।

"সেটা হবে আপনার কাছ থেকে এক পয়সা ডাকাতি করা, প্রফেসর," বাকি বললো। তার হাতটা লাওয়েলের থাবায় একটা ভেঁজা ন্যাকড়ার মতো ঝুলে আছে যেনো। "ক্যামব্রিজে যাবার পথ ভুলে গেছেন নাকি?"

সে হোম্‌সের দিকে সন্দেহভরা চোখে তাকালো, কিন্তু তাঁদের আগমনে তাকে যতোটা অবাক ব'লে মনে হচ্ছে, তার কথা শুনে তার চেয়েও বেশি অবাক ব'লে মনে হলো।

"মোটেই না," মাথার টুপিটা খুলতে খুলতে লাওয়েল বললেন। "তোমার সঙ্গে কি ডাঃ হোম্‌সের পরিচয় নেই? আমরা দু'জন তোমার সঙ্গে কিছু কথা বলতে চাই, যদি তুমি কিছু মনে না করো।"

বাকি ভুরু তুলে তাকালো, তারপর নিজের এপার্টমেন্টের দরজা খুলে ফেললে, দরজার পেছনে ঝুলিয়ে রাখা পট আর চামচের ঝন্‌ঝনানি শুরু হয়ে গেলো। এটা ভূগর্ভস্থ একটি কক্ষ, ছোট্ট একটা জানালা আছে কেবল, যেটা ওপরের রাস্তা থেকে অল্প একটু আলো বয়ে আনছে। ঘরের মধ্যে ভ্যাপ্‌সা আর স্যাঁতস্যাঁতে একটা ভাব বিরাজ করছে। লাওয়েল তার টুপিটা দরজার পেছনে রাখার জন্যে পটগুলো তুলে রাখলেন আর বাকি সেই ফাঁকে তার কাঁধের ঝোলা ব্যাগ থেকে একগাদা কাগজ ডেস্কের ড্রয়ারে ঢুকিয়ে রাখলো। ঘরের দীনহীন অবস্থা দেখে হোম্‌সের মনে যাই থাকুক না কেন মুখে বেশ প্রশংসাই করলেন।

বাকি চিমনির নিচে এক কেতলি পানি রাখলো। "আপনাদের কাজের কথা বলুন, ভদ্রমহোদয়গণ?" সে কর্কশভাবেই জানতে চাইলো।

"আমরা তোমার কাছে একটা সাহায্য চাইতে এসেছি, সিনর বাকি," লাওয়েল বললেন।

চা চালতে ঢালার সময় বাকির চেহারায় পরিহাসের ছায়া দেখা গেলো। "চা'র সঙ্গে কি নেবেন, আপনারা?" সে সাইডবোর্ডের দিকে ঘুরলো। সেখানে আধডজন নোংরা মদের পেয়ালা এবং তিনটা বোতল রয়েছে। সেগুলোতে লেখা আছে *রাম, জিন এবং হুইস্কি*।

"শুধু চা, ধন্যবাদ তোমাকে," হোমস্ বললেন, লাওয়েলও তার সাথে সায় দিলেন।

"আরে, কী বলেন!" বাকি চাপাচাপি করলো, হোমসের জন্যে একটা বোতল নিয়ে এলো সে। বাড়ির কর্তাকে খুশি করার জন্যে হোমস্ কয়েক ফোঁটা হুইস্কি চায়ের কাপে ঢেলে নিলেন, কিন্তু বাকি আরো একটু ঢেলে দিলো। "আমার মনে হয় নিউ ইংল্যান্ডের তিক্ত আবহাওয়া আমাদের সবার মৃত্যু ডেকে আনবে, ডাক্তার," সে বললো। "একটু খেলে কি উষ্ণতা বাড়ে না, বাড়ে বৈকি।"

BanglaBook.org

www.BanglaBook.org

বাকি চা খাবার ভান করেও তার বদলে এক গ্লাস রাম ঢেলে নিলে অতিথিরা চেয়ার টেনে নিয়ে বসলেন।

"ইউনিভার্সিটি হল থেকে!" লাওয়েল বললেন।

"নিদেনপক্ষে কলেজ আমার কাছে সেই পরিমাণ ঋণী, আপনাদের কি মনে হয় না?" বাকি চোয়াল শক্ত ক'রে বললো। "তাছাড়া, আর কোথায় আমি এতো অস্বস্তির সঙ্গে বসার আসন খুঁজে পেতাম, আহ্? হারভার্ডের লোকেরা ইচ্ছে করলে ইউনিটারিয়ানদের মতো কথা বলতে পারে। তবে তারা আগাগোড়া সবসময়ই ক্যালভিনিস্ট–তারা তাদের এবং অন্যদের যন্ত্রণা রসিয়ে রসিয়ে উপভোগ করে। বলুন তো, এই হাফমুন প্রেসে আমার আস্তানার খোঁজ আপনারা কিভাবে পেলেন? আমার বিশ্বাস কয়েক বর্গমাইলের মধ্যে একমাত্র আমিই কোনো ডাবলিনবাসী নই।"

লাওয়েল *ডেইলি কুরিয়ার*-এর ভাঁজ করা একটা সংখ্যা খুলে বিজ্ঞাপনের পাতাটা মেলে ধরলেন। একটা বিজ্ঞাপন কলম দিয়ে বৃত্ত করা আছে।

> পাদুয়া বিশ্ববিদ্যালয়ের স্নাতক এক ইতালিয় ভদ্রলোক, খুবই যোগ্যতাসম্পন্ন একজন ব্যক্তি, স্পেনিশ এবং ইতালিয় ভাষার টিউশনির দীর্ঘ দিনের অভিজ্ঞতা সমৃদ্ধ, প্রাইভেটে ছাত্র পড়ান, ছেলেদের স্কুলে ক্লাশ নেন, মেয়েদেরও পড়ান। রেফারেন্স : হারভার্ড বিশ্ববিদ্যালয়ের প্রফেসর জন এন্ড্রু, হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলো এবং জেমস্ রাসেল লাওয়েল। ঠিকানা: ২, হাফমুন প্রেস, বোর্ড স্ট্রট।

বাকি মনে মনে হাসলো। "আমাদের ইতালিয়দের প্রতিভা থাকলেও তারা খুব বিনয়ী হয়। আমাদের দেশে প্রবাদ আছে, 'ভালো মদের কোনো ছিপির দরকার হয় না।' কিন্তু আমেরিকাতে সেটা হলো *'ইন বোক্কা চিউসা নন, এনত্রান মোশে'*: বন্ধ করা মুখে কোনো মাছি ঢুকতে পারে না। আমি কী ক'রে আশা করতে পারি লোক জন আমার কাছে এসে কিছু কিনবে যদি তারা না জানে আমার কাছে বিক্রি করার মতো কিছু রয়েছে? তাই আমি আমার নিজের ঢোল নিজেই বাজাই।"

হোমস্ কড়া চায়ে চুমুক দিয়ে বললেন, "জন এন্ড্রু তোমার অন্যতম একজন রেফারেন্স, সিনর?" তিনি জানতে চাইলেন।

"আমাকে বলুন, ডা: হোমস্, ইতালিয় ভাষার শিক্ষা অন্বেষণকারী কোন্ ছাত্র গভর্নরের কাছে গিয়ে আমার খোঁজ নেবে? কেউ কখনও প্রফেসর লাওয়েলের কাছে পাঠিয়েছে ব'লে আমার সন্দেহ আছে।"

লাওয়েল কথাটা মেনে নিলেন। তিনি বাকির ডেস্কে রাখা দান্তের লেখার স্তূপ এবং মন্তব্যগুলোর দিকে একটু ঝুঁকলেন। লেখার ডেস্কের ওপর বাকিকে ছেড়ে যাওয়া বউয়ের ছোটো একটা ছবি ঝুলছে। চিত্রশিল্পীর তুলির নরম ছোঁয়াতে মহিলার কঠিন চোখ দুটো একটু ঢেকে গেছে।

BanglaBook.org

www.BanglaBook.org

"আবার বলুন, আমি আপনাকে কিভাবে সাহায্য করতে পারি, অবশ্য একবার আমারই আপনার সাহায্যের দরকার হয়েছিলো, প্রফেসর লাওয়েল?" বাকি জানতে চাইলো।

লাওয়েল তার কোটের ভেতর থেকে আরেকটা পত্রিকা বের করলেন, লোন্‌জার ছবিটা আছে তাতে। "এই লোকটাকে কি আপনি চেনেন, সিনর বাকি? অথবা আমার বলা উচিত, আপনি কি তাকে চিনতেন?"

সাদা কালো এনগ্রেভ করা পত্রিকার ছবিটা হাতে নিয়ে বাকি বিষন্ন হয়ে গেলো। কিন্তু মুখ তুলে যখন তাকালো একেবারে ক্রুদ্ধ হয়ে উঠলো সে। "আপনারা কি ধরেই নিয়েছেন যে, দুনিয়ার সব হতদরিদ্র আর ভবঘুরেকে আমি চিনি?"

"হলি ক্রশ ক্যাথেড্রালের বিশপ মহাশয় ধরে নিয়েছেন," লাওয়েল বললেন। মনে হলো বাকি একটু চম্‌কে উঠেছে, সে হোমসের দিকে এমনভাবে ঘুরে তাকালো যেনো আত্মসমর্পন করেছে সে।

"তুমি ওখান থেকে কিছু টাকা ধার করেছো, সেটা একেবারে তুচ্ছ নয়, আমার বিশ্বাস, সিনর," লাওয়েল বললেন।

এটা বাকিকে লজ্জায় ডুবিয়ে দিলা। সে মাথা নিচু ক'রে চেয়ে রইলো। "এরা হলো আমেরিকান বিশপ–ইতালিয়দের মতো নয়। পোপের চেয়েও তাদের টাকার পোটলা অনেক বড়। আপনি যদি আমার জায়গায় থাকতেন, তবে এমনকি বিশপের টাকাও আপনার নাকে খুব বেশি দুর্গন্ধ লাগতো না।" কথাটা বলেই এক ঢোক রাম গলাধকরণ ক'রে পত্রিকার দিকে আবার মনোযোগ দিলো। "তো, আপনারা গ্রিফোনি লোন্‌জা সম্পর্কে কিছু জানতে চাচ্ছেন।"

একটু থেমে সে দান্তের লেখা কাগজের স্তুপের ওপর বুড়ো আঙুলটা রাখলো। "আপনাদের মতো সাহিত্যপ্রেমীদের মতো আমিও সবসময় জীবিতদের চেয়ে মৃতদের মাঝেই আনন্দদায়ক বন্ধু খুঁজে পাই। এতে এই সুবিধাটা রয়েছে, যখন কোনো লেখক দূর্বোধ্য অথবা আনন্দময়হীন হয়ে ওঠে, তখন কেউ তাকে 'চুপ করুন' বলতে পারে।" শেষ কথাটা সে খুব আক্রমণাত্মকভাবে বললো।

বাকি উঠে দাঁড়িয়ে আবারো পান করলো। "এটা আমেরিকাতে একা একা করার কাজ। এখানে আসতে বাধ্য হয়েছে এরকম আমার ভাইদের বেশির ভাগই কোনো সংবাদপত্রও ঠিকমতো পড়তে পারে না, *লা কমেদিয়া দি দান্তে* তো বহু দূরের ব্যাপার। কয়েক বছর আগে এই বোস্টনে আমাদের মধ্যে পণ্ডিত এবং বিদ্বান লোক খুব কমসংখ্যকই ছিলো : এনটনিও গালেঙ্গা, গ্রিফোনি লোন্‌জা, পিয়েত্রো দালেসান্দ্রো।" সে না হেসে পারলো না, যেনো উপস্থিত ব্যক্তিরাও এর মধ্যে পড়েন। "আমরা আমাদের ঘরে ব'সে উচ্চস্বরে এক সঙ্গে দান্তে পড়তাম। লোন্‌জা এবং আমি ছিলাম সবচাইতে বেশি মনোযোগী। যেনো মৃত্যুই কেবলমাত্র আমাদেরকে এ কাজ থেকে বিরত রাখতে পারতো। এখন কেবলমাত্র আমি একা-ই আছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

"আহ্, বোস্টনকে ঘৃণা করো না," হোমস্ বললেন।

"বোস্টনে পুরো জীবন কাটিয়ে দেয়ার যোগ্যতা খুব কম লোকেরই রয়েছে," বাকি খুব আন্তরিকতার সঙ্গেই বললো।

"তুমি কি জানো, সিনর বাকি, লোন্জা পুলিশ স্টেশনে মারা গেছে?" হোমস্ নরম কণ্ঠে জানতে চাইলেন।

বাকি মাথা নেড়ে সায় দিলো। "আমি এ ব্যাপারে অল্পবিস্তর শুনেছি।"

ডেস্কে রাখা দান্তের বইগুলোর দিকে তাকিয়ে লাওয়েল বললেন, "সিনর বাকি, আমি যদি তোমাকে বলি যে, লোন্জা পুলিশ স্টেশনের জানালা দিয়ে লাফিয়ে প'ড়ে মরার আগে *ইনফার্নো*'র তৃতীয় ক্যান্টো থেকে কয়েকটা লাইন এক পুলিশ অফিসারকে ব'লে গেছে, তাহলে তুমি কী জবাব দেবে?"

মনে হলো না বাকি খুব একটা অবাক হয়েছে। বরং সে অবজ্ঞাভরে হেসে ফেললো। ইতালি থেকে আসা বেশির ভাগ রাজনৈতিক নির্বাসিতরা তাদের আরো বেশি বিপজ্জনক হয়ে ওঠে, আর নিজেদের পাপগুলোকে এমনকি সাধুসন্তদের চিহ্ন হিসেবে রূপান্তর ক'রে ফেলে। অন্যদিকে, তাদের মনে, পোপ হলেন একজন নিকৃষ্ট কুকুর। তবে গ্রিফোনি লোন্জা মনে করেছিলো যে, যেভাবেই হোক সে নিজের ধর্ম বিশ্বাসের সাথে বিশ্বাসঘাতকতা করেছে এবং ঈশ্বরের চোখে তার পাপগুলো মার্জনা করার একটা উপায়ও খুঁজছিলো সে। বোস্টনে থিতু হতেই লোন্জা এক ক্যাথলিক মিশনকে প্রসারের কাজে সাহায্য করেছিলো, যা কিনা উরসুলাইন কনভেন্টের সঙ্গে যুক্ত ছিলো। নিশ্চিত ছিলো যে, তার এই বিশ্বাসের কথা পোপের কাছে পৌঁছে যেতো, এবং তাকে ফিরিয়ে নেয়া হোতো। এরপরই দাঙ্গাকারীরা চার্চটা পুড়িয়ে মাটির সাথে মিশিয়ে ফেলে।

"লোন্জা সঙ্গত কারণেই ভেঙে পড়েছিলো, তার বদ্ধমূল ধারণা হলো যে, সে এই জীবনে খুব বড় কোনো পাপ কিংবা ভুল করেছে বলেই ঈশ্বর তাকে এই জঘন্য শাস্তি দিয়েছেন। আমেরিকায় নির্বাসনে থাকতে সে দ্বিধাগ্রস্ত হয়ে পড়েছিলো। ইংরেজিতে কথা বলা একেবারেই বন্ধ ক'রে দিলো সে। আমার বিশ্বাস, ভাষাটা বলতে সে আসলে ভুলেই গিয়েছিলো, কেবলমাত্র নিজের মাতৃভাষা ইতালিই জানতো এবং সেটাই বলতো।"

"কিন্তু জানালা দিয়ে লাফিয়ে পড়ার আগে সিনর লোন্জা দান্তের পংক্তি কেন আওড়ালো?" হোমস্ জানতে চাইলেন।

"দেশে আমার এক বন্ধু আছে, ডাঃ হোমস্, একজন প্রাণখোলা মানুষ, সে একটা রেস্তোরাঁ চালায়। সে তার সবধরণের খাবারের ব্যাপারে করা প্রশ্নের উত্তর দান্তে থেকে উদ্ধৃত ক'রে দিয়ে থাকে, তো, সেটা খুবই মজার, তাই না? লোন্জা পাগল হয়ে গিয়েছিলো। তার মনে হোতো সে-ই সবকিছুর জন্যে দায়ী। শেষ কয়েক বছর সত্যি বলতে কী, সে দান্তে প'ড়েও দেখে নি। পড়ার কোনো দরকারও ছিলো না। প্রতিটি

BanglaBook.org

www.BanglaBook.org

লাফিয়ে পড়ার শব্দ তার মাথায় গেঁথে গিয়েছিলো, সেইসাথে ভীতির। সজ্ঞানে সে এটা বুঝতে পারে নি, তবে তার কাছে এটা পয়গম্বরের কাছে ঈশ্বরের সর্তকবাণী মতো মনে হয়েছিলো। একটা ছবি কিংবা শব্দ তাকে দান্তের কবিতায় নিয়ে যেতো–কখনও কখনও সেখান থেকে তাকে বের ক'রে আনতে কয়েকদিনও লেগে যেতো।"

"সে যে আত্মহত্যা করলো তাতে আপনি অবাক হোন নি দেখছি," লাওয়েল মন্তব্য করলেন।

"আমি জানি না, *প্রফেসরি*, সেটাই ঘটেছিলো কিনা," বাকি জবাব দিলো। "তবে আপনি তাকে কি নামে ডাকলেন তাতে কিছুই আর আসে যায় না। তার জীবনটাই ছিলো আত্মহত্যা। একটু একটু ক'রে সে তার আত্মাকে ভয়ের কাছে সমর্পণ ক'রে ফেলেছিলো, যতোক্ষণ না এই বিশ্বটা তার কাছে নরক ছাড়া আর কিছু ব'লে মনে হলো। সে যে লাফিয়ে পড়েছে তাতে আমি অবাক হই নি," সে থামলো। "আপনার বন্ধু লংফেলোর দিক থেকে কি এটা খুব বেশি আলাদা ব'লে মনে হচ্ছে?"

লাওয়েল সোজা দাঁড়িয়ে গেলে হোমস্ তাকে আস্তে ক'রে বসিয়ে দিলেন।

বাকি বলেই চললো, "আমি যা বুঝি, প্রফেসর লংফেলো তার যন্ত্রণাকে দান্তের মধ্যে ডুবিয়ে দিয়েছেন– এখন থেকে তিন অথবা চার বছর ধরে।"

"হেনরি লংফেলোর মতো মানুষ সম্পর্কে তুমি কি জানো, বাকি?" লাওয়েল জানতে চাইলেন। "ঠিক কোন্ জিনিসটা তুমি এখানে খুঁজছো?" ডিস্কে রাখা দান্তের বইগুলোর দিকে ইঙ্গিত ক'রে বললেন। "দান্তে তার লেখায় শান্তি খুঁজতেন। আমি বলতে পারি, তুমি সেরকম মহৎ কিছুর খোঁজে নেই!" তিনি বইয়ের পাতাগুলো ওল্টাতে লাগলেন।

লাওয়েলের হাত থেকে বইটা নিয়ে নিলো বাকি।

"আমার দান্তেকে স্পর্শ করবেন না! হতে পারি আমি একজন সামান্য লোক, কিন্তু আমি আমার পড়ার ব্যাপারে কারো কাছে কৈফিয়ৎ দেবার প্রয়োজন বোধ করি না। সে গরীবই হোক আর ধনীই হোক, *প্রফেসরি*!"

লাওয়েল একটু বিব্রত হলেন। "তোমার যদি টাকা ধার করার দরকার হয়, সিনর বাকি..."

বাকি হেসে ফেললো। "ওহ্, *আমারি কানি*! আপনি কি মনে করেন আপনার কাছ থেকে আমার কোনো দান গ্রহণ করা উচিত? হারভার্ড যখন আমাকে নেকড়ের মুখে ছুড়ে ফেলে দিয়েছিলো তখন আপনি ঠাঁয় দাঁড়িয়েছিলেন, ছিলেন না?"

লাওয়েল খুবই বিস্মিত হলেন। "বাকি, আমি তোমার কাজের পারিশ্রামিক দিয়ে দেবার জন্যে লড়াই করেছিলাম!"

"আপনি হারভার্ডে একটা চিঠি লিখে আমার পাওনা পরিশোধ করতে অনুরোধ করেছিলেন। আমার যখন কোথাও যাবার জায়গা ছিলো না তখন আপনি কোথায় ছিলেন? কোথায় ছিলেন আপনাদের মহান লংফেলো? আপনারা জীবনে কখনই

BanglaBook.org

www.BanglaBook.org

কোনো কিছুর জন্যে লড়াই করেন নি। আপনারা কবিতা লেখেন, নিগ্রো দাস আর রেড ইন্ডিয়ানদের হত্যা নিয়ে পত্রিকায় কলাম লেখেন আর আশা করেন সব বদলে যাবে নিমেষে। আপনার বাড়ির দোরগোড়ায় যা আসে না তা নিয়েই আপনারা লড়াই করেন, প্রফেসর।" সে এবার ডাঃ হোমসের দিকে ফিরলো। "আপনি তো এই জীবনে সবকিছুই উত্তরাধিকারী সূত্রে পেয়েছেন, আপনি জানেন না ক্ষুধার জ্বালা কী! তো, এইসব প্রত্যাশা নিয়ে কি আমি আপনাদের দেশে এসেছিলাম? আমি কেন অভিযোগ করবো? নির্বাসন ছাড়া মহত্তম লেখকদের আর কোনো ঠিকানা নেই। একদিন হয়তো সময় আসবে, এই পৃথিবী ছেড়ে যাবার আগে আমি আমার দেশের বেলাভূমিতে সত্যিকারের বন্ধুদের সঙ্গে হাটবো।"

পরবর্তী ত্রিশ সেকেন্ড বাকি আরো দু'গ্লাস হুইস্কি খেয়ে চেয়ারে ডুবে গেলো। তার শরীর কাঁপতে শুরু করেছে।

"একজন বিদেশী ভালোয়া'র চার্ল্সের কারণেই দান্তেকে নির্বাসনে যেতে হয়েছিলো। তিনি আমাদের শেষ সম্পদ, ইতালির আত্মার শেষ ভস্ম। আপনাদের পরম পূজনীয় মিঃ লংফেলো দান্তেকে তার অবস্থান থেকে টেনে হিচ্‌ড়ে তাকে একজন আমেরিকান বানাতে চাচ্ছেন, আমি তো এজন্যে হাত তালি দিতে পারি না! কেবল মনে রাখবেন, তিনি সবসময়ই আমাদের কাছেই ফিরে আসবেন! দান্তে তার চেতনায় এতো বেশিই শক্তিশালী যে, কোনো মানুষ তাকে নিঃশেষ করতে পারবে না!"

হোমস্ বাকির ছাত্র পড়ানোর ব্যাপারে জিজ্ঞাসা করার চেষ্টা করলেন। লাওয়েল বাউলার টুপি আর চেক-চেক ওয়েস্টকোট পরা লোকের সম্পর্কে জানতে চাইলেন, যার কাছে বাকিকে তিনি হারভার্ড প্রাঙ্গণে উদ্বিগ্ন হয়ে যেতে দেখেছিলেন। কিন্তু বাকি ইতিমধ্যেই মদের নেশায় ঢলে পড়েছে। তারা যখন এপার্টমেন্টে থেকে বের হলেন বাইরে তখন প্রচণ্ড ঠাণ্ডা।

এক লাল মুখের বাকি তার আধো খোলা জানালা দিয়ে মাথাটা বের করলো। যাতে মনে হলো সে বুঝি মাটি ফুঁড়ে বেড়ে উঠেছে। মাতাল কণ্ঠে ডাক দিলো সে।

"আপনার দান্তেকে নিয়ে কথা বলতে চান, প্রফেসর? আপনাদের দান্তে ক্লাসের ওপর চোখ রাখুন!"

লাওয়েল ঘুরে দাঁড়িয়ে চিৎকার ক'রে এর অর্থ কী সেটা জানতে চাইলেন।

কিন্তু দুটো কম্পিত হাতে জানালার কপাট বন্ধ হয়ে যাবার শব্দ ছাড়া আর কিছুই শোনা গেলো না।

BanglaBook.org

www.BanglaBook.org

অধ্যায় ১০

মিঃ হেনরি অস্কার হাটন, লম্বা এবং ধার্মিক এক লোক, মুখে চাপ দাঁড়ি, নিজের হিসাব ঘরের ডেস্কে ব'সে একাউন্টগুলো দেখছিলেন। ঘরে মৃদু আলোর বাতি জ্বলছে। চার্লস নদীর তীরে ক্যামব্রিজের দিকে তার যে ছাপাখানাটা আছে সেটা ছাপাখানা এবং প্রকাশনা জগতের অগ্রগণ্য প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম; টিকনর এ্যান্ড ফিল্ডস্-এর চেয়েও এটি এগিয়ে রয়েছে। এক মেসেঞ্জোর বয় হাটনের দরজায় নক্ করলো।

কস্টবুকে লেখা শেষ না ক'রেই হাটন থামলেন। তিনি তার কঠিন পরিশ্রমী বিশুদ্ধবাদী পূর্ব পুরুষদের যোগ্য উত্তরাধিকারী।

"ভেতরে আসো," অবশেষে ডেস্ক থেকে মুখ তুলে হাটন বললেন। ছেলেটা অস্কার হাটনের হাতে একটা কার্ড দিয়ে চলে গেলো। কার্ডের লেখাটা পড়ার আগেই ওটার ভারি এবং শক্ত কাগজ তাকে মুগ্ধ করলো। ল্যাম্পের আলোর নিচে হাতের লেখাটা পড়তেই হাটন আড়ষ্ট হয়ে গেলেন। তার সুকঠিন এবং সুরক্ষিত শান্তি পুরোপুরি বিঘ্নিত হলো।

ডেপুটি চিফ স্যাভেজের পুলিশের গাড়িটা চিফ কার্তেজকে নামিয়ে দিয়ে গেলে সেন্ট্রাল স্টেশনের সিঁড়িতেই রেইয়ের সাথে তার দেখা হয়ে গেলো।

"তো?" কার্তেজ জিজ্ঞেস করলো।

"লাফিয়ে পড়া লোকটার প্রথম নাম খুঁজে পেয়েছি আমি, গ্রিফোনি, আরেকজন ভবঘুরের মতে, যার দাবি, সে নাকি তাকে কখনও কখনও রেলরোডে দেখেছে," রেই বললো।

"এটা একটা ধাপ," কার্তেজ বললো। "তুমি জানো, তুমি যা বললে তা নিয়ে আমি ভাবছিলাম, রেই। এই হত্যাকাণ্ডগুলো *শাস্তিদানের* অনুকরণে করা হয়েছে।" রেই আশা করলো এরপরই সে আরো কিছু কথা বলবে, কিন্তু তার বদলে কার্তেজ কেবল একটা দীর্ঘশ্বাস ফেললো। "আমি চিফ জাস্টিস হিলি সম্পর্কে ভাবছিলাম।"

রেই মাথা নেড়ে সায় দিলো।

"আমরা এমন সব জিনিস ক'রে থাকি যার জন্যে সারাজীবন অনুশোচনা করি, রেই। আমাদের পুলিশ-ফোর্স সিম্‌সের বিচার কাজ চলার সময় কোর্ট হাউজের সামনে অস্ত্র হাতে গুণ্ডাদের সঙ্গে লড়াই করে ছিলো। আমরা টম সিমস্‌কে কুকুরের মতো শিকার ক'রে বিচারের পরে তাকে বন্দরে পাঠিয়ে দিয়েছিলাম তার দাস মালিকের

BanglaBook.org

www.BanglaBook.org

কাছে ফিরিয়ে দেবার জন্যে। আমার কথা কি তুমি শুনছো? সেটা ছিলো আমাদের একটি কালো অধ্যায়, জজ হিলির সিদ্ধান্তের জন্যেই হয়েছিলো এসব, অথবা বলতে পারো তার সিদ্ধান্তের অভাবে, কারণ কংগ্রেসের আইনটাকে তিনি বাতিল করেন নি।"

"হ্যা, চিফ কার্তেজ।"

মনে হলো এই চিন্তাভাবনাতে কার্তেজ বিষন্ন হয়ে পড়েছে। "বোস্টনের সমাজে সবচাইতে সম্মানিত ব্যক্তিকে খুঁজে বের করো, পেট্রলম্যান, আমি বলতে পারি, তুমি দেখতে পাবে তারা খুব বেশি সাধু না হবার সম্ভাবনাই অনেক বেশি। তারা অটল থাকে নি, ভুল এক যুদ্ধে নিজেদের সমস্ত ওজন সমর্পণ ক'রে ছিলো।"

কার্তেজ তার অফিসের দরজাটা খুলে তারপর আবার বলার জন্যে প্রস্তুত হলো, কিন্তু দেখতে পেলো তার ডেস্কের সামনে কালো ওভারকোট পরা তিনজন লোক দাঁড়িয়ে আছে।

"আরে, এখানে হচ্ছেটা কী?" কার্তেজ তাদেরকে বলেই তার সেক্রেটারিকে খোঁজার জন্যে আশেপাশে তাকালো।

লোকগুলো একটু স'রে গেলে দেখা গেলো কার্তেজের ডেস্কে ব'সে আছেন ফ্রেডারিক ওয়াকার লিনকন।

কার্তেজ মাথার টুপিটা খুলে সামনে এগিয়ে এসে কুর্নিশ করলো। "ইওর অনার।"

কার্তেজের সেগুনকাঠের প্রশস্ত ডেস্কে ব'সে আরাম ক'রে সিগারেটে টান দিচ্ছেন মেয়র লিনকন। "আশা করি আপনার অনুপস্থিতিতে আপনার অফিসটাকে অপেক্ষার কাজে ব্যবহার করেছি ব'লে মনে কিছু করেন নি, চিফ।" লিনকন সাহেব একটু কাশলেন। তার পাশেই ব'সে আছেন পৌরসভার সদস্য জোনাস ফিচ। মনে হচ্ছে অন্তপক্ষে এক ঘণ্টা ধরে একটা তীর্যক হাসি তার মুখে এঁটে আছে। পৌরসভার সদস্য ডিটেক্টিভ ব্যুরোর দু'জন ওভার-কোট পরিহিত সদস্যকে বিদায় ক'রে দিলেন। কেবল একজন রয়ে গেলো সেখানে।

"পাশের ঘরেই থেকো, পেট্রলম্যান রেই," কার্তেজ কথাটা বলেই সতর্কভাবে একটা চেয়ারে ব'সে দরজা বন্ধ হওয়া পর্যন্ত সে অপেক্ষা করলো। "কী হয়েছে বলুন তো? আপনারা এইসব হারামীদেরকে এখানে জড়ো করেছেন কেন?"

একজন হারামী তখনও ঘরে রয়ে গেছে, ডিটেক্টিভ হেনশা, তবে তার মুখে কোনো অভিব্যক্তি দেখা গেলো না।

মেয়র লিনকন বললেন, "আমি নিশ্চিত আপনার অন্যান্য পুলিশি ব্যাপারগুলো আজকাল খুব বেশি মনোযোগ পাচ্ছে না, চিফ কার্তেজ। আমরা সিদ্ধান্ত নিয়েছি, এইসব হত্যাকাণ্ডগুলোর তদন্ত কাজ সমাধানের জন্যে আপনার গোয়েন্দাদের কাছে হস্তান্তর করা হবে।"

"আমি সেটা হতে দেবো না," কার্তেজ বললো।

BanglaBook.org

www.BanglaBook.org

"গোয়েন্দাদেরকে তাদের কাজ করতে দিন, চিফ। তারা এইসব কাজ খুব পেশাদার সঙ্গে করার জন্যে দক্ষ এবং অভিজ্ঞ," লিনকন বললেন।

"বিশেষ ক'রে এ রকম পুরস্কারের ক্ষেত্রে," পৌর-সদস্য ফিচ এ কথা বললে লিনকন তার দিকে ভুরু তুলে তাকালেন।

কার্তেজ ভুরু কুচকালো। "পুরস্কার? আপনাদের নিজের আইন অনুযায়ীই তো গোয়েন্দারা পুরস্কারের টাকা গ্রহণ করতে পারে না। কোন্ পুরস্কারের কথা বলছেন, মেয়র সাহেব?"

মেয়র সিগারেটে টান দিয়ে ভান করলেন যেনো কার্তেজের মন্তব্যটা নিয়ে তিনি ভাবছেন। "বোস্টনের পৌরসভার সদস্যদের কাউন্সিল একটা প্রস্তাবনা অনুমোদন করবে, তাতে বলা হবে ব্যুরো অব ডিটেক্টিভ-এর ওপর থেকে পুরস্কারের টাকা গ্রহণে যে নিষেধাজ্ঞা আছে সেটা বাতিল করা হলো। পুরস্কারের টাকার পরিমাণও একটু বাড়ানো হবে।"

"কি পরিমাণ বাড়ানো হবে?" কার্তেজ জানতে চাইলো।

"চিফ কার্তেজ..." মেয়র বলতে শুরু করলেন।

"কতো?"

কার্তেজের মনে হলো সে পৌরসদস্য ফিচ্‌কে জবাব দেবার আগে একটু হাসতে দেখেছে। "খুনিকে ধরার জন্যে পুরস্কারের টাকাটা বেড়ে দাঁড়াবে পয়ত্রিশ হাজার ডলারে।"

"ঈশ্বর রক্ষা করো!" কার্তেজ অনেকটা আর্তনাদ করেই বললো। "এটা পাবার জন্যে লোকজন তো নিজেদেরকেই হত্যা করবে! বিশেষ ক'রে আপনাদের অভিশপ্ত ব্যুরো অব ডিকেক্টিভেরা!"

"আমাদেরকে তখনই কাজ করতে হয়, চিফ কার্তেজ," ডিটেক্টিভ হেনশা বললো, "যখন অন্য কেউ কাজটা করে না।"

মেয়র লিনকন দীর্ঘশ্বাস ফেললেন। তার পুরো চেহারাটাতে আশাহত হবার ছাপ ফুটে উঠলো। যদিও মেয়র সাহেবের সঙ্গে তার জ্ঞাতি-ভাই প্রেসিডেন্ট লিনকনের চেহারার তেমন একটা মিল নেই, তারপরও তাদের দু'জনের শরীর-স্বাস্থ্য একেবারেই একরকম। সেই হাড্ডিসার, শুকনো কিন্তু দৃঢ় আর মজবুত। "আরেকটা মেয়াদের পরই আমি অবসরে যেতে চাই, জন," মেয়র নরম কণ্ঠে বললেন। "আর, আমি চাই আমার শহর আমার দিকে সম্মান আর সম্ভ্রমের সাথে ফিরে তাকাবে। এখনই এই খুনিটাকে আমাদের পাকড়াও করতে হবে, তা না হলে আমাদের ওপর গজব নাজিল হবে, আপনি কি সেটা দেখতে পাচ্ছেন না? যুদ্ধ এবং প্রেসিডেন্টের গুপ্তহত্যার পর চারটা বছর ধরেই পত্রিকাগুলো রক্ত-পিপাসুর মতো আচরণ করছে, রক্তের ওপরেই তারা বেঁচে আছে। আর আমি কসম খেয়ে বলছি, আগের যেকোনো সময়ের তুলনায় তারা এখন অনেক বেশি তৃষ্ণার্ত। হিলি আমার কলেজের সহপাঠী ছিলো, চিফ

BanglaBook.org

www.BanglaBook.org

কার্তেজ। আমি বিশ্বাস করি, মানে ইচ্ছে করে আর কি, নিজেই রাস্তায় নেমে প'ড়ে খুনিটাকে পাকড়াও করি, তা না হলে বোস্টনের লোকজনের কাছে আমার আর মুখ থাকে না! আমি আপনার কাছে আর্জি জানাচ্ছি, ডিটেক্টিভদেরকে এই মামলাটা সমাধান করতে দিন, আর ঐ নিগ্রোটাকে এইসব কাজ থেকে বিরত রাখুন। আমরা আরেকটা বিব্রতকর অবস্থা সামলাতে পারবো না।"

"ক্ষমা করবেন, মেয়র সাহেব।" কার্তেজ চেয়ারে সোজা হয়ে বসলো। "এসবের সঙ্গে পেট্রলম্যান রেইয়ের কি সম্পর্ক?"

"চিফ জাস্টিস হিলির জন্যে যে শো-আপের ব্যবস্থা করেছিলেন তাতে তো একেবারে একটা দাঙ্গা লাগার উপক্রম হয়েছিলো।" খুশি মনে ফিচ বললেন। "ঐ ভিক্ষুকটি তো আপনাদের জানালা দিয়েই লাফিয়ে প'ড়ে মরেছে, চিফ।"

"এতে রেইয়ের কিছুই করার ছিলো না," কার্তেজ একটু ঝাঁঝালো কণ্ঠে বললো।

লিনকন সমবেদনা জানিয়ে মাথা ঝাঁকালেন। "এ কাজে তার ভূমিকা কী ছিলো সেটা তদন্ত ক'রে দেখার জন্যে পৌরসদস্যেরা একটি কমিশন গঠন করেছে। কয়েকজন পুলিশ অফিসারের অভিযোগ আমরা পেয়েছি যাতে বলা হয়েছে আপনার ড্রাইভারের উপস্থিতির জন্যেই বিশৃঙ্খলাটা হয়েছে। আমাদেরকে বলা হয়েছে যে, লোকটা যখন মারা গিয়েছিলো তখন ঐ মুলাট্টো অফিসারের হেফাজতেই সে ছিলো। আর কেউ কেউ এও মনে করে, মানে ধারণা করে যে, সেই লোকটাকে জোর ক'রে জানালা দিয়ে বাইরে ফেলে দেয়া হয়েছে। সম্ভবত দুর্ঘটনাক্রমে..."

"একদম মিথ্যে কথা!" কার্তেজের চেহারাটা লাল হয়ে গেলো। "সে পরিস্থিতিটা শান্ত করার চেষ্টা করেছিলো, যেমনটি আমরা সবাই করি! ঐ লাফ দিয়ে পড়া লোকটা ছিলো বদ্ধ উন্মাদ। গোয়েন্দারা আমাদের তদন্ত কাজটি থামাবার চেষ্টা করছে যাতে তারা আপনাদের পুরস্কারের টাকাটা নিতে পারে! হেন্‌শা, তুমি এসবের কী জানো?"

"আমি কেবল এটাই জানি, এই মুহূর্তের সংকট থেকে ঐ নিগ্রোটা বোস্টনকে রক্ষা করতে পারবে না, চিফ।"

"সম্ভবত গভর্নর যখন শুনবেন যে, তার পুরস্কার ঘোষণাটা পুরো পুলিশ বিভাগকে বিপর্যস্ত ক'রে ফেলছে, তিনি তখন যা সঠিক তাই করবেন এবং এই ব্যাপারটাও পুনর্বিবেচনা করবেন," পৌরসদস্য বললেন।

"পেট্রলম্যান রেই আমার জানা সবচাইতে সেরা পুলিশের মধ্যে অন্যতম একজন।"

"আরেকটা কারণে আমরা এখানে এসেছি। আমরা আরো জানতে পেরেছি যে, আপনাকে সব সময় শহরের সর্বত্র ওর সঙ্গেই দেখা যাচ্ছে, চিফ।" মেয়র সাহেব ভুরু তুললেন। "ট্যালবোটের মৃত্যুর স্থানটিও এর মধ্যে পড়ে। আপনার ড্রাইভার হিসেবে নয়, বরং আপনার সমকক্ষ একজন হিসেবে তাকে দেখা যাচ্ছে।"

"এটা একটা অলৌকিক ব্যাপার যে, নিগ্রোটা যখনই রাস্তায় বের হয় তাকে

BanglaBook.org

www.BanglaBook.org

পাথর ছুড়ে মারার জন্যে কোনো দস্যু অনুসরণ করে না!" পৌরসদস্য ফিচ হেসে ফেললেন।

"আমরা সবখানেই নিক রেইয়ের ওপর এতো বেশি বিধিনিষেধ আরোপ করেছি যে...আমি দেখতে পাচ্ছি না তার অবস্থানের সঙ্গে এসবের কী আর সম্পর্ক থাকতে পারে।"

"আমাদের ওপরে এক সন্ত্রস্ত অপরাধ জেঁকে বসেছে," মেয়র লিনকন কার্তেজের দিকে আঙুল তুলে বললেন। "পুলিশ বিভাগ ব্যর্থ হচ্ছে– এজন্যেই এর সঙ্গে এটার সম্পর্ক রয়েছে। এই ঘটনায় আর কোনোভাবেই নিকোলাস রেইকে জড়িত থাকতে আমি দেবো না। একটা ভুল হবে তো তাকে বরখাস্ত করা হবে। কিছু রাজ্যের সিনেটর আজকে আমার কাছে এসেছিলেন, জন। আমরা যদি এটা শেষ করতে না পারি তবে তারা আরেকটা কমিটি নিয়োগ দিয়ে রাজ্য-পুলিশের সবগুলো বিভাগকে বিলোপ ক'রে দিয়ে সেই জায়গায় রাজ্য-পরিচালিত মেট্রোপলিটান পুলিশ বাহিনীর নিয়োগ দেবে। তারা একেবারে নাছোড় বান্দা। আমি চাইবো না এটা আমার সামনে ঘটুক–বুঝেছেন! আমি আমার শহরের পুলিশ ডিপার্টমেন্টেটাকে ছিন্নভিন্ন হতে দেখতে চাই না।"

পৌরসদস্য জোনাস ফিচ দেখতে পেলেন কার্তেজ এতোটাই হতবাক হয়েছে যে, কথা বলতে পারছে না। পৌরসদস্য একটু ঝুঁকে তার চোখ বরাবর তাকালেন। "আপনি যদি আমাদের নিয়ন্ত্রণ এবং এন্টি-ভাইস আইনটা প্রয়োগ করতেন, চিফ কার্তেজ, তাহলে হয়তো চোর-বাটপার আর হারামীর দল ইতিমধ্যেই নিউ ইয়র্কে পালিয়ে যেতো!"

সকালের প্রথম দিকে টিকনর এ্যান্ড ফিল্ডস্-এর অফিসগুলো অসংখ্য খুপ বয়-এ ভরে গেলো–তাদের কেউ কেউ সবেমাত্র কৈশোর পেরিয়েছে আর বাকিরা সব পক্ক কেশের অধিকারী–এদের মধ্যে জুনিয়র ক্লার্কেরাও রয়েছে। ডাঃ হোমস্ হলেন দান্তে ক্লাবের প্রথম সদস্য যিনি সবার আগে এসে পৌছালেন। হলে পায়চারী ক'রে সকালের ঘুমঘুম ভাবটা কাটিয়ে হোমস্ জে.টি ফিল্ডসের প্রাইভেট অফিসে বসার সিদ্ধান্ত নিলেন।

"ওহ্, দুঃখিত, স্যার," ভেতরে কেউ আছে বুঝতে পেরে তিনি দরজাটা বন্ধ করতে লাগলেন।

একটা হাড্ডিসার আর আবছা আবছা মধ্য জানালার দিকে ঘুরলো। তাকে চিনতে কয়েক সেকেন্ড লেগে গেলো তার।

"আরে, মাই ডিয়ার এমারসন যে!" হোমস্ চওড়া হাসি দিলেন।

র‍্যাল্ফ ওয়াল্ডো এমারসন, তার নাকটা ঈগল পাখির ঠোঁটের মতো বাঁকা। পরে আছেন নীল রঙের একটা আলখেল্লা আর কালো মাফলার, দিবাস্বপ্ন থেকে জেগে উঠে

BanglaBook.org

www.BanglaBook.org

তিনি হোমস্‌কে অভ্যর্থনা জানালেন। কবি এবং লেকচারার এমারসনকে কনকর্ডের বাইরে পাওয়াটা বিরল ব্যাপার। একসময়ে এই ছোট্ট গ্রামটি সাহিত্য প্রতিভার প্রাচুর্যের কারণে বোস্টনের প্রতিদ্বন্দ্বী ছিলো। ক্যাম্পাসে ডিভাইনিটি স্কুলে বক্তৃতা দেবার সময় ইউনিটারিয়ান চার্চ মরে গেছে এ কথা বলার জন্যে হারভার্ড তাঁকে নিষিদ্ধ করে। এরপর থেকে তাকে খুব একটা দেখা যায় নি। এমারসন হলেন আমেরিকার একমাত্র লেখক যিনি লংফেলোর প্রতিভাকে প্রথম স্বীকৃতি দিয়ে ছিলেন। এমনকি সমস্ত সাহিত্য কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুতে থাকা হোমস্‌ও লেখকের আশেপাশে থাকলে উত্তেজনা বোধ করেন। "আমি আমার বাৎসরিক লাইসিয়াম বক্তৃতা দিয়ে এইমাত্র ফিরেছি, ওটা আমাদের আধুনিক কবিরা আয়োজন করেছে।" ফিল্ডসের ডেস্কের উপর এমারসন একটা হাত এমনভাবে তুললেন যেনো তিনি আশীর্বাদ দিচ্ছেন। "আমাদের সবার অভিভাবক এবং রক্ষাকারী। তাকে দেবার জন্যে আমার কাছে কিছু কাগজ রয়েছে।"

"তো, বোস্টনে আপনার ফিরে আসার সময় হয়ে গেছে। শনিবারের ক্লাবে আমরা আপনার অভাব অনুভব করি। আপনার সঙ্গ পাওয়ার জন্যে তো একটা মিটিংই ডাকা হতে যাচ্ছিলো!" হোমস্ বললেন।

"ধন্যবাদ, এতোটা পছন্দের লোক তো আমি কখনও ছিলাম না।" এমারসন হাসলেন। "আপনি জানেন, আমরা ঈশ্বর অথবা বন্ধুদের কাছে চিঠি লেখার সময় পাই না, কেবলমাত্র উকিলদের কাছে লেখার সময় পাই, যারা আমাদের কাছ থেকে টাকা-পয়সা খসায়।" এরপর হোমস্‌কে কিছু প্রশ্ন করলেন এমারসন।

তিনি জবাব দিলেন দীর্ঘ, ঘোরানো-প্যাঁচানো এক গল্প বলে। "আমি আরেকটা উপন্যাস লেখার কথা ভাবছি।" তিনি তার ভবিষ্যত কাজের কথা বললেন, কারণ তিনি এমারসনের মতামতের শক্তিকে ভয় পান। যা প্রায় সবসময়ই অন্য সবার মতামতকে ভুল প্রমান ক'রে দেয়।

"ওহ্, আমিও চাই আপনি লিখুন, ডিয়ার হোমস্," এমারসন আন্তরিকতার সাথে বললেন। "আপনার কণ্ঠ খুশি করতে ব্যর্থ হতে পারে না। আচ্ছা আমাকে সেই অভিজাত ক্যাপ্টেন সম্পর্কে বলুন। এখনও কি সে একজন আইনজীবি হতে চায়?"

হোমস্ তার ছেলে জুনিয়রের কথা উল্লেখ করতেই নার্ভাসভাবে হেসে ফেললেন। যেনো তার ছেলের বিষয়টা অনিবার্যভাবেই হাস্যকর; এটা অবশ্য একদম সত্য নয়, জুনিয়রের মধ্যে হাস্যরসাত্মক ব্যাপারটা খুব কমই আছে। "একবার আমি নিজেও আইন নিয়ে চেষ্টা করেছিলাম কিন্তু দেখলাম সেটা মাখন ছাড়া রুটি খাওয়ার মতো ব্যাপার। জুনিয়রও ভালো কবিতা লেখে–আমার মতো ভালো নয়, তবে বেশ ভালো। এখন আবার সে বাড়িতেই থাকছে, অনেকটা সাদা ওথেলোর মতো, আমাদের লাইব্রেরির রকিংচেয়ারে ব'সে তরুণী ডেসডিমোনাদের কাছে নিজের যুদ্ধে আহত হবার গল্প ব'লে ব'লে মুগ্ধ ক'রে। কখনও কখনও, আমার এও মনে হয়, সে আমাকে

www.BanglaBook.org

অপছন্দ করে। আপনি কি কখনও আপনার ছেলের কাছ থেকে এরকম আচরণ পান, এমারসন?"

এমারসন কয়েক মুহূর্ত একদম চুপ রইলেন। "ছেলের বাবাদের কোনো শান্তি নেই, হোমস্।" এমারসনের ভাবভঙ্গী দেখে হোমস্ বুঝতে পারলেন এই বিষয়ে কথা বলাটা তিনি অব্যাহত রাখতে চাইলেও এমারসন হয়তো বিনা নোটিশে সেটার সমাপ্তি টানবেন।

"মাই ডিয়ার ওয়াল্ডো, আপনাকে কি আমি একটা প্রশ্ন করতে পারি?" হোমস্ আসলে একটা উপদেশ পেতে চাচ্ছেন, কিন্তু এমারসন কখনও কোনো উপদেশ দেন না। "আমাদের সম্পর্কে, মানে আমি, লাওয়েল এবং ফিল্ডসের ব্যাপারে আপনি কি ভাবেন, আমরা সবাই লংফেলোকে দান্তের অনুবাদে সাহায্য করছি?"

এমারসন তার জমাট বাধা ভুরু দুটো একটু তুললেন। "সক্রেটিসও যদি এখানে থাকতেন তবে আমরা বাইরের রাস্তার গিয়ে তার সঙ্গে কথা বলতে পারতাম, হোমস্। কিন্তু আমাদের প্রিয় লংফেলোর সঙ্গে আমরা কথা বলতে পারি না। একটা প্রাসাদ আছে, চাকর-বাকর আর বিভিন্ন ধরনের, বিভিন্ন রঙের মদ আছে, আছে চমৎকার সব কোট।" এমারসন চিন্তামগ্ন হয়ে মাথাটা একটু অবনত করলেন। "প্রফেসর টিকনরের কথা মতো আমি দান্তে পড়ার পর, যেমনটি আপনিও পড়েছেন, কখনও কখনও আমার মনে হয় দান্তে একজন বিলুপ্ত হওয়া অতিকায় হাতির মতোই কৌতূহলোদ্দীপক—সেটা বাড়ি-ঘরে নয়, জাদুঘরে রাখার মতো জিনিস।"

"কিন্তু আপনিই তো একসময় আমাকে বলেছিলেন যে, আমেরিকাতে দান্তের প্রচলন হবে আমাদের দেশের সবচাইতে উল্লেখযোগ্য একটি অর্জন!" হোমস্ তাড়া দিয়ে বললেন।

"হ্যা।" এমারসন কথাটা একটু ভাবলেন। তিনি যেকোনো বিষয়ের সবদিক নিয়েই কথা বলতে পছন্দ করেন। "সেটাও সত্য। আপনি জানেন, এখনও আমি, যারা একজনের কাছ থেকে আরেকজনের ভক্তি বা প্রশংসা খুঁজে বেড়াতেই বেশি তৎপর, সেইসব বিরামহীন কথা বলার সমিতির চেয়ে একজন বিশ্বাসী লোককেই বেশি পছন্দ করি।"

"সহযোগীতা বা সমিতি ছাড়া সাহিত্যের কি হবে?" হোমস্ হেসে বললেন। দান্তে ক্লাবের সম্মান রক্ষা করা তার কর্তব্য। "কে বলতে পারে, আমরা শেক্সপিয়ার এবং বেন জনসনের সোসাইটির বিউমন্ট আর ফ্লেচারের কাছ থেকে কি পরিমাণ ঋণী? অথবা জনসন গেল্ডস্মিথ, বর্কি, রেনল্ডস, বিউক্লার্ক আর বসওয়েল্দের কাছ থেকেই বা কী পেয়েছি, যাঁরা কোনো পার্লারের ফায়ারপ্লেসের পাশে ব'সে মিলিত হোতেন?"

ফিল্ডসের জন্য আনা কাগজগুলো এমারসন ঠিকঠাক করলেন। "মনে রাখবেন, অতীতের কোনো জিনিয়াস যখন বর্তমান কোনো কবির মধ্যে পরিবাহিত হবে কেবলমাত্র তখনই আমরা প্রথম একজন আমেরিকান কবির দেখা পাবো। আর

BanglaBook.org

www.BanglaBook.org

অন্যকোথাও, কোনো সাহিত্যিক সংগঠনে জন্ম নেয়ার চেয়ে রাস্তায় জন্ম নেয়া কারোর মধ্যেই আমরা প্রথমে সত্যিকারের পাঠককে খুঁজে পাবো। ভীত, অনুকরণপ্রবণ এবং বশীভূত হবার ভয়ে সন্দেহ করাই হলো আমেরিকানদের চেতনা। আমাদের দেশের মনমানসিকতা সব তুচ্ছ আর হীন বস্তুর দিকে মনোযোগ দেবার শিক্ষা-ই দিয়ে থাকে। কর্ম ছাড়া পণ্ডিতেরা সত্যিকারের মানুষ হয়ে ওঠে না। ধারণাগুলো অবশ্যই ভালো মানুষের অস্থি-মজ্জায় ঢুকে যাবে, তা না হলে তো সেগুলো স্বপ্নের চেয়ে বেশি কিছু নয়। আমি যখন লংফেলো পড়ি, একদম স্বস্তি অনুভব করি যে, আমি নিরাপদে আছি। এটা আমাদের ভবিষ্যৎকে ত্যাগ করবে না।"

এমারসন চলে যাবার পর, হোম্‌সের মনে হলো তিনি একটা ধাঁধার মধ্যে প'ড়ে গেছেন যার জবাব কেবলমাত্র তিনিই দিতে পারেন। এই কথপোকথনটা তিনি অন্যদের সঙ্গে ভাগ ক'রে নিতে চইলেন না।

"এটা কি সত্যিই সম্ভব?" বাকির সঙ্গে কথা বলার পর ফিল্ডস্ তার বন্ধুদের জিজ্ঞেস করেছিলেন। "এই লোন্‌জা ভিক্ষুকটি এতোটাই আত্মস্থ করতে পেরেছিলো যে, সে কবিতাটাকে জীবনের সর্বক্ষেত্রে দেখতে পেতো?"

"এটাই প্রথম এবং শেষ ঘটনা নয় যে, সাহিত্য কোনো দুষ্ট লোকের মনে প্রভূত্ব করেছে। জন উইকেস বুথ-এর কথা ভাবুন," হোমস্ বললেন। "লিনকনকে গুলি করেই সে লাতিন ভাষায় চিৎকার ক'রে বলেছিলো, 'স্বৈরাচারদের সাথে সবসময় এরকমটিই করা হয়।' সিজারকে হত্যা করার সময় ব্রুটাস এই কথাটাই বলেছিলো। বুথের মনে লিনকন ছিলেন একজন রোমান নৃপতি। বুথ ছিলো একজন শেক্সপিরিয়ান। যেমনটি আমাদের লুফির শয়তান একজন দান্তেপ্রেমী। যে আশায় আমরা প্রতিদিন পড়ি, বিশ্লেষণ করি এবং বুঝি সেটা-ই এই লোকটির অস্থিমজ্জায় ঢুকে গিয়েছে।"

লংফেলো একথাতে ভুরু তুললেন। "কেবলমাত্র তখনই এটা সত্য হবে যদি ধরে নেই বুথ এবং লোন্‌জা অনিচ্ছায় কাজটি করেছে।"

"অবশ্যই লোন্‌জা সম্পর্কে বাকি কিছু কথা লুকিয়েছে।" লাওয়েল অস্থির হয়ে বললেন। "আপনি দেখেছেন, হোমস্, সে কতোটা ইতস্তত করছিলো। আপনি কি বলেন?"

"সেটা ছিলো একজন অসামাজিক ব্যক্তিকে আঘাত করা," হোমস্ স্বীকার করলেন। "কোনো লোক ব্যাঙের পুকুর অথবা স্টেট হাউজের ওপর তিতিবিরক্ত হয়ে বোস্টন শহরকে আক্রমণ শুরু করলে আপনি বিস্মিত হতে পারেন লোকটার মধ্যে বিশেষ কিছু আর অবশিষ্ট নেই। বেচারা এডগার এলান পো এধরণের কথাবার্তা বলার পরই হাসপাতালে মারা গিয়েছিলেন। কোনো মানুষের মধ্যে এরকমটি দেখতে পেলে আপনার উচিত তাকে টাকা ধার দেয়া বন্ধ ক'রে দেয়া– কারণ তার এক পা কবরে চলে গেছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

"জিঙ্গেল ম্যান" পো'র কথা উল্লেখ করতেই লাওয়েল বিড়বিড় ক'রে বললেন।

"বাকির মধ্যে সবসময়ই একটি অন্ধকার দিক ছিলো," লংফেলো বললেন। "বেচারা বাকি। চাকরি হারানোর ফলে সে আরো বেশি হতদরিদ্র হয়ে গেছে, আর সে যে আমাদের প্রতি খারাপ ধারণা পোষণ করবে তাতে কোনো সন্দেহ নেই।"

লংফেলোর চোখের দিকে তাকালেন না লাওয়েল। বাকি যে লংফেলো সম্পর্কে বাজে কথা বলেছে সেটা আর মনে করতে চাইলেন না তিনি। "আমার মনে হয় এই পৃথিবীতে ভালো কবিতার চেয়ে কৃতজ্ঞতা বোধই হলো সবচাইতে বিরল জিনিস। ঝাল স্বাদের কন্দের চেয়ে বাকির খুব বেশি অনুভূতি নেই। হতে পারে লোন্‌জা জানতো হিলিকে কে বা কারা খুন করেছে, সেজন্যে পুলিশ স্টেশনে এতোটা ভয় পেয়ে গিয়েছিলো। সে জানতো বাকিই হলো সেই বদমাশ–অথবা এমনও হতে পারে, সে বাকিকে হিলি হত্যাকাণ্ডে সাহায্য করেছে।"

"দান্তের ওপর লংফেলোর কাজের কথাটা উল্লেখ করলে সেটা তাকে খুব বেশি স্পর্শ করে নি যে, তার সাথে লুসিফারের মিল খুঁজে পাওয়া যাবে," হোমস্ বললেন। তবে তিনি নিজেও এব্যাপারে সন্দেহগ্রস্ত। "খুনি অবশ্যই শক্তসামর্থ্য একজন লোক, যার পক্ষে হিলিকে শোবার ঘর থেকে বাইরের আঙিনায় বয়ে নেয়া সম্ভব। বাকি তো তার মদের বোতলটা নিয়েও সোজা হয়ে হাটতে পারে না। তাছাড়া, আমরা এও জানি যে, দু'জন নিহতের সাথে বাকির কোনো যোগাযোগ বা সংযোগও নেই।"

"আমাদের তো একজনের প্রয়োজন নেই!" লাওয়েল বললেন। "মনে রাখবেন, নরকে অনেক লোকই ছিলো যাদের সঙ্গে দান্তের কোনো দিন দেখা হয় নি। বাকির রয়েছে দুটো শক্তিশালী উপাদান, হিলি এবং ট্যালবোটের সঙ্গে তার ব্যক্তিগত যোগাযোগের চেয়ে যা অনেক বেশি গুরুত্বপূর্ণ। প্রথমটি হলো : দান্তে সম্পর্কে সম্যক জ্ঞান। সে হলো আমাদের ক্লাবের বাইরে একমাত্র বহিরাগত, তাছাড়া, আমার মনে হয়, বোঝার দিক থেকে বৃদ্ধ টিকনর আমাদের নিজেদের যোগ্য প্রতিদ্বন্দ্বী।"

"ঠিক," হোমস্ বললেন।

"দ্বিতীয়ত, তার ক্ষোভ," লাওয়েল আবারো বলতে আরম্ভ করলেন। "সে একেবারে ইঁদুরের মতোই হতদরিদ্র। আমাদের শহরে একেবারে একঘরে হয়ে আছে সে, কেবলমাত্র মদ পানেই সে স্বস্তি পেয়ে থাকে। তার খণ্ডকালীন কাজ, প্রাইভেট টিউশনি তাকে কোনো রকম বাঁচিয়ে রেখেছে। সে আমাদেরকে ঘৃণা করে, কারণ, তার বিশ্বাস তাকে যখন বরখাস্ত করা হয়েছিলো তখন আমি এবং লংফেলো হাত-পা গুটিয়ে ব'সে ছিলাম। আর বিশ্বাসঘাতক আমেরিকানদের কাছে দান্তে উদ্ধার না পেয়ে বরং ধ্বংস হবে ব'লেই বাকি মনে করবে।"

"মাই ডিয়ার লাওয়েল, বাকি কেন হিলি এবং ট্যালবোটকে বেছে নেবে?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন।

"যাকে খুশি তাকেই বেছে নিতে পারে সে, পাপের শাস্তির সাথে মিলে যায় এমন

www.BanglaBook.org

কেউ হলেই হলো, আর তাতে, প্রকারন্তরে দান্তের ব্যাপারটা ফাঁস হবেই। সুতরাং দান্তের কবিতা আমেরিকাতে প্রচলিত হবার আগেই সে দান্তেকে ধ্বংস করতে পারবে।"

"বাকি কি আমাদের লুসিফার হতে পারে?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"তাকেই কি আমাদের লুসিফার হতে হবে?" লাওয়েল নিজের পা'টা চুল্‌কে পাল্টা বললেন।

লাওয়েলের পায়ের দিকে তাকিয়ে লংফেলো বললেন, "লাওয়েল?"

"ওহ্, ঘাবড়াবেন না। ধন্যবাদ আপনাকে। ঐদিন ওয়াইড ওক্‌স-এ একটা লোহার স্ট্যান্ডের সাথে হয়তো ধাক্কা লেগেছিলো, এখন সেটা মনে পড়েছে।"

ডাঃ হোমস্ সামনের দিকে ঝুঁকে লাওয়েলের ট্রাউজারটা গোটানোর ইশারা করলেন। "ফুলে গেছে নাকি, লাওয়েল?" লাল ফোলা অংশটা একটা পয়সার আকৃতিতে বড় হয়ে গেছে।

"আমি কী ক'রে জানবো?" তিনি তার আঘাতের ব্যাপারটি একেবারেই গুরুত্বসহকারে নেন নি।

"সম্ভবত বাকির প্রতি আপনার যেরকম মনোযোগ, সেরকমটি নিজের শরীরের বেলায়ও দেয়া উচিত।" হোমস্ ভৎর্সনা করলেন। "এটা দেখে মনে হচ্ছে না এমনিতেই সেরে যাবে। আপনি বললেন সামান্য আঘাত লেগেছে? দেখে মনে হচ্ছে না সংক্রমিত হয়েছে। চুলকায়-টুলকায়, কিংবা ব্যাথা করে নাকি, লাওয়েল?"

আচম্‌কা তার গোড়ালীতে ব্যাথা অনুভূত হলো। "মাঝে-সাঝে।" এরপরই তিনি কিছু একটা ভাবলেন। "এটা হতে পারে, হিলির ওখানে যখন ছিলাম তখন ঐ মাছিগুলোর একটা হয়তো আমার প্যান্টের ফাঁক গ'লে পায়ে কামড় বসিয়ে দিয়েছে। এটা হতে পারে না?"

হোমস্ বললেন, "না, আমি সেটা ভাবতে পারি না। কোনো মাছি হুল ফুটিয়েছে ব'লে শুনি নি তো। সম্ভব ওটা অন্য ধরণের পতঙ্গ ছিলো?"

"আরে, না, আমি তাহলে জানতাম। আমি নিজে মেরেছি।" লাওয়েল দাঁত বের ক'রে হাসলেন। "সেই জিনিসটা আপনার জন্যে আমি নিয়েও এসেছি, হোমস্।"

হোমস্ একটু ভাবলেন। "লংফেলো, প্রফেসর আগাসিজ কি ব্রাজিল থেকে ফিরে এসেছেন?"

লংফেলো বললেন, "এই তো, আমার ধারণা, এই সপ্তাহেই ফিরেছেন।"

"আমি বলি কি, আপনার সংগ্রহে থাকা পতঙ্গটি আগাসিজের জাদুঘরে পাঠিয়ে দেই," লাওয়েলকে বললেন হোমস্। "এ দুনিয়ায় এমন কোনো প্রাণী নেই যা তিনি চেনেন না।"

লাওয়েলের কাছে বলার মতো আরো কিছু বিষয় আছে। "যদি সেটা করতে হয় তাই করবো। এখন আমি প্রস্তাব করবো বাকিকে কয়েক দিন অনুসরণ করা

BanglaBook.org

www.BanglaBook.org

ধোঁক ধরে নিচ্ছি সে খুব জলদি মদ খেয়ে মরে যাবে না। দেখি না, সে আমাদেরকে নতুন কোনো কিছুতে নিয়ে যায় কিনা, যাতে রহস্যটি উন্মোচিত হয়। আমাদের দু'জন তার এপার্টমেন্টের বাইরে ঘোড়ার গাড়িতে ব'সে অপেক্ষা করবো আর অন্যজন তখন ভেতরে থাকবে। যদি কোনো আপত্তি না থাকে তবে আমি নিজে বাকিকে অনুসরণ আর নজরদারী করা দলের নেতৃত্ব দেবো। আমার সঙ্গে আর কে আসবে?"

কেউ এগিয়ে এলো না। ফিল্ডস্ উদাসভঙ্গীতে তার ঘড়ির চেইনটা টেনে বের করলেন।

"ওহ্, আপনি আসুন!" লাওয়েল বললেন। তিনি তার প্রকাশকের কাঁধে চাপড় মারলেন। "ফিল্ডস্, আপনি আসছেন।"

"আমি দুঃখিত, লাওয়েল। আজকের বিকেলে আমি অস্কার হাটনকে কথা দিয়েছি লংফেলোকে নিয়ে তার সঙ্গে ডিনার করবো। গত সন্ধ্যায় অগাস্টাস ম্যানিংয়ের কাছ থেকে সে একটা চিঠি পেয়েছে যাতে লংফেলোর অনুবাদটি না ছাপানোর জন্যে তাকে সতর্ক ক'রে দেয়া হয়েছে, তা না হলে তাকে হারভার্ডের সব কাজ হারাতে হবে। আমাদেরকে খুব দ্রুত কিছু একটা করতে হবে, নইলে হাটন বেঁকে বসবে।"

"ওডিওনে আমার এ্যালোপ্যাথি এবং হোমিওপ্যাথির ওপরে একটা বক্তৃতা দেবার কথা আছে, ওটা বাতিল করলে সংগঠনটির বিশাল আর্থিক ক্ষতি হবে," ডা: হোমস্ আগেভাগেই কথাটা ব'লে ফেললেন। "আমরা সবাই সেখানে যেতে পারি, সবাইকে স্বাগতম।"

"কিন্তু, আমরা এখানে সবে জড়ো হয়েছি মাত্র!" লাওয়েল বললেন।

"লাওয়েল," ফিল্ডস্ বললেন। "এসব নিয়ে ব্যস্ত থাকার সময় আমরা যদি ড. ম্যানিংকে দান্তের ব্যাপারে অগ্রসর হতে দেই তাহলে আমাদের অনুবাদ কর্মটি একেবারে জলে যাবে। হাটনকে বাগে আনতে মাত্র এক ঘণ্টা লাগবে, তারপর আপনি যেমনটি বললেন তেমনটি করা যাবে।"

সেই বিকেলে, লংফেলো তার রিভিয়ার হাউজের সামনে দাঁড়ালে মাছের গাঢ় গন্ধ এবং দুপুরের খাবারের সুবাস ভেসে এলো। অস্কার হাটনের সঙ্গে খাওয়াদাওয়াটা এক ঘণ্টার মতো সময় নেবে। ফিল্ডস্ তার গাড়ির ড্রাইভার বক্সের দিকে ঝুঁকে ড্রাইভারকে চার্লস্ স্ট্রট-এর দিকে যেতে নির্দেশ দিলেন—এ্যানি ফিল্ডস্কে ক্যামব্রিজে তার লেডিস ক্লাবে যেতেই হবে। লংফেলোর সার্কেলে ফিল্ডসই হলেন একমাত্র ব্যক্তি যাঁর নিজস্ব ঘোড়ার গাড়ি রয়েছে। এটা এজন্যে নয় যে, তার অফুরন্ত সম্পদ আছে, বরং তিনি খামখেয়ালী ড্রাইভার আর রুগ্ন ঘোড়ার কারণে তীব্র মাথা ব্যথার চেয়ে এই ব্যয়বহুল জিনিসটাই বেশি পছন্দ করেন।

লংফেলো লক্ষ্য করলেন এক উদাস মহিলা কালো ঘোমটা প'রে বোডোঁন

BanglaBook.org

www.BanglaBook.org

স্কোয়ারটা পার হচ্ছেন। মহিলার হাতে একটা বই আর আস্তে আস্তে হেঁটে যাচ্ছেন তিনি। ইচ্ছাকৃতভাবে, চোখ দুটো বিষন্ন ক'রে রেখেছেন। তিনি সেইসব দিনের কথা ভাবলেন যখন ফ্যানি এপল্টনের সঙ্গে বিকন স্ট্রট-এ দেখা করতেন, কতো আল্তো করেই না সে ইশারা করতো, তার সঙ্গে কখনই কথা বলা থামাতো না। ইউরোপে তার সঙ্গে দেখা হয়েছিলো যখন তার প্রফেসরশিপ-এর প্রস্তুতি হিসেবে ভাষা নিয়ে গবেষণা করছিলেন। ফ্যানি তার ভাইয়ের প্রফেসর বন্ধুটির প্রতি দারুণ অনুরক্ত হয়ে পড়ে ছিলো। কিন্তু বোস্টনে ফিরলে ভার্জিল যেনো তার কানে ফিস্‌ফিস্ ক'রে বললেন, যে উপদেশটি তিনি নিরপেক্ষদের দলকে তীর্থে যাবার সময় দিয়ে ছিলেন, "... কথা বোলো না, তবে দেখো আর অতিক্রম করো।" সুন্দরী তরুণীটির সঙ্গে কথা বলতে অস্বীকার ক'রে লংফেলো নিজেকে খুঁজে পেলেন তার এই *হাইপারিওন*-এর এক কুমারী তরুণীর চরিত্র নির্মাণের মধ্যে। সেটা ফ্যানির অনুকরণেই করা হয়েছে।

তবে কয়েক মাস পার হয়ে গেলেও তরুণীটির কাছ থেকে কোনো জবাব পাওয়া যায় নি। অবশ্য মেয়েটি এটা প'ড়ে থাকলে সে নিজেকে ঐ চরিত্রের মধ্যেই খুঁজে পেতো। তিনি যখন ফ্যানির সঙ্গে আবার দেখা করলেন, সে খুব পরিস্কারভাবেই জানিয়েই দিয়ে ছিলো যে, প্রফেসরের বইতে সে ঠাঁই পেয়ে মোটেই খুশি হয় নি, কারণ সবাই তার দিকে তাকিয়ে থাকে। লংফেলো ক্ষমা চাওয়ার কথা ভাবেন নি। কিন্তু পরের কয়েক মাসে, তার প্রতি তিনি যে আবেগ দেখালেন সেটা আর কখনও করেন নি। এমনকি তার তরুণী স্ত্রী মেরি পটারের বেলায়ও নয়, যেকিনা লংফেলোকে বিয়ে করার কয়েক বছর পরেই গর্ভপাতের ফলে মারা গিয়েছিলো। মিস এপল্টন এবং লংফেলো ঘনিষ্ঠ হতে শুরু করলেন। ১৮৪৩ সালের মে'তে লংফেলো একটা চিঠি লিখে বিয়ের প্রস্তাব করলেন। ঐদিনই তিনি সম্মতিসূচক জবাব পেয়েছিলেন। ওহ্ *চিরকালের আশীর্বাদের দিন, যা অভ্যর্থনা জানিয়ে নিয়ে এসেছে ভিটা নুভা, এই নতুন জীবনের সুখময়তাকে!* এই কথাটা তিনি বার বার উচ্চারণ করেছিলেন।

"হাটন কোথায়?" তার গাড়িটা চলে যেতেই ফিল্ডস্ জানতে চাইলেন। "তিনি আমাদের ডিনারের কথাটা ভুলে না গেলেই ভালো।"

"হয়তো তিনি নদীর তীরে আছেন। মাদাম।" লংফেলো তার টুপিটা উঁচিয়ে ধরলেন ফুটপাত দিয়ে তাদেরকে অতিক্রম ক'রে যাওয়া এক মোটাসোটা মহিলার উদ্দেশ্যে। মহিলা আরক্তিম মুখে হেসে জবাব দিলো। যখনই লংফেলো কোনো মহিলার উদ্দেশ্যে এরকম কিছু করেন, সেটা যতো সংক্ষিপ্ত সময়ের জন্যেই হোক না কেন, ব্যাপারটা এমনই হয় যেনো তিনি কোনো ফুলের তোড়া উপহার দিচ্ছেন।

"কে, এই মহিলা?" ফিল্ডস্ ভুরু কুচ্‌কে জানতে চাইলেন।

"এই মহিলা হলেন," লংফেলো জবাব দিলেন, "সেই মহিলা, যে দু'বছর আগে এক শীতে কোপল্যান্ডে আমাদের সাথে দেখা করেছিলেন।"

"ওহ্, আচ্ছা, হ্যা। তিনি যদি নদী তীরে থেকে থাকেন, তবে তিনি আপনার

BanglaBook.org

www.BanglaBook.org

ফারনেসি'র প্লেটগুলোর ওপর কাজ করছেন, ওগুলো তো আমাদেরকে ফ্লোরেন্সে পাঠাতে হবে।"

"ফিল্ডস্," লংফেলো ঠোঁট কামড়ে বললেন।

"আমি দুঃখিত, লংফেলো," ফিল্ডস্ বললেন। "পরের বার আমি এই মহিলাকে দেখলেই, টুপি উঁচিয়ে ধরবো, কথা দিচ্ছি।"

লংফেলো মাথা ঝাঁকালেন। "না। ওখানে।" লংফেলোর দৃষ্টি অনুসরণ ক'রে ফিল্ডস্ দেখতে পেলেন এক অদ্ভুতরকমের কুঁজো লোককে যার সাথে উজ্জ্বল তৈলাক্ত চামড়ার একটা ব্যাগ রয়েছে, লোকটা অপর পাশের ফুটপাত ধ'রে খুব তাড়াহুড়ো ক'রে হেটে যাচ্ছে।

"এটা তো বাকি।"

"সে এক সময় হারভার্ডের ইন্সট্রাক্টর ছিলো না?" প্রকাশক বললেন। "সে তো দেখছি হেমন্তের সূর্যাস্তের মতোই রক্ত-রাঙা।" তারা দেখতে পেলেন ইন্সট্রাক্টর ভদ্রলোক এক কোণে অবস্থিত একটি দোকানের দিকে গেলো। সেই দোকানের জানালায় লেখা আছে ওয়াড এ্যান্ড সন্স এ্যান্ড কোং।

"ঐ দোকানটা কি আপনি চেনেন?" লংফেলো জিজ্ঞেস করলেন।

ফিল্ডস্ চেনেন না। "তাকে দেখে মনে হলো খুবই গুরুত্বপূর্ণ কোনো ব্যাপারে তাড়াহুড়ার মধ্যে আছে, তাই না।"

"একটু দেরি হলে মিঃ হাটন খুব বেশি কিছু মনে করবেন না।" লংফেলো ফিল্ডসের হাতটা ধরলেন। "আসুন, তাকে অপ্রস্তুত অবস্থায় ধ'রে আমরা হয়তো আরো কিছু জেনে নিতে পারবো।"

তারা রাস্তার মোড়ের দিকে এগোতেই দেখতে পেলেন জর্জ ওয়াশিংটন গৃন এক ঔষধের দোকান থেকে হাতে একগাঁদা জিনিস-পত্র নিয়ে ধীরে সুস্থে নামছেন; অনেক অসুখে আক্রান্ত লোকটি নিজেকে নতুন এক ঔষুধে চিকিৎসা করাচ্ছেন।

"হায় ঈশ্বর, এযে দেখছি গৃন," লংফেলো তার প্রকাশককে বললেন। "ফিল্ডস্, আমরা তাকে বাকির সঙ্গে কথা বলতে দেবো না, এটা খুবই গুরুত্বপূর্ণ।"

"কেন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

তবে তাঁদের দিকে গৃনের এগিয়ে আসাটার কারণে তারা থেমে গেলেন। "মাই ডিয়ার, ফিল্ডস্। আর লংফেলো! আজকে কী এমন কাজ পড়লো যে, বের হলেন?"

"মাই ডিয়ার বন্ধু," লংফেলো বললেন, উদ্বিগ্নতার সঙ্গে বাকিকে দেখা যায় কিনা তার জন্যে রাস্তার ওপারে ওয়াড এ্যান্ড সন্স এর দরজাটার দিকে লক্ষ্য রাখলেন। "রিভিয়ার হাউজে ডিনার করার জন্যে এইমাত্র এসে পৌছেছি। কিন্তু সপ্তাহের এই দিনে আপনার তো পূর্ব গৃনউইচ-এ থাকার কথা নয়?"

গৃন মাথা নেড়ে সায় দিলেন, একই সঙ্গে একটা দীর্ঘশ্বাস ফেললেন। "আমার স্বাস্থ্য ভালো না হওয়া পর্যন্ত আমার মেয়ে শেলি চাচ্ছে আমি যেনো তার কাছেই

BanglaBook.org

www.BanglaBook.org

থাকি। কিন্তু সারা দিন তো আর বিছানায় থাকতে পারি না। যদিও ডাক্তার তাই বলেছে। ব্যাথা-যন্ত্রণায় কোনো লোক মরে না, তবে শয্যাশায়ী লোকের জন্যে এটা সবচাইতে বাজে আর অস্বস্তিকর ব্যাপার।" তিনি তার নতুন নতুন সব উপসর্গ নিয়ে বিস্তারিত ব'লে চললেন। গৃন বক্‌বকানি শুরু করতেই লংফেলো আর ফিল্ডস্ তাঁদের চোখ দুটো রাস্তার ওপারে নিবদ্ধ করলেন। "কিন্তু আমি তো আমার অসুস্থতার কথা ব'লে ব'লে সবাইকে বিরক্ত করতে পারি না। এসবই দান্তে সেশনের জন্য একটা উপদ্রব হবে–তারপরও, এক সপ্তাহ হয়ে গেলো আমি কারো কাছ থেকে কোনো খবর পাই নি! আমি আশংকা করতে শুরু করেছি যে, প্রকল্পটি বুঝি বাতিল করা হয়েছে। তো, ডিয়ার লংফেলো, আমাকে বলুন, প্রকল্পটি আসলে বাতিল হচ্ছে না।"

"আমরা অল্প একটু বিরতি নিয়েছি," লংফেলো ঘাড় উঁচিয়ে রাস্তার ওপারে দেখে নিয়ে বললেন। ফিল্ডস্‌কে একটু ইশারা করলেন তিনি।

"কোনো সন্দেহ নেই যে, আমরা খুব জলদিই শুরু করছি আবার," ফিল্ডস্ যোগ করলেন। রাস্তার কোণে একটা গাড়ি এসে থামলে ঐ দোকানটা দৃষ্টির আড়ালে চলে গেলো। বাকি বের হলো কিনা সেটাও বোঝা গোলা না। "আমার মনে হয় আমাদেরকে এক্ষুণি যেতে হবে, মিঃ গৃন," ফিল্ডস্ বললেন, লংফেলোর বাহুটা ধরে তাকে সামনের দিকে টানার জন্যে তাড়া দিলেন।

"কিন্তু ভদ্রমাহোদয়গণ, আপনারা তো তালগোল পাকিয়ে ফেলছেন! রিভিয়ার হাউজটা তো উল্টো দিকে!" গৃন হেসে বললেন।

"হ্যা, তাই তো..." ফিল্ডস্ কী বলবেন খুঁজে পাচ্ছেন না।

"গৃন," লংফেলো কথার মাঝখানে বললেন। "আমাদেরকে প্রথমে অল্প সময়ের জন্যে একটু থামতে হবে। আচ্ছা চলুন না, মিঃ হাটন আর আমাদের সঙ্গে ডিনার করি?"

"আমার মনে হচ্ছে আমি যদি ফিরে না যাই তো আমার মেয়ে খুবই দুশ্চিন্তা করবে," গৃন বললেন। "ওহ্, দেখুন, এবার কে আসছে!" গৃন একটু পিছু হটে সংকীর্ণ ফুটপাটটাতে জায়গা ক'রে দিলেন। "মিঃ হাটন!"

"আমি খুবই দুঃখিত, ভদ্রমহোদয়গণ!" কালো পোশাক পরা হাটন তার হাতটা বাড়িয়ে দিলেন জর্জ ওয়াশিংটন গৃনের দিকে। "আমি রিভিয়ার হাউজেই যাচ্ছিলাম, এদিকটায় আপনাদের তিনজনকে দেখে চলে এলাম। আশা করি আপনাদের অপেক্ষা দীর্ঘ সময়ের জন্যে হয় নি। মিঃ গৃন, আপনি কি আমাদের সাথে আসবেন? আপনি আছেন কেমন, স্যার?"

"একেবারে অর্ধাহারে," এবার একেবারে দুঃখের সঙ্গে গৃন জবাব দিলেন। "এ জীবনে আমাদের বুধবার সন্ধ্যার দান্তে অভ্যাটিই ছিলো আমার প্রথম এবং শেষ উপাদেয় খাদ্য।"

লংফেলো আর ফিল্ডস্ পনেরো সেকেন্ড অন্তর অন্তর পালাক্রমে চোখ রাখলেন

BanglaBook.org

www.BanglaBook.org

ব্যাপার। দোকানটার সামনে এখনও বড় গাড়িটা দাঁড়িয়ে রয়েছে, ড্রাইভার বেশ ভাল নিয়েই ব'সে আছে, যেনো সে লংফেলো এবং ফিল্ডস্‌কে বিরক্ত করার মিশন নিয়েই এসেছে।

"ভিলো বললেন কি?" হাটন অবাক হয়ে গৃনকে বললেন। "ফিল্ডস্, এর সঙ্গে মি: ড: ম্যানিংয়ের কোনো সম্পর্ক আছে? তবে ফ্লোরেন্সের উৎসবের কি হবে, যারা প্রথম ভলিউমের স্পেশাল প্রিন্টিংয়ের জন্যে উদগ্রীব হয়ে আছে? প্রকাশনার তারিখটা পেছানো হয়েছে কিনা সেটা আমাকে জানতেই হবে। আমাকে অন্ধকারে রাখাটা ঠিক হবে না!"

"আরে, তা হবে কেন, হাটন," ফিল্ডস্ বললেন। "আমরা কেবল একটু আলসেমি করছি।"

"আর যে লোক সপ্তাহের সেই একটুকরো স্বর্গে অভ্যস্ত হয়ে গেছে তার কী হবে?" গৃন নাটকীয় ভঙ্গীতে দুঃখ প্রকাশ ক'রে বললেন।

"আমি জানি না," হাটন জবাব দিলেন। "আমি খুব চিন্তিত। আচ্ছা, আমি কি জিজ্ঞেস করতে পারি, ড. ম্যানিং এবং হারভার্ড এটা যেভাবে, যে পথে নিতে চাচ্ছেন, আপনার দান্তে কি সেটা ডিঙাতে পারবে?"

শূন্যে ওঠাতেই গৃনের হাত দুটো কাঁপতে লাগলো। "মি: হাটন, দান্তের ধারণাটি যদি যথার্থভাবে একটি মাত্র শব্দে প্রকাশ করা যেতো, তাহলে সেই শব্দটা হোতো *শক্তি*। তার জগতের যে ভূদৃশ্য সেটা চিরকালের জন্যে আপনার স্মৃতিতে, আপনার সত্যিকার জগতের পাশাপাশি স্থান ক'রে নেবেই। এমনকি যেসব শব্দ তিনি বর্ণনা করেছেন সেগুলো মুহূর্তেই ফিরে আসবে যখনই আপনি কোনো সমুদ্রের গর্জন, বাতাসের শব্দ অথবা পাখির কিচির মিচির শব্দ শুনবেন।"

বাকি দোকান থেকে বের হলে তারা তার দারুণ উত্তেজনাপূর্ণ ভাবভঙ্গীটি আর তার ব্যাগের বস্তুগুলো দেখতে পেলেন।

গৃন থামলেন। "ফিল্ডস্? ব্যাপারটা কি? মনে হচ্ছে ওখানে কিছু ঘটার জন্যে আপনি অপেক্ষা করছেন?"

লংফেলো একটু কব্জি নাড়িয়ে ফিল্ডস্‌কে ইশারা করলেন গৃনকে কথাবার্তায় ব্যস্ত রাখতে। ফিল্ডস্ ইশারাটা মুহূর্তেই বুঝে ফেললেন। "বুঝলেন, গৃন, যুদ্ধের পর প্রকাশনা জগতে বেশ কয়েকটি ঘটনা ঘটে গেছে..."

হাটনকে একটু পাশে টেনে নিয়ে গিয়ে লংফেলো নিচু স্বরে বললেন, "আমার আশংকা হচ্ছে, আমাদের ডিনারের ব্যাপারটা আজকে বাতিল করতে হবে, আরেক দিন সেটা করা যাবে। দশ মিনিটের মধ্যে ব্যাক বে থেকে একটা ঘোড়ার গাড়ি ছাড়বে। আমি আপনার কাছে অনুরোধ করছি, মি: গৃনকে নিয়ে সেখানে চলে যান। তাকে গাড়িতে উঠিয়ে, গাড়ি না ছাড়া পর্যন্ত অপেক্ষা করুন। লক্ষ্য রাখবেন, তিনি যেনো গাড়ি থেকে নেমে না যান," লংফেলো একটু ভুরু উঁচিয়ে কথাটা বললেন যাতে

BanglaBook.org

www.BanglaBook.org

ক'রে তার কথার গুরুত্বটা সম্যকভাবে বোঝা যায়। কোনো কথা জানতে না চেয়ে সৈনিকের মতো মাথা নেড়ে হাটন ফিরে গেলেন। হেনরি লংফেলো কি কখনও তার কাছে কোনো ব্যক্তিগত অনুরোধ করেছেন, অথবা তার জানা অন্য কারো কাছে? রিভার সাইড প্রেসের মালিক গৃনের হাতটা ধরলেন। "মিঃ গৃন, আমি কি আপনাকে ঘোড়ার গাড়িতে তুলে দিয়ে আসবো? আমার ধারণা একটু পরেই গাড়িটা ছেড়ে দেবে, আর এই নভেম্বরের ঠাণ্ডার মধ্যে কারো বেশিক্ষণ বাইরে দাড়িয়ে থাকাটা ঠিক না।"

তাড়াহুড়া ক'রে লংফেলো এবং ফিল্ডস্ বিদায় জানালে দুটো বিশাল বড় গাড়ি রাস্তা দিয়ে বেল বাজাতে বাজাতে চলে গেলো। দু'জন লোক যখন লক্ষ্য করলেন রাস্তার মোড়ে আর ইতালিয় ভদ্রলোকটিকে দেখা যাচ্ছে না, তখন তারা রাস্তা দিয়ে হাঁটতে শুরু করলেন। এক ব্লক সামনে এবং এক ব্লক পেছনে খোঁজ করলেন তারা, কিন্তু বাকির দেখা পেলেন না।

"গেলো কোথায়...?" ফিল্ডস্ জানতে চাইলেন।

লংফেলো আঙুল দিয়ে দেখাতেই ফিল্ডস্ দেখলেন, যে গাড়িটা তাঁদের আর দোকানের মাঝখানে বাঁধা হয়ে দাঁড়িয়ে ছিলো এতোক্ষণ, সেটার পেছনের সিটে বাকি আরাম ক'রে ব'সে আছে। গাড়ির ঘোড়াগুলো চলতে শুরু করলো এবার।

"কোনো ক্যাব যে ভাড়া করবো তাও তো দেখতে পাচ্ছি না," লংফেলো বললেন।

"আমরা হয়তো তাকে ধরতে সক্ষম হবো," ফিল্ডস্ বললেন। "এখান থেকে এক ব্লক দূরেই পাইকের ঘোড়া-গাড়িটা পাওয়া যাবে। বদমাশটা একটা আসনের জন্যে পচিশ সেন্ট চায়, আর যখন বুঝতে পারে খুব তাড়া রয়েছে তখন আধডলার চায়। এখানে হোমস্ ছাড়া আর কেউই তাকে ভোগাতে পারে না, আর সেও ডাক্তারকে ছাড়া অন্য কাউকে ভোগায় না।"

ফিল্ডস্ এবং লংফেলো দ্রুত পায়ে হেঁটে পাইককে খুঁজে পেলেও তার গাড়িটা পেলেন না। ২১ চার্লস স্ট্রিটে সেটা একটা ইটের দালানের সামনে রাখা আছে। তারা দু'জনেই পাইকের কাছে অনুরোধ জানালেন। ফিল্ডস্ একমুঠো টাকা তুলে ধরলেন।

"আরে, ভদ্রলোকেরা, কমনওয়েল্থের সব টাকা দিলেও আমি আপনাদের সাহায্য করতে পারবো না," পাইক বাজখাই গলায় বললো। "আমি ডাঃ হোমস্কে নেবার জন্যে ব'সে আছি।"

"শোনো পাইক, আমাদের কথা মন দিয়ে শোনো।" ফিল্ডস্ তার স্বভাবসুলভ কর্তৃত্বপূর্ণ কণ্ঠে বললেন। "আমরা ডাঃ হোমসের খুবই ঘনিষ্ঠজন। তিনি নিজে থাকলেও আমাদেরকে নিতে বলতেন।"

"আপনারা ডাক্তার সাহেবের বন্ধু?" পাইক জানতে চাইলো।

"হ্যা!" ফিল্ডস্ একধরণের স্বস্তি নিয়ে উচ্চস্বরে বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"তাহলে তো, একজন বন্ধু হিসেবে আপনারা তার ক্যাবটা নিয়ে যেতে পারেন না। আমি ডাক্তার হোমস্‌কে নিয়ে যাবার জন্যে ব'সে আছি।" পাইক আবারো কথাটা ব'লে ব'সে পড়লো, একটা হাতির দাঁতের কাঠি দিয়ে দাঁত খোঁচাতে লাগলো সে।

"আচ্ছা!" অলিভার ওয়েন্ডেল হোমস্ চোখ কুচ্‌কে তাকিয়ে আছেন। তার হাতে একটা হাতব্যাগ, পরনে কালো সুট, সাদা সিল্কের মাফলার আর সুটের বোতাম ঘরে একটা সাদা গোলাপ লাগানো। "ফিল্ডস্। লংফেলো শেষ পর্যন্ত এ্যালোপ্যাথির বক্তৃতা শুনতে এসে গেলেন দেখছি!"

পাইকের ঘোড়াটা চার্লস্ স্ট্রিট থেকে শহরের ব্যস্ততম এলাকার আঁকাবাঁকা পথঘাট দিয়ে যেতে লাগলো। পাইকের ঘোড়া-গাড়িটাতে চারজন যাত্রী বসার ব্যবস্থা রয়েছে, নিজেদের হাটু ঠিকমতো রেখেই। ডাঃ হোমস্ ড্রাইভারকে নির্দেশ দিয়েছিলেন ওভিওন-এ যাবার জন্যে, কিন্তু এখন গন্তব্যটা বদলে গেছে, আর সেটা মনে হচ্ছে ডাক্তার এবং ড্রাইভারের ইচ্ছার বিরুদ্ধেই। পাইকের মনে বেশ ভালো করেই মনে ছিলো যে, তাঁদেরকে ওভিওন-এ নিয়ে যেতে হবে।

"আমার লেকচারের কী হবে?" গাড়ির পেছনে বসা ফিল্ডস্‌কে জিজ্ঞেস করলেন হোমস্। "সব টিকেট বিক্রি হয়ে গেছে, জানেন!"

"আমরা বাকিকে খুঁজে তাকে দুয়েকটা প্রশ্ন করার পরই পাইক আপনাকে ঠিক সময়ে পৌছে দিতে পারবে," ফিল্ডস্ বললেন। "আর আমি এটা নিশ্চিত করবো আপনি যে দেরি করেছেন সেটা যেনো পত্রিকায় না ছাপা হয়। এ্যানির জন্যে গাড়িটা না পাঠালে আমরা এতোটা পিছিয়ে পড়তাম না!"

"কিন্তু আপনি যাই বলেন না কেন, তা তো নির্ভর করছে তাকে খুঁজে পাবার পর?" হোমস্ জিজ্ঞেস করলেন। "আচ্ছা, তাকে খুঁজে পেলে কী করবেন?"

লংফেলো বুঝিয়ে বললেন। "পরিস্কার বোঝা গেছে আজকে বাকিকে খুবই উদ্বিগ্ন দেখাচ্ছে। আমরা যদি তার বাড়ির বাইরে তার সঙ্গে কথা বলি এবং তার মদ্যপহীন অবস্থায়–সে হয়তো খুব বেশি বিরোধীতা করবে না। গৃন যদি মাঝখানে না এসে পড়তেন তবে আমরা বাকিকে খুব সহজেই পাকড়াও করতে পারতাম। আমার একবার বলতে ইচ্ছে করছিলো বেচারা গৃনকে সব খুলে বলি, কিন্তু সত্যটা শুনে তিনি এমন আঘাত পেতেন যে, এতো দূর্বল শরীরে সেটা তার সহ্য নাও হতে পারতো। তার এতোটাই বিপদ আর সমস্যা গেছে যে, তিনি এখন মনে করেন এই দুনিয়াটাই তার বিরুদ্ধে। বজ্রপাত পড়া ছাড়া তার ভাগ্যে আর কিছু অবশিষ্ট নেই।"

"ঐ তো সেটা!" তাদের থেকে পঞ্চাশ হাত দূরে একটা গাড়ির দিকে ইঙ্গিত ক'রে ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন। "লংফেলো, এই গাড়িটাই তো, তাই না?"

লংফেলো জানালা দিয়ে মাথাটা বের ক'রে দেখে নিয়ে সম্মতি জানালেন।

www.BanglaBook.org

"ক্যাবি, ওটার পেছনে যাও!" ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন।

পাইক ঘোড়ার পিঠে চাবুক মারলে গাড়ির গতি আচম্‌কা বেড়ে গেলো। সেটা গতি সীমার চেয়ে অনেক বেশি–বোস্টনের বোর্ড অব সেফটি সাম্প্রতিককালে এই গতি সীমাটি নির্ধারণ ক'রে দিয়েছে। "আমরা তো পূর্ব দিকে চলে যাচ্ছি!" পাইক ড্রাইভারের আসন থেকে চিৎকার ক'রে জানালো। "ওডিওন থেকে অনেক দূরে সেটা, বুঝলেন ডাক্তার হোমস্!"

লংফেলোকে জিজ্ঞেস করলেন ফিল্ডস্, "আমরা গৃনের কাছ থেকে বাকিকে আড়াল করলাম কেন? আমার মনে হয় না তারা একে অন্যের সঙ্গে পূর্ব পরিচিত।"

"অনেক দিন আগে, রোমে," লংফেলো মাথা নেড়ে বললেন। "মিঃ গৃনের সঙ্গে বাকির দেখা হয়েছিলো। আমি খুব শংকিত ছিলাম এ নিয়ে যে, বাকিকে যদি গৃনের সামনে ডেকে আনতাম তবে গৃন হয়তো আমাদের দান্তে প্রকল্পটি নিয়ে খুব বেশি কিছু ব'লে ফেলতেন–তাতে ক'রে বাকির মন খুলে কথা বলতে বিঘ্ন সৃষ্টি করা হোতো, সে নিজেকে আরো বেশি দীনহীন ভাবতো।"

কয়েকবারই পাইক তাঁদের লক্ষ্যবস্তুটাকে হারিয়ে ফেললো। তবে অতি দ্রুতই আবার ওটার নাগাল পেতে সক্ষম হলো সে। ওই গাড়িটার ড্রাইভারেরও মনে হলো বেশ তাড়া আছে, তবে এই পিছু নেয়ার ব্যাপারটা সর্ম্পকে সে একেবারেই অজ্ঞ। সমুদ্রতীরবর্তী এলাকার সংকীর্ণ পথগুলোর কাছে আসতেই তাদের শিকারটা আবারো ফস্‌কে গেলো। এরপর আবারো দেখা গেলো, পাইক ঈশ্বরের নাম ধরে গালাগালি করলো, তারপর আবার সেজন্যে ক্ষমাও চাইলো। এবার একটু সময়ের জন্যে থামলে লংফেলোর কোলের উপর এসে পড়লেন হোমস্।

"এই তো সে আসছে!" তাদের প্রতিপক্ষ গাড়িটা তাদের দিকে আসতে থাকলে পাইক বললো। সেটা বন্দর থেকে অন্য দিকে চলে যাচ্ছে। কিন্তু এর যাত্রীদের আসনগুলো একেবারেই ফাঁকা।

"সে অবশ্যই বন্দরের দিকে যাচ্ছে!" ফিল্ডস্ বললেন।

পাইক আবারো পিছু নিতে শুরু করলো। তারা তিন জন দেখলেন বন্দর থেকে রওনা দেয়া জাহাজের উদ্দেশ্যে লোকজন হাত নেড়ে বিদায় জানাচ্ছে। কারো কারো হাতে রুমালও রয়েছে।

"দিনের এই সময়ের বেশিরভাগ জাহাজই লং হোয়ার্ফ-এর উদ্দেশ্যে রওনা দেয়," লংফেলো বললেন। যৌবনে তিনি প্রায়ই বন্দরে হেটে বেড়াতেন, জার্মানি এবং স্পেন থেকে আসা জাহাজের মানুষগুলোর নিজের মাতৃভাষায় কথা বলতে শুনতেন।

ফিল্ডস্ চুপ থাকতে পারলেন না বেশিক্ষণ। "ওয়েন্ডেল?"

"এখানে, ফিল্ডস্!" লোকজনের ভেতর থেকে হোমস্ উচ্চস্বরে বললেন।

হোমস্ লংফেলোকে খুঁজে পেলেন এক কালো লোকের কাছে বাকির বর্ণনা দিচ্ছেন। লোকটা মদের ড্রাম ওঠাচ্ছে।

BanglaBook.org

www.BanglaBook.org

ফিল্ডস্ ঠিক করলেন অন্য দিকের যাত্রীদেরকে জিজ্ঞেস করবেন, কিন্তু জেটির মাথায় এসেই থেমে গেলেন তিনি।

"আরে, পোশাক তো দেখছি ভালোই পরেছো," জাহাজের এক পেটমোটা মাস্টার ফিল্ডসের হাতটা খপ্ ক'রে ধরে তাকে টেনে সরিয়ে নিলো। "এইসব জাহাজে উঠতে যাওয়া লোকদের সামনে থেকে সরে দাঁড়াও–যদি না তোমার কাছে কোনো টিকেট থাকে।"

"স্যার," ফিল্ডস্ বললেন, "আমার একটু সাহায্যের দরকার। ছোটোখাটো এক লোক, মলিন নিল রঙের ফ্রককোট পরা, চোখ দুটো লাল–তাকে কি আপনি দেখেছেন?"

জাহাজের মাস্টার তার কথাটা আমলেই নিলো না। সারি সারি যাত্রীদের নিয়েই ব্যস্ত হয়ে পড়লো সে। লোকটা তার টুপি খুললে ফিল্ডস্ সেটা দেখলেন (তার বড়সড় মাথাটার তুলনায় খুবই ছোটো)। নিজের কোকড়ানো চুলে আঙুল চালালো লোকটা।

ফিল্ডস্ চোখ দুটো বন্ধ ক'রে ফেললেন যেনো লোকটার অদ্ভুত উত্তেজনাপূর্ণ নির্দেশ শোনার জন্যে। তার মনে একটা মৃদু আলোর ঘরের ছবি ভেসে উঠলো, সেখানে একটা গ্যাসবাতি জ্বলছে। "হদর্ন," ফিল্ডস্ একটা ঘোরের মধ্যে আপন মনে বললেন।

জাহাজের মাস্টার একটু থেমে ফিল্ডসের দিকে ফিরলো। "কি?"

"হদর্ন।" ফিল্ডস্ হাসলেন, জানেন তিনি একদম ঠিক ধরতে পেরেছেন। "আপনি মিঃ হর্দনের উপন্যাসের একজন কট্টর ভক্ত।"

"তো, তুমি..." জাহাজের মাস্টার একটু দম নিয়ে নিলো। "সেটা তুমি কি ক'রে জানলে? আমাকে এক্ষুণি বলো!"

যেসব যাত্রীদেরকে সে বিভিন্ন শ্রেণীতে ভাগ ক'রে সংগঠিত করছিলো তারাও শোনার জন্যে থেমে গেলো।

"সে কথা থাক।" ফিল্ডসের মধ্যে একধরণের রোমাঞ্চ অনুভূত হলো। লোকজনদের দেখে তাদের মনের কথা সফলভাবে পড়ে ফেলার সময় এমনটি তার হয়ে থাকে। এটাই তো তাকে অনেক বছর আগে একজন ভ্রাম্যমাণ বই বিক্রেতা হিসেবে প্রসার লাভ করতে সাহায্য করেছিলো। "এই কাগজে আপনার ঠিকানাটা লিখে দিন, আমি আপনার কাছে হদর্নের সবগুলো সেরা লেখা পাঠিয়ে দেবো, সেটাতে হদর্নের বিধবা পত্নীর স্বাক্ষরও থাকবে।" ফিল্ডস্ কাগজটা বাড়িয়ে দিয়ে আবার একটু সরিয়ে নিলেন। "যদি আজকে আমাকে সাহায্য করেন তো, স্যার।"

লোকটা আচম্কা ফিল্ডসের ক্ষমতার ব্যাপারে কুসংস্কারগ্রস্ত হয়ে পড়লো, একেবারে বাধ্য ছেলের মতো আচরণ করলো সে।

ফিল্ডস্ পায়ের পাতায় ভর দিয়ে লংফেলো এবং হোমস্কে তার দিকেই আসতে দেখলেন। তিনি চিৎকার ক'রে ডাকলেন। "ঐ জেটিটাতে একটু খুঁজে দেখুন!"

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ এবং লংফেলো একজন হারবার মাস্টারকে হাত নেড়ে ডেকে তার কাছে বাকির বর্ণনা দিলেন। "তাকে আমি এখানে আসতে দেখেছি," লোকটা দ্বিধাগ্রস্ত কণ্ঠে জবাব দিলো। "আমার বিশ্বাস, সে উদ্বিগ্ন হয়ে দৌড়াতে দৌড়াতে ওখানে উঠেছে," একটা ছোট্ট নৌকা দেখিয়ে বললো সে। ঐ নৌকাটাতে পাঁচজনের বেশি যাত্রী ওঠা সম্ভব নয়।

"ভালো, ঐ ছোট্ট নৌকাটা খুব বেশি দূরে যেতে পারবে না। সেটা যাচ্ছে কোথায়?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"ওটা? ওটা তো একটা সামান্য নৌকা, স্যার। *এনোনিমো*'টা এতোটাই বড় যে, জেটিতে লাগানো যায় না। তাই ওটা একটু দূরে অপেক্ষা করে। বুঝলেন?"

জাহাজটা কুয়াশার কারণে দেখা যাচ্ছে না, একবার দেখা গিয়ে আবার মিলিয়ে যাচ্ছে ধোঁয়ায়। কিন্তু সেটা একটা বিশাল আকারের স্টিমার, এরকমটি তারা কখনই দেখে নি।

"ওহ্, আপনার বন্ধু ওটাতে ওঠার জন্যে বেশ মরিয়া ছিলো ব'লে মনে হয়। ঐ ছোট্ট নৌকাটাতে ক'রে শেষ যাত্রীর দলটা জাহাজের কাছে চলে গেছে। মানে, যারা একটু দেরিতে এসেছে তারাই ওটাতে ক'রে গেছে। এর পরই সেটা ছেড়ে দিয়েছে।"

"কোথায় যাচ্ছে?" ফিল্ডস্ জানতে চাইলেন, তার মনটা একেবারে ভেঙে গেছে।

"কেন, আটলান্টিকের ওপারে, স্যার," হারবার মাস্টার অবাক হয়ে বললো। "ফ্রান্সের মার্সেই'তে একটা বিরতি দেবে, তারপর সোজা ইতালিতে চলে যাবে!"

ডাঃ হোমস্ শেষ পর্যন্ত তার বক্তব্য দিতে ওডিওন-এ যেতে পারলেন। লংফেলো আর ফিল্ডস্ দ্বিতীয় সারিতে ডাঃ হোমসের ছোটো ছেলে নেডি, এমেলিয়াদের দু'জন আর হোমসের ভাই জনের সাথে বসলেন।

শ্রোতাদের উদ্দেশ্যে হোমস্ তার বক্তৃতায় বললেন সারিয়ে তোলাটা হলো একটি চলমান প্রক্রিয়া। "এভাবে এটার উদ্ভব ঘটে বিজ্ঞান আর কবিতার মাঝামাঝি কোনো জগতে, কাণ্ডজ্ঞান সম্পূর্ণ মানুষেরা, যেমনটি তাদেরকে ডাকা হয়, এসবের সঙ্গে নিজেকে মেলাতে খুব লজ্জা পায়।"

হোমস্ তার পরিবারের সদস্য এবং বন্ধুরা যে সারিতে বসেছে সেখানে তাকিয়ে ওয়েন্ডেল জুনিয়রের জন্যে বরাদ্দ রাখা খালি আসনটা দেখলেন।

"আমার বড় ছেলে যুদ্ধে এরকমই একটি আঘাত পেয়েছিলো, আঙ্কেল স্যাম তাকে বাড়িতে পাঠিয়ে দিয়েছিলো আর সে তার জন্মগত ওয়েস্ট-কোটটাতে নতুন কয়েকটা বোতাম-ঘর সঙ্গে নিয়ে ফিরে এসেছিলো।" হাসির রব উঠলো। "এই যুদ্ধে অনেক ভালো হৃদয়ও বিদ্ধ হয়েছে। যেগুলোতে দৃশ্যমান কোনো বুলেট বিদ্ধ হবার দাগ নেই।"

BanglaBook.org

www.BanglaBook.org

লেকচার শেষ হবার পর ডা: হোমস্‌কে প্রশংসায় ভাসিয়ে দেয়া হলো। লংফেলো আর হোমস্ তাঁদের প্রকাশককে সঙ্গে নিয়ে কর্নার-এ অবস্থিত লেখকদের ঘরে ফিরে যাবেন লাওয়েলের জন্যে অপেক্ষা করতে। সিদ্ধান্ত নেয়া হলো যে, আগামী বুধবার, লংফেলোর বাড়িতে তাঁদের অনুবাদের ব্যাপারে একটি মিটিংয়ের ব্যবস্থা করা হবে।

পরিকল্পিত সেশনটা দুটো উদ্দেশ্যে করা হলো। প্রথমত, এটা অনুবাদের বর্তমান অবস্থাটা নিয়ে গৃনের দুঃশ্চিন্তা দূর করবে। দ্বিতীয়ত, এবং সম্ভবত সবচাইতে গুরুত্বপূর্ণ, এটা লংফেলোর অনুবাদকর্মকে আরো বেশি ত্বরান্বিত করবে। ১২৬৪ সালে জন্মগ্রহণ করা দান্তের ছয়শো বছর জন্মজয়ন্তী উপলক্ষ্যে ফ্লোরেন্সে যে উৎসব হবে সেখানে *ইনফার্নো*'র অনুবাদের একটি কপি পাঠানোর প্রতীজ্ঞা করেছেন লংফেলো, সেটা রক্ষা করাই এর উদ্দেশ্য।

লংফেলো এটা স্বীকার করতে চাইছিলেন না যে, যদি তাঁদের তদন্ত কাজটির কোনো অলৌকিক অগ্রগতি না হয় তবে ১৮৬৫ সালের মধ্যে অনুবাদের কাজটি তিনি শেষ করতে পারবেন না। এখনও তিনি রাতের বেলায় তার অনুবাদের কাজটি শুরু করেন, একাকী, নির্জনে দান্তের মধ্যে সঙ্গোপনের ডুবে যান, যদিও তার চোখে ভাসতে থাকে হিলি এবং ট্যালবোটের রহস্যজনক হত্যাকাণ্ডটি।

"মি: লাওয়েল সম্পর্কে কি কথা হচ্ছে?" একটা মৃদু কণ্ঠ লেখকদের ঘরের দরজায় টোকা মেরে বললো।

কবিরা একেবারে ক্লান্ত হয়ে আছেন। "না, তা হচ্ছে না," ফিল্ডস্ অদৃশ্য প্রশ্নকারীর উদ্দেশ্যে বললেন।

"চমৎকার!"

বোস্টনের সওদাগর যুবরাজ ফিনিয়াস জেনিসন, সবসময় যিনি সাদা সুট আর টুপি প'রে থাকেন, দরজা খুলে ভেতরে ঢুকেই রাজসিক ভঙ্গীতে দরজাটা বন্ধ ক'রে দিলেন। "আপনার একজন কেরাণী আমাকে বললো যে, আপনাকে এখানে পাওয়া যেতে পারে, মি: ফিল্ডস্। আমি লাওয়েলের সম্পর্কে একেবারে খোলামেলা কথা বলতে চাই, ঐ বুড়ো খোকাটা এখানে চলে আসার আগেই।" তিনি ফিল্ডসের লোহার র‍্যাকে লম্বা সিল্কের টুপিটা রাখলে তার চক্‌চকে চুলগুলো আলোয় মুখ দেখলো। "মি: লাওয়েল একটা সমস্যায় পড়েছেন।"

অতিথি ভদ্রলোক কবি দু'জনকে খেয়াল করতেই একটু চম্‌কে গেলেন। তিনি হোমস্ আর লংফেলোর হাত ধরতেই প্রায় এক হাটু মুড়ে ব'সে পড়লেন। এমনভাবে তাঁদের হাত ধরলেন যেনো পুরনো এবং বিরলতম কোনো মদের বোতল ধরে রেখেছেন।

জেনিসন তার বিশাল সম্পদ বিলিয়ে দিয়েছেন শিল্পীদের পৃষ্ঠপোষকতার কাজে আর সাহিত্যের প্রশংসা করে। তার চেনাজানা প্রতিভাবানদের কাছ থেকে কেবলমাত্র

BanglaBook.org

www.BanglaBook.org

ধনী হবার জন্যে প্রশংসা পেয়ে তিনি কখনও প'টেও যান না। জেনিসন একটা আসনে বসলেন। "মিঃ ফিল্ডস্। মিঃ লংফেলো। ডাঃ হোমস্," তাঁদের নামগুলো বেশ জোড়ালোভাবে উচ্চারণ করলেন তিনি। "আপনারা সবাই ডিয়ার লংফেলোর বন্ধু, আমার চেয়েও তার সঙ্গে আপনাদের ঘনিষ্ঠতা বেশি, কারণ প্রতিভাবানদের সঙ্গে প্রতিভাবানদেরই বেশি ভালো জানাশোনা থাকে।"

হোমস্ কথার মাঝখানে তাড়া দিয়ে বললেন, "মিঃ জেনিসন, জেমির কি কিছু হয়েছে?"

"আমি জানি, ডাক্তার," জেনিসন একটা দীর্ঘশ্বাস ফেললেন। "আমি জানি এইসব দান্তেকে নিয়ে কীসব ঘটছে, আর আমি এখানে এসেছি, কারণ আমি চাই আপনাদেরকে সাহায্য করতে।"

"দান্তেকে নিয়ে ঘটছে?" ফিল্ডস্ ভাঙা কণ্ঠে প্রতিধ্বনিত করলেন।

জেনিসন নিরবে মাথা দোলালেন।

"এইসব অভিশপ্ত কর্পোরেশন এবং লাওয়েলের দান্তে কোর্সটা বাদ দেয়ার অলীক আশার কথা বলছি। আপনাদের অনুবাদকর্মটি থামানোর চেষ্টা করা হচ্ছে, মাইন ডিয়ার ভদ্রমহোদয়গণ! লাওয়েল আমাকে এসবই বলেছেন, যদিও আমার কাছে সাহায্য চাইতে তার কার্পন্য হচ্ছিলো।" তিন জনের স্বস্তির একটা দীর্ঘশ্বাস বের হয়ে এলো একসঙ্গে।

"এখন, আপনারা নিশ্চয় জানেন, লাওয়েল সাময়িকভাবে তার ক্লাশটা বাতিল করেছেন," জেনিসন বললেন। "তো, এটা হতে দেয়া যায় না। এটা জেমস্ রাসেল লাওয়েলের প্রতিভাকে অবমূল্যায়ন করছে, কোনো লড়াই ছাড়া এটা হতে দেয়া যায় না। আমার আশংকা, লাওয়েল যদি আপোসরফার মধ্যে যান তো তিনি নির্ঘাত বিপদের মধ্যে পড়বেন! আর কলেজে আমি শুনেছি, ম্যানিং খুব উৎফুল্ল হয়ে আছেন।" কথাটা বললেন বেশ চিন্তিত ভঙ্গীতে কিন্তু কর্কশভাবে।

"আপনি আমাদেরকে কী করতে বলেন, মাই ডিয়ার জেনিসন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"তার সাহস বাড়ানোর জন্যে তাগিদ দিন।" জেনিসন তার মুষ্টিবদ্ধ হাতটা তুলে বোঝালেন। "তাকে কাপুরুষতা থেকে রক্ষা করুন, তা না হলে আমাদের শহর এক শক্তিশালী হৃদয়কে হারাবে। আমার অবশ্য আরেকটা আইডিয়াও রয়েছে। দান্তে চর্চার জন্যে একটা স্থায়ী সংগঠন তৈরি করুন–আমি নিজে আপনাদের সাহায্যার্থে ইতালিয়দেরকে জড়িত করবো!" কোমরের বেল্ট থেকে টাকা হাতে নিয়ে গুনতে গুনতে জেনিসনের মুখে হাসি দেখা গেলো। "এক ধরণের দান্তে সমিতি আর কি, উনার সাহিত্যকে এবং আপনাদেরকে রক্ষা করার জন্যে কাজ করবে, বন্ধুগণ। আপনারা কী বলেন? কেউ আমার জড়িত থাকার ব্যাপারটা জানবে না, আর আপনারা ফেলোদেরকে এ ব্যতিব্যস্ত রাখবেন।"

BanglaBook.org

www.BanglaBook.org

কেউ কোনো জবাব দেবার আগেই লেখকের ঘরের দরজাটা খুলে গেলো। সবাই দেখতে পেলেন লাওয়েল ভুরু কুচ্‌কে তাঁদের দিকে তাকিয়ে আছেন।

"আরে লাওয়েল, হয়েছেটা কি?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন।

লাওয়েল কথা বলতে শুরু করতেই জেনিসনকে দেখে থেমে গেলেন। "ফিনি? তুমি এখানে কী করছো?"

জেনিসন সাহায্যের আশায় ফিল্ডসের দিকে তাকালেন। "মিঃ জেনিসন এবং আমার কিছু কাজ ছিলো," ফিল্ডস্ বললেন, টাকার বেল্টটা ব্যবসায়ীর হাতে ধরিয়ে দিয়ে তাকে ঠেলে দরজার দিকে নিয়ে গেলেন তিনি। "কিন্তু এইমাত্র চলে যাচ্ছিলেন।"

"আশা করি কোনো সমস্যা হয় নি, লাওয়েল। খুব জলদিই আমি আপনার সঙ্গে দেখা করবো, বন্ধু!"

ফিল্ডস্ সান্ধ্যকালীন শপ-বয় টিলকে হলে খুঁজে পেলে তাকে বললেন জেনিসনকে এগিয়ে দিয়ে আসার জন্যে। এরপরই তিনি লেখকদের ঘরের দরজাটা বন্ধ ক'রে দিলেন।

লাওয়েল কাউন্টার থেকে এক গ্লাস মদ নিয়ে পান করলেন। "ওহ্, আপনারা সৌভাগ্যের কথাটা বিশ্বাসই করবেন না, বন্ধুগণ। আমি হাফ মুন-এ বাকিকে খুঁজতে গিয়ে আমার মাথাটা প্রায় খারাপ ক'রে ফেলেছিলাম। তাকে কোথাও পাওয়া যায় নি, আর কেউ জানে না কোথায় তাকে পাওয়া যাবে–আমার মনে হয় না, স্থানীয় ডাবলিনবাসীরা কোনো ইতালিয়র সঙ্গে তেমন কথাবার্তা ব'লে থাকে। আজকের বিকেলে আমিও আপনাদের মতো ব্যস্ত ছিলাম।"

ফিল্ডস্, হোমস্ এবং লংফেলো চুপ রইলেন।

"কি? হয়েছে কি?" লাওয়েল জানতে চাইলেন।

লংফেলো তাঁদেরকে ক্রেইগি হাউজে রাতের খাওয়াদাওয়া করার প্রস্তাব করলে খাবার টেবিলে যেতে যেতে তারা বাকির ঘটনাটা লাওয়েলকে বুঝিয়ে বললেন। টেবিলে ব'সে ফিল্ডস্ তাকে বললেন কিভাবে হারবার মাস্টারকে ঘুষ দেবার প্রলোভন দেখিয়ে বাকির ভ্রমণের ব্যাপারে তথ্য যোগাড় করেছেন তিনি। বাকির এন্ট্রি দেখে জানা গেছে, সে একটা রাউন্ড-ট্রিপ টিকেট ডিসকাউন্টে কিনেছে, টিকেট মোতাবেক ১৮৬৭ সালের আগে তার ফেরার কথা নয়।

লংফেলোর পার্লারে ফিরে লাওয়েল ধপাস্ ক'রে চেয়ারে ব'সে স্তম্ভিত হয়ে পড়লেন। "সে জানতো তাকে আমরা খুঁজে বেড়াচ্ছিলাম। অবশ্য–আমরা যে লোন্‌জা সম্পর্কে জানি সেটা সে জেনে গেছে! আমাদের লুসিফার আমাদের আঙুলের ফাঁক গ'লে বের হয়ে গেছে!"

"তো, আমাদের এটা উদ্‌যাপন করতে হবে," হোমস্ হেসে বললেন। "আপনার কথা যদি ঠিক হয়ে থাকে তবে এর অর্থ কী, সেটা কি আপনি দেখতে পাচ্ছেন না?

www.BanglaBook.org

আরে, আপনার ওপেরা গ্লাসে ছিদ্রটা খুবই ছোটো, সেটা দিয়ে কেবল উৎসাহব্যঞ্জক কিছুই দেখা যায়।" ফিল্ডস্ একটু ঝুঁকলেন। "জেমি, বাকি যদি খুনি হয়ে থাকে..."

হোমস্ একটা উজ্জ্বল হাসি হেসে ভাবনাটা গুছিয়ে নিলেন : "তাহলে তো আমরা বেঁচেই গেলাম। শহরটাও নিরাপদ হয়ে গেলো। আর দান্তে! আমরা যদি তাকে আমাদের জ্ঞানের সাহায্যে তাড়িয়ে দিতে পারি, তবে তো আমরা তাকে পরাজিতই করেছি বলা যায়, লাওয়েল।"

ফিল্ডস্ উঠে দাঁড়িয়ে চিন্তিতভাবে ভুরু কুচ্‌কালেন। "ওহ্, ভদ্রমহোদয়গণ, সাটারডে ক্লাবকে লজ্জায় ফেলতে আমি একটা দান্তে ভোজ দেবো। খাসির মাংস ভূনা কি লংফেলোর কবিতার মতো ভালো স্বাদের হবে না! মোঁয়া সিগারেটের ধোঁয়া হোম্‌সের হাস্যরসের মতো আর লাওয়েলের ব্যঙ্গ-বিদ্রূপ বাঁকা ছুঁড়ির মতোই কি মনে হবে!"

ফিল্ডসের উদ্দেশ্যে থ্ চিয়ার্স করা হলো।

এসবই লাওয়েলকে কিছুটা স্বস্তি এনে দিলো, যেমনটি দিয়েছে দান্তের অনুবাদের সেশনটি—স্বাভাবিক সময় আবার শুরু হলো, তাঁদের পাণ্ডিত্যের মুহূর্তগুলোর বিশুদ্ধ উপভোগের প্রত্যাবর্তন হলো। তিনি আশা করলেন এই ধরণের জঘন্য ব্যাপারে দান্তের জড়িত হবার কথাটা ভেবে তারা যেনো এই আনন্দটাকে নষ্ট না ক'রে দেন।

মনে হলো লংফেলো জানেন লাওয়েল কী নিয়ে উদ্বিগ্ন। "ওয়াশিংটনের দিনগুলোতে," তিনি বললেন, "তারা চার্চের অর্গানের সাথে বুলেটকে গুলিয়ে ফেলেছিলো, মাই ডিয়ার লাওয়েল। তাদের এছাড়া আর কোনো উপায় ছিলো না। এখন, লাওয়েল, হোমস্, আমাদের প্রকাশক ফিল্ডস্ যখন রান্নাঘরের কাজের অগ্রগতি দেখতে থাকবেন আপনারা কি তখন আমার সঙ্গে নিচের মদের-ঘরে আসবেন?" টেবিল থেকে একটা মোমবাতি তুলে নিয়ে তিনি বললেন।

"আহ্, যেকোনো বাড়ির সত্যিকারের প্রাণ!" লাওয়েল চেয়ার থেকে লাফিয়ে উঠলেন। "আপনার কাছে কি কোনো পুরনো মদ আছে, লংফেলো?"

"আপনি আমার নীতিটা জানেন, মি: লাওয়েল :

আমন্ত্রিত হবে যখন একজন
সেরা মদের করবে আয়োজন।
যখন আসবে দু'জন,
দ্বিতীয় সেরাটি দেবে তখন।"

সবাই একসঙ্গে হেসে উঠলেন, এক ধরণের স্বস্তির বহিঃপ্রকাশ হিসেবে যেনো সেটা বের হয়ে এলো।

"কিন্তু, আমাদের এখানে তো চারজন আছে!" হোমস্ বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"তাহলে আমাদের খুব বেশি কিছু প্রত্যাশা না করাই ভালো, মাই ডিয়ার ডাক্তার," ধাংফেলো বললেন। হোমস্ আর লাওয়েল মোমের আলোতে তাকে অনুসরণ ক'রে বেসমেন্টের দিকে চললেন। লাওয়েল তার হাসি এবং কথপোথনটাকে তার পায়ের তীব্র যন্ত্রনা থেকে মনোযোগটা সরানোর কাজে ব্যবহার করলেন। তার গোড়ালীর লাল রঙের ফুলে যাওয়া অংশটা টাটাচ্ছে এখন।

ফিনিয়াস জেনিসন, সাদা কোট আর হলুদ রঙের ওয়েস্ট কোট প'রে আছেন, মাথার টুপিটাও সাদা, তার ব্যাক-বে ম্যানশনের সিঁড়ি দিয়ে নিচে নেমে এলেন। হাঁটতে হাঁটতে শিস্ বাজালেন। তিনি তার স্বর্ণ খচিত হাতের লাঠিটা ঘুরিয়ে খুব জোরে হেসে উঠলেন যেনো কোনো মজার জোকের কথা মনে পড়ে গেছে তার। ফিনিয়াস জেনিসন বোস্টনে এভাবে ঘোরাঘুরি করার সময় প্রায়ই আপন মনে হেসে ওঠেন। বোস্টন হলো এমন একটা শহর যেখানে তিনি সবকিছুই অর্জন করেছেন। কেবল একটা ক্ষেত্রই জয় করা বাকি রয়ে গেছে এখনও, এমন এক ক্ষেত্র যেখানে টাকা পয়সা খুব কমই প্রভাব ফেলতে পারে, যেখানে রক্তই নির্ধারণ ক'রে দেয় কারোর আভিজাত্য, আর এটাকেই তিনি জয় করতে যাচ্ছেন, সাম্প্রতিক বাধাটা সত্ত্বেও।

রাস্তার ওপার থেকে তার ম্যানশন থেকে বের হবার পর, প্রতিটি পদক্ষেপেই তাকে নজরদারী করা হচ্ছে। পরের পাপাত্মাটার শাস্তি দেবার প্রয়োজন রয়েছে। দেখো, সে কিভাবে শিস্ বাজায়, হাসে, যেনো সে কোনো খারাপ কিছুই জানে না, চেনে না কোনো পাপীকে। পদক্ষেপের পর পদক্ষেপ। এ শহরের লজ্জা আর এ শহরের ভবিষ্যৎকে পরিচালিত করতে পারবে না। এই শহর তার আত্মা হারিয়েছে। যে একজন পাপীকে বলি দেবে সেই তাদের সবাইকে একত্রিত করবে। যে লোকটা নজরদারী করছে সে ডাক দিলো।

জেনিসন গাল চুলকালেন। এটা তার বিখ্যাত বাতিক। অন্ধকারের দিকে ভালো ক'রে চেয়ে দেখলেন তিনি। "কেউ কি আমার নাম ধরে ডেকেছেন?"

কোনো জবাব এলো না।

জেনিসন রাস্তাটা পার হয়ে সামনের দিকে তাকালেন। আবছা আবছা দেখতে পেলেন লোকটা চার্চের পাশে ঠাঁয় দাঁড়িয়ে রয়েছে। "আহ্, তুমি। মনে পড়েছে তোমাকে। কি চাও তুমি?"

জেনিসনের মনে হলো লোকটা তার পেছনে এসে পড়েছে, এরপরই সওদাগর যুবরাজের পিঠে কিছু একটা এসে বিঁধলো।

"আমার টাকাগুলো নাও, স্যার, সব নাও! দয়া করো! এটা নিয়ে আমায় ছেড়ে দাও। আমি তোমার পিছু নেবো না। কতো চাও? বলো! কী বললে?"

"আমার মধ্য দিয়ে লোকজন হারিয়েছে। আমার মধ্য দিয়ে।"

BanglaBook.org

www.BanglaBook.org

জে.টি ফিল্ডস্ পরের দিন সকালে তার গাড়িতে ব'সে যখন যাচ্ছে তখন তিনি কোনোভাবেই প্রত্যাশা করেন নি এরকম একটি জিনিস প্রত্যাশা করবেন। একটি মৃতদেহ।

"সামনে যাও, একটু," ফিল্ডস্ তার ড্রাইভারকে বললেন। তিনি আর লাওয়েল গাড়ি থেকে নেমে ফুটপাত দিয়ে হেটে ওয়াড এ্যান্ড সন-এর দিকে গেলেন। "হারবারে যাওয়ার আগে এখানেই বাকি এসেছিলো।" ফিল্ডস্ লাওয়েলকে দেখিয়ে বললেন।

তারা শহরের কোনো ডায়রেক্টরিতে এই দোকানটার তালিকা খুঁজে পান নি।

"বাকি যদি এখানে কোনো অপকর্ম ক'রে না থাকে তবে আমাকে ফাঁসিতে ঝোলাবেন," লাওয়েল বললেন।

তারা আল্‌তো ক'রে দরজায় টোকা দিলেন। তারপর কিছুক্ষণ বাদে দরজাটা খুলে গেলে একজন লম্বা, নীল কোট আর উজ্জ্বল বোতাম পরিহিত লোককে দেখা গেলো। তার হাতে জিনিস পত্রে পূর্ণ একটি বাক্স।

"ক্ষমা করবেন," ফিল্ডস্ বললেন। আরো দু'জন পুলিশ এসে ওয়াড এ্যান্ড সন-এর দরজাটা পুরোপুরি খুলে দিলে লাওয়েল এবং ফিল্ডস্‌কে ধাক্কা মেরে ভেতরে ঢুকিয়ে দিলো তারা। ভেতরে একজন হা-করা মুখের বৃদ্ধলোক কাউন্টারের ওপর প'ড়ে আছে। তার হাতে এখনও একটা কলম ধরা। যেনো কোনো কিছু লেখার মাঝপথে ছিলেন। ঘরের দেয়াল আর তাক্‌গুলো খালি। লাওয়েল আরেকটু কাছে এগিয়ে গেলেন। মৃতলোকটির গলায় একটা টেলিগ্রাফ তার এখনও পেঁচানো আছে। কবি ভদ্রলোক লাশের দিকে এক দৃষ্টিতে চেয়ে রইলেন।

ফিল্ডস্ তার কাছে এসে তার হাত ধ'রে তাকে দরজার কাছে নিয়ে গেলেন। "সে মারা গেছে, লাওয়েল!"

"হোমসের মেডিকেল কলেজের লাশের মতোই মৃত," লাওয়েল সহমত পোষণ ক'রে বললেন। "আমাদের দান্তেবাদী কোনো খুনই এতোটা সাধারণভাবে করতে পারবে না।"

"লাওয়েল, আসুন!" ঘরের ভেতর পুলিশের আনাগোনা বেড়ে গেলে ফিল্ডস্ ভড়কে গিয়ে বললেন। তারা এখনও দু'জন বহিরাগত লোককে খেয়াল করে নি।

"ফিল্ডস্, তার পাশে একটা সুটকেস আছে। সে চলে যাবার প্রস্তুতি নিচ্ছিলো, ঠিক যেমনটি বাকি করেছিলো।" লাশের হাতে থাকা কলমটার দিকে তিনি আবারো তাকালেন। "সে তার অসমাপ্ত কাজটা শেষ করার চেষ্টা করছিলো, আমার তাই মনে হচ্ছে।"

"লাওয়েল, দয়া ক'রে চুপ করুন!" ফিল্ডস্ আর্তনাদ করলেন।

"ঠিক আছে, ফিল্ডস্।" কিন্তু লাওয়েল লাশটার চারপাশে ঘুরে ডেস্কের মেইল ট্রে'র কাছে এসে থামলেন। উপরে রাখা এনভেলপটা আস্তে ক'রে নিজের পকেটে চালান ক'রে দিলেন তিনি। "এবার আসুন।" লাওয়েল দরজার দিকে এগোলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

ফিল্ডস্ সামনে গিয়ে আবার পেছনে তাকালেন লাওয়েল তার পেছনে আছে কিনা দেখার জন্যে। ঘরের মাঝখানে এসে লাওয়েল আতংকে থম্‌কে দাড়িয়ে আছেন, তার চোখে মুখে যন্ত্রণার ছাপ।

"কি হয়েছে লাওয়েল?"

"উফ্, আমার গোড়ালীটা।"

ফিল্ডস্ দরজার দিকে ফিরতেই একজন পুলিশ কৌতুহল নিয়ে তাঁদের দিকে তাকালো। "আমরা আমাদের বন্ধুকে খুঁজছিলাম, অফিসার, গতকালকে তাকে আমরা এই দোকানেই ঢুকতে দেখেছিলাম।"

তাঁদের কাছ থেকে গল্পটা শোনার পর পুলিশের লোকটি ঠিক করলো তার মেমোরান্ডাম বইতে এ কথাগুলো টুকে রাখবে। "ঐ বন্ধুটির নাম আবার বলুন তো, স্যার? সে কি ইতালিয়?"

"বাকি। বা-কি-।"

লাওয়েল এবং ফিল্ডস্‌কে যখন চলে যাবার অনুমতি দেয়া হলো তখন গোয়েন্দা হেন্‌শা এবং ডিটেক্টিভ ব্যুরোর আরো দু'জন গোয়েন্দা কোরোনার মিঃ বারনিকোটকে সঙ্গে নিয়ে উপস্থিত হয়ে তারা বেশিরভাগ পুলিশকে ঘর থেকে চলে যেতে বললো। "তাকে বেওয়ারিশ গোরস্থানে বাকি সব চোর-বাটপারের সাথে কবর দিয়ে দাও," মৃতদেহটা দেখে হেন্‌শা বললো। "ইচাবড রস। সময় নষ্ট করা ছাড়া আর কিছু না। আমি কি এখনও নাস্তাটা সেরে নিতে পারি!" ফিল্ডস্ দাড়িয়ে রইলো যতোক্ষণ না হেন্‌শার সাথে তার চোখাচোখি হলো।

সান্ধ্যকালীন সংবাদপত্রে ইচাবড রসের হত্যার খবরটির খুব কমই গুরুত্ব পেলো। একজন ছোটোখাটো ব্যবসায়ী, ছিনতাইয়ের সময়ে খুন হয়েছে।

লাওয়েল যে এনভেলপটা পকেটে ভরে নিয়েছিলো সেটাতে লেখা আছে ভেইন'র ঘড়ি। এটা পূর্ব বোস্টনের অখ্যাত এক এলাকায় অবস্থিত একটা বন্ধকী দোকান।

পরের দিন সকালে যখন লাওয়েল আর ফিল্ডস্ জানালাবিহীন দোকানটাতে আবার ঢুকলেন তারা এক বিশালদেহী লোকের মুখোমুখি হলেন, ওজন তিনশো পাউন্ডের কম হবে না। চেহারাটা পাকা টমাটোর মতোই লাল আর সুবিন্যস্ত দাড়ি রয়েছে গাল জুড়ে। তার গলায় অসংখ্য চাবির একটা গোছা ঝোলানো আছে, একটু নড়াচড়া করলেই সেটা থেকে টুংটাং শব্দ হচ্ছে। "মিঃ ভেইন?"

"একদম ঠিক," সে জবাবটা দিয়েই প্রশ্নকর্তাকে আপাদমস্তক দেখে নিলো। তাদের পরনের পোশাকই তার মূল লক্ষ্য। "আমি ইতিমধ্যেই নিউ ইয়র্কের ঐসব গোয়েন্দাদের ব'লে দিয়েছি, আমি ঐসব আজব বিলগুলো দেই নি।"

"আমরা কোনো গোয়েন্দা নই," লাওয়েল বললেন। "আমাদের বিশ্বাস এই জিনিসটা আপনার।" তিনি এনভেলোপটা কাউন্টারের উপরে রাখলেন। "এটা ইচাবড রসের কাছ থেকে এসেছে।"

www.BanglaBook.org

চওড়া একটা হাসি দেখা গেলো তার মুখে। "তো, চমৎকার না। হায় হায়! ভেবেছিলাম বুড়াটা বোধহয় আমার সঙ্গে হিসাব-টিসাব না করেই মরে যাবে!"

"মিঃ ভেইন, আপনার বন্ধুর মৃত্যুতে আমরা খুবই দুঃখিত। আপনি কি জানেন মিঃ রস কেন এরকমভাবে চুক্তি করবেন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"ওহ্? আপনারা বেশ কৌতুহলী লোক, তাই না? তো, আপনারা আপনাদের শূকরটা ভুল কোনো বাজারে নিয়ে আসেন নি। আপনারা কি দিতে পারবেন?"

"আমরা কেবল মিঃ রসের কাছে আপনি যে টাকাটা পেতেন সেটা নিয়ে এসেছি," ফিল্ডস্ তাকে স্মরণ করিয়ে দিলেন।

"আইনত সেটা আমারই!" ভেইন বললেন। "আপনারা কি সেটা অস্বীকার করতে পারেন?"

"সব কিছুই কি টাকার জন্যে করা হয়?" লাওয়েল একটু রেগেই বললেন।

"লাওয়েল, প্লিজ," ফিল্ডস্ নিচু কণ্ঠে বললেন।

সামনের দিকে তাকাতেই ভেইনের হাসিটা আবারো জ'মে গেলো। তার চোখ দুটো দ্বিগুন আকারের হয়ে গেছে। "লাওয়েল? কবি লাওয়েল!"

"আরে, হ্যা..." লাওয়েল একটু দ্বিধার সঙ্গে স্বীকার করলেন।

"'জুনের একটি দিনে বিরল কীইবা আছে?'" লোকটা বলেই হাসিতে ফেঁটে পড়লো।

"'জুনের একটি দিনে বিরল কীইবা আছে?
তারপরও, কখনও কখনও মোক্ষম দিন আসে;
স্বর্গ পরখ ক'রে দেখে পৃথিবীটা ছন্দময় আছে কিনা,
আল্‌তো ক'রে কান পাতে তার ওপর;
হয় আমরা দেখি, কিংবা শুনি,
শুনি জীবনের স্পন্দন, অথবা দেখি এর স্ফুলিঙ্গ।'"

"চতুর্থ লাইনের শব্দটি হবে *নরম ক'রে*," লাওয়েল তাকে শুধরে দিলেন। "বুঝলেন, 'নরম ক'রে কান পাতে..."

"আমাকে বলবেন না আমেরিকাতে কোনো মহান কবি নেই! ওহ্, ঈশ্বর এবং শয়তান, আমার কাছে তোমাদেরও ঘর আছে!" ভেইন বললো। কাউন্টারের নিচে থেকে একটা চামড়ায় বাঁধানো *হোমস্ এ্যান্ড হন্টস অব আওয়ার পোয়েট্স* বইটা বের ক'রে এল্‌মউড-এর অধ্যায়টা খুঁজে বের করলো। "ওহ্, আমার কাছে দেখছি লংফেলো, এমারসন এবং হুইটিয়ারের স্বাক্ষরের সঙ্গে আপনার স্বাক্ষরটিও রয়েছে। আপনি আমার সবচেয়ে বেশি অগ্রাধিকার পাওয়া ব্যক্তি। সেই বদমাশ অলিভার হোম্‌সেরটাও দেখছি এখানে আছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

উত্তেজনায় আরক্তিম হওয়া লোকটি চাবি গোছা থেকে চাবি নিয়ে ড্রয়ার খুলে একটা কাগজ বের করলো যাতে জেমস্ রাসলে লাওয়েলের স্বাক্ষর রয়েছে।

"না, একদমই না!" লাওয়েল বললেন। যেই এটা লিখে থাকুক না সে কাগজের ওপর কলম রাখতে পারে না! আপনার কাছে লেখকদের যেসব ভূয়া স্বাক্ষর রয়েছে, আমি চাই সেসব আপনি আমাকে দিয়ে দেন, এক্ষুণি, তা না হলে আমার উকিল মিঃ হিলার্ডের সাক্ষাত পাবেন আজকের দিনের মধ্যেই!"

"লাওয়েল!" ফিল্ডস্ তাকে টেনে কাউন্টার থেকে একটু পাশে সরিয়ে নিলেন।

"আরে, এসব দেখার পর আজ রাতে আমি কী ক'রে ঘুমাতে পারবো!" লাওয়েল আর্তনাদ করলেন।

"আমাদের এই লোকটার সাহায্যের দরকার রয়েছে!"

"হ্যা।" লাওয়েল তার কোটটা টেনেটুনে ঠিক ক'রে বললেন। "চার্চে সাধু আর পানশালার যত্তোসব পাপিষ্টদের কাছ থেকে।"

"আপনি যদি দয়া করেন, মিঃ ভেইন," ফিল্ডস্ মালিকের দিকে ঘুরে মানিব্যাগটা বের ক'রে খুললেন। "আমরা মিঃ রসের সম্পর্কে একটু জানতে চাই, আর তারপরই চলে যাবো। এটা বলার জন্যে আপনি কতো টাকা চান?"

"একটা লাল সেন্টের বিনিময়ে আমি এটা বলবো না!" ভেইন প্রাণ খুলে হাসলো। তারপর খুব দ্রুতই ধাতস্থ হয়ে উঠলো। "সব কিছুই কি টাকার জন্যে করা হয়?"

ভেইন লাওয়েলের অটোগ্রাফ আর চল্লিশ সেন্ট চাইলো। ফিল্ডস্ লাওয়েলের দিকে ইঙ্গিতপূর্নভাবে ভুরু তুললে তিনি তিক্তভাবে মেনে নিলেন। একটা নোট পেপারের দুই কলাম নিচে লাওয়েল স্বাক্ষর করতেই–"ঈশ্বরের সর্বোৎকৃষ্ট নিদর্শন," ভেইন লাওয়েলের লেখাটা সায় দিয়ে ঘোষণা দিলো–সে ফিল্ডস্কে বললো, রস ছিলো একজন সংবাদপত্রের সাবেক প্রিন্টার, পরে সে জাল টাকা ছাপানোর কাজে ঢুকে গিয়েছিলো। রস একটা জুয়ার দলের জুয়ার টাকা হিসেবে টাকাগুলো ঢুকিয়ে ভুল করেছিলো, যা টাকা হিসেবে ব্যবহার ক'রে স্থানীয় জুয়ারি চক্রকে ঠকানো হয়েছিলো, সে কিছু টাকা বন্ধকী দোকানে মালপত্র কেনার কাজে ব্যবহার করে। তাই তার ধরা পড়াটা ছিলো সময়ের ব্যাপার মাত্র।

কর্নার-এ ফিরে এসে ফিল্ডস্ আর লাওয়েল পুরো ঘটনাটা লংফেলো এবং হোম্সের কাছে বললেন। "ধারণা করতে পারি বাকি যখন ঐ দোকানটা থেকে বের হয়েছিলো তখন তার ব্যাগে কী ছিলো," ফিল্ডস্ বললেন। "কোনো জরুরি প্রয়োজনে এক ব্যাগ ভর্তি জাল টাকা। কিন্তু সে কেন জাল টাকার সঙ্গে জড়িত হলো?"

"আপনি যদি টাকা কামাতে না পারেন, তবে আপনি অবশ্যই সেটা বানিয়ে নেবেন," হোমস্ বললেন।

"যেকারণেই সে এসবের সাথে জড়িত হোক না কেন," লংফেলো বললেন, "মনে হচ্ছে, সিনর বাকি ঠিক সময়েই বের হয়ে যেতে পেরেছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

বুধবারের সন্ধ্যায় ক্রেইগি হাউজের প্রবেশদ্বারের সামনে দাঁড়িয়ে লংফেলো তার অতিথিদেরকে পুরনো রীতিতে স্বাগত জানালেন। তারা সবাই ভেতরে ঢুকতেই আরেকবার অভ্যর্থনা পেলেন ট্র্যাপ কুকুরটার কাছ থেকে ঘেউ ঘেউ সম্ভাষনের সাথে। জর্জ ওয়াশিংটন গৃন স্বীকার করলেন যে, মিটিংয়ের খবরটা শুনে তিনি যারপরনাই খুশি হয়েছেন, এবং তার স্বাস্থ্যও বেশ ভালো হতে শুরু করেছে, তিনি এও আশা করলেন এখন তারা তাঁদের নিয়মিত কাজটা আবার শুরু করতে পারবেন। নতুন কোনো ক্যান্টোর জন্যে তিনি উদগ্রীব হয়ে আছেন।

লংফেলো মিটিং শুরু করার আহ্বান জানালে পণ্ডিতেরা যার যার আসনে বসে পড়লেন। বাড়ির কর্তা দান্তের ইতালিয় ভাষার ক্যান্টোগুলোর সাথে একটা ক'রে ইংরেজি ভাষায় অনুবাদের কপিও সবাইকে দিলেন। এসব কাজকর্ম গভীর আগ্রহভরে দেখতে লাগলো ট্র্যাপ। নিজের মালিকের অবস্থা দেখে খুশি হয়েই যেনো তার ছোট্ট আসনে গিয়ে বসলো–গৃনের চেয়ারের নিচে। ট্র্যাপ জানে গৃন বেশ খাদ্যরসিক আর তার ভেলভেটের চেয়ারটা পড়ার ঘরের সবচাইতে উষ্ণ জায়গায় অবস্থিত।

"পেছনে এক শয়তান আছে, যে আমাদেরকে কেঁটে ফালা ফালা করবে।"

• • •

সেন্ট্রাল স্টেশন থেকে ছুটি নিয়ে নিকোলাস রেই ঘোড়ার গাড়িতে ব'সে ঘুম দেবার চেষ্টা করলো। এখন সে বুঝতে পারছে বিগত কয়েক দিন প্রতিরাতে কতোটা কম ঘুমিয়েছে সে, যদিও বাস্তবিক সে মেয়র লিনকনের আদেশে নিজের ডেস্কেই নিজেকে আবদ্ধ রেখেছিলো। কার্তেজ আরেকজন নতুন ড্রাইভার যোগাড় ক'রে নিয়েছে। ওয়াটার টাউন থেকে একজন নবীন পেট্রলম্যান। রেই গাড়িতে বসেই ছোট্ট একটা স্বপ্ন দেখলো, এক কুৎসিত লোক তার কাছে এসে ফিস্‌ফিস্ ক'রে বললো, "এখানে এসে আমি মরতে পারি না," কিন্তু, এমনকি স্বপ্ন দেখার সময়েও রেই জানে আলিশা ট্যালবোটের হত্যার কোনো সমাধান তার জন্যে আর রাখা হয় নি। *এখানে এসে আমি মরতে পারি না*। দু'জন লোক তার ঘুমটা ভাঙালো, গাড়ির ছাদ থেকে ঝোলানো চামড়ার স্ট্র্যাপ ধরে দাঁড়িয়ে দাঁড়িয়ে মহিলাদের ভোটাধিকারের যৌক্তিকতা নিয়ে তর্ক করছে তারা, তারপরই সে ঘুম ঘুম ঘোরের মধ্যে তিক্ত একটা সিদ্ধান্তে উপনীত হলো–মানে, বুঝতে পারলো আর কি : স্বপ্নে দেখা লোকটা আসলে লাফিয়ে পড়া লোকটিই। যদিও তার আকারটা তিন-চারগুন বড় দেখা গেছে। বেল বাজলে কন্ডাক্টর চিৎকার ক'রে বললো, "মাউন্ট অবার্ন! মাউন্ট অবার্ন!"

BanglaBook.org

কিছুদিন আগে আঠারো বছরে পদার্পণ করা মাবেল লাওয়েল দান্তে ক্লাব মিটিং থেকে তার বাবার ফিরে আসার জন্যে অপেক্ষা করছে। নিজের ফ্রেঞ্চ মেহগনি ডেস্কের কাছে

www.BanglaBook.org

দাঁড়িয়ে আছে সে, যেখানে তার বাবা দুনিয়ার যতো কাগজপত্র এনে জড়ো ক'রে রেখেছেন। তার বাবা ডেস্কে না লিখে তার একটা হাতাওয়ালা চেয়ারে ব'সে পুরনো শ্যাটার বোর্ড প্যাডের ওপরে লেখেন।

মেয়েটা এল্‌মউড'র বাবার উপস্থিতির অভাব বোধ করে। হারভার্ডের ছেলেছোকরাদের পিছু নেয়া অথবা ছোট্ট এমেলিয়ার সেলাই কাজের বন্ধুচক্রের সঙ্গে ব'সে কাকে তারা গ্রহণ করবে আর কাকে প্রত্যাখ্যান করবে সেসব নিয়ে কথা বলতে মোটেও আগ্রহী নয় মাবেল। এমেলিয়াদের কথা শুনলে মনে হয় পুরো দুনিয়াটা যেনো তাদের সেলাই কাজের ক্লাবে ঢোকার জন্যে অস্থির হয়ে আছে। মাবেল তার বাবার এবং অন্যদের বইয়ের পড়া ঘটনা বা বিষয়গুলো কেবলই কাল্পনিক কিনা সেটা নিজের চোখে দেখার জন্যে দুনিয়াটা ঘুরে দেখতে চায়।

ডেস্কে রাখা এলোমেলো কাগজগুলোর দিকে তাকিয়ে সে দেখতে পেলো তার বাবা অনেকগুলো অর্ধসমাপ্ত কবিতা লিখে ফেলে রেখেছেন। তার বাবা তাকে প্রায়ই সতর্ক ক'রে দেন সে যেনো কখনও কবিতা না লেখে।

একটা অদ্ভুত পেন্সিল স্কেচ আছে। সে কল্পনা করলো এটা আঁকা হয়েছে কৃত্রিম আন্তরিকতার সাথে। কোনো জঙ্গলে কেউ যখন হারিয়ে যায় তখন এ ধরণের কোনো মানচিত্র আঁকা হয়ে থাকে, সে ভাবলো। অথবা যখন হায়ারো গ্লিফিক্‌স বোঝার চেষ্টা করা হয়–কোনো অর্থ উদ্ধার অথবা দিক নির্দেশনা পাবার আশায়। সে যখন ছোটো ছিলো আর তার বাবা দেশ-বিদেশ ঘুরে বেড়াতেন, তখন তার বাবা'র পাঠানো চিঠির মার্জিনে সবসময়ই লাইসিয়ামের সংগঠকদের অথবা যেসব বিদেশী পণ্ডিতদের সাথে তিনি নিমন্ত্রণ খেয়েছেন তাঁদের ছবি এঁকে দিতেন। ছবিগুলো যে বেশ নিখুঁত হোতো, তা নয়। এখন সে ঐসব ছবি দেখে কী রকম হাসতো আর মজা পেতো সেসব কথা ভাবলো। সে দেখতে পেলো ছবিতে মানুষের পা'গুলো এমনভাবে আঁকা যে, মনে হচ্ছে সেগুলোর পায়ে আইস-স্কেট লাগানো আছে। তবে নিজের ব্যাখ্যায় অসন্তুষ্ট হয়ে কাগজটা উল্টো ক'রে রেখে দিতেই মাবেল খেয়াল করলো পায়ের কাছে আঁকা আঁকাবাঁকা রেখাগুলো আসলে আইস-স্কেট নয়, ওগুলো আসলে আগুনের কুণ্ডলী।

লংফেলো তাঁদের শেষ সেশনে যেখানে থেমেছিলেন সেখান থেকে আঠাশ নাম্বার ক্যান্টোর অনুবাদটি প'ড়ে শোনালেন। এই চূড়ান্ত ক্যান্টোটার ফাইনাল প্রুফ রিভারসাইড প্রেসের হাটনের কাছে দিতে পারলে তিনি খুশিই হতেন। *ইনফার্নো*'র সবচাইতে অস্বস্তিকর অধ্যায় এটি। এখানে ভার্জিল দান্তেকে নরকের মেইলবোল্‌গ নামে পরিচিত নবম গহ্বরে নিয়ে যান। এখানে আছে স্কিজম্যাটিকরা, যারা জাতি, ধর্ম আর পরিবারকে বিভক্ত করেছিলো আর এখন তাদেরকে নরকে বিভক্ত করা হয়েছে–শারীরিকভাবে–দেহ বিকৃত ক'রে।

BanglaBook.org

www.BanglaBook.org

"'আমি একজনকে দেখেছিলাম,'" লংফেলো তার অনুবাদ করা দান্তের কবিতা থেকে প'ড়ে শোনালেন, "'তার গাল ছিঁড়ে ফেলা হয়েছে, যেখান থেকে কেউ বাতাস ঢুকিয়ে দিতে পারবে।'"

লংফেলো বাকি লাইনগুলো পড়ার আগে লম্বা একটা দম নিয়ে নিলেন।

"'তার দু'পায়ের মাঝখানে তার নাড়িভুরিগুলো ঝুলে আছে,
আর হৃদপিণ্ডটা দৃশ্যমান, যেনো কোনো জীর্ণশীর্ণ ঝোলার মতো।
সে কি খেয়েছে সেটা তার মলমূত্রগুলোই যেনো প্রকাশ করছে।'"

এর আগেই দান্তে তার আত্মনিয়ন্ত্রণটা দেখিয়ে দিয়েছিলেন। এই ক্যান্টাতে ঈশ্বরের প্রতি দান্তের সত্যিকারের বিশ্বাসটাকে তুলে ধরা হয়েছে। একমাত্র ব্যক্তি যিনি অবিনশ্বর আত্মার শক্তিশালী বিশ্বাসটিকে ধারণ করতে পারেন তার নশ্বর শরীরের সীমাহীন যন্ত্রণার মধ্যে।

"কয়েকটি অনুচ্ছেদের কদর্যতা," ফিল্ডস্ বললেন, "মাতাল ঘোড়া ব্যবসায়ীকেও লজ্জায় ফেলে দিতো।"

"'আরেকজন, যার জিভটা বিদীর্ণ করা হয়েছে,
আর ভুরুর নিচ থেকে কেঁটে ফেলা হয়েছে পুরো নাক,
একটা মাত্র কান ছাড়া আর কিছু নেই তার,
অবাক বিস্ময়ে অন্যদের দিকে তাকিয়ে দেখার জন্যে বেঁচে আছে সে,
তার বের হয়ে থাকা জিভটা একেবারেই লাল।'"

আর এসব লোকদেরকে দান্তে চিনতেন! নাক-কান কাটা এই পাপাত্মাটি হলো বোলাগ্নার পিয়ের দা মেডিসিনা, সে দান্তেকে ব্যক্তিগতভাবে কোনো ক্ষতি করে নি, তারপরও দান্তের ফ্লোরেন্সের নাগরিকদের মধ্যে সে বিভক্তি ছড়িয়ে দিয়েছিলো। পরকালের জীবনের যে ভ্রমণের কথা দান্তে লিখেছেন সেখানে তিনি কখনই ফ্লোরেন্সের ভাবনা বাদ দিতে পারেন নি। তার দেখার দরকার ছিলো তার নায়কেরা পাপমোচন ক'রে স্বর্গে পুরস্কার লাভ করেছে। নিচের নারকীয় বৃত্তে থাকা পাপীদের সঙ্গে দেখা করার জন্যে তিনি উদগ্রীব ছিলেন। কবি নরককে কোনো সম্ভাবনা হিসেবে কল্পনা করেন নি, তিনি এর বাস্তবতাটাকে অনুভব করেছেন কেবল। এমনকি দান্তে কাটাছেঁড়া লোকদের মাঝে অলিঘিয়েরিদের একজন আত্মীয়কেও দেখেছিলেন, যে তার দিকে আঙুল তুলে দেখিয়ে দিয়ে তার মৃত্যুর জন্যে প্রতিশোধ দাবী করছিলো।

BanglaBook.org

www.BanglaBook.org

ক্রেইগি হাউজের বেসমেন্টের রান্নাঘরে, ছোট্ট এ্যানি এ্যালেগ্রা হল থেকে ঘুম ঘুম চোখে প্রবেশ করলো, হাত দিয়ে চোখ দুটো ঘষে নিজের ঘুমঘুম ভাবটা কাটানোর চেষ্টা করলো সে।

পিটার রান্নাঘরের স্টোভের চুলায় কয়লা ঢুকাচ্ছে। "মিস্ এ্যানি, মিঃ লংফেলো কি আপনাকে ঘুমাতে দেখেন নি?"

সে চোখ দুটো কোনোরকম খুলে রাখার চেষ্টা করলো। "আমি এক কাপ দুধ চাচ্ছি, পিটার।" এ্যানি রুটি তৈরি করার কাজের দিকে পিটপিট ক'রে তাকিয়ে বললো।

বাড়ির সামনে দরজায় কড়া নাড়ার একটা মৃদু শব্দ ভেসে এলে এ্যানি দারুণ উত্তেজনা নিয়ে সেদিকে ছুটে গেলো। সে সব সময়ই কারো সাহায্যের জন্যে কিছু করতে পারলে ভীষণ খুশি হয়, বিশেষ ক'রে আগত অতিথিদের কিংবা অভ্যাগত কাউকে স্বাগতম জানাতে তার ভালো লাগে। ছোট্ট মেয়েটি দৌড়ে এসে বিশাল দরজাটা খুলে দিলো।

"ইস্স্স্!" দরজায় নক্ করা ব্যক্তির সুদর্শন চেহারাটা না দেখেই এ্যানি এ্যালেগ্রা লংফেলো চাপা কণ্ঠে বললো। লোকটা একটু উপুড় হলো। "আজকে বুধবার," এ্যানি দৃঢ়তার সঙ্গে বললো। "আপনি যদি বাবার সঙ্গে দেখা করতে চান তবে অপেক্ষা করতে হবে, যতোক্ষণ না বাবা মিঃ লাওয়েল এবং বাকিদের সঙ্গে মিটিংটা শেষ করছেন। এটাই নিয়ম, জানেনই তো। চাইলে আপনি এখানেও অপেক্ষা করতে পারেন অথবা পার্লারে বসতে পারেন, আপনার খুশি," সে বললো।

"আমি বিরক্ত করার জন্যে ক্ষমা চাইছি, মিস লংফেলো।" নিকোলাস রেই বললো।

এ্যানি এ্যালেগ্রা মাথা নেড়ে সায় দিলো, নিজের চোখের পাতা দুটো খোলা রাখতে বেশ বেগ পেতে হচ্ছে তার। সে এরই মধ্যে ভুলে গেলো কেন নিচে নেমে এসেছিলো।

নিকোলাস রেই ক্রেইগি হাউজের সামনের হলে এসে দাঁড়ালো। জর্জ ওয়াশিংটনের ছবিগুলোর মাঝখানে। পকেট থেকে সে এক টুকরো কাগজ বের করলো। আরেকবার তাঁদের কাছে সাহায্য প্রার্থনা করবে সে, এবার ট্যালবোটের খুন হবার স্থানের কাছ থেকে খুঁজে পাওয়া কাগজের টুকরোগুলো তাঁদেরকে দেখাবে এই আশায় যে, এর সঙ্গে খুনের কোনো সম্পর্ক আছে কিনা, যা সে ধরতে পারছে না। সে উপর থেকে লাফিয়ে পড়া লোকটার খোঁজ কয়েকজন বিদেশীকে খুঁজে বের করেছিলো; তবে তারা তাকে তেমন একটা সাহায্য করতে পারে নি। সেজন্যে তার মনে প'ড়ে গেলো ডাঃ হোমস্ এবং তার বন্ধুরা কিছু একটা জানেন যা তারা তাকে বলে নি।

পার্লারের দিকে যেতেই ফ্রন্ট হলের সামনে এসে রেই থেমে গিয়ে বিস্ময়ে ঘুরে

BanglaBook.org

www.BanglaBook.org

দেখলো। কিছু একটা তার মনোযোগ আকর্ষণ করেছে। এইমাত্র সে কি শুনেছে? পড়ার ঘরের দরজার কাছে ফিরে গেলো রেই।

"'চে লে ফেরিত্ সন রিচিউস, প্রিমা চাল্ত্রি আলত্রি দিনান্জি লি রিভাদা..."

রেই একটু কেঁপে উঠলো। সে নিঃশব্দে আরো তিনপা এগিয়ে গেলো দরজাটার কাছে। *"'দিনান্জি লি রিভাদা।"* সে পকেট থেকে একটা নোট পেপার বের ক'রে শব্দটা খুঁজে বের করলো : *দিনান্জি*। ভিক্ষুকটি স্টেশন হাউজের জানালা দিয়ে লাফিয়ে নিচে লাফিয়ে পড়ার পর থেকেই শব্দটা তাকে তাড়িয়ে বেড়াচ্ছে, স্বপ্নের মধ্যেও এই শব্দটা সে উচ্চারণ করে। রেই এবার দরজায় কান পাতলো

"এখানে বেত্রান্দ দা বর্ন, যে নিজের কর্তিত মস্তকটি একটা লণ্ঠনের মতো ধরে রেখেছে, সেই বিচ্ছিন্ন মাথাটিই ফ্লোরেন্সেবাসী তীর্থযাত্রীর সঙ্গে কথা বলছে।" এটা লংফেলোর গম্ভীর কণ্ঠ।

"আরভিংয়ের মস্তকবিহীন অশ্বচালকের মতো।" লাওয়েলের অভ্রান্ত উদাত্ত কণ্ঠটা অট্টহাসিতে ফেঁটে পড়লো।

রেই যা শুনলো তাই কাগজে লিখে নিলো।

যেহেতু আমি খুব ভালোভাবেই লোকজনের মধ্যে
বিভক্তি সৃষ্টি করেছি,
এখন তাই নিজের মস্তক বিচ্ছিন্ন হবার যন্ত্রণা ভোগ
করছি–হায়!
শুরু থেকেই তো এটা এই শরীরের সাথে ছিলো।
এভাবেই দেখো আমার কন্ত্রাপাসো।

কন্ত্রাপাসো? একটা মৃদু নাক ডাকার শব্দ পাওয়া গেলো। রেই সচেতন হয়ে উঠে নিজের নিঃশ্বাসটার শব্দ বন্ধ ক'রে দিলো। সে কলমের নিবের খচখচ শব্দের সিম্ফনি শুনতে পাচ্ছে এখন।

"দান্তের সবচাইতে নিখুঁত শাস্তি," লাওয়েল বললেন।

"দান্তে নিজেও হয়তো এর সঙ্গে একমত পোষণ করতেন," আরেকজন জবাব দিলো।

রেইয়ের চিন্তাভাবনা এতোটাই ঘোলাটে হয়ে আছে যে, বক্তাদের কণ্ঠ শুনে তাঁদেরকে সে চিনতে পারছে না। তাঁদের সংলাপগুলো একসাথে এমনভাবে প্রক্ষেপিত হচ্ছে যেনো সেটা কোনো গানের কোরাস।

"...এই একবারই দান্তে *কন্ত্রাপাসো*র ধারণা সম্পর্কে এধরণের খোলামেলা কথা বলেছেন–এটা এমন একটা শব্দ যা আমরা যথার্থভাবে অনুবাদ করতে পারবো না। ইংরেজিতে এর সঠিক সংজ্ঞাও নেই। কারণ শব্দটা নিজেই একটা সংজ্ঞা...তো,

BanglaBook.org

www.BanglaBook.org

মাই ডিয়ার লংফেলো, আমি বরং বলবো প্রতিযন্ত্রণা...মানে পাল্টা যন্ত্রণা ভোগ করা...ধারণাটি হলো, প্রত্যেক পাপীই তার নিজের কৃতকর্মের মাধ্যমেই অর্থাৎ সে যা ক্ষতি করেছে, যেভাবে করেছে, সেভাবেই যন্ত্রণা ভোগ করবে...ঠিক যেভাবে ডিওম্যাটিক বা বিভেদ সৃষ্টিকারীদেরকে কেঁটে বিচ্ছিন্ন করা হয়েছিলো..."

রেই পেছনে ফিরে সামনে দরজার দিকে ছুটে চললো।

"আমাদের স্কুল শেষ হয়ে গেছে, ভদ্রমহোদয়গণ।"

বই বন্ধ করা এবং কাগজপত্র গোছগাছের শব্দ পাওয়া গেলো, সেই সাথে ট্র্যাপ কুকুরটা জানালার কাছে গিয়ে ঘেউঘেউ করতে লাগলো, সেটা কেউ লক্ষ্য করলো না।

"আমাদের পরিশ্রমের বিনিময়ে আমরা একটু পানাহার করার অধিকার অর্জন করেছি ব'লে মনে হচ্ছে..."

*

"কী মোটা আর রঙ্গীনরে বাবা!" জেমস্ রাসেল লাওয়েল, বেশ উত্তেজিত হয়ে একটা অদ্ভুত কঙ্কালের প্রশস্ত শরীর আর বড়সড় চ্যাপ্টা মাথাটা ধরে বললেন।

"এমন কোনো প্রাণী নেই যার ভেতরটা তিনি চিঁড়ে দেখেন নি।" হাসতে হাসতে ডা: হোমস্ মন্তব্য করলেন। লাওয়েল একটু কটাক্ষভাবে ভাবলেন।

তাঁদের দান্তে ক্লাব মিটিংয়ের পরের দিন খুব সকালে লাওয়েল এবং হোমস্ হারভার্ডের প্রাণীবিদ্যা জাদুঘরের প্রফেসর লুইস আগাসিজের কাছে এসেছেন। আগাসিজ তাঁদেরকে অভ্যর্থনা জানিয়ে লাওয়েলের ক্ষতের দিকে তাকালেন তারপর নিজের প্রাইভেট অফিসে ফিরে গিয়ে কিছু কাজ করলেন।

"পোকার নমুনাটার ব্যাপারে আগাসিজের নোটটা খুবই কৌতুহলোদ্দীপক।" লাওয়েল নিজেকে নিরুদ্বিগ্ন দেখানোর চেষ্টা করলেন। তিনি এখন নিশ্চিত যে, হিলির বাড়িতে ঐ পোকাটা আসলে তাকে কামড়ই দিয়েছিলো। আর এটার প্রতিক্রিয়ার ব্যাপারে আগাসিজ কী বলবেন সেটা নিয়ে তিনি বেশ উদ্বিগ্ন আছেন: "আহ্, বেচারা লাওয়েল, কোনো আশা নেই, খুবই দুঃখের ব্যাপার।" লাওয়েল হোম্সের বলা 'এই ধরণের পোকা-মাকড় হুল ফোঁটাতে পারে না' যুক্তিটাতে আস্থা রাখতে পারছেন না। কোন্ ধরণের পোকা হুল ফোঁটাতে পারে না? লাওয়েল দুর্ভাগ্যজনক এক ভবিষ্যতের জন্যে অপেক্ষা করছেন; তিনি হোমস্কে বলেন কি যে, বিগত কয়েকদিনে ক্ষতটি কতোটা বড় আকার ধারণ করেছে আর তার পায়ের ভেতরটাতে তিনি কী সুতীব্র যন্ত্রণাই না টের পাচ্ছেন। হোম্সের সামনে তার এতোটা দুর্বল হওয়া উচিত হবে না।

"আহ্, আপনি কি এটা পছন্দ করবেন, লাওয়েল?" লুইস আগাসিজ পোকাটা হাতে নিয়ে ফিরে এলেন। লাওয়েল ভুলেই গিয়েছিলেন যে, তিনি দেখতে একটি অতিকায় মুরগীর মতোই একটা কঙ্কালের পাশে দাঁড়িয়ে আছেন।

আগাসিজ খুব গর্বিতভাবে বললেন, "মরিশাসের কনসাল জেনারেল ওখানে যখন

BanglaBook.org

www.BanglaBook.org

বেড়াতে গিয়েছিলাম তখন আমাকে এই দুটো ডোডো কঙ্কাল উপহার দিয়েছিলেন! দারুণ জিনিস না!"

"আপনার কি মনে হয় এটা খেতে ভালো ছিলো, আগাসিজ?" হোমস্ জানতে চাইলেন।

"ওহ্, হ্যা। আমাদের শনিবারের ক্লাবে আমরা কোনো ডোডো পাই না, ভালো খাওয়া-দাওয়া সবসময়ই মানবজাতির সর্বশ্রেষ্ঠ আশীর্বাদ। কী দুঃখের কথা। ঠিক আছে, আমরা কি প্রস্তুত?"

লাওয়েল এবং হোমস্ তাকে অনুসরণ ক'রে টেবিলে গিয়ে বসলেন। আগাসিজ পোকাটা একটা এলকোহল ভরা টেস্টটিউব থেকে বের করলেন। "প্রথমে আমাকে বলুন, আপনি এই ছোট্ট চিজটা পেলেন কোত্থেকে, ডাঃ হোমস্?"

"আমি না, আসলে লাওয়েল ওটা পেয়েছেন," হোমস্ সতর্কভাবে জবাব দিলেন। "বিকন হিলের কাছাকাছি।"

"বিকন হিল," আগাসিজ কথাটা প্রতিধ্বনি করলেন, যদিও তার ভারি সুইস-জার্মান বাচনভঙ্গীতে শব্দটা একেবারে অন্যরকম শোনালো। "বলুন, ডাঃ হোমস্, আপনি এসব নিয়ে কী ভাবছেন?"

হোমস্ এ ধরণের প্রশ্নের উত্তর দিতে পছন্দ করে না, যার সম্ভাব্য উত্তরটি অবশ্যই ভুল হবে। "এটা আমার লাইন নয়। তবে এগুলো বোলতা মাছি, ঠিক না, আগাসিজ?"

"আহ্, হ্যা। ধরণ?" আগাসিজ জিজ্ঞেস করলেন।

"*ককলিমিয়া*," হোমস্ বললেন।

"প্রজাতি?"

"*ম্যাসেলারিয়া।*"

"আহ্, হা!" আগাসিজ হেসে বললেন। "আপনি যদি বই দেখেন তবে তারা এ প্রজাতির মধ্যে পড়বে না। ডিয়ার হোমস্, পড়বে কি?"

"তাহলে তারা...তা নয়?" লাওয়েল জানতে চাইলেন। তাকে দেখে মনে হলো তার মুখের সমস্ত রক্ত যেনো নিঃশেষ হয়ে গেছে। হোমস্ যদি ভুল বলে থাকেন তবে তো মাছিগুলো নিরীহ প্রজাতির নয়।

"দুটো মাছি দেখতে প্রায় একই রকম," আগাসিজ বললেন, তারপর যেনো নিজের কথাটা সংশোধন ক'রে নিলেন। "প্রায় আর কি।" আগাসিজ বুকসেল্ফের দিকে গেলেন। তার রাশভারি চালচলন আর প্রশস্ত অবয়বটা একজন প্রাণীবিদের চেয়ে বরং রাজনীতিক হিসেবেই বেশি মানানসই। তিনি প্রায় সারাটা জীবনই এই প্রাণী জাদুঘরটা প্রতিষ্ঠা করতে কাটিয়ে দিয়েছেন, অবশেষে বিশ্বের অসংখ্য অজ্ঞাত প্রজাতির এক বিশাল ভাণ্ডার গ'ড়ে তুলেছেন। "আসুন দেখি, উত্তর আমেরিকার আনুমানিক পঁচিশ হাজার মাছি প্রজাতির নামগুলো কি। অবশ্য আমার অনুমাণ, বর্তমানে তার

BanglaBook.org

www.BanglaBook.org

গণ্য থেকে মাত্র দশ হাজার প্রজাতিই টিকে আছে।"

তিনি কিছু ড্রইং মেলে রাখলেন। সেগুলো খুবই সরল, মানুষের ভীতিকর চেহারার মতোই মনে হচ্ছে। তাদের নাকগুলো কিম্ভূতকিমাকার।

আগাসিজ বুঝিয়ে বললেন। "কয়েক বছর আগে, ফরাসি ইম্পেরিয়াল নেভির একজন সার্জন, ডাঃ কোকুয়েল দক্ষিণ আমেরিকার ফরাসি গায়েনার ডেভিলস্ আইল্যান্ডে গিয়েছিলেন। জায়গাটা ব্রাজিলের একেবারে উত্তর দিক সংলগ্ন। পাঁচজন ঔপনেশিক অজ্ঞাত এবং মারাত্মক রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলো। ডাঃ কোকুয়েল পৌছার পরপরই একজন মারা গেলো। তিনি যখন লাশের নাক পনি দিয়ে ধুলেন তিনশো বোলতা মাছির লার্ভা এর ভেতর থেকে পেলেন।"

হোমস ধন্দে প'ড়ে গেলেন। "ওগুলো, মানে লার্ভাগুলো মানুষের শরীরের ভেতরে ছিলো—জীবন্ত মানুষের ভেতরে?"

"কথার মাঝখানে কথা বলবেন না, হোমস্!" লাওয়েল উচ্চস্বরে অনেকটা আর্তনাদ ক'রেই যেনো বললেন।

"কিন্তু *ককলিওমিয়া ম্যাসেলারিয়া* তো কেবলমাত্র মৃত টিসু খেয়েই বাঁচে," হোমস্ আপত্তি জানিয়ে বললেন। "এমন কোনো পোকার লার্ভা বা ডিম নেই যা পরজীবি।"

"এইমাত্র আমার বলা আট হাজার অনাবিস্কৃত মাছির কথাটা মনে রাখবেন, হোমস্!" আগাসিজ ভর্ৎসনা করলেন তাকে। "এটা *ককলিওমিয়া ম্যাসেলারিয়া* নয়। এটা একেবারেই আলাদা প্রজাতির, বন্ধুগণ। এমন কিছু যা আমরা এর আগে কখনও দেখি নি—অথবা বিশ্বাস করতে চাই না যে, এরকম কিছুর অস্তিত্ব আছে। এই প্রজাতির স্ত্রী মাছি রোগীর নাকের ভেতরে ঢুকে ডিম পাড়ে, ওখানেই ডিমগুলো বেড়ে ওঠে এবং লার্ভাগুলো ম্যাগোটে উন্নীত হয়, মাথার ভেতরকার পদার্থ খায় তারা। এই একই রোগে আরো দু'জন রোগী ডেভিলস্ আইল্যান্ডে মারা গিয়েছিলো। ডাক্তাররা বাকিদের নাক কেটে ম্যাগোটগুলো বের ক'রে তাদেরকে বাঁচিয়েছিলো। *ম্যাসেলারিয়া* ম্যাগোট কেবলমাত্র মৃত টিসুর মধ্যে বেঁচে থাকে—তারা সবচাইতে বেশি পছন্দ করে মৃত লাশ। কিন্তু এই প্রজাতির মাছির লার্ভা, কেবলমাত্র জীবন্ত টিসুর ওপরে বেঁচে থাকে, হোমস্।"

আগাসিজ তাঁদের প্রতিক্রিয়া পাবার জন্যে একটু থামলেন। তারপর আবার বলতে শুরু করলেন।

"স্ত্রী মাছিরা প্রজনন করে মাত্র একবার, কিন্তু তারা তাদের একমাসব্যাপী জীবনকালে প্রতি তিন দিন অন্তর অন্তর প্রচুর ডিম পেড়ে থাকে। একটা স্ত্রী মাছি এক বসাতে চারশো ডিম পাড়তে সক্ষম। তারা মানুষ অথবা পশুর উষ্ণ ক্ষতস্থানে বাসা বাঁধে। ডিমগুলো বাড়ন্ত হয়ে ম্যাগোটে রূপান্তর হয় তারপর ক্ষতস্থান থেকে সমস্ত শরীরে ছড়িয়ে প'ড়ে। যতো বেশি মাংস খায় ততো বেশিই ম্যাগোটগুলো বেড়ে ওঠে।

BanglaBook.org

www.BanglaBook.org

ম্যাগোটগুলো মাছি হবার আগ পর্যন্ত টিসু খেয়ে চলে। আমার বন্ধু ককুয়েল এই প্রজাতির নাম দিয়েছেন *ককলিওসিয়া হোমিনিভোরাক্স*।"

"*হোমিনি...ভোরাক্স*," লাওয়েল পুনঃউচ্চারণ করলেন। তিনি দ্রুত অনুবাদ ক'রে হোম্‌সের দিকে তাকালেন : "মানুষ-খেকো।"

"একদম ঠিক," আগাসিজ সন্তুষ্টচিত্তে এবং একজন বৈজ্ঞানিকের মতো গাম্ভীর্য নিয়ে বললেন। "ককুয়েল এটা বৈজ্ঞানিক জার্নালে রিপোর্ট করেছিলেন, যদিও খুব কম লোকেই তা বিশ্বাস করেছিলো।"

"কিন্তু আপনি বিশ্বাস করেছেন?" হোমস্ জানতে চাইলেন।

"অবশ্যই," আগাসিজ দৃঢ়ভাবে বললেন। "ককুয়েল আমার কাছে এইসব ড্রইং পাঠানোর পর থেকে আমি বিগত ত্রিশ বছর ধ'রে এ নিয়ে মেডিকেল গবেষণা করেছি, এবং যেসব লোক এ রোগ সম্পর্কে একদম কিছুই জানে না তাদেরকে পরীক্ষা-নিরীক্ষা করেছি। ইসিওডোর সেইন্ট-হিলেয়ার নবজাতকের চামড়ার নিচে এ রকম লার্ভা পাওয়ার ঘটনা রেকর্ড করেছেন। কোবোল্ডের মতে ডা: লিভিংস্টোন একজন নিগ্রোর কাঁধের ক্ষতস্থানে কয়েকটি লার্ভা পেয়েছিলেন। ব্রাজিল ভ্রমণের সময়ে আমি আবিষ্কার করি যে, এ ধরণের মাছিকে তারা *ওয়ারেগা* নামে ডাকে। মানুষ এবং জীবজন্তুর ছারপোকা হিসেবে সেটা পরিচিত। আর মেক্সিকান যুদ্ধের সময়ে এটা রেকর্ড করা হয়েছিলো যে, ওখানকার লোকজন যেটাকে "মাংসের মাছি' নামে ডাকে সেটা আহত সৈনিকের ক্ষতস্থানে রাতারাতি ডিম পারতো। কখনও কখনও ম্যাগোটগুলো কোনো ক্ষতিই করতো না, কেবল মৃত টিসু খেতো। এইসব হলো সাধারণ বোলতা মাছি, সাধারণ *মাসেলারিয়া* ম্যাগোট, যেমনটির সাথে আপনি পরিচিত, ডা: হোমস্। কিন্তু কখনও কখনও শরীরে ঘায়ের মতো কিছু হোতা যে, সারিয়ে তোলার জন্যে সৈনিকদের জীবনে এমন কিছু আর অবশিষ্ট থাকতো না। ভেতরে ভেতরে তাদের সবটাই খেয়ে ফাঁপা ক'রে ফেলা হোতো। বুঝলেন? এগুলো হলো *হোমিনিভোরাক্স*। এইসব মাছি অসহায় লোকজন এবং পশুদেরকে শিকার করে : এভাবেই তারা প্রজনন কালে বেঁচে তাকে। প্রাণীর খাদ্য হলো তাদের বেঁচে থাকার জন্যে অপরিহার্য। গবেষণা সবেমাত্র শুরু হচ্ছে, বন্ধুগন, আর এটা খুবই কৌতূহলোদ্দীপক। এজন্যেই আমি ব্রাজিল ভ্রমনের সময়ে প্রথমবারের মতো *হোমিনিভোরাক্স*-এর দুটো নমুনা সংগ্রহ করি। দৃশ্যত, দু'ধরণের বোলতা মাছি দেখতে প্রায় একই রকম হয়। আপনাকে খুবই সূক্ষ্ম যন্ত্রপাতি দিয়ে দেখতে হবে। এভাবেই আমি আপনাদের নমুনাটি গতকাল চিনতে পেরেছি।"

আগাসিজ আরেকটা যন্ত্র বের করলেন। "এবার লাওয়েল, আপনার পা-টা আবার দেখি তো।"

লাওয়েল কথা বলতে চাইলেও তার ঠোঁট জোড়া প্রবলভাবে কাঁপতে শুরু করলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"ওহ্, এখনই ভয় পাবেন না, লাওয়েল!" আগাসিজ হেসে বললেন। "তাহলে, লাওয়েল, আপনি আপনার পায়ে ঐ ছোট্ট কীটটা অনুভব করেছেন এবং সঙ্গে সঙ্গে সেটা ঝেড়ে ফেলে দিয়েছেন?"

"পিষে মেরে ফেলেছি!" লাওয়েল স্মরণ করিয়ে দিলেন।

আগাসিজ ড্রয়ার থেকে একটা আঙটা জাতীয় ছুরি বের করলেন। "ভালো, ডাঃ হোমস্, আমি চাই আপনি এটা ক্ষতস্থানের মধ্যে ঢুকিয়ে দিন এবং তারপরে টেনে বের করুন।"

"আপনি নিশ্চিত, আগাসিজ?" লাওয়েল ভড়কে গিয়ে বললেন।

হোমস্ ঢোক গিলে হাঁটু মুড়ে বসলেন। তিনি আঙটাটা লাওয়েলের গোড়ালীতে ধ'রে বন্ধুর চেহারার দিকে মুখ তুলে তাকালেন। লাওয়েল হা ক'রে চেয়ে আছেন। "জেমি, আপনি টেরই পাবেন না," হোমস্ বন্ধুকে আশ্বস্ত করলেন। আগাসিজ পাশে দাঁড়িয়ে কথাটা না শোনার ভান করলেন।

লাওয়েল মাথা নেড়ে সায় দিয়ে তার চেয়ারটার কোণা খাম্‌চে ধরলেন। আগাসিজের কথামতো কাজ করলেন হোমস্। আঙটাটার মাথা লাওয়েলের গোড়ালীর ফোলা অংশটার মাঝখানে ঢোকালেন। আঙটাটা যখন টেনে বের করলেন তখন একটা সাদা ম্যাগোট বেরিয়ে এলো, চার মিলিমিটারের মতো হবে সেটা। বেঁকে যাচ্ছে সেটা : একেবারে জীবন্ত।

"এই তো, এটা! দারুণ সুন্দর *হোমিনিভোরাক্স!*" আগাসিজ বিজয়ীর হাসি হাসলেন। লাওয়েলের ক্ষতস্থানটি তিনি আরেকটু দেখে গোড়ালীটা ব্যান্ডেজ ক'রে দিলেন। ম্যাগোটটা তিনি পরম যত্নে হাতে তুলে নিলেন। "দেখেছেন, লাওয়েল, আপনি ওটা খুন করার আগে সে খুব বেশি সময় পায় নি, তাই মাত্র একটি ডিম পেড়ে ছিলো। আপনার ক্ষতটি খুব বেশি গভীর নয় তাই তাড়াতাড়িই সেরে যাবে। খুব জল্‌দিই আপনি ঠিক হয়ে যাবেন। কিন্তু খেয়াল করুন, মাত্র একটি ম্যাগোট আপনার টিসু খেয়েছে, আপনার ভেতরে নড়াচড়া করেছে, আর তাতেই আপনার কী যন্ত্রণা হয়েছে। ভাবুন তো, একশোটা হলে কী হোতো। এবার ভাবুন হাজার হাজার হলেইবা কী হোতো—আপনার শরীরের ভেতর কয়েক মিনিটেই সেগুলো বেড়ে উঠতো।"

লাওয়েল এমন চওড়া হাসি দিলেন যে, তার লম্বা গোঁফের শেষ প্রান্ত দুটি কানের কাছে গিয়ে ঠেক্‌লো। "আপনি শুনেছেন হোমস্? সেরে উঠবে কিচ্ছু হবে না!" হেসেই তিনি আগাসিজকে জড়িয়ে ধরলেন তারপর হোমস্‌কে। এরপরই বুঝতে পারলেন এসবের মানে কি—আরটেমাস হিলির জন্যে, দান্তে ক্লাবের জন্যে।

আগাসিজও একটু গম্ভীর হলেন। "আরেকটা ব্যাপারও আছে, ডিয়ার। খুবই অদ্ভুত ব্যাপার, আসলে। এইসব ক্ষুদে জীবগুলো এখানকার নয়, নিউ ইংল্যান্ড অথবা আমাদের আশপাশের কোনো এলাকারও নয়। তারা এই গোলার্ধের বাসিন্দা সেটা মনে হয় নিশ্চিত বলা যায়। তবে কেবলমাত্র উষ্ণ, আঁদ্র জলবায়ুতে। আমি তাদেরকে

BanglaBook.org

www.BanglaBook.org

ব্রাজিলে দেখেছি, কিন্তু বোস্টনের কোথাও দেখি নি। এখানে তাদের সত্যিকার নামে অথবা অন্য কোনো নামে কেউ রেকর্ডও করে নি। তারা এখানে এলো কী ক'রে তা অনুমান করেও বুঝতে পারছি না। সম্ভবত কোনো গবাদিপশু জাহাজে ক'রে নিয়ে আসার সময় দুর্ঘটনাক্রমে অথবা..." আগাসিজ এই কথাটা বলতে গিয়ে হাস্যরসে ডুবে গেলেন। "যাইহোক। এটা আমাদের সৌভাগ্য যে, এইসব প্রাণী আমাদের মতো জলবায়ুতে বাঁচতে পারে না। তারা খুব ভালো প্রতিবেশী নয়। এইসব *ওয়ারেগা*। ভাগ্য ভালো যে, এইমাত্র যেটা বের হয়ে এসেছে, সেটা ইতিমধ্যেই ঠাণ্ডায় মরে গেছে।"

লাওয়েল তার বিপদের কথাটা একেবারেই ভুলে গেলেন, এখন তিনি নিরাপদ, এটা ভেবে বেশ আনন্দ পাচ্ছেন। কিন্তু হোমস্‌কে নিয়ে জাদুঘর থেকে বের হয়ে আসার সময় তিনি কেবল একটা জিনিসের কথাই ভাবতে পারলেন।

হোমস্ প্রথম কথা বললেন। "আমি সংবাদপত্রে বার্নিকোটের মন্তব্যটি ভালো ক'রে ভেবে দেখি নি। জজ হিলি মাথায় আঘাতের কারণে মারা যান নি! পোকাগুলো কেবলমাত্র দাণ্ডীয় শাস্তির চিহ্নস্বরূপ ছিলো না, যাতে ক'রে দাস্তের শাস্তির দৃশ্যটা চেনা যেতে পারে। এগুলো ব্যবহার করা হয়েছে যন্ত্রণা দেবার উদ্দেশ্যে," হোমস্ কথাগুলো এক নাগাড়ে ব'লে গেলেন। "পোকাগুলো কোনো অলঙ্কার ছিলো না, ওগুলো ছিলো তার অস্ত্র!"

"আমাদের লুসিফার তার শিকারকে কেবল হত্যা করতেই চায় নি, বরং চেয়েছে যন্ত্রণা দিয়ে মারতে, যেমনটি *ইনফার্নো*তে পাপাত্মাদের সাথে করা হয়েছে। এমন একটি অবস্থা যা জীবন ও মৃত্যুর মাঝামাঝি, অথবা না জীবন, না মৃত্যু অবস্থা।" হোম্‌সের দিকে ফিরে লাওয়েল তার হাতটি ধরলেন।

"নিজের যন্ত্রণাভোগ অবলোকন করা। ওয়েন্ডেল, আমার মনে হচ্ছে ঐ পোকাগুলো আমার শরীরের ভেতরে কুড়েকুড়ে খাচ্ছে। নিজেদের খাদ্য সংগ্রহ করছে আমার থেকে। যদিও এটা হয়তো অতিক্ষুদ্র কয়েকটি টিসুতে আস্তানা গেঁড়েছে, কিন্তু আমার মনে হচ্ছে ওগুলো আমার রক্তের ভেতর দিয়ে আমার সারা দেহে এবং আত্মার মধ্যে ঢুকে পড়ছে। ঐ গৃহপরিচারিকা সত্যি কথাই বলেছিলো।"

"হায় ঈশ্বর, তাই তো," হোমস্ প্রচণ্ড আতংকে বললেন। "তার মানে হিলি..." কিন্তু তারা কেউই হিলির মৃত্যু যন্ত্রণার কথাটা বলতে পারলেন না, তারা এখন জানেন কী যন্ত্রণা ভোগ করতে হয়েছে হিলিকে। চিফ জাস্টিস তার নিজের বাড়ি ছেড়ে যাওয়ার কথা ছিলো শনিবার সকালে, আর তার লাশটা পাওয়া যায় মঙ্গলবার। তার শরীরের ভেতর দশ হাজারেরও বেশি *হেমাটোভারাক্স* থাকার পরও তিনি চারদিন বেঁচে ছিলেন...তার মাথার ভেতরে ছিলো...গিজ গিজ ক'রে, আর প্রতিমূহূর্তে তারা গ্রাস ক'রে যাচ্ছিলো তাঁকে।

হোমস্ আগাসিজের কাছ থেকে নিয়ে আসা পোকাটার নমুনার দিকে তাকালেন,

BanglaBook.org

www.BanglaBook.org

ওটা এখন একটা কাঁচের জারে রাখা আছে। "লাওয়েল, একটা ব্যাপার আমাকে বলতেই হবে। তবে আমি এ নিয়ে আপনার সঙ্গে তর্ক করতে চাই না।"

"পিয়েত্রো বাকি।"

হোমস্ দ্বিধার সঙ্গে মাথা নেড়ে সায় দিলেন।

"তার সম্পর্কে আমরা যা জানি তার সঙ্গে তো এই ব্যাপারটা খাপ খাচ্ছে না, খাচ্ছে কি?" লাওয়েল জানতে চাইলেন। "এটা তো আমাদের সমস্ত তত্ত্বকে অসাড় ক'রে দিলো।"

"এটা ভাবুন : বাকি খুবই বীতশ্রদ্ধ ছিলো, বাকির মেজাজ ছিলো খুব চড়া, বাকি মাতালও বটে। কিন্তু এরকম গভীর হিংসা আর পৈশাচিকতার পদ্ধতি। এটা কি আপনি তার মধ্যে দেখেছেন? সত্যি ক'রে বলুন তো? বাকি হয়তো এটা দেখানোর চেষ্টা করেছে যে, একটা ভুলের কারণে সে আমেরিকাতে এসেছে। কিন্তু দান্তের শাস্তিগুলো পুনঃউৎপাদন করা, তাও আবার একেবারে পরিপূর্ণভাবে? আমাদের ভুলগুলো আগাগোড়াই বেশ স্থূল, লাওয়েল, একেবারেই কল্পিত কোনো প্রাণীর মতো। আর প্রতিটি পাতা উল্টালেই নতুন একটি পাতা বেরিয়ে আসছে।" হোমস্ উদভ্রান্তের মতো তার হাত দুটো শূন্যে ছুড়লেন।

"আপনি করছেনটা কি?" লাওয়েল জানতে চাইলেন। লংফেলোর বাড়িটা খুব কাছেই, হাটা দূরত্বে। তারা সেদিকেই ছুটে চললেন।

"সামনে একটা খালি কোচ দেখতে পাচ্ছি। আমি এই নমুনাগুলো আমার মাইক্রোস্কোপের নিচে আবারো একটু দেখতে চাই। আশা করি আগাসিজ এই ম্যাগোটটা মেরে ফেলে নি–প্রকৃতি ভালো ব'লে দেবে যে, ওটা এখনও মরে নি। আমি আগাসিজের কথাটা বিশ্বাস করতে পারছি না যে, এই কীটটা ইতিমধ্যেই মরে গেছে। এইসব কীট থেকে আমরা খুনের ব্যাপারটা সম্পর্কে আরো কিছু জানতে পারবো। আগাসিজ ডারউইনের তত্ত্বটি সম্পর্কে কিছু শুনবেন না, আর এটাই তার দৃষ্টিকে সংকীর্ণ ক'রে দেয়।"

"ওয়েন্ডেল, এটা হলো লোকটার পেশা।"

লাওয়েলের আস্থাহীনতাকে পাত্তাই দিলেন না হোমস্। "মহান বিজ্ঞানীরাও কখনও কখনও বিজ্ঞানের পথে বাঁধা হয়ে ওঠে, লাওয়েল। বিপ্লব চশমাধারী লোকদের দ্বারা হয় না। আর নতুন সত্যের প্রথম ক্ষীণকণ্ঠটি কানে যন্ত্র দিয়ে শোনা লোকেরা শুনতে পায় না। এই তো, গতমাসে, আমি স্যান্ডউইচ আইল্যান্ডের এক ফিজি বৃদ্ধলোকের ওপর একটি বই পড়ছিলাম, যাকে বিদেশীরা তুলে নিয়ে এসেছিলো, এবং যেকিনা প্রার্থনা করতো নিজের দেশে ফিরে যাওয়ার জন্যে যাতে ক'রে তার দেশের রীতি অনুযায়ী মৃত্যুর পর তার ছেলে তার মাথার মগজ খেতে পারে। দান্তের ছেলে পিয়েত্রো কি দান্তের মৃত্যুর পর এটা সবাইকে বলে নি যে, কবি আসলে এটা বলতে চান নি তিনি স্বর্গ এবং নরকে যেতে চান না? আমাদের সন্তানেরা নিয়মিতভাবেই

BanglaBook.org

www.BanglaBook.org

তাদের পিতাদের মগজে আঘাত ক'রে চলেছে।"

কোনো কোনো বাবা তার চেয়েও বেশি কিছু করছে, মনে মনে লাওয়েল বললেন, হোমস্‌কে ঘোড়ার গাড়িতে উঠতে দেখে ওয়েন্ডেল হোমস্ জুনিয়রের কথা ভাবলেন।

লাওয়েল দ্রুত ক্রেইগি হাউজের দিকে চললেন। আশা করলেন ওখানে গিয়ে যেনো তার ঘোড়াটা পান। একটা রাস্তা পার হতে কিছু একটা দেখে আচম্‌কা পিছু হটে গেলেন তিনি। জীর্ণ মুখের চেকওয়েস্ট কোট এবং টুপি পরা লম্বা লোকটা– ঠিক এই লোকটাকেই লাওয়েল দেখছিলেন একটা এল্‌ম গাছে হেলান দিয়ে তাকে হারভার্ড প্রাঙ্গণে দেখছিলো, আবার এই লোকটাকেই বাকির সঙ্গে ক্যাম্পাসে কথা বলতে দেখেছিলেন–একটা জনাকীর্ণ মার্কেটে দাঁড়িয়ে আছে সে। আগাসিজের কাছে সব শোনার পর এই লোকটার প্রতি লাওয়েলের কৌতুহল বেড়ে যাওয়াতে তিনি থামেন নি, বরং তিনি থেমেছেন কারণ লোকটা কথা বলছে লাওয়েলের ছাত্র এডওয়ার্ড শেলডনের সঙ্গে। সত্যি বলতে কী, শেল্‌ডন লোকটার সঙ্গে কথা বলছে না, বরং চেঁচামেচি করছে, যেনো কোনো কিছু করতে বলেছিলো কিন্তু সে ঠিকমতো করে নি, সেজন্যে গালমন্দ করছে।

এরপর শেল্‌ডন চলে যেতে উদ্যত হলো, তার কালো আলখেল্লাটা ভালো ক'রে শরীরে জড়িয়ে নিলো। লাওয়েল প্রথমে সিদ্ধান্ত নিতে পারলেন না কাকে অনুসরণ করবেন। শেল্‌ডন? তাকে তো সবসময়ই কলেজে পাওয়া যাবে। লাওয়েল ঠিক করলেন তিনি অপরিচিত লোকটাকেই অনুসরণ করবেন, যে জনাকীর্ণ পথটা ধরে চলতে শুরু করেছে।

লাওয়েল কয়েকটা মার্কেট দৌড়ে অতিক্রম করলেন। একজন দোকানী লাওয়েলের মুখের কাছে একটা গলদা চিংড়ি তুলে ধরলে লাওয়েল সেটা হাত দিয়ে সরিয়ে দিলেন। এক মেয়ে লাওয়েলের পকেটে একটা হ্যান্ড-বিল ঢুকিয়ে দিলো। "ফ্লাইয়ার, স্যার?"

"আরে এখন নয়!" বিরক্ত হয়ে চিৎকার ক'রে লাওয়েল বললেন। আরেকবার, কবি ভদ্রলোক যাওয়ার পথে বদমাশটাকে দেখতে পেলেন। একটা লোকে ভর্তি ঘোড়ার গাড়িতে উঠে পড়ে কন্ডাক্টরের কাছ থেকে ভাংতি নেবার জন্যে অপেক্ষা করছে সে।

কন্ডাক্টর বেল বাজালে গাড়িটা বৃজের দিকে এগোতেই লাওয়েল পেছনের প্লাটফর্মের দিকে দৌড়ে গেলেন। ট্র্যাক ধরে জোরে জোরে হেটে হেলেদুলে চলতে থাকা গাড়িটাকে ধরতে লাওয়েলের তেমন কোনো সমস্যাই হলো না। কন্ডাক্টর ঘুরতেই গাড়িতে ওঠার সিঁড়ির রেলিংটা ধ'রে পেছনের প্লাটফর্মে উঠে গেলেন।

"লিনি মিলার?"

"স্যার, আমার নাম লাওয়েল। আমাকে আপনার একজন যাত্রীর সঙ্গে কথা বলতে হবে।" গাড়িটা জোরে ছুটতেই লাওয়েল তার এক পা কোনোমতে সিঁড়িতে রাখতে পারলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"লিনি মিলার? তুমি কি আবার তোমার পুরনো কৌশলে ফিরে গেছো?" কন্ডাক্টর একটা হাতের লাঠি হাতে তুলে নিয়ে লাওয়েলের দস্তানাযুক্ত হাতে আঘাত করতে শুরু করলেন। "আমাদের এই গাড়িতে তোমার আবার ওঠাটা ঠিক হয় নি, লিনি! অন্তত আমি যতোক্ষণ আছি!"

না! স্যার, আমার নাম লিনি নয়!" কিন্তু কন্ডাক্টরের আঘাতের কারণে লাওয়েল তার ধ'রে রাখা হাতটা ছেড়ে দিতেই লাওয়েল রাস্তায় নেমে পড়লেন।

বেলের ঘণ্টা বাজার মধ্যেই লাওয়েল চিৎকার ক'রে কন্ডাক্টরকে তার নির্দোষিতার কথা জানাতে লাগলেন। কিন্তু পরক্ষণেই বুঝতে পারলেন যে, বেলটা তার পেছনে বাজছে। ঘুরে দেখলেন আরেকটা ঘোড়ার গাড়ি তার পেছনে ছুটে আসছে। লাওয়েলের দৌড়ানোর গতি মন্থর হয়ে গেলে সামনে থাকা গাড়িটা থেকে তার দূরত্ব গেলো বেড়ে। আর কোনো উপায় না দেখে লাওয়েল ছুটে আসা ঘোড়ার গাড়িটা থেকে বাঁচার জন্যে রাস্তা থেকে লাফিয়ে স'রে দাঁড়ালেন।

ঠিক সেই সময়ে, ক্রেইগি হাউজে লংফেলো তার পার্লারে প্রয়াত প্রেসিডেন্টের ছেলে রবার্ট টড লিনকনকে অভ্যর্থনা জানালেন; সে ১৮৬৪ সালের টার্মে লাওয়েলের তিনজন দান্তে ছাত্রের একজন ছিলো। লাওয়েল তাদেরকে কথা দিয়েছিলেন তাদের সঙ্গে দেখা করবেন আগাসিজের ওখান থেকে ফিরেই। কিন্তু তিনি দেরি করাতে লংফেলোই লিনকনকে ইন্টারভিউ করতে শুরু করলেন।

"ওহ্ ডিয়ার পাপা!" ঘরে ঢুকেই এ্যানি এ্যালেগ্রা বললো। "*দ্য সিক্রেট*-এর সাম্প্রতিক নাম্বারটা আমরা ইতিমধ্যেই শেষ ক'রে ফেলেছি, পাপা! তুমি কি সেটা একটু দেখতে চাইবে না?"

"হ্যা ডার্লিং, তবে আমি তো এখন ব্যস্ত।"

"প্লিজ, মিঃ লংফেলো," যুবকটি বললো। "আমার কোনো তাড়া নেই।"

লংফেলো তার তিন মেয়ের হাতে লেখা দিনপঞ্জীটা হাতে তুলে নিলেন। "ওহ্, দেখে তো মনে হচ্ছে, এটা তোমার করা সবচাইতে সেরা কাজ। খুবই সুন্দর হয়েছে, পান্‌জি, রাতেই আমি এটা আগাগোড়া পড়বো। এটা কি তোমার আঁকা?"

"হ্যা!" এ্যানি এ্যালেগ্রা জবাব দিলো। "এই কলামটা এবং এটা। এই ধাঁধাটাও। তুমি কি আন্দাজ করতে পারো, এটা কি?"

"আমেরিকার হ্রদ, যা তিনটি রাজ্যের সমান আয়তনের," লংফেলো হেসে ওটাতে চোখ বোলালেন। একটা *রিবাস*, মানে চিত্রের সাহায্যে হেয়ালীপূর্ণভাবে নাম লেখার কৌশল, আর ফিচার আর্টিকেলটা রিভিউ করা হয়েছে। "আমার ঘটনাবহুল গতকাল (নাস্তা খাওয়ার সময় থেকে রাত পর্যন্ত)," লেখিকা এ, এ লংফেলো।

"ওহ্, এটা খুবই চমৎকার হয়েছে, ডিয়ার।" লংফেলো তালিকার একটি বিষয়ের ওপর একটু সন্দেহগ্রস্তভাবে থামলেন। "পান্‌জি, এটাতে বলা হয়েছে, তুমি গতরাতে ঘুমানোর আগে একজন অতিথির সঙ্গে দেখা করেছো।"

BanglaBook.org

www.BanglaBook.org

"ওহ্ হ্যা। আমি দুধ খাওয়ার জন্যে নিচে নেমে এসেছিলাম। লোকটা কি বলেছে যে, আমি বেশ ভালো আতিথেয়তা করেছি, পাপা?"

"কখন এসেছিলো, পান্‌জি?"

"তোমার ক্লাব মিটিংয়ের সময়ই তো। তুমি তো বলোই যে, ক্লাব মিটিংয়ের সময় তোমাকে যেনো কেউ বিরক্ত না করে।"

"এ্যানি এ্যালেগ্রা!" সিঁড়ি থেকে এডিথ ডাক দিলো। "এ্যালিস চাচ্ছে বিষয়বস্তুগুলো আবার প'ড়ে দেখতে। তুমি এক্ষুণি তোমার কপিটা নিয়ে উপরে চলে আসো!"

"ও সব সময়ই সম্পাদক হয়," এ্যানি এ্যালেগ্রা অনুযোগের সুরে বলে লংফেলোর কাছ থেকে দিনলিপিটার কপি নিয়ে নিলো।

"পানজি, গতরাতে কে এসেছিলো, তুমি যার কথা লিখেছো?"

"কি বাবা? আরে, তাকে তো এর আগে কখনও দেখি নি।"

"সে দেখতে কেমন, সেটা কি তোমার মনে আছে? হয়তো সেটাও *দ্য সিক্রেট*-এ যোগ করা যেতে পারে। সম্ভবত তুমি তাকে তার অভিজ্ঞতা সম্পর্কে ইন্টারভিউ ও করতে পারো।"

"কতো মজারই না হবে! লম্বা নিগ্রো একজন, দেখতে খুবই স্মার্ট, একটা আলখেল্লা পরে ছিলো। আমি তাকে অপেক্ষা করতে বলেছিলাম, বাবা–আসলেই বলেছিলাম। সে কি অপেক্ষা করে নি? সে হয়তো এখানে দাঁড়িয়ে থেকে বিরক্ত হয়ে বাড়িতে চলে গেছে। তুমি কি তার নাম জানো, বাবা?"

লংফেলো মাথা নেড়ে সায় দিলেন।

"আমাকে তাহলে বলো, বাবা! তাকে তো আমার ইন্টারভিউ করতে হবে, তুমি না বললে।"

"পেট্রলম্যান নিকোলাস রেই, বোস্টনের একজন পুলিশ অফিসার।"

দরজা খুলে হুড়মুর ক'রে লাওয়েল প্রবেশ করলেন। "লংফেলো, আপনাকে অনেক কথা বলার আছে আমার..." তিনি তার বন্ধুর মলিন চেহারা দেখে থেমে গেলেন। "লংফেলো, কী হয়েছে?"

*

পেট্রলম্যান রেইকে সেদিন সকাল বেলায় একটা বড়সড় মিটিং রুমে দেখা গিয়েছিলো। একদল লোক একটি প্রার্থনা সভায় ঢুকতে শুরু করলো। আশ্রমের পোশাকের মতো তাদের হাটু অবধি কালো রঙের পোশাক এবং মাথায় লম্বা টুপি।

যেখান থেকে লোকগুলো বের হচ্ছিলো সেই কর্পোরেশন রুমে ঢুকলো রেই। সে যখন প্রেসিডেন্ট রেভারেন্ড টমাস হিলের কাছের নিজের পরিচয় দিলো তখন

BanglaBook.org

www.BanglaBook.org

প্রেসিডেন্ট কলেজ গভর্নমেন্টের একজন সদস্যের সঙ্গে কথা বলছিলেন। এই সদস্যটি যখন জানতে পারলো যে, রেই একজন পুলিশ তখন সে বরফের মতোই জ'মে গেলো।

"এটা কি আমাদের কোনো ছাত্রের ব্যাপারে, স্যার?" ড. ম্যানিং হিলের সঙ্গে তার সংলাপটা থামিয়ে দিলেন। তিনি তার সাদা মার্বেলের মতো দাঁড়িসমেত চেহারাটা মূলাট্টো অফিসারের দিকে ঘোরালেন।

"প্রেসিডেন্ট হিলের কাছে আমার কয়েকটা প্রশ্ন করার ছিলো। আসলে সেটা প্রফেসর জেমস্ রাসেল লাওয়েল সম্পর্কিত।"

ম্যানিংয়ের হলুদ চোখ দুটো গোল গোল হয়ে গেলো। তিনি থাকতে চাইলেন। দরজাটা বন্ধ ক'রে দিয়ে প্রেসিডেন্ট হিলের পাশে গিয়ে বসলেন। রেই লক্ষ্য করলো হিল অনিচ্ছাকৃতভাবেই অন্য লোকটিকে মাতব্বরি করতে দিচ্ছেন।

"আমি ভাবছি আপনি লাওয়েলের প্রকল্পটি সম্পর্কে কতোটা জানেন, যেটা নিয়ে তিনি কাজ ক'রে চলেছেন, প্রেসিডেন্ট হিল," রেই বলতে শুরু করলো।

"মি: লাওয়েল? তিনি নিউ ইংল্যান্ডের সবচাইতে খ্যাতিমান কবি এবং রম্য লেখক," হিল হেসে জবাব দিলেন। "'দ্য বিগলো পেপার্স।' 'দ্য ভিশন অব স্যার লনফল।' 'এ ফ্যাবল ফর দি ক্রিটিক্স'—স্বীকার করছি আমার সবচাইতে বেশি পছন্দের। উনার *নর্থ আমেরিকান রিভিউ*-এর লেখাগুলো ছাড়া। আপনি জানেন তিনি *আটলান্টিক*'র প্রথম সম্পাদক ছিলেন? আমি নিশ্চিত, আমাদের ক্রবাদুর বহু সংখ্যক কর্মকাণ্ডে জড়িত।"

নিকোলাস রেই তার ওয়েস্ট কোটের পকেট থেকে একটা নোটপেপার বের ক'রে হাতে রাখলো। "আমি একটা বিশেষ কবিতা উল্লেখ করছি, আমার বিশ্বাস তিনি বিদেশী কোনো ভাষা থেকে সেটা অনুবাদ করতে সাহায্য করছেন।"

ম্যানিং তার বাঁকা বাঁকা আঙুলগুলো নেড়ে চেয়ে রইলেন, তার চোখ পেট্রলম্যানের হাতে ধরা কাগজটার দিকে নিবদ্ধ। "মাই ডিয়ার অফিসার," ম্যানিং বললেন। "কোনো সমস্যা কি হয়েছে?" তিনি এমনভাবে তাকালেন যেনো তিনি চাইছেন জবাবটা হ্যা-ই হবে।

দিনান্‌জি। রেই ম্যানিংয়ের চেহারাটা ভালো ক'রে দেখলো।

ম্যানিং তার একটা হাত নিজের চক্‌চকে পালিশ করা মাথাতে বোলালেন। *দিনান্‌জি এ মি।*

"মানে, আমি জানতে চাচ্ছি..." ম্যানিং বলতে শুরু করলেন। "কোনো সমস্যা হয়েছে কি? কোনো ধরণের অভিযোগ আর কি?"

প্রেসিডেন্ট হিল নিজের পুরু গালে হাত রাখলেন। মনে মনে চাচ্ছেন ম্যানিং যদি কর্পোরেশনের ফেলোদের নিয়ে চলে যেতেন তাহলেই ভালো হোতো। "আমি ভাবছি আমরা কেন এনিয়ে প্রফেসর লাওয়েলকে কথা বলার জন্যে পাঠাচ্ছি না।"

BanglaBook.org

www.BanglaBook.org

দিনান্‌জি এ মি নোন্ ফুয়োর কোজি ক্রিয়েত্,
সে নোন ইতার্‌নে, ই ইয়ো ইতার্‌নো দুরো।

এর মানে কি? লংফেলো এবং তার কবিরা যদি কথাগুলো চিনতে পেরে থাকেন, তাহলে তারা কেন এটা তার কাছ থেকে আড়াল ক'রে রাখছেন?

"অর্থহীন, রেভারেন্ড প্রেসিডেন্ট," ম্যানিং বিরক্ত হয়ে বললেন। প্রফেসর লাওয়েল প্রতিটি ক্ষেত্রেই বিরক্ত হতে পারেন না। অফিসার, আমি আপনাকে বলবো, যদি কোনো সমস্যা হয়ে থাকে, তাহলে সেটা এক্ষুণি আমাদের কাছে খুলে বলুন, আর তাহলে আমরাও খুব দ্রুততার সঙ্গে সেটার সমাধান দিতে পারবো। বুঝলেন, পেট্রলম্যান।" সামনের দিকে ঝুঁকে ম্যানিং বললেন। "প্রফেসর লাওয়েল এবং তার সাহিত্যিক সহকর্মীরা একটি বিদেশী সাহিত্যকে আমাদের শহরে প্রচলন করার চেষ্টা করছেন, এটার শিক্ষা লক্ষ-লক্ষ শান্তিপ্রিয় লোকের জীবনকে বিপদের দিকে ঠেলে দেবে। কর্পোরেশনের একজন সদস্য হিসেবে আমি আমার বিশ্ববিদ্যালয়ের সুনাম রক্ষা করতে বদ্ধপরিকর। আমাদের কলেজের মূলমন্ত্র হলো *'ক্রিস্টো এত্ একলেসিয়া,'* স্যার, আর আমরা সেই খিস্টিয় আদর্শটাকেই সমুন্নত রেখেছি।"

"যদিও মূলমন্ত্রটা ছিলো 'ভেরিতাস,'" প্রেসিডেন্ট হিল আস্তে ক'রে বললেন। "সত্যি বলছি।"

ম্যানিং তার দিকে তীক্ষ্ণ চোখে তাকালেন।

পেট্রলম্যান একটু দ্বিধাগ্রস্ত হলো, তারপর নোট পেপারটা আবার পকেটে রেখে দিলো। "মিঃ লাওয়েল যে কবিতা অনুবাদ করছেন তাতে আমার আগ্রহ রয়েছে। তিনি মনে করেন, আপনারা দু'জন এটার অধ্যয়নের জন্যে যথাযথ জায়গার খোঁজ দিতে পারবেন।"

ডাঃ ম্যানিংয়ের গাল দুটো আরক্তিম হয়ে গেলো। "আপনি কি বলতে চাচ্ছেন যে, এটা একেবারেই সাহিত্যিক ব্যাপার?" তিক্ততার সঙ্গেই তিনি জিজ্ঞেস করলেন। রেই যখন কোনো জবাব দিলো না, তখন ম্যানিং অফিসারকে আশ্বস্ত ক'রে বললেন যে, লাওয়েল তাকে বোকা বানাতে চেয়েছেন—এবং কলেজকেও— মজা করার জন্যে। রেই যদি এই শয়তানী কবিতা গবেষণা করতে চায় তবে সে যেনো সেটা শয়তানের কাছে গিয়েই করে।

রেই হারভার্ডের প্রাঙ্গণটা পেরিয়ে এলো, যেখানে ঠাণ্ডা বাতাস পুরনো ইটের দালানের চারপাশে শিস্ বাজাচ্ছে। সে তার উদ্দেশ্য সম্পর্কে ঘোলাটে আর দ্বিধাগ্রস্ত অনুভব করলো। তারপরই একটা আগুনের ঘণ্টা বাজতে শুরু করলো, বাজছে, মনে হচ্ছে এটা এই বিশ্বব্রহ্মাণ্ডের প্রতিটি কোণ থেকেই বাজছে। রেই দৌড় দিলো।

BanglaBook.org

www.BanglaBook.org

অধ্যায় ১১

ডাক্তার এবং কবি অলিভার ওয়েন্ডেল হোমস্ তার কীট-পতঙ্গ রাখার স্লাইডটার পাশে একটা মোমবাতি জ্বালালেন, সেটা রাখা আছে মাইক্রোস্কোপটার পাশেই।

একটু উপুড় হয়ে তিনি লেন্সের মধ্য দিয়ে বোলতা মাছিটা দেখলেন, জিনিসটার অবস্থান ঠিক ক'রে নিলেন একটু। মাছিটা লাফাচ্ছে, তার শরীর বাঁকাচ্ছে, যেনো তাঁকে সে দেখছে আর ভীষণ ক্ষেপে আছে তার ওপর।

না। এটা সেই ধরণের কীট নয়।

মাইক্রোস্কোপের স্লাইডটাও কাঁপছে। বাইরে ঘোড়ার খুঁড়ের বজ্রাঘাত শোনা গেলেও আচম্কা সেটা থেমে গেলো। হোমস্ জানালার কাছে ছুটে গিয়ে পর্দাটা খুলে দিলেন। এমেলিয়া হল থেকে ছুটে এলো। প্রচণ্ড ভয়ে হোমস্ তাকে তার ঘরেই থাকতে বললেও সে তার বাবাকে অনুসরণ ক'রে চলে এলো দরজার কাছে। এক বলশালী পুলিশের নীলচে কালো অবয়বটা দেখা গেলো।

"ডাঃ হোমস্?" ড্রাইভারের বক্স থেকেই সে ডাক দিলো। "আপনাকে আমাদের সঙ্গে এক্ষুণি আসতে হবে।"

এমেলিয়া সামনের দিকে এগিয়ে গেলো। "ওয়েন্ডেল? কী হয়েছে?"

ইতিমধ্যেই হোমসের শ্বাসকষ্ট শুরু হয়ে গেছে। "ক্রেইগি হাউজে একটা খবর পাঠাও, এমেলিয়া। তাঁদেরকে বলো কিছু একটা ঘটেছে। আমার সঙ্গে দেখা করার জন্য এক ঘণ্টার মধ্যেই কর্নারে চলে আসতে বলো। এভাবে চলে যাওয়ার জন্যে আমি দুঃখিত—আমার কিছুই করার নেই।"

এমেলিয়া কিছু বলার আগেই হোমস্ পুলিশের গাড়িতে উঠে পড়লেন, সঙ্গে সঙ্গে ঘোড়াগুলো ঝড়ের বেগে ছুটে চলতে শুরু করলো। তাদের খুড়ের আঘাতে রাস্তায় ধুলোর ঝড়ের সৃষ্টি হলো যেনো। অলিভার ওয়েন্ডেল হোমস্ জানিয়ার চারতলার সিটিং রুমের জানালার পর্দার ফাঁক দিয়ে উঁকি মেরে সব দেখলো। সে ভাবতে লাগলো তার বাবা আবার নতুন কোনো বোকামীর কাজ করলো কিনা।

একটা ঠাণ্ডা বাতাস বয়ে গেলো। আকাশটা একেবারে ফাঁকা। অন্য আরেকটা গাড়িটা এসে থামলো সেই জায়গায় যেখানে একটু আগেই হোমস্কে নিয়ে গাড়িটা চলে গেছে। এটা ফিল্ডসের গাড়ি। জেমস্ রাসেল লাওয়েল দরজাটা খুলে মিসেস হোমস্কে বেশ হরবর ক'রে জিজ্ঞেস করলেন ডাঃ হোমস্ কোথায়। এমেলিয়া একটু সামনের দিকে ঝুঁকে দেখার চেষ্টা করলেন হেনরি লংফেলো এবং জে.টি ফিল্ডস্কে। "সে কোথায় গেছে আমি জানি না। এইমাত্র তাকে পুলিশে নিয়ে গেছে, এটাই

BanglaBook.org

www.BanglaBook.org

কেবল বলতে পারি। সে আমাকে ক্রেইগি হাউজে একটা নোট পাঠিয়ে আপনাদেরকে ঘণ্টাখানেকের মধ্যে কর্নার-এ গিয়ে তার সঙ্গে দেখা করতে বলার জন্যে ব'লে গেছে। জেমস্ লাওয়েল, আমি জানতে চাচ্ছি ঘটনাটা কী!"

লাওয়েল অসহায়ের মতো গাড়িটার দিকে তাকালেন। চার্লস স্ট্রট-এর এক মোড়ে দুটো ছেলে হ্যান্ডবিল বিলি করছে আর চিৎকার ক'রে বলছে, "হারানো সংবাদ। হারানো সংবাদ! একটা ফ্লায়ার নিন দয়া ক'রে। স্যার। ম্যাম।"

লাওয়েল তার একটা হাত কোটের পকেটে ঢোকালেন, তার গলাটা শুকিয়ে একেবারে কাঠ হয়ে গেছে। তার হাতটা দোমড়ানো-মোচড়ানো একটা হ্যান্ডবিল খুঁজে পেলো যা ক্যামব্রজের মার্কেটে এডওয়ার্ড শেলডনের সঙ্গে ঐ আগন্তুককে দেখার পর পেয়েছিলেন। তিনি সেটা তার কোটের হাতার সাথে ঘষলেন। "ওহ্, ঈশ্বর।" লাওয়েলের ঠোঁট দুটো কাঁপছে।

*

"রেভারেন্ড ট্যালবোটের খুন হবার পর থেকেই আমরা পুরো শহরটাই পেট্রলম্যান এবং পাহারাদার দিয়ে ছেয়ে ফেলেছি। কিন্তু কিছুই দেখা পাওয়া যায় নি।" সার্জেন্ট স্টোনওয়েদার ড্রাইভারের বক্স থেকে চিৎকার ক'রে বললো; তাদের ঘোড়ার গাড়িটা এখন চার্লস স্ট্রট থেকে বের হয়ে দ্রুতবেগে ছুটে চলেছে। প্রচণ্ড ঝাঁকুনি হচ্ছে।

ঘোড়া-গাড়ির চাকার ঘর্ষণের শব্দের মধ্যে হোম্সের মন সাঁতার কাটছে। একমাত্র যে কথাটি ড্রাইভার তাকে বলেছে অথবা ভীতসন্ত্রস্ত যাত্রীটি যে কথা শুনেছে তাহলো পেট্রলম্যান রেই তাদেরকে পাঠিয়েছে হোমস্কে নিয়ে আসার জন্যে। হারবারে এসে গাড়িটা হুড়মুর ক'রে থেমে গেলো। সেখান থেকে পুলিশের একটা নৌকায় ক'রে হোমস্কে দ্বীপে নেয়া হলো, যেখানে অব্যবহৃত পাথরে তৈরি জানালা বিহীন একটি প্রাসাদ দাঁড়িয়ে আছে। সেখানে ইঁদুরের নির্বিঘ্ন রাজত্ব চলছে। ফোর্ট ওয়ারেন-এ তারা ঢুকতেই ডাক্তার সাহেব ভূতের মতো সাদা এক পুলিশকে দেখলেন দাঁড়িয়ে থাকতে : কয়েকটা ঘরের গোলকধাঁধা পেরিয়ে; একটা ঠাণ্ডা কালো পাথরের সুড়ঙ্গে ঢুকলেন; অবশেষে ফাঁকা একটা গুদাম ঘরে প্রবেশ করলেন তারা।

ছোটোখাটো ডাক্তার সাহেব হোচট খেয়ে প্রায় প'ড়েই যাচ্ছিলেন। তার মন বিক্ষিপ্ত হয়ে আছে। প্যারিসের ইকোলে দা মেডিসিন-এ পড়ার সময় তরুণ হোমস্ *কমবাট্স দে এনিমোঁয়া* দেখেছিলেন। বুলডগ কুকুরের বর্বরতম লড়াইয়ের এক প্রদর্শনী, তারপর একটা নেকড়ে, একটা ভাল্লুক, একটা ষাঁড় এবং খুঁটিতে বাঁধা একটা গাঁধা ছেড়ে দেয়া হোতো। হোমস্ সেই তারুণ্যের দুঃসাহসের মধ্যেও জানতেন যে, ক্যালভিনিজম-এর লৌহকঠিন হৃদয় তিনি কখনই অর্জন করতে পারবেন না, যতো কবিতাই তিনি লেখেন না কেন। এখনও বিশ্বাস করা হয় যে, পৃথিবীটা মানুষের

BanglaBook.org

www.BanglaBook.org

পাপের একটা ফাঁদ। তার পূর্বপুরুষের জন্যে, জীবনের সবচাইতে সেরা রহস্য ছিলো এই পাপ। ডাঃ হোম্‌সের জন্যে এটা হলো যন্ত্রণা। তিনি কখনই এ থেকে খুব বেশি কিছু প্রত্যাশা করেন নি। এখন সামনের দিকে তাকাতেই কালো স্মৃতি, অমানবিক উল্লাস আর অট্টহাসি হোমসের ঘোর লাগা মনে এসে জড়ো হলো।

ঘরটার মাঝখানে একটা আঙটাতে একটা মাথা ঝুলে আছে, দৃষ্টিটা তার দিকেই তাকিয়ে রয়েছে। অথবা, আরো সঠিকভাবে বলতে গেলে, এটা একটা মুখ ছিলো বলা যায়। নাকটা পুরোপুরি কেঁটে ফেলা হয়েছে, একেবারে দু'চোখের মাঝখান থেকে ঠোঁটের উপর পর্যন্ত। এর ফলে চামড়াটা ভাঁজ হয়ে গেছে। লোকটার একটা কান কোনোরকমে চেহারার পাশ থেকে ঝুলে আছে। গাল দুটো এমনভাবে কাঁটা হয়েছে যে, চোয়ালটা পুরোপুরি চিরস্থায়ীভাবে হা হয়ে গেছে, যেনো যেকোনো মুহূর্তে মুখ দিয়ে কথা বের হয়ে আসবে। কিন্তু তার বদলে কালো রক্ত মুখ দিয়ে গড়িয়ে পড়ছে। রক্তের একটি সরল ধারা লোকটার জননেন্দ্রিয়র মাঝখান দিয়ে নেমে এসেছে–আর এই প্রত্যঙ্গটি, মানুষটার লিঙ্গ চেনার একমাত্র অঙ্গটিও অর্ধেক কাটা। এমনকি একজন ডাক্তারের কাছেও সেটা অচিন্তনীয় ব্যাপার। মাংসপেশি, শিরা উপশিরা এবং ধমনীগুলো এলোমেলোভাবে একে অন্যের উপর জড়িয়ে আছে। শরীরটার হাত দুটো কোনোমতে কাঁধ থেকে ঝুলে আছে। হাতার কোনো কব্জি নেই।

লোকটাকে আগে কোথাও দেখেছেন এটা বোঝার আগেই হোমস্‌কে কয়েক মুহূর্ত ব্যয় করতে হলো। ক্ষতবিক্ষত গালে টোল পড়া অংশটা দৃশ্যমান হওয়াতে লোকটাকে চেনা গেলো। ওহ্, *না*। দুটো সজাগ মুহূর্তের বিরতিটা একবারেই বিধ্বংসী।

হোমস্ পিছু হটে গেলেন। তার পা গিয়ে পড়লো লাশটা প্রথম আবিষ্কার করা লোকটার বমির ওপরে গিয়ে। হোমস্ কাছের একটা চেয়ারে ব'সে পড়লেন। এমনভাবে বসলেন যেনো দৃশ্যটা দেখার উদ্দেশ্যেই বসেছেন। নিয়ন্ত্রণহীনভাবেই তিনি হাঁপাতে লাগলেন, খেয়াল করলেন না তার পায়ের কাছেই সাদা প্যান্ট এবং অন্যান্য জামা-কাপড়গুলো সুন্দর ক'রে সাজিয়ে রাখা হয়েছে, আর সেই পোশাকের থাকের আশেপাশে টুকরো টুকরো কাগজ ছড়িয়ে আছে।

আচম্‌কা শুনতে পেলেন তার নাম ধরে কেউ ডাকছে। পেট্রলম্যান রেই তার পাশেই দাঁড়িয়ে আছে। এমনকি ঘরের বাতাসও কাঁপছে, যেনো ঘরের সব কিছু উল্টে ফেলে দেবে।

হোমস মাথা ঘুরিয়ে রেইয়ের দিকে তাকালেন।

সাদা পোশাকের চওড়া কাঁধের এক গোয়েন্দা, মুখে শক্তশক্ত দাঁড়ি, রেইয়ের কাছে এসে চেঁচামেঁচি ক'রে বলতে লাগলো যে, সে এখানে থাকতে পারে না। এরপরই চিফ কার্তেজ এসে গোয়েন্দাকে টেনে নিয়ে গেলো।

ডাক্তার কিছু ভাবার আগেই তার মনে হলো তার হাতটা ভেঁজা কিছুর সাথে লেগে আছে। মনে হলো সেটা কোনো হাত, কিন্তু সত্যি বলতে কী জিনিসটা রক্তাক্ত

BanglaBook.org

www.BanglaBook.org

একটুকরো মাংস খণ্ড। তারপরেও হোমস্ একটুও নড়লেন না–তিনি এ ব্যাপারে একদম নিশ্চিত। আসলে তিনি এতোটাই ভড়কে গেছেন যে, এক চুলও নড়তে পারেন নি। তার মনে হলো তিনি এমন এক ধরণের দুঃস্বপ্নের মধ্যে আছেন যেখানে কেউ একটা মাত্রই প্রার্থনা করতে পারে–একটা স্বপ্ন দেখছে সে।

"হায় ঈশ্বর, এ দেখি বেঁচে আছে!" গোয়েন্দা লোকটি চিৎকার ক'রে বলেই দৌড় দিলো সে, তার গলাটা আঁটকে গেলো যেনো। চিফ কার্তেজও চিৎকার ক'রে উধাও হয়ে গেলো।

হোমস্ এক ঝটকায় ঘুরে তাকাতেই দেখতে পেলেন নগ্নশরীরের ফিনিয়াস জেনিসনের ফাঁকা দৃষ্টির বিস্ফারিত চোখ দুটো এবং আরো দেখতে পেলেন তার কাঁটাছেঁড়া বিকৃত প্রত্যঙ্গগুলো কেঁপে উঠছে, কেবলমাত্র কয়েক মুহূর্তের জন্যে–আসলেই মাত্র কয়েক মুহূর্তের জন্যে–এক সেকেন্ডের একশো ভাগের এক ভাগ হবে–শরীরটা কেঁপে উঠে থেমে গেলো আবার, তার পরও হোমসের মনে কোনো সন্দেহ রইলো না তিনি এইমাত্র কী দেখলেন। ডাক্তার সাহেব লাশের মতো ঠাঁয় দাড়িয়ে রইলেন। তার ছোট্ট মুখটা শুকিয়ে কাঠ হয়ে গেছে। পিট পিট করতে লাগলো তার চোখ দুটো, আর আঙুলগুলো মরিয়া হয়ে বেঁকে যাচ্ছে। ডা: অলিভার ওয়েন্ডেল হোমস্ জানেন ফিনিয়াস জেনিসনের শরীরটা ঐচ্ছিকভাবে কোনো জীবন্ত মানুষের মতো নড়াচড়া করে নি। ওগুলো হলো অকথিত মৃত্যুর এক কম্পন। বিলম্বিত সাড়া। কিন্তু এই জ্ঞানটা কোনো স্বস্তি এনে দিলো না।

এই ঘটনাটার জন্যে হোম্সের শরীরের রক্ত হিম হয়ে গেলো। হারবারে নৌকায় ক'রে ফিরে যাওয়া অথবা পুলিশের গাড়িতে ওঠার সময় তিনি একেবারেই অচেতন থাকলেন যেনো। মারিয়া নামের ঘোড়ার গাড়িটাতে ক'রে তারা জেনিসনের মৃতদেহটা মেডিকেল কলেজে নিয়ে এলো। ওখানে এসে হোমস্ জানতে পারলেন যে, মেডিকেল এক্সামিনার বার্নিকোট নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে শয্যাশায়ী, আর প্রফেসর হেউডের অবস্থান জানা যাচ্ছে না। হোমস্ এমনভাবে মাথা নেড়ে সায় দিলেন যেনো তিনি কথাগুলো মনোযোগ দিয়ে শুনছেন। ময়নাতদন্তের কাজে হেউডের এক ছাত্র তাকে স্বেচ্ছায় সাহায্য করলো।

"আমার মধ্যে দেখো *কন্‌ত্রাপাসো*।"

হোমসের মাথাটা ধরে আসলো যেনো কোনো বাচ্চা ছেলে সাহায্যের জন্যে চিৎকার করছে। সাহায্যকারী ছাত্রটি, রেইনল্ডস, পেছনে ফিরে তাকালো, যেমন তাকালো হোমসের অগোচরে ঘরে ঢোকা রেই, কার্ভেজ এবং বাকি দু'জন অফিসার। হোমস্ আবারো ফিনিয়াস জেনিসনের দিকে তাকালেন, তার মুখটা কাঁটা-ছেঁড়া চোয়ালের কারণে হা হয়ে আছে।

"ডা: হোমস্?" সাহায্যকারী ছাত্রটি বললো। "আপনি ঠিক আছেন তো?"

কিন্তু হোমসের হাত দুটো কাঁপতে লাগলো। তাকে অপারেশনের বাকি কাজটুকু

BanglaBook.org

www.BanglaBook.org

হেউডের সহকারীর জন্যে রেখে চলে যেতে হলো। গ্রোভ স্ট্রটের একটা গলিতে হোমস্ ঘুরে বেড়ালেন, নিজের শ্বাস-প্রশ্বাসটা ঠিক ক'রে নিলেন। তিনি শুনতে পেলেন কেউ তার দিকে এগিয়ে এসে কিছু বলছে। রেই গলি অবধি ডাক্তারের পেছন পেছন চলে এসেছে।

"ক্ষমা করবেন, আমি এই মুহূর্তে কথা বলতে পারছি না," হোমস্ বললেন, তার চোখ দুটো লাল হয়ে আছে।

"ফিনিয়াস জেনিসনকে এভাবে মারলো কে?"

"আরে, আমি কি ক'রে জানবো সেটা," হোমস্ চিৎকার ক'রে বলতেই ভারসাম্য হারিয়ে ফেললেন, তার দৃষ্টি ঘোলাটে হয়ে আসছে।

"এটা আমার জন্যে একটু অনুবাদ ক'রে দিন, ডাঃ হোমস," হোমসের হাতটা ধরে একটা নোট পেপার ধরিয়ে দিলো রেই।

"ক্ষমা করুন, পেট্রলম্যান রেই। আমরা ইতিমধ্যেই..." কাগজটা ধরতেই হোম্সের হাতটা প্রচণ্ডভাবে কাঁপতে লাগলো।

"'যেহেতু আমি ঐক্যবদ্ধ লোকজনদেরকে বিভিন্ন দলে বিভক্ত করেছি,'" রেই এর আগে রাতে শোনা কথাগুলো আবৃত্তি করলো, "'এখন আমি আমার মস্তিস্ক বিভক্ত হওয়াটা সহ্য করছি। এভাবে আমার *কন্ত্রাপাসো*টা দেখো।' এটাই তো আমরা এই মাত্র দেখলাম, তাই না? আপনি *কন্ত্রাপাসো* শব্দটি কিভাবে অনুবাদ করবেন, ডাঃ হোমস্? পাল্টা যন্ত্রণাভোগ?"

"ঠিক এভাবে, মানে এর কোনো নির্দিষ্ট অর্থ... আপনি কী ক'রে..." ভালো ক'রে নিঃশ্বাস নেবার জন্যে হোমস্ তার গলার সিল্কের মাফলারটা খুলে ফেললেন। "আমি কিছুই জানি না।"

রেই বলতে লাগলো : "এই হত্যাকাণ্ডটি আপনি একটা কবিতায় পড়েছেন। এটা ঘটার আগেই আপনি এটা দেখেছেন এবং ঘটনাটা থামানোর জন্যে কিছুই করেন নি।"

"না! আমরা যা পারি তাই করেছি। আমরা চেষ্টা করেছি। ক্ষমা করবেন, পেট্রলম্যান, রেই, আমি কিছু বলতে পারবো না..."

"এই লোকটাকে কি আপনি চিনতেন?" গ্রিফোনি লোম্জার ছবি সংবলিত পত্রিকাটা রেই পকেট থেকে বের ক'রে দেখালো ডাক্তারকে। "সে পুলিশ স্টেশনের জানালা থেকে লাফিয়ে মরেছে।"

"প্লিজ!" হোম্সের দমবন্ধ হয়ে এলো। "আর না! এবার চলে যান!"

"এই যে!" তিনজন মেডিকেল কলেজের ছাত্র, একটু গ্রাম্য ধরনের, হোমস্ যাদেরকে তার তরুণ বর্বর ব'লে অভিহিত করেন, সাস্তা সিগারেট খেতে খেতে গলি দিয়ে যাচ্ছিলো। "এই কাল্লু! প্রফেসর হোম্সের কাছ থেকে কেটে পড়ো বলছি!"

হোমস্ তাদেরকে ডাকার চেষ্টা করলেও তার গলা আঁটকে এলো।

বর্বরদের মধ্যে সবচাইতে তড়িৎগতির যেজন সে কোনো কথা না বলেই রেইয়ের

BanglaBook.org

www.BanglaBook.org

পেটে সজোরে একটা ঘুষি মারতে উদ্যত হলো। কিন্তু রেই তার হাতটা ধরে তাকে যতোটা সম্ভব আস্তে ক'রে ছুড়ে ফেলে দিলো। বাকি দু'জন রেইয়ের ওপর ঝাঁপিয়ে পড়তেই হোম্‌সের কণ্ঠটা ফিরে এলো। "না! না, বাবারা! থামো! এখান থেকে এক্ষুণি চলে যাও! ওতো একজন বন্ধু! স্কাট!" তারা বাধ্য ছেলের মতো চলে গেলো।

হোমস্ রেইকে উঠে দাঁড়াতে সাহায্য করলেন। তাকে এখন ক্ষতিপূরণ দিতে হবে। পত্রিকাটা তুলে তিনি ছবি সংবলিত পৃষ্ঠাটা বের করলেন। "গ্রিফোনি লোন্‌জা," তিনি বললেন।

রেইয়ের চোখের ঝলক দেখে বোঝা গেলো সে খুশি হয়েছে। "এই নোটটা এখনই আমার জন্যে অনুবাদ ক'রে দিন, ডাঃ হোমস্, প্লিজ। লোন্‌জা মৃত্যুর আগে এ কথাগুলো ব'লে গেছে। বলুন, এর মানে কী।"

"ইতালিয়। টাসকান অঞ্চলের ভাষা। মনে রাখবেন আপনি কিছু শব্দ বাদ দিয়েছেন, কিন্তু এ ভাষায় কোনো প্রশিক্ষণ নেই এমন কারোর জন্যে এটা অনুবাদ করা বেশ অভাবনীয় ঘটনা হবে। *দিনান সি এম...'দিনানজি এ মি... দিনানজি এমি নন ফুয়োর কোস ক্রিয়েত সে নন ইত্তারনে, ই আইয়ো ইত্তারনে দুরো':* আমার আগে কোনো কিছুই সৃষ্টি হয় নি যদি না তা শাশ্বত হয়, আর আমি হলাম শেষ চিরন্তন। *'লাসিয়াত অগ্‌নে স্পেরান্‌জা, ভই সিন্‌ত্রেত,'* এখানে যে করে প্রবেশ, হারায় সব আশা।"

"সব আশা হারায়। সে আমাকে সতর্ক করে দিচ্ছিলো," রেই বললো।

"না...আমার তা' মনে হয় না। সে খুব সম্ভবত বিশ্বাস করছিলো যে, সে নরকের প্রবেশদ্বারের সামনে দাঁড়িয়ে সেটা পড়ছে। তার মানসিক অবস্থা থেকে আমরা এরকমটিই বুঝতে পারি।"

"আপনি যে কিছু একটা জানেন সেটা পুলিশকে বলা উচিত ছিলো," রেই আর্তনাদ ক'রে বললো।

"সেটা যদি আমরা করতাম তবে আরো বড় ঝামেলা বেঁধে যতো!" হোমস্ চিৎকার ক'রে বললেন। "আপনি বুঝবেন না–বুঝতে পারবেন না, পেট্রলম্যান। আমরাই কেবল তাকে খুঁজে বের করতে পারতাম! আমরা ভেবেছিলাম আমরা তাকে খুঁজে বের করতে পেরেছি–ভেবেছিলাম সে পালিয়েছে। পুলিশ যা জানে তা কয়লার ধুলো ছাড়া আর কিছু নয়! আমাদের ছাড়া এটা কখনও বন্ধ হবে না।" কথা বলার সময় হোমস্ তুষারের স্বাদ পেলেন। তিনি তার ভুরু এবং ঘাড় মুছলেন। ঘামে ভিজে গেছে। হোমস্ রেইকে ভেতরে আসার জন্যে অনুরোধ করলেন। তার একটা গল্প বলার আছে যা রেই হয়তো বিশ্বাসই করবে না।

অলিভার ওয়েন্ডেল হোম্‌সের লেকচার রুমেই তারা দু'জনে বসলো।

"বছরটি ছিলো ১৩০০ সাল। দান্তে নামের এক মহাকবির জীবনকালের মাঝামাঝি সময় সেটা। একদিন এক অন্ধকার বনে জেগে উঠে তিনি নিজেকে

BanglaBook.org

www.BanglaBook.org

আবিষ্কার করলেন, তার জীবনটা ভুল এক পথে ছুটে চলছে। পেট্রলম্যান, জেমস্ গ্রাসেল লাওয়েল বলতে ভালোবাসেন, আমরা সবাই অন্ধকার বনে দু'বার প্রবেশ করি–আমাদের জীবনের মাঝামাঝি কোনো সময়ে এবং যখন আমরা এর দিকে পেছন ফিরে তাকাই..."

• • •

লেখকদের ঘরের ভারি কাঠের দরজাটা এক ইঞ্চির মতো ফাঁক হতেই তিনজন লোক নিজেদের আসন থেকে লাফিয়ে উঠলেন। কালো রঙের বুট জোড়া ঢুকতে দেখা গেলো হোমস্ এসেছেন। স্থির এবং ফ্যাকাসে হয়ে তিনি লংফেলোর সঙ্গে একই সোফায় ব'সে রইলেন, তাঁদের মুখোমুখি ব'সে আছেন লাওয়েল এবং ফিল্ডস্।

"এখানে আসার আগে আমি প্রথমে বাড়িতে গিয়েছিলাম, আমাকে যেরকম দেখাচ্ছিলো তাতে এমেলিয়া আমাকে বাড়ি থেকে বের হতে দিতে চাইছিলো না।" হোমস্ উচ্চস্বরে হেসে উঠলেন, তার চোখের কোণে একটু পানি এসে গেলো। "আপনারা কি জানেন, যেসব মাংসপেশীর সাহায্যে আমরা হাসি এবং কাঁদি সেগুলো পাশাপাশি থাকে? আমার তরুণ বর্বরের দলটি সবসময়ই সেরকমই থাকে।"

হোম্সের আসল কথাটা শোনার জন্যে তারা অপেক্ষা করলেন। লাওয়েল তার হাতে ফিনিয়াস জেনিসনের নিখোঁজ সংবাদের হ্যান্ডবিলটা ধরিয়ে দিলেন। ওতে লেখা আছে সন্ধান দিতে পারলে পুরস্কার বাবদ কয়েক হাজার ডলার দেয়া হবে। "তাহলে তো আপনারা ইতিমধ্যেই জেনে গেছেন," হোমস্ বললেন। "জেনিসন মারা গেছে।"

পুলিশ তাকে কিভাবে বাসা থেকে তুলে ঘটনাস্থলে নিয়ে গেলো এবং তার হাসপাতালে ফিরে আসা এসবই সংক্ষেপে খুলে বললেন।

লাওয়েল তৃতীয় গ্লাস মদ পান ক'রে বললেন, "ফোর্ট ওয়ারেন।"

"আমাদের লুসিফারের আরেকটি পছন্দের জায়গা," লংফেলো বললেন। "আমি শংকিত যে, স্কিজম্যাটিকের ক্যান্টোটা আমাদের মনে খুব বেশি তাজা নেই। মনে হচ্ছে না যে, এটা কেবলমাত্র গতকালকেই অনুবাদ করেছি। মেইল্ বলগ্ হলো পাথুরে বিশাল একটা মাঠ–যা দান্তে বর্ণনা করেছেন একটা ফোর্ট বা দুর্গ হিসেবে।"

লাওয়েল বললেন, "আবারো আমরা নিজেদেরকে দেখতে পাচ্ছি এক অনন্য সাধারণ প্রতিভাবান পণ্ডিতের মেধার মুখোমুখি। যে কিনা দান্তের পুঙ্খানুপুঙ্খ বিষয়গুলো ব্যবহার করেছে তার কাজে। আমাদের লুসিফার দান্তের কবিতার যথার্থতাকে বেশি পছন্দ করে। মিল্টনের বর্ণনা সব কিছুই বেশ বন্য, কিন্তু আমাদের প্রিয় দান্তেরটা বিভিন্ন বৃত্তে বা স্তরে বিভক্ত, আমাদের নিজেদের জগতের মতোই সেটা বাস্তব।"

"এখন সেটাই দেখা যাচ্ছে," হোমস্ কম্পিত কণ্ঠে বললেন।

ফিল্ডস্ এ মুহূর্তে সাহিত্যিক কচকচানি শুনতে চাচ্ছে না। "ওয়েন্ডেল, আপনি

BanglaBook.org

www.BanglaBook.org

বলেছেন যে, হত্যাকাণ্ডটি যখন ঘটে তখন পুরো শহরটাতে পুলিশ টহল দিচ্ছিলো? তাহলে লুসিফারকে দেখা গেলো না কেন?"

"ওকে পাকড়াও করতে হলে আপনার দরকার হবে ব্রায়েরিয়াসের মতো দৈত্যাকারের হাত এবং আরগুসের মতো শত শত চোখ।" লংফেলো আস্তে ক'রে বললেন।

হোমস্ তাঁদেরকে সব বিস্তারিতভাবে বললেন। "ঐ পরিত্যাক্ত দূর্গে মাঝে মাঝে ঘুমাতো এমন এক মাতাল জেনিসনকে খুঁজে পেয়েছিলো। ঐ বাউন্ডুলেটা গত সোমবারে ওখানে ছিলো, তখনও সব কিছু স্বাভাবিক ছিলো। তারপর সে বুধবার ফিরে এসে এই ভয়ংকর দৃশ্যটি দেখতে পায়। সে এতোটাই ভয় পেয়ে গিয়েছিলো যে, আজকের আগে পুলিশকে কিছুই জানায় নি। জেনিসনকে মঙ্গলবার বিকেলে শেষ দেখা গেছে, আর সেই রাতে সে তার বিছানায় ঘুমায় নি। পুলিশ যাকেই পেয়েছে জিজ্ঞাসাবাদ করেছে। হারবারের এক পতিতা জানিয়েছে সে নাকি মঙ্গলবার রাতে কুয়াশা ভোদ ক'রে একজনকে হারবারে আসতে দেখেছিলো। লোকটাকে সে তার পেশাগত কারণেই অনুসরণ করার চেষ্টা করেছিলো, কিন্তু চার্চ পর্যন্তই তাকে দেখেছে তারপর সে কোন্ দিকে গেছে মেয়েটা দেখতে পায় নি।"

"তাহলে জেনিসন মঙ্গলবার রাতে খুন হয়েছে। কিন্তু বৃহস্পতিবারের আগে পুলিশ তার লাশটি খুঁজে পায় নি," ফিল্ডস্ বললেন। "কিন্তু হোমস, আপনি তো বললেন, জেনিসন তখনও...এতো সময় ধরে... মানে এটা কি সম্ভব?"

"মানে, বলতে চাচ্ছেন যে, মঙ্গলবার মারা গেলেও আমি যখন আজ সকালে পৌছালাম তখনও বেঁচে ছিলেন? শরীরটা এমনভাবে কেঁপে উঠেছিলো যে, আমি যদি বিস্মৃতির সুধাও পান করতাম তারপরও সেই দৃশ্যটা কি ভুলতে পারতাম?" হোমস্ মরিয়া হয়ে জানতে চাইলেন। "বেচারা জেনিসনকে এমনভাবে কাঁটাছেঁড়া করা হয়েছে যে, বাঁচার কোনো আশাই ছিলো না–এটা নিশ্চিত ক'রে বলা যায়– কিন্তু এমনভাবে কেঁটেকুঁটে তাকে বেঁধে রাখা হয়েছিলো যাতে রক্ত ঝ'রে প'ড়ে ধীরে ধীরে তার মৃত্যু হয়। জুলাইর পাঁচ তারিখে আতসবাজির অবশেষ কী পরিমাণ রয়েছে সেটা তদন্ত করা ভালো কাজই। খুবই নিখুঁতভাবে কাঁটাছেঁড়ার কাজটি করা হয়েছে, যাতে ভেতরের কোনো প্রয়োজনীয় অঙ্গহানি না ঘটে, সম্ভবত কোনো ডাক্তারের কাজ এটি," তিনি বেশ জোর দিয়ে বললেন। "বড় এবং ধারালো কোনো চাকু দিয়ে এটা করা হয়েছে। জেনিসনকে দিয়ে আমাদের লুসিফার বেশ যথাযথভাবেই যন্ত্রণার মধ্য দিয়ে শেষ করেছে, তার সবচাইতে যথার্থ *কন্ত্রাপাসো*। আমি যে নড়াচড়াটা দেখেছি সেটা জীবনের স্পন্দন ছিলো না, মাই ডিয়ার ফিল্ডস্, বরং সমস্ত নার্ভের দপ ক'রে নিভে যাওয়ার আন্দোলন ছিলো সেটা। এটা এমন একটা মুহূর্ত ছিলো যা দান্তে নিজেও কল্পনা করতে পারতেন না। জেনিসনের জন্যে মৃত্যু একটা উপহারই হতে পারতো।"

"কিন্তু আক্রমণের দুদিন পরেও বেঁচে থাকা," ফিল্ডস্ আবারো প্রশ্নটা তুললেন।

www.BanglaBook.org

"আমি যা বলতে চাচ্ছি...চিকিৎসা বিজ্ঞানের কথাই বলছি আর কি...ক্ষমা করবেন। এটা তো অসম্ভব!"

"এখানে বেঁচে থাকার মানে হলো অসমাপ্ত মৃত্যু, খণ্ডিত জীবন নয়–জীবন আর মরণের মাঝখানে এক ফাঁদের মধ্যে আঁটকে যাওয়া। আমার যদি এক হাজারটা মুখও থাকতো আমি এই যন্ত্রণার কথা বর্ণনা করার চেষ্টা করতাম না!"

"একজন স্কিজম্যাটিক বা বিভেদসৃষ্টিকারী হিসেবে ফিনিয়াসকে কেন শাস্তি দেয়া হবে?" লাওয়েল বৈজ্ঞানিকভাবে কথা বলার চেষ্টা করলেন। কাদের মধ্যে দান্তে সেই নারকীয় চক্রে এই শাস্তিদান খুঁজে পেয়েছিলেন? মুহাম্মদ, বাট্রান্ড দা বোর্ন–সেই জঘন্য উপদেষ্টা, যে রাজা এবং যুবরাজ, পিতা এবং সন্তান আর আবসালোম আর ডেভিডের মধ্যে বিভেদ সৃষ্টি করেছিলো–যারা ধর্মের মধ্যে, পরিবারের অভ্যন্তরে ফাঁটল সৃষ্টি করেছিলো। কিন্তু ফিনিয়াস জেনিসন কেন?"

"আমাদের এতো প্রচেষ্টার পরও আমরা আলিসা ট্যালবোটের ব্যাপারে কোনো জবাব খুঁজে পাই নি। মাই ডিয়ার লাওয়েল," লংফেলো বললেন। "তার হাজার ডলারের সাইমোনি'টা কিসের জন্যে? দুটো অদৃশ্য পাপের সঙ্গে দুটো *কন্‌ত্রাপাসো*। দান্তের একটা সুবিধা ছিলো, পাপীদেরকে জিজ্ঞেস ক'রে জেনে নিতে পেরেছিলেন কিসের জন্যে তাদেরকে নরকে আনা হয়েছে।"

"আপনি কি জেনিসনের খুব ঘনিষ্ঠ ছিলেন না?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন লাওয়েলকে। "তারপরও আপনি কিছুই ভাবতে পারছেন না?"

"সে একজন বন্ধু ছিলো; আমি তার আকাম-কুকাম খুঁজে বেড়াই নি! সে আমার কাছে স্টক মার্কেটে লোকসান হওয়া, লেকচার দেয়ার ব্যাপারে, ডাঃ ম্যানিং সম্পর্কে এবং অভিশপ্ত কর্পোরেশন নিয়ে কথা বলতো। পোশাকের ভেতরে সে ছিলো একটা স্টিম ইঞ্জিন, আর আমি এটাও স্বীকার করছি, কখনও কখনও সে তার টুপিটা একটু বেশি মাত্রায়ই তুলে ধরতো। বিগত কয়েক বছরে সে প্রায় সবধরণের ব্যবসাতেই জড়িয়ে পড়েছিলো–রেলরোড, কারখানা, স্টিল-মিল–এ ধরণের ব্যবসা-বাণিজ্যগুলো আমি খুব একটা বুঝতামও না, আপনিও সেটা জানেন, ফিল্ডস্," লাওয়েল মাথাটা নিচু ক'রে বললেন।

হোমস্ একটা দীর্ঘশ্বাস ফেললেন। "পেট্রলম্যান রেই ঘরের মতোই ধারালো আর মনে হচ্ছে সে আমাদের ব্যাপারেও কিছু বুঝে ফেলেছে। সে দান্তে ক্লাবের কথাবার্তা আঁড়ি পেতে শুনে জেনিসনের মৃত্যুর ধরণটা বুঝে ফেলেছে। *কন্‌ত্রাপাসো*'র যুক্তি, স্কিজম্যাটিক, ইত্যাদি সে জেনিসনের সঙ্গে সম্পর্কিত করেছে আর আমি যখন তাকে আরেকটু বিস্তারিত বললাম, সঙ্গে সঙ্গে বুঝে ফেললো সে। চিফ জাস্টিস হিলি এবং রেভারেন্ড ট্যালবোটের মৃত্যুতেও দান্তে ছিলেন।"

"যেমনটি বুঝেছিলো স্টেশন হাউজে গ্রিফোনি লোন্‌জার আত্মহত্যার ঘটনাটি।" লাওয়েল বললেন। "ঐ হতভাগা লোকটা সবখানেই দান্তেকে দেখতে পেতো। এবার

BanglaBook.org

www.BanglaBook.org

তার ধারণাই সঠিক হবে। আমি প্রায়শই ভাবি, দান্তের নিজের রূপান্তরের কথাটা। কবির মন ক্রমাগতভাবেই, তার শত্রুদের কারণে বাড়িঘর ছাড়া হয়ে অন্য এক জগতে একটা ঘর নির্মাণ করেছিলেন। এটা কি স্বাভাবিক নয় যে, তার জীবনের সব প্রিয় জিনিস থেকে নির্বাসনে গিয়ে তিনি পরকালকে আঁড়ে ধরতেন? আমরা তার দক্ষতা আর মেধার কারণে প্রশংসা করি, কিন্তু দান্তে অলিঘিয়েরি যে কবিতা লিখেছেন সেটা ছাড়া তার আর কোনো উপায়ও ছিলো না। নিজের ক্ষতবিক্ষত হৃদয়ের রক্ত দিয়েই তিনি লিখে গেছেন। লেখাগুলো শেষ করার পরপরই যে তিনি মারা গেলেন তাতে অবাক হওয়ার কিছু নেই।"

"আমরা যে জড়িত এটা অফিসার রেই জেনে কীইবা করতে পারবে?" লংফেলো জানতে চাইলেন।

হোমস্ কাঁধ ঝাঁকালেন। "আমরা তথ্যটা গোপন রেখেছিলাম। আমরা বোস্টনের এ পর্যন্ত ঘটে যাওয়া সবচাইতে পৈশাচিক দুটো হত্যাকাণ্ডের তদন্ত কাজে বাধা দিয়েছি, যার ফলে তৃতীয় খুনের ঘটনাটিও ঘ'টে গেলো! রেই আমাদের সবাইকে এজন্যে দায়ী করবে এবং দান্তেকে এর সাথে জড়াবে, যেমনটি আমরা বলি! একটা কবিতার বইয়ের প্রতি তার কীইবা দরদ থাকবে? আমাদেরই বা কতোটা থাকা উচিত?"

হোমস্ দাঁড়িয়ে নিজের ফুলপ্যান্টটা একটু টেনে ঠিক ক'রে নিলেন। উদ্বিগ্ন হয়ে তিনি পায়চারী করলেন। ফিল্ডস্ যখন দেখলেন হোমস তার কোট আর টুপিটা হাতে নিচ্ছেন তখন মাথাটা একটু তুললেন।

"আমি যা জেনেছি সেটা ব'লে দিতে চাই," হোমস্ নরম কিন্তু দৃঢ় কণ্ঠে বললেন। "আমি আর চেপে রাখতে পারছি না।"

"আপনি এখন বিশ্রাম নিন," ফিল্ডস্ বলতে শুরু করলেন।

হোমস্ মাথা ঝাঁকালেন। "না, মাই ডিয়ার ফিল্ডস্, আজ রাতে নয়।"

"কি?" লাওয়েল আর্তনাদ ক'রে উঠলেন।

"হোমস্," লংফেলো বললেন। "আমি জানি এটা দায়িত্বজ্ঞানহীনের মতো মনে হতে পারে, কিন্তু এটা আমাদেরকে লড়াই করতে উদ্বুদ্ধ করছে।"

"আপনি এভাবে এসব থেকে কোনোমতেই চলে যেতে পারেন না!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। তার নিজের কণ্ঠটা নিজে শুনেই এক ধরণের শক্তি অনুভব করলেন। "আমরা অনেক দূর এসে পড়েছি, হোমস্!"

"আমরা শুরু থেকেই খুব বেশি দূরে চলে গিয়ে ছিলাম, যেখানে আমাদের থাকার কথা সেখান থেকে অনেক দূরে–হ্যা, জেমস, আমি দুঃখিত," হোমস্ শান্ত কণ্ঠে বললেন। "আমি জানি না পেট্রলম্যান রেই কী করবে, তবে আমি তাকে সব ধরণের সাহায্য করবো, সে যেমনটি চায় সেভাবেই, আর আমিও আশা করবো আপনারাও সেরকমটিই করবেন। আমি চাই আমরা যেনো এসব হত্যাকাণ্ডের তদন্তের পথে বাঁধা

BanglaBook.org

www.BanglaBook.org

হয়ে না দাঁড়াই–অথবা তার চেয়েও খারাপ–অপরাধীর সহযোগী হয়ে যাই। আমরা কি তাই ছিলাম না? মৃত্যুগুলো হতে দেয়ার ব্যাপারে আমাদের প্রত্যেকেরই একটা ভূমিকা ছিলো।"

"তাহলে আমাদেরকে রেইয়ের কাছে বিশ্বাসঘাতকের মতো তুলে দেয়া আপনার উচিত হবে না!" লাওয়েল হুট ক'রে দাঁড়িয়ে গেলেন।

"আমার জায়গায় আপনি হলে কী করতেন, প্রফেসর?" হোমস্ জানতে চাইলেন।

"পালিয়ে যাওয়াটা কোনো উপায় হতে পারে না, ওয়েন্ডেল! আপনি দান্তেকে রক্ষা করতে প্রতীজ্ঞাবদ্ধ, যেমনটি আমরা, লংফেলোর বাড়িতে সেটা করা হয়েছিলো, যদিও স্বর্গ ভেঙে পড়ছে!" কিন্তু হোমস্ মাথায় টুপি প'রে কোটের বোতাম লাগাতে লাগলেন।

"*কুয়ে এ বু বইরা,*" লাওয়েল বললেন। "যে একবার মদ খেয়েছে সে আবারো মদ খাবে।"

"আপনি ঐ দৃশ্যটা দেখেন নি!" হোমসের ভেতরে জমে থাকা আবেগ বিস্ফোরিত হলো লাওয়েলের দিকে ঘুরতেই। "আপনাদের মতোন দু'জন সাহসী পণ্ডিতের জায়গায় আমাকে কেন দু' দুটো বীভৎস মৃতদেহ দেখতে হলো? আরে, আমিই তো ট্যালবোটের ঘটনাস্থলে গিয়েছিলাম, পচা, পোড়া লাশের গন্ধে আমার নাক ভরে গিয়েছিলো! আপনারা যখন আগুনের পাশে ব'সে আরাম ক'রে ব্যাখ্যা বিশ্লেষণ ক'রে যাচ্ছিলেন তখন এসবের মধ্যে আমাকেই যেতে হয়েছিলো!"

"*আরাম?* আরেকটু হলে আমার জীবনটা মানুষখেকো এক কীটের জন্যে বিনাশ হতে যাচ্ছিলো, আপনি ভুলে গেলেন নাকি!" লাওয়েল চিৎকার ক'রে বললেন।

হোমস্ তাচ্ছিল্যভরে হাসলেন। "আমি যা দেখেছি তাতে আমি ঐরকম দশ হাজার বোলতা মাছি বয়ে চলেছি বলা চলে!"

"হোমস্," লংফেলো মিনতি করলেন। "মনে রাখবেন : ভার্জিল তীর্থযাত্রীকে বলেছিলেন যে, ভয় হলো তার ভ্রমণের প্রধান বাধা।"

"আমি এরজন্যে এক কানা পয়সাও দেবো না! আর নয়, লংফেলো! আমি আমার স্থান ত্যাগ করলাম! আমরাই প্রথম নই যাঁরা দান্তের কবিতাকে মুক্ত করার চেষ্টা করেছি এবং সম্ভবত আমরা হেরেই যাবো! আপনি কি কখনও একবারের জন্যেও ভাবেন নি যে, ভলতেয়ার ঠিকই বলেছিলেন–দান্তে একজন উন্মাদ ছাড়া আর কিছু নয়, আর তার কাজগুলো হলো একটি *দানব*। দান্তে ফ্লোরেন্সের তার জীবনটা হারিয়ে ছিলেন, তাই তিনি একধরণের সাহিত্য রচনা ক'রে নিজেকে একজন ঈশ্বর হিসেবে প্রতিপন্ন ক'রে প্রতিশোধ নিয়েছেন। আর এখন আমরা এটা আমাদের শহরে ছড়িয়ে দেবার চেষ্টা করছি, যে শহরটাকে আমরা ভালোবাসি ব'লে ব'লে থাকি। এরজন্যে আমাদেরকে চরম মূল্য দিতে হবে!"

"যথেষ্ট হয়েছে, ওয়েন্ডেল! যথেষ্ট হয়েছে!" লাওয়েল গর্জন ক'রে উঠে

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলোর সামনে এসে দাঁড়ালেন, যেনো এইসব কথা থেকে লংফেলোকে বাঁচাতে ঢাল হিসেবে কাজ করছেন তিনি।

"দান্তের নিজের ছেলে ভাবতো তার বাবা মোহাচ্ছন্ন হয়ে বিশ্বাস করতেন, তিনি নরক পরিভ্রমন করেছেন, সে তার সারা জীবন ব্যয় করেছে নিজের বাবার কথাগুলো প্রত্যাখ্যান করার চেষ্টা ক'রে!" হোমস্ আরো বললেন, "আমরা কেন তাকে রক্ষা করার জন্যে নিজেদের নিরাপত্তাকে জলাঞ্জলী দেবো? *কমেদিয়া* কোনো প্রেমপত্র নয়। দান্তে মোটেও বিয়াত্রিচকে পরোয়া করতেন না, পরোয়া করতেন না ফ্লোরেন্সকেও! তিনি নির্বাসনের যন্ত্রণাকে রূপান্তর করেছেন। কল্পনা করেছেন তার শত্রুরা বিপর্যস্ত হয়ে মোক্ষ লাভের জন্যে প্রার্থনা ভিক্ষা করছে! আপনারা কি কখনও শুনেছেন, তিনি তার বউয়ের কথা একটিবারের জন্যে হলেও উল্লেখ করেছেন? আমি শুধু চাই আমরা যেসব অর্জন করেছি যেসব রক্ষা করতে! এটাই আমি শুরু থেকে চেয়ে আসছি!"

"কে অপরাধী সেটা আপনি খুঁজে বের করতে চান না," লাওয়েল বললেন, "ঠিক যেমনটি আপনি কখনও ভাবতে চান নি বাকি অপরাধী ছিলো, ঠিক যেমনটি আপনি কল্পনা করেছেন প্রফেসর ওয়েবস্টার নিরপরাধ, ফাঁসির দড়ির শেষ প্রান্তে তিনি ঝুলে গেলেও!"

"তা নয়!" হোমস্ আর্তনাদ ক'রে উঠলেন।

"ওহ্, আমাদের জন্যে আপনি খুব ভালো কাজই করছেন, হোমস্। চমৎকার কাজ!" লাওয়েল চিৎকার করেই বললেন। "আপনি আপনার শব্দবহুল গীতি কবিতার মতোই স্থির থাকুন! হয় তো আপনাকে বাদ দিয়ে ওয়েন্ডেল জুনিয়রকে আমাদের ক্লাবে নিলেই বেশি ভালো হোতো। অন্ততপক্ষে, আমাদের তাহলে বিজয়ের একটা সুযোগ থাকতো!" তিনি আরো কিছু বলতে উদ্যত হলেও লংফেলো তার একটা হাত চেপে ধ'রে তাকে নিরস্ত করলেন।

"আপনাকে ছাড়া আমরা এতোদূর আসতে পারতাম না, মাই ডিয়ার বন্ধু। আপনি একটু বিশ্রাম নিন, মিসেস হোমস্কে আমাদের শুভেচ্ছ জানিয়ে দেবেন," লংফেলো নরম কণ্ঠে বললেন।

হোমস্ লেখকদের ঘর থেকে বের হয়ে গেলেন। লংফেলো লাওয়েলের হাতটা ছেড়ে দিতেই তিনি ডাক্তারের পেছন পেছন দরজা পর্যন্ত চলে গেলেন। হল দিয়ে যাবার সময় হোমস্ পেছন ফিরে শীতল দৃষ্টিতে তার বন্ধুকে দেখে আরো দ্রুত হাটতে লাগলেন। একটা মোড় ঘুরতেই শপ বয় টিলের সাথে ধাক্কা খেয়ে প'ড়ে গেলেন। সে একগাদা কাগজে ঠাঁসা একটা হাতে ঠেলা গাড়ি নিয়ে কেরাণীদের কাছে যাচ্ছেলো। ফিল্ডসের অফিসের এই ছেলেটা সবসময়ই মুখে কিছু চিবোতে থাকে। হোমস্ মাটিতে প'ড়ে গেলে কাগজের স্তুপটা তার ওপরেই গিয়ে পড়লো। টিল কাগজগুলো সরিয়ে সমবেদনার দৃষ্টিতে হোমসের দিকে তাকিয়ে তাকে উঠতে সাহায্য করলো। লাওয়েল দৌড়ে হোমসের পাশে চলে এলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"এবার খুশি হয়েছেন, হোমস্। আমাদেরকে লংফেলোর প্রয়োজন রয়েছে! অবশেষে আপনি তার সঙ্গে বিশ্বাসঘাতকতা করলেন। আপনি দান্তে ক্লাবের সঙ্গেও বিশ্বাসঘাতকতা করেছেন!"

লাওয়েলের এসব কথা শুনে টিল ভয়ে তাঁদের দিকে চেয়ে রইলো। হোমস্‌কে উঠে দাঁড়াতে সাহায্য করলো সে। "ক্ষমা চাচ্ছি," সে হোমসের কানের কাছে মুখ এনে বললো। যদিও ডাক্তারেরই দোষ ছিলো। টিলের এই ক্ষমা চাওয়াটা যেনো হোমস্ আমলেই নিলেন না।

তিনি এখন আর হাঁপানীর শ্বাসকষ্টটা অনুভব করছেন না। তার বদলে এক ধরণের তীব্র ব্যাথা অনুভূত হচ্ছে। হাঁপানীতে যেখানে মনে হয় আরো বেশি বাতাস দরকার, সেখানে এখন তার মনে হচ্ছে সমস্ত বাতাস যেনো বিষাক্ত হয়ে গেছে।

লাওয়েল লেখকের ঘরে ফিরে এসে দরজাটা সজোরে বন্ধ ক'রে দিলেন। লংফেলোর দিকে তাকিয়ে দেখতে পেলেন তার মুখে দূর্বোধ্য এক অভিব্যক্তি। লংফেলো তার ঘরের সবগুলো পর্দা আর কপাট বন্ধ ক'রে দিলেন। সবাইকে বোঝালেন যে, তিনি এ ধরণের মতভেদ পছন্দ করেন না। এটা প্রতীয়মান যে, লংফেলো ফিল্ডস্‌কে কিছু একটা বলেছেন, কারণ প্রকাশক সাহেব আরো কিছু শোনার জন্যে একটু ঝুঁকে, উদগ্রীব হয়ে দাঁড়িয়ে আছেন।

"তো," লাওয়েল বললেন, "আমাদেরকে বলুন, তিনি এটা আমাদের সঙ্গে কীভাবে করতে পারলেন, লংফেলো। হোমস্ এটা করতে পারলেন?"

ফিল্ডস্ মাথা ঝাঁকালেন। "লাওয়েল, লংফেলোর মনে হচ্ছে তিনি কিছু একটা ধরতে পেরেছেন," তিনি বললেন, কবির অভিব্যক্তিটা বুঝতে পারলেন ব'লে মনে হলো। "গত রাতে আমরা স্কিজম্যাটিকের ক্যান্টোটা কিভাবে নিয়েছিলাম, আপনার মনে আছে সেটা?"

"হ্যা। তাতে কি হয়েছে, লংফেলো?" লাওয়েল জানতে চাইলেন।

লংফেলো তার কোটটা হাতে নিয়ে জানালা দিয়ে বাইরে তাকিয়ে আছেন। "ফিল্ডস্, মি: হাটন কি এখনও রিভারসাইড-এ আছেন?"

"হাটন সবসময়ই রিভারসাইড-এ থাকেন, অন্তত পক্ষে যখন তিনি চার্চে থাকেন না। তিনি আমাদের জন্যে কী করতে পারবেন, লংফেলো?"

"আপনি এক্ষুণি ওখানে যান," লংফেলো বললেন।

"আপনি কি কিছু একটা ধরতে পেরেছেন যা আমাদের সাহায্যে আসতে পারে, মাই ডিয়ার লংফেলো?" লাওয়েল আশান্বিত কণ্ঠে বললেন।

তিনি ভাবলেন লংফেলো বোধহয় জবাব দেবার কথা ভাবছেন, কিন্তু কবি সাহেব নদী পথে ক্যামব্রিজে যাবার সময় কিছুই বললেন না।

BanglaBook.org

www.BanglaBook.org

রিভারসাইড প্রেসের বিশাল ইটের দালানে প্রবেশ ক'রে লংফেলো এইচ ও. হাটনকে অনুরোধ করলেন দান্তের *ইনফার্নো*'র অনুবাদ ছাপা হওয়ার রেকর্ডটা দিতে। যদিও এখনও ছাপা হয় নি, তাসত্ত্বেও অনুবাদটি দেশের ইতিহাসে সবচাইতে জনপ্রিয় এবং শ্রদ্ধেয় কবির দীর্ঘ নিরবতাকে ভাঙবে ব'লে সবাই প্রত্যাশা করছেন। আর এজন্যে সাহিত্যপ্রেমীরা অধীর আগ্রহে অপেক্ষা করছে। বেল এবং ট্রাম্পেটের সাহায্যে ফিল্ডসের গুদামে থাকা এর পাঁচ হাজার কপি বই-ই একমাসের মধ্যে নিঃশেষ হয়ে যাবে, এটা নিশ্চত। এটা অনুমান করেই অস্কার হাটন লংফেলোর প্রুফ থেকে প্লেটগুলো প্রস্তুত করেছেন বিস্তারিতভাবে এবং নিখুঁত দিন তারিখ লিপিবদ্ধ ক'রে।

তিনজন পণ্ডিত প্রিন্টারের হিসাব কক্ষে প্রবেশ করলেন।

"আমি কিছুই বুঝতে পারছি না," লাওয়েল বললেন।

ফিল্ডস্ তাকে শিডিউলটা দেখালেন। "লংফেলো আমাদের অনুবাদ সেশনের এক সপ্তাহ পরে রিভিশন সহকারে প্রুফগুলো দাখিল করেছিলেন। সুতরাং হাটনের প্রুফ গ্রহণের রিসিপ্ট-এ যে তারিখটাই আমরা খুঁজে পাই না কেন, এর আগের সপ্তাহের বুধবারটা হবে আমাদের দান্তে ক্লাবের মিটিংয়ের দিন।"

নিরপেক্ষদের নিয়ে রচিত ক্যান্টো তিনের অনুবাদটি জাস্টিস হিলির হত্যার তিন-চার দিন আগে করা হয়েছিলো। ক্যান্টো সতেরো, আঠারো এবং উনিশ-এর অনুবাদটা যে বুধবারে হয়েছিলো তার তিন দিন আগেই রেভারেন্ড ট্যালবোটের হত্যাকাণ্ডটি হয়–এর পরেরটাতেই সাইমোনিয়াকদের শাস্তির ঘটনা রয়েছে।

"হ্যা, আর আমি ইউলিসিসের ক্যান্টোটা শেষ মুহূর্তে শিডিউলে এগিয়ে রেখেছিলাম যাতে ক'রে আমরা নিজেদেরকে চাঙ্গা করতে পারি সেই সঙ্গে মাঝখানের ক্যান্টোগুলো নিয়ে কাজ করতে পারি। এখন, সাম্প্রতিক ঘটনাটি, মানে ফিনিয়াস জেনিসনের হত্যাকাণ্ডটি ঘটেছে এই বুধবারে–গতকালকের অনুবাদের একদিন আগে, ঐ পংক্তিগুলো যাতে ঐ হত্যাকাণ্ডের সাথে মিলে যায় এমন শাস্তিদানের কথা উল্লেখ আছে।"

লাওয়েলের মুখটা ফ্যাকাশে হয়ে গিয়ে একেবারে লাল হয়ে গেলো।

"আচ্ছা, লংফেলো!" ফিল্ডস্ আর্তনাদ ক'রে বললেন।

"প্রতিটি হত্যাকাণ্ডই ঘটেছে ঠিক আমাদের দান্তে ক্লাবের ঐসব ক্যান্টোগুলো অনুবাদের আগে যেসব ক্যান্টোগুলো ভিত্তি ক'রে হত্যাকাণ্ডগুলো করা হয়েছে," লংফেলো বললেন।

"এই ব্যাপারটা কী ক'রে আমাদের চোখে ধরা পড়লো না?" ফিল্ডস্ আর্তনাদ ক'রে উঠলেন।

"কেউ আমাদের সঙ্গে খেলছে," লাওয়েল উত্তেজিত হয়ে বললেন। এর পর খুব দ্রুতই নিজের কণ্ঠটা নিচে নামিয়ে ফিস্‌ফিস্ ক'রে বললেন, "কেউ আমাদেরকে আগাগোড়াই নজরদারী করছে, লংফেলো! এমন কেউ, যে আমাদের দান্তে ক্লাবের সব

BanglaBook.org

www.BanglaBook.org

খবর জানে! সে যেই হোক না কেন, সে আমাদের অনুবাদের সঙ্গে সময় মিলিয়ে হত্যাগুলো করেছে!"

"দাঁড়ান। এটা একটা কাকতালীয় ব্যাপারও হতে পারে," ফিল্ডস্ চার্টের দিকে আবারো তাকালেন। "এখানে দেখুন। আমরা *ইনফার্নো*'র প্রায় দুই ডজন ক্যান্টো অনুবাদ করেছি, কিন্তু হত্যাকাণ্ড হয়েছে মাত্র তিনটি।"

"তিনটি ভয়ংকর কাকতালীয় ব্যাপার," লংফেলো বললেন।

"কোনো কাকতালীয় ব্যাপার নেই," লাওয়েল জোর দিয়ে বললেন। "আমাদের লুসিফার আমাদের সঙ্গে পাল্লা দিচ্ছে, সে দেখতে চায় কোন্‌টা আগে আসবে–কাগজে কলমে আর কালির সাহায্যে দান্তের অনুবাদ নাকি রক্তের মাধ্যমে! আমরা দুই-তিনবার এই প্রতিযোগীতায় হেরে গেছি!"

ফিল্ডস্ প্রতিবাদ করলেন। "কিন্তু আগেভাগে আমাদের শিডিউলটা কে জানতে পারবে? এই ধরণের অপরাধ করার পরিকল্পনা করার জন্যে পর্যাপ্ত সময় হাতে নিয়ে? আমরা তো কোনো টাইমটেবিল লিখে রাখি না। কখনও কখনও আমরা একটি সপ্তাহ বাদ দেই। কখনও কখনও লংফেলো যদি মনে করেন নির্দিষ্ট ক্যান্টোগুলোর ব্যাপারে আমরা ঠিক প্রস্তুত নই, তখন এক বা দুটো ক্যান্টো বাদ দিয়ে তিনি কাজ করেন।"

"আমার নিজের ফ্যানিও জানে না আমরা কোন্ ক্যান্টোটা নিয়ে বসতে যচ্ছি, সে অবশ্য জানার ব্যাপারে তেমন আগ্রহীও নয়," লাওয়েল স্বীকার করলেন।

"কে এ ধরণের বিস্তারিত খুঁটিনাটি জানবে, লংফেলো?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"এসবই যদি সত্য হয়ে থাকে," লাওয়েল বাধা দিয়ে বললেন, "এর মানে আমরা কোনো না কোনোভাবে হত্যাকাণ্ডগুলোর সাথে জড়িত!"

তারা সবাই চুপ মেরে গেলেন। ফিল্ডস্ লংফেলোর দিকে ত্রাণকর্তার দৃষ্টিতে তাকালেন। "শয়তানী!" তিনি বললেন। "শয়তানী, লাওয়েল!" কেবল এটাই ভাবতে পারলেন তিনি।

"আমি এই অদ্ভুত ব্যাপারটা মেনে নিতে পারছি না," হাটনের ডেস্ক থেকে উঠে দাঁড়িয়ে লংফেলো বললেন। "কিন্তু আমরা এই অভিযোগটার দায় এড়াতে পারি না। পেট্রলম্যান রেই যে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্তই নিয়ে থাকুক না কেন, আমরা আর আমাদের জড়িত হবার ব্যাপারটা এড়াতে পারি না। *কমেদিয়া* অনুবাদে বসার পর ত্রিশটি সুখি বছর পার করেছি। আমি এর ওপর এখন শ্রদ্ধাভরে হাত রেখেছি যে, কখনও কখনও লম্বা বিরতিও দিয়েছি। তাড়াহুড়া করি নি কখনও। কিন্তু এখন দ্রুত কাজটা শেষ করার সময় হয়েছে, তা না হলে আরো ক্ষতির ঝুঁকি রয়েছে।"

বোস্টনের উদ্দেশ্যে ফিল্ডস্ তার গাড়িতে ওঠার পর লাওয়েল এবং লংফেলো তুষারপাতের মধ্য দিয়ে নিজেদের বাড়িতে চলে গেলেন। ফিনিয়াস জেনিসনের হত্যার কথা তাঁদের সমাজকে নাড়িয়ে দিয়েছে। এল্‌ম গাছে সমৃদ্ধ ক্যামব্রিজের পথঘাট

BanglaBook.org

www.BanglaBook.org

একেবারে বধির হয়ে আছে। চিমনী দিয়ে বের হওয়া ধোঁয়া তুষারপাতের মধ্যে উধাও হয়ে যাচ্ছে। জানালাগুলো কপাট ঢাকা নয়, ওগুলো ভেতর থেকে শার্ট, ব্লাউজ শুকানোর জন্যে ঝুলিয়ে রাখা হয়েছে, যেহেতু বাইরে খুব বেশি ঠাণ্ডা তাই ঘরের ভেতরেই শুকানোর চেষ্টা করা হচ্ছে। সবগুলো দরজা ভেতর থেকে তালা মেরে রাখা হয়েছে। যেসব বাড়িতে পুলিশের অনুরোধে নতুন ধরণের লোহার তালা এবং শেকল লাগানো হয়েছে সেগুলো শক্ত ক'রে বাধা আছে। কিছু কিছু বাড়ির বাসিন্দা একধরণের বৈদ্যুতিক অ্যালার্ম দরজাতে লাগিয়েছে ইদানিং যা ওয়েস্ট-এর জেরেমি ডিডলারস্ বিক্রি করতে শুরু করেছে। বাড়ির আঙিনায় জ'মে থাকা বরফে কোনো বাচ্চাকাচ্চা খেলছে না। এই তিনটি হত্যাকাণ্ডের ব্যাপারে এখন আর কারোর সন্দেহ নেই যে, কাজটা একই ব্যক্তি করেছে। খুব জলদিই সংবাদপত্রগুলো এই খবরটা জানাবে যে, প্রত্যেক নিহত ব্যক্তির পাশেই তার পরিধেয় বস্ত্রগুলো সুন্দর ক'রে ভাঁজ ক'রে রাখা ছিলো আর মৃত ব্যক্তিরা সবাই ছিলো সম্পূর্ণ উলঙ্গ। খবরটা বের হবার সঙ্গে সঙ্গে পুরো শহরটাও উলঙ্গ ভাবতে শুরু করবে। আরটেমাস হিলির মৃত্যুর ভীতিকর আবহটা এখন বিকন হিল ছাড়িয়ে চার্লস্ স্ট্রট, ব্যাক বে পেরিয়ে ক্যামবৃজ সেতুর ওপারে চলে গেছে।

লংফেলো ক্রেইগি হাউজ থেকে কয়েক ব্লক দূরে এসে থামলেন। "আমরা কি দায়ী হতে পারি?" তার নিজের কণ্ঠটা তার কাছেই ভীতিকর রকমের দূর্বল ব'লে শোনালো।

"এই পোকাটা আপনার মাথায় ঢুকতে দেবেন না। এটা যখন বলেছিলাম তখন আমি ওভাবে ভেবে বলি নি, লংফেলো।"

"আপনি আমার সঙ্গে অবশ্যই সততা দেখাবেন, লাওয়েল। আপনি কি মনে করেন–"

এক বাচ্চা মেয়ের চিৎকার বাতাস বিদীর্ণ করলে লংফেলোর কথাগুলো বিশ্লিষ্ট হয়ে গেলো, আর সেটা ব্রেটল স্ট্রট থেকেই যেনো ভেসে আসছে।

নিজের বাড়ি থেকে শব্দটা আসছে কিনা ভাবতেই লংফেলোর হাঁটু জোড়া কেঁপে উঠলো। তিনি জানেন তাকে এক্ষুণি বরফের চাদর মাড়িয়ে ব্রেটল স্ট্রট-এ পৌছাতে হবে। কিন্তু কয়েক মুহূর্তের জন্যে তার চিন্তাভাবনাসমূহ তাকে স্থির ক'রে রাখলো। তারপর, যেনো একটা ঘরের মধ্যে কেউ রক্তাক্ত কিছু খুঁজে বেড়াচ্ছে এরকম একটা দুঃস্বপ্ন থেকে তিনি জেগে উঠলেন। পুরনো স্মৃতিটা মনের মধ্যে জেঁকে বসলো। *আমি কেন তোমাকে বাঁচাতে পারলাম না, প্রিয়তমা?*

"আমি কি আমার রাইফেলটা নিয়ে আসবো?" লাওয়েল উদ্‌ভ্রান্তের মতো চিৎকার ক'রে বললেন।

লংফেলো কোনো কিছু না বলে সামনের দিকে ছুটে চললেন।

দু'জন লোক ঠিক একই সময়ে ক্রেইগি হাউজের প্রবেশদ্বারের সামনে এসে

BanglaBook.org

www.BanglaBook.org

পৌঁছালেন, লংফেলোর জন্যে অভূতপূর্ব ব্যাপারই কারণ তিনি তার প্রতিবেশীটির মতো নয়। কোনো দৈহিক পরিশ্রম করেন না, শরীরচর্চা তো দূরের কথা। তারা পাশাপাশি হল দিয়ে এগিয়ে গেলে পার্লারে চার্লি লংফেলোকে খুঁজে পেলেন। হাটু মুড়ে ব'সে সে তার উত্তেজিত ছোটো বোন এ্যানি এ্যালেগ্রাকে শান্ত করার চেষ্টা করছে, যে তার ভাইয়ের পাঠানো উপহার পেয়ে আনন্দে আত্মহারা হয়ে চিৎকার আর হৈহল্লা ক'রে দিয়েছে, সেই সাথে ট্র্যাপ কুকুরটা আনন্দে তাদের চারপাশে চক্কর দিচ্ছে আর প্রাণপণে ঘেউ ঘেউ ক'রে চলেছে। তার দাঁতগুলো দেখা যাচ্ছে, এই ভঙ্গীটি মানুষের হাসির সঙ্গে তুলনীয় হতে পারে। এ্যালিস ম্যারি হলে এসে তাঁদেরকে অভ্যর্থনা জানালো।

"ওহ্, বাবা," সে উচ্চস্বরে বললো। "থ্যাংক্স গিভিং ডে উপলক্ষ্যে চার্লি এইমাত্র বাড়িতে এসেছে! সে আমাদের জন্যে লাল-কালো ডোরা-কাঁটা ফ্রেঞ্চ জ্যাকেটও নিয়ে এসেছে!"

এ্যালিস তার জ্যাকেকটা লংফেলো আর লাওয়েলকে দেখালো।

"কী দারুণ, তাই না!" চার্লি তালি দিয়ে বলেই তার বাবাকে জড়িয়ে ধরলো। "আরে, বাবা, তোমাকে দেখছি কাগজের চেয়েও বেশি সাদা ব'লে মনে হচ্ছে, তাই না? তোমার শরীর ভালো তো? মানে, তোমাদেরকে একটু অবাক ক'রে দিতে চেয়েছিলাম আর কি! হয়তো তুমি এরকম চম্‌ক পাবার জন্যে খুব বেশি বৃদ্ধ হয়ে গেছো।" সে হেসে ফেললো।

লংফেলোর মুখের রঙ ফিরে এলে তিনি লাওয়েলকে টেনে একটু পাশে নিয়ে গেলেন। "আমার চার্লি বাড়িতে এসেছে," তিনি বেশ আস্থার সঙ্গে বললেন, যেনো লাওয়েল সেটা দেখতে পাচ্ছেন না।

সেই রাতে, পরে কোনো এক সময়ে, বাচ্চারা উপরের তলায় ঘুমানোর পর আর লাওয়েল তার বাড়িতে ফিরে গেলে লংফেলো বেশ প্রশান্তি অনুভব করলেন। তিনি তার ডেস্কের দিকে ঝুঁকে মসৃন কাঠের ওপর হাত বোলালেন যেখানে অনুবাদের বেশির ভাগ কাজগুলো হয়েছে। প্রথম যখন তিনি দান্তের কবিতা পড়েছিলেন, তিনি স্বীকার করেন, মহান কবির ওপর তার বিশ্বাস তৈরি হয় নি। শেষটা কেমন হবে তা নিয়ে তিনি শংকিত। শুরুটা বেশ অসাধারণ হয়েছিলো। কিন্তু আগাগোড়া, দান্তে নিজেও বেশ বীরত্বপূর্ণভাবেই একঘেয়ে হয়ে উঠেছিলেন যে লংফেলো না ভেবে পারলেন না, এ কাজে কেবলমাত্র তার সেরাটাই নয় বরং তার বিরামহীন শক্তির দরকার রয়েছে। স্টাইলটা থিমের সঙ্গে জেগে ওঠে এবং স্রোতের পানির মতো তরঙ্গায়িত হয়, আর প্রকারন্তরে এটার প্লাবন পাঠককে সন্দেহ এবং ভীতির সঙ্গে ভাসিয়ে নিয়ে যায়। প্রায়শই এটা মনে হোতো যে, লংফেলো এই ফ্লোরেন্সবাসীরই সেবা করছেন, কিন্তু কখনও কখনও দান্তে উপহাস করে, তার অর্থ সমস্ত বক্তব্য এবং সব ভাষাকেও পাশ কাটিয়ে যায়। এরকম সময়ে লংফেলো নিজেকে একজন ভাস্কর হিসেবে মনে করেন, যে মানুষের চোখের জীবন্ত সৌন্দর্যকে ঠাণ্ডা মার্বেল পাথরে ফুটিয়ে তুলতে সক্ষম হচ্ছে

BanglaBook.org

www.BanglaBook.org

না। তাই সে এক ধরণের যন্ত্র ব্যবহার ক'রে মূর্তির চোখ দুটোকে আরো গভীরে ডুবিয়ে দিয়ে ভুরু দুটোকে জীবন্ত মডেলের ভুরুর চেয়ে বেশি প্রকট ক'রে তোলে।

কিন্তু দান্তে যন্ত্রের অনুপ্রবেশের বিরোধীতা করতেন, নিজেকে গুটিয়ে নিয়ে অপেক্ষা করতেন। এরকম পরিস্থিতিতে অনুবাদক এবং কবি মুখোমুখি অবস্থানে চলে গেলে লংফেলো বিরতি দিয়ে ভাবতেন : এখানে দান্তে তার কলমটা নামিয়ে রাখতেন–কেবল ফাঁকা, সাদা কাগজ। কিভাবে এটাকে পূর্ণ করা যাবে? নতুন কোন্ চরিত্র আনা যায়? এরপর কবি আবার লিখতে শুরু করতেন–মুখে আনন্দের অভিব্যক্তি অথবা প্রচণ্ড ক্ষোভ নিয়ে লিখে চলতেন–লংফেলো এখন কোনো রকম ভীতি ছাড়াই আবার লিখতে লাগলেন।

একটা মৃদু খাম্‌চানো শব্দ, যেনো চকবোর্ডে নখের আচড়ের মতো, একটা বল নিয়ে লংফেলোর পায়ের কাছে বসা ট্র্যাপের কানে ধরা পড়লো। শব্দটা শুনে মনে একটা জানালার কাঁচে তুষারপাতের আঘাতের ফলে শব্দটা হচ্ছে।

লংফেলো রাত দুটো পর্যন্ত অনুবাদ ক'রে যাচ্ছেন। একটা জানালার কাছে মোমবাতি রেখে চমৎকার গাছগুলোর দিকে তাকালেন, সবগুলোই তুষাড়ে ঢাকা। বাতাস থম্‌কে আছে আর সেজন্যে ওগুলোকে দেখে ক্রিসমাস ট্রি'-র মতো লাগছে। জানালার পর্দা বন্ধ করতেই লক্ষ্য করলেন একটা জানালাতে অস্বাভাবিক কিছু দাগ দেখা যাচ্ছে। পর্দাটা আবারো খুললেন। তুষার পড়ার শব্দটা আসলে অন্য কিছুর ছিলো : চাকু দিয়ে কাঁচ কাঁটা হয়েছে। আর তিনি তার অজ্ঞাত প্রতিপক্ষের থেকে মাত্র কয়েক ফুট দূরেই ছিলেন। প্রথমে জানালার লেখাগুলো তার কাছে অর্থহীন ব'লে মনে হয়েছিলো : *লা মিয়া ট্রাডুজিওন*। কিন্তু সঙ্গে সঙ্গেই লংফেলো এটার অর্থ উদ্ধার করতে পারলেন। তারপরও বাইরে বেরোলেন তিনি, যেখান থেকে লেখাটা ভালো ক'রে পড়া যাবে।

লা মিয়া ট্রাডুজিওন : "আমার অনুবাদ।"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১২

চিফ কার্তেজ ঘোষণা দিলো যে, সে সিটি কমিটি এবং লাইসিয়াম গ্রুপে নতুন পদ্ধতির পুলিশি কর্মকাণ্ডের ওপর বক্তৃতা দেবার উদ্দেশ্যে কয়েক ঘণ্টার মধ্যে ট্রেনে ক'রে অল নিউ ইংল্যান্ডের একটি লাইসিয়াম ভ্রমনে যাচ্ছে। "আমাদের শহরের সুনাম রক্ষা করতে পৌরসদস্যদেরকে বলেছিলাম। মিথ্যুকের দল।"

"তাহলে যাচ্ছেন কেন?"

"আমাকে গোয়েন্দাদের কাছ থেকে বহুদূরে রাখার জন্যে। নিয়ম অনুযায়ী আমিই হলাম ডিপার্টমেন্টের একমাত্র অফিসার যার ডিটেক্টিভ ব্যুরোর ওপর কর্তৃত্ব রয়েছে। ঐসব বান্‌চোতরা এখন খালি মাঠে গোল দেবে। এই তদন্ত কাজটিএখন পুরোপুরি তাদের উপরই অর্পিত হয়েছে। তাদেরকে থামানোর কোনো শক্তি এখানে আর নেই।"

"কিন্তু চিফ কার্তেজ, তারা তো ভুল জায়গায় খোঁজ করছে। কেবল লোক দেখানো কিছু গ্রেফতার দেখাতে চাইছে।"

কার্তেজ তার দিকে চেয়ে রইলো। "আর পেট্রলম্যান, তুমি আদেশ অনুযায়ী এখানেই থাকবে। তুমি সেটা জানো। যতোক্ষণ না এসব সমস্যা মিটে যায়। সেটা হতে অবশ্য অনেক দিন লেগে যেতে পারে।"

রেই চোখ পিটপিট ক'রে তাকালো। "কিন্তু আমার তো অনেক কিছু বলার আছে, চিফ..."

"তুমি জানো আমি তোমাকে আদেশ দিয়েছি, তুমি যা জানো অথবা ভাবো সেসব ডিটেক্টিভ হেন্‌শা এবং তার লোকজনদের সঙ্গে ভাগাভাগি করবে।"

"চিফ কার্তেজ..."

"আর কিছু বলবে, রেই! আমি কি নিজে তোমাকে হেন্‌শার কাছে নিয়ে যাবো?"

রেই ইতস্তত ক'রে মাথা ঝাঁকালো।

রেইয়ের দিকে হাত বাড়ালো কার্তেজ। "কখনও কখনও এটাই একমাত্র সন্তুষ্টির ব্যাপার হয়ে দাঁড়ায় যে, তোমার পক্ষে এরচেয়ে বেশি কিছু করার নেই, রেই।"

রেই যখন সেই রাতে তার বাড়িতে হেঁটে গেলো একটা আলখেল্লা পরা এক মেয়ে তার পিছু নিলো। মেয়েটা তার মাথার ঘোমটা তুলে জোরে জোরে নিঃশ্বাস নিলো, তার নিঃশ্বাসের বাষ্প কালো ঘোমটা থেকে বের হয়ে আসতে দেখা যাচ্ছে। মাবেল লাওয়েল তার ঘোমটাটা নামিয়ে পেট্রলম্যান রেইয়ের দিকে তাকালো।

"পেট্রলম্যান। প্রফেসর লাওয়েলকে খুঁজতে যখন এসেছিলেন তখন আমার সাথে

BanglaBook.org

www.BanglaBook.org

আপনার দেখা হয়েছিলো, মনে আছে? আপনাকে আমার কিছু দেখানোর আছে," এ বলেই সে তার আলখেল্লার নিচ থেকে একটা ভারি প্যাকেট বের ক'রে আনলো।

"আপনি আমাকে কিভাবে খুঁজে পেলেন, মিস্ লাওয়েল?"

"মাবেল ব'লে ডাকবেন আমাকে। আপনার কি মনে হয় একজন মুলাট্টো অফিসারকে এই বোস্টনে খুঁজে বের করা খুব কঠিন কিছু?" কথাটা বলেই সে একটা তির্যক হাসি হাসলো।

রেই প্যাকেটটার দিকে তাকালো। ওটা থেকে সে কয়েকটা কাগজ বের করে হাতে নিলো। "আমার মনে হয় না এটা আমার নেয়া উচিত। এটা কি আপনার বাবার?"

"হ্যা," সে বললো। এগুলো হলো লংফেলোর দান্তের অনুবাদের প্রুফ কপি। মার্জিনে লাওয়েলের নোট লেখা আছে। "আমার মনে হয় আমার বাবা এইসব অদ্ভুত হত্যাকাণ্ডের মধ্যে দান্তের কবিতার কোনো সংযোগ খুঁজে পেয়েছেন। আমি বিস্তারিত জানি না, আপনি অবশ্যই এ নিয়ে উনার সঙ্গে কথা বলবেন না, সুতরাং আমাকে আপনি দেখেছেন এটাও বলবেন না। বাবার অলক্ষ্যে তার পড়ার ঘরে তন্ন তন্ন ক'রে খুঁজে বের করা বেশ শক্ত কাজ, অফিসার।"

"প্লিজ, মিস্ লাওয়েল।" রেই দীর্ঘশ্বাস ফেলে বললো।

"মাবেল।" রেইয়ের চোখে সততার ঝিলিক দেখে সে তার মরিয়া ভাবটা দেখাতে পারলো না। "প্লিজ, অফিসার। আমার মা'কে বাবা খুব কমই বলেন আর আমাকে বলেন তারচেয়েও কম। তবে এটা আমি জানি; তার দান্তের বইগুলো সবসময়ই ছড়িয়ে ছিটিয়ে থাকে। আজকাল আমি যখনই তার সঙ্গে তার বন্ধুদের কথা বলতে শুনি, তারা সবাই এ নিয়েই কথা বলে–কোনো অনুবাদ সোসাইটির মানুষের পক্ষে আস্বাভাবিক রকম চিন্তিত এবং দুঃখভারাক্রান্ত কণ্ঠে কথা বলেন তারা। এরপরই আমি একজন মানুষের পায়ে আগুন জ্বলছে ছবিটা খুঁজে পাই, সঙ্গে রেভারেন্ড ট্যালবোট হত্যার সংবাদ ক্লিপিংসগুলো : উনার পা দুটো, কেউ কেউ বলে আগুনে পোড়া ছিলো। আমি কি কয়েক মাস আগে মিড এবং শেলডনের সঙ্গে বাবার সেই দুষ্টচরিত্রের পাদ্রীদের ক্যান্টোটার রিভিউ শুনি নি?"

রেই তাকে পাশের একটা ভবনের প্রাঙ্গণে নিয়ে গিয়ে সেখানকার একটা খালি বেঞ্চে বসালো। "মাবেল, আপনি যে এসব জানেন সে কথা অবশ্যই কাউকে বলবেন না," পেট্রলম্যান তাকে বললো। "এটা কেবল পরিস্থিতিকে আরো বেশি গুলিয়ে ফেলবে আর আপনার পিতা এবং তার বন্ধুদের ওপর মারাত্মক বিপদ ডেকে আনবে–আমার আশংকা, আপনারও বিপদ হবে।"

"আপনি ইতিমধ্যেই এটা জেনে গেছেন, তাই না? তো, আপনি অবশ্যই এই উন্মাদগ্রস্ত কাজটি বন্ধ করার পরিকল্পনা করবেন।"

"আমি জানি না, সত্যি বলছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

"আপনি তো দাঁড়িয়ে দাঁড়িয়ে এসব দেখতে পারেন না, বাবা যখন...প্লিজ।" সে প্রুফের প্যাকেটটা আবারো রেইয়ের হাতে দিয়ে দিলো। "এটা নিন। উনি এটা খুঁজে পাবার আগেই আগাগোড়া প'ড়ে ফেলুন। সেদিন আপনার ক্রেইগি হাউজের আগমনটার সঙ্গে অবশ্যই এটার সম্পর্ক আছে। আর আমি জানি, আপনিই সাহায্য করতে পারবেন।"

রেই প্যাকেটটা ভালো ক'রে দেখে নিলো। যুদ্ধের আগে থেকে সে একটা বইও প'ড়ে নি। এক সময়, বিশেষ ক'রে তার পালিত মা-বাবা এবং বোনদের মৃত্যুর পরে, বইয়ের প্রতি তার দুর্নিবার আকর্ষণ তৈরি হয়ে ছিলো : ইতিহাস, জীবনী, এমনকি প্রেমকাহিনীও পড়তো সে। কিন্তু এখন আর সে বই পড়ে না। এখন সংবাদপত্র আর মন্তব্য প্রতিবেদন পড়তে পছন্দ করে, ওগুলো তার চিন্তাভাবনার ওপর খুব বেশি প্রভাব বিস্তার করতে পারে না।

"বাবা কখনও কখনও বেশ কঠিন মানুষ হয়ে ওঠেন–তিনি কী মনে করতে পারেন সেব্যাপারে আমি সচেতন আছি," মাবেল বলতে শুরু করলেন। "তার জীবনে অনেক বিপর্যয় গেছে। ভেতরে এবং বাইরে। তার লেখার ক্ষমতা হারিয়ে যাবে ব'লে তিনি একটা ভীতির মধ্যে বসবাস করেন। তবে আমি তাকে কখনও একজন কবি হিসেবে ভাবি নি, কেবল আমার বাবা হিসেবেই ভেবেছি।"

"মি: লাওয়েলকে নিয়ে আপনি ঘাবড়াবেন না।"

"তাহলে আপনি তাকে সাহায্য করবেন?" সে তার হাতের ওপর একটা হাত রেখে বললো। "বাবা নিরাপদে আছেন এটা নিশ্চিত করতে আমি কি সাহায্য করতে পারি, পেট্রলম্যান?"

রেই চুপ ক'রে রইলো। রাস্তা দিয়ে চলাচলকারী লোকজন তাদের দিকে ঘাড় বেঁকিয়ে তাকাচ্ছে।

মাবেল বিষন্নভাবে হেসে বেঞ্চ থেকে উঠে দাঁড়ালো। "বুঝেছি। আপনিও বাবার মতো। এসব ব্যাপারে আমাকে বিশ্বাস করতে পারছেন না। কিন্তু ভেবেছিলাম আপনি হয়তো অন্যরকম হবেন।"

কয়েক মুহূর্তের জন্যে রেই এতোটা সমব্যাথী হলো যে, জবাব দিতে পারলো না। "মিস্ লাওয়েল, এটা এমন একটা ব্যাপার যেখানে কেউ ইচ্ছে করলেই জড়িত হতে পারে না।"

"কিন্তু আমি তো ইচ্ছে করছি না," সে বলেই মাথার ঘোমটাটা টেনে ঘোড়া গাড়ির স্টেশনের দিকে রওনা দিলো।

BanglaBook.org

বৃদ্ধ প্রফেসর জর্জ টিকনর, তার বউকে বললেন অতিথিকে পাঠিয়ে দিতে। কথাটা বলতেই তার বিশাল এবং কিম্ভুতকিমাকার মুখে অদ্ভুত একটা হাসি দেখা গেলো।

www.BanglaBook.org

টিকনরের এক সময়ের কালো চুল এখন সাদা হয়ে কাঁধ পর্যন্ত এলিয়ে আছে। হর্দন একবার টিকনরের নাকটাকে ঈগলপাখির ঠোঁটের বিপরীত ব'লে উল্লেখ করেছিলেন।

প্রফেসরের কল্পনাশক্তি কখনও খুব বেশি ছিলো না আর এজন্যে তিনি কৃতজ্ঞই ছিলেন–এটা তাকে উদ্দেশ্যবিহীনভাবে ভ্রমণ থেকে রক্ষা করেছে, যা তার বোস্টনবাসীদেরকে প্রলুব্ধ করে। তার লেখক বন্ধুরা সংস্কারের সময়কালে ভাবতো সব কিছুই বদলে যাবে। এখনও টিকনর না ভেবে পারলেন না যে, চাকর-বাকরেরা তাকে তুলে ওঠায়, চেয়ার থেকে উঠতে সাহায্য করে, এটা যেনো জর্জ জুনিয়রের বাড়ন্ত বয়সের নিখুঁত একটি ছবি, যে মাত্র পাঁচ বছর বয়সে মারা গেছে। জর্জ জুনিয়রের মৃত্যুর ত্রিশ বছর পরেও টিকনর তার মৃত্যুতে এখনও দুঃখ অনুভব করেন, কারণ তিনি তার সুন্দর হাসি দেখতে পান না, হাসিখুশি কণ্ঠটা শুনতে পান না, এমনকি সেটা তার স্মৃতিতেও আর অবশিষ্ট নেই।

একটা উপহার নিয়ে লংফেলো লাইব্রেরিতে ঢুকলেন। একটা প্যাকেট। "দয়া ক'রে বসেই থাকুন, প্রফেসর টিকনর," তিনি তাড়া দিয়ে বললেন।

টিকনর একটা সিগারেট সাধলেন। "মাই ডিয়ার মিঃ লংফেলো, কী জন্যে এখানে আসা হলো?"

লংফেলো উপহারটা টিকনরের ডেস্কে রাখলেন। "একটা জিনিস পেয়ে আপনার কথা মনে পড়ে গেলো, তাই আপনাকে একটু দেখতে এলাম।"

টিকনর তার দিকে তাকিয়ে অনুমান করার চেষ্টা করলেন। তার কালো চোখ দুটো অপ্রতিরোধ্য।

"এটা আজ সকালে ইতালি থেকে পেয়েছি। এটার সঙ্গে আসা চিঠিটা পড়ুন।" টিকনরের হাতে চিঠিটা দিলেন লংফেলো। এটা ফ্লোরেন্সের দান্তে জন্মজয়ন্তী কমিটির জর্জ মার্শের কাছ থেকে এসেছে। মার্শ লংফেলোকে আশ্বস্ত ক'রে লিখেছেন যে, ফ্লোরেন্সের কমিটির কাছে লংফেলোর *ইনফার্নো*'র অনুবাদটি গ্রহণের ব্যাপারে কোনো সংশয় থাকবে না।

টিকনর পড়তে শুরু করলেন : "'ডিউক অব কায়তানি এবং কমিটি কলম্বাসের আবিষ্কার করা সুমহান দেশের কাছ থেকে মহান কবির প্রথম আমেরিকান অনুবাদটি শতাব্দীর সেরা উপহার হিসেবে কৃতজ্ঞতার সঙ্গেই গ্রহণ করবে।'"

"আপনি কেন আশ্বস্ত বোধ করছেন না?" টিকনর অবাক হয়ে জানতে চাইলেন।

লংফেলো হাসলেন। "আমি এটা ধরে নিয়েছি যে, মিঃ মার্শ আমাকে কাজটা তাড়াতাড়ি শেষ করার তাড়া দিচ্ছেন।"

"'দয়া ক'রে আমাদের কমিটির পক্ষ থেকে,'" টিকনর আবার পড়তে লাগলেন, "'আপনার আসন্ন অবদানকে সাধুবাদ জানিয়ে রাভেনার সমাধি থেকে নেয়া দান্তে অলিঘিয়েরির দেহভস্ম রাখা সাতটা ব্যাগের একটাকে গ্রহণ করুন।'"

টিকনরের গালে আনন্দের বহিঃপ্রকাশ হিসেবে আরক্তিম আভা দেখা গেলো। তার

BanglaBook.org

www.BanglaBook.org

চোখ প্যাকেটটার দিকে আবদ্ধ হয়ে থাকলো। তার লাল লাল গাল ঘনকালো চুলের সাথে বিসদৃশ্য তৈরি করলো। এই চুলের জন্যেই যৌবনে তাকে একজন স্পেনিশ ব'লে ভাবতো। টিকনর প্যাকেটটার বাধন খুলে ছাঁইয়ের মতো বস্তুর দিকে চেয়ে রইলেন। কিন্তু টিকনর তাতে আল্‌তো ক'রে হাত বুলালেন, যেনো কোনো ক্লান্ত তীর্থযাত্রী শেষ পর্যন্ত হলি ওয়াটার-এর কাছে এসে পৌছেছেন।

"কতো বছর ধরে আমি দান্তের পণ্ডিতদেরকে সারা পৃথিবী জুড়ে খুঁজে বেড়িয়েছি, কিন্তু খুব কমই সফল হয়েছি।" টিকনর বললেন। তিনি ঢোক গিললেন। ভাবলেন, *কতোগুলো বছর হবে?* "আমি আমার পরিবারের অনেক সদস্যকে শেখানোর চেষ্টা করেছি দান্তে কিভাবে আমাকে আরো ভালো মানুষ হিসেবে তৈরি করেছেন, যদিও খুব কম বুঝে করেছি। আপনি কি খেয়াল করেছেন, লংফেলো, গতবছর, শেক্সপিয়ারের তিনশোতম জন্মবার্ষিকী বোস্টনের কোনো সোসাইটি কিংবা ক্লাব কেন পালন করেনি? আর পক্ষান্তরে, এ বছর, ইতালির বাইরে দান্তের ছয়শোতম জন্মবার্ষিকী পালন করার কথা ভাবছেন? শেক্সপিয়ার আমাদেরকে জানতে সাহায্য করেন। আর দান্তে আমাদের একে অন্যকে জানতে উদ্বুদ্ধ করেন। এবার আপনার অনুবাদের কথা আমাকে বলুন।"

লংফেলো গভীর ক'রে দম নিলেন। তারপর তিনি একটি হত্যাকাণ্ডের গল্প ব'লে গেলেন; একজন নিরপেক্ষ হিসেবে জজ হিলিকে, আলিশা ট্যালবোটকে সাইমোনিয়াক হিসেবে, আর ফিনিয়াস জেনিসনকে একজন স্কিজম্যাটিক হিসেবে শাস্তি দেয়া হয়েছে। তিনি খুলে বললেন কিভাবে দান্তে ক্লাব লুসিফারকে পুরো শহরে খুঁজে বেড়িয়েছিলো। আর তারা এটাও বুঝতে পেরেছে যে, লুসিফার তাঁদের অনুবাদের সঙ্গে পাল্লা দিয়ে কাজ ক'রে যাচ্ছে।

"আপনি আমাদেরকে সাহায্য করতে পারেন," লংফেলো বললেন। "আজকে আমাদের লড়াইয়ের নতুন অধ্যায় শুরু হবে।"

"সাহায্য।" শব্দটা টিকনরের কাছে নতুন মদের স্বাদের মতোই মনে হলো, তারপরই আবার তিক্ততায় ফিরে গেলেন তিনি। "কিসের জন্যে সাহায্য, লংফেলো?"

লংফেলো অবাক হয়ে পেছনে হেলে বসলেন।

"এরকম কিছু থামানোর চেষ্টা করাটা বোকামী," টিকনর কোনো সমবেদনা ছাড়াই বললেন। "আপনি কি জানেন, লংফেলো, আমি আমার বইগুলো দিয়ে দিতে শুরু করেছি?" ঘরের চারপাশে বইয়ের শেল্‌ফের দিকে ইঙ্গিত করলেন। "আমি প্রায় তিন হাজার বই ইতিমধ্যেই পাবলিক লাইব্রেরিকে দিয়ে দিয়েছি, এক এক ক'রে।"

"চমৎকার বদান্যতা, প্রফেসর," লংফেলো আন্তরিকতার সঙ্গেই বললেন।

"এক এক ক'রে দিয়ে দেবো, যতোক্ষণ আমার কাছে কিছুই না থাকে।" তিনি তার পুরু কার্পেটে তার কালো লাঠিটা দিয়ে ঠুকলেন। একটা পরিহাসের হাসি তার ঠোঁটের কোণে দেখা গেলো। "আমার জীবনের সবচাইতে প্রথম স্মৃতিটা হলো ওয়াশিংটনের মৃত্যু। আমার বাবা খবরটা শুনে এতোটাই মুষড়ে পড়েছিলেন যে সেদিন

BanglaBook.org

www.BanglaBook.org

যখন বাড়িতে এসেছিলেন একটুও কথা বলতে পারেন নি। আমি ভয় পেয়ে গিয়েছিলাম, তিনি হয়তো অসুস্থ হয়ে পড়বেন, তাই মাকে অনুরোধ করেছিলাম একজন ডাক্তারকে ডেকে আনার জন্যে। কয়েক সপ্তাহ ধরে, সবাই, এমনকি ছোটো বাচ্চারা পর্যন্ত বাহুতে কালো ফিতা বেঁধে রেখেছিলো। আপনি কি কখনও এটা বিবেচনা করেছেন একজন মানুষকে হত্যা করলে কেন আপনি খুনি হবেন কিন্তু যদি হাজার জনকে খুন করেন তো নায়ক হবেন, ওয়াশিংটনের মতো? একবার আমি ভেবেছিলাম পড়াশোনা আর নির্দেশিকা পড়ে, ঐতিহ্যের পার্থক্যের মাধ্যমে আমাদের সাহিত্য জগতের ভবিষ্যৎ নিশ্চিত করা যাবে। দান্তে আকুতি জানিয়েছিলেন তার কবিতা তাকে একটা নতুন ঠিকানা, নতুন দেশে নিয়ে যাবে। আর চল্লিশ বছর ধরে আমি তার জন্যে লড়াই করে যাচ্ছি। সাহিত্যের ভবিষ্যতের ব্যাপারে মিঃ এমারসনের ভবিষ্যৎবাণীটা আপনার বলা ঘটনার মাধ্যমে বাস্তব হয়েছে বলা চলে–সাহিত্য জীবন এবং মৃত্যুর মাঝে সঞ্চারিত হয়, সেটা শাস্তি দিতে পারে এবং ক্ষমা করতে পারে।"

"আমি জানি আপনি যা ঘটে গেছে সেটা অনুমোদন করতে পারেন না, প্রফেসর টিকনর," লংফেলো বিচক্ষণতার সঙ্গে বললেন। "দান্তেকে বিকৃত করা হয়েছে হত্যা এবং ব্যক্তিগত প্রতিশোধের অস্ত্র হিসেবে ব্যবহার করার মাধ্যমে।"

টিকনরের হাত দুটো কেঁপে উঠলো। "শেষ পর্যন্ত, পুরনো কোনো লেখাকে বর্তমান শক্তিতে রূপান্তর করেছেন লংফেলো, এটা হলো বিচারের শক্তি! আর সেটা আমাদের চোখের সামনেই! না, আপনি যা আবিস্কার করেছেন সেটা যদি সত্যি হয়ে থাকে, তবে সারা দুনিয়া জেনে যাবে বোস্টনে কী ঘটেছে–এমন কি সেটা এখন থেকে দশ শতাব্দী পরে হলেও–দান্তেকে বিকৃত করা হবে না, দূষিত করা হবে না, ধ্বংস করা হবে না। তাকে শ্রদ্ধা করা হবে প্রথম সত্যিকার আমেরিকান এক প্রতিভার সৃষ্টি হিসেবে, অবিশ্বাসীদের ওপরে সাহিত্যের রাজকীয় শক্তি ছড়িয়ে দেয়া প্রথম কবি হিসেবে!"

"মৃত্যু যখন আমাদের কাছে দূর্বোধ্য হয়ে ওঠে তখন সেই সময় থেকে আমাদেরকে সরিয়ে দেবার জন্যে দান্তে লিখেছেন। তিনি আমাদের জীবনে আশা দেবার জন্যে লিখেছেন, প্রফেসর।"

টিকনর অসহায়ভাবে দীর্ঘশ্বাস ফেলে ব্যাগটা সামনের দিকে ঠেলে দিলেন। "উপহারের কথাটা মনে রাখবেন, মিঃ লংফেলো।"

লংফেলো হাসলেন। "এটা যে সম্ভব সেটা আপনিই প্রথম বিশ্বাস ক'রে ছিলেন।" লংফেলো ব্যাগটা টিকনরের বুড়ো হাতে ধরিয়ে দিলেন।

"আমি এতোটাই বুড়ো হয়ে গেছি যে, কাউকে কোনো সাহায্যও করতে পারি না, লংফেলো," টিকনর ক্ষমা চাওয়ার ভঙ্গীতে বললেন। "কিন্তু আমি কি আপনাকে এই উপদেশটা দেবো? আপনি কোনো লুসিফারের পেছনে লাগেন নি–আপনার বর্ণনা অনুযায়ী এটা কোনো অপরাধী নয়। অবশেষে দান্তে যখন লুসিফারের সঙ্গে হিম-

BanglaBook.org

www.BanglaBook.org

শীতল ককিতাস-এ দেখা করলেন তখন সে একেবারে স্তব্ধ ছিলো, বুঝলেন, এভাবেই মিল্টনকে ছাপিয়ে দান্তে বিজয় অর্জন করেছেন–আমরা লুসিফারকে পরাজিত করতে চাই, কিন্তু দান্তে এ কাজটাকে আরো কঠিন ক'রে ফেলেছেন। না, আপনি দান্তের পিছু নিয়েছেন–দান্তেই ঠিক ক'রে দেবেন কাকে শাস্তি দেয়া হবে এবং তারা কোথায় যাবে, কতোটা যন্ত্রণা ভোগ করবে তারা। কবিই নিজেই এই পরিমাপটি নির্ধারণ করেছেন, তারপরও নিজেকে একজন পরিব্রাজক ক'রে তুলেছেন, আমাদেরকে তিনি ভুলিয়ে দিয়েছেন : আমরা ভাবি তিনি নিজেও ঈশ্বরের কর্মকাণ্ডের আরেকজন নির্দোষ সাক্ষী।"

এরই মধ্যে জেমস্ রাসেল লাওয়েল ক্যামব্রিজে ভূত দেখলেন।

তিনি যখন তার ইজি চেয়ারে বসেছিলেন, তখন মারিয়ার মুখের একটি ভিন্নধর্মী দৃশ্য দেখলেন; মারিয়া ছিলো তার প্রথম প্রেম। "অচিরেই," তিনি বারবার বলতে লাগলেন। "অচিরেই।" সে ওয়াল্টারের সঙ্গে হাঁটু মুড়ে ব'সে আছে, লাওয়েলকে পুণরায় আশ্বস্ত ক'রে বলছে, "দেখো, কী চমৎকার আর শক্তসামর্থ্য একটি ছেলে হিসেবে সে বেড়ে উঠছে।"

ফ্যানি লাওয়েল তাঁকে বললো যে, তিনি মনে হয় গভীর চিন্তায় মগ্ন। সে লাওয়েলকে বিছানায় শুয়ে পড়ার জন্যে চাপাচাপি করলো। একজন ডাক্তারকে ডেকে আনতে চাইলো সে, অথবা লাওয়ের চাইলে ডা: হোমসকেও আনা যেতে পারে। তবে লাওয়েল তার কথাটাকে আমলেই নিলেন না। কারণ তিনি বেশ সুখী বোধ করছেন। তিনি পেছনের রাস্তা দিয়ে এল্‌মউড থেকে বের হলেন। হাটতে হাটতে ভাবলেন তার মা কিভাবে আশ্রমে থাকার সময় তার কাছে প্রতীজ্ঞা করতেন যে, তিনি তার ভয়ের সময় বেশ সুখি থাকতেন। দান্তে বলেছিলেন, সবচাইতে বড় কষ্ট হলো অতীতের সুখময়তাকে স্মরণ করা, কিন্তু দান্তে ভুল বলেছিলেন–*একদম ভুল*, লাওয়েল ভাবলেন। আমাদের দুঃখের মতো আর কোনো সুখ নেই। দুঃখ আর কষ্ট হলো দু'বোন, এবং এরা একে অন্যকে বেশ পছন্দও করে, যেমনটি জেমস্ বলেছেন, এ দুটোই কি আমাদের চোখে অশ্রু বয়ে আনে না। লাওয়েলের বাচ্চা ছেলে ওয়াল্টার, মারিয়ার শেষ মৃত সন্তান, তার বৈধ উত্তরাধীকারী। তিনি রাস্তা দিয়ে হাটতে হাটতে কোনো কিছু ভাবার চেষ্টা করছেন, তার কাছে একেবারে নিখাদ ব'লে মনে হলো। তার বিড়বিড় ক'রে কথা বলার অনুভূতির মতো ওয়াল্টারের ভুতুড়ে উপস্থিতিটা এখন আর অতোটা স্পষ্ট ছবি নয়। তার কাছে মনে হলো তিনি পিয়েত্রো বাকিকে রাস্তা দিয়ে যেতে দেখেছেন, সেলুট করছে, ইশারা করছে যেনো কিছু বলবে, "আপনাকে আপনার ব্যর্থতার কথা স্মরণ করিয়ে দেবার জন্যে আমি সব সময় হাজির থাকবো।" *আপনি কখনও কোনো কিছুর জন্যে লড়াই করেন নি, লাওয়েল।*

"তুমি এখানে নেই!" লাওয়েল বিড়বিড় ক'রে বললেন। তার মাথায় একটা

www.BanglaBook.org

ভাবনা খেলে গেলো, তিনি যদি শুরুর দিকে বাকির অপরাধের ব্যাপারে নিশ্চিত হয়ে না থাকেন, তার যদি হোমসের মতো সন্দেহবাতিক থাকতো তবে তারা খুনিকে হয়তো খুঁজে পেতেন আর ফিনিয়াস জেনিসন আজ বেঁচে থাকতো। আর তারপরই রাস্তার একটি দোকানের কাছ থেকে এক গ্লাস পানি চাইবার আগে তিনি তার সামনে সাদা উজ্জ্বল কোট পরা এক লম্বা লোককে দেখতে পেলেন, মাথায় সিল্কের টুপি আর হাতে সোনা বাধানো ছড়ি।

ফিনিয়াস জেনিসন।

লাওয়েল তার দু' চোখ ঘষলেন, এতোটা অচেতন নন যে, নিজের চোখকে অবিশ্বাস করবেন, তবে তিনি জেনিসনের কাঁধটা অন্যসব পথচারীর সঙ্গে ধাক্কা খাচ্ছে দেখতে পেলেন, বাকিরা অদ্ভুত চোখে তার দিকে চেয়ে তাকে এড়িয়ে যাচ্ছে। সে শারিরীকভাবেই উপস্থিত। রক্তে মাংসে।

সে বেঁচে আছে...

জেনিসন! লাওয়েল চিৎকার করার চেষ্টা করলেন, কিন্তু তার গলা একেবারেই শুকিয়ে গেছে। দৃশ্যটা তাকে দৌড়ে পালাতে বলছে আবার একই সঙ্গে তার পা দুটোকে আঁটকেও রেখেছে। "ওহ্, জেনিসন!" তিনি বেশ দৃঢ়কণ্ঠে বলতেই তার চোখ দিয়ে পানি গড়িয়ে পড়লো। "ফিনি, ফিনি, আমি এখানে, আমি এখানে, জেমি লাওয়েল, বুঝলে? আমি এখনও তোমাকে হারাই নি।"

লাওয়েল পথচারীদের ঠেলেঠুলে জেনিসনকে তার কাঁধ ধ'রে ঘুরিয়ে তার মুখোমুখি করলেন। কিন্তু এই মুখটা বেশ রুক্ষ আর শত্রুভাবাপন্ন। এটা ফিনিয়াস জেনিসনের টুপি, কোট আর তার অসাধারণ ছড়িটা, কিন্তু মানুষটা হলো এক বৃদ্ধ, মুখে ময়লা লেগে রয়েছে, দাড়িগোঁফ কামানো হয় নি। লাওয়েল তাকে ধরতেই সে কাঁপতে শুরু করেছে।

"জেনিসন," লাওয়েল বললেন।

"আরে, করছেন কি, আমি কোনো জেনিসন নই। আমাকে বিরক্ত করবেন না।" লোকটা সব খুলে বললো : সে হলো ঐ ভবঘুরে যে জেনিসনের মৃতদেহটা পরিত্যাক্ত দূর্গের ভেতরে খুঁজে পেয়েছিলো, কাছের একটা দ্বীপ থেকে সাঁতরে সে ওখানে গিয়েছিলো। জেনিসনকে যে গুদামঘরে ঝুলন্ত অবস্থায় সে দেখছে, সেখানে তার পাশেই এই কাপড়গুলো সুন্দরভাবে ভাঁজ ক'রে রাখা হয়েছিলো।

লাওয়েলের মনে প'ড়ে গেলো এবং খুব তীক্ষ্ণভাবে অনুভব করলেন তার ভেতরের পোকাটা তাকে কুঁড়ে কুড়ে খেয়ে এগিয়ে চলছে। তার এও মনে হলো তার মাথার ভেতরে একটা গর্ত তৈরি হয়েছে, সেটা দিয়ে সব বুদ্ধিসুদ্ধি বের হয়ে যাচ্ছে।

হারভার্ডের প্রাঙ্গণটা বরফে ঢেকে আছে। নিস্ফলভাবে লাওয়েল এডওয়ার্ড শেল্‌ডনকে ক্যাম্পাসে খুঁজলেন। শেল্‌ডনকে ঐ আগন্তুকের সঙ্গে দেখার পরই বৃহস্পতিবার তার কাছে লাওয়েল একটা চিঠি পাঠিয়েছিলেন। তিনি ছাত্রটিকে সঙ্গে

BanglaBook.org

www.BanglaBook.org

সঙ্গে এল্‌মউড-এ এসে দেখা করতে বলেছেন। কিন্তু শেল্‌ডন কোনো জবাব দেয় নি। শেল্‌ডনকে যেসব ছাত্র চেনে তাদের অনেকেই জানিয়েছে যে, তারা তাকে কয়েকদিন ধরেই দেখছে না। চলতি পথে কয়েকজন ছাত্র লাওয়েলকে তার লেকচারের কথাটা স্মরণ করিয়ে দিয়ে গেলো, যেটাতে তিনি দেরি ক'রে ফেলেছেন। ইউনিভার্সিটি হলের লেকচার রুমে প্রবেশ করেই যথারীতি সম্ভাষন জানালেন। "ভদ্রমহোদয়গণ এবং আমার ছাত্ররা..." আর চিরাচরিতভাবেই তার ছাত্রেরা হেসে ফেললো। *আমার পাপীরা।* এভাবেই তার শৈশবের কংগ্রেগ্যাশনালিস্ট যাজকেরা শুরু করতো। তার বাবা, তার মতো এক বাচ্চার কাছে ঈশ্বরের কণ্ঠস্বর ছিলেন। হোমসের বাবাও। *আমার পাপীরা।* কোনো কিছুই লাওয়েলের বাবার আন্তরিক সততাকে নাড়িয়ে দিতে পারতো না, ঈশ্বরের প্রতি তার আস্থা ছিলো, যিনি তার শক্তির অংশীদার।

"যুবকদের পথপ্রদর্শন করার জন্যে আমি কি সঠিক ব্যক্তি? একটুও না! ডন *কুইজোট*-এর ওপর লেক্‌চার দেবার যাবার মুহূর্তে বেশির ভাগ সময়ই লাওয়েল এই কথাগুলো কানে শুনতে পেতেন। "অন্যদিকে," তিনি অনুমান ক'রে বললেন, "প্রফেসর হওয়াটা আমার জন্যে ভালো হয় নি–সেটা আমার বারুদকে নিষ্ক্রিয় ক'রে ফেলেছে, তাই আমার মনে যখন আগুন ধরানো হয় তখন কোনো স্ফুলিঙ্গের জন্ম হয় না।"

তিনি যখন প্রায় প'ড়েই যাচ্ছিলেন তখন দু'জন উদ্বিগ্ন ছাত্র তাকে ধ'রে তোলার চেষ্টা করলো। লাওয়েল কাঁপতে কাঁপতে জানালার দিকে গেলেন, বাইরের চোখ বন্ধ ক'রে মাথাটা বের করলেন। যেরকম ঠাণ্ডা বাতাসের প্রত্যাশা করেছিলেন তার বদলে তিনি টের পেলেন অপ্রত্যাশিত গরম বাতাস, যেনো নরক তার নাক-মুখ স্পর্শ করছে। তিনি তার গোঁফ স্পর্শ করলেন, ওগুলোও আঁদ্র এবং উষ্ণ ব'লে মনে হলো। চোখ খুলে তিনি দেখলেন নিচে আগুন জ্বলছে। লাওয়েল ক্লাশরুম থেকে বের হয়ে নিচের হারভার্ড প্রাঙ্গণে নেমে এলেন, সেখানে দাউ দাউ ক'রে ক্ষুধার্ত আগুন জ্বলছে।

এটার চারপাশে বিখ্যাত সব মানুষের একটা অর্ধবৃত্ত, তারা গভীর মনোযোগের সঙ্গে আগুনের দিকে চেয়ে আছে। স্থানীয় ইউনিটারিয়ান এবং কংগ্রেগেশনালিস্ট যাজক, হারভার্ড কর্পোরেশনের ফেলো, এবং কতিপয় হারভার্ডের ওভারসিয়ার বোর্ডের প্রতিনিধি আগুনের মধ্যে বই ছুড়ে মারছে। একজন একটা প্যামফ্লেট তুলে নিয়ে সেটা দুমড়ে মুচড়ে আগুনে ছুড়ে মারলো। আগুনে ওটা পড়তেই সবাই উল্লাস ক'রে উঠলো। সামনে এগিয়ে লাওয়েল এক হাটু মুড়ে ব'সে সেটা তুলে নিলেন। ওটার মলাটটা এতোটাই আগুনে পুড়ে গেছে যে, পড়া যাচ্ছে না। তাই তিনি আধা পোড়া পাতাটা খুললেন : *চার্লস ডারউইন এবং তার বিবর্তনবাদ তত্ত্বের পক্ষে।*

লাওয়েল আর সেটা হাতে রাখতে পারলেন না। আগুনের বিপরীত দিকে প্রফেসর লুইস আগাসিজ দাঁড়িয়ে আছেন। তার মুখটা আগুনের শিখার কারণে ঘোলাটে দেখাচ্ছে। বিজ্ঞানী ভদ্রলোক তার দিকে তাকিয়ে হাত নাড়লেন। "আপনার পা'টা

www.BanglaBook.org

এখন কেমন আছে, মিঃ লাওয়েল? আহ্, এটা–এটা হবেই, মিঃ লাওয়েল, যদিও ভালো মানের কাগজ নষ্ট করার জন্যে খুব মায়া হচ্ছে।"

কলেজ লাইব্রেরির গোর হলের পুরনো ধাঁচের ভবনের একটা জানালা থেকে কর্পোরেশনের ট্রেজারার ডাঃ অগাস্টাস ম্যানিং নিচের এই দৃশ্যটা দেখলেন। লাওয়েল বিশাল প্রবেশদ্বারের দিকে এগোলেন, ভবনের মূল অংশের ভেতর দিয়ে চললেন তিনি। গোর হলের কোনো গ্যাসবাতি কিংবা মোমবাতি জ্বালানোর অনুমতি নেই আগুন লাগার ভয়ে, তাই লাইব্রেরির চোরা কুঠরি আর থরে থরে সাজানো বইগুলো শীত কালের মতোই ঘোলাটে দেখাচ্ছে।

"ম্যানিং!" লাওয়েল চিৎকর ক'রে ডাকলেন লাইব্রেরিয়ান তাঁকে সর্তক ক'রে দিলো।

ম্যানিং রিডিংরুমের প্লাটফর্মের ওপরে দাঁড়িয়ে কতোগুলো বই জড়ো করছেন। "আপনার তো এখন একটা লেকচার রয়েছে, প্রফেসর লাওয়েল। ছাত্রদেরকে অরক্ষিত অবস্থায় ফেলে রাখাটা হারভার্ড কর্পোরেশনের কাছে কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না।"

প্লাটফর্মে ওঠার আগে লাওয়েলকে রুমাল দিয়ে মুখটা মুছে নিতে হলো। "শিক্ষার পীঠস্থানে আপনি বই পোড়ানোর সাহস দেখিয়েছেন!" গোর হলের তাপ ব্যবস্থার পিতলের টিউবগুলো সব সময়ই লিক হয়ে ধোঁয়া বের ক'রে থাকে, তাতে ক'রে লাইব্রেরি ঘরে একধরণের কুয়াশার সৃষ্টি হয়। জানালা, বইপত্র এবং ছাত্রদের ওপর সেই ধোঁয়া জ'মে ঘামের মতো লেগে থাকে।

"ধর্মীয় জগৎ আমাদের কাছে ঋণী, আর বিশেষ ক'রে আপনার বন্ধু প্রফেসর আগাসিজের কাছে বেশি ঋণী, যেহেতু আমরা বানর থেকে উদ্ভব হয়েছি এমন একটা শিক্ষার পক্ষে তিনি বিজয়ী হওয়ার জন্যে লড়াই ক'রে যাচ্ছেন, সেটার জন্যে তো একটা কৃতজ্ঞতা আছেই, প্রফেসর। আপনার বাবাও নিশ্চিতভাবেই একমত পোষণ করতেন।"

"আগাসিজ খুব বেশি চালাক," প্লাটফর্মের ওপর উঠতেই লাওয়েল বললেন। "তারপরও সে আপনাকে পরিত্যাগ করবে–কথাটা মনে রাখবেন!"

ম্যানিং হাসলেন, আর তার হাসিটা মনে হলো তার মাথার ভেতর থেকে বের হয়ে এসেছে। "আপনি কি জানেন, আমি কর্পোরেশনের মাধ্যমে আগাসিজের জাদুঘরটার জন্যে এক লক্ষ ডলার তুলে দিয়েছি। আমি বলতে পারি, আগাসিজকে আমি যেখানে যেতে বলবো, ও ঠিক সেখানেই যাবে।"

"সেটা কি ম্যানিং? কি কারণে আপনি অন্য মানুষের আইডিয়াকে ঘৃণা করেন?"

লাওয়েলের এক পাশে তাকালেন ম্যানিং। "আমরা একটা মহান দেশ ছিলাম, নীতি এবং সুবিচারের এক দেশ, মহান রোমান রিপাবলিকের শেষ এতিম সন্তান হিসেবে। আমাদের জগৎটা বহিরাগতদের অনুপ্রবেশের ফলে দমবন্ধ হয়ে মারা গেছে,

BanglaBook.org

www.BanglaBook.org

ধ্বংস হয়ে গেছে সেটা। আমেরিকা যেসব ধারণা আর স্বপ্ন নিয়ে নির্মিত হয়েছিলো তার সবটাই প্রতিটি বিদেশীর আগমনের সঙ্গে সঙ্গে, তাদের অনৈতিকতা আর বাজে সংস্কৃতির কাছে পরাভূত হয়েছে। আপনি নিজেও সেটা দেখছেন, প্রফেসর। বিশ বছর আগেও কি আপনি ভেবেছিলেন যে, আমরা নিজেদের সঙ্গে যুদ্ধ করবো? আমরা বিষাক্রান্ত হয়েছি। যুদ্ধ, আমাদের যুদ্ধ, মোটেই শেষ হয়ে যায় নি। সবেমাত্র শুরু হয়েছে। আমরা আমাদের বাতাসে দানবদের ছেড়ে দিয়েছি। বিপ্লব, খুন-হত্যা, চুরি-ডাকাতি আমাদের মনোজগতে শুরু হয়ে সেটা পথঘাট এবং আমাদের বাড়িঘরে ঢুকে পড়েছে।" ম্যানিংকে এতোটা আবেগপ্রবণ হতে লাওয়েল কখনও দেখেন নি। "চিফ জাস্টিস হিলি আমার গ্রাজুয়েট ক্লাশে ছিলো, লাওয়েল– সে ছিলো আমাদের সবচাইতে সেরা ওভারশিয়ার–আর এখন, সে এমন এক পশুর পৈশাচিকতার শিকার হয়েছে, মৃত্যু ছাড়া যে আর কোনো জ্ঞান রাখে না! বোস্টনের মানসিক জগতটা বিরামহীনভাবেই বিপর্যস্ত হচ্ছে। হারভার্ড হলো আমাদের মহত্তম সব শিক্ষা আর সংস্কৃতি রক্ষা করার শেষ দূর্গ। আর সেটার দায়িত্বে রয়েছি আমি।"

ম্যানিং তার আবেগকে সংযত করলেন : "প্রফেসর, আপনার রয়েছে দায়দায়িত্ব ছাড়াই বিদ্রোহ করার বিলাসিতা। আপনি আসলেই একজন সত্যিকারের কবি।"

ফিনিয়াস জেনিসনের মৃত্যুর পর লাওয়েল এই প্রথমবারের মতো শক্ত হয়ে দাঁড়ানোর শক্তিটা অনুভব করলেন। এটা তাকে নতুন ক'রে শক্তি যোগালো। "শতবছর আগে আমরা মানুষের একটি জাতকে শৃঙ্খলিত ক'রে রেখেছিলাম, আর তা থেকেই যুদ্ধের শুরু হয়েছে। এখন আপনি যতো মানুষকেই শৃঙ্খালিত ক'রে রাখুন না কেন, আমেরিকা উন্নতি করবেই, সমৃদ্ধ হবেই, ম্যানিং। আমি জানি আপনি অস্কার হাটনকে এই ব'লে হুমকী দিয়েছেন যে, তিনি যদি লংফেলোর দান্তে অনুবাদটি প্রকাশ করেন তাহলে তার পরিণাম ভালো হবে না।"

ম্যানিং জানালার কাছে ফিরে গিয়ে কমলা রঙের আগুনের দিকে তাকালেন। "তাই হবে, প্রফেসর লাওয়েল। ইতালি হলো বাজে আকাঙ্খা আর নীতিহীনতার এক দেশ। আপনি যদি গোর হলে দান্তের কিছু বই দান করেন তবে আমি আপনাকে স্বাগত জানাবো, যেমনটি জানাচ্ছি ডারউইনের বইগুলোর বেলায়। ঐ আগুনই তাদের যথার্থ ঠিকানা। আগুন তাদের গিলে ফেললেই সবার মঙ্গল হবে– আর সেটা হবে ঐসব লোকের কাছে দৃষ্টান্তস্বরূপ, যারা নোংরা খুন-খারাবির ধারণা দিয়ে আমাদের এই প্রতিষ্ঠানকে দূষিত করার চেষ্টা করছে।"

"আমি সেটা আপনাকে কখনই করতে দেবো না," লাওয়েল জবাব দিলেন। "দান্তে হলেন প্রথম খৃস্টান কবি, তিনিই প্রথম, যেকিনা খৃস্ট্রিয় আদর্শে পুরো ব্যবস্থাটাকে রাঙিয়েছিলেন। তবে এর চেয়েও তার কবিতা আমাদেরকে আরো বেশি কাছাকাছি এনেছে। এটা হলো কোনো এক ভায়ের সত্যিকারের ইতিহাস, যিনি প্রলোভনে প'ড়ে, বিশুদ্ধ হয়ে, অবশেষে মানবতাকে জয় করেছেন। এটা আমাদেরকে

BanglaBook.org

www.BanglaBook.org

দুঃখ জয় করতে শেখায়। তিনি হলেন এমন একটি জাহাজ যা মানব মনের নিঃশব্দ সাগরে প্রবেশ ক'রে কবিতার নতুন এক জগৎকে খুঁজেছেন। বিশ বছর ধ'রে তিনি নিজের ভগ্নহৃদয় নিয়ে ঘুরে বেড়িয়েছেন। আর লংফেলো তার কাজ শেষ করার আগে নিজেকে মরতে দেবে না, আমিও সেটা হতে দেবো না।"

লাওয়েল ঘুরে চলে যেতে উদ্যত হলেন।

"থ্ চিয়ার্স, প্রফেসর।" প্লাটফর্ম থেকে ম্যানিং আবেগহীনভাবে চেয়ে রইলেন। "সম্ভবত সবাই এরকমটি ভাবে না। পেট্রলম্যান রেই আমার কাছে এসেছিলো। তার আগমনটি ছিলো অদ্ভুত। আপনাদের দান্তের কাজ-করাবার নিয়ে সে তদন্ত করছে। অবশ্য বলে নি কেন, সে খুব তড়িঘড়ি করেই চলে গেছে। আপনি কি আমাকে বলতে পারবেন, আপনাদের এই কাজটি কেন আমাদের এই শ্রদ্ধেয় এবং সম্মানজনক বিদ্যাপীঠে পুলিশকে টেনে নিয়ে এনেছে?"

লাওয়েল থেমে ম্যানিংয়ের দিকে তাকালেন।

"আপনাদের দলের কতিপয় কাণ্ডজ্ঞান সম্পন্ন মানুষ আপনাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে, লাওয়েল–এটা আমি নিশ্চয়তা দিয়ে বলতে পারি। বিদ্রোহীদের কোনো দলই খুব বেশি দিন এক সাথে থাকতে পারে না। মিঃ হাটন যদি আপনাদেরকে থামাতে সহযোগীতা না করে তবে অন্য কেউ সেটা করবে। যেমন ধরা যাক, ডাঃ হোমস্।"

লাওয়েল চলে যেতে চাইলেও আরো কিছু শোনার জন্যে অপেক্ষা করলেন।

"বেশ কয়েক মাস আগেই আমি তাঁকে আপনাদের অনুবাদ প্রকল্প থেকে স'রে যেতে বলেছিলাম, তা না হলে তার সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে ব'লেও সাবধান ক'রে দিয়েছিলাম। আপনার কি মনে হয়, তিনি সেটা করেছেন?"

লাওয়েল মাথা ঝাঁকালো।

"তিনি আমার বাড়িতে এসে আমাকে আশ্বস্ত ক'রে গেছেন যে, আমার কথার সাথে তিনিও একমত।"

"আপনি মিথ্যা বলছেন, ম্যানিং।"

"ওহ্, তাহলে ডাঃ হোমস্ এ ব্যাপারে লেগে রয়েছেন?" তিনি এমনভাবে জিজ্ঞেস করলেন যেনো লাওয়েল যতোটা কল্পনা করতে পারেন তিনি তার চেয়েও বেশি জানেন।

লাওয়েল তার কম্পিত ঠোঁটটা দাঁতে কামড়ে ধরলেন।

ম্যানিং মাথা দোলাতে দোলাতে হাসলেন। "ঐ ছোটোখাটো পুতুলটা হলো আপনাদের বেনোডিক্ট আরনল্ড, তিনি অপেক্ষা করছেন নির্দেশনা পাবার জন্যে, প্রফেসর লাওয়েল।"

"বিশ্বাস রাখবেন যে, একবার যখন আমি কোনো মানুষের বন্ধু হই তো সবসময়ই তার বন্ধু থাকি। তারপরও, একজন মানুষ আমার শত্রু হওয়াটা বেশ

BanglaBook.org

www.BanglaBook.org

উপভোগ করতে পারে। শুভ অপরাহ্ণ।" লাওয়েল আবারো চলে যেতে উদ্যত হলেন।

ম্যানিং লাওয়েলের পেছন পেছন পড়ার ঘরের সামনে এসে তাকে ধরলেন। "আমি বুঝতে পারছি না, আপনি আপনার সারাজীবনের অর্জিত সুনাম এরকম একটা ঝুঁকির মধ্যে কেন ফেলে দিচ্ছেন, প্রফেসর?"

লাওয়েল ঝট্‌কা মেরে ম্যানিংয়ের হাত থেকে নিজেকে ছাড়িয়ে নিলেন। "কিন্তু আপনিই সেই কামনা করছেন না, ম্যানিং?"

তিনি তার ছাত্রদেরকে বিদায় ক'রে দেবার জন্যে সময় মতোই তার ক্লাশে ফিরে গেলেন।

খুনি যদি কোনোভাবে লংফেলোর অনুবাদের কাজটা নজরদারি ক'রে থাকে এবং ওটার সাথে পাল্লা দিয়ে থাকে, তাহলে *ইনফার্নো*'র বাকি তেরোটি ক্যান্টো খুব দ্রুততার সঙ্গে সমাপ্ত করা ছাড়া দান্তে ক্লাবের আর কোনো বিকল্প পথ নেই। তারা দুটো ছোটো ক্যাম্পে বিভক্ত হতে রাজি হলেন : একদল তদন্ত করবে, আরেক দল করবে অনুবাদ।

লাওয়েল এবং ফিল্ডস্ যখন তাঁদের প্রমাণ আর আলামতগুলো নিয়ে পর্যালোচনা করবেন, সেসময় লংফেলো আর জর্জ ওয়াশিংটন গৃন পড়ার-ঘরে অনুবাদ নিয়ে কাজ ক'রে যাবেন। ফিল্ডস্ বৃদ্ধ যাজককে জানিয়ে দিয়েছেন যে, অনুবাদ কাজের শিডিউলটা খুব কঠোরভাবে পালন করতে হবে, যাতে ক'রে কাজটি তাড়াতাড়ি শেষ করা যায়। প্রতিটি ক্যান্টো অনুবাদ হবার সঙ্গে সঙ্গে রিভিউ করতে হবে। নয়টি ক্যান্টো রয়েছে যেগুলো রিভিউ করা হয় নি। একটা ক্যান্টো অংশত অনুবাদ করা হয়েছে, আর দুটো ক্যান্টো নিয়ে লংফেলো সন্তুষ্ট নন। লংফেলোর চাকর পিটার ট্র্যাপ কুকুরটাকে সঙ্গে ক'রে প্রুফগুলো রিভিারসাইড প্রেসে নিয়ে যাবে।

"এর কোনো মানেই হয় না!"

"তাহলে এ কাজ থেকে সরে যান, লাওয়েল," লাইব্রেরির আর্ম-চেয়ার থেকে বললেন ফিল্ডস্। এই চেয়ারটা একসময় লংফেলোর দাদার ছিলো, যিনি ছিলেন মহান বিপ্লবের যুদ্ধের একজন জেনারেল। তিনি লাওয়েলকে ভালো ক'রে দেখলেন। "বসুন! আপনার চেহারা দেখছি লাল টকটকে হয়ে আছে। আপনি কি ঘুমান নি?"

লাওয়েল এ প্রশ্নের কোনো জবাব দিলেন না। "জেনিসন একজন স্কিজম্যাটিক হবে কী ক'রে? বিশেষ ক'রে এই রকম একটা নরকে?"

"যতোক্ষণ না আমরা এটা জানতে পারছি লুসিফার কেন জেনিসনকে বেছে নিয়েছে, ততোক্ষণ আমাদেরকে অবশ্যই খুনের বিস্তারিত তথ্য সংগ্রহ ক'রে যেতে হবে," ফিল্ডস্ বললেন।

"এটা তো লুসিফারের শক্তিকেই প্রকাশ করছে। জেনিসন এ্যাডিরনড্যাক ক্লাবের সঙ্গে জড়িত ছিলো। সে একজন ক্রীড়াবিদ এবং শিকারীও ছিলো, তারপরও আমাদের

BanglaBook.org

www.BanglaBook.org

লুসিফার তাকে খুব সহজেই শায়েস্তা করতে পেরেছে।"

"সে যে তাকে অস্ত্রের মুখে তুলে নিয়ে গেছে সে ব্যাপারে কোনো সন্দেহ নেই," ফিল্ডস্ বললেন। "খুব শক্তিশালী লোকও অস্ত্রের মুখে ভেঙে পড়তে পারে, লাওয়েল। আমরা এও জানি যে, আমাদের খুনি কে তা আমরা এখনও জানি না। ট্যালবোট যে রাতে খুন হলেন সেই রাত থেকে শহরের প্রতিটি পথঘাটে পুলিশী পাহারা চলছে বেশ কড়াকরিভাবে আর লুসিফার দান্তের ক্যান্টোর বিস্তারিত সব ব্যাপারে বেশ ভালো জ্ঞানই রাখে–এটাও নিশ্চিত।"

"আমরা যে মুহূর্তে কথা বলছি," লাওয়েল উদাসভাবে বললেন, "লংফেলো যে মুহূর্তে নতুন কোনো পংক্তি অনুবাদ করছেন, সে মুহূর্তে আরেকটা খুন হতে পারে আর এটা থামাতে আমরা একেবারেই অসহায়।"

"তিন তিনটি খুন, আর কোনো সাক্ষী পর্যন্ত নেই। আমরা করবোটা কী, পথেঘাটে ঘুরে বেড়াবো, অপেক্ষা করবো? আমি যদি স্বল্প শিক্ষিত হতাম, হয়তো ভাবতাম একটা সত্যিকারের শয়তানের আত্মা আমাদের ওপরে ভর করেছে।"

"খুনির সাথে আমাদের ক্লাবের সম্পর্কের মধ্যেই আমাদের সব মনোযোগ কেন্দ্রীভূত করতে হবে," লাওয়েল বললেন। "আমাদের অনুবাদ কাজের শিডিউল সম্পর্কে জানে এরকম লোকের তালিকা তৈরির ওপরেই তাহলে মনোযোগ দেই।" লাওয়েল তাঁদের এই তদন্তকাজের নোট-বুকটার পাতা ওল্টাতে ওল্টাতে অন্যমনস্কভাবেই লাইব্রেরিতে সংগ্রহে রাখা জেনারেল ওয়াশিংটনের সৈন্যদলের ওপরে নিক্ষেপ করা বৃটিশদের একটি কামানের গোলার সাথে ধাক্কা খেয়ে বসলেন।

তারা দরজায় আরেকটা আঘাতের শব্দ শুনলেও খেয়াল করলেন না।

"হাটনের কাছে আমি একটা চিঠি লিখে জানতে চেয়েছি লংফেলোর অনুবাদের কোনো প্রুফ রিভারসাইড থেকে খোয়া গেছে কিনা," লাওয়েল্‌কে বললেন ফিল্ডস্।"

"আমরা জানি, আমাদের ক্লাবের অনুবাদের আগেই নির্দিষ্ট কোনো ক্যান্টোর সাথে সঙ্গতি রেখে খুনগুলো করা হয়েছে। লংফেলো অবশ্যই প্রেসে প্রুফগুলো পাঠাতে অব্যাহত রাখবেন, যেনো সব কিছুই ঠিকঠাক আছে। তরুণ শেলডনের ব্যাপারটা কি হলো?"

লাওয়েল ভুরু তুললেন। "সে এখনও কোনো জবাব দেয় নি, আর তাকে ক্যাম্পাসের কোথাও দেখা যাচ্ছে না। বাকির সাথে যে বদমাশটাকে আমি কথা বলতে দেখেছিলাম সে-ই কেবল তার সম্পর্কে আমাদেরকে বলতে পারবে।"

ফিল্ডস্ উঠে দাঁড়িয়ে পাশে বসা লাওয়েলের দিকে ঝুঁকলেন। "ঐদিন আপনি এই বদমাশটাকেই তো দেখেছিলেন, জেসি?" তিনি জেনে নিশ্চিত হতে চাইলেন।

লাওয়েল বেশ অবাক হলেন। "আপনি কী বলতে চাচ্ছেন, ফিল্ডস্? আমি তো আপনাকে বলেছিই–আমি তাকে দেখেছি হারভার্ড প্রাঙ্গণে আমার ওপর লক্ষ্য রাখছে। আরেকবার দেখেছি সে বাকির জন্যে অপেক্ষা করছে। এরপর এডওয়ার্ড শেলডনের

BanglaBook.org

www.BanglaBook.org

সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় করতেও তো দেখেছি।"

ফিল্ডস্ ভুরু না তুলে পারলেন না। "এজন্যে বলছিলাম যে, আমরা তো সবাই খুব চাপের মধ্যে আছি, খুব উদ্বিগ্নতার মধ্যে আছি, মাই ডিয়ার লাওয়েল। আমারও ঘুমহীন রাত কাটছে।"

লাওয়েল তার নোট বুকটা ঠাস্ ক'রে বন্ধ ক'রে ফেললেন। "আপনি কি বলতে চাচ্ছেন, আমি ভুল দেখেছি?"

"আপনি নিজেই তো আমাকে বলেছেন, আজকে নাকি আপনি জেনিসন, বাকি এবং আপনার প্রথম স্ত্রীকে দেখেছেন ব'লে মনে হয়েছে আপনার। আপনার মৃত ছেলেকেও দেখেছেন, তাই না? ঈশ্বরের দোহাই লাগে!" ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন।

লাওয়েলের ঠোঁট জোড়া কাঁপতে লাগলো। "এটা তো আমাকে চূড়ান্ত শাস্তি দেবার নামান্তর–"

"দয়া ক'রে শান্ত হোন, লাওয়েল। আমি আমার কণ্ঠটা চড়া করতে চাই নি। আমি আসলেই সেটা চাই নি।"

"আমার মনে হয় আমরা কী করবো সে সম্পর্কে আমাদের চেয়ে আপনিই ভালো জানেন। হাজার হলেও আমরা তো আসলে খাঁটি কবি! আমার ধারণা কে কিভাবে আমাদের অনুবাদের শিডিউলটা জানতে পারছে সেটা আপনিই ভালো জানেন!"

"এর মানে কি দাঁড়ালো, লাওয়েল?"

"দাঁড়ালো এই : আমাদের ছাড়া আর কে আছে যে, আমাদের দান্তে ক্লাবের কাজকর্মের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত? ছাপাখানার লোকজন, প্লেট-মেকাররা, বাইন্ডাররা–তারা সবাই টিকনর এ্যান্ড ফিল্ডস্-এর সাথে জড়িত?"

"আরে," ফিল্ডস্ খুবই বিস্মিত হলেন। "আমার দিকে সন্দেহের তীর ছুড়বেন না!"

যে দরজাটা দিয়ে লাইব্রেরির সঙ্গে পড়ার-ঘরের সংযোগ রয়েছে সেটা খুলে গেলো।

"ভদ্রমহোদয়গণ, আমাকে একটু বিরক্ত করতেই হচ্ছে," নিকোলাস রেইকে সঙ্গে নিয়ে ঢুকেই লংফেলো বললেন।

লাওয়েল এবং ফিল্ডসের চোখে মুখে একটি ভীতি ছড়িয়ে পড়লো। লাওয়েল বিড়বিড় ক'রে একটা প্রার্থনা আউড়ালেন যা রেই একটুও বুঝতে পারলো না।

লংফেলো মুচকি হাসলেন।

"প্রফেসর লাওয়েল," রেই বললো। "প্লিজ, আমি আপনাদেরকে সাহায্য করবার জন্যেই আপনাদের কাছ থেকে এখন একটু বিরতি চাচ্ছি।"

সঙ্গে সঙ্গে লাওয়েল এবং ফিল্ডস্ তাঁদের যুক্তি তর্ক ভুলে গিয়ে রেইকে অভ্যর্থনা জানালেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"এবার বুঝেছেন, আমি খুনটা বন্ধ করতেই এসব করছি," রেই পরিস্কার ক'রে বললো। "অন্য কিছু নয়।"

"এটা কিন্তু আমাদের একমাত্র লক্ষ্য নয়," একটা দীর্ঘ বিরতি দিয়ে লাওয়েল বললেন। "তবে কোনো সাহায্য ছাড়া আমরা এটা করতে পারবো না। না পারবেন আপনি। এই বদমাশটা যা কিছুই স্পর্শ করছে তাতেই দাস্তের চিহ্ন রেখে যাচ্ছে। তাই তাকে ধরতে আপনার পাশে চাই একজন অনুবাদক, তা না হলে সেটা হবে মারাত্মক রকমেরই কঠিন একটি কাজ।"

তাঁদেরকে লাইব্রেরিতে রেখে লংফেলো পড়ার-ঘরে ফিরে এলেন। তিনি এবং গৃন কেবলমাত্র দিনের তৃতীয় ক্যান্টোটা শুরু ক'রে ছিলেন। সকাল ছ'টায় শুরু ক'রে সন্ধ্যা পর্যন্ত কাজ চলবে। লংফেলো হোম্‌সের কাছে একটা চিঠি লিখে জানতে চেয়েছিলেন, তিনি অনুবাদে সাহায্য করবেন কিনা, কিন্তু ২১ চার্লস্ স্ট্রট থেকে কোনো সাড়া পান নি। লংফেলো ফিল্ডস্‌কে বলেছিলেন হোমসের সঙ্গে বিরোধ মেটাতে লাওয়েলকে রাজি করাতে পারবেন কিনা, কিন্তু ফিল্ডস্ প্রতিত্তুরে নিজেদেরকে শান্ত করার পরামর্শ দিয়েছিলেন।

সারাটা দিন ধরে, লংফেলো লোকজনের কাছ থেকে অস্বাভাবিক সংখ্যক অদ্ভুত সব অনুরোধ ফিরিয়ে দিয়েছেন। এক পশ্চিমা লোক লংফেলো যেনো পাখির ওপরে একটা কবিতা লিখে দেন এরকম একটি 'অর্ডার' নিয়ে এসেছিলো। এজন্যে সে যথেষ্ট টাকাও দেবে বলেছিলো। নিয়মিত আসে এরকম এক মহিলা গাড়িবোচ্‌কা নিয়ে এসে বলে ছিলো যে, সে নাকি লংফেলোর স্ত্রী, যে কিনা এখন বাড়িতে ফিরে এসেছে। ভয়ানকভাবে আহত এক সৈনিক এসে টাকা ভিক্ষাও চাইছিলো : লংফেলো তার জন্যে দুঃখবোধ ক'রে অল্প কিছু টাকা দিয়ে দিয়েছেন।

"আরে লংফেলো, ঐ লোকটা নিজের হাত একেবারে তার তার শার্টের ভেতরে ঢুকিয়ে রেখেছিলো!" লংফেলো দরজাটা বন্ধ করতেই গৃন বললেন।

"হ্যা, আমি জানি," চেয়ারে বসতে বসতে লংফেলো জবাব দিলেন। "কিন্তু মাই ডিয়ার গৃন, আমি যদি তার প্রতি দয়া না দেখাই তবে কে আর তার প্রতি দয়া দেখাবে?"

লংফেলো *ইনফার্নো*'র ক্যান্টো পাঁচ আবার খুলে বসলেন। এটা তিনি বেশ কয়েক মাস আগেই শেষ করে আবার বাতিল ক'রে রেখেছিলেন। এটা হলো অনৈতিকের চক্র। এখানে বিরামহীন বাতাস পাপীদেরকে লক্ষ্যহীনভাবে ছুড়ে ফেলে, ঠিক যেভাবে তাদের লক্ষ্যহীন চাহিদা তাদের জীবনকে লক্ষ্যহীনভাবে ছুড়ে ফেলে ছিলো। তীর্থযাত্রী ফ্রান্সেস্কাকে জিজ্ঞেস করলেন, ফ্রান্সেস্কা হলো এমন একজন যুবতী নারী যাকে তার স্বামী খুন ক'রে ছিলো যখন তার স্বামী তাকে তার নিজের ভায়ের সঙ্গে আলিঙ্গনাবস্থায় আবিষ্কার ক'রে ছিলো। তার ভায়ের নাম হলো পাওলো। মেয়েটি, তার পাশে থাকা অযাচিত সম্পর্কের প্রেমিককে পাশে নিয়ে নিরব চেতনায় দান্তের পাশে ভাসছে।

BanglaBook.org

www.BanglaBook.org

"ফ্রান্সেস্কা কেঁদে কেঁদে দান্তেকে তার গল্প ব'লে বোঝায় যে, সে এবং পাওলো কেবলমাত্র নিজেদের আকাঙ্ক্ষার কাছে সমর্পণ করেছিলো," গৃন মন্তব্য করলেন।

"ঠিক," লংফেলো বললেন। "মেয়েটি দান্তেকে বলে যে, তারা যখন গুইনার্ভে এবং ল্যাসসেলোতর চুমু খাওয়ার ঘটনাটি পড়ছিলো তখন তাদের দু'জনের চোখাচোখি হয়ে যায়। পাওলো তার হাত ধ'রে তাকে চুমু খায়, তারপরও ফ্রান্সেস্কা তাদের এই পাপের জন্যে তার ভাইকে দোষ না দিয়ে বরং বইটিকেই দায়ি করে। প্রেমকাহিনীর লেখকই তাদেরকে প্ররোচিত করেছে।"

গৃন চোখ বন্ধ করলেন, এজন্যে নয় যে তিনি ঘুমিয়ে পড়েছেন, যেমনটি তিনি প্রায়ই ক'রে থাকেন। গৃন বিশ্বাস করেন একজন অনুবাদকের উচিত লেখককে ভুলে যাওয়া, আর এজন্যেই লংফেলোকে সাহায্য করার চেষ্টা করছেন তিনি। "এজন্যেই তারা এমন শাস্তি পায় যে, চিরকাল একসাথে থাকলেও একে অন্যকে কখনই চুমু খেতে পারবে না অথবা বিয়ের অভিজ্ঞতা লাভ করবে না, কেবল পাশাপাশি থেকে সুতীব্র যন্ত্রণা অনুভব করবে।"

তারা যখন কথা বলছে তখন লংফেলো এডিথের ভাবগম্ভীর মুখটা দেখলেন, সে পড়ার ঘরের দিকে উঁকি মারছে। তার বাবার দিকে চোখ পড়তেই মেয়েটি হলের দিকে সট্‌কে পড়লো।

লংফেলো গৃনকে থামার ইঙ্গিত করলেন। লাইব্রেরির লোকগুলোও তাদের আলোচনাটা থামিয়ে দিলো যাতে ক'রে লংফেলোর সংগ্রহে রাখা অনুসন্ধানী জার্নালগুলো রেই পরীক্ষা করতে পারে। গৃন আস্তে আস্তে হেটে বাগানের দিকে গেলেন।

লংফেলো কিছু বই সরিয়ে রেখে দিতেই তার চিন্তাভাবনাগুলো এই বাড়ীর ভিন্ন এক সময়ে পরিভ্রমন করলো, সেটা তার জন্মের আগের ঘটনা। তার এই পড়ার ঘরে তাঁদের গৃনের দাদা জেনারেল নাথানিয়েল গৃন জেনারেল ওয়াশিংটনের সঙ্গে কৌশল নিয়ে আলোচনা করার সময় এই সংবাদটি এসেছিলো যে, বৃটিশরা এসে গেছে। এ কথা শুনেই জেনারেলরা সব নিজেদের পরচুলা খুঁজতে শুরু করলো এই পড়ার ঘরেই, গৃনদের একজনের কাছ থেকেই এই ইতিহাসটা জানা গেছে। বেনেডিক্ট আরনল্ড এক হাটু মুড়ে তার আনুগত্যের শপথ নিয়েছিলেন। নিজের বাড়ির ইতিহাসের শেষ অধ্যায়টি মন থেকে ঝেড়ে ফেলে লংফেলো পার্লারের দিকে গিয়ে দেখতে পেলেন তার মেয়ে এডিথ একটা ষোড়শ লুইয়ের আমলের হাতাওয়ালা চেয়ারে গুঁটিসুঁটি মেরে ব'সে আছে। তার চেয়ারটির পাশেই রয়েছে তার মায়ের মার্বেলের আবক্ষ মূর্তিটি। ফ্যানির এই ঘিয়ে রঙের অবয়বটি তার মেয়ের প্রয়োজনে সব সময়ই এখানেই রাখা হয়।

এডিথ মুখ লুকিয়ে রাখার জন্যে দু'হাটুর মাঝখানে মাথাটা ঢুকিয়ে রেখেছে। "তো, মা মনি আমার।" লংফেলো আলতো ক'রে হাসলেন। "আজকে কেমন আছে,

BanglaBook.org

www.BanglaBook.org

আমার মা মনি?"

"আমি আড়ি পেতে শোনার জন্যে দুঃখিত, বাবা," সে ভয়ে ভয়ে বললো। "আমি তোমাকে একটা কথা বলতে গিয়েছিলাম কিন্তু ওখানে গিয়ে তোমাদের কথা না শুনে থাকতে পারি নি। সেই কবিতাটির কথা বলছিলাম, আর কি। কী দুঃখজনক একটি ঘটনাই না সেটা।"

"হ্যা, তা ঠিক। আমাদের কঠিনতম সময়ে, সমপরিমান সততার সঙ্গে কথা বলাটাই হলো একজন কবির দায়িত্ব। এডি, কখনও কখনও গাঢ় অন্ধকার ভেদ ক'রে আলো পাওয়া যায়। এভাবেই তো দান্তে নিজে পেয়েছেন।"

"কবিতার ঐ নারী আর পুরুষটাকে, তাদের ভালোবাসার জন্যে তাদেরকে তুমি শাস্তি দেবে কেন?" তার আকাশী নিল চোখে অশ্রু ছলছল ক'রে উঠলো।

লংফেলো চেয়ারে ব'সে তার হাটুতে মেয়ের মাথাটা রাখলেন। দু'হাতে মেয়েকে জড়িয়ে ধরলেন। "এই কবিতাটির কবি হলেন একজন ধর্মপরায়ণ খৃস্টান। ছয়শো বছর আগে তিনি বেঁচে ছিলেন। তিনি নিজেও ভালোবেসেছিলেন–এজন্যেই তিনি এরকম লিখেছেন। আমার পড়ার ঘরের আয়নার ওপরে মার্বেলের মূর্তিটা তুমি লক্ষ্য করেছো?"

এডিথ মাথা নেড়ে সায় দিলো।

"উনিই হলেন সিনর দান্তে।"

"ঐ লোকটা? তাঁকে দেখে তো মনে হয় তিনি নিজের মাথার ভেতরে সারা পৃথিবীর ওজন বইয়ে বেড়াচ্ছেন।"

"হ্যা।" লংফেলো হাসলেন। "অনেক দিন আগে দেখা হওয়া এক মেয়ের সাথে গভীরভাবে প্রেমে পড়েছিলেন তিনি, যখন মেয়েটা ছিলো প্রায় তোমার চেয়েও কম বয়সী, ডার্লিং–আমাদের ছোট্ট পানজির বয়সের মতো হবে–বিয়াত্রিচ পোর্তিনারি। ফ্লোরেন্সের এক উৎসবে দান্তে যখন তাকে প্রথম দেখেছিলেন তখন তার বয়স ছিলো নয় বছর।"

"বিয়াত্রিচ," এডিথ নামটা উচ্চারণ করলো। শব্দটার বানান নিয়ে একটু ভাবলো সে, তারপর তার একটি পুতুলের নাম হিসেবে সেটা বিবেচনা করা যায় কিনা ভাবলো, এখনও সে ওটার জন্যে কোনো নাম খুঁজে পায় নি।

"বিস্–তার বন্ধুরা তাকে এ নামেই ডাকতো। কিন্তু দান্তে কখনও তাকে এ নামে ডাকেন নি। তিনি সবসময় তার পুরো নাম বিয়াত্রিচ ব'লেই ডাকতেন। সে যখন দান্তের কাছাকাছি আসতো তখন দান্তের মধ্যে এমন বিনয় আর নম্রতা জেঁকে বসতো যে, তিনি চোখ তুলে তাকাতে পারতেন না, অথবা তার সম্ভাষনের কোনো জবাব দিতে পারতেন না। আবার কখনও তিনি কথা বলতে প্রস্তুত হলেও বিয়াত্রিচ তাকে খেয়াল না ক'রেই চলে যেতো। তিনি শুনতেন শহরের লোকজন বিয়াত্রিচ সম্পর্কে ফিস্‌ফাস্ করছে, 'এতো পার্থিব নয়। এ হলো ঈশ্বরের আশীর্বাদপুষ্ট।'"

BanglaBook.org

www.BanglaBook.org

"তারা ওর সম্পর্কে এটা বলতো?"

লংফেলো মৃদু হাসলেন। "দান্তে তো সেরকমই শুনতেন, যেহেতু তিনি গভীর প্রেমে ডুবে ছিলেন, আর তুমি যখন প্রেমে পড়বে তখন শুনতে পাবে তোমার ভালো বাসার মানুষ সম্পর্কে শহরের লোকজন কেবল প্রশংসাই করছে।"

"দান্তে কি তাকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন?" এডিথ আশ্বান্বিত হয়ে জানতে চাইলো।

"না। সে কেবল তার সঙ্গে একবারই কথা বলেছিলো, তাকে শুভেচ্ছা জানিয়েছিলো। বিয়াত্রিচ আরেকজন ফ্লোরেন্সবাসীকে বিয়ে করেছিলো। এরপর পরই সে অসুস্থ হয়ে প'ড়ে এবং মারা যায়। দান্তেও আরেকজন মহিলাকে বিয়ে ক'রে সংসার করতে শুরু করেছিলেন। তবে তিনি কখনও তার ভালোবাসার কথা ভুলেন নি। এমন কি তিনি নিজের মেয়ের নাম বিয়াত্রিচও রেখেছিলেন।"

"এরজন্যে তার বউ কি রাগ করে নি?" ছোট্ট মেয়েটি উৎকণ্ঠার সাথে জানতে চাইলো।

লংফেলো ফ্যানির ব্যবহার করা একটি নরম ব্রাশ হাতে নিয়ে আল্‌তো ক'রে এডিথের চুল আঁচড়িয়ে দিলেন। "আমরা ডোনা গেম্মা সম্পর্কে খুব বেশি কিছু জানি না। তবে আমরা এটা জানি যে, কবি যখন তার জীবনের মাঝামাঝি সময়ে কোনো সমস্যার মুখোমুখি হতেন তখনই তিনি বিয়াত্রিচকে মানসচক্ষে দেখতে পেতেন, স্বর্গ থেকে সে একজন পথপ্রদর্শক পাঠিয়ে দান্তেকে সমস্যা থেকে উদ্ধার করতেন। দান্তে তার বিচারের কথা শুন কাঁপতে লাগলে তার পথপ্রদর্শক তাকে স্মরণ করিয়ে দিলো : 'আপনি যখন তার সৌন্দর্যমণ্ডিত চোখ দুটো আবার দেখবেন, আরেকবার আপনার জীবনের পরিভ্রমণ সম্পর্কে জানতে পারবেন।' বুঝতে পেরেছো, মা মণি?"

"কিন্তু দান্তে যদি তার সঙ্গে কখনও কথা-ই না বললেন তবে কেন তিনি বিয়াত্রিচকে ভালোবাসলেন?"

লংফেলো তার চুলে ব্রাশ করেই চললেন। কঠিন প্রশ্নে একটু অবাকই হলেন। "মা মণি, তিনি একবার বলেছিলেন, তার মধ্যে বিয়াত্রিচ এমন এক ধরণের অনুভূতির জন্ম দিতো যে, দান্তে সেটা কোনো ভাষায় প্রকাশ করতে পারতেন না। একজন কবি হিসেবে দান্তেকে কি এমন আষ্টেপৃষ্ঠে জড়িয়ে রেখেছিলো যে, তার কবিতার শক্তির চেয়েও যা বেশি ছিলো?"

এরপর মেয়ের চুলে সযত্নে হাত বোলাতে বোলাতে নরম কণ্ঠে আবৃত্তি করলেন, "ওরে আমার ছোট্ট মেয়ে, গীত হওয়া আর কথিত কোনো ব্যালাড কি কখনও এতো ভালো হয়/জীবন্ত কোনো কবিতার চেয়ে/আর বাকি সবই তো মৃত।"

কবিতাটি শ্রোতার মুখে যথারীতি একটি হাসির জন্ম দিলো। বাবাকে তার ভাবনার জগতে রেখে চলে গেলো সে। এডিথের সিঁড়ি দিয়ে ওঠার শব্দেও লংফেলোর ঘোর কাটলো না . নি স্ত্রীর মার্বেলের আবক্ষ মূর্তির পাশে মোহগ্রস্ত হয়ে ব'সে রইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"আরে, এই তো, আপনি।" গৃন পার্লারে এসে হাজির হলেন। তার দু'হাত দুপাশে প্রসারিত। "আমার ধারণা আমি আপনার বাগানের বেঞ্চে ঘুমিয়ে পড়েছিলাম। সে যাইহোক, আমি আমাদের ক্যান্টোগুলোতে ফিরে যাওয়ার জন্যে প্রস্তুত! বলুন দেখি, লাওয়েল আর ফিল্ডস্ কোথায় উধাও হয়ে গেলেন?"

"একটু হাটতে বাইরে গেছেন, বোধহয়।" বেশি গরমের জন্যে লাওয়েল ফিল্ডসের কাছে ক্ষমা চেয়েছিলেন আর সেজন্যে তারা দু'জনেই একটু বাতাসের জন্যে বাইরে গিয়েছিলেন।

লংফেলো বুঝতে পারলেন কতো দীর্ঘ সময় ধ'রে তিনি বসেছিলেন। চেয়ার থেকে উঠতে গেলে তার গিটগুলো থেকে কটমট ক'রে শব্দ হলো।

"সত্যি বলতে কী," তিনি তার ওয়েস্টকোটের পকেট ঘড়িটা বের ক'রে দেখে নিয়ে বললেন, "তারা অনেকক্ষণ ধরেই বাইরে আছেন।"

ব্রেটল স্ট্রট-এ যাবার সময় লাওয়েলের লম্বালম্বা পদক্ষেপের সঙ্গে তাল মেলাতে চেষ্টা করলেন ফিল্ডস্।

"হয়তো, আমাদের এখনই ফিরে যাওয়া উচিত, লাওয়েল।"

লাওয়েল হুট ক'রে থেমে গেলে ফিল্ডস্ কৃতজ্ঞ হলেন। কিন্তু কবি ভদ্রলোক সামনের দিকে ভয়ার্ত চোখে চেয়ে আছেন। কোনো কিছু না ব'লেই তিনি ফিল্ডস্‌কে টেনে একটা এল্‌ম গাছের আড়ালে নিয়ে গেলেন। চাপা কণ্ঠে তিনি সামনের দিকে তাকাতে বললেন। ফিল্ডস্ সামনের দিকে তাকাতেই দেখতে পেলেন টুপি আর চেক-চেক ওয়েস্টকোট পরা লম্বা এক লোক মোড় নিচ্ছে।

"লাওয়েল, শান্ত হোন! সে কে?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"এই লোকটিই হারভার্ডে আমাকে লক্ষ্য রাখছিলো। এরপরই তো সে বাকির সঙ্গে দেখা করলো, এডওয়ার্ড শেল্ডনের সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় করলো।"

"ঐ বদমাশটা?"

লাওয়েল বিজয়ীর মতো মাথা নেড়ে সায় দিলেন।

তারা চুপিসারে তাকে অনুসরণ করতে লাগলে লাওয়েল তার প্রকাশককে আগন্তুকের কাছ থেকে দূরত্ব বজায় রাখতে ইশারা করলেন। লোকটা পাশের একটা গলিতে ঢুকে পড়লো।

"হায় ঈশ্বর! সে তো দেখছি আপনার বাড়ির দিকেই যাচ্ছে!" ফিল্ডস্ বললেন। এল্‌ম উড-এর সাদা বেড়া ভেতর দিয়ে আগন্তুক যেতে লাগলো। "লাওয়েল, আমাদের তার সঙ্গে কথা বলতে হবে।"

"এবং তাকে হাতে নাতে ধরা? এই বদমাশটাকে নিয়ে আমার আরো ভালো পরিকল্পনা রয়েছে," লাওয়েল বললেন, ফিল্ডস্‌কে নিয়ে ঘোড়াগাড়ি রাখার ঘরটা এবং

BanglaBook.org

www.BanglaBook.org

গোলাঘর পেরিয়ে এল্‌ম উড-এর পেছন দিককার প্রবেশপথ দিয়ে ঢুকে পড়লেন। লাওয়েল তার গৃহপরিচারিকাকে আদেশ করলেন দরজার কাছে বেল বাজাতে উদ্যত অতিথিকে স্বাগত জানাতে। ম্যানশনের তৃতীয় তলায় মহিলা তাকে নিয়ে এসে দরজা বন্ধ ক'রে দিলো। লাওয়েল লাইব্রেরি থেকে তার শিকারের রাইফেলটা নিয়ে এসে সেটা পরীক্ষা ক'রে দেখলেন, তারপর ফিল্ডস্‌কে চাকরবাকরদের ব্যবহার করা পেছনের সিঁড়িটার কাছে নিয়ে এলেন।

"জেমি! আপনি এসব কী করছেন?"

"আমি দেখতে চাচ্ছি এই বদমাশটা এবার যেনো কোনোমতেই ফস্‌কে না যায়–যতোক্ষণ না আমরা কি জানি সে সম্পর্কে পুরোপুরি সন্তুষ্ট হই," লাওয়েল বললেন।

"আপনার মাথা কি খারাপ হয়ে গেছে? আমরা বরং এসব না ক'রে রেইকে ডেকে আনি।"

লাওয়েলের উজ্জ্বল চোখ দুটো ধূসর হয়ে গেলো। "জেনিসন আমার বন্ধু ছিলো। সে এই বাড়িতেই রাতের খাবার খেয়েছে–এই তো আমার ডাইনিংরুমে, আমার রুমালে মুখ মুছেছে, আমার গ্লাসে মদ খেয়েছে। আর এখন তাকে কেঁটে কুঁটে টুকরো টুকরো করা হয়েছে! আমি আর সত্যের চারপাশে ভয়ে ভয়ে ঘুরতে চাচ্ছি না, ফিল্ডস্!"

উপরের ঘরটা লাওয়েলের ছেলেবেলার শোবার ঘর ছিলো, সেটা ব্যবহার করা হয় না ব'লে উত্তাপের জন্যে চুলাও জ্বালানো হয় না। ঐ ঘরের জানালা দিয়ে লাওয়েল তার শৈশবে শীতকালে বোস্টনের বিস্তীর্ণ এলাকাটা দেখতেন। এখন, লাওয়েল উঁকি মেরে এল্‌ম উড এবং ক্যামব্রিজের মাঝামাঝি চার্লস্ স্ট্রিটের মোড়টা দেখলেন।

"লাওয়েল, আপনি কি এটা দিয়ে কাউকে হত্যা করবেন! আপনার প্রকাশক হিসেবে আমি আপনাকে আদেশ করছি, এক্ষুণি এটা সরিয়ে ফেলুন!"

লাওয়েল তার একটা হাত ফিল্ডসের মুখে রেখে ইশারা করলেন বন্ধ দরজার দিকে লক্ষ্য রাখতে। কয়েক মিনিট নীরতার পর পণ্ডিত দুজন শুনতে পেলেন গৃহপরিচারিকার সিঁড়ি ডিঙিয়ে আসার শব্দ। সে অতিথিকে এখানেই নিয়ে আসছে। মহিলা কথামতো অতিথিকে ঘরটা দেখিয়ে চলে গেলো।

"হুলো?" ফাঁকা ঘরটাতে ঢুকে লোকটা বললো। "এটা কোন্ ধরণের পার্লার রে বাবা? এসবের মানে কী?"

লাওয়েল সোফার পেছন থেকে উঠে দাঁড়িয়েই হাতের রাইফেলটা তাক্ করলেন ঠিক লোকটার বুক বরাবর।

আগন্তুক একটু ভড়কে গেলো। সে তার ফ্রক কোটের পকেট থেকে ঝট্ ক'রে একটা রিভলবার বের ক'রে লাওয়েলের রাইফেলের ব্যারেলের দিকে তাক্ করলো।

BanglaBook.org

www.BanglaBook.org

কবি ভদ্রলোক একটুও ঘাবড়ালেন না।

আগন্তুকের ডান হাতটা প্রচণ্ডভাবে কাঁপতে লাগলো।

ঘরের অন্য পাশে লাওয়েল তার রাইফেলটা তার পুরু গোঁফ বরাবর তুলে ধরেছেন, নিশানা করার সুবিধার্থে এক চোখ বন্ধ ক'রে রেখেছেন। দাঁতে দাঁত চেপে তিনি কথা বললেন। "চেষ্টা ক'রে দেখো, যাই ঘটুক না কেন, তুমি আজকে হেরে যাবে। হয় তুমি আমাদেরকে স্বর্গে পাঠাবে," অস্ত্রটা কক্ ক'রে কথাটা সম্পূর্ন করলেন, "অথবা আমরা তোমাকে নরকে পাঠাবো।"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৩

আগন্তুক লোকটা আরো কয়েক মুহূর্ত তার রিভলবারটা ধ'রে রেখে তারপর সেটা পুরু কার্পেটের ওপর নামিয়ে রাখলো। "খুবই মূর্খের মতো কাজ হয়ে যাচ্ছে!"

"মিঃ ফিল্ডস্, দয়া ক'রে তার পিস্তলটা তুলে নিন তো," লাওয়েল তার প্রকাশককে এমনভাবে বললেন যেনো এরকমটি তারা প্রতিদিন ক'রে থাকেন!"

ফিল্ডস্ মেঝে থেকে অস্ত্রটা তুলে নিলেন।

"আপনার অস্ত্রটা সরিয়ে রাখুন, প্রফেসর, তা না হলে আমি কিছুই বলবো না," লোকটা বললো।

"লাওয়েল, তার কথাটা শুনুন," ফিল্ডস্ আগন্তুকের কথায় সন্তুষ্ট হয়ে চাপা কণ্ঠে বললেন।

লাওয়েল অস্ত্রটা নামিয়ে রাখলেন। "খুব ভালো, তবে আমি আশা করবো তুমি তোমার ভালোর জন্যেই সোজা-সাপ্টা কথা বলবে।" তিনি তাঁদের জিম্মির জন্যে একটা চেয়ার নিয়ে এলেন। লোকটা বার বার বলতে লাগলো যে, পুরো ঘটনাটা 'মূর্খতা।'

"আমি বিশ্বাস করি না আপনি আমার মাথায় রাইফেলটা রাখার আগে আমি নিজের পরিচয়টা দেবার সুযোগ পেয়েছি," লোকটি বললো। "আমি সাইমন ক্যাম্প, পিংকারটন এজেন্সির একজন গোয়েন্দা। ডাঃ অগাস্টাস ম্যানিং আমাকে নিযুক্ত করেছেন।"

"ডাঃ ম্যানিং!" লাওয়েল আর্তনাদ ক'রে উঠলেন। "কিসের জন্যে?"

"তিনি চান দাস্তে কোর্সে যা শেখানো হয় সেটা ছাত্রদের মধ্যে কোনো 'খারাপ প্রভাব' ফেলে কিনা সেটা একটু তদন্ত ক'রে দেখা হোক। আমি এই ব্যাপারটা নিয়েই কাজ করছি, আর তদন্তে যা পেয়েছি তা আমাকে রিপোর্ট করতে হবে।"

"আপনি কী খুঁজে পেয়েছেন?"

"পিংকারটন আমাকে পুরো বোস্টনে নিয়োজিত করেছে। এই অর্থহীন কেস্টা আমার সর্বোচ্চ অগ্রাধিকারের মধ্যে নেই প্রফেসর, তবে আমি এ নিয়ে বেশ ভালো সময়ই ব্যয় করছি। আমি একজন পুরনো শিক্ষক মিঃ ব্লাক'কে ক্যাম্পাসে দেখা করার জন্যে খবর পাঠিয়ে ছিলাম," ক্যাম্প বললো। "বেশ কয়েকজন ছাত্রকেও আমি জিজ্ঞাসাবাদ করেছি। ঐ অভদ্র তরুণ মিঃ শেলডন আমাকে কোনো আদেশ দিচ্ছিলো না, প্রফেসর। সে আমাকে বলছিলো আমার প্রশ্নগুলোর উত্তর কি হতে পারে।"

"অন্যেরা কি বলেছে?" লাওয়েল জানতে চাইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

ক্যাম্প মুচকি হাসলো। "আমার কাজটা খুবই গোপনীয়, প্রফেসর। তবে আমি মনে করলাম, এখন আপনাদের সঙ্গে মুখোমুখি কথা বলার সময় হয়েছে। এই দান্তে সম্পর্কে আমি আপনাদের মতামত জানতে চাই। এজন্যেই আজকে আমি আপনার বাড়িতে এসেছি। আর, কী দারুণ অভ্যর্থনাই না পেলাম!"

ফিল্ডস্ একটু দ্বিধাগ্রস্ত হলেন। "ম্যানিং কি তোমাকে, মানে আপনাকে সরাসরি লাওয়েলের সঙ্গে কথা বলার জন্যে পাঠিয়েছেন?"

"আমি তার অধীনে নই, স্যার। এটা হলো আমার নিজের কেস। আমি আমার কাজ নিজেই করি।" ক্যাম্প বেশ উত্তেজিতভাবে কথাটা বললো। "আপনারা খুব ভাগ্যবান যে, আজকে আমি ট্রিগার টিপতে একটু দেরি করেছি, প্রফেসর লাওয়েল।"

"ওহ্, ম্যানিংয়ের সাথে আমার একবার দেখা করতেই হবে, কতো বড় আস্পর্ধা!" লাওয়েল লাফ দিয়ে উঠে দাঁড়িয়ে ক্যাম্পের দিকে ঝুঁকলেন। "আমি কি বলবো সেটা জানতেই আপনি এখানে এসেছেন, তাই না, স্যার? আপনি আপনার এই ডাইনী শিকারের কাজটা এক্ষুণি বন্ধ করুন! এটাই কেবল আমি বলবো!"

"আমি এসব তুচ্ছ ভয়-ভীতি মোটেও পরোয়া করি না, প্রফেসর!" ক্যাম্প কথাটা বলেই হেসে ফেললো। "এই কেসটা আমাকে দেয়া হয়েছে আর আমি এটা কারোর কথায় ছেড়ে দেবো না–কোনো হারভার্ড ফেলোর জন্যেও নয়, আর আপনার মতো খিস্তিবাজ বৃদ্ধের জন্যে তো নয়ই! চাইলে আপনি আমাকে গুলি করতে পারেন, কিন্তু আমি আমার কেসটার শেষ দেখে ছাড়বো!" একটু থেমে সে আরো বললো, "আমি একজন পেশাদার লোক।"

ক্যাম্পের এই শেষ কথাটার বেপরোয়া উচ্চারণ শুনে ফিল্ডস্ সঙ্গে সঙ্গেই বুঝে ফেললেন, সে এখানে কেন এসেছে। "হয়তো, আমরা অন্য কিছু নিয়ে কথা বলতে পারি," প্রকাশক বললেন। নিজের ম্যানিব্যাগ থেকে কিছু সোনার টুকরো বের করলেন। "এই কেসের কানাগলিতে ঢুকতে আপনাকে কে বললো, মিঃ ক্যাম্প?"

ক্যাম্পের হাতে কিছু সোনার কয়েন ধরিয়ে দিলেন ফিল্ডস্। গোয়েন্দা ভদ্রলোক আরো কিছু পাবার জন্যে অপেক্ষা করলে ফিল্ডস্ মুচকি হেসে আরো কিছু কয়েন ফেললেন তার খোলা হাতে। "আর, আমার অস্ত্রটা?"

ফিল্ডস্ অস্ত্রটাও ফিরিয়ে দিলেন।

"ভদ্রমহোদয়গণ, কখনও কখনও একটা মামলায় জড়িত সবাইকে একটু বাজিয়ে দেখতে হয়।" সাইমন ক্যাম্প কুর্ণিশ ক'রে চলে গেলো।

"এভাবে একজন লোককে টাকা দেয়া যায়!" লাওয়েল বললেন। "আপনি কি ক'রে জানতে পারলেন সে এটা গ্রহণ করবে, ফিল্ডস্?"

"বিল টিকনর সব সময় বলতেন লোকজন নিজের হাতে স্বর্ণের ছোঁয়া পেতে ভালোবাসে," ফিল্ডস্ মন্তব্য করলেন।

জানালার কাছে দাঁড়িয়ে প্রচণ্ড রাগের সাথে লাওয়েল দেখলেন সাইমন ক্যাম্প

BanglaBook.org

www.BanglaBook.org

নিচের দরজা দিয়ে ফুটপাতে নেমে পড়ছে। খুব খুশি সে। হাতের স্বর্ণ মুদ্রাগুলো ঝাঁকাতে ঝাঁকাতে হেটে চলছে।

সেই রাতে, লাওয়েল ক্লান্তি থেকে মুক্ত হয়ে তার মিউজিক রুমে মূর্তির মতো ব'সে রইলেন। এখানে ঢোকার আগে তিনি দরজার কাছে এসে একটু ইতস্তত করেছিলেন। যেনো এই বাড়ির সত্যিকারের মালিককে ঘরের ভেতরে আগুনের সামনে চেয়ারে ব'সে থাকতে দেখবেন তিনি।

মাবেল দরজার কাছ থেকে উঁকি মারলো। "বাবা? কিছু কি হয়েছে? আমি চাই তুমি এটা নিয়ে আমার সঙ্গে কথা বলো।"

বেজ্ নামের কুকুরটা ঘরে ঢুকে লাওয়েলের হাতটা চাটতে লাগলো। তিনি হাসলেন, কিন্তু এটা তাকে তাঁদের আগের নিউফাউন্ডল্যান্ড কুকুর আরগুসের কথাটা মনে করিয়ে দিলে তিনি একটু বিষন্ন হয়ে পড়লেন। সেই কুকুরটা প্রতিবেশীর এক ফার্মের বিষ খেয়ে মারা গিয়েছিলো।

মাবেল আস্তে ক'রে বেজ্‌কে সরিয়ে দিয়ে বাবার কাছে চলে এলো। "বাবা," সে বললো। "আজকাল আমরা এক সাথে খুব অল্প সময়ই কাটাই। আমি জানি..." নিজের কথাটা গুছিয়ে নিলো সে।

"কি সেটা?" লাওয়েল জানতে চাইলেন। "তুমি কি জানো, মাবেল?"

"আমি জানি, একটা কিছু তোমাকে বেশ ভাবনায় ফেলে দিয়েছে আর সেজন্যে তুমি দু'দণ্ড শান্তিও পাচ্ছো না।"

তিনি পরম স্নেহে মেয়ের হাটা ধরলেন। "আমি খুব ক্লান্ত, মাই ডিয়ার হপকিন্স।" মেয়েকে সব সময় এই নামে ডাকতেই বেশি পছন্দ করেন তিনি। "আমি বিছানায় যাবো, একটু ঘুমালেই ভালো লাগবে। তুমি খুব ভালো মেয়ে, মাই ডিয়ার। এবার, তোমার পূর্বপুরুষকে স্যালুট করো তো।"

মাবেল তার গালে একটা যান্ত্রিক চুমু খেলো।

ওপর তলায় তার শোবার ঘরে গিয়ে লাওয়েল বালিশে মুখ ডুবিয়ে রাখলেন, নিজের স্ত্রীর দিকে তাকালেন না। কিন্তু খুব জলদিই নিজের তার মাথাটা ফ্যানি লাওয়েলের কোলে রেখে কোনো বিরতি ছাড়াই আধঘণ্টা ধ'রে কেঁদে চললেন। আধো ঘুমে দেখতে পেলেন হোমস্ বিপর্যস্ত হয়ে কর্নার-এর মেঝেতে হাত-পা ছড়িয়ে প'ড়ে আছেন, আর ক্ষতবিক্ষত ফিনিয়াস জেনিসন চিৎকার ক'রে লাওয়েলকে বলছেন তাকে বাঁচাতে, দান্তের হাত থেকে তাকে উদ্ধার করতে।

ফ্যানি জানে তার স্বামী কীসের জন্যে বিমর্ষ সেটা তাকে বলবেন না। তাই সে কেবল স্বামীর মাথায় হাত বুলিয়ে গেলো যাতে খুব দ্রুত লাওয়েল ঘুমিয়ে পড়েন।

"লাওয়েল। লাওয়েল। ওঠো, ওঠো।"

লাওয়েল চোখ খুলতেই সূর্যের আলোতে ভড়কে গেলেন। "কি, এটা কি? ফিল্ডস্?"

BanglaBook.org

www.BanglaBook.org

ফিল্ডস্ বিছানার পাশে ব'সে আছেন, তার বুকের কাছে একটা পত্রিকা ভাঁজ ক'রে রাখা আছে।

"সব ঠিক আছে তো, ফিল্ডস্?"

"না, কোনো কিছুই ঠিক নেই। এখন বিকেল, জেমি। ফ্যানি বললো আপনি নাকি সারাটা দিন ঘুমিয়ে আছেন–এপাশ ওপাশ করেছেন খালি। আপনি সুস্থ আছেন তো?"

"অনেকটা ভালো বোধ করছি এখন।" লাওয়েল সঙ্গে সঙ্গে ধাতস্থ হয়ে ফিল্ডসের হাতে থাকা জিনিসটা দেখতে পেলেন, মনে হলো ফিল্ডস্ তার কাছ থেকে ওটা লুকাতে চাইছেন। "কিছু একটা ঘটেছে, তাই না?"

ফিল্ডস্ দুঃখের সাথেই বললেন, "আমি জানতাম আমি যেকোনো পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে পারি, মোকাবেলা করতে পারি। এখন আমি এক বুড়ো নখের মতোই স্থবির হয়ে উঠেছি। আমার দিকে কেন চেয়ে আছেন? আমি এতোটাই মোটা হয়ে গেছি যে, আমার সবচাইতে পুরনো পাওনাদারেরাও আমাকে চিনতে বেগ পায়।"

"ফিল্ডস্, প্লিজ..."

"আমি চাই আপনি আমার চেয়েও বেশি শক্ত হোন, লাওয়েল। লংফেলোর জন্যে, আমাদেরকে..."

"আরেকটা খুন হয়েছে?"

ফিল্ডস্ তার হাতে পত্রিকাটা ধরিয়ে দিলেন। "এখনও হয় নি। লুসিফারকে গ্রেফতার করা হয়েছে।"

সেন্ট্রাল স্টেশনের সুইট-বক্সটা সাড়ে তিন ফিট চওড়া এবং সাত ফিট লম্বা। ভেতরের দরজাটা লোহার। বাইরে ওক্ কাঠের শক্ত পাটাতনের আরেকটা দরজা রয়েছে। দ্বিতীয় দরজাটা বন্ধ হয়ে গেলে সেলটা যেনো অন্ধকূপ হয়ে উঠলো, কোনো আশা অথবা আলোর দেখা মিললো না। একজন বন্দীকে যতোক্ষণ না সে অন্ধকারটা সহ্য করতে পারে ততোক্ষণ ওখানে রাখা যেতে পারে, আর তাকে যা করতে বলা হবে, সে তাই করবে।

উইলার্ড বার্নডি, ল্যাংডন ডব্লিউ পিস্লির পর বোস্টনের দ্বিতীয় সেরা সিন্দুক ভাঙার চোর ওক্ কাঠের দরজাতে চাবি ঘোরানোর শব্দটা শুনতে পেলো। তীব্র গ্যাস বাতির আলোতে তার চোখ দুটো ঝল্সে যাবার উপক্রম হলো। "আমাকে এখানে আরো দশ বছর রাখো, শূয়োরের বাচ্চা! আমি তারপরও স্বীকার করবো না, আমি কোনো খুন করেছি।"

"মুখ সামলে বলো, বার্নডি," রক্ষী কর্কশ কণ্ঠে বললো।

"কসম খেয়ে বলছি..."

"কিসের কসম?" রক্ষী হেসে বললো।

BanglaBook.org

www.BanglaBook.org

"একজন ভদ্রলোক হিসেবে কসম খেয়ে বলছি।"

উইলার্ড বার্নডিকে শেকল পরিয়ে হল দিয়ে নিয়ে আসা হলো। "দু'পাশের সেলের অধিবাসীরা যদি তাকে দেখে নাও চেনে তো বার্নডি নামে অবশ্যই চেনে। একজন দক্ষিণের লোক বার্নডি যে কিনা যুদ্ধকালীন সময়ে নিউ ইয়র্কে এসে বসতি গেঁড়েছিলো। এরপর বার্নডি নিউইয়র্ক থেকে দীর্ঘ পদযাত্রায় বোস্টনে এসে হাজির হলো। আন্ডারওয়ার্ল্ডে সে ধীরে ধীরে সব শিখেছে, তার পদোন্নতি হয়েছে, অভিজাত পরিবারের বিধবা ধনী মহিলাদেরকে শিকার বানানোর ক্ষেত্রে তার বেশ সুনাম আছে। এটা এমন একটা বৈশিষ্ট্য যে, সে নিজেও তা কখনও খেয়াল করে নি। একজন বৃদ্ধের খুনি হিসেবে পরিচিত হওয়ার খুব কম বাসনাই তার ছিলো। সে নিজেকে কখনই একজন জঘন্য লোক হিসেবে বিবেচনা করে না। যখন স্বর্ণালংকার চুরির পর সেগুলোর উদ্ধারের জন্যে পুরস্কার ঘোষণা করা হয় তখন বার্নডি খুবই সহযোগীতাপরায়ন হয়ে থাকে। খোয়া যাওয়া, মানে চুরি হওয়া সম্পদের একটা অংশ ভদ্র কোনো গোয়েন্দার কাছে হস্তান্তর ক'রে বিনিময়ে কিছু নগদ টাকা লাভ করে সে।

এবার লাল মুখের, উসকোখুসকো চুলের আর মুখে অসংখ্য কাটা দাগের এক রক্ষী বার্নডিকে একটা ঘরে ঠেলে ঢুকিয়ে দিয়ে একটা চেয়ারে বসিয়ে দিলো তাকে। টমাস নেস্ট-এর ক্যারিকেচারের সাথেই কেবল তাকে তুলনা করা যেতে পারে।

"আপনার মতলবটা কি?" বার্নডি তার সামনে বসা লোকটার দিকে ভালো ক'রে তাকালো। "আমি হাতটা বাড়াতাম, কিন্তু দেখতেই পাচ্ছেন আমি শৃঙ্খলিত। দাঁড়ান...আমি আপনার সম্পর্কে পড়েছি। প্রথম নিগ্রো পুলিশ। যুদ্ধের একজন বীর সৈনিক। ঐ ভবঘুরেটা যখন পুলিশ স্টেশনের জানালা দিয়ে লাফ দিয়েছিলো তখন আপনি ওখানে ছিলেন!" কথাটা বলেই বার্নডি হেসে ফেললো।

"ডিস্ট্রিক্ট এটর্নি তোমাকে ফাঁসিতে ঝোলাতে চাচ্ছে," বার্নডির মুখের হাসিটাকে উড়িয়ে দিয়ে রেই শান্ত কণ্ঠে বললো। "যদি তুমি জানো কেন তোমাকে আজ এখানে আনা হয়েছে তবে আমাকে সব খুলে বলো।"

"আমার কাজ হলো সিন্দুক ভাঙা। এ কাজে আমি বোস্টনের সেরা। ঐ কুত্তার বাচ্চা ল্যাংডন পিস্‌লির চেয়েও আমি সেরা! তবে আমি কোনো খুন-খারাবি করি নি। আমি কোনো পোশাক পরা ভদ্রলোককে শায়েস্তাও করি নি! নিউইয়র্ক থেকে আমার জন্যে স্কয়ার হাউয়ি আসছে, আপনি দেখবেন, আমি আদালতে প্রমাণ করতে পারবো, আমি নির্দোষ!"

"তাহলে তুমি এখানে কেন, বার্নডি?" রেই জিজ্ঞেস করলো।

"ঐসব ভূয়া গোয়েন্দার দল, তারা সব জায়গাতেই আলামতের বীজ বপন ক'রে বেড়াচ্ছে!"

রেই এটা জানে। "ট্যালবোট নিহত হবার আগের দিন, তার বাড়িটা যে রাতে ডাকাতি হয়েছিলো, সে রাতে দু'জন সাক্ষী তোমাকে রেভারেন্ডের বাড়িটার দিকে

BanglaBook.org

www.BanglaBook.org

নজরদারী করতে দেখেছে। তারা ঠিক দেখেছে, তাই না? এজন্যেই ডিটেক্টিভ হেন্‌শা তোমাকে বেছে নিয়েছে। তুমি যথেষ্ট পাপ করেছো যার জন্যে তোমাকে দোষী সাব্যস্ত করা যেতেই পারে।"

বার্নডি এ কথাটা অস্বীকার করতে যাচ্ছিলো, কিন্তু সে একটু ইতস্তত করলো। "একজন কাল্লুকে আমি কেন বিশ্বাস করবো?"

"আমি চাই তুমি একটা জিনিস একটু ভেবে দেখো," রেই তাকে সতর্কভাবে দেখে বললো। "এটা তোমাকে সাহায্য করতে পারে, যদি তুমি বুঝতে পারো।" সে একটা মুখবন্ধ খাম টেবিলে রেখে তার দিকে ঠেলে দিলো।

হাত-পা বাধা সত্ত্বেও বার্নডি খামটা দাঁত দিয়ে ছিড়তে সক্ষম হলো। তিন ভাঁজ করা ভালো মানের কাগজটা খুলে ফেললো সে। কিন্তু রেগেমেগে উদ্‌ভ্রান্তের মতো দু'টুকরো করার আগে কাগজটার লেখা একটু প'ড়ে নিলো। হাত-পা উন্মাদের মতো ছুঁড়ে টেবিল আর দেয়ালে নিজের মাথাটা পেন্ডুলামের মতো ঠুকতে লাগলো সে।

অলিভার ওয়েন্ডেল হোমস্ পত্রিকাটা আগুনে ফেলে দিলেন।

... ম্যাসাচুসেট্‌সের সুপ্রিমকোর্টের বিচারপতিকে নগ্ন আর পোকায় খাওয়া অবস্থায় পাওয়া গেছে এবং...

ডাক্তার আরেকটা আর্টিকেল আগুনে ফেললে আগুনের শিখাগুলো হৃষ্টপুষ্ট হলো।

তিনি লাওয়েলের ক্ষিপ্ত হওয়ার ব্যাপারটা ভাবলেন, পনেরো বছর আগে যিনি প্রফেসর ওয়েবস্টারের ওপর হোম্‌সের অন্ধবিশ্বাসটার ব্যাপারে সঠিক ছিলেন না। এটা সত্যি যে, বোস্টন তার অপমানিত মেডিকেল প্রফেসরের ওপর বিরামহীনভাবেই আস্থা হারিয়ে ফেলে ছিলো, কিন্তু হোমস্ হারান নি, সেটার অবশ্য কারণও ছিলো। জর্জ পার্কম্যানের উধাও হবার পরের দিন তিনি ওয়েবস্টারকে দেখেছিলেন, সেই রহস্যটা নিয়ে তার সঙ্গে কথাও বলেছিলেন। ওয়েবস্টারের অমায়িক চেহারায় অসততার কোনো লক্ষণই ছিলো না। আর ওয়েবস্টারের বলা কাহিনীটার সাথে পরবর্তীতে উদ্‌ঘাটিত তথের সামঞ্জস্য ছিলো : পার্কম্যান তার ঋণের টাকা সংগ্রহ করতে আসলে ওয়েবস্টার তাকে সেটা পরিশোধ ক'রে দেন। পার্কম্যান নোটটা বাতিল ক'রে দিয়ে চলে গিয়েছিলেন। ওয়েবস্টারের আইনজীবিদের জন্যে হোমস্ কিছু টাকা মিসেস ওয়েবস্টারের কাছে পাঠিয়ে ছিলেন। ওয়েবস্টারের বিশুদ্ধ চরিত্রের পক্ষে হোমস আদালতে জবানবন্দীও দিয়েছিলেন, এ ধরণের জঘন্য অপরাধের সঙ্গে যে ওয়েবস্টার জড়িত নন সেটাও জোর দিয়ে বলে ছিলেন তিনি। জুরিদের কাছে তিনি এও ব্যাখ্যা ক'রে বলেছিলেন যে, ওয়েবস্টারের ঘরে যে দেহাবশেষ পাওয়া গেছে সেটা ডাঃ পার্কম্যানের কিনা তা বলার মতো কোনো নিশ্চিত পদ্ধতি নেই–হ্যা, সেগুলো পার্কম্যানের হতে পারে, আবার নাও হতে পারে।

BanglaBook.org

www.BanglaBook.org

এমন নয় যে, পার্কম্যানের প্রতি হোম্‌সের সমবেদনার কোনো ঘাটতি ছিলো। হাজার হোক, তিনি ছিলেন মেডিকেল কলেজের সবচাইতে বড় পৃষ্ঠপোষক, এর সমস্ত সুযোগসুবিধাগুলো বৃদ্ধির জন্যে তিনি নর্থ গ্রোড স্ট্রট-এ একটা তহবিল গঠন ক'রে ছিলেন। পার্কম্যান এনাটমি ও ফিজিওলজি চেয়ারটি প্রতিষ্টা করার ব্যাপারে স্বয়ং ওয়েবস্টারের অবদান রয়েছে, পরবর্তীতে ঐ পদে ডা: হোমস্ নিজেও অধিষ্ঠিত হয়ে ছিলেন। এমনকি পার্কম্যানের স্মরণ সভায় হোমস্ একটি শোকবাণীও পাঠ করেছিলেন। তবে পার্কম্যান হয়তো পাগল হয়ে গিয়ে উদভ্রান্তের মতো ঘুরে বেড়িয়ে থাকতে পারেন। লোকটা এখনও বেঁচ থাকতে পারে। কিন্তু তারা তাঁদেরই একজনকে ফাঁসিতে ঝোলানোর ব্যবস্থা করেছিলেন চমৎকার সব সাক্ষী-প্রমাণ সহকারে। তত্ত্বাবধায়ক লোকটি কি জুয়া খেলার সময় ওয়েবস্টার কর্তৃক ধৃত হয়ে চাকরি হারাবার ভয়ে মেডিকেল কলেজ থেকে হাড়গোড়ের টুকরো এনে ওয়েবস্টারের ঘরে রেখে দিতে পারে না, যাতে ক'রে মনে হবে ওগুলো ওয়েবস্টার লুকিয়ে রেখেছিলেন?

হোম্‌সের মতো ওয়েবস্টারও হারভার্ডে যাবার আগে বেড়ে উঠেছেন আরাম আয়েশের মধ্যে। এ দু'জন চিকিৎসক সত্যিকার অর্থে কখনই খুব বেশি ঘনিষ্ঠ ছিলেন না। তারপরও, ওয়েবস্টার গ্রেফতার হবার দিন, যখন তার পরিবারের এই অসম্মানের যন্ত্রণা সহ্য করতে না পেরে তিনি বিষ খাওয়ার চেষ্টা করেছিলেন তখন ডা: হোমস্ নিজেকে তার খুব ঘনিষ্ঠ লোক ব'লে মনে করেছিলেন। দৈহিক দিক থেকেও এদু'জন প্রফেসরের বেশ মিল ছিলো। হোমস্ খুব নিশ্চিত ছিলেন যে, তাকে তার সহকর্মী লেকচারারের পক্ষে কিছু ক্ষুদ্র কিন্তু মূল্যবান ভূমিকা রাখতে হবে।

কিন্তু তারপরই, তারা সবাই নিজেদেরকে ফাঁসির মঞ্চে আবিষ্কার করেছিলেন। টেস্টিমোনি এবং আপিলের মামলার দিনগুলোকে মনে হয় খুব দূরের, খুবই অসম্ভব, আর ঘোলাটে। ফাঁসি হবার দিনে বোস্টনের বেশিরভাগ ভদ্রলোকেরাই নিজেদের বাড়িতে ছিলেন, তারা তাঁদের প্রতিবেশীর জন্যে লজ্জিত বোধ করেছেন। ঘোড়াগাড়ির চালক, কারখানা কিংবা লন্ড্রির শ্রমিকেরা : তারা সবাই অভিজাত একজনের মৃত্যুতে এবং অপমানে প্রকাশ্যভাবেই আনন্দিত হয়েছিলো।

বেশ ঘেমে টেমে মানুষের ভীড় ঠেলে জে.টি ফিল্ডস্ অবশেষে হোম্‌সের নাগাল পেয়েছিলেন।

"আমার ড্রাইভার অপেক্ষা করছে, ওয়েন্ডেল," বলেছিলেন ফিল্ডস্। "বাড়িতে এমেলিয়ার কাছে যান, বাচ্চাদের সঙ্গে সময় কাটান।"

"ফিল্ডস্, আপনি কি দেখছেন না এসব কি হচ্ছে?"

"ওয়েন্ডেল," তার লেখকের কাঁধে একটা হাত রেখে ফিল্ডস্ বললেন। "অকাট্যভাবেই প্রমাণিত হয়ে গেছে, কিছুই করার নেই।"

পুলিশ এলাকাটি ঘেরাউ করার চেষ্টা করেছে কিন্তু সঙ্গে ক'রে তারা যথেষ্ট দড়ি আনে নি। লেভারেট স্ট্রট-এর জেলখানার চারপাশের ভবনগুলোর প্রতিটি জানালা

BanglaBook.org

www.BanglaBook.org

এবং ছাদে লোকে লোকারণ্য। হোমসের মনে হয়েছিলো এসব দেখার চেয়ে বরং নিষ্ফল আকুতি জানাবেন তিনি। জনতার উদ্দেশ্যে কিছু বলবেন। তাৎক্ষণিক একটি কবিতা রচনা ক'রে এশহরকে সবচাইতে সেরা বোকা হিসেবে ঘোষণা দেবেন। হাজার হোক, ওয়েন্ডেল হোমস্ কি বোস্টনের সবচাইতে খ্যাতিমান বক্তা নন? ডাঃ ওয়েবস্টারের মুখটা দেখতেই তার মাথার ভেতরে একটু একটু ক'রে কবিতার জন্ম হলো। ঠিক সেই সময়েই, ফিল্ডসের পেছন থেকে পায়ের পাতায় ভর দিয়ে মাথাটা তুলে গাড়ি আসার পথটার দিকে তাকালেন হোমস্, যাতে ক'রে তিনি প্রথম দেখতে পান ফাঁসির আদেশের কাগজপত্রগুলোর আগমন অথবা জর্জ পার্কম্যানকে, জনতা যাঁকে এখন নিহত হিসেবেই ধরে নিয়েছে।

"ওয়েবস্টার যদি আজকে মৃত্যুবরণ করেনই," হোমস্ তার প্রকাশককে বললেন, "তবে তিনি কোনো প্রশংসা ছাড়া মরতে পারেন না।" মঞ্চের দিকে যাবার জন্যে ধাক্কাধাক্কি ক'রে এগোলেন তিনি। কিন্তু ফাঁসির দড়ির কাছে আসতেই থেমে গেলেন, তার দম বন্ধ হয়ে এলো। শৈশবের পর এই প্রথম তিনি এই জিনিসটা আবার দেখলেন। শৈশবে লুকিয়ে তার ছোটো ভাই জনকে নিয়ে হোমস্ ক্যামব্রিজের গ্যালোজ হিল-এ এক দোষী লোকের ফাঁসিতে ঝোলানোর দৃশ্য দেখতে গিয়েছিলেন। হোমস্ সবসময় বিশ্বাস করেন ঐ দৃশ্যটাই তাকে যুগোপৎ একজন ডাক্তার এবং কবি বানিয়েছে।

একটা গুঞ্জন শোনা গেলো ভীড়ের মধ্যে। হোমসের সঙ্গে কাঁপতে কাঁপতে ফাঁসির মঞ্চে উঠতে থাকা ওয়েবস্টারের চোখাচোখি হলো। তার দু'হাত পেছন মোড়া ক'রে একজন জেলার ধ'রে রেখেছে।

হোমস্ একটু পিছু হটতেই ওয়েবস্টারের এক মেয়ে এসে হাজির হলো তার সামনে, একটা খাম বুকের কাছে ধরে রেখেছে সে।

"ওহ্ ম্যারিয়ান!" হোমস্ মেয়েটাকে জড়িয়ে ধ'রে বললেন। "গভর্নরের কাছ থেকে?"

ম্যারিয়ান ওয়েবস্টার নিজের হাতটা বাড়িয়ে দিলো। "বাবা চান তিনি চলে যাবার আগে আপনার হাতে এটা আমি পৌঁছে দেই, ডাঃ হোমস্।"

হোমস্ ফাঁসির মঞ্চের দিকে ফিরে তাকালেন। ওয়েবস্টারের মাথায় একটা কালো টুপি পরানো হয়েছে। তিনি খামটা খুললেন।

প্রিয় ওয়েন্ডেল,

আমি কি ক'রে আপনার এই প্রচেষ্টার জন্যে আমার কৃতজ্ঞতা প্রকাশ করবো? আপনি কোনো রকম সন্দেহের বশবর্তী না হয়েই আমার ওপর বিশ্বাস রেখেছেন, আর আমি সব সময়ই এটা জানবো যে, আপনি আমাকে সমর্থন করেন। পুলিশ আমাকে আমার বাড়ি থেকে তুলে নেয়ার পর যখন অন্যেরা একে একে আমার পাশ থেকে স'রে

BanglaBook.org

www.BanglaBook.org

গেছে তখন একমাত্র আপনিই আমার চরিত্রের নিষ্কলুষতার ব্যাপারে উচ্চকণ্ঠ ছিলেন। কল্পনা করুন, যখন আপনার সমাজ, যার জন্যে আপনি গীর্জায় গিয়ে প্রার্থনা করেছেন, আপনার দিকে ঘৃণার দৃষ্টিতে তাকায় তখন কেমন লাগে। এমনকি আমার নিজের ছোট্ট মেয়েটার চোখেই যখন অনিচ্ছাকৃতভাবে তার বেচারা বাবা সম্পর্কে কোনো ভাবনা প্রকাশ হয়ে প'ড়ে তখনই বা কেমন লাগে। এতো কিছুর পরেও, আমি আপনাকে বলবো, ডিয়ার হোমস্, আমিই করেছি। আমি পার্কম্যানকে খুন ক'রে তার দেহটা কেঁটে ফালাফালা করেছি, তারপর আমার ল্যাবরেটরির ফার্নেস চুলায় সেগুলো পুড়িয়েছি। বুঝি, আমি ছিলাম একমাত্র সন্তান, খুব বেশি বখে গিয়েছিলাম, আর আমি আমার তীব্র আকাঙ্খার ওপর কখনও নিয়ন্ত্রণ স্থাপন করতে পারি নি, যা আমার অনেক আগেই করা উচিত ছিলো। আর ফলাফল হলো–এসব কিছু! আমার মামলার পুরো প্রক্রিয়াটা ছিলো কেবলমাত্র আমাকে ফাঁসির মঞ্চে উঠিয়ে মারার জন্যে। সবাই ঠিক, কেবল আমিই ভুল। আজ সকালে হত্যাকাণ্ডের সত্যিকারের বিবরণ কয়েকটি পত্রিকায় এবং যে সাহসী তত্ত্বাবধায়ককে লজ্জাজনকভাবে অভিযুক্ত করেছি তার কাছে পাঠিয়ে দিয়েছি। যদি আমার প্রাণের বিনিময়ে ক্ষতিগ্রস্ত আইন কিছুটা মেরামত হয় তবেই আমার একমাত্র শান্ত্বনা।

আরেকবার পড়ার আগে এটা ছিঁড়ে ফেলুন। আপনি আমার শেষ সময়টা দেখতে এসেছেন যাতে আমি শান্তিতে চলে যেতে পারি, তাই, আমি কী লিখেছি তা নিয়ে বেশি ভাববেন না। আমি আমার মুখে মিথ্যে নিয়ে বেঁচে ছিলাম।

চিঠিটা হোমসের হাত থেকে প'ড়ে যেতেই ধাতব প্লাটফর্মটা স'রে গেলো আর তার উপরে থাকা মুখে কালো কাপড়ে ঢাকা লোকটি নিচে ঝুলে গেলো নিমিষে। মঞ্চটি খ্যাচ্‌খ্যাচ্ ক'রে শব্দ ক'রে উঠলো। সেই মুহূর্ত থেকে হোমস্ কেবল ওয়েবস্টারের নির্দোষিতাতেই বিশ্বাস হারান নি বরং তিনি জানতেন, তারা সবাই এরকমই অপরাধী হতে পারতেন যদি একই রকম ভয়ংকর পরিস্থিতিতে পড়তেন। একজন ডাক্তার হিসেবে হোমস্ আর কখনও গোয়েন্দাদের প্রশংসা করতে ভুলে যান নি।

তাছাড়া, এমন কোনো অপরাধ কি থাকতে পারে না, যা কোনো পাপ নয়?

এমেলিয়া ঘরে ঢুকে নিজের পোশাকটা একটু আলগা করলো। সে তার স্বামীকে ডাকলো। "ওয়েন্ডেল হোমস্! আমি তোমাকে বলছি। আমি বুঝতে পারছি না তোমার আবার কী হলো?"

"তুমি কি জানো এমেলিয়া, ছেলেবেলায় আমার মনে কী ঘুরপাক খেতো?" হোমস্ আগুনে এক সেট প্রুফ ফেলে দিয়ে বললেন। এই প্রুফ সেটটা তিনি লংফেলোর দান্তে ক্লাব থেকে এনেছিলেন।

ক্লাবের সাথে সংশ্লিষ্ট সমস্ত দলিল দস্তাবেজের একটা বাক্স তিনি রাখেন : লংফেলোর প্রুফ, তার মন্তব্য, টীকা, বুধবারের রাতে মিটিংয়ে হাজির হবার জন্যে

BanglaBook.org

www.BanglaBook.org

স্মরণ করিয়ে দেয়া লংফেলোর চিঠিগুলো, ইত্যাদি। হোমস্ ভেবেছিলেন একদিন তিনি তাঁদের মিটিংগুলোর ওপর একটি স্মৃতিকথা লিখবেন। একথা তিনি একবার ফিল্ডস্‌কে জানালে সঙ্গে সঙ্গে তিনি পরিকল্পনা করতে শুরু ক'রে দিয়েছিলেন হোমসের জন্যে কে একটি ভূমিকা লিখে দিতে পারে। একবার যে প্রকাশক, সে সব সময়ই প্রকাশক। হোমস্ এবার আরো কিছু কাগজ আগুনে ফেলে দিলেন। "আমাদের গ্রাম্য রান্নাঘরের কাজের লোকেরা আমাকে বলতো, আমাদের ঘরটা কালো শয়তান আর দানবে পরিপূর্ণ। আরেক গ্রাম্য ছেলে আমাকে বলেছিলো, আমি যদি আমার নিজের রক্ত দিয়ে নিজের নাম লিখি তাহলে শয়তান সেটা পকেটে ভ'রে নেবে, আর সেই দিন থেকে আমি হয়ে যাবো তার ভৃত্য।"

হোমস্ তাচ্ছিল্য ভরে একটু হাসলেন। "তুমি একজন লোককে কুসংস্কার মুক্ত করতে যতোই লেখাপড়া শেখাও না কেন সে সবসময়ই ভূতের ব্যাপারে ঐ ফরাসি মহিলার মতো ভাববে–*জে নি ক্রয়োস্ পাস্, মেই জো লে ক্রোঁয়া*–আমি ভূতে বিশ্বাস করি না, তবে তাদেরকে ভয় পাই।"

"তুমি বলেছিলে, পুরুষেরা দক্ষিণ সাগরের দ্বীপবাসীদের মতো তাদের একটি বিশেষ বিশ্বাসের কারণে নিজের শরীরে টাট্টু আঁকে।"

"বলেছিলাম নাকি, এমেলিয়া?" হোমস্ জানতে চাইলেন, তারপর নিজেই সেটা আবার বললেন, "আমি অবশ্যই বলেছিলাম চিত্রাঙ্কন জাতীয় কোনো কথা। মহিলারা যে ধরণের কথার কথা ভাবে সে ধরণের নয় মোটেও।"

"ওয়েন্ডেল।" এমেলিয়া তার এক পা পুরু কার্পেটের উপর ভর দিয়ে সামনে এসে দাঁড়ালো। তার স্বামী টুপি আর বুট খুলে ফেললে লম্বায় প্রায় তার সমানই দেখায়। "তুমি যদি বলতে কিসের জন্যে তোমার মন খারাপ তবে আমি তোমাকে সাহায্য করতে পারতাম। আমাকে বলো, ওয়েন্ডেল।"

হোমস্‌কে একটু অস্থির দেখালো তবে কোনো প্রতিক্রিয়া দেখালেন না।

"তাহলে কি নতুন কোনো কবিতা লিখেছো? তুমি জানো রাতে তোমার কাছ থেকে আরো কিছু কবিতা শোনার জন্যে আমি অপেক্ষা করছি।"

"আমাদের ঘরের লাইব্রেরিতে এতোগুলো বই থাকতে," হোমস্ জবাব দিলেন, "মিল্টন, ডান, কিটস্ থাকতে আমারটার জন্যে কেন অপেক্ষা করো, এমেলিয়া?"

সে একটু ঝুঁকে হাসলো। "আমি মৃতদের চেয়ে জীবিত কবিকেই বেশি পছন্দ করি, ওয়েন্ডেল।" তার একটা হাত নিজের হাতে তুলে নিলো সে। "এবার কি বলবে, তোমার সমস্যাটা কি?"

"বিরক্ত করার জন্যে ক্ষমা করবেন, ম্যাম।" হোমসের লাল চুলের গৃহপরিচারিকা দরজার কাছে উদয় হলো। সে ডাঃ হোমসের সঙ্গে দেখা করতে আসা মেহমানের নামটা বললে হোমস্ দ্বিধার সঙ্গে মাথা নেড়ে সায় দিলেন। মহিলা চলে গিয়ে অতিথিকে নিয়ে ফিরে এলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"সে তার পুরনো ঘরটাতেই সারাটা দিন ছিলো। তো, সে এখন আপনার হাতে, স্যার!" এমেলিয়া হোমস্ পড়ার ঘরের দরজাটা বন্ধ ক'রে দিয়ে চলে গেলো।

"প্রফেসর লাওয়েল।"

"ডাঃ হোমস্!" জেমস্ রাসেল লাওয়েল তার টুপিটা খুলে রাখলেন। "আমি বেশিক্ষণ থাকতে পারবো না। আমাদেরকে সাহায্য করার জন্যে কেবল আপনাকে ধন্যবাদ জানাতে এসেছি। আপনার সঙ্গে উত্তপ্ত কথা বলার জন্যে আমাকে ক্ষমা করবেন। আর, আপনি যখন মাটিতে প'ড়ে গিয়েছিলেন তখন সাহায্য না করার জন্যেও। আমি যা বলেছি তার জন্যে..."

"তার কোনো দরকার নেই, কোনোই দরকার নেই।" ডাক্তার সাহেব আরো কিছু প্রুফ আগুনে ফেলে দিলেন।

লাওয়েল দেখলেন দান্তের কাগজগুলো আগুনের শিখার উত্তাপে নাচছে, লড়াই করছে, পোড়ার সময় সেগুলো থেকে স্ফুলিঙ্গ বের হচ্ছে।

এই দৃশ্যটা দেখে লাওয়েলের চেঁচামেচিটা শোনার জন্যে হোমস্ অপেক্ষা করলেন। তবে তিনি তা করলেন না। "আমি যদি কিছু জানি ওয়েন্ডেল," লাওয়েল বললেন, মাথাটা জ্বলন্ত চিতার দিকে ঝুঁকে বো করলেন, "আমি জানি আমার যদি কিছু বিদ্যা থেকে থাকে তবে সেটা *কমেদি*'র জন্যেই, যা আমাকে প্রলুব্ধ করেছিলো। দান্তে হলেন প্রথম কবি যিনি পুরোপুরি নিজেকে নিয়ে কবিতা লিখেছেন– কেবলমাত্র বীর নায়কের গল্প নিয়েই মহাকাব্য হতে পারে না, এটা যেকোনো মানুষ নিয়েও হতে পারে। ওয়েন্ডেল, যখন থেকে আমরা লংফেলোকে সাহায্য ক'রে আসছি তখন থেকেই আমি একটি কথা বলার চেষ্টা করেছি।"

হোমস্ তার ভুরু তুললেন।

"অনেক বছর আগে আমি যখন আপনার সাথে পরিচিত হলাম, তখন হয়তো আমার প্রথম ভাবনাটিই ছিলো আপনি দান্তেকে আমার কাছে কতোটা স্মরণ করিয়ে দিতে পারবেন।"

"*আমি?*" হোমস্ ঠাট্টার সুরে জানতে চাইলেন। "আমি এবং দান্তে?" তবে তিনি দেখতে পেলেন লাওয়েল খুবই গম্ভীর হয়ে আছেন।

"হ্যা, ওয়েন্ডেল। দান্তে তার সময়কালে বিজ্ঞানের প্রায় সবগুলো বিভাগেই পড়াশোনা করেছেন। জ্যোতির্বিজ্ঞানের একজন পণ্ডিত, দর্শন, আইন, ধর্মতত্ত্ব, এবং কাব্যতত্ত্বও অধ্যয়ন করেছেন। কেউ কেউ এমনকি এটাও বলে যে, তিনি মেডিকেল স্কুলে গিয়ে চিকিৎসাবিজ্ঞানেও পড়াশোনা করেছেন, যেজন্যে তিনি মানবশরীরের যন্ত্রণা ভোগের ব্যাপারটা বেশ ভালোই বুঝতেন। আপনার মতোই তিনি সবকিছুই ভালোভাবে করতেন। খুবই ভালোভাবে। যতোদূর সম্ভব আর কি।"

"তার কল্পনাশক্তি ছিলো খুব বেশি।" লাওয়েল হেসে ফেলে বললেন। "আমার মনে হয় এরকম প্রশংসার মধ্যে কয়েকটা ঘণ্টা থাকলে আমি ভুলেই যাবো যে, আমি

BanglaBook.org

www.BanglaBook.org

একজন অধ্যাপক এবং আমার মনে হবে আমি আসলেই *আসল* কিছু। আমি মানছি 'মাথার ওপর আকাশ ভেঙে পড়লেও সঠিক কাজটি করো' একটি প্রশংসাযোগ্য কথা, যতোক্ষণ না ঈশ্বর আপনার বলা কথাটা বিশ্বাস করে। আমি জানি সন্দেহ করা কাকে বলে। তবে আপনি দাম্ভেকে পরিত্যাগ করলে সেটা আমাদেরকেও পরিত্যাগ করা বোঝাবে।"

"আপনি যদি কেবল জানতে পারতেন ফিনিয়াস জেনিসনের বীভৎস মৃতদেহটা আমার মনের পর্দায় কিভাবে গেঁথে আছে...কাঁটাছেঁড়া আর রক্তাক্ত...এই ব্যর্থতার পরিণাম..."

"এটা একটা বিশাল বিপর্যয় হতে পারে, ওয়েন্ডেল। আর সেটাই হচ্ছে ভয়ের কথা," বিমর্ষভাবে পড়ার ঘরের দরজার দিকে এগিয়ে লাওয়েল বললেন। "তো, আমি মূলতঃ আমার ক্ষমা প্রার্থনাটা পাঠাতে চাইছিলাম, কিন্তু ফিল্ডস্ চাপাচাপি করেছেন যাতে আমি নিজে গিয়েই সেটা করি। আমার চরিত্রের এতোসব সমস্যার পরেও এটা আমার সবচাইতে সুখের চিন্তা যে, আমাকে এখনও একজন সত্যিকারের বন্ধু হারাতে হয় নি।" দরজার কাছে যেতেই লাওয়েল একটু থেমে ঘুরে দাঁড়ালেন। "আর আপনার লেখা গানগুলো আমি পছন্দ করি। আপনিও সেটা জানেন, প্রিয় বন্ধু আমার।"

"হ্যা? ভালো, আপনাকে ধন্যবাদ, তবে সম্ভবত ওগুলো নিয়ে খুব বেশি প্রত্যাশা করা হচ্ছে। আমার মনে হয় আমার স্বভাব হলো জ্ঞানের সবগুলো ফল তুলে নিয়ে ভালো অংশে কামড় বসানো–তারপর, শূকরগুলোকে উচ্ছিষ্টগুলো ভক্ষণ করতে দেয়া। আমি হলাম একটা পেল্ডুলাম, যার খুবই স্বল্প দৈর্ঘের একটা দোলক রয়েছে।" হোমস্ তার বন্ধুর বড়বড় দুটো চোখের দিকে তাকালেন। "আপনি এ কয়দিন কেমন ছিলেন, লাওয়েল?"

লাওয়েল এটার জবাব দিলেন একটু কাঁধ ঝাঁকিয়ে।

হোমস্ তার প্রশ্নটা ছেড়ে দিলেন না। "আমি আপনাকে বলবো না, 'ভালো রকম সাহসী হোন,' কারণ জ্ঞানী লোকেরা একদিন অথবা এক বছরের জন্যে সমালোচিত হোন না।"

"আমরা সবাই ঈশ্বরের চারপাশে ছোটো অথবা বড় কোনো কক্ষপথে ঘুরছি, আমার তাই মনে হয়, ওয়েন্ডেল, কখনও কখনও আমাদের মধ্যে অর্ধেক থাকে আলোতে, আর বাকি অর্ধেক থাকে অন্ধকারে। কিছু লোক মনে হয় সব সময়ই অন্ধকারে থাকে। আপনি হলেন সেই স্বল্পসংখ্যক লোকদের একজন যাঁর জন্যে আমি আমার হৃদয়ের দ্বার খুলে দিতে পারি।" কবি ভদ্রলোক গলাটা পরিস্কার ক'রে কণ্ঠটা একটু নিচে নামালেন। "ক্যাসল ক্রেইগি'তে আমাকে একটা গুরুত্বপূর্ণ সম্মেলনে যেতে হবে।"

"ওহ্? আর উইলার্ড বার্নডির গ্রেফতার?" ঠিক লাওয়েল বের হয়ে যাবার আগে

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ সতর্কভাবে বললেন, কৃত্রিম অনাগ্রহে।

"আমরা যখন কথা বলছি সেই মুহূর্তে পেট্রলম্যান রেই এটা দেখার জন্যে গিয়েছেন। আপনি কি মনে করেন এটা একটা ধোকা?"

"একেবারে বিশুদ্ধ ধোকা, তাতে কোনো সন্দেহ নেই!" হোমস্ জানালেন। "তারপরও পত্রিকাগুলো বলছে সরকারী এটর্নি তাকে ফাঁসিতে ঝোলানোর পায়তারা করছে।"

"তাহলে আমরা আরেকজন পাপীকে রক্ষা করবো," লাওয়েল বললেন।

সিঁড়িতে লাওয়েলের পায়ের শব্দটা মিঁইয়ে যেতেই হোমস্ তার দান্তে বাক্সটা নিয়ে বসলেন। তিনি আবার প্রুফের কাগজগুলো আগুনে ফেলতে শুরু করলেন। এই যন্ত্রণাদায়ক কাজটা শেষ করার জন্যে তিনি দৃঢ়প্রতীজ্ঞ, তারপরেও ফেলে দেবার সময়ে দান্তের লেখাগুলো না প'ড়ে থাকতে পারলেন না। প্রথমে একটু অন্যমনস্কভাবে, অনেকটা কোনো কর্মচারী যেভাবে প্রুফ দেখে সেভাবে প'ড়ে গেলেন, খুব পুঙ্খানুপুঙ্খভাবে, তবে আবেগের সাথে নয়। এরপরই তিনি দ্রুত এবং লোভাতুরভাবে পড়তে লাগলেন। তার মনে প'ড়ে গেলো সেই কথাটি, যখন প্রফেসর টিকনরের কাছ থেকে শুনেছিলেন যে, দান্তে একদিন আমেরিকাতেও প্রচলিত হবে।

দান্তে এবং ভার্জিল এক দানবের মুখোমুখি হলেন...দান্তে স্মরণ করলেন, "আর এভাবেই এক সময় আমি শুনেছিলাম, ভীতিকর সৈনিকেরা যারা ক্যাপ্‌রোনার ছত্রছায়ায় ছিলো, নিজেদেরকে অনেক বেশি শত্রুদের মাঝে আবিষ্কার করলো তারা।"

দান্তে পিসানদের বিরুদ্ধে ক্যাপ্‌রোনার যুদ্ধের কথা স্মরণ করছিলেন, যাতে তিনি নিজেও অংশগ্রহণ করেছিলেন। হোমস্ ভাবলেন লাওয়েল দান্তের প্রতিভার তালিকা থেকে কিছু একটা বাদ দিয়েছেন : দান্তে একজন সৈনিক ছিলেন। *আপনার মতো, তিনি সব কিছুই ভালো মতো করতেন।* মোটেও আমার মতো নয়, হোমস্ ভাবলেন। একজন সৈনিককে প্রতি পদক্ষেপেই অপরাধ মোকাবেলা করতে হয়, নিরবে এবং ভাবনাহীনভাবে। তিনি ভাবলেন দান্তে তার বন্ধুদের মরতে দেখে একজন ভালো কবি হয়েছেন কিনা। ওয়েন্ডেল জুনিয়র তার হারভার্ডে গ্র্যাজুয়েট করার সময় বেশ ভালো মানের কবি ছিলো–অনেকে বলে সেটা কেবল তার বাবার নামটি নামের শেষে ব্যবহারের কারণেই–কিন্তু এখন হোমস্ ভাবলেন যুদ্ধের পর জুনিয়র কবিতা কী জিনিস সেটা জানে কিনা। যুদ্ধক্ষেত্রে জুনিয়র এমন কিছু দেখেছে যা দান্তে দেখেন নি। আর সেটাই তার কবিতাকে লাথি মেরে তাড়িয়ে দিয়েছে– এবং কবিকেও–তার কাছ থেকে বিতারিত হয়ে সেটা কেবল হোমসের কাছেই থেকে গেলো।

হোমস্ প্রুফের কাগজগুলো নেড়েচেড়ে দেখে আরো এক ঘণ্টা ধ'রে প'ড়ে গেলেন। তিনি *ইনফার্নো*'র দ্বিতীয় ক্যান্টোটা গোগ্রাসে গিললেন, যেখানে ভার্জিল দান্তে কে তার তীর্থযাত্রা শুরু করতে রাজি করান, কিন্তু দান্তে তার নিজের নিরাপত্তা বোধটা ফিরে আসার ভয় করলেন। সাহসের অতি উচ্চতম মুহূর্ত : অন্যদের মৃত্যু যন্ত্রণা

BanglaBook.org

www.BanglaBook.org

মোকাবেলা করা এবং পরিস্কারভাবে চিন্তা ক'রে দেখা তারা প্রত্যেকে কিভাবে যন্ত্রণা অনুভব করবে। তবে হোমস্ ইতিমধ্যেই লংফেলোর ঐ ক্যান্টোটার প্রুফ শিট আগুনে পুড়িয়ে ফেলেছেন। তিনি তার ঘরে থাকা ইতালিয় ভাষার *কমেদিয়া* খুঁজে বের ক'রে পড়লেন : *"লো গিওরনো সে নানদাভা"*– দিন চলে যাচ্ছে..." প্রথমবারের মতো দান্তে নরকের এলাকাগুলোতে প্রবেশ করার সময় একটু ধীর গতিতে এগোলেন : *"... ই ইয়ো সল উনো"– আর আমিই কেবল বড্ড একা..."* কতো নিঃসঙ্গতাই না তিনি অনুভব করেছিলেন! এটা তাকে তিন তিনবার বলতে হয়েছে! *ইয়ো, সল, উনো... "মা আপ্পারেচিয়াভা এ সস্তেনার লা গুয়েরা, সি দেল ক্যামিনো ই সি দা লা পাইতেত।"*

লংফেলো এই পংক্তিটা কিভাবে অনুবাদ করেছেন সেকথা হোমস্ মনে করতে পারলেন না। তাই ল্যাম্পের দিকে ঝুঁকে এটা তিনি নিজেই অনুবাদ করলেন। আগুনের গুঞ্জনের মধ্যে লাওয়েল, গৃন, ফিল্ডস্ আর লংফেলোর স্বতঃপ্রণোদিত ধারাবর্ণনা শুনতে পেলেন তিনি। এটা তাকে বেশ উৎসাহ দিলো।

"আর আমি একা, কেবলই আমি"– হোমস্ বুঝতে পারলেন এটা অনুবাদ করতে হলে তাকে জোরে জোরে উচ্চারণ করতে হবে–"যুদ্ধে টিকে থাকার জন্যে নিজেকে প্রস্তুত করলাম..." না, *গুয়েরা*। *"...যুদ্ধকে টিকিয়ে রাখতে...* দু'দিক থেকেই এবং সমপরিমাণ করুণার সাথে।"

হোমস্ তার ইজি চেয়ার থেকে হুট ক'রে উঠে দাঁড়ালেন, হনহন ক'রে চতুর্থ তলায় চলে গেলেন। "আমি একা, কেবলই আমি," সিঁড়ি দিয়ে ওঠার সময় আবারো উচ্চারণ করলেন তিনি।

ওয়েন্ডেল জুনিয়র মদ আর সিগারেটকে সঙ্গী ক'রে উইলিয়াম জেমস্, জন গ্রে আর মিনি টেম্পলের সঙ্গে মেটাফিজিক্স তথা অধিবিদ্যার উপযোগীতা নিয়ে তর্ক করছে। জেমসের একটি ঘোরানোপ্যাঁচানো বক্তব্য যখন শুনছে তখনই জুনিয়র প্রথমে খুব মৃদুভাবে শুনতে পেলো তার বাবা সিঁড়ি দিয়ে উপরে উঠছেন। জুনিয়র একটু বিরক্ত হলো। মনে হচ্ছে বাবা আজকাল নিজেকে না নিয়ে বরং অন্য কিছু নিয়েই বেশি ব্যস্ত আছেন–সম্ভাব্য গুরুত্বপূর্ণ কিছু হবে সেটা। জেমস্ লাওয়েলকে ল'স্কুলের আশেপাশে খুব বেশি দেখা যাচ্ছে না, জুনিয়র ভাবলো। কারণ যা কিছু বাবাকে আকর্ষণ না ক'রে বিকর্ষণ করে তেমন কিছুতেই তিনি জড়িত। প্রথমে জুনিয়র কল্পনা করলো তার বাবা লাওয়েলকে আদেশ করছেন জুনিয়রের কাছ থেকে দূরত্ব বজায় রাখতে, কিন্তু জুনিয়র জানে লাওয়েল তার বাবার কথা শুনবেন না। তার বাবার মধ্যে এমন তেজ নেই যে, তিনি লাওয়েলকে আদেশ করতে পারেন।

বাবাকে তার সঙ্গে লাওয়েলের সখ্যতার ব্যাপারে কিছু বলাটা ঠিক হয় নি। অবশ্য, আচম্‌কা সে লাওয়েলের মুখে তার বাবা সম্পর্কে বলা প্রশংসার কথাগুলো

BanglaBook.org

www.BanglaBook.org

নিজের মধ্যেই রেখে দিয়েছে। "তিনি কেবল *আটলান্টিক*-এর নামটাই দেন নি, জুনিয়র," *আটলান্টিক* মাসিক পত্রিকার নামকরণ নিয়ে ঘটনার কথাটা বলছিলেন লাওয়েল, "*অটোক্রাট*-এর মাধ্যমে তিনি সেটা বিখ্যাতও করেছেন।" বাবার নামকরণ করার প্রতিভাটা অবাক করার মতো কিছু নয়–তিনি কোনো জিনিসের গোত্রভূক্ত করতে বেশ অভিজ্ঞ। অতিথিদের উপস্থিতিতে জুনিয়র কতোবার যে, এটা শুনতে বাধ্য হয়েছে, কিভাবে এক দাঁতের ডাক্তারের আবিষ্কার করা ঔষধের নামকরণ *এনেসথেসিয়া* করেছিলেন তার বাবা? এসব সত্ত্বেও, জুনিয়র অবাক হয়ে ভাবে, কেন ওয়েন্ডেল জুনিয়রের চেয়ে ডা: হোমস্ বেশি নাম করতে পারলেন না।

ডা: হোমস্ সৌজন্যতার খাতিরে দরজায় টোকা মেরেই বিস্ফারিত চোখে ঘরের ভেতর ঢুকে পড়লেন।

"বাবা, আমরা একটু ব্যস্ত আছি।"

তবে জুনিয়রের বন্ধুরা তার বাবাকে এতো বেশি সম্মানের সঙ্গে অভ্যর্থনা জানালো যে, জুনিয়র চুপ মেরে গেলো। হোমস্ চিৎকার ক'রে বললেন, "ওয়েন্ডি, আমাকে এক্ষুণি একটা জিনিস জানতে হবে! আমাকে অবশ্যই জানতে হবে ম্যাগোট সম্পর্কে তুমি কিছু জানো কিনা।" তিনি এতো দ্রুত কথা বললেন যে, তার কথাগুলো শুনতে মৌমাছির গুঞ্জনের মতো শোনালো।

জুনিয়র তার সিগারেটে টান দিলো। সে কি কখনই তার বাবার এরকম আচরণের ব্যাপারে অভ্যস্ত হয়ে উঠবে না? এটা ভাবার পরপরই জুনিয়র অট্টহাসিতে ফেঁটে পড়লে তার বন্ধুরাও তার সঙ্গে যোগ দিলো। "তুমি কি *ম্যাগোট*-এর কথা বলছো, বাবা?"

"আমাদের লুসিফার যদি সেই সেলে ব'সে কিছু না বলে তাহলে কী হবে?" ফিল্ডস্ উদ্বিগ্ন হয়ে বললেন।

"সে ইতালিয় ভাষা বোঝে না–আমি সেটা তার চোখে দেখেছি," নিকোলাস রেই আশ্বস্ত ক'রে বললেন। "আর সেটা তাকে ক্ষেপিয়ে তুলেছে।" তারা সবাই ক্রেইগি হাউজের পড়ার-ঘরে জড়ো হয়েছে। গৃন সারাটা বিকেল অনুবাদে সাহায্য ক'রে রাতের দিকে বোস্টনে তার মেয়ের বাড়িতে ফিরে গেছেন।

রেই যে সংক্ষিপ্ত নোটটা উইলার্ড বার্নডির কাছে দিয়েছিলো–"*এ তে কনভিয়েন তেনেরে অলত্রো ভিয়াজ্জিও সে ভুয়ো কাম্পার দেস্তো লোকো সেলভেজিও*"– সেটা অনুবাদ হতে পারে এরকম : "তুমি যদি এই বন্য জায়গা থেকে পালাতে চাও তবে অন্যপথে যাও।" এগুলো দান্তেকে বলা ভার্জিলের কথা, যিনি ঘন অন্ধকার বনে হারিয়ে গিয়েছিলেন এবং বন্য-জন্তুদের ভয়ে ভীত হয়ে প'ড়ে ছিলেন।

"বার্তাটা একেবারে অগ্রিম সতর্কবাণী। তার ইতিহাসটা আমাদের খুনির সাথে

BanglaBook.org

www.BanglaBook.org

কোনো সম্পর্কের ইঙ্গিত দেয় না," লংফেলোর জানালার কাছে গিয়ে সিগারেটের ছাই ফেলে লাওয়েল বললেন। "বার্নডি মোটেও লেখাপড়া জানে না। আমরা আমাদের তদন্তে কোনো নিহতের সাথেই তার কোনো সংযোগ খুঁজে পাই নি।"

"পত্রিকাগুলো এমন করছে যেনো তারা আলামত সংগ্রহে ব্যস্ত আছে," ফিল্ডস্ বললেন।

রেই সায় দিলো। "তাদের কাছে সাক্ষী আছে যারা বার্নডিকে রেভারেন্ড ট্যালবোটের মৃত্যুর ঠিক আগের দিন তার বাড়ির আশেপাশে ঘুরঘুর করতে দেখেছে। ঐ রাতেই কিন্তু ট্যালবোটের বাড়িতে সিন্দুক ভেঙে হাজার ডলার ডাকাতি হয়েছিলো। এইসব সাক্ষীদেরকে দক্ষ পেট্রলম্যানেরা জিজ্ঞাসাবাদ করেছে। বার্নডি আমাকে খুব বেশি কিছু বলে নি। তবে এটা ডিটেক্টিভদের প্র্যাকটিসের সাথে খাপ খেয়ে যায়, তারা কিন্তু অবস্থার বিচার ক'রে তাদের ভুয়া মামলাকে সাজিয়ে থাকে। আমার কোনো সন্দেহ নেই যে, ল্যাংডন পিস্‌লি তাদের টাকা খেয়ে এ কাজে সাহায্য করেছে। সে বোস্টনে সিন্দুক ভাঙার নিজের প্রধান প্রতিদ্বন্দ্বীকে চিরতরে সরিয়ে দেয়ার সুযোগ পেয়ে গেছে। আর গোয়েন্দারা তাকে পুরস্কারের বিরাট অঙ্কের কিছু টাকা দিয়ে এ কাজে প্রলুব্ধ করেছে বলা যায়। পুরস্কার ঘোষিত হবার পর সে আমার সাথে একটা সমঝোতায় আসার চেষ্টা করেছিলো।"

"আমাদের চোখে যদি কোনো কিছু এড়িয়ে গিয়ে থাকে তবে কি হবে?" ফিল্ডস্ বিষন্ন কণ্ঠে বললেন।

"আপনি কি বিশ্বাস করেন, মিঃ বার্নডি এইসব হত্যাকাণ্ডের জন্যে দায়ী?" লংফেলো জানতে চাইলেন।

ফিল্ডস্ ঠোঁট বেঁকিয়ে মাথা ঝাঁকালেন। "আমার মনে হয় আমি কেবল কিছু জবাব চাই যাতে আমরা আমাদের স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারি।"

লংফেলোর চাকর এসে জানালো যে, বাইরে ক্যামব্রিজের মিঃ শেল্‌ডন নামের এক যুবক প্রফেসর লাওয়েলকে চাচ্ছেন।

লাওয়েল দরজার কাছে গিয়ে শেল্‌ডনকে লংফেলোর লাইব্রেরিতে নিয়ে এলেন।

শেলডনের মাথায় তার টুপিটা আঁটোসাঁটোভাবে লাগানো। "আপনাদেরকে বিরক্ত করার জন্যে আমি ক্ষমা চাইছি, প্রফেসর। কিন্তু আপনার চিঠিতে বলা হয়েছে খুব জরুরি আর এল্‌ম উড়ে তারা বললো যে, আপনাকে এখানেই পাওয়া যাবে। বলুন, আমরা কি আবার দান্তে ক্লাস শুরু করার জন্যে প্রস্তুত?" অমার্জিতভাবে হেসে কথাটা জিজ্ঞেস করলো সে।

"আমি তো এই চিঠিটা প্রায় এক সপ্তাহ আগে পাঠিয়েছিলাম!" লাওয়েল চিৎকার ক'রে বললেন।

"আহ্, দেখতেই তো পাচ্ছেন...আজকের আগে আমি আপনার চিঠিটা পাই নি," সে মেঝের দিকে তাকালো।

BanglaBook.org

www.BanglaBook.org

"বেশ ভালো! শোনো, কোনো ভদ্রলোকের বাড়িতে ঢুকলে মাথার টুপিটা খুলে রাখতে হয়, শেল্‌ডন!" লাওয়েল শেলডনের টুপিটাতে আল্‌তো ক'রে চাটি মেরে বললেন। শেল্‌ডন ব্যাপারটা সহজে হজম করতে পারলো না বলেই মনে হলো।

বুঝতে পেরে লাওয়েল সঙ্গে সঙ্গে দুঃখ প্রকাশ করলেন। "আরে, শেল্‌ডন। তোমার হয়েছিলো কি?"

"একটা কঠিন দায়িত্ব, স্যার। আমি এটাই বলতে যাচ্ছিলাম যে, আমার বাবা আমাকে সালেম-এ আমার এক নিকট আত্মীয়ের সঙ্গে দেখা করার জন্যে পাঠিয়েছিলেন, সম্ভবত একটা শাস্তি হিসেবেই।" বিনয়ী হাসি হাসলো শেল্‌ডন। "এজন্যেই আপনার চিঠিটা আমি পাই নি।" শেল্‌ডন তার টুপিটা নেবার জন্যে স্ট্যান্ডের কাছে যেতেই খেয়াল করলো লাওয়েল তার দিকে আতঙ্কে চেয়ে আছেন। "ওহ্, আঘাতটা খুব ভালোমতোই লেগেছিলো, প্রফেসর। অল্পের জন্যে চোখটা বেঁচে গেছে।"

লাওয়েল ব'সে পড়লেন। "আমাকে বলো শেল্‌ডন, এটা কিভাবে হলো।"

শেল্‌ডন মেঝের দিকে তাকালো। "আমার কিছুই করার ছিলো না! আপনারা নিশ্চয় সাইমন ক্যাম্প নামের ভয়ংকর লোকটার কথা জানেন। যদি না জানেন, আমি বলছি। সে আমাকে পথে থামিয়ে বললো, সে নাকি হারভার্ড ফ্যাকাল্টির হয়ে আমাদের দান্তে কোর্স ছাত্রদের ওপর কোনো নেতিবাচক প্রভাব ফেলছে কিনা সেটা নিয়ে একটা জরিপ করছে। আমি তার এ ধরণের কথার জন্যে তার মুখে একটা ঘুষি মারতে গিয়েছিলাম।"

"তোমার এ অবস্থা কি ক্যাম্প করেছে?" লাওয়েল যেনো পিতৃত্বের আবেগে রেগেমেগে জানতে চাইলেন।

"না, না, সে এটা করে নি। বুঝলেন, পরের দিন সকালে প্লিনি মিডের সাথে আমার দেখা হয়েছিলো। সে একটা বিশ্বাসঘাতক ছাড়া আর কিছুই না।"

"কিরকম?"

"সে বেশ মজা ক'রে বললো যে, সে নাকি ক্যাম্পকে বলেছে দান্তের 'বীভৎসতা'র সম্পর্কে। আমি বেশ উদ্বিগ্ন আছি, এ ধরণের কেলেংকারী আপনার দান্তে ক্লাসকে শেষ ক'রে দেবে, প্রফেসর লাওয়েল। এটা বেশ পরিস্কার যে, কর্পোরেশন তার লড়াইটা বন্ধ করে নি। আমি মিডকে বললাম সে যেনো ক্যাম্পকে ডেকে এনে তার এইসব বাজে কথা ফিরিয়ে নেয়, কিন্তু সে তা করতে অস্বীকার ক'রে উল্টাপাল্টা কথা বললো, তো, সে আপনাকেও গালাগালি করেছে, প্রফেসর, আর আমি তো তাকে এমনিই ছেড়ে দিতে পারি না! তাই আমরা কবরস্তানের প্রাঙ্গণে একচোট লড়াই করেছি।"

লাওয়েল গর্বিতভাবে হাসলেন। "তুমিই ওর সাথে মারামারিটা শুরু করেছিলে, মিঃ শেল্‌ডন?"

BanglaBook.org

www.BanglaBook.org

"আমিই শুরু করেছিলাম, স্যার," শেল্‌ডন ভুরু তুললো, তারপর নিজের চোয়ালটাতে হাত বুলিয়ে বললো, "তবে সমাপ্তিটা করেছে সে।"

শেল্‌ডনকে একগাঁদা প্রতিশ্রুতি দেয়া হলো–তারা খুব জলদিই আবার দান্তে ক্লাস শুরু করবে, ইত্যাদি ইত্যাদি ব'লে দরজা পর্যন্ত পৌঁছে দিয়ে লাওয়েল পড়ার ঘরে ফিরে এলেন। কিন্তু সঙ্গে সঙ্গে দরজায় আবারো নক্ হলো।

"উফ্। শেল্‌ডন, তোমাকে তো বললামই যেকোনো দিন তোমার সঙ্গে ক্লাসে দেখা হবে!" লাওয়েল বলতে বলতে দরজাটা খুললেন।

অবাক হয়ে দেখলেন ডাঃ হোমস্ দাঁড়িয়ে আছেন।

"হোমস্?" লাওয়েলের অট্টহাসিটা এতোটাই প্রাণোচ্ছল হলো যে, ভেতরের ঘর থেকে লংফেলো দৌড়ে চলে এলেন। "আপনি ক্লাবে ফিরে এসেছেন, ওয়েন্ডেল। আমরা দারুণভাবে আপনার অভাব অনুভব করছিলাম!" পড়ার ঘরের অন্যদের উদ্দেশ্যে লাওয়েল চিৎকার ক'রে বললেন। "হোমস্ ফিরে এসেছেন!"

"কেবল তাই নয়, বন্ধু আমার," ঘরের ভেতর ঢুকতে ঢুকতে হোমস্ বললেন, "বরং আমি জানি আমরা আমাদের খুনিকে কোথায় খুঁজে পাওয়া যাবে।"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৪

লংফেলোর লাইব্রেরির আয়তক্ষেত্রের আকারটি জেনারেল ওয়াশিংটনের অফিসারদের মেস্ হিসেবে আদর্শই ছিলো আর কয়েক বছর পরে সেটা মিসেস ক্রেইগির ভোজকক্ষ হিসেবেও ব্যবহৃত হয়েছে। এখন, লংফেলো, লাওয়েল, ফিল্ডস্ আর নিকোলাস রেই পালিশ করা একটা টেবিলে ব'সে আছে, হোমস্ তাদের চারপাশে পায়চারী ক'রে ব্যাখ্যা ক'রে যাচ্ছেন।

"আমার চিন্তাভাবনা এতো দ্রুত আসে যে, খেই হারিয়ে ফেলি। একমত হওয়া অথবা ভিন্নমত পোষণ করার আগে আমার কথাগুলো কেবল শুনুন"–তিনি এটা মূলতঃ লাওয়েলের উদ্দেশ্যেই বললেন, আর লাওয়েল ছাড়া বাকি সবাই বুঝতেও পারলেন যে, এটা লাওয়েলকে উদ্দেশ্য করেই বলা হয়েছে–"আমি বিশ্বাস করি দান্তে আমাদেরকে আগাগোড়াই সত্য ব'লে গেছেন। তিনি নরকে পদার্পণ করার সময়ে কাঁপতে কাঁপতে নিজেকে অনিশ্চিত অনিরাপদ ভেবে অনুভূতির কথা বর্ননা করেছেন। *'ই ইয়ো সল,'* তারপর সঙ্গে সঙ্গেই বললেন, "মাই ডিয়ার লংফেলো, আপনি এটা কিভাবে অনুবাদ করবেন?"

"আর কেবলই আমি যুদ্ধক্ষেত্রে নিজেকে টিকিয়ে রাখতে প্রস্তুত করলাম/উভয় দিক থেকেই আর নিদারুণ যন্ত্রণার সাথে,/যা পরম স্মৃতিকে ফিরিয়ে আনবে।"

"হ্যা!" নিজের করা অনুবাদটির কথা স্মরণ ক'রে হোমস্ গর্বিতভাবে বললেন। তার নিজের প্রতিভা নিয়ে ভাবার সময় এখন নয়, তবে তিনি ভাবলেন লংফেলো তার নিজের অনুবাদ সম্পর্কে কী ভাবতেন। "এটা একটা যুদ্ধ–" *গুয়েরা*– কবির জন্যে দুটি ফ্রন্টের যুদ্ধ। প্রথমত, শারিরীক যন্ত্রণার মধ্য দিয়ে নরকে গমন, আর কবির জন্যে তার স্মৃতিতে থাকা অভিজ্ঞতাকে কবিতায় রূপান্তরিত করার চ্যালেঞ্জও বটে। দান্তের পৃথিবীর চিত্রটা আমাদের মনে কোনো বিরতি না দিয়েই ঘুরপাক খায়।"

নিকোলাস রেই খুব মনোযোগ দিয়ে কথাগুলো শুনছে, সে তার মেমোরান্ডাম বইটা খুললো।

"সশরীরে যুদ্ধের কোনো অভিজ্ঞতা দান্তের ছিলো না এটা বলা যাবে না, অফিসার," লাওয়েল বললেন। "পাঁচ এবং বিশ বছর বয়সে তিনি গুয়েল্ফদের বিরুদ্ধে ক্যাম্পালডিনোতে যুদ্ধ করেছেন, আর ঠিক ঐ বছরেই ক্যাপ্রোনাতেও। দান্তে এইসব অভিজ্ঞতা *ইনফার্নোতে* আগাগোড়াই বিবৃত করেছেন নরকের ভীতিকর যন্ত্রণাগুলো বর্ণনা করতে গিয়ে। শেষের দিকে, দান্তে কেবল তার প্রতিপক্ষ ঘিবেলিনদের কর্তৃকই নির্বাসিত হন নি বরং গুয়েল্ফদের আভ্যন্তরীণ কোন্দলও এজন্যে দায়ি ছিলো।"

BanglaBook.org

www.BanglaBook.org

"ফ্লোরেন্সের গৃহযুদ্ধের ভয়াবহতা তাঁকে তার নরকের ছবি আঁকতে উৎসাহী করেছে এবং আরো উৎসাহিত করেছে মোক্ষলাভের অন্বেষণেও," হোমস্ বললেন। "এটাও মনে রাখবেন, লুসিফার কিভাবে ঈশ্বরের বিরুদ্ধে নেমেছিলো এবং এক সময়কার সবচাইতে উজ্জ্বল ফেরেশতা কিভাবে স্বর্গচ্যুত হয়ে সবধরণের শয়তানের উৎস হয়ে উঠলো, আদমকেও সে স্বর্গচ্যুত ক'রে পৃথিবীতে পতিত করতে সাহায্য করেছে। লুসিফারের শারিরীকভাবে পৃথিবীতে পতন পৃথিবীর একটি অন্ধকার গহ্বর, দান্তে যেটাকে নরক হিসেবে আবিস্কার করেছেন। সুতরাং যুদ্ধ শয়তানকে সৃষ্টি করেছে। যুদ্ধ নরক সৃষ্টি করেছে: *গুয়েরা*। দান্তে ঘটনাচক্রে বা কাকতালীয়ভাবে কখনই শব্দ বাছাই করেন নি। আমি এটাই বলবো যে, আমাদের নিজেদের ঘটনার পারিপার্শ্বিকতা এবং পরিপ্রেক্ষিতগুলো একটা হাইপেথিসিসকেই তীব্রভাবে ইঙ্গিত করে : আমাদের খুনি যুদ্ধের একজন সৈনিক।"

"একজন সৈনিক! আমাদের রাজ্যের সুপৃমকোর্টের প্রধান বিচারপতি, একজন ইউনিটারিয়ান যাজক, ধনী ব্যবসায়ী," লাওয়েল বললেন। "পরাজিত বিদ্রোহী এক সৈনিক আমাদের ইয়াঙ্কি রাষ্ট্রব্যবস্থার বিরুদ্ধে প্রতিশোধ নিচ্ছে! অবশ্যই! আমরা তো একেবারে বোকারহদ্দ!"

"দান্তের কোনো রাজনৈতিক মতবাদের ওপর আনুগত্য ছিলো না," লংফেলো বললেন। "তিনি সম্ভবত সবচাইতে বেশি বিক্ষুব্ধ ছিলেন তাদের বিরুদ্ধে যারা তার আদর্শকে পোষণ করতেন কিন্তু সেটা পালনে ব্যর্থ হতেন, বিশ্বাসঘাতকের দল একজন ইউনিয়ন যোদ্ধার মতোই, হয়তো। এটা মনে রাখবেন, প্রতিটি হত্যাই দেখিয়ে দিয়েছে বোস্টনের খুঁটিনাটির সাথে আমাদের লুসিফারের সহজাত পরিচিতি রয়েছে।"

"হ্যা," হোমস্ অধৈর্যের সঙ্গে বললেন। "এজন্যেই আমি মনে করছি সে কোনো সাধারণ সৈনিক হবে না বরং একজন বিলি ইয়াঙ্ক, মানে নিউ ইংল্যান্ডের অধিবাসী হবে। আমাদের সৈনিকদের সম্পর্কে ভাবুন, যারা এখনও তাদের পোশাক প'রে রাস্তা দিয়ে হেটে যায়। ঐসব মহান চিজগুলো দেখে আমি প্রায়শই বিমূঢ় হয়ে যাই। আমার ছেলেটা কি আবার বাড়িতে এসেছে, যুদ্ধের পোশাক পরে? তার যুদ্ধের কমিশন লাভের জন্যে?"

"কিন্তু হত্যাকাণ্ডগুলো সম্পর্কে আমরা যা জানি তার সাথে কি এটা খাপ খেয়ে যায়, ওয়েন্ডেল?" ফিল্ডস্ তাড়া দিয়ে বললেন।

"একদম, আমার তো তাই মনে হয়। জেনিসনের হত্যাটি দিয়ে শুরু করেন। আমার কাছে মনে হয়েছে, তার বেলায় হয়তো কোনো অস্ত্র ব্যবহার করা হয়েছে।"

রেই সায় দিলো। "একটি সামরিক তলোয়ার।"

"ঠিক!" হোমস্ বললেন। "তলোয়ারের ব্যাপারটা ক্ষতস্থানের সাথে একেবারে সঙ্গতিপূর্ণ বলেই মনে হয়। এবার ভাবুন, এরকম জিনিস ব্যবহার করার প্রশিক্ষণ কারা পেয়ে থাকে? একজন সৈনিক। আর, এই হত্যার জন্যে বেছে নেয়া হয়েছে ফোর্ট

BanglaBook.org

www.BanglaBook.org

ওয়ারেন দূর্গটি–এমন একজন সৈনিক, যে ওখানে প্রশিক্ষণ নিয়েছে অথবা ওখানে একসময় ছিলো সে-ই তো এটা ভালো জানবে! আরো আছে : প্রাণঘাতি *হোমিনিভোরাক্স* ম্যাগোট যা জজ হিলিকে নিঃশেষ করেছে–ম্যাসাচুসেট্সের বাইরে উষ্ণ এবং আদ্র কোনো এলাকা থেকে সেটা আনা হয়েছে, প্রফেসর আগাসিজ এ কথাটি জোর দিয়ে বলেছেন। সম্ভবত সূদুর দক্ষিণ থেকে কোনো সৈনিক সেটা একটি *সুভেনির* হিসেবে নিয়ে এসেছে এখানে। ওয়েন্ডেল জুনিয়র বলে মাছি আর ম্যাগোট হাজার হাজার সৈনিকের ক্ষতস্থান এবং মরা লাশের কারণে যুদ্ধক্ষেত্রে সর্বক্ষণই উপস্থিত থাকতো।"

"কখনও কখনও ক্ষতস্থানে ম্যাগোটের ফলে কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হয় না," রেই বললো। "কিন্তু কখনও কখনও তা একজন মানুষকে একেবারে ধ্বংস ক'রে ফেলে। ডাক্তারকে অসহায় অবস্থায় ফেলে দেয়।"

"এগুলো হলো *হোমিনিভোরাক্স*, যদিও যুদ্ধক্ষেত্রের ডাক্তারেরা এগুলোকে গুব্ড়ে পোকার জাত ব'লে জানতো না। আহত লোকের উপর তাদের কাজ কারবারের সাথে পরিচিত কেউ দক্ষিণ থেকে ওগুলো নিয়ে এসে হিলির ওপর প্রয়োগ করেছে," হোমস্ বলে চললেন। "আমরা বারবার আমাদের লুসিফারের অসাধারণ শারিরীক শক্তিমত্তা নিয়ে অবাক হয়ে ভেবেছি, যে কিনা মোটাসোটা জজ হিলিকে নদীর পাড় পর্যন্ত বয়ে নেয়ার শক্তি রাখে। কিন্তু একজন সৈনিক যুদ্ধক্ষেত্রে তার কতো আহত সঙ্গীতে কাঁধে ক'রে বয়ে নিয়ে গেছে কোনোরকম চিন্তাভাবনা ছাড়াই! আমরা এও প্রত্যক্ষ করেছি রেভারেন্ড ট্যালবোটকে কাবু করা কিংবা স্বাস্থ্যবান জেনিসনকে কেঁটে ফালা ফালা করার ক্ষমতা লুসিফারের রয়েছে।"

লাওয়েল বিস্মিত হলেন। "আপনি হয়তো আমাদের চিচিংফাঁকটা খুঁজে পেরেছেন, হোমস্!"

হোমস্ বলেই চললেন। "সবগুলো খুনই একজন লোকের কাজ।"

"কিন্তু একজন উত্তর-অঞ্চলের লোক কেন তার নিজের লোকদেরকে টার্গেট করবে? সে বোস্টনকেই বা কেন টার্গেট করবে?" ফিল্ডস্ জানতে চাইলেন, যেনো এটা অনুভব করলেন, এখানে একজন সন্দেহবাদীর দরকার রয়েছে। "আমরা তো বিজয়ী। সত্যপক্ষের বিজয়ী।"

"আমাদের যুদ্ধটা কিন্তু একদম আলাদা ছিলো," নিকোলাস রেই বললো।

লংফেলো তার সাথে যোগ করলেন, "এটা এমন কিছু নয় যে, আমাদের দেশ ইন্ডিয়ান কিংবা মেক্সিকানদের সাথে যুদ্ধ করেছে। কেন তারা যুদ্ধ করছে এরকম ভাবনা যেসব সৈনিকেরা ভাবে তারা ইউনিয়নের ধারণাকেই উপস্থাপিত করে। দাস হয়ে যারা বেঁচে আছে সেইসব জাতের লোকদের মুক্তি ও স্বাধীনতা, এবং এ বিশ্বের যথার্থ শৃঙ্খলা ফিরিয়ে আনা। তারপর বাড়ি ফিরে সৈনিকেরা কী করবে? যারা রাইফেল আর ইউনিফর্ম বিক্রি ক'রে লাভবান হয়েছে তারা এখন গাড়িতে চ'ড়ে

BanglaBook.org

www.BanglaBook.org

বেড়াচ্ছে, বিকন হিলের অভিজাত এলাকার দামী দামী সব বাড়িতে থাকছে।"

"দান্তে," লাওয়েল বললেন, "যিনি নিজের দেশ থেকে বিতারিত হয়েছিলেন, নিজের শহরের লোকদেরকে, এমন কি নিজের পরিবারকেও নরকে পূর্ণ করেছেন। আমরা অনেক সৈনিককে ফাঁসিতে ঝোঁলাতে সাহায্য করেছি কেবলমাত্র আমাদের নীতি-কথার শব্দ বা গান দিয়ে। তারা তাদের আগের জীবন থেকে তিরোহিত হয়–দান্তের মতোই, তারা নিজেদের মধ্যেই কয়েকটি দল হয়ে ওঠে। আর বিবেচনা করুন এইসব খুন-খারাবিগুলো যুদ্ধ শেষ হবার কতো দ্রুতই না শুরু হয়েছে। কয়েক মাস! হ্যা, মনে হচ্ছে যুদ্ধের পরক্ষণেই, ভদ্রমহোদয়গণ। যুদ্ধ একটি নৈর্ব্যক্তিক নীতি খুঁজে বেড়ায়–স্বাধীনতা বা মুক্তি–তারপরও নিজেদেরকে কোনো কোম্পানি বা রেজিমেন্টে সুসংগঠিত ক'রে সৈনিকেরা লড়াই করে। দান্তের কবিতায় দৃঢ়মানসিকতা এবং দ্রুতগতি রয়েছে, প্রায় সামরিক জাতীয় কিছু।" তিনি উঠে দাঁড়িয়ে হোমস্‌কে জড়িয়ে ধরলেন। "এই জিনিসটা, মাই ডিয়ার ওয়েন্ডেল, স্বর্গ থেকেই আসে।"

ঘরের মধ্যে এ ব্যাপারে সবারই একমত হবার লক্ষণ আঁচ করা গেলো। আর সবাই লংফেলোর সায় পাবার জন্যে অপেক্ষা করলেন, যা একটা প্রশান্ত হাসির সাথে উদ্ভাসিত হলো।

"হোম্‌সের জন্যে থ্রি চিয়ার্স!" লাওয়েল উচ্চস্বরে বললেন।

"আপনারা আমাকে কেন তিনবার মদ দিচ্ছেন না?" হোমস্ ঠাট্টা ক'রে বললেন। "আমি সেটা সহ্য করতে পারবো!"

অগাস্টাস ম্যানিং তার সেক্রেটারির ডেস্কে ব'সে আঙুল দিয়ে ডেস্কের ওপর টোকা মারছেন। "এখনও, ঐ সাইমন ক্যাম্প আমার সঙ্গে দেখা করার অনুরোধের কোনো জবাব দেই নি?"

ম্যানিংয়ের সেক্রেটারি মাথা ঝাঁকালেন, "না, স্যার। আর মার্লবোরো হোটেল বলেছে সে নাকি তাদের ওখানে আর থাকছে না। কোথায় গেছে সে জায়গার ঠিকানাটাও ওদের কাছে রেখে যায় নি।"

ম্যানিংয়ের চেহারাটা ফ্যাকাসে হয়ে গেলো। তিনি পিংকারটনের গোয়েন্দাটিকে পুরোপুরি আস্থায় নিতে পারছেন না। তবে তাকে এখনও অপদার্থ বলেও ভাবছেন না। "তোমার কি এটা খুব অদ্ভুত ব'লে মনে হয় নি যে, প্রথমে একজন পুলিশ এসে লাওয়েলের ক্লাস সম্পর্কে জানতে চাইলো, তারপর পিংকারটনের যে গোয়েন্দাকে আমি দান্তের ব্যাপারে খোঁজ-খবর নেবার জন্যে টাকা দিয়েছি তার কোনো টিকিটাও দেখা যাচ্ছে না এখন?"

সেক্রেটারি কোনো জবাব দিলো না, তারপরই কথাটার মধ্যে যুক্তি আছে এরকম ভেবে উদ্বিগ্ন হয়ে মাথা দোলালো।

BanglaBook.org

www.BanglaBook.org

ম্যানিং জানালার দিকে তাকালেন, যেখান থেকে হারভার্ডের হলটা দেখা যায়। "এসবের সাথে লাওয়েল কোনো না কোনোভাবে জড়িত আছে, কথাটা মনে রেখো। আমাকে আবার বলো তো, মিঃ ক্রিপ্‌স। লাওয়েলের দান্তে ক্লাসে কে তালিকাভূক্ত? এডওয়ার্ড শেল্‌ডন এবং...প্লিনি মিড, তাই না?"

সেক্রেটারি জবাবটা একটা কাগজেই পেয়ে গেলো। "এডওয়ার্ড শেল্‌ডন এবং প্লিনি মিড, একদম ঠিক।"

"প্লিনি মিড। বেশ মেধাবী," দাঁড়িতে হাত বোলাতে বোলাতে ম্যানিং বললেন।

"তাতো বটেই, স্যার। তবে সে শেষ রাংকিংয়ে একটু প'ড়ে গিয়েছিলো।"

ম্যানিং বেশ আগ্রহ সহকারে তার দিকে তাকালেন।

"হ্যা, সে ক্লাসে বিশটি জায়গায় ড্রপ করেছে," দলিল দস্তাবেজ ঘেটে সেক্রেটারি বললো। "ওহ্, হ্যা, হঠাৎ করেই ড্রপ করেছে, ডা. ম্যানিং। মনে হচ্ছে বেশিরভাগই প্রফেসর লাওয়েলের ফরাসি ভাষার কোর্সের শেষ টার্ম থেকে।"

ম্যানিং তার সেক্রেটারির কাছ থেকে কাগজটা হাতে নিয়ে পড়লেন। "মিঃ মিডের জন্যে কী লজ্জার ব্যাপার," ম্যানিং আপন মনে হেসে বললেন। "দারুণ লজ্জার।"

রাতের দিকে বোস্টনে, জে.টি ফিল্ডস্ কুজো উকিল জন কডম্যান রোপস্‌কে ল' অফিসে খবর পাঠালেন; এই কডম্যান তার ভাই যুদ্ধে মারা গেলে বিদ্রোহের যুদ্ধের একজন অভিজ্ঞ হয়ে ওঠে, বলা হয়ে থাকে সে যেকোনো জেনারেলের চাইতেও যুদ্ধ সম্পর্কে বেশি জ্ঞান রাখে। একজন অভিজ্ঞ লোকের মতোই সে ফিল্ডসের প্রশ্নের জবাব দিলো। রোপস্ অনেক সৈনিক-সাহায্য হোমের তালিকা তৈরি করেছে– কতোগুলো দাতব্যসংস্থা স্থাপন করা হয়েছে, কিছু চার্চে, বাকিগুলো পরিত্যাক্ত ভবন আর গুদামঘরে, যেসব যুদ্ধফেরত সৈনিক বেশ গরিব এবং সাধারণ জীবনে ফিরে যেতে পারছে না, তাদেরকে খাদ্য এবং কাপড়চোপড় দিয়ে থাকে তারা। কেউ যদি কোনো সমস্যাসৃষ্টিকারী সৈনিককে খোঁজে তো এসব জায়গাতেই খুঁজতে হবে।

"তাদের নামের কোনো তালিকা নেই, আর আমি বলতে পারি এইসব ছন্নছাড়া লোকদেরকে কেউ খুঁজে বের করতে পারবে না, যদি না তারা নিজেরা এসে হাজির হয়, মিঃ ফিল্ডস্," রোপস্ তাদের মিটিংয়ের শেষ দিকে এসে বললো।

ফিল্ডস্ টারমন্ট স্ট্রিটের কর্নার-এর দিকে হনহন ক'রে হেঁটে গেলেন। কয়েক সপ্তাহ ধরে তিনি নিজের ব্যবসাতে খুব কম সময়ই দিয়েছেন তাই বেশ চিন্তিত আছেন এই ভেবে যে, আর বেশি অনুপস্থিত থাকলে হয়তো তার জাহাজটা নির্ঘাত চড়ায় আঁটকে যাবে।

"মিঃ ফিল্ডস্।"

"কে, বলছেন?" ফিল্ডস্ থেমে গলির দিকে তাকালেন। "আমাকে বলছেন, স্যার?"

www.BanglaBook.org

স্বল্প আলোতে তিনি লোকটাকে দেখতে পাচ্ছেন না। ফিল্ডস্ দুটো ভবনের মাঝখানের সুয়ারেজের দিকে এগোলেন।

"হ্যা, মিঃ ফিল্ডস্।" লম্বা এক লোক অন্ধকার থেকে বের হয়ে এসে মাথা থেকে টুপিটা খুলে ফেললো। সাইমন ক্যাম্প, পিংকারটনের গোয়েন্দা, তার দিকে চেয়ে দাঁত বের ক'রে হাসলো। "এবার আপনার অধ্যাপক বন্ধুরা আমার দিকে রাইফেল তাক্ ক'রে ধরবেন সেটা আপনি আশা করতে পারেন না, পারেন কি?"

"ক্যাম্প! আপনার আবার কি হলো, আমি আপনাকে টাকা দিয়েছিলাম কেঁটে পড়তে–এখন, কেঁটে পড়ুন।"

"আপনি আমাকে টাকা দিয়েছিলেন, তাই না। আপনাকে সত্যি কথা বলি, এই কেস্টাতে আমি একেবারে বিরক্ত হয়ে উঠছি, আমার চায়ের কাপে একটা মাছি, একেবারেই ফালতু জিনিস। কিন্তু আপনি এবং আপনার বন্ধুরা আমাকে বেশ ভাবাচ্ছেন। আমি যাতে প্রফেসর লাওয়েলর সাহিত্য ক্লাসটার দিকে নজর না দেই সেজন্যে আপনি আমাকে কেন স্বর্ন মুদ্রা দিলেন? আর এজন্যে প্রফেসর লাওয়েল আমাকে এমনভাবে জিজ্ঞাসাবাদ করলেন যেনো আমি লিঙ্কনকে গুলি করেছি?"

"তোমার মতো একজন মানুষ সাহিত্যিক লোকের মূল্য বুঝতে পারবে না," ফিল্ডস্ নার্ভাসভাবে বললেন। "এটাই আমাদের কাজ।"

"ওহ্, তবে আমি কিন্তু বুঝি। এখন আমি বুঝি। ঐ ঘুনে পোকা ড. ম্যানিং সম্পর্কে কিছু মনে পড়েছে আমার। তিনি বলেছিলেন যে, একজন পুলিশের লোক তার কাছে এসে প্রফেসর লাওয়েলের দান্তে কোর্স সম্পর্কে জানতে চেয়েছিলো। বৃদ্ধলোকটি এ ব্যাপারে খুবই বিক্ষুব্ধ হয়ে আছেন। তারপরই আমি এ নিয়ে ভাবতে শুরু করি : বোস্টন পুলিশ কী নিয়ে এতো ব্যস্ত হয়ে পড়লো? তো, এইসব হত্যাকাণ্ডের ব্যাপারে ছোট্ট একটা জিনিস ঘুরপাক খাচ্ছে।"

ফিল্ডস্ তার ভীতিটা যেনো প্রকাশ না পায় সেই চেষ্টা-ই করলেন। "আমাকে একটা জায়গায় যেতে হবে, মিঃ ক্যাম্প।"

ক্যাম্প খুশিতে হেসে ফেললো। "তারপর আমি সেই প্লিনি মিড ছোকরাটার কথা ভাবলাম, তার জিভের ডগায় সবসময় দান্তের কবিতার অসভ্য এবং মানবতাবিরোধী শাস্তির কথা লেগে থাকে। এটা আমার কাছে একটু খটকা লাগলো। তাই আমি মিঃ মিডকে ডেকে কিছু প্রশ্ন করি, মিঃ ফিল্ডস্," একটু থেমে বললো সে। "আমি আপনাদের গোমরটা জানি।"

"বাজে কথা বোলো না। তুমি কি বলছো আমি একটুও বুঝতে পারছি না, ক্যাম্প," ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন।

"আমি দান্তে ক্লাবের গোমরটা জানি, ফিল্ডস্। আমি জানি আপনি এইসব হত্যাকাণ্ড সম্পর্কে জানেন, আর এজন্যেই আপনি আমাকে এ ব্যাপারে ক্ষান্ত দেবার জন্যে টাকা দিয়েছেন।"

BanglaBook.org

www.BanglaBook.org

"এটা অনৈতিক এবং জঘন্য এক কুৎসা!" ফিল্ডস্ গলি থেকে বের হতে উদ্যত হলেন।

"তাহলে তো আমাকে পুলিশের কাছেই যেতে হবে," ক্যাম্প শীতল কণ্ঠে বললো। "তারপর সাংবাদিকদের কাছে। আর যাবার পথে হারভার্ডের ড. ম্যানিংয়ের কাছেও–তিনি এ ব্যাপারে বেশ উদগ্রীব হবেন আশা করা যায়। আমি দেখবো এই সব 'বাজে কথা' থেকে তারা কি বের ক'রে আনে।"

ফিল্ডস্ ঘুরে ক্যাম্পের দিকে কটমট চোখে তাকালেন। "তুমি কী বলছো সেটা যদি তুমি জানোই তাহলে কি ক'রে নিশ্চিত হলে, খুনটা আমরা করি নি আর তোমাকেও খুন করবো না, ক্যাম্প?"

ক্যাম্প হাসলো। "আপনি খুব ভালো ধোঁকা দিতে পারেন, ফিল্ডস্। কিন্তু আপনি হলেন বইয়ের জগতের লোক, আর পৃথিবীর স্বাভাবিক শৃঙ্খলা বদলানোর আগে আপনি সেটাই থাকবেন।"

ফিল্ডস্ থেমে গিয়ে ঢোক গিললেন। চারপাশে তাকিয়ে দেখে নিশ্চিত হলেন কোনো সাক্ষী নেই। "কী করলে তুমি আমাদের পেছনে লাগা বন্ধ করবে, ক্যাম্প?"

"তিন হাজার ডলার, শুরুতে–ঠিক দু'সপ্তাহের মধ্যে," ক্যাম্প বললো।

"কখনো না!"

"এই তথ্যের জন্যে সত্যিকারের পুরস্কারের টাকার পরিমাণটা অনেক বড়, মিঃ ফিল্ডস্। হয়তো বার্নডি এসবের সঙ্গে মোটেও জড়িত নয়। আমি জানি না কে ঐ লোকগুলোকে খুন করেছে, আর সেটা জানার কোনো ইচ্ছেও আমার নেই। তবে একজন জুরি যখন এটা জানতে পারবেন যে, আমি আপনার কাছে দান্তের ব্যাপারে জানতে চাইলে আপনি আমাকে এ কাজ থেকে বিরত থাকার জন্যে টাকা দিয়েছেন তখন আপনাকে কতোটাই না অপরাধী দেখাবে–আর আমাকে প্রলোভনে ফেলে আমার দিকে বন্দুক তাক্ করা!"

ফিল্ডস্ সঙ্গে সঙ্গে বুঝতে পারলেন যে, লাওয়েলের রাইফেলের সামনে কাপুরুষের মতো ধরা-খাবার ঘটনাটার প্রতিশোধ নেবার জন্যেই এসব করছে সে। "তুমি একটা তুচ্ছ নর্দমার কীট," ফিল্ডস্ কথাটা না ব'লে থাকতে পারলেন না।

মনে হলো ক্যাম্প তাতে কিছু মনে করলো না। "কিন্তু একজন বিশ্বস্ত লোক, যতোক্ষণ আপনি আপনার প্রতীজ্ঞা মেনে চলবেন। এমনকি কীটের কাছেও পরিশোধের জন্যে কিছু ঋণ থাকে, মিঃ ফিল্ডস্।"

ফিল্ডস্ একমত হলেন দু'সপ্তাহ পরে একটি নির্দিষ্ট স্থানে দেখা করবে ক্যাম্পের সাথে।

তিনি তার বন্ধুদের কাছে খবরটা জানালেন। প্রাথমিক ধাক্কাটা কাটিয়ে উঠে দান্তে ক্লাবের সদস্যরা ঠিক করলেন ক্যাম্পকে টাকা দিলেও এ ঘটনার ফলাফল প্রভাবিত করার ব্যাপারে তারা একেবারেই অসহায় থাকবেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"দরকারটা কি?" হোমস্ বললেন। "আপনি তো তাকে ইতিমধ্যে দশটি স্বর্ণমুদ্রা দিয়েছেন, তাতে তো ভালো কিছু হয় নি। সে যতো পাবে ততোই বেশি চাইবে।"

"ফিল্ডস্ তার খিদে বাড়িয়ে দিয়েছেন," লাওয়েল বললেন। তারা বিশ্বাস করতে পারছে না ঠিক কি পরিমাণ টাকা তাদের গোমড়াটা রক্ষা করতে পারবে। তাছাড়া, লংফেলো দান্তেকে অথবা তাঁদের নিজেদেরকে রক্ষা করার জন্যে ঘুষ দেয়ার কথাটা শুনতে চাইলেন না। দান্তে তার নির্বাসন ঠেকানোর জন্যে কিছু টাকা দিলেই কাজ হয়ে যেতো, কিন্তু তিনি সেটা দিতে অস্বীকার করেছিলেন। তারা প্রতীজ্ঞা করলেন, ক্যাম্পের ব্যাপারটা মাথা থেকে ঝেড়ে ফেলবেন। কেসটার ব্যাপারে তাঁদেরকে খুব দ্রুত এগোতে হবে। সেই রাতে তারা রেইয়ের কাছ থেকে পাওয়া আর্মি পেনশন অফিসের রেকর্ড ঘাটাঘাটি ক'রে ককেটি সৈনিক-সাহায্য হোম পরিদর্শন করলেন।

রাত একটার আগে ফিল্ডস্ বাড়িতে পৌছতে পারলেন না। এ্যানি ফিল্ডস্কে বেশ দুশ্চিন্তায় ফেলে দিলেন তিনি। সামনের হল দিয়ে যাবার সময় ফিল্ডস্ খেয়াল করলেন, প্রতিদিন বাড়িতে তিনি যে ফুল পাঠান সেগুলো ফয়ারের একটা টেবিলে স্তুপ ক'রে রাখা। তিনি ফুলগুলো নিয়ে এ্যানিকে বৈঠকখানায় পেয়ে গেলেন, সে নীল রঙের ভেলভেটের সোফায় ব'সে আছে। তার *জার্নাল অব লিটারারি ইভেন্টস এন্ড গ্লিম্পসেস অব ইন্টারেস্টিং পিপল* লিখছে।

"তোমার কি মন খারাপ, প্রিয়তমা?" সে মুখ তুলে তাকালো না, তার সুন্দর মুখটা অসন্তোষের আভা লেগে রয়েছে। তার চুলগুলো দু'কানের পাশে গড়িয়ে পড়েছে।

"কথা দিচ্ছি, আর দেরি হবে না। এই গ্রীষ্মে–আমি একদম কাজ করবো না, আর আমরা প্রতিটি দিনই ম্যানচেস্টারে কাটাবো। অসগুড আমাদের সঙ্গী হবার জন্যে এক পায়ে খাড়া। সেই দিন কি আমরা নাচবো না!"

সে মুখটা সরিয়ে মেঝের কার্পেটের দিকে চেয়ে রইলো। "আমি জানি তোমার অনেক কাজ। তারপরেও আমি ঘরদোর দেখাশোনা করেই নিজের সময় নষ্ট করি কোনো প্রকার প্রতিদান ছাড়াই। খুব ক্লান্ত না হলে আমি এক ঘণ্টার জন্যেও পড়াশোনা করার সুযোগ পাই না। ক্যাথারিন আবারো অসুস্থ হয়ে পড়েছে। তাই ধোপী এক বিছানায় ওপরতলায় চাকরানীর সাথে ঘুমাবে...'

"আমি বাড়িতে এসে পড়েছি এখন, প্রিয়তমা," তিনি বললেন।

"না, আসো নি।" সে তার টুপি আর কোটটা নিচের তলার এক ঝি'র কাছ থেকে নিয়ে সেগুলো আবার তার হাতে ধরিয়ে দিলো।

"ডিয়ার?" ফিল্ডসের চোখে মুখে অবিশ্বাস।

সে তার ড্রেসিং গাউনটার ঘাঘড়া একটু তুলে ওপর তলায় চলে যেতে উদ্যত হলো। "কয়েক ঘণ্টা আগে কর্নার থেকে এক মেসেঞ্জার বয় এসেছিলো, উদভ্রান্তের মতো তোমাকে খুঁজছে সে।"

BanglaBook.org

www.BanglaBook.org

"এতো রাতে আমাকে খুঁজছে?"

"সে বলেছে তোমাকে ওখানে অবশ্যই যেতে হবে, তা না হলে পুলিশ এসে হাজির হবে।"

ফিল্ডস্ এ্যানির সাথে ওপর তলায় যেতে চাইলেও ট্রেমন্ট স্ট্রটের নিজের অফিসে চলে এলেন। পেছনের ঘরে তিনি তার সিনিয়র ক্লার্ক জে. আর অসগুডকে পেয়ে গেলেন। রিসেপশনিস্ট সিসিলিয়া এমরয়, একটা হাতাওয়ালা চেয়ারে ব'সে আছে, লজ্জায় সে মুখটা ঢেকে রেখেছে। নাইটশপ বয় ড্যান টিল ঘরে চুপচাপ ব'সে আছে, রক্তাক্ত ঠোঁটে একটা কাপড় চেপে ধ'রে রেখেছে সে।

"হয়েছে কি? মিস্ এমরয়ের হয়েছেটা কি?" জানতে চাইলেন ফিল্ডস্।

অসগুড ফিল্ডস্কে হিস্টিরিয়াগ্রস্ত মেয়েটার কাছ থেকে দূরে সরিয়ে নিলো। "স্যামুয়েল টিকনর।" অসগুড কী বলবে তা ভাবার জন্যে একটু থামলো। "কাজ শেষে টিকনর কাউন্টারের পেছনে মিস্ এমরয়কে জোর ক'রে চুমু খেয়েছেন। উনি বাধা দিয়ে টিকনরকে থামানোর জন্যে চিৎকার করেছিলেন, আর মিঃ টিল গিয়ে হস্তক্ষেপ করেছে। আমার মনে হচ্ছে মিঃ টিল শারিরীকভাবে মিঃ টিকনরকে পরাস্ত করতে সক্ষম হয়েছে।"

ফিল্ডস্ একটা চেয়ার টেনে নিয়ে ব'সে সিসিলিয়া এমরয়কে দয়ালু কণ্ঠে প্রশ্ন করলেন। "তুমি আমার কাছে খুলে বলতে পারো, মাই ডিয়ার," আশ্বস্ত ক'রে বললেন।

মিসেস এমরয়কে কান্না থামানোর জন্যে বেশ কষ্ট করতে হলো। "আমি খুবই দুঃখিত, মিঃ ফিল্ডস্। এই চাকরিটা আমার খুব দরকার, আর তিনি বলেছেন তিনি যা বলবেন তা যদি আমি না করি...তিনি তো উইলিয়াম টিকনরের ছেলে, আর সবাই বলাবলি করে তাকে নাকি আপনি খুব শীঘ্রই একজন জুনিয়র পার্টনার ক'রে নেবেন..." সে দু'হাতে নিজের মুখটা ঢেকে ফেললো, যেনো কঠিন কঠিন কথাগুলো জোর ক'রে আঁটকে রাখতে চাইছে।

"তুমি...তাকে ধাক্কা মেরে সরিয়ে দিয়েছো?" ফিল্ডস্ মৃদু কণ্ঠে বললেন।

সে মাথা নেড়ে সায় দিলো। "উনি তো খুবই শক্তিশালী একজন মানুষ। মিঃ টিল...ঈশ্বরকে ধন্যবাদ যে সে ছিলো।"

"মিঃ টিকনর কতোদিন ধ'রে এরকম করছেন, মিস্ এমরয়?" ফিল্ডস্ জানতে চাইলেন।

সিসিলিয়া কেঁদে কেঁদে বললো : "তিন মাস।" এখানে তার যোগ দেবার সময় থেকেই বলা যায়। "কিন্তু ঈশ্বর সাক্ষী আছেন, আমি কোনোদিনই এটা করতে চাই নি, মিঃ ফিল্ডস্! আপনি আমাকে বিশ্বাস করুন!"

ফিল্ডস্ তার হাতে আল্‌তো ক'রে চাপড় মেরে পিতাসুলভ কণ্ঠে বললেন, "মাই ডিয়ার মিস্ এমরয়, আমার কথা শোনো। যেহেতু তুমি একজন এতিম, আমি এটা আমলে নেবো না, তোমাকে তোমার পদে থাকার অনুমতি দিলাম।"

BanglaBook.org

www.BanglaBook.org

মেয়েটা মাথা নেড়ে সায় দিয়ে কৃতজ্ঞতায় ফিল্ডসের গলা জড়িয়ে ধরলো।

ফিল্ডস্ উঠে দাঁড়ালেন। "সে কোথায়?" অসগুডকে জিজ্ঞেস করলেন।

"পাশের ঘরে আছে, আপনার জন্যে অপেক্ষা করছে, মিঃ ফিল্ডস্। আপনাকে আমার বলা উচিত যে, সে মেয়েটার বলা সব কথা অস্বীকার করছে।"

"আমি যদি মানুষের স্বভাব সম্পর্কে কোনো কিছু জেনে থাকি তবে এই মেয়েটা একদম সত্যি কথা বলেছে, মিঃ অসগুড। মিঃ টিল," ফিল্ডস্ শপবয়ের দিকে ফিরে বললেন। "মিস্ এমরয়ের বলা কথাগুলো কি ঠিক?"

"আমি চলে যাচ্ছিলাম, স্যার। দেখলাম মিসেস এমরয় নিজেকে ছাড়াতে চেষ্টা করছে আর মিঃ টিকনরকে বলছে তাকে ছেড়ে দিতে। তাই তিনি মিস্ এমরয়কে ছাড়ার আগ পর্যন্ত আমি তাকে ঘুষি মেরে গেছি।"

"ভালো কাজ করেছো, টিল," ফিল্ডস্ বললেন। "তোমার এই সাহায্যের কথা আমি ভুলবো না।"

টিল বুঝতে পারলো না কী বলবে। "স্যার, সকালে আমাকে অন্য কাজে যেতে হবে। দিনের বেলায় আমি কলেজের কেয়ার টেকারের কাজ করি।"

"ওহ্?" ফিল্ডস্ বললেন।

"এই কাজটা আমার কাছে খুবই মূল্যবান," টিল আরো বললো। "আপনি যদি আমার কাছ থেকে আরো বেশি কিছু চান তবে আমাকে বলবেন।"

"আমি চাই তুমি এখান থেকে চলে যাবার আগে যা দেখেছো তার সবটাই লিখে যাও, মিঃ টিল। কোনো কারণে যদি পুলিশ এতে জড়ায় তবে রেকর্ডটার দরকার হব," ফিল্ডস্ বললেন। তিনি অসগুডের দিকে ফিরে ইশারা করলেন টিলকে কিছু কাগজ আর কলম দেবার জন্যে। "মিস্ এমরয় শান্ত হয়ে এলে তাকেও লিখে যেতে বোলো।" ফিল্ডস্ তার সিনিয়র ক্লার্ককে নির্দেশ দিলেন। কয়েকটা অক্ষর লিখতেই টিলকে বেশ বেগ পেতে হলো। ফিল্ডস্ বুঝতে পারলেন সে আধা শিক্ষিত, প্রায় অশিক্ষিতই বলা চলে, আর অবাক হয়ে ভাবলেন এরকম প্রয়োজনীয় লেখাপড়ার জ্ঞান ছাড়া কিভাবে সে বইয়ের দোকানে কাজ করে। "মিঃ টিল," তিনি বললেন। "তুমি বরং মিঃ অসগুডকে বলো, সে-ই লিখে নেবে।"

টিল আনন্দের সাথেই কাগজটা ফিরিয়ে দিলো।

স্যামুয়েল টিকনরকে জিজ্ঞেস ক'রে সত্য কথাটা বের করতে ফিল্ডসের প্রায় পাঁচ ঘণ্টা লেগে গেলো। ফিল্ডস্ টিকনরের মুখটা দেখে একটু ভড়কে গেলেন। শপবয় তার মুখটা একেবারে ভচ্‌কে দিয়েছে। দেখে মনে হচ্ছে নাকটা থেতলে গেছে। শেষপর্যন্ত স্বীকার করতে বাধ্য হলো যে, সিসিলিয়া এমরয়ের সাথে কাজটা সে করেছে এবং আরো জানালো, কর্নার'র আরো একজন নারী সেক্রেটারির সাথেও সে এরকম কাজ করে।

"তুমি এক্ষুণি টিকনর এ্যান্ড ফিল্ডস্ ছেড়ে চলে যাবে, আর আজকের দিন থেকে কখনো এখানে আসবে না!" ফিল্ডস্ বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"হা! আমার বাবা এই ফার্মটা বানিয়েছেন! আপনি যখন ভিক্ষুকের চেয়ে বেশি কিছু ছিলেন না তখন তিনি আপনাকে তার বাড়িতে নিয়ে এসেছিলেন! তাকে ছাড়া আপনি কোনো ম্যানশনই পেতেন না, আর এ্যান ফিল্ডসের মতো বউ তো দূরের কথা! এই প্রতিষ্ঠানের নামের আগে আমাদের নামই আছে, এমনকি আপনারও আগে। মিঃ ফিল্ডস্!"

"তুমি দু'জন নারীর জীবন ধ্বংস করতে বসেছো, স্যামুয়েল!" ফিল্ডস্ বললেন। "তোমার স্ত্রীর আর তোমার বেচারী মা'র কথা ভেবে কিছু বলবো না। তোমার বাবা থাকলে তিনি আমার চেয়েও বেশি অপমানিত বোধ করতেন!"

স্যামুয়েল টিকনর প্রায় কেঁদেই ফেললো। যাবার সময় সে চিৎকার ক'রে বললো, "মিঃ ফিল্ডস্, আপনি আমার নাম আবারো শুনবেন, ঈশ্বরের কসম খেয়ে বলছি! আপনি যদি আমাকে হাত ধরে আপনার পরিচিত সার্কেলের সঙ্গে পরিচয় ক'রে দিতেন..." একটু থেমে আবারো বললো, "তাহলে আমি সমাজে একজন চতুর এবং বুদ্ধিমান ছেলে হিসেবেই পরিচিত হতাম।"

কোনো রকম অগ্রগতি ছাড়াই একটা সপ্তাহ পার হয়ে গেলো–এমন কোনো সৈনিকের খোঁজ পাওয়া গেলো না যে কিনা দান্তে পণ্ডিত। অস্কার হাটন তদন্তকাজের শেষে ফিল্ডসের কাছে একটা বার্তা পাঠিয়ে বললেন, কোনো প্রুফশিট খোয়া যায় নি। আশাগুলো ক্ষীণ হয়ে আসছে। নিকোলাস রেইয়ের মনে হচ্ছে, তাকে স্টেশন হাউজের কাছাকাছি থেকে কেউ নজরদারী করছে। উইলার্ড বার্নডির সাথে আরেকবার কথা বলার চেষ্টা করলো সে। সিন্দুক ভাঙা চোরের বিচার কাজটি সঙ্গত কারণেই ঝিমিয়ে পড়েছে। সে যখন নড়েচড়ে না, কথা বলে না, তখন তাকে একদম প্রাণহীন দেখায়।

"সাহায্য ছাড়া তুমি এ থেকে রক্ষা পাবে না," রেই বললো। "আমি জানি তুমি অপরাধী নও, কিন্তু আমি এও জানি, যে রাতে রেভারেন্ড ট্যালবোটের বাড়ির সিন্দুক ডাকাতি হয়েছে তার ঠিক আগের দিন তোমাকে ঐ বাড়ির সামনে ঘুরঘুর করতে দেখা গেছে। হয় তুমি আমাকে বলো, না হয় ফাঁসির মঞ্চে হেটে যাও।"

বার্নডি রেইকে ভালো ক'রে দেখলো, তারপর উদাস হয়ে মাথা নেড়ে সায় দিলো। "ট্যালবোটের সিন্দুকটা আমিই ভেঙেছি। যদিও সরাসরি নয়। আপনি এটা বিশ্বাস করবেন না। করবেন না–আমি নিজেও বিশ্বাস করি না! বুঝলেন, এক লোক বললো আমি যদি তাকে একটি নির্দিষ্ট সিন্দুক কিভাবে ভাঙা যায় শিখিয়ে দেই তবে সে আমাকে দুশো ডলার দেবে। আমি ভাবলাম এটা তো খুব সহজ একটা কাজ হবে–আমার ধরা খাবার কোনো সুযোগই থাকবে না! সত্যি ক'রে বলছি, আমি জানতাম না বাড়িটা কোনো পাদ্রীর বাড়ি! আমি তাকে হত্যা করি নি! যদি তাই করতাম তাহলে তো আর তার টাকাগুলো আবার তার কাছে ফিরিয়ে দিতাম না!"

www.BanglaBook.org

"তুমি ট্যালবোটের বাড়িতে কেন গিয়েছিলে?"

"একটু দেখে আসতে। ঐ লোকটা মনে হয় জানতো, ট্যালবোট বাড়িতে নেই। তাই আমি কেবল সিন্দুকটা কোন্ কোম্পানির তৈরি সেটা একটু দেখতে গিয়েছিলাম।" বার্নডি বোকার মতো হেসে একটু সমবেদনা পাবার চেষ্টা করলো। "তাতে তো কোনো দোষ নেই, ঠিক না? এটা তো এরকম কাজে করতেই হয়, আর কী ক'রে সিন্দুকটা ভাঙা যায় সেই কথাটা ঐ লোকটাকে বলতে আমার মাত্র পাঁচ মিনিট লেগেছিলো। সেটা আমি পানশালার একটা রুমালে এঁকে দিয়েছিলাম। আমার বোঝা উচিত ছিলো ঐ বদমাশটার মাথায় ছিট ছিলো। সে আমাকে বলেছিলো তার কেবল এক হাজার ডলার দরকার–এর এক পয়সাও বেশি নয়। আপনি কি ভাবতে পারেন সেটা? শোনেন, আপনি বলতে পারেন না আমিই পাদ্রীকে ডাকাতি করেছি, অথবা আমি নির্ঘাত ফাঁসির মঞ্চে হেঁটে যাবো! যেই আমাকে এরকম করার জন্যে টাকা দিয়েছে, সে আসলে বদ্ধ উন্মাদ–সে-ই ট্যালবোট, জজ হিলি আর ফিনিয়াস জেনিসনকে খুন করেছে!"

"তাহলে আমাকে বলো তোমাকে টাকা দিয়েছে কে," রেই শীতল কণ্ঠে বললো, "তা না হলে তুমি তুমি ফাঁসিতে ঝুঁলবে, মিঃ বার্নডি।"

"সেটা ছিলো রাতের বেলা, আর আমি স্ট্যাকপোল পানশালা থেকে একটু মাল গিলে ফিরছিলাম। এখন মনে হচ্ছে পুরো ঘটনাটিই খুব দ্রুত ঘটেছে, স্বপ্নের মতো মনে হচ্ছে এখন। তার মুখটা আমি ভালো ক'রে খেয়ালই করি নি। অন্ততপক্ষে বলতে পারি আমার কিছুই স্মরণে নেই।"

"তুমি কিছুই দেখো নি অথবা তুমি স্মরণ করতে পারছো না, মিঃ বার্নডি?"

বার্নডি তার ঠোঁট কামড়ে ধরলো। সে একটু ভেবে বললো, "একটা ব্যাপার কি জানেন, সে আপনাদেরই একজন।"

রেই অপেক্ষা করলো। "একজন নিগ্রো?"

বার্নডির গোলাপীর চোখ দুটো জ্বলে উঠলো। "না! একজন বিল্লি ইয়াঙ্ক। যোদ্ধা!" সে নিজেকে শান্ত করলো। "একজন পোশাক পরা সৈনিক যেনো সে গেটিসবার্গের পতাকা দোলাচ্ছে!"

বোস্টনের সৈনিক-সাহায্য হোমগুলো স্থানীয়ভাবেই পরিচালনা করা হয়, অনানুষ্ঠানিকভাবে এবং কোনোপ্রকার বিজ্ঞাপন ছাড়া, কেবলমাত্র তাদেরকে যারা ব্যবহার করে সেইসব যুদ্ধফেরত সৈনিকদের মুখের কথায় এটি প্রচারিত হয়। বেশিরভাগ হোমগুলোই সপ্তাহে দু থেকে তিনবার খাদ্যের ঝুড়ি গুদামজাত ক'রে থাকে সৈনিকদের কাছে বিতরণের জন্যে। যুদ্ধ শেষ হবার ছয়মাস পরে, সিটি হল হোমগুলোকে তহবিল দিতে উত্তরোত্তর কম আগ্রহী হতে থাকে। সবচাইতে ভালো

BanglaBook.org

www.BanglaBook.org

অবস্থায় আছে চার্চ কর্তৃক পরিচালিত হোমগুলো। খাদ্য আর কাপড়চোপড়ের পাশাপাশি সেখানে ধর্মোপদেশ বা সারমন প্রদান করা হয়।

হোমস্ এবং লাওয়েল শহরের দক্ষিণ অংশগুলো কাভার করলেন। তারা ক্যাবম্যান পাইককে সঙ্গে নিয়েছিলেন। সৈনিক সাহায্য হোমের বাইরে দাঁড়িয়ে পাইক গাজর খেতো, নিজের পুরনো ঘোড়াগুলোকেও একটু খেতে দিতো নিজের অংশ থেকে। এই বিরক্তিকর কাজটা টাকার জন্যে তাকে করতে হচ্ছে। তাছাড়া, পাইক যখন জিজ্ঞেস করতো কেন তারা এক জায়গা থেকে আরেক জায়গায় এভাবে ছুটে বেড়াচ্ছে, উত্তরগুলো হোতো মিথ্যে, আর এজন্যে তার বিরক্তি আরো বেড়ে যেতো। এই কাজে সে আর থাকতে না চাইলে হোমস্ আর লাওয়েল এক ঘোড়ার একটা কোচ ভাড়া করলেন, যার ড্রাইভার আর ঘোড়াটা কোনো জায়গায় থামলে ঘুমে ঢলে পড়তো। এখন তারা যে হোমে গেলেন সেটা মনে হয় তাদের দেখা এ পর্যন্ত সবচাইতে ভালো এবং সুসংগঠিত। একটা ফাঁকা ইউনিটারিয়ান চার্চে এটা অবস্থিত, চার্চটা কংগ্রেগেশনালিস্টদের সঙ্গে দীর্ঘ যুদ্ধে দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই হোমে সপ্তাহে চার রাত সৈনিকদেরকে গরম গরম খাবার দেয়া হয়। হোমস্ আর লাওয়েল পৌঁছাবার ঠিক কিছুক্ষণ আগেই রাতের খাবারটা শেষ হয়েছে। সৈনিকেরা চার্চের ভেতরে ঢুকতে শুরু করেছে তখন।

"অনেক ভীড়," চ্যাপেলের দিকে ঝুঁকে লাওয়েল মন্তব্য করলেন। "চলুন ভেতরে গিয়ে বসি। অন্ততপক্ষে পা দুটোকে একটু বিশ্রাম দেই।"

"জেমি, এটা আমাদেরকে কিভাবে সাহায্য করবে সেটা তো দেখতে পাচ্ছি না। হয়তো, আমাদের তালিকার পরের জায়গাটাতে যাওয়া উচিত।"

"এটাই পরেরটা। রোপ্‌সের তালিকা বলছে অন্য চার্চটা কেবলমাত্র বুধ আর রবিবার খোলা থাকে।"

হোমস্ দেখলেন এক খোঁড়া সৈনিক হেঁটে গেলো, আরেকজনের চোয়াল মারাত্মকভাবে দোমড়ানো মোচড়ানো। যুদ্ধক্ষেত্রের সৈনিকদের কাছে এরকমটি আশা করা যেতেই পারে।

"পরাস্ত হয়ে যাওয়া ঘোড়াকে চাবুক পেটা ক'রে কী লাভ, আইডিয়ার, লাওয়েল? আমরা তো মহাবীর গিডিওন নই যে, তার সৈনিকদেরকে কূয়ো থেকে পানি খেতে দেখবে। এভাবে চেয়ে চেয়ে দেখে আমরা কিছুই বলতে পারবো না। মাইক্রোস্কোপের নিচে পরীক্ষা করার মধ্য দিয়ে আমরা হ্যামলেট এবং ফাউস্টকে খুঁজে পাই না। আমি এটা না ভেবে পাচ্ছি না যে, আমাদেরকে নতুন পথে এগোতে হবে।"

"আপনি এবং পাইক উভয়ে," বিষন্নভাবে মাথা দুলিয়ে লাওয়েল বললেন। "কিন্তু আমরা এক সঙ্গেই আমাদের পথ খুঁজে নেবো। এই মুহূর্তে, হোমস্, চলেন ঠিক করি, আমরা এখানে থাকবো নাকি ড্রাইভারকে বলবো অন্য আরেকটা হোমে আমাদেরকে নিয়ে যেতে।"

BanglaBook.org

www.BanglaBook.org

"আপনারা আজকে নতুন এসেছেন," এক চোখের এক সৈনিক তাঁদেরকে জিজ্ঞেস করলো। তার চামড়ায় গুটি বসন্তের দাগ, কালো রঙের মাটির একটা পাইপ রয়েছে তার মুখে। আচম্‌কা তৃতীয় কারোর সাথে তাঁদেরকে কথা বলতে হবে এমনটি প্রত্যাশা করেন নি ব'লে তারা দু'জনেই কী বলবেন ভেবে না পেয়ে একটু চুপ থাকলেন। লোকটা সৈনিকের পোশাক পরে থাকলেও সেটা যুদ্ধের পর থেকে ধোয়া হয় নি বলেই মনে হচ্ছে।

সৈনিকটি চার্চে ঢুকতে ঢুকতে পেছন ফিরে তাকিয়ে একটু ঝাঁঝালো কণ্ঠে বললো, "ক্ষমা করবেন। আমি ভেবেছিলাম আপনারা হয়তো দাস্তের ব্যাপারে জানতে এসেছেন।"

কয়েক মুহূর্তের জন্যে লাওয়েল এবং হোমস্ কোনো প্রতিক্রিয়া দেখাতে পারলেন না। তারা দু'জনেই ভাবলেন যে কথাটা তারা শুনলেন সেটা তাঁদের কল্পনা।

"দাঁড়ান!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। নিজের উত্তেজনাটা চেপে রাখতে পারলেন না তিনি।

দু'জন কবিই দৌড়ে চার্চের ভেতরে ঢুকে পড়লেন। ভেতরের আলো খুবই ক্ষীণ। তাঁদের সামনে সৈনিকদের পোশাকের এক সমুদ্র, দাস্তেবাদী লোকটাকে তারা কোনোভাবেই খুঁজে বের করতে পারলেন না।

"বসুন!" পেছন থেকে কেউ খুব রেগেমেগে বললো।

হোমস্ এবং লাওয়েল আসনে ব'সে পড়লেন, মাথা তুলে ভীড়ের মধ্যে লোকটাকে খোঁজার চেষ্টা করলেন। হোমস্ প্রবেশ পথের দিকে তাকালেন, সৈনিকটি ওখান দিয়ে পালানোর চেষ্টা করে কিনা দেখার জন্যে। লাওয়েল অন্ধকার চ্যাপেলের দিকে তাকালেন, অবশেষে গুটি বসন্তের লোকটাকে তার চোখ খুঁজে পেলো।

"তাকে আমি খুঁজে পেয়েছি," লাওয়েল ফিস্‌ফিস্ ক'রে বললেন। "ওহ্, আমি তাকে পেয়েছি, ওয়েন্ডেল। তাকে খুঁজে পেয়েছি! আমি আমাদের লুসিফারকে খুঁজে পেয়েছি!"

হোমস্ চোখ কুচ্‌কে তাকিয়ে দেখার চেষ্টা করলেন। "তাকে তো আমি দেখছি না, জেমি!"

কয়েকজন সৈনিক রেগেমেগে দু'জন অনুপ্রবেশকারীর দিকে চুপ থাকতে ইঙ্গিত করলেন।

"ঐযে!" লাওয়েল উদ্‌ভ্রান্তের মতো বললেন। "এক, দুই...সামনের দিক থেকে চতুর্থ সারিতে!"

"কোথায়?"

BanglaBook.org

www.BanglaBook.org

"ঐযে!"

"আমি আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি, মাই ডিয়ার বন্ধুগন, আমাকে আরেকবার দাওয়াত দেবার জন্যে," একটা কম্পিত কণ্ঠ বললো। ডায়াস থেকে যেনো সে ভেসে উঠলো। "দান্তের নরকের শাস্তিগুলো আবার শুরু হলো..."

লাওয়েল আর হোমস্ সঙ্গে সঙ্গে সামনের অন্ধকার আর জনাকীর্ণ চ্যাপেলের দিকে তাকানোর চেষ্টা করলেন। তাঁদের পুরনো বন্ধু জর্জ ওয়াশিংটন গৃন দূর্বলভাবে কাশলে তারা তার দিকে তাকালেন। গৃন তার হাত দুটো ডায়াসের ওপর রাখলেন। *ইনফার্নো*'র প্রবেশদ্বারে প্রবেশের মন্ত্রমুগ্ধকর সারমনটা অধীর আগ্রহে সবাই শুনে গেলো।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৫

"ও তীর্থ যাত্রীদল : এই অন্ধ জেলখানার চূড়ান্ত বৃত্তে এসো এবার, যা দান্তে তার অসাধারণ ভ্রমনে অবশ্যই আবিষ্কার করবেন, তার অবশম্ভাব্যি ভ্রমন যা মানবজাতিকে সব ধরণের যন্ত্রণা থেকে মুক্ত করবে!" জর্জ ওয়াশিংটন গৃন তার হাত দুটো তুললেন। "দান্তে এছাড়া আর কিছুই খোঁজেন নি; ব্যক্তিগত দূর্ভাগ্য হলো কবিতার গৌণ বিষয়। তার ভ্রমণে তিনি মানবজাতিকে উন্নীত করবেন, আর তাই আমরা তা ভালোভাবেই অনুসরণ করবো, হাতে হাত ধরে, প্রজ্জ্বলিত আগুনের দরজা থেকে স্বর্গের দিকে, আমরা আমাদের ঊনিশ শতকীয় পাপের শুদ্ধি করতে করতে!"

"ওহ্, ভেরোনাতে, অসুখী জীবনে কী কঠিন কাজই না প'ড়ে আছে, তার নির্বাসনের তেঁতো লবন আস্বাদনের সাথে। তিনি ভাবেন : এই দূর্বল কণ্ঠে আমি কী ক'রে এই জগতের চিত্র আঁকবো? তিনি ভাবেন: কী ক'রে আমি আমার অলৌকিত্বের গান গাইবো? তারপরও দান্তে জানেন তিনি পারবেন : তার শহরকে, নিজের জাতিকে এবং তার নিজের ভবিষ্যৎকে মুক্ত করতে–আমাদেরও, আমরা যারা এই গীর্জায় ব'সে আছি এই নতুন বিশ্বে তার রাজসিক কণ্ঠের চেতনাকে পুণর্জন্ম দিতে, আমরাও মুক্ত হবার যোগ্য! তিনি জানতেন, প্রতিটি প্রজন্মেই হাতে গোনা অল্প কয়েকজন ভাগ্যবান থাকবে যারা বুঝতে পারবে এবং সত্যিকারভাবেই দেখতে পারবে এসব কিছু। তিনি হলেন আগুনের কলম আর তার হৃদয়ের রক্ত হলো তার একমাত্র কালি। ও দান্তে, আলোরদিশারী। পাহার-পর্বত আর বৃক্ষের সুখী কণ্ঠস্বরগুলো যা সবসময়ই বারবার তাদের গান গায়!"

দান্তের চূড়ান্ত নরকে প্রবেশ করার বর্ণনা দেবার আগে গৃন বুক ভরে বাতাস নিয়ে নিলেন : বরফের জমাট বাধা এক হ্রদ। নাম ককিতাস, কাঁচের মতো স্বচ্ছ আর পিচ্ছিল, এমন ঘন-পুরু যা শীতকালে চার্লস্ নদীতে কখনই দেখা যায় না। সেই বরফের তুন্দ্রা থেকে দান্তে একটা রাগান্বিত কণ্ঠ শুনতে পেলেন। "দেখো তোমার অবস্থা কী হয়!" কণ্ঠটা আর্তনাদ করলো। "এবার তুমি লক্ষ্য করো পা দুটো দেখা যাচ্ছে না, কেবলই তাদের ক্লান্ত মাথাগুলো, হায়রে, দুঃখী ভায়েরা।"

"ওহ্, সৎ উদ্দেশ্যপরায়ণ দান্তের দু'কান বিদীর্ণ করা এসব অভিযোগকারীর কথা কোথেকে ভেসে এসেছিলো? নীচে দ্যাখো, কবি দেখলেন, জ'মে যাওয়া হ্রদের বরফে গেঁথে আছে পাপাত্মাগুলোর পুরো শরীর, কেবল মাথাগুলো বরফ থেকে বের হয়ে আছে–হাজার হাজার মাথা; খুবই হীন স্বভাবের পাপী যারা আদমের সন্তান হিসেবে পরিচিত। এই ঠাণ্ডায় জ'মে যাওয়া নরকে ভুল ক'রে কি রাখা আছে? বিশ্বাসঘাতকতা,

BanglaBook.org

www.BanglaBook.org

অবশ্যই! আর তাদের শাস্তিটাই বা কী, তাদের হৃদয়ের শীতলতার জন্যে এটা তাদের *কন্‌ত্রাপাসো?* প্রচণ্ড ঠাণ্ডা বরফে সমাধিস্থ করা : ঘাড়ের নীচ থেকে–যাতে ক'রে তাদের দু'চোখ তাদের পাপের শাস্তি দেখতে পায় চিরকাল ধরে।"

হোমস্ আর লাওয়েল বেশ উদ্দীপ্ত হলেন, তাঁদের গলায় গিট লেগে গেলো। গৃন যখন বর্ণনা করলেন কিভাবে দান্তে পাপী ব্যক্তির মাথার চুলের আগা ধ'রে নির্মমভাবে মোচড়ালেন এবং তার নাম জানতে চাইলেন তখন লাওয়েলের দাড়ি একটু নিচু হয়ে ঝুলে পড়লো। *আমার চুল ধরে ছিঁড়ে ফেললেও আমি তোকে বলবো না আমার নাম কী!* অন্য এক পাপাত্মা বেখেয়ালে দান্তেকে তৃপ্ত করতেই যেনো তার সঙ্গীর নাম ধ'রে ডেকে বললেন তার চিৎকারটা বন্ধ করতে। তিনি তখন পাপীর নামটা তার উত্তরপুরুষদের জন্যে লিপিবদ্ধ করতে পারলেন।

গৃন তার পরের সারমনে পশুতুল্য লুসিফারের সাথে পরিচয় করিয়ে দেবার প্রতিশ্রুতি দিলেন–সমস্ত পাপী আর বিশ্বাসঘাতকের মধ্যে সবচাইতে বাজে এবং জঘন্য হলো তিন মাথার জন্তুটি, যে শাস্তি দেয় এবং শাস্তি পায়। সারমন দেবার সময় বৃদ্ধ যাজকের মধ্যে যে তেজ দেখা গেলো সেটা অবশেষে স্তিমিত হয়ে এলো, কেবল তার দু'গাল রক্তিম হয়ে থাকলো।

ভীড়ের কারণে অন্ধকার চ্যাপেলের ভেতরে লাওয়েল বেশ বেগ পেলেন, চলে যেতে থাকো সৈনিকের দলের ধাক্কায় পেরে উঠতে হিমশিম খেতে হলো তাঁকে। হোমস্ তার পেছনে পেছনে আসলেন।

"আরে, আমার বন্ধুরা দেখছি!" লাওয়েল এবং হোমস্‌কে দেখেই গৃন উৎফুল্লভাবে বললেন। তারা সবাই চ্যাপেলের পেছনে একটা ঘরে চলে এলো। হোমস্ দরজাটা বন্ধ ক'রে দিলেন। গৃন ফায়ারপ্লেসের পাশে রাখা একটা চেয়ারে ব'সে দু'হাতের তালু ঘষলেন। "কী আর বলবো বন্ধু," তিনি চারপাশে দেখে বললেন। "এরকম বাজে আবহাওয়া আর নতুন কাশিতেও আমি কোনো অনুযোগ করতে পারি না, যদি আমরা–"

লাওয়েল গর্জন ক'রে উঠলেন, "আমাদেরকে সরাসরি বলুন, গৃন!"

"মিঃ লাওয়েল, আপনারা কি জানতে চাচ্ছেন তার নির্দেশসর্গও বুঝতে পারছি না," হোমসের দিকে তাকিয়ে গৃন বেশ বিনয়ের সাথেই বললেন।

"মাই ডিয়ার গৃন, লাওয়েল বলতে চাচ্ছেন..." ডাঃ হোমস্‌ও আর নিজেকে শান্ত রাখতে পারলেন না। "আপনি এখানে করছেনটা কি?"

গৃনকে খুব ব্যথিত দেখালো। "মিঃ হোমস্, আপনি তো জানেনই, আমি সমগ্র শহর আর ইস্ট-গৃনউইচের অনেক চার্চেই তাদের আমন্ত্রণে অতিথি বক্তা হিসেবে সারমন দিয়ে থাকি। রোগশয্যা হলো সবচাইতে বিরক্তিকর জায়গা, আর গত বছর আমার তো ঘেন্না ধরে গিয়েছিলো, তাই আগের যেকোনো সময়ের তুলনায় আমি এরকম আমন্ত্রণে আজকাল বেশি সাড়া দিচ্ছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

কথার মাঝখানে লাওয়েল বললেন, "আপনার এই সারমন, মানে ধর্মোপদেশ প্রদানের কথাটা আমরা জানি। কিন্তু আপনি তো এখানে দান্তে সম্পর্কে বলছেন!"

"আহ্, এই কথা! এটা তো একদম নির্দোষ আনন্দ। ঐসব দূর্দশাগ্রস্ত সৈনিকেরা খুবই তিক্ত অভিজ্ঞতা সমৃদ্ধ, আমার পরিচিতজনের চেয়ে একদম আলাদা, তাদেরকে ধর্মোপদেশ দেয়ার কথা বলছেন তো। যুদ্ধ শেষ হবার পরের সপ্তাহেই মানুষজনের সঙ্গে কথা ব'লে, বিশেষ ক'রে যখন লিনকন বিশ্বাসঘাতকতার শিকার হয়ে খুন হলেন, আমি তাদেরকে প্লেগে আক্রান্ত হতে দেখতে পেয়েছি, বহুসংখ্যককেই, নিজেদের ভাগ্য আর পরকাল নিয়ে উদ্বিগ্ন ছিলো তারা। এক দুপুরে–লংফেলোর অনুবাদের কথা শুনে উৎসাহী হয়ে আমি আমার সারমন বক্তৃতায় দান্তের কিছু কথাবার্তা প্রদান ক'রে দেখতে পেলাম তাদের মধ্যে অভূতপূর্ব সাড়া পাওয়া যাচ্ছে। তাই আমি দান্তের আধ্যাত্মিক ইতিহাস আর তার ভ্রমণের সংক্ষিপ্ত বর্ণনা দিতে শুরু করি। এখন–আমাকে ক্ষমা করবেন। দেখুন, আপনাদের কাছে এ কথা স্বীকার করতে গিয়ে আমি লজ্জায় কেমন লাল হয়ে গেছি–আমি কল্পনা করি আমি যদি দান্তের শিক্ষা দিতে পারতাম আর এইসব সাহসী তরুণেরা যদি আমার ছাত্র হোতো।"

"লংফেলো এ সম্পর্কে কিছুই জানেন না?" হোমস্ জিজ্ঞেস করলেন।

"আমি এটা বলতে চেয়েছিলাম, কিন্তু..." গৃন যখন আগুনের শিখার দিকে তাকালেন তার গায়ের চামড়া খুবই বিবর্ণ দেখালো। "আমার মনে হয়, লংফেলোর মতো একজন মানুষের কাছে দান্তে শিক্ষা দেবার কথা স্বীকার করাটা আমার জন্যে খুবই বিব্রতকর। তাকে যদি না বলেন, তো বলতে পারি। এতে ক'রে তাকে কেবলমাত্র অবমাননা করা হবে। আপনি তো জানেনই তিনি নিজেকে আলাদা ধরণের মানুষ ভাবতে পছন্দ করেন না..."

"এইমাত্র যে সারমনটা দিলেন, গৃন," লাওয়েল কথার মাঝখানে বললেন। "সেটাতে দান্তের সঙ্গে বিশ্বাসঘাতকদের দেখা হওয়ার ঘটনাকেই চিত্রিত করেছে।"

"হ্যা, হ্যা!" গৃন বললেন, মনে করিয়ে দেয়াতে দারুণভাবে উৎসাহী হলেন। "কী চমৎকার, তাই না, লাওয়েল?" গৃন একটু নার্ভাসভাবে হেসে ফেললেন। "দান্তে ক্লাব যখন *ইনফার্নো* শুরু করলো, আমি সেইসব ক্যান্টোগুলোই সারমন বক্তৃতায় ব্যবহার করতে শুরু করলাম যা পরবর্তী দান্তে ক্লাবের মিটিংয়ে অনুবাদ করা হোতো। এইমাত্র আমি যে ক্যান্টোটা চয়ন করলাম সেটা আগামী কালকে লংফেলো অনুবাদ করার জন্যে ঠিক ক'রে রেখেছেন! সাধারণত, আমি আমার সারমনগুলো বৃহস্পতিবার দিয়ে থাকি।

"প্রত্যেক বৃহস্পতিবার?" হোমস্ জিজ্ঞেস করলেন।

"একটা সময় ছিলো যখন আমি বিছানাতেই আবদ্ধ থাকতাম। আর যে সপ্তাহে লংফেলো দান্তে সেশনটা বাতিল ক'রে দিলেন, তখন থেকে দান্তে সম্পর্কে কিছু বলার আর সুযোগ রইলো না আমার," গৃন বললেন। "তারপর গত সপ্তাহে, কী দারুণ ব্যাপারই না হলো! লংফেলো আবার পূর্ণোদ্যমে দান্তে অনুবাদ করতে আরম্ভ করলেন,

www.BanglaBook.org

আর আমিও বোস্টনে থেকে গিয়ে একসপ্তাহ ধ'রে প্রতি রাতে দান্তে সারমন দিয়ে চললাম!"

লাওয়েল সামনের দিকে ঝুঁকলেন। মিঃ গৃন! আপনার এখানকার প্রতিটি মুহূর্ত স্মরণ করুন! সৈনিকদের মধ্যে কেউ কি আপনার দান্তে সারমনের বিষয়বস্তু একটু আলাদাভাবে আত্মস্থ করেছে?"

গৃন উঠে দাঁড়িয়ে দ্বিধাগ্রস্তভাবে তার চারপাশে তাকালেন যেনো তিনি হঠাৎ করেই তাঁদের উদ্দেশ্যটার কথা ভুলে গেছেন। "আমাকে একটু ভাবতে দিন, প্রতিটি সেশনে প্রায় বিশ থেকে ত্রিশজন সৈনিক থাকে, বুঝলেন, সব সময় একই লোক থাকে না। আমি সবসময়ই মুখ চেনার ব্যাপারে অপটু, এ ব্যাপারে দক্ষ হলে ভালোই হোতো। অনেকেই আমার সারমনের ব্যাপারে প্রশংসা করেছে। আপনারা আমাকে বিশ্বাস করুন–আমি যদি আপনাদেরকে সাহায্য করি..."

"গৃন, আপনি যদি এক্ষুণি তা না করেন..." লাওয়েল বেশ রুক্ষ কণ্ঠে বললেন।

"লাওয়েল, প্লিজ।" হোমস্ বললেন। বন্ধুকে প্রশমিত করার চেষ্টা করলেন তিনি।

একটা দীর্ঘশ্বাস ফেলে হোমস্কে এগিয়ে যাবার ইশারা করলেন লাওয়েল।

হোমস্ বলতে শুরু করলেন, "মাই ডিয়ার গৃন, আপনি আমাদেরকে সাহায্য করবেন–খুব ভালোভাবেই করবেন, আমি সেটা জানি। এখন, আমাদের সুবিধার্থে আপনাকে একটু দ্রুত চিন্তা করতে হবে, লংফেলোর মঙ্গলের জন্যেই। এটা শুরু করার পর যতো সৈনিককে আপনি সারমন দিয়েছেন তাদের সবার কথা একটু ভাবুন।"

"ওহ্, দাঁড়ান।" গৃনের আধো নির্মীলিত দু'চোখ অস্বাভাবিকভাবে বড় হয়ে গেলো। "একটু দাঁড়ান। হ্যা, একজন সৈনিক আমার কাছে এসে দান্তে পড়ার জন্যে ইচ্ছে প্রকাশ করেছিলো।"

"হ্যা! আপনি কী বলেছিলেন তাকে?" হোমস্ চোখ কুচকে জিজ্ঞেস করলেন।

"আমি সেই তরুণকে জিজ্ঞেস করেছিলাম সে বিদেশী ভাষার সঙ্গে পরিচিত আছে কিনা। সে আমাকে জানিয়েছিলো, শৈশব থেকেই সে বেশ ভালো পাঠক তবে কেবলমাত্র ইংরেজি ভাষায়, তাই আমি তাকে ইতালিয় ভাষা শিখতে উৎসাহ দেই। আমি উল্লেখ করেছিলাম যে, আমি লংফেলোকে দান্তে অনুবাদে সাহায্য করছি যা আমেরিকাতে একেবারেই প্রথম করা হচ্ছে, আর এজন্যে আমরা কবির বাড়িতে ছোট্ট একটা ক্লাবও করেছি। তাকে খুব আগ্রহী বলেই মনে হয়েছিলো আমার। সেজন্যে তাকে আমি সামনের বছরের শুরুতে টিকনর এ্যান্ড ফিল্ডস্ প্রকাশনী থেকে প্রকাশিতব্য বইটির ব্যাপারে নজর রাখতে বলে ছিলাম," গৃন বেশ উৎসাহের সঙ্গে বললেন, এই প্রচারনাটা ফিল্ডস্ পরিকল্পিতভাবে ছড়িয়েছিলেন।

হোমস্ একটু থামলেন, আশান্বিত হয়ে লাওয়েলের দিকে তাকালে লাওয়েল তাকে এগিয়ে যাবার তাড়া দিলেন। "সেই সৈনিকটি," হোমস্ আস্তে আস্তে বললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"সে কি আপনাকে তার নাম বলেছিলো?" গৃন মাথা নাড়লেন। "সে দেখতে কেমন, আপনার কি সেটা মনে আছে?"

"না, না, আমি খুবই দুঃখিত।"

"এটা জানা খুবই গুরুত্বপূর্ণ," লাওয়েল জোর দিয়ে বললেন।

"তাকে আমার খুব স্পষ্টভাবে মনে নেই," চোখ দুটো বন্ধ ক'রে গৃন বললেন। "মনে হয় সে বেশ লম্বা আর গোঁফ আছে। সম্ভবত খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটে। কিন্তু এরকম তো অনেক সৈনিকই হাঁটে। একমাস আগের ঘটনা, আর ঐ সময়ে আমি তো খুব একটা মনোযোগও দেই নি তার ব্যাপারে। যেমনটি বলেছি, মানুষের মুখ স্মরণ রাখার ব্যাপারে আমার কোনো সুনাম কখনই ছিলো না, আর এজন্যেই আমি কোনো উপন্যাস লিখি নি, বন্ধুগণ। উপন্যাস মানেই হলো আজস্র মানুষের মুখ।" গৃন হেসে উঠলেন, নিজের শেষ উক্তিটিতে বেশ বুদ্ধিদীপ্ত কিছু পেলেন বোধ হয়। কিন্তু তার সঙ্গীদের মুখে দুশ্চিন্তার ছাপ, তারা তীক্ষ্ণভাবে তার দিকে চেয়ে আছে। ভদ্রমহোদয়গণ? আমাকে বলুন তো, আমি কি কোনো সমস্যা পাকাতে সাহায্য করেছি?"

তারা বের হয়ে এলে গৃনকে ঘোড়ার গাড়িতে উঠতে সাহায্য করলেন লাওয়েল। পুরনো চার্চটা থেকে চলে আসার জন্যে হোমস্‌কে ক্যাবম্যানআর তার ঘোড়া দুটোকে জাগাতে হলো।

এই সময়, সৈনিক সাহায্য হোমের এক ছোট্ট জানালার পেছন থেকে এক জোড়া চোখ ঘোড়ার গাড়িতে ক'রে চলে যাওয়া লোকগুলোকে তীক্ষ্ণভাবে নজর দারী করলো, যাকে দান্তে ক্লাবের সদস্যরা লুসিফার নামে ডাকে।

জর্জ ওয়াশিংটন গৃন কর্নার'র লেখকদের ঘরে একটা হাতাওয়ালা চেয়ারে ব'সে আছেন। নিকোলাস রেই তাঁদের সঙ্গে যোগ দিয়েছে। গৃনের দান্তে সম্পর্কিত সারমন দেয়া এবং একজন সৈন্যের দান্তের ব্যাপারে আগ্রহের ব্যাপারটা নিয়ে প্রশ্ন করা হচ্ছে। এরপর লাওয়েল দান্তে খুনগুলোর সময়ানুক্রমিক বর্ণনা তুলে ধরলে গৃন কোনো প্রতিক্রিয়া দেখালেন না।

লাওয়েলের মুখ থেকে বিস্তারিত শুনতে শুনতে গৃন অনুভব করলেন দান্তের সাথে তার গোপন অংশীদারিত্বের ব্যাপারটা ক্রমাগতভাবে তার কাছ থেকে কেড়ে নেয়া হচ্ছে। সৈনিক সাহায্য সংস্থার ডায়াসটা তার শ্রোতাদেরকে মন্ত্রমুগ্ধ ক'রে রাখে। বুধবারের রাতে লংফেলোর ফায়ারপ্লেসের সামনে বসা এসবই মহান কবির প্রতি গৃনের স্থায়ী এবং বিশুদ্ধ একনিষ্ঠতার নিদর্শনকেই ইঙ্গিত করে।

"মাই ডিয়ার গৃন," লংফেলো শান্ত কণ্ঠে বললেন। "এইসব হত্যার রহস্য সমাধানের আগে আপনি আর কারোর সঙ্গে এই ঘরের বাইরে দান্তে সম্পর্কে কোনো কথা বলবেন না।"

গৃন কোনোরকম মাথা নেড়ে সায় দিতে সক্ষম হলেন। তার প্রকাশভঙ্গী একজন অক্ষম আর অথর্ব মানুষের। "আর, আগামীকালের জন্যে ঠিক করা আমাদের দান্তে ক্লাবের মিটিংয়ের কী হবে?" দূর্বল কণ্ঠে তিনি জানতে চাইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলো বিষণ্নভাবে মাথা দোলালেন।

ফিল্ডস্ বেল বাজিয়ে এক ছেলেকে ডেকে পাঠালেন গৃনকে তার মেয়ের বাড়িতে পৌঁছে দেবার জন্যে। লংফেলো তাকে তার ওভার কোটটা পরতে সাহায্য করতে উদ্যত হলেন।

"এটা কখনও করবেন না, বন্ধু," গৃন বললেন। "একজন যুবকের এটা দরকার নেই, আর একজন বৃদ্ধ এটা চায় না। "ছেলেটার হাতে হাত রেখে হল দিয়ে যাবার সময় তিনি একটু থামলেন, পেছনের লোকগুলোর দিকে না তাকিয়েই কথা বললেন। "আপনারা আমাকে বলতে পারতেন কী হয়েছে। আপনাদের মধ্যে যে কোনো একজনই সেটা বলতে পারতেন। হয়তো আমার তেমন কোনো শক্তি নেই...আমি জানি, আমি আপনাদের সাহায্য করতে পারতাম।"

তারা সবাই গৃনের চলে যাওয়া পর্যন্ত অপেক্ষা করলেন।

"হায়, যদি আমরা তাকে বলতে পারতাম," লংফেলো বললেন। "ভেবেছিলাম অনুবাদের সাথে খুনি প্রতিযোগীতা করছে, কী বোকাই না আমি!"

"ঠিক তা নয়, লংফেলো!" ফিল্ডস্ বললেন। "এখন আমরা কী জানি সে ব্যাপারে ভাবুন : বৃহস্পতিবার বিকেলে রোড আইল্যান্ডে ফিরে যাবার আগে গৃন তার সারমন দিয়ে থাকেন। ঘষামাজা করার জন্যে তিনি একটা ক্যান্টো বাছাই করেন, আর সেটা বেছে নিতেন অনুবাদের জন্যে আপনার নির্বাচন করা পরবর্তী দুই বা তিনটি ক্যান্টো থেকে। আমাদের অভিশপ্ত লুসিফার ঠিক ঐ একই শাস্তির কথা শোনে যা নিয়ে আমরা আমাদের নিজেদের দলের সঙ্গে বৈঠক করি। ছ'দিন আগেই সে এটা শুনে ফেলে। এর ফলে আমাদের লুসিফার আমাদের অনুবাদেরও এক বা দু'দিন আগে তার শিকার বেছে নেয়ার জন্যে পর্যাপ্ত সময় পেয়ে থাকে। তাই, পুরো ব্যাপারটা আমাদের কাছে মনে হয়েছিলো, লুসিফার আমাদের অনুবাদের সঙ্গে পাল্লা দিচ্ছে।"

"মিঃ লংফেলোর জানালাতে সতর্কবার্তা লেখার ব্যাপারটা তাহলে কি?" রেই জানতে চাইলো।

"লা মিয়া ত্রাদুজিওন!" ফিল্ডস্ তার দু'হাত ছুড়ে বললেন। "আমারা বেশ তাড়াহুড়ো ক'রে এ সিদ্ধান্তে এসেছিলাম যে, কাজটা খুনির। কলেজে ম্যানিংয়ের শেয়ালরা আমাদের অনুবাদ-কর্মটি ধীরগতির করার জন্যে চেষ্টা ক'রে থাকতে পারে।"

হোমস্ রেইয়ের দিকে ফিরলেন, "পেট্রলম্যান, উইলিয়াম বার্নডির কাছে কি এমন কিছু আছে যা আমাদের সাহায্যে লাগতে পারে?"

রেই জবাব দিলো, "বার্নডি বলেছে এক সৈনিক তাকে টাকা দিয়েছিলো এটা জানার জন্যে যে, রেভারেন্ড ট্যালবোটের সিন্দুকটা কিভাবে খোলা যায়। বার্নডির মনে হয়েছিলো কাজটাতে কোনো ঝুঁকি নেই, কিন্তু লাভ আছে, তাই সে ট্যালবোটের বাড়িতে গিয়েছিলো সিন্দুকটা কোন্ কোম্পানির সেটা দেখার জন্যে, আর ঐ সময়ই তাকে কয়েকজন দেখে ফেলে। ট্যালবোটের মৃত্যুর পর গোয়েন্দারা চাক্ষুষ সাক্ষীদের

BanglaBook.org

www.BanglaBook.org

খুঁজে বের করে এবং বার্নডির প্রতিদ্বন্দ্বী ল্যাংডন পিস্‌লির সাহায্যে তারা বার্নডির বিরুদ্ধে মামলাটা করতে সক্ষম হয়। বার্নডি একটু মদ্যপ ছিলো তাই কেবলমাত্র সৈনিকের পোশাক ছাড়া খুনির চেহারাটা স্মরণ করতে পারছে না। আমি তার স্মরণ শক্তির ওপর আস্থাও রাখতে পারছি না।"

"বার্নডিকে ফাঁসিতে ঝোলান! তাদের সবাইকে ঝোলান!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। আপনারা কি দেখতে পাচ্ছেন না? আমরা লুসিফারের এতো কাছাকাছি এসে পড়েছি যে, তার প্রাণভোমরাটা না ধরে আমাদের আর উপায় নেই। এটা ভাবুন : খুনের মাঝখানের বিরতির সময়টা এখন বোধগম্য হচ্ছে। লুসিফার আসলে কোনো দান্তে বিশেষজ্ঞ নয়–সে একজন দান্তের শ্রোতা ছাড়া আর কিছু নয়। গৃনের কাছ থেকে শাস্তিদানের বক্তৃতা শুনেই কেবল সে খুন করতে পারে। এক সপ্তাহে গৃন ক্যান্টো এগারো শোনালেন, যে ক্যান্টোটাতে কোনো শাস্তি দেবার কথা নেই, কোনো খুন নেই। তারপরের সপ্তাহে গৃন অসুস্থ হয়ে পড়লেন, আমাদের ক্লাবে উপস্থিত হতে পারলেন না। সারমনও দিতে পারলেন না–কোনো খুনও হলো না।"

"হ্যা, গৃন আমাদের *ইনফার্নো* অনুবাদের আগেও একবার অসুস্থ হয়েছিলেন। লংফেলো তার নোট থেকে পাতা ওল্টাতে শুরু করলেন। "এবং একবার তার পরে। সে সময়গুলোতেও কোনো খুনখারাবি হয় নি।"

লাওয়েল বলতে লাগলেন। "আর যখন আমরা আমাদের ক্লাবের মিটিং বন্ধ ক'রে দিয়ে সিদ্ধান্ত নিলাম, ট্যালবোট হত্যার তদন্ত করবো, খুনখারাবিও তখন একেবারে বন্ধ হয়ে গেলো–কারণ গৃনও সারমন দেয়া বন্ধ করেছিলেন– গৃন সারমন দিতে শুরু করতেই ফিনি জেনিসন খুন হলেন!"

"সাইমোনিয়াকের মাথার নিচে খুনির টাকা রাখাটা এখন পরিস্কার বোঝা যাচ্ছে।" লংফেলো আক্ষেপ ক'রে বললেন। "এটা সবসময়ই মিঃ গৃনের পছন্দের অনুবাদ ছিলো। যেভাবে দান্তের অনুকরণে খুন হয়েছে তাতে ক'রে গৃনের দান্তে পঠনটা আমার খেয়াল করা উচিত ছিলো।"

"নিজেকে দোষ দেবেন না, লংফেলো," ডা: হোমস্ তাড়া দিয়ে বললেন। "খুনির খুঁটিনাটি এমনই যে, কেবলমাত্র অভিজ্ঞ দান্তেবাদীই সেগুলো চিনতে পারতো। গৃন যে, তাদের নির্দোষ এক উৎস সেটা জানার কোনো উপায়ই ছিলো না।"

"আমি খুবই শংকিত," লংফেলো বললেন। "আমরা মাঝাছাক একটা ভুল ক'রে ফেলেছি। আমাদের অনুবাদ-কর্ম দ্রুত করার ফলে আমাদের বদমাশটি গৃনের কাছ থেকে এতো বেশি দান্তে সম্পর্কে শুনে ফেলেছে যে, বলার অপেক্ষা রাখে না।"

"আমি বলি কি আমরা বরং গৃনকে ঐ চ্যাপেলে ফেরত পাঠিয়ে দেই," লাওয়েল জোর দিয়ে বললেন। "তবে এবার তাকে বলবো দান্তে নয়, অন্য কিছু দিয়ে যেনো তিনি তার সারমন প্রদান করেন। আমরা শ্রোতাদের দিকে লক্ষ্য রাখবো, বিরক্ত হয়ে উঠেছে এমন কাউকে দেখার জন্যে অপেক্ষা করবো, এরপর আমরা আমাদের লুসিফারকে পাকড়াও করবো!"

BanglaBook.org

www.BanglaBook.org

"এটা গৃনের জন্যে খুবই ঝুঁকিপূর্ণ একটা খেলা হয়ে যাবে না?" ফিল্ডস্ বললেন। তিনি নিজে এই কৌশলটাতে জড়িত থাকবেন না বলেই মনে হলো। তাছাড়া, সৈনিক সাহায্য হোমগুলো অর্ধেকই বন্ধ, আর সৈনিকেরা এইসময়ের মধ্যে হয়তো পুরো শহরে ছড়িয়ে পড়েছে। এ রকম কোনো পরিকল্পনা আঁটার জন্যে আমাদের হাতে সময় খুব বেশি নেই। লুসিফার যে কোনো মুহূর্তে আঘাত হানতে পারে, তার মাথায় যে বিকৃত ছবি আছে তাতে ক'রে সে যাকেই নিজের বিরুদ্ধে ভাববে তাকেই হত্যা করতে পারে!"

"তার এরকম বিশ্বাসের নিশ্চয় কোনো কারণ রয়েছে, ফিল্ডস্," হোমস জবাব দিলেন। "উন্মাদগ্রস্ততা প্রায়শই অতিরিক্ত যুক্তিবাদী লোকের মধ্যে গেঁড়ে বসে।"

"আমরা এখন জানি, সারমন শোনার পর খুনের প্রস্তুতি নেবার জন্যে খুনির হাতে অন্তত আরো দু'দিন সময়ের দরকার আছে," পেট্রেলম্যান রেই বললো। "মিঃ গৃন সৈনিকদের কাছে দান্তের যে অংশটা শেষ বলেছেন সেই থেকে কি আমরা সম্ভাব্য শিকার কে হতে পারে তা বের করতে পারি না?"

লাওয়েল বললেন, "আমার আশংকা হচ্ছে সেটা আমরা করতে পারবো না। একটা বিষয়, লুসিফার কী ক'রে তার সাম্প্রতিক সারমনটা শুনে প্রতিক্রিয়া দেখায় সে ব্যাপারে আমাদের কোনো ধারণাই নেই। একটু আগে আমাদের শোনা বিশ্বাসঘাতকদের ক্যান্টোটা তার চিন্তা-ভাবনায় বেশ আলোড়ন তুলবে বলেই আমার ধারণা। কিন্তু আমরা কিভাবে অনুমান করতে পারবো, এই উন্মাদের মাথায় কোন্ বিশ্বাসঘাতকের চিন্তা ঘুরপাক খাচ্ছে?"

"গৃন যদি স্মরণ করতে পারতেন কোন্ সৈনিকটি তার কাছে দান্তে পড়ার আগ্রহ নিয়ে এসেছিলেন তাহলে এটা সম্ভব হোতো," হোমস্ বললেন। "সে একটা ইউনিফর্ম প'রে ছিলো, তার গোঁফ ছিলো, এবং একটু খুঁড়িয়ে খুঁড়িয়ে হাটে। যদিও আমরা জানি, প্রতিটি হত্যাকাণ্ডে খুনির কি রকম শক্তি প্রয়োগ করতে হয়েছে, আর তার পায়ের দ্রুততাও যে বেশ ভালো সেটাও স্পষ্ট বোঝা যায়–হত্যার আগে বা পরে তাকে কোনো লোক দেখে নি। একজন খোঁড়া লোকের পক্ষে কি এতো দ্রুত কেটে পড়া সম্ভব?"

লাওয়েল উঠে দাঁড়িয়ে হোমসের কাছে ছুটে গেলেন। "আপনার পদক্ষেপ কি এরকম আস্তে করে বদলে যেতে পারে না, ওয়েন্ডেল, যদি আপনার আসল শক্তিমত্তাটা দুনিয়ার কাছ থেকে আড়াল করতে চান?"

"না, আমরা এমন কোনো প্রমাণ দেখি নি যে, আমাদের খুনি লুকোতে চায়, বলা যায়, আমরা কেবল তাকে দেখতে সমর্থ হই নি। এটা ভাবুন, গৃন আমাদের লুসিফারের চোখের দিকে তাকাতেন!"

"অথবা সেইসব ভদ্রমহোদয়গণের দিকে যারা দান্তের শক্তিতে আচ্ছন্ন হয়ে আছে," লংফেলো বললেন।

"এটা খুবই উল্লেখযোগ্য যে, সৈনিকটি কতো উত্তেজনা নিয়েই না দান্তে শুনতে

BanglaBook.org

www.BanglaBook.org

চায়," লাওয়েল স্বীকার করলেন। "দান্তের পাঠকেরা ছাত্র হয়ে ওঠে, আর তার ছাত্রেরা হয়ে ওঠে ধর্মান্ধ, আর যা একটা রুচি হিসেবে শুরু হয় সেটা হয়ে ওঠে একটা ধর্ম। গৃহহীন একজন হাজার হাজার সকৃতজ্ঞ হৃদয়ে তার নীড় খুঁজে পায়।"

একটা আলো ভেসে এলে হল থেকে নরম একটা কণ্ঠ শোনা গেলো।

ফিল্ডস্ উদভ্রান্তের মতো মাথা ঝাঁকালেন। "অসগুড, দয়া ক'রে এবারের মতো তুমি এটা একটু সামলাও।"

দরজার নিচ দিয়ে ভাঁজ করা একটা কাগজ বাইরে থেকে কে যেনো ঢুকিয়ে দিলো। "একটা মেসেজ, মিঃ ফিল্ডস্।"

নোটটা খোলার আগে ফিল্ডস্ একটু দ্বিধাগ্রস্ত হলেন। "এটা তো হাটনের সিল। 'আপনার অনুরোধের প্রেক্ষিতে দেয়া হলো, আমার বিশ্বাস আপনি এটা জানতে খুবই আগ্রহী হবেন যে, মিঃ লংফেলোর অনুবাদের প্রুফশিটগুলো পাওয়া যাচ্ছে না। স্বাক্ষর, এইচ. ও .এইচ।'

সবাই চুপ মেরে গেলে রেই লেখাটা আবারো পড়লো।

ফিল্ডস্ বুঝিয়ে বললেন, "অফিসার, আমরা যখন ভুল ক'রে বিশ্বাস করেছিলাম যে, খুনি আমাদের অনুবাদের সঙ্গে পাল্লা দিচ্ছে, তখন আমার প্রিন্টার মিঃ হাটনকে আমি এটা নিশ্চিত করতে বলেছিলাম, কেউ যেনো মিঃ লংফেলোরর অনুবাদের প্রুফের কাগজগুলো হাতাতে না পারে, এবং এভাবে আমাদের অনুবাদের ধরণটা ধ'রে ফেলতে না পারে।"

"হায় ঈশ্বর, ফিল্ডস্!" লাওয়েল ফিল্ডসের হাত থেকে হাটনের নোটটা নিয়ে ছিঁড়ে ফেললেন। "এইমাত্র কেবল আমরা এই সিদ্ধান্তে এসেছিলাম যে, গৃনের সারমনটাই সবকিছু ব্যাখ্যা ক'রে ফেলেছে। এই লেখাটা তো দেখছি সবই উল্টে দিলো!"

লাওয়েল, ফিল্ডস্ আর লংফেলো দেখতে পেলেন, হেনরি অস্কার হাটন প্লেট বানাতে গিয়ে ভুল করার জন্যে প্লেট মেকারকে হুমকী দিয়ে একটা চিঠি কম্পোজ করতে ব্যস্ত। এক কেরাণী তাঁদের আসার কথা ঘোষণা করলো।

"আপনি আমাকে বলেছিলেন, ফাইল রুম থেকে কোনো প্রুফই খোয়া যায় নি, হাটন!" চেঁচামেঁচি শুরু করার আগে ফিল্ডস্ এমন কি তার টুপিটা পর্যন্ত খুললেন না। হাটন তার কেরাণীকে বিদায় ক'রে দিলেন। "আপনি ঠিকই বলেছেন, মিঃ ফিল্ডস্। সেগুলো এখনও অক্ষতই আছে," তিনি বোঝালেন। "তবে আপনি তো জানেনই আমি সব ধরণের গুরুত্বপূর্ণ প্লেট আর প্রুফের বাড়তি একটা সেট নিচের তলার সিন্দুকে জমা রাখি, আগুনে কিংবা কোনো দূর্ঘটনাতে যাতে সব শেষ হয়ে না যায় সেজন্যে--স্যাডবুরি স্ট্রট-এর আগুন লাগার পর থেকেই এমনটি ক'রে আসছি। আমি সবসময়ই জানতাম যে, আমার কোনো ছেলে সেই সিন্দুকটি ব্যবহার করে না। সেটা

BanglaBook.org

www.BanglaBook.org

করার কোনো দরকারও নেই তাদের–চুরি হওয়া প্রুপ শিটের তো কোনো বাজারমূল্য নেই। আর আমার কর্মচারীরা বই পড়তে গেলে তাদের গায়ে জ্বর এসে প'ড়ে। কে যেনো বলেছে, 'যদিও সাধুরা লিখে থাকে, কিন্তু ছাপায় শয়তানেরা?' মানে আমি এটা একটা সিলে একবার খোদাই ক'রে রেখেছিলাম কথাটা।" হাটন তার অভিজাত মুচকি হাসিটা হাতের আড়ালে লুকালেন।

"টমাস মুর," লাওয়েল জবাবটা না দিয়ে পারলেন না, যেহেতু এটা তার জানা ছিলো।

"হাটন," ফিল্ডস্ বললেন। "অন্য প্রুফগুলো কোথায় রাখা আছে সেটা আমাদের একটু দেখান।"

ফিল্ডস, লাওয়েল আর লংফেলোকে সিঁড়ি দিয়ে নিচতলার একটা কক্ষে নিয়ে গেলেন হাটন। ঘরের শেষ মাথায় একটা বিশাল সিন্দুক রাখা আছে, একটা দেউলিয়া হয়ে যাওয়া ব্যাংক থেকে হাটন জিনিসটা কিনেছিলেন। "ফাইলরুমে মিঃ লংফেলোর প্রুফগুলো চেক্ করার পর আমি ভাবলাম সিন্দুকে রাখা দ্বিতীয় সেট প্রুফটাও চেক্ ক'রে দেখি। আর গিয়ে কী দেখলাম! মিঃ লংফেলোর অনুবাদ করা *ইনফার্নো*'র কয়েকটি অংশের প্রুফ লাপাত্তা হয়ে গেছে।"

"ওগুলো কখন খোয়া গেছে?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন।

হাটন কাঁধ ঝাঁকালেন। "এই সিন্দুকটা তো আমি নিয়মিত খুলে দেখি না, বুঝলেন। এইসব প্রুফ কয়েকদিন আগে খোয়া যেতে পারে–কয়েক মাসও হতে পারে–আমার অগোচরে।"

লংফেলো তার নাম লেখা লেবেল সমৃদ্ধ দেরাজটা খুঁজে পেলেন এবং লাওয়েল তাকে *ডিভাইন কমেডি*'র শিটগুলো খুঁজে বের করতে সাহায্য করলেন। *ইনফার্নো*'র কয়েকটি ক্যান্টো পাওয়া গেলো না।

লাওয়েল চাপা কণ্ঠে বললেন, "ক্যান্টো তিনের কিছু অংশ নেই, তবে এটাই মনে হয় একমাত্র খোয়া যাওয়া অংশ যার সাথে হত্যাকাণ্ডের সংযোগ রয়েছে।"

প্রিন্টার ভদ্রলোক নিজের গলাটা পরিস্কার ক'রে নিয়ে তাঁদের কথার মাঝখানে নাক গলালেন।

"আপনারা যদি খুব বেশি ক'রে চান তো আমি এখানে প্রবেশ করে এরকম সবাইকে একসঙ্গে এনে হাজির করতে পারি। আমি এটার একটা বিহিত করতে চাই। আমি যদি কোনো ছেলেকে বলি আমার ওভারকোটটা ঝুলিয়ে রাখতে তো আমি আশা করবো সে ফিরে এসে আমাকে জানাবে কাজটা সে করেছে।"

হাটনের বেল শুনতে পেয়ে ছাপাখানার ভূতেরা দৌড়াদৌড়ি ক'রে রিভারসাইড প্রেসের কফি রুমে জড়ো হলো।

তাদের যথারীতি হৈহল্লা থামাতে হাটন বার কয়েক হাতে তালি বাজালেন। "ছেলেরা, প্লিজ, একটা ছোটোখাটো সমস্যা হয়েছে। তোমরা নিশ্চয় আমাদের

www.BanglaBook.org

অতিথিদের একজনকে চিনতে পেরেছো, ক্যামবৃজের মিঃ লংফেলো। তার সাহিত্যকর্ম আমাদের প্রেসের জগতে বানিজ্যিক এবং সাহিত্যিক উভয় দিক থেকেই বেশ গুরুত্বপূর্ণ।"

ছেলেদের মধ্যে একজন লাল চুলের, গ্রাম্য আর বিবর্ন হলুদ মুখের ছেলে নার্ভাসভাবে লংফেলোর দিকে তাকাচ্ছে। লংফেলো ব্যাপারটা খেয়াল ক'রে লাওয়েল আর ফিল্ডস্‌কে ইশারা করলেন।

"মনে হচ্ছে আমার বেসমেন্টের সিন্দুকে রাখা কিছু প্রুফ...খোয়া গেছে বলা চলে!" হাটন কথা বলতে গিয়ে সেই হলুদ মুখের ছেলেটার অস্থির ভাবখেয়াল করলেন। লাওয়েল তার হাতটা দিয়ে আস্তে ক'রে সেই ছেলেটার কাঁধ স্পর্শ ক'রে ইশারা করলেন। লাওয়েলের স্পর্শ পেয়েই সেই ছেলেটা এক সহকর্মীকে ধাক্কা মেরে মাটিতে ফেলে দিয়ে ভো দৌড় দিলো। লাওয়েলও সঙ্গে সঙ্গে তার পিছু নিলেন এবং ঠিক সেই সময়ে এক মোড়ে এসে পেছনের সিঁড়িতে পায়ের শব্দ শুনতে পেলেন।

কবি ভদ্রলোক সামনের অফিসের দিকে ছুটলেন, পাশের সরু সিঁড়িটা দিয়ে নেমে গেলেন। তিনি হুড়মুড় ক'রে বাইরে বেরিয়ে এসে ছেলেটা নদীর তীরের দিকে যাওয়ার সময় তার পথ আগলে দাঁড়ালেন তিনি। তার দিকে শক্ত ক'রে ঘুষি মারলে বদমাশটা সরে গিয়ে ঘুষিটা এড়িয়ে কুয়াশাচ্ছন্ন নদী তীরের দিকে চলে গেলো। কিন্তু চার্লস্ নদীর জমাটবাধা পানিতে পড়ে গেলো সে। ওখানে কিছু ছেলে আঙটা নিয়ে খেলছে। নদীর জমে যাওয়া পানি গ'লে ছেলেটা তলিয়ে যেতে লাগলো।

লাওয়েল এক ছেলের কাছ থেকে একটা আঙটা নিয়ে বরফের ঠাণ্ডায় আক্রান্ত বদমাশটার দিকে ছুঁড়ে মারলে সেটা তার শার্টের কলারে আঁটকে গেলো।

"তুমি ঐসব প্রুফগুলো কেন চুরি করেছো, বদমাশ কোথাকার?" লাওয়েল চিৎকার ক'রে বললেন।

"তাতে আপনার কি? স'রে দাঁড়ান!" সে তার কম্পিত দাঁতের ফাঁক দিয়ে কথাগুলো বললো।

"তুমি আমাকে বলবে!" চোখমুখ খিচে লাওয়েল বললেন।

"শালার বুড়ো জাহান্নামে যাও!"

লাওয়েলের মুখে রক্ত উঠে গেলো। তিনি ছেলেটার চুল ধ'রে পানিতে চুবালেন। বদমাশটা মুখ থেকে অর্ধগলিত বরফ থুথু দিয়ে ফেলে চিৎকার চেঁচামেচি করলো। এই সময় হাটন, লংফেলো আর ফিল্ডস্—এবং আধ ডজন ছাপাখানার ভূতের দল, যাদের বয়স বারো থেকে একুশের মধ্যে—প্রেসের সামনের দরজা দিয়ে উঁকি মেরে দেখার চেষ্টা করলো।

লংফেলো চেষ্টা করলেন লাওয়েলকে নিবৃত্ত করতে।

"আমি ঐ শালার প্রুফগুলো বেঁচে দিয়েছি, হ্যা, বেঁচে দিয়েছি!" বদমাশটা চিৎকার ক'রে বলেই দম নেবার চেষ্টা করলো। লাওয়েল তাকে উঠে দাঁড় করিয়ে তার

BanglaBook.org

www.BanglaBook.org

হাত দুটো শক্ত ক'রে ধরে রাখলেন। তার পেছনে আঁটকে থাকা বড়শিটা খুললেন না। ঠাণ্ডা বরফের পানিতে অতীষ্ঠ হয়ে ছেলেটা হাঁসফাঁস করছে। "আমি দুঃখিত, মিঃ হাটন। আমি কখনও ভাবি নি ওগুলো খোয়া যাবার ব্যাপারটা কেউ বুঝতে পারবে! আমি জানতাম ওগুলো বাড়তি কিছু ছিলো!"

হাটনের মুখটা টমাটোর মতো লাল হয়ে গেলো। "প্রেসের ভেতরে। সবাই ভেতরে যাও!" উঁকি মারা ছেলেগুলোর উদ্দেশ্যে চিৎকার ক'রে হাটন বললেন।

ফিল্ডস্ খুব ধৈর্য নিয়ে এগিয়ে এলেন। "সত্য কথা বলো, বাবা, তাতে তোমার ভালেই হবে। আমাদেরকে সোজাসুজি বলো–কার কাছে তুমি ওগুলো বিক্রি করেছো?"

"কোনো পাগলের কাছে। খুশি? রাতে যখন আমি কাজ শেষে ফিরছিলাম তখনই সে এসেছিলো। আমাকে সে মিঃ লংফেলোর নতুন কাজের বিশ অথবা ত্রিশ পৃষ্ঠা সরিয়ে চালান করতে বললো, এমন ভাবে সরাতে হবে যে, কেউ যেনো বুঝতে না পারে কিছু খোয়া গেছে। কিভাবে আমি আমার পকেটে বাড়তি কিছু পয়সা পেতে পারি সে ব্যাপারে আমাকে বারবার বোঝাতে লাগলো সে।"

"আরে রাখো তোমার প্যাচাল! লোকটা কে, সেটা আগে বলো?" লাওয়েল জানতে চাইলেন।

"একেবারে সত্যিকারের ছিট। লম্বা টুপি, কালো গ্রেটকোট আর আলখেল্লা পরা। দাড়ি আছে মুখে। তার পরিকল্পনায় রাজি হবার পর সে আমাকে টাকা দেয়। ঐ শূয়োরটাকে আমি আর কখনও দেখি নি।"

"তাহলে তুমি তার কাছে প্রুফগুলো দিলে কী ক'রে?" লংফেলো জিজ্ঞেস করলেন।

"ওগুলো তো সে নিজে নেয় নি। সে আমাকে বলেছিলো একটা ঠিকানায় পৌছে দিতে। আমার মনে হয় না সেটা তার নিজের বাড়ি ছিলো–তো, তার কথাবার্তা শুনে এটাই আঁচ করতে পেরেছিলাম, আর কি। রাস্তাটার নাম্বার কতো তা আমার মনে নেই, তবে জায়গাটা এখান থেকে বেশি দূরে নয়। সে আমাকে বলেছিলো প্রুফগুলো আমার কাছে আবার ফিরিয়ে দেবে যাতে ক'রে মিঃ হাটন বুঝতে না পারেন, কিন্তু শালার বদমাশটা আর আসে নি।"

"সে হাটনকে তার নামে চিনতো?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"শোনো, সুবোধ বালক," লাওয়েল বললেন, "আমাদেরকে জানতে হবে ঠিক কোথায় তুমি প্রুফগুলো নিয়ে গিয়েছিলে?"

"আমি তো আপনাদেরকে বলেছি," কাঁপতে কাঁপতে ছেলেটা জবাব দিলো। "কোনো নাম্বার আমার মনে নেই।"

"তোমাকে দেখে আমার তেমন বোকা মনে হচ্ছে না," লাওয়েল বললেন।

"সেরকম মনে করার কোনো কারণ নেই! আমি যদি হেঁটে যাই তো বাড়িটা দেখে চিনতে পারবো!"

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল মুচকি হাসলেন। "চমৎকার, তুমি আমাদেরকে ওখানে নিয়ে যাচ্ছো তাহলে।"

"না, আমি সেটা করবো না! আমার চাকরি না থাকলেও করবো না!"

হাটন সামনে এগিয়ে এলেন। "কখনও না, মিঃ কলবি! বুঝেশুনে সিদ্ধান্ত নাও, পাছে না আবার পস্তাতে হয়!"

"আমাদের কথা না শুনলে তোমাকে চৌদ্দশিকের ভেতরে যেতে হবে, মনে রেখো," লাওয়েল বললেন। "তুমি চুরি ক'রে প্রুফগুলো যেখানে বিক্রি করেছিলে আমাদেরকে ঠিক সেখানেই নিয়ে যাবে, মিঃ কলবি, অথবা পুলিশ তোমাকে সেখানে নিয়ে যাবে।"

"রাত নামলে, কয়েক ঘণ্টা পরে আমার সঙ্গে দেখা করুন," বদমাশটা বেশ তেজের সঙ্গেই বললো। লাওয়েল কলবিকে ছেড়ে দিলে সে রিভারসাইড প্রেসের চুলার কাছে চলে গেলো।

এরই মধ্যে ডাঃ হোমস্ এবং নিকোলাস রেই সৈনিক সাহায্য হোমে ফিরে এলো যেখানে গৃন সেই বিকেলে ধর্মোপদেশ দিয়েছিলেন। কিন্তু তারা গৃনের দেয়া বর্ণনামতে সেরকম কোনো দাস্তে ভক্তকে খুঁজে পেলো না। চ্যাপেলটা যথারীতি রাতের খাবারের প্রস্তুতি নিচ্ছিলো না। ভারি মোটা নীল রঙের কোট পরা এক আইরিশ জানালা দিয়ে মাথা বের ক'রে রেখেছে।

"হোমটা তার সব টাকা সারা রাত ধরে চুলা জ্বালিয়ে খরচ ক'রে ফেলে। কর্তৃপক্ষ সৈনিকদের সাহায্য তহবিল বাড়ানোর অনুমোদন দেয় নি, আমি এরকমটিই শুনেছি। তারা বলছে তারা নাকি এটা বন্ধ ক'রে দেবে, অন্ততপক্ষে শীতকালীন মাসগুলোতে। আমার সন্দেহ রয়েছে এটা আবার খোলা দেখতে পারবো কিনা। স্যার। এইসব হোমগুলো আর তাদের পঙ্গু লোকেরা আমাদেরকে স্মরণ করিয়ে দেয় আমরা সবাই কী ভুলটাই না করেছি।"

রেই এবং হোমস্ হোমের ম্যানেজারকে ডেকে পাঠালো। কেয়ার টেকার তাদেরকে বলেছিলো সাবেক চার্চের ডিকনকে সাময়িকভাবে সরিয়ে নেয়া হয়েছে : এটা আবহাওয়ার কাজ, সে জানালো–তারা এলাকাটাতে উষ্ণতা দেবার ক্ষমতা রাখে না, মানে পুরো হোমে উষ্ণতা দিতে তারা সক্ষর নয়। সে আরো জানালো যে, যেসব সৈনিক তাদের এখানে এসে সুযোগ সুবিধা গ্রহণ ক'রে তাদের নাম-ধামের কোনো তালিকা তারা সংরক্ষণ করে না। এটা জনগণের অনুদানে চলে। সবার জন্যেই খোলা, সব রেজিমেন্ট এবং শহরের জন্যেই প্রযোজ্য এটা। তবে এখানে কেবল গরীব সৈনিকেরাই আসে না, যদিও এটার প্রতিষ্ঠার উদ্দেশ্য সেরকমই ছিলো। এর বাইরে, অনেক দীনহীন লোকও আসে। ডিকন কিছু সৈনিককে নামে চেনেন, কিছু রেজিমেন্টাল নাম্বারও জানেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"আমরা যাকে খুঁজছি তাকে হয়তো আপনি চিনতে পারেন। এটা খুবই গুরুত্বপূর্ণ একটি ব্যাপার।" জর্জ ওয়াশিংটনের দেয়া বর্ণনাটা রেই আবার তুলে ধরলো।

ম্যানেজার মাথা দোলালেন। "আপনাদের জন্যে আমার জানা লোকের কিছু নাম আমি লিখে দিচ্ছি এখানে। সৈনিকেরা একে অন্যকে বেশ ভালো করেই চেনে, অন্ত তপক্ষে আমাদের তুলনায়।"

সে যখন আস্তে আস্তে লিখে যাচ্ছে, হোমস্ তখন চেয়ারে ব'সে সামনে-পেছনে দোল খেতে লাগলেন।

ফিল্ডসের কোচটা চালিয়ে রিভারসাইড প্রেসের গেটের কাছে এলেন লাওয়েল। লাল চুলের ছাপাখানার ভূতটি তার কথামতো জায়গাতে একটা রুগ্ন ঘোড়ার পিঠে ব'সে আছে। তারা তার ঘোড়াটাকে ডিস্টেম্পার'র, মানে ঘোড়ার বদমেজাজি রোগের ঝুঁকির মধ্যে ফেলে দিয়েছেন–এরকম অভিযোগের পর কলবি কয়েকটা ছোট্ট এভিনু পেরিয়ে বাতিবিহীন একটা বরফে জ'মে যাওয়া মাঠের কাছে এসে থামলো। পথটা এতোটাই হিজিবিজি আর ঘোরানো প্যাঁচানো যে, ক্যামব্রিজ অভিজ্ঞ লাওয়েল পর্যন্ত খেই হারিয়ে ফেলছেন, তিনি কেবলমাত্র তার সামনের থাকা খুঁড়ের শব্দ ধরে এগিয়ে চলছেন।

একটা সাদামাটা কোলোনিয়াল বাড়ির পেছনের আঙিনায় এসে বদমাশটা থামলো।

"এই বাড়িটা–এখানেই আমি প্রুফগুলো নিয়ে এসেছিলাম। পেছনের দরজার নিচ দিয়ে রেখে চলে গিয়েছিলাম, ঠিক যেমনটি আমাকে বলা হয়েছিলো।"

লাওয়েল কোচটা থামালেন। "এটা কার বাড়ি?"

"বাকিটা আপনারা খুঁজে দেখেন!" নাক সিঁটকে কলবি ঘোড়ার পেটে দুপা দিয়ে চাপ দিতেই ঘোড়াটা ঠাণ্ডা জামিনের ওপর দিয়ে হনহন ক'রে ছুটে চলে গেলো।

একটা লণ্ঠন হাতে নিয়ে ফিল্ডস্ লাওয়েল এবং লংফেলোকে বাড়ির পেছন দিকে নিয়ে গেলেন।

"ভেতরে কোনো বাতি জ্বলছে না," একটা জানালার কাঁচের জ'মে থাকা তুষার বিন্দু পরিস্কার ক'রে দেখে নিয়ে লাওয়েল বললেন।

"চলুন, সামনের দিকে যাই, ঠিকানাটা লিখে রাখুন, তারপর রেইকে সঙ্গে নিয়ে আবার আসি," ফিল্ডস্ চাপা কণ্ঠে বললেন। "ঐ শঠ প্রতারক কলবি হয়তো আমাদের সাথে ছেলে খেলা খেলছে। সে একটা চোর, লাওয়েল! তার বন্ধুদেরকে সে হয়তো আশেপাশে ঘাপটি মেরে রেখেছে আমাদেরকে কাছ থেকে সব কিছু ছিনতাই করার উদ্দেশ্যে।"

লাওয়েল দরজার কড়া নাড়লেন বার কয়েক। "যেভাবে সব কিছু ঘটেছে তাতে ক'রে আমরা যদি এখন এখান থেকে চলে যাই বাড়িটা সকালবেলায় একেবারে উধাও হয়ে যাবে।"

www.BanglaBook.org

"ফিল্ডস্ ঠিকই বলেছেন। আমাদেরকে ভেতরে যেতে হবে, মাই ডিয়ার লাওয়েল," লংফেলো ফিস্‌ফিসিয়ে বললেন। "হ্যালো!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। দরজায় আঘাত ক'রে বললেন। "এখানে কেউ নেই।" কিন্তু দরজাটাতে লাথি মারতেই সঙ্গে সঙ্গে খুলে গেলে লাওয়েল বেশ অবাক হয়ে গেলেন। "দেখলেন তো? আজরাতে ভাগ্য আমাদের সঙ্গেই আছে।"

"জেমি, আমরা এভাবে অনুপ্রবেশ করতে পারি না! বাড়িটা যদি আমাদের লুসিফারের হয় তো, কী হবে? আমরা সবাই শেষে জেলে ঢুকবো!" ফিল্ডস্ বললেন।

"তাহলে আমরা আমাদের পরিচয় দেবো," লাওয়েল কথাটা বলেই ফিল্ডসের হাত থেকে লণ্ঠনটা নিয়ে নিলেন।

লংফেলো বাইরে থাকলেন, লক্ষ্য রাখলেন তাঁদের গাড়িটা যেনো কেউ দেখে না ফেলে। লাওয়েলকে অনুসরণ ক'রে ফিল্ডস্ ভেতরে ঢুকলেন। প্রকাশক ভদ্রলোক অন্ধকারের মধ্য দিয়ে যাবার সময় প্রতিটি খুটখাট শব্দে চমকে উঠলেন। ভেতরে প্রচণ্ড ঠাণ্ডা, পেছনের খোলা দরজা দিয়ে বাতাস ঢুকলে জানালার পর্দাগুলো ভৌতিক আবহ তৈরি করলো। কয়েকটা ঘর বেশ ভালোভাবেই গোছগাছ করা। বাকিগুলো একেবারে ফাঁকা। বাড়ির ভেতরটাতে ঘন অন্ধকার বাড়িটা অব্যবহৃত থাকাকেই ইঙ্গিত করে।

লাওয়েল একটা পরিপাটি ডিম্বাকৃতির ঘরে প্রবেশ করলেন। ঘরটার ছাদ গীর্জার ছাদের মতো। এমন সময় তিনি শুনতে পেলেন ফিল্ডস্ থুতু ফেলছেন, মুখ এবং দাঁড়িতে খামচাচ্ছেন। লাওয়েল লণ্ঠনের আলোটা বাড়িয়ে দিলেন। "মাকড়ের জাল। অর্ধেক তৈরি হয়েছে মাত্র।" লণ্ঠনটা তিনি লাইব্রেরির সেন্ট্রাল টেবিলের ওপর রাখলেন। "অনেক দিন ধরেই এখানে কেউ থাকে না।"

"অথবা, এখানকার বাসিন্দা পোকামাকড়ের উপস্থিতিতে বিরক্ত বোধ করে না।"

লাওয়েল কথাটা একটু ভাবলেন। "চারপাশে তাকিয়ে দেখুন এমন কিছু পাওয়া যায় কিনা যাতে বোঝা যেতে পারে বদমাশটা কেন লংফেলোর প্রুফ শিটের জন্যে টাকা দিয়েছিলো।"

ফিল্ডস্ কিছু বলতে যাবে মাত্র, এমনই সময়ে সারাটা বাড়ি জুড়ে একটা চিৎকার আর মানুষের ভারি পায়ের শব্দ শোনা গেলো। লাওয়েল এবং ফিল্ডস্ একে অন্যের দিকে প্রচণ্ড ভয়ে তাকালেন।

"ডাকাতি!" পাশের দরজা দিয়ে এক বেটে লোক লাইব্রেরিতে ঢুকে পড়লো। "ডাকাতি! সামনে এসে দাঁড়াও তা না হলে আমি ডাকাত ডাকাত ব'লে চেঁচাবো!"

লোকটা তার শক্তিশালী লণ্ঠন নিয়ে সামনের দিকে এগিয়ে এলো। তারপরই আতংকে থেমে গেলো সে। তাঁদের জামাকাপড় এবং মুখের দিকে হা ক'রে চেয়ে রইলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"মিঃ লাওয়েল? আপনি? আর মিঃ ফিল্ডস্?"

"র‍্যানড্রিজ?" ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন। "র‍্যানড্রিজ দর্জি?"

"হ্যাঁ," র‍্যানড্রিজ লাজুকভাবে বললো। লংফেলো দৌড়ে ভেতরে এসে ঢুকলেন।

"মিঃ লংফেলো?" র‍্যানাড্রিজ তার স্লিপিং ক্যাপটা ফেলে দিতে উদ্যত হলো।

"তুমি এখানে থাকো, র‍্যানাড্রিজ? এইসব প্রুফ নিয়ে তুমি কী করেছো?" লাওয়েল জানতে চাইলেন।

র‍্যানড্রিজ অবাক হলো। "এখানে থাকি মানে? আরে, আমি তো দুটো বাড়ির পরে থাকি, মিঃ লাওয়েল। একটা আওয়াজ শুনে ভাবলাম বাড়িটাতে একটু খোঁজ নিয়ে আসি। আমি আশংকা করেছিলাম, হয়তো বাড়িটাতে চুরি হচ্ছে। তারা তো সব কিছু গোছগাছ ক'রে এখনও চলে যায় নি। দেখতেই তো পাচ্ছেন।"

লাওয়েল জিজ্ঞেস করলেন, "কে এখনও যায় নি?"

"কেন, তার আত্মীয়েরা। আর কে?"

ফিল্ডস্ একটু পিছু হটে লণ্ঠনের আলোটা বইয়ের শেলফের দিকে ফেললেন, তার দু'চোখ বাইবেলের অসংখ্য কপি দেখে ছানাবড়া হয়ে গেলো। কমপক্ষে ত্রিশ অথবা চল্লিশটি হবে। সবচাইতে বড়টা হাতে তুলে নিলেন ফিল্ডস্।

র‍্যানড্রিজ বললো, "তারা এইসব জিনিস নেবার জন্যে মেরিল্যান্ড থেকে এসেছে। তার ভাগ্নেরা এরকম ঘটনার জন্যে একেবারে অপ্রস্তুত ছিলো, সেটা আমি বলতে পারি। আর কেনই বা হবে না? আমি যখন শব্দ শুনতে পেলাম ভাবলাম কোনো আইরিশ হয়তো কিছু সুভেনু সরিয়ে ফেলার চেষ্টা করছে–জানেনই তো এসবের ব্যাপারে সবারই একটু আগ্রহ থাকে। আইরিশরা এই অঞ্চলে আসতে শুরু করার সময় থেকে...অনেক কিছুই খোয়া যাচ্ছে আর কি।"

লাওয়েল জানেন ক্যামব্রিজের ঠিক কোথায় র‍্যানড্রিজ থাকে। এবার ঘরের ভেতরে নজর দিলেন তিনি। অন্ধকার ঘরের দেয়ালে টাঙানো অতি পরিচিত ছবিগুলো খুঁজে বের করার জন্যে চোখ দুটো মানিয়ে নেবার চেষ্টা করলেন তিনি।

"আজকাল কোনো শান্তি নেই, বন্ধুগণ, এটা আমি বলতে পারি," দর্জি লোকটা বিষন্ন কণ্ঠে বলতে লাগলো। "এমনকি মৃতদের জন্যেও।"

"মৃতদের?" লাওয়েল পুণঃউচ্চারণ করলেন।

"মৃত," ফিল্ডস্ ফিস্‌ফিসি ক'রে বললেন, লাওয়েলের হাতে একটা বাইবেল দিলেন। এটার ভেতরের কভারে সুন্দর ক'রে পুরো পরিবারের বংশ তালিকা লেখা আছে, সেটা এই বাড়ির প্রয়াত বাসিন্দা রেভারেন্ড আলিশা ট্যালবোটের নিজের হাতের লেখা।

BanglaBook.org

www.BanglaBook.org

অধ্যায় ১৬

ইউনিভার্সিটি হল, ৮ই অক্টোবর ১৮৬৫

প্রিয় রেভারেন্ড ট্যালবোট,

আমি আরেকবার জোর দিয়ে বলতে চাই যে স্বাধীনতাটা আপনি অবশ্যই বিবেচনা করবেন সেটা ভাষা এবং সিরিজের মতোই আপনার যোগ্য হাতে থাকবে। মিঃ---- আমাদেরকে আশ্বস্ত করেছেন যে, তিনি এটা তার সাহিত্যিক রিভিউয়ের জন্যে চার খণ্ডে ছাপাতে সম্মানিত বোধ করবেন, যা শিক্ষিত লোকদের কাছে মিঃ ফিল্ডসের *আটলান্টিক মান্থলি'র* শেষ এবং প্রধানতম প্রতিদ্বন্দ্বীদের একজন হিসেবে গণ্য হয়ে থাকে। কেবল আমাদের কোর্পোরেশনের সহায়তায় মূল লক্ষ্য অর্জনের গাইডলাইনগুলোর সবচাইতে উল্লেখযোগ্য দিকগুলোর কথা স্মরণে রাখবেন।

প্রথম আর্টিকেলটাতে ধর্ম এবং নৈতিকতার ওপরে লেখা দান্তের কবিতা নিয়ে হবে, এরকম বিষয়বস্তুর ওপর আলোকপাত করতে আপনার অভিজ্ঞতাকে কাজে লাগান। এর পরেরটাতে দেখানো হবে দান্তের মতো হীন আর রুচিবিরুদ্ধ সাহিত্যের কোনো স্থান নেই উঁচুতলার আমেরিকানদের বইয়ের শেলফে, আর 'আন্তর্জাতিকভাবে প্রভাবশালী' প্রকাশনা প্রতিষ্ঠানগুলো (যেমনটি মিঃ এফ বিরামহীনভাবেই পৃষ্ঠপোষকতা ক'রে যাচ্ছেন) যেমন টি.এফ এ্যান্ড কোং'কে অবশ্যই এসবের দায়দায়িত্ব নিতে হবে, তাদেরকে আরো বেশি সামাজিক দায় দায়িত্ব দেখাতে হবে। ডিয়ার রেভারেন্ড, আপনার সিরিজের চূড়ান্ত দুটো অংশ হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলোর দান্তের অনুবাদটি বিশ্লেষণ করবে এবং এই তথাকথিত 'জাতীয়' কবিকে তীব্রভাবে সমালোচনা করা হবে আমেরিকান লাইব্রেরিতে অনৈতিক এবং অধার্মিক সাহিত্য অনুপ্রবেশে সহায়তা করার জন্যে। ভালোভাবে এবং নিঁখুত পরিকল্পনার সঙ্গে প্রথম দুটো আর্টিকেল লংফেলোর অনুবাদের আগেই প্রকাশ করা হবে যাতে ক'রে জনগণের আবেগ আগেভাগেই আমাদের পক্ষে চলে যায়। আর তৃতীয় এবং চতুর্থ আর্টিকেলগুলো লংফেলোর অনুবাদ প্রকাশ হবার সঙ্গে সঙ্গে ছাপা হবে, যার লক্ষ্য হবে লংফেলোর বইয়ের কাটতি কমিয়ে দেয়া।

নৈতিকতা নিয়ে প্রশ্ন তোলার ব্যাপারে আমি গুরুত্ব দেবো না, আমরা বিশ্বাস করি এবং প্রত্যাশা করি সেটা আপনার লেখাতে বেশ ভালোভাবেই থাকবে। আমাদের ইনস্টিটিউটের একজন পণ্ডিত হিসেবে আপনার যে অভিজ্ঞতা সেটা মনে করিয়ে

www.BanglaBook.org

দেবার কোনো দরকার আছে ব'লেও আমি মনে করি না। বরং এটার ওজনটা নিজের আত্মার মধ্যে অনুভব করবেন, প্রতিদিন যেমনটি আমরা করে থাকি, এতে ক'রে দান্তের কবিতাতে যে বর্বরতা আর নিষ্ঠুরতা রয়েছে সেটা ভালোভাবেই তুলে ধরা যাবে। আপনার কলমের শক্তি, ডিয়ার রেভারেন্ড ট্যালবোট, দান্তের অযাচিত স্টিমারটাকে ইতালিতে পোপের কাছে ফেরত পাঠাতে সাহায্য করবে, *ক্রিস্তো এত্ এসেমিলিয়ে*-এর নামে বিজয়ের সঙ্গে।

আমি চিরকাল আপনার বিশ্বস্ত রইবো,

Augustus Manning

ক্রেইগি হাউজে যখন তিন পণ্ডিত ফিরে এলেন তখন তাঁদের হাতে এরকম চারটা চিঠি, আলিশা ট্যালবোটকে উদ্দেশ্য ক'রে এবং তাতে হারভার্ডের সিলাঙ্কিত আছে, তার সাথে রয়েছে দান্তের প্রুফ শিটগুলো–যেগুলো রিভারসাইড প্রেসের সিন্দুক থেকে খোয়া গিয়েছিলো।

"তাদের জন্যে ট্যালবোট খুবই আদর্শ একটি মাধ্যম ছিলো," ফিল্ডস্ বললেন। "একজন যাজক যাঁকে সব ভালো খৃস্টানই সম্মান করে, শ্রদ্ধা করে, ক্যাথলিক ধর্মের একজন প্রতিষ্ঠিত সমালোচক এবং এমন একজন, যে হারভার্ডের বাইরের কেউ, যাতে ক'রে তিনি কলেজকে সরাসরি না জড়িয়ে আমাদের বিরুদ্ধে তীক্ষ্ণভাবে কলম ধরতে পারেন।"

"আর আমার মনে হয় এই কাণ্ডের জন্যেই যে ট্যালবোটকে পুরস্কার হিসেবে ঐ টাকাটা দেয়া হয়েছিলো সেটা বোঝার জন্যে কাউকে এ্যান স্টার্ট-এর জ্যোতিষী হতে হবে না," হোমস্ বললেন।

"এক হাজার ডলার," রেই বললো।

লংফেলো মাথা নেড়ে সায় দিলেন, যে চিঠিতে ট্যালবোটকে টাকাটা দেয়ার কথা লেখা আছে সেটা দেখালেন। "এটা আমরা আমাদের হাতে ধ'রে রেখেছি। একহাজার ডলার বিবিধ 'খরচ' বাবদ যা লেখা এবং চারটা আর্টিকেলের গবেষণার জন্যে দেয়া হয়েছিলো। সেই টাকাটাই আলিশা ট্যালবোটের জীবন নাশের কারণ হয়েছিলো এ কথা আমরা এখন নিশ্চিতভাবেই বলতে পারি।"

"তাহলে খুনি নিশ্চিতভাবে জানতো, আলিশা ট্যালবোটের সিন্দুকে এই পরিমাণ টাকা ছিলো," রেই বললো। "সে এই ব্যাপারটা, মানে চিঠির ব্যাপারটাও জানতো।"

BanglaBook.org

www.BanglaBook.org

"'তোমার অবৈধ পথে অর্জিত লুটের টাকা পাহারা দাও,'" লাওয়েল আবৃত্তি করলেন, তারপর বললেন : "একহাজার ডলার ছিলো দান্তের মাথার জন্যে পুরস্কার স্বরূপ।"

ম্যানিংয়ের চারটা চিঠির প্রথমটাতে ট্যালবোটকে ইউনিভার্সিটিতে এসে কোর্পোরেশনের প্রস্তাব নিয়ে আলোচনা করার আমন্ত্রণ জানানো হয়। দ্বিতীয় চিঠিতে বিষয়বস্তুর রূপরেখা তুলে ধরা হয় যা পত্রিকাগুলোতে ছাপা হবে, সেই সাথে পুরো টাকাটা পরিশোধের কথা, যা পূর্বে মুখোমুখি সাক্ষাতে ঠিক করা হয়েছিলো। দ্বিতীয় এবং তৃতীয় চিঠির মাঝখানে, মনে হচ্ছে, ট্যালবোট তার যোগাযোগকারীকে অনুযোগ ক'রে জানাচ্ছেন যে, বোস্টনের কোনো বইয়ের দোকানে *দিভাইন কমেডি*'র ইংরেজি অনুবাদ পাওয়া যাচ্ছে না–বোঝাই যাচ্ছে, যাজক ভদ্রলোক প্রয়াত রেভারেন্ড এইচ.এফ ক্যারি'র অনুবাদ করা বৃটিশ সংস্করণটি খোঁজার চেষ্টা করছিলেন তার সমালোচনা লেখার উদ্দেশ্যে। তাই ম্যানিংয়ের তৃতীয় চিঠিটা, যা একটা চিরকুটের মতো, সেটাতে ট্যালবোটকে প্রতিশ্রুতি দেয়া হয়েছিলো যে, লংফেলোর অনুবাদের নমুনা তার কাছে পাঠানো হবে।

অগাস্টাস ম্যানিং জানতেন, দান্তে ক্লাব তাকে কখনই কোনো প্রুফ দেবে না, যেহেতু তিনি আগেভাগেই এর বিরুদ্ধে নেমে গেছেন। তাই পণ্ডিত ভদ্রলোক ট্রেজারার অথবা তার কোনো এজেন্টকে দিয়ে কলবিকে খুঁজে বের ক'রে ঘুষের বিনিময়ে লংফেলোর অনুবাদের প্রুফশিটগুলো হস্তগত করার কৌশল অবলম্বন করেছিলেন।

ম্যানিংয়ের পরিকল্পনার এই দিক নির্দেশনাটি কোত্থেকে দেয়া হয়েছে সেই নতুন প্রশ্নের জবাবটি তারা যেখান থেকে পাবেন সেই জায়গাটি হলো : ইউনিভার্সিটি হল। কিন্তু লাওয়েল সেই দিন হারভার্ড কর্পোরেশনের ফাইলগুলো পরীক্ষা করতে পারেন নি কারণ সে সময় ফেলোরা আশেপাশে ঘোরাঘুরি করছিলো, তাই রাতের বেলায়ই কাজটা করার সিদ্ধান্ত নিলেন তিনি।

ফিল্ডস্ যতোক্ষণ না মনে করতে পারলেন কাজটা একজন করতে পারবে, সেই দুর্গে ঢোকাটা মনে হচ্ছিলো অসম্ভব একটি ব্যাপার। "ঢিল!"

"কে, ফিল্ডস্?" হোমস জানতে চাইলেন।

"আমার রাত্রিকালীন শপবয়। স্যাম টিকনরের ঐ কথিত ঘটনার সময় সে-ই তো বেচারি মিস্ এমরয়কে বাঁচিয়েছিলো। সে বলেছিলো সে নাকি বাড়তি একটা কাজ হিসেবে দিনের বেলায় কলেজে কাজ করে।"

লাওয়েল জানতে চাইলেন ফিল্ডস্ কি মনে করেন তার এই শপবয় সাহায্য করতে রাজি হবে।

"সে টিকনর এ্যান্ড ফিল্ডসের খুবই বিশ্বস্ত একজন, তাই নয় কি?" ফিল্ডস্ জবাব দিলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

টিকনর এ্যান্ড ফিল্ডসের সেই বিশ্বস্ত ছেলেটা যখন কর্নার থেকে রাত এগারোটা বাজে বাইরে বের হয়ে এলো তখন বাইরের দরজার সামনে জে.টি ফিল্ডস্‌কে দাঁড়িয়ে থাকতে দেখে বেশ অবাক হলো সে। কয়েক মিনিটের মধ্যে শপবয় প্রকাশকের গাড়িতে উঠে পড়লে সেখানে ফিল্ডসের সঙ্গী যাত্রীটির দেখা পেলো–প্রফেসর জেমস্ রাসেল লাওয়েল! এরকম অভিজাত লোকজনের মাঝে নিজেকে কতোবারই না সে ভেবেছে। এরকম বিরল মুহূর্তে কী আচরণ করতে হবে, মনে হলো টিল তা জানে না। সে তাঁদের অনুরোধগুলো মনোযোগ দিয়ে শুনে গেলো।

ক্যামব্রিজে পৌঁছাতেই সে তাঁদেরকে হারভার্ড প্রাঙ্গণ দিয়ে পথ দেখিয়ে নিয়ে গেলো, ঘাড় ঘুরিয়ে পেছনে দেখার জন্যে বার কয়েক থামলো সে, যেনো তার সাহিত্যিক দলটা যেভাবে আবির্ভূত হয়েছে সেভাবেই দ্রুত আবার উধাও হয়ে যাবে ব'লে সে খুব উদ্বিগ্ন হয়ে আছে।

"আমরা তোমার পেছনেই আছি!" লাওয়েল তাকে আশ্বস্ত ক'রে বললেন।

লাওয়েল তার গোঁফের শেষপ্রান্ত ধরে মোচড়ালেন। কেউ তাঁদেরকে কলেজ ক্যাম্পাসে দেখে ফেলার ব্যাপারে তাকে খুব একটা উদ্বিগ্ন হতে দেখালো না, যতোটা দেখালো কর্পোরেশনের ফাইলে তারা কী পাবে তা নিয়ে দুশ্চিন্তা করতে। তার কাছে মনে হলো একজন প্রফেসর হিসেবে এই রকম রাত-বিরাতে কলেজের আবাসিক কেউ তাকে দেখে ফেললে তার পক্ষে সঙ্গত ব্যাখ্যা দেবার অনেক কিছুই আছে–তিনি কিছু লেকচার নোট ভুলে ফেলে গেছেন। ফিল্ডসের উপস্থিতিটা অবশ্য একটু অস্বাভাবিক ব'লে মনে হতে পারে, কিন্তু তাঁকে ছাড়া এখানে আসা যেতো না, অস্থির এই শপবয়ের অংশগ্রহণটা নিশ্চিত করতে তার দরকার আছে, ছেলেটাকে দেখে মনে হয় না বিশের বেশি বয়স হবে। ড্যান টিলের শেভ করা ছেলেমানুষী গাল, বড়বড় চোখ আর খুবই কোমল, প্রায় মেয়েলী ধরণের মুখ, বিরামহীনভাবেই সে কিছু একটা চিবোতে থাকে সবসময়।

"মিঃ টিল, তুমি নিজেকে নিয়ে মোটেও উদ্বিগ্ন হবে না," ইউনিভার্সিটি হলের সিঁড়ি দিয়ে ওঠার সময় ছেলেটার কাঁধে হাত রেখে ফিল্ডস্ বললেন। "আমাদের কেবল কিছু কাগজপত্র দেখতে হবে, তারপরেই আমরা চলে যাবো, তুমি কিছুই বুঝতে পারবে না। মনে রাখবে, তুমি ভালো কাজই করছো, কোনো অন্যায় করছো না।"

"সেটাই আমি কামনা করি," টিল আন্তরিকভাবে বললো।

"ভালো ছেলে।" ফিল্ডস্ হেসে বললেন।

টিলকে এক গোছা চাবি ব্যবহার করতে হলো–ওগুলো তাকে একগাদা বোল্ট আর তালা খোলার কাজে নিশ্চয়তা দেবে। কয়েক মুহূর্ত পরেই তারা সবাই ভেতরে ঢুকতে সক্ষম হলো। লাওয়েল এবং ফিল্ডস্ একটা টেবিল থেকে মোমবাতি নিয়ে জ্বালালেন।

"আস্তে," লাওয়েল বললেন ফিল্ডস্‌কে। "আমাদের সামনে থাকা ভলিউমগুলো

BanglaBook.org

www.BanglaBook.org

দেখুন, ওগুলোই খুঁজে দেখতে হবে, ফিল্ডস্। দু'জনের চেয়ে তিনজন হলে খুব দ্রুত এটা খুঁজে দেখা যাবে।"

টিলকে বিদায় জানাতে গেলে লাওয়েল ফিল্ডস্‌কে এ কথা বললেন।

যদিও টিল খুব নার্ভাস হয়ে আছে তারপরও তাঁদের এ্যাডভেঞ্চারে সে বেশ রোমাঞ্চিত হয়ে উঠলো ব'লে মনে হচ্ছে। "মনে হচ্ছে আমি আপনাদের সাহায্য করতে পারবো, যেকোনো ধরনেরই হোক না," আগবাড়িয়ে এক গাঁদা বইয়ের দিকে দ্বিধাগ্রস্তভাবে চেয়ে বললো। "কেবল, যদি বলেন আপনারা কী খুঁজতে চাচ্ছেন।"

ফিল্ডস্ সেটা বলতে যাচ্ছিলেন মাত্র, তবে টিল যে খুব ভালোভাবে পড়াশোনা করে নি সে কথাটা মনে প'ড়ে গেলো, তার পক্ষে লেখাগুলো দেখে পড়াটা যে তেমন ভালো হবে, সেটা তার মনে হলো না। "তোমার পক্ষে যা করার ছিলো সেটার চেয়ে বেশিই করেছো তুমি, এবার তোমার একটু ঘুমানোর দরকার," তিনি বললেন। "কিন্তু আমাদের যদি আবার তোমার সাহায্যের দরকার প'ড়ে তবে তোমাকে আমরা ডাকবো। আমাদের সবার পক্ষ থেকে তোমাকে ধন্যবাদ। আমাদের ওপর বিশ্বাস রেখো, এজন্যে তোমাকে অনুশোচনা করতে হবে না।"

কাঁপা কাঁপা আলোতেই ফিল্ডস্ এবং লাওয়েল কর্পোরেশনের পাক্ষিক মিটিংগুলোর বিবরণ প'ড়ে দেখলেন। তারা খুঁজে পেলেন বিশ্ববিদ্যালয়ের কাজ কারবারের চেয়ে দান্তে ক্লাবের ব্যাপারে আলোচনা-সমালোচনা আর নিন্দাই বেশি হয়েছে। "সেই বদমাশ সাইমন ক্যাম্পের কোনো উল্লেখ নেই দেখছি। তাহলে ম্যানিং নিজেই তাকে ভাড়া করেছেন," লাওয়েল বললেন। এমনকি হারভার্ড কর্পোরেশনেও অনিয়ম কিছু হয়।

সীমাহীন সংখ্যক পৃষ্ঠা ঘাঁটার পর ফিল্ডস্ খুঁজে পেলেন যেটা তারা খুঁজছিলেন : অক্টোবরে, কর্পোরেশনের সাতজন সদস্যের মধ্যে চারজন বেশ উৎসাহ নিয়ে একটা সিদ্ধান্ত অনুমোদন করেছিলেন যে, আলিশা ট্যালবোটকে অচিরেই প্রকাশ হতে যাওয়া দান্তের অনুবাদকর্মের বিরুদ্ধে সমালোচনা করার কাজে নিয়োজিত করা হবে। আর এজন্যে যে পরিমাণ শক্তি ব্যয় হবে তার জন্যে ট্রেজারি কমিটি কর্তৃক 'প্রয়োজনীয় মূল্য চুকানো' হবে–কোনো কমিটি নয়, এটা আসলে অগাস্টাস ম্যানিং নিজেই।

ফিল্ডস্ হারভার্ডের বিশ সদস্যের ওভারশিয়ার বোর্ডের রেকর্ড বের করতে শুরু করলেন, রাজ্য-সভার আইন পরিষদ কর্তৃক বাৎসরিকভাবে নির্বাচিত করা হয় এই বোর্ড। ওভারসিয়ারদের বইপত্রগুলো খুব দ্রুত ঘেঁটে তারা খুঁজে পেলেন অনেকেই চিফ জাস্টিস হিলির কথা উল্লেখ করেছে, যিনি মৃত্যুর আগ পর্যন্ত ওভারশিয়ার বোর্ডের একজন সদস্য ছিলেন।

প্রায়শই হারভার্ডের ওভারশিয়ার বোর্ড তাদের ভাষায় একজন এডভোকেট নির্বাচিত ক'রে থাকে বিশেষ কোনো ইসু বা বিতর্কগুলোকে মূল্যায়ন করার জন্যে। একজন ওভারশিয়ার কোনো প্রস্তাব পেশ করলে সেটাকে একটা প্রস্তাবনার আকারে

BanglaBook.org

www.BanglaBook.org

পূর্ণাঙ্গ বোর্ডের কাছে উপস্থাপন করা হয় এবং আরেকজন সদস্য সেই প্রস্তাবের বিরুদ্ধে আপত্তিসমূহ বোর্ডের সামনে তুলে ধরে। বেছে নেয়া ওভারশিয়ার এডভোকেট কোনো পক্ষ হয়ে কথা বলেন না, ব্যক্তিকে বোর্ডের কাছে তার পরিস্কার চিন্তা-ভাবনা এবং যথার্থ মূল্যায়ন উপস্থাপন করতে হয় কোনো রকম ব্যক্তিগত দৃষ্টিভঙ্গীর প্রভাব ছাড়াই।

বিশ্ববিদ্যালয়ের খ্যাতিমান ব্যক্তিবর্গের দান্তে সম্পর্কিত জড়িত বিভিন্ন কর্মকাণ্ডের বিরুদ্ধে কর্পোরেশন একটা প্রচারণায় নেমেছে, এতে রয়েছে জেমস্ রাসেল লাওয়েলের দান্তে ক্লাস, হেনরি ওয়াডস্ওর্থ লংফেলোর অনুবাদ এবং তার এই কাজের সহযোগী 'দান্তে ক্লাব'—ওভারশিয়াররা একমত হয়েছিলেন যে, এমনভাবে এডভোকেটদেরকে বেছে নিতে হবে যেনো এই ইসুর উভয় দিকটিই ভালোভাবে উপস্থাপন করা যায়। বোর্ড এডভোকেট হিসেবে দান্তেবাদী ব'লে পরিচিত চিফ জাস্টিস আরটেমাস প্রেসকোট হিলিকে নির্বাচন করেছে যিনি খুব ভালো গবেষক এবং একজন প্রতিভাবান বিশ্লেষক। হিলি কখনই নিজেকে সাহিত্যিক বা সাহিত্যের লোক ব'লে দাবি করতেন না, আর তাই তিনিই এই ব্যাপারটা নির্মোহভাবে মূল্যায়ন করতে পারবেন।

বোর্ড কয়েক বছর আগেই হিলিকে এডভোকেটের পদ গ্রহণের প্রস্তাব দিয়েছিলো। আদালত প্রাঙ্গণের বাইরের কোনো জায়গায় তাকে বেছে নেয়ার কারণে চিফ জাস্টিস বেশ অস্বস্তিতে পড়েছিলেন, তাই শেষপর্যন্ত বোর্ডের অনুরোধ প্রত্যাখ্যান করেছিলেন তিনি। তার এই অস্বীকৃতিতে বোর্ড খুব বিস্মিত হয়েছিলো। আর সেদিন থেকে দান্তে অলিঘিয়েরির ভাগ্য নির্ধারণের কোনো পরিসমাপ্তি হয় নি।

হিলির অস্বীকৃতিটা কর্পোরেশনের রেডর্ক-বুকে মাত্র দু'লাইনে স্থান পেয়েছে। এটার নিহিতার্থ বুঝতে পেরে লাওয়েলই প্রথমে কথা বললেন : "লংফেলো ঠিকই বলেছেন," তিনি চাপা কণ্ঠে বললেন। "হিলি পন্টিয়াস পিলেইট ছিলেন না।" ফিল্ডস্ তার গোল্ড-রিমের চশমার ফাঁক দিয়ে চেয়ে বললেন।

"মারাত্মক অস্বীকৃতিকারীকেই দান্তে নিরপেক্ষ বলেছেন," লাওয়েল ব্যাখ্যা ক'রে বোঝালেন। "নরকের আঙিনা অতিক্রম করার সময় দান্তে একমাত্র এই পাপাত্মাকেই বেছে নিয়েছিলেন। আমি তাকে পন্টিয়াস পিলেইট হিসেবেই পড়েছি, যে খৃস্টের ভাগ্য নির্ধারনের ব্যাপারে হাত গুটিয়ে রেখেছিলেন—ঠিক যেমনটি হিলি টমাস সিমস্ এবং অন্যান্য পলাতক দাসদেরকে আদালতে তার সামনে হাজির করার সময় নিজের হাত গুটিয়ে রেখেছিলেন। কিন্তু লংফেলো—না, লংফেলো এবং গৃন!—সব সময় বিশ্বাস করেন যে, মহান অস্বীকৃতিকারী ছিলেন সেলেস্তাইন, যে একটি পদ গ্রহণে অস্বীকৃতি জানিয়ে সেই প্রস্তাব ফিরিয়ে দিয়েছিলো। যখন তাকে ক্যাথলিক চার্চের খুব দরকার হয়েছিলো তখন সেলেস্তাইন পোপের সিংহাসন অলংকৃত করার প্রস্তাবটি অগ্রাহ্য করেছিলো। এর ফলে বনিফেইসের উত্থান ঘটে এবং প্রকারান্তরে দান্তেকে নির্বাসনে যেতে হয়। দান্তের পক্ষে যুক্তিতর্ক করতে অস্বীকার করার মধ্য দিয়ে হিলি খুবই

BanglaBook.org

www.BanglaBook.org

গুরুত্বপূর্ণ একটি পদ গ্রহণ করেন নি। এবং এবারও দান্তেকে আবার নির্বাসনে যেতে হলো।"

"আমি দুঃখিত, লাওয়েল, পোপ হিসেবে অস্বীকৃতি জানানোর সঙ্গে বোর্ডের সামনে দান্তের পক্ষ হয়ে লড়াই করতে অস্বীকার করার তুলনা করা যায় না," ফিল্ডস্ লাওয়েলের বক্তব্যটি বাতিল ক'রে দিয়ে বললেন।

"কিন্তু, আপনি কি দেখছেন না, ফিল্ডস্? আমাদেরকে তো সেটা করতে হয় না, আমাদের খুনিই সেটা করে।" তারা ইউনিভার্সিটি হলের বাইরে তুষারের পুরু স্তরের ওপর কারো পায়ের শব্দ পেলেন। শব্দটা খুব কাছ থেকেই শোনা গেলো।

লাওয়েল জানালার কাছে দৌড়ে গেলেন। "আস্তে, শালার টিউটর!"

"আপনি নিশ্চিত?"

"না, তা নয়, আমি বুঝতে পারছি না তারা কে...দু'জনকে দেখা যাচ্ছে..."

"তারা কি আমাদের বাতির আলোটা দেখে ফেলেছে, জেমি?"

"সেটা বলতে পারবো না–আহ্, চলে গেছে!"

হোরাশিও জেনিসনের চড়া গলার সুরেলা কণ্ঠটা পিয়ানোর শব্দকে ছাপিয়ে গেলো।

"'ভয় কোরো না কোনো চোখ রাঙানি!
অত্যাচারির আঘাত এড়িয়ে যাও!
খাওয়া-পরার নেই কুছ পরোয়া!
তোমার কাছে যেটাকে মনে হয় ওক্,
সেটা আসলে আগাছা!'"

এটা শেক্সপিয়ারের কবিতার অনুসরণে চমৎকার একটি গান, কিন্তু এরপরেই বেলটা বেজে উঠলো, এটা একেবারেই অপ্রত্যাশিত, তার চারজন আমন্ত্রিত অতিথি ইতিমধ্যেই পার্লারে ব'সে তার গানটা উপভোগ করছেন এতোটা গভীর আগ্রহে যে, তারা একেবারে মোহাবিষ্ট হয়ে আছেন ব'লে মনে হচ্ছে। হোরাশিও জেনিসন দু'দিন আগে জেমস্ রাসেল লাওয়েলকে একটা চিঠি লিখে তাঁকে ফিনিয়াস জেনিসনের স্মরণিকা, জার্নাল এবং চিঠিগুলো সম্পাদনা ক'রে দেবার অনুরোধ করেছিলো– যেহেতু হোরাশিও তার নামটি সম্পাদক হিসেবে দিয়েছে, তাই কাজটা তিনি ভালোমতোই করতে চাচ্ছেন : লাওয়েল ছিলেন *আটলান্টিক মান্থলি*'র প্রতিষ্ঠাতা সম্পাদক, আর এখন তিনি *নর্থ আমেরিকান রিভিউ*'র সম্পাদক, এছাড়াও তিনি তার চাচার বেশ ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। কিন্তু হোরাশিও এভাবে কোনো খবর-টবর না দিয়ে লাওয়েলের আগমনটা প্রত্যাশা করে নি। সময়টা একেবারেই রাতের শেষের দিকে।

BanglaBook.org

www.BanglaBook.org

হোরাশিও জেনিসন সঙ্গে সঙ্গেই জানতে পারলো যে, তার চিঠিতে যে আইডিয়া উপস্থাপন সে করেছিলো সেটা লাওয়েলকে বেশ মুগ্ধ করেছে। কবি ভদ্রলোক জেনিসনের সাম্প্রতিক জার্নালটা প্রকাশ করার তাগাদা দিলেন, এমনকি সেজন্যে সঙ্গে ক'রে প্রকাশক জে.টি ফিল্ডস্‌কেও নিয়ে এসেছেন।

"মিঃ লাওয়েল? মিঃ ফিল্ডস্?" হোরাশিও জেনিসন তার দু'জন অতিথিকে বললো, বাইরে অপেক্ষায়রত ঘোড়ার গাড়িটার দিকে আর তাকালো না সে। "আমরা প্রকাশনার যথাযথ রয়্যালটির ব্যাপার নিয়ে কথা বলতে পারি, কি বলেন?"

সেইসব মুহূর্তগুলো একেবারে অপ্রাসঙ্গিক হয়ে উঠলো। ক্রেইগি হাউজে ফিরে পণ্ডিতেরা ফিনিয়াস জেনিসনের সাম্প্রতিকালের জার্নালগুলোর ওপর হামলে পড়লেন। হিলি এবং ট্যালবোটের চারপাশের ঘটনা উন্মোচিত হবার পর, দান্তেবাদীদের কাছে এটা আর অবাক করার কোনো ব্যাপার নয় যে, জেনিসনের যে 'পাপ'র জন্যে লুসিফার তাকে শাস্তি দিয়েছে সেটা দান্তের অনুসরণেই করা হয়েছে। তবে জেমস্ রাসেল লাওয়েল এটা বিশ্বাস করতে পারলেন না–তার বন্ধু এতোগুলো বছরগুলো ধ'রে এরকম কিছুর সাথে জড়িত ছিলেন এটা তিনি মেনে নিতে পারলেন না–যতোক্ষণ না যথাযথ প্রমাণ তার সন্দেহকে দূর করলো।

ফিনিয়াস জেনিসনের জার্নালে অনেকগুলো জায়গা জুড়েই হারভার্ড কর্পোরেশনের কোনো পদ পাবার জন্যে তার তীব্র আকাঙ্ক্ষার কথার উল্লেখ রয়েছে। ব্যবসায়ী এই ধারণায় পৌঁছে ছিলেন যে, তিনি এই সম্মানটি পেতেন কিন্তু তার হারভার্ডে লেখাপড়া না করা এবং কোনো বোস্টন পরিবারে জন্ম না হওয়ার জন্যেই পদটি হাতছাড়া হয়ে গেছে। একজন ফেলো হওয়া মানে এমন একটা জগতের বাসিন্দা হওয়া যা তিনি সারাজীবনভর কামনা ক'রে এসেছেন। তার নিজের করতলে থাকা ব্যবসা-বাণিজ্যের মতো বোস্টনের পণ্ডিতব্যক্তিদেরকেও তিনি কব্জা করতে চেয়েছিলেন।"

কিছু বন্ধুত্ব নষ্ট করতে হোতো–অথবা বলি দিতে হোতো।

শেষ কয়েক মাসে, জেনিসন বেশ কয়েকবার ইউনিভার্সিটি হলে গিয়েছিলেন–যেহেতু কলেজে তিনি টাকা টয়সা দিয়ে পৃষ্ঠপোষকতা করেন এবং প্রায়ই তাকে সেখানে বিভিন্ন কাজে যেতে হয়–ব্যক্তিগতভাবে তিনি ফেলোদের কাছে আবেদন জানাতেন প্রফেসর জেমস্ রাসেল লাওয়েলের জঘন্য দান্তে কোর্সটি বন্ধ ক'রে দেয়ার জন্যে। তিনি এও জানিয়েছিলেন যে, খুব শীঘ্রই হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলো জনমানুষের কাছে এই জঘন্য জিনিসটা ছড়িয়ে দিতে যাচ্ছেন। জেনিসন ওভারশিয়ার বোর্ডের প্রভাবশালী সদস্যদের কাছে কথা দিয়েছিলেন জীবন্ত ভাষার ডিপার্টমেন্টগুলোকে স্বীকৃতি দেবার জন্যে পুরোপুরি আর্থিক সাহায্য দেবেন ব'লে। বেশ তিক্ততার সাথেই লাওয়েল স্মরণ করলেন, ঠিক সেই সময়েই জেনিসন

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েলকে তার কর্মকাণ্ডের পক্ষে কর্পোরেশনের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবার জন্যে তাগাদা দিয়েছিলেন।

জেনিসনের জার্নালগুলোতে এই বিষয়টা উন্মোচিত হলো যে, ইউনিভার্সিটির গভর্নিং বডিতে একটা আসন খালি করার জন্যে তিনি প্রায় একবছর ধ'রে একটা পরিকল্পনা নিয়ে খেলছিলেন, যাতে কলেজের প্রশাসকদের মধ্যে বিবাদ তৈরি ক'রে, মনোমালিন্য আর মতানৈক্য সৃষ্টি ক'রে কারোর ইস্তফা দেবার ঘটনা ঘটানো যায় এবং তার পরিকল্পনাটা বাস্তবায়িত হয়। জজ হিলির মৃত্যুর পর তিনি একেবারে উন্মাদ হয়ে গেলেন, কারণ তার চেয়ে অর্ধেক সম্পদের মালিক একজন ব্যবসায়ীকে ওভারশিয়ার হিসেবে ঐ খালি আসনে নির্বাচিত করা হয়েছিলো–এর একমাত্র কারণ লোকটা উত্তরাধীকারী সূত্রে অভিজাত পরিবারের সদস্য। ফিনিয়াস জেনিসন জানতেন সবার ওপরে একজন মানুষই এই অলিখিত নীতিমালাটি চাপিয়ে দিয়েছে : ড. অগাস্টাস ম্যানিং।

কিন্তু ঠিক কোন্ সময় জেনিসন ড. ম্যানিংয়ের দান্তে প্রকল্পের বিরোধীতা সম্পর্কে জানতে পেরেছিলেন সেটা পরিস্কার নয়, তবে তখনই তিনি ইউনিভার্সিটি হলে একটা আসন পাবার মোক্ষম সুযোগটি পেয়ে যান।

"আমাদের মধ্যে কখনও কোনো গোপন ব্যাপার ছিলো না," লাওয়েল বিষন্নভাবে বললেন।

"জেনিসন আপনাকে কর্পোরেশনের বিরুদ্ধে এবং কর্পোরেশনকে আপনার বিরুদ্ধে লড়াই করতে উৎসাহ দিয়েছেন, উস্কানি দিয়েছেন। একটা যুদ্ধ যা ম্যানিং পরিচালনা করতেন। ফলাফল যাইহোক না কেন, আসন খালি হোতোই, আর জেনিসন কলেজের পক্ষে থাকার জন্যে একজন নায়ক হিসেবেই বিবেচিত হতেন। এটাই তার মূল উদ্দেশ্য ছিলো," লাওয়েলকে আশ্বস্ত ক'রে লংফেলো বললেন যে, তিনি জেনিসনের সঙ্গে বন্ধুত্ব নষ্ট করার জন্যে কিছুই করেন নি।

"আমি এটা আমার মাথায় কিছুতেই নিতে পারছি না, লংফেলো," লাওয়েল বললেন।

"তিনি আপনার সাথে কলেজের সম্পর্ক বিচ্ছিন্ন করতে সাহায্য করেছেন, লাওয়েল, আর পরিণামে তিনি নিজেই বিচ্ছিন্ন হয়ে গেছেন," হোমস্ বললেন। "এটাই হলো তার *কনট্রাপাসো*।"

ট্যালবোট এবং জেনিসনের মৃতদেহের পাশে প'ড়ে থাকা টুকরো টুকরো কাগজগুলো নিয়ে নিকোলাস রেইয়ের ব্যস্ত থাকাটাকে হোমস্ যথার্থ বলেই মনে করেছিলেন। তারা ঘণ্টার পর ঘণ্টা একসঙ্গে ব'সে সেগুলো মেলানোর চেষ্টা করেছিলেন। অক্ষরগুলোর হাতে লেখা কপির কিছু অংশ হোমস্ এবার কম্পোজ ক'রে ফেললেন। কোনো সন্দেহ নেই যে, বাকী অক্ষরগুলো চিফ জাস্টিস হিলির মৃতদেহের সাথে লেগে ছিলো অথবা হত্যাকাণ্ডটি উদ্‌ঘাটনের আগে কয়েকদিন নদীর তীরে প'ড়ে

BanglaBook.org

www.BanglaBook.org

থাকার কারণে বাতাসে উড়ে গেছে। ঐসব হারানো অক্ষরগুলো পেলে হত্যাকারী কি বলতে চেয়েছিলো সেটা জানা যেতো ব'লে হোমস্ নিশ্চিত। ঐ অক্ষরওগুলো না থাকার জন্যে এটা হিজিবিজি ছাড়া আর কিছুই মনে হচ্ছে না। *আমরা এটা ছাড়া মরতে পারি না, যেমনটি আমি...*

লংফেলো তাঁদের তদন্ত করা জার্নালটার আরেকটা পৃষ্ঠা ওল্টালেন। কালিতে কলম চুবিয়ে সামনের দিকে চেয়ে এতোটা সময় ধরে ব'সে রইলেন যে, কলমের কালি শুকিয়ে গেলো। এসবের একটা উপসংহার তিনি লিখতে পারলেন না : লুসিফার তাদের দোহাই দিয়ে তার শাস্তিগুলো প্রদান করেছে–দান্তে ক্লাবের দোহাই দিয়ে।

বিকন হিলের ওপরে বোস্টন স্টেট হাউজের প্রবেশদ্বারটি দাঁড়িয়ে আছে মাথা উঁচু ক'রে। তামার গম্বুজটা মাথা উঁচু ক'রে রেখেছে, এর পাশে লম্বা টাওয়ারটা বোস্টনের জনবসতিগুলোকে বাতিঘরের মতো নজরদারী করছে যেনো। লম্বা লম্বা এল্ম গাছগুলো ডিসেম্বরের বরফে একেবারে সাদা হয়ে গেছে, সেগুলো পৌরসভার চার দিকে ঘিরে আছে।

গভর্নর জন এন্ড্রু, একটা কালো সিল্কের টুপির নিচ থেকে তার কালো কোঁকড়ানো চুল উঁকি মারছে। দাঁড়িয়ে দাঁড়িয়ে তিনি রাজনীতিবিদ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, পোশাক পরা সৈনিক আর রাজনীতিবিদদের কৃত্রিম হাসির সাথে অভ্যর্থনা জানাচ্ছেন। গভর্নরের ছোট্ট-শক্ত গোল্ডরিমের চশমাটাই তার একমাত্র বস্তুগত দূর্বলতার ইঙ্গিত বহন করছে।

"গভর্নর।" প্রবেশদ্বারের সিঁড়ি দিয়ে নিজের স্ত্রী মিসেস লিনকনকে সঙ্গে নিয়ে মেয়র লিনকন উঠতে উঠতে একটু কুর্নিশ ক'রে বললেন। "দেখে মনে হচ্ছে এটি সৈনিকদের চমৎকার একটি সম্মেলন।"

"ধন্যবাদ, মেয়র লিনকন, মিসেস লিনকন, আপনাদেরকে স্বাগতম।" গভর্নর এন্ড্রু তাঁদেরকে ভেতরে যাবার ইশারা করলেন।

"তারা বলছে উপস্থিত লোকদের তালিকায় নাকি লংফেলোর নামও আছে," গভর্নর এন্ড্রুর কাঁধে আলতো ক'রে চাপড় মেরে মেয়র লিনকন বললেন।

"এই সব লোকদের জন্যে আপনি চমৎকার আয়োজন করেছেন, গভর্নর, আর আমরা–এই শহর–আপনাকে সাধুবাদ জানাই।" মানেশনের বিশাল পার্লারটাতে পাঁচটি ভিন্ন ভিন্ন কোম্পানি থেকে আসা সত্তর থেকে আশিজন সৈনিক, নিজেদের পোশাক আর টুপি পরে বাকি বিশ-ত্রিশ জন অতিথির সঙ্গে গাদাগাদি ক'রে আছে। যেসব রেজিমেন্টগুলোকে সম্মাননা জানানো হচ্ছে তাদের বেশির ভাগ সদস্যই মারা গেছে, বেঁচে আছে অল্প কয়েকজন সদস্য। তারপরও গভর্নর এন্ড্রুর কাউন্সেলররা তাগিদ অনুভব করেছিলো যে, কেবলমাত্র উঁচু র‍্যাঙ্কের সৈনিক প্রতিনিধিরাই এই সম্মেলনে অন্তর্ভুক্ত হবে। তাদের মতে কিছু সৈনিক যুদ্ধের পর থেকেই সমস্যা পাকাচ্ছে। কিন্তু এন্ড্রু জোর দিয়ে বলেছিলেন, সৈনিকেরা তাদের কাজের জন্যেই

BanglaBook.org

www.BanglaBook.org

সম্মানিত হবে, সামাজিক অবস্থানের জন্যে নয়। গভর্নর এন্ড্রু দীর্ঘ পার্লারের মাঝখানে ঋজুভাবে হেঁটে গেলেন। যুদ্ধের সময় থেকেই তার ভাগ্য বদলাতে থাকে সৌভাগ্যের দিকে। হেঁটে যাওয়ার সময় আশেপাশের মুখগুলো দেখে নিজেকে বেশ গুরুত্বপূর্ণ ব'লে মনে হলো। সেইসব সময়ে, একবার সাটার ডে ক্লাব স্টেট হাউজে একটা ঘোড়াগাড়ি পাঠিয়ে জোরপূর্বক এন্ড্রুকে তার অফিস থেকে সরিয়ে এক রাতের জন্যে তাকে পার্কারের উষ্ণ ঘরে রেখে দেয়া হয়েছিলো। পুরো সময়টা দুটো ভাগে বিভক্ত হয়ে গিয়েছিলো : যুদ্ধের আগে এবং যুদ্ধের পরে। সাদা পোশাক, সিল্কের টুপি আর পুরনো বন্ধুদের ভীরে এন্ড্রু ভাবলেন, বোস্টনে আমরা বেঁচে রয়েছি।

জর্জ ওয়াশিংটন গৃন একটা জ্বলজ্বলে মার্বেলের মূর্তির বিপরীতে ব'সে আছেন।

"একজন সৈনিক সাহায্য হোমের যোদ্ধা সৈনিক কিভাবে গৃনের সারমন থেকে বিস্তারিত জানতে পারবে যে, আমাদের সঙ্গে হারভার্ডের টানাপোড়েন চলছে?"

প্রশ্নটা করা হলো ক্রেইগি হাউজের পড়ার-ঘরের ভেতরে। জবাবটা অনুমাণ করে বলা হলো। তারা জানেন যে, এর জবাব পাওয়া মানে খুনিকে খুঁজে পাওয়া। গৃনের সারমন শোনা কোনো তরুণের বাবা অথবা মামা-চাচা হারভার্ড কর্পোরেশনে কিংবা ওভারশিয়ার বোর্ডে আছে। যেকিনা খাবার টেবিলে নির্দোষভাবেই গল্পটা বলেছে এবং সে এটা জানতো না যে, পাশের সিটে বসা কারোর মনে এটার কী রকম প্রভাব পড়তে পারে।

পণ্ডিতদেরকে একেবারে নিশ্চিত হতে হবে, ঠিক কারা বিভিন্নবোর্ড মিটিংয়ে কলেজে দাস্তের বিরুদ্ধে ভূমিকায় হিলি, ট্যালবোট আর জেনিসনের কী অবস্থান ছিলো সেটা জানতো; এই তালিকার সঙ্গে যতো বেশি সংখ্যক পারা যায় সৈনিক সাহায্য হোমের সৈনিকদের নামের তালিকা মিলিয়ে দেখতে হবে। কর্পোরেশনের রুমে ঢোকার জন্যে তাঁদের আবার মিঃ টিলের সাহায্য নিতে হবে; রাত্রিকালীন কর্মীরা কর্নার-এ এসে পৌছালেই ফিল্ডস্ তার শপবয়ের সঙ্গে মিলে পরিকল্পনাটা ক'রে ফেলবেন।

এই ফাঁকে ফিল্ডস্ অসগুডকে আদেশ করলেন টিকনর অ্যান্ড ফিল্ডসের যেসব কর্মচারী যুদ্ধ করেছে তার একটা তালিকা তৈরি করতে। এক্ষেত্রে *ডাইরেক্টরি অব ম্যাসাচুসেট্স রেজিমেন্টস ইন দ্য ওয়ার অব রেবেলিয়ন*-এর উপর নির্ভর করতে বলে দিলেন। সেই রাতে নিকোলাস রেই এবং বাকিরা বোস্টনের গভর্নরের দেয়া সৈনিকদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপস্থিত হলেন।

লংফেলো, লাওয়েল এবং হোমস্ নিজেদেরকে রিসেপশন হলের ভীড়ের মধ্যে ছড়িয়ে রাখলেন। তারা প্রত্যেকেই সতর্ক দৃষ্টি রাখলেন মিঃ গৃনের উপর, কথাচ্ছলে অনেক যোদ্ধার সাক্ষাত নিলেন, গৃনের বর্ণনা দেয়া সৈনিকটিকে খুঁজে বেড়ালেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"কেউ হয়তো ভাবতে পারে এটা কোনো স্টেট হাউজ নয়, বরং কোনো পানশালার পেছন দিকের কক্ষ!" কতোগুলো সৈনিকের সিগারেটের ধোঁয়া হাত দিয়ে তাড়াতে তাড়াতে লাওয়েল অনুযোগের সুরে বললেন।

"আরে, মিঃ লাওয়েল, আপনি কি একদিনে দশটি সিগারেট সাবাড় করেন নি, আর সেই অনুভূতিকে দারুণ কিছু ব'লে অভিহিত করেন নি?" হোমস্ ভৎর্সনা করলেন।

"আমরা আমাদের নিজেদের গন্ধ অন্য লোকের কাছ থেকে পেতে পছন্দ করি না, হোমস্। আহ্, চলুন একটু পান করি," লাওয়েল বললেন।

ডাঃ হোমসর তার হাতটা সিল্কের ওয়েস্টকোটের পকেটে ঢোকালেন; "যেসব সৈনিকের সঙ্গে আমি কথা বলেছি, হয় তারা গৃনের বর্ণনা দেয়া সেরকম কোনো সৈনিকের সাথে কখনও পরিচিত হয় নি অথবা হলেও তার নাম কিংবা কোথায় তাকে পাওয়া যাবে সেসব কিছুই জানে না। হয়তো, রেইয়ের ভাগ্য ভালো হতে পারে।"

"মাই ডিয়ার লাওয়েল, দান্তে ছিলেন খুবই আত্মমর্যাদা সম্পন্ন ব্যক্তি। আর তার আত্মমর্যাদার একটি অন্যতম কারণ ছিলো তিনি কখনও তাড়াহুড়া করতেন না। আপনি তাকে এতো দ্রুত পাবেন না–এটাই হবে আমাদের সবার জন্যে অনুসরণযোগ্য একটি নিয়ম।"

হোমস্ সন্দেহগ্রস্ত হয়ে হাসলেন। "আর আপনি এই নিয়মটা পালন করছেন?"

লাওয়েল একঢোক মদ পান ক'রে বললেন, "আমাকে বলুন, হোমস্, আপনার নিজের কোনো বিয়াত্রিচ কি কখনও ছিলো?"

"কী বললেন, লাওয়েল?"

"এমন একজন নারী যে আপনার কল্পনাশক্তিকে ব্যাপকভাবে প্রজ্জ্বলিত করেছিলো।"

"কেন, আমার এমেলিয়া!"

লাওয়েল হেসে একটু ঝুঁকে বললেন, "ওহ্, হোমস্! আপনি যৌবনে আমোদপ্রমোদ করেন নি? একজন স্ত্রী কখনও আপনার বিয়াত্রিচ হতে পারে না। পেত্রাখ, দান্তে এবং বাইরনের মতো আমিও দশ বছর বয়সেই আগেই পাগলের মতো প্রেমে পড়েছিলাম। কী তীব্র যন্ত্রণাই না আমার হৃদয়ে বিদ্ধ হয়েছিলো, সেটা কেবল আমার হৃদয়ই জানে।"

"ফ্যানি এই সব কথাবার্তা কতোটাই না পছন্দ করবে, লাওয়েল!"

"ধুরো! দান্তের ছিলো তার গেম্মা, যে তার সন্তানের মা ছিলো কিন্তু তার অনুপ্রেরনাকে স্পর্শ করতে পারে নি! আপনি জানেন কীভাবে তাদের দেখা হয়েছিলো? লংফেলো অবশ্য সেটা বিশ্বাস করেন না, কিন্তু গেমা দোনাতি হলো সেই মহিলা যাকে দান্তে তার *ভিতা নুভা*তে উল্লেখ করেছেন। যে কিনা দান্তেকে বিয়াত্রিচের বিরহ কিছুটা ভুলিয়ে দিয়েছিলো। আপনি ঐ তরুণীকে দেখেছেন?"

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ লাওয়েলের দৃষ্টি অনুসরণ ক'রে এক হালকাপাতলা গড়নের অবিবাহিত তরুণীকে দেখলেন যার ঘন কালো চুল হলের তীব্র উজ্জ্বল ঝালর-বাতির আলোতে চক্‌চক্ করছে।

"আমি সেটা এখনও মনে রেখেছি–১৮৩৯ সালে, অলস্টন গ্যালারিতে। সেখানে ছিলো এমন এক সুন্দর মুখ, যার ওপরে পড়েছিলো আমার চোখ। ঠিক ঐ সুন্দরীর মতো, যে তার স্বামীর বন্ধুর সঙ্গে ওখানে গল্প করছে। তার মুখটা একেবারে খাঁটি ইহুদী ধরণের। মেয়েটার ছিলো একটু কৃষ্ণ বর্ণের আভা। কিন্তু এমন একটা মুখ যেনো ঘাসের ওপর অনুভূতির মেঘের ছায়া পড়ছে। আহ্ কী সুন্দর চোখ! আমাকে প্রায় কাঁপিয়ে দিচ্ছে সে দুটো চোখ। তার একটা চাহ্‌নি আমার ভেতর থেকে উগ্‌লে দিচ্ছে কবিতা..."

"মেয়েটা কি বুদ্ধিমতি?"

"হায় ঈশ্বর, আমি জানি না! সে আমার দিকে এক পলক তাকালে আমি একটা একটা শব্দও উচ্চারণ করতে পারবো না। ছলনাময়ী মেয়েদের হাত থেকে বাঁচার একটা মাত্রই পথ আছে, ওয়েন্ডেল, আর সেটা হলো দৌড়ে চলে যাওয়া। এখনও, পঁচিশ বছর অতিক্রম হয়ে গেছে, তারপরও আমি তাকে আমার স্মৃতি থেকে মুছে ফেলতে পারি নি। আমি আপনাকে আশ্বস্ত করছি, আমাদের প্রত্যেকেরই একজন নিজস্ব বিয়াত্রিচ রয়েছে, হয় আমাদের আশেপাশে সে বেঁচে আছে না হয় কেবলমাত্র আমাদের স্মৃতিতে জীবন্ত হয়ে রয়েছে।"

রেইকে আসতে দেখে লাওয়েল কথা বলা বন্ধ ক'রে দিলেন। "অফিসার রেই, বাতাস আমাদের পক্ষে বইছে এখন–আমি কেবল এটুকুই বলতে পারি। আপনাকে আমাদের পাশে পেয়ে আমরা সৌভাগ্যবান।"

"এজন্যে অবশ্য আপনার মেয়েই ধন্যবাদ পাবে," রেই বললো।

"মাবেল?" লাওয়েল তার দিকে অবাক হয়ে তাকালেন।

"সে আমার সাথে দেখা করেছে, আপনাদেরকে সাহায্য করার জন্যে আমাকে অনুরোধ করেছে।"

"মাবেল আপনার সঙ্গে গোপনে দেখা করেছে? হোমস্, আপনি কি এসব জানতেন?" লাওয়েল জানতে চাইলেন।

হোমস্ মাথা ঝাঁকালেন। "মোটেও না। যদিও এজন্যে তাকে আমরা অবশ্যই সাধুবাদ জানাই।"

"আপনি যদি এ নিয়ে তাকে বকাঝকা করেন, প্রফেসর লাওয়েল," রেই খুবই গুরুগম্ভীরভাবে চোয়াল শক্ত ক'রে সতর্ক ক'রে দিলো, "তবে আমি আপনাকে গ্রেফতার করবো।"

লাওয়েল প্রাণ খুলে হাসলেন। "বেশ উৎসাহব্যঞ্জক, অফিসার রেই। এবার আমাদেরকে আমাদের পাতিল গরম করতে দিন।"

BanglaBook.org

www.BanglaBook.org

রেই মাথা নেড়ে সায় দিয়ে ঘরের অন্য দিকে চলে গেলো। "আপনি কি ভাবতে পারেন, ওয়েন্ডেল? মাবেল আমার অজান্তে এ কাজ করেছে, সে ভেবেছে সে এসব বদলাতে পারবে!"

"সেও তো একজন লাওয়েল, মাই ডিয়ার বন্ধু।"

"মিঃ গৃন এখনও বেশ শক্ত আছেন," লাওয়েল আর হোম্‌সের কাছে এসে লংফেলো জানালেন। "তবে আমি খুব উদ্বিগ্ন আছি —" লংফেলো থেমে গেলেন। "আহ্, এই তো মিসেস লিনকন এবং গভর্নর এন্ড্রু।"

লাওয়েলের চোখ দুটো গোল গোল হয়ে গেলো।

"মিঃ লংফেলো।"

লংফেলো পাশ ফিরে তাকিয়ে দেখলেন বিকন হিল সোসাইটির তিন মহিলাকে।

"আরে, শুভ সন্ধ্যা, ভদ্রমহিলাগণ," লংফেলো বললেন।

"আমি আপনার কথাই বলছিলাম, স্যার, বাফেলোতে ছুটি কাটানোর কথাগুলো আর কি," তিনজনের মধ্যে ঘন কালো চুলের মহিলাটি বললেন।

"তাই নাকি?" লংফেলো বললেন।

"অবশ্যই, মিস্ মেরি ফ্রেরেরের সঙ্গে। সে আপনার কথা খুব বলছিলো, বলছিলো আপনি হলেন বিরলতম ব্যক্তি। গত গ্রীষ্মে সে আপনার এবং আপনার পরিবারের সাথে নাহান্টে বেশ ভালো সময়ই কাটিয়েছে, কথা শুনে তো তাই মনে হলো। আর এখন আমি আপনাকে চোখের সামনেই দেখতেই পাচ্ছি। কী দারুণ ব্যাপার!"

"ওহ্? তাই বলেছে নাকি।" লংফেলো হাসলেন তারপর খুব দ্রুত চোখটা সরিয়ে নিলেন। "প্রফেসর লাওয়েল কোথায় পালালেন? আপনারা কি তার সঙ্গে পরিচিত হয়েছেন?" পাশেই, ছোট্ট একটা শ্রোতামণ্ডলীকে বেশ উচ্চকণ্ঠে তার পুরনো কিস্‌সাগুলো শোনাচ্ছেন লাওয়েল। "তখন টেনিসন টেবিলের একপাশ থেকে গর্জে উঠলেন: 'হ্যা, তাদের নিকুচি করি। একটা ছুরি নিয়ে তাদের ভূড়ি বের করতে ইচ্ছে করছে আমার!' একজন সত্যিকারের কবি হিসেবে রাজা আলফ্রেড আর ঘুরিয়ে পেঁচিয়ে কিছু বলেন নি, বিশেষ ক'রে শরীরের ঐরকম অংশের ব্যাপারে!"

লাওয়েলের শ্রোতারা হেসে উঠলো।

"যদি দু'জন পুরুষ নিজেদেরকে একইরকম দেখানোর চেষ্টা করে," তিনজন মহিলার দিকে ফিরে লংফেলো বললেন, যাদের কান গোলাপী আর মুখগুলো অসহায়ভাবে হা হয়ে আছে, "তারা এটা লর্ড টেনিসন আমাদের ইউনিভার্সিটির প্রাণপ্রিয় প্রফেসর চেয়ে ভালোভাবে করতে পারতেন না।"

ঘন কালো চুলের সুন্দরী লাওয়েলের অশ্লীল কথাবার্তাকে মৃদু সমালোচনা করার জন্যে লংফেলোর দিকে কৃতজ্ঞতায় চেয়ে রইলেন।

"এটা নিয়ে কি ভাবার মতো কিছু নয়?" মহিলা বললেন।

অলিভার ওয়েন্ডেল হোমস্ জুনিয়র যখন তার বাবা ডাঃ হোমসের কাছ থেকে একটা

BanglaBook.org

www.BanglaBook.org

চিঠি পেলো যে, তাকেও স্টেট হাউজের সৈনিকদের সম্মানার্থে নৈশভোজে থাকতে হবে, সে দীর্ঘশ্বাস ফেললো, চিঠিটা আবার পড়লো, তারপর ভৎর্সনা করলো। তার বাবার উপস্থিতির জন্যে সে কোনো কিছু মনে করে নি। *বৃদ্ধ বাবা আছে কেমন? যখন তিনি শিক্ষকতা করছেন তখনও কি কবিতা নিয়ে মগ্ন থাকেন? আর কবিতা লেখার সময় শিক্ষকতা নিয়ে ভাবেন? এটা সত্য যে, ছোটোখাটো ডাক্তার সাহেব কথা বলতে পারেন–প্রতি মুহূর্তে, ক্যাপ্টেন হোমস?* ডাঃ হোমসের পছন্দের বিষয় কোন্‌টা সেটা নিয়ে সে কেন এতো মাথা ঘামাচ্ছে : তার পছন্দের বিষয় তিনি নিজেই।

তার রেজিমেন্টের অন্যান্য সদস্যদের ভীড়ে, জুনিয়র কয়েকজন স্কটিশ ভদ্রলোকের সঙ্গে পরিচিত হলো যারা আমন্ত্রিত অতিথি হিসেবে এসেছে। জুনিয়রের পুরো নাম শোনার পর যথারীতি সেই প্রশ্নটার উদ্রেক হলো। যার সাথে তার পিতার সম্পর্ক রয়েছে।

"আপনি কি অলিভার ওয়েন্ডেল হোমসের সন্তান?" জুনিয়রের সমবয়সী এক স্কটিশ যে নিজেকে একজন মিথলজিস্ট হিসেবে পরিচয় দিয়েছে, সে প্রশ্নটা করলো।

"হ্যা।"

"তো, আমি তার বইগুলো পছন্দ করি না।" মিথলজিস্ট কথাটা ব'লে হেসে চলে গেলো।

চারপাশের হৈহল্লার মাঝে নিশ্চুপ জুনিয়র তার বাবার এই পৃথিবীতে সর্বত্র বিদ্যমানতার জন্যে প্রচণ্ড রেগে গেলো এবং তাকে আবারো ভৎর্সনা করলো। জুনিয়র ঘুরে দেখলোএকটা মানুষের বৃত্ত। বৃত্তের এক প্রান্তে ডাঃ হোম্‌স দাঁড়িয়ে আছেন, সঙ্গে আছেন গভর্নর আর জেমস্ রাসেল লাওয়েল। ডাঃ হোমসকে পায়ের পাতার ওপর ভয় দিয়ে দাঁড়াতে হয়েছে : বৃত্তের মাঝখানের দৃশ্যটা দেখার জন্যে। তার মুখটা খোলা। কথা বলার জন্যে তিনি অপেক্ষা করছেন। হলের অন্য প্রান্তের জটলার দিকে যাবার চেষ্টা করলো জুনিয়র।

"ওয়েন্ডি, তুমি?" জুনিয়র ভান করলো কথাটা সে শোনে নি। কিন্তু কণ্ঠটা আবারো বললো এবং ডাঃ হোমস্ কয়েকজন সৈনিককে ঠেলেঠুলে তার কাছে চলে এলেন।

"আরে বাবা, তুমি।"

"আরে ওয়েন্ডি, গভর্নর এন্ড্রু এবং লাওয়েলের সঙ্গে দেখা করার কি ইচ্ছে হচ্ছে না তোমার?"

জুনিয়র খেয়াল করলো তার বাবার চোখ চারপাশে কিছু খুঁজে বেড়াচ্ছে।

"এটা অবশ্যই স্কটিশ দলটি হবে, এন্ড্রু সে সম্পর্কেই বলছিলেন–ঐ তো ওখানে, জুনিয়র। তরুণ মিথলজিস্ট মিঃ ল্যাংয়ের সঙ্গে আমার দেখা করা দরকার, নরক থেকে ইউরিডাইসকে অরফিয়াস কি করেছিলো সে সম্পর্কে একটু আলাপ করতাম। তুমি কি তার কোনো বই পড়েছে, ওয়েন্ডি?"

BanglaBook.org

www.BanglaBook.org

ডা: হোমস্ জুনিয়রের একটা হাত ধরে টানতে টানতে তাকে হলের অন্য পাশে নিয়ে গেলেন।

"না।" জুনিয়র তার হাতটা টেনে তার বাবাকে থামালো। ডা: হোমস্ তার দিকে বেশ মর্মাহত হয়ে তাকালেন। "আমি কেবল আমার রেজিমেন্টের জন্যে এখানে এসেছি বাবা। জেমসের বাড়িতে আমি মিনির সঙ্গে দেখা করবো। দয়া ক'রে আমাকে ক্ষমা কোরো।"

"তুমি কি আমাদেরকে দেখেছো? আমরা খুব সুখী ভায়েদের এক দল, ওয়েন্ডি। এতোগুলো বছর ধরে আমরা একসঙ্গে আছি, দিন দিন আমাদের ঘনিষ্ঠতা বাড়ছে। বাবা আমার, যৌবনের জাহাজের যে ভ্রমন সেটা উপভোগ করো, এটা খুব সহজেই সাগরে হারিয়ে যায়।"

"বাবা," জুনিয়র তার বাবার কাঁধের পেছন দিয়ে মিথলজিস্টকে হাসতে দেখে বললো। "আমি শুনেছি ঐ কাপুরুষ ল্যাং বোস্টন সম্পর্কে আজেবাজে কথা বলছে।"

হোমসের মুখভঙ্গী বদলে গেলো। "তাই নাকি? তাহলে তাকে নিয়ে আমাদের সময় নষ্ট করার কোনো মানেই হয় না, বাবা।"

"যদি তাই হয়, তাহলে আমাকে বলো, তুমি কি এখনও ঐ নতুন উপন্যাসটি নিয়ে কাজ ক'রে যাচ্ছো?"

জুনিয়রের এই আগ্রহের কথাটা শুনে হোমসের মুখে আবার হাসি ফিরে এলো। "অবশ্যই! অন্যান্য কাজ কর্মের জন্যে এ কাজে আমার খুব দেরি হয়ে গেছে, তবে ফিল্ডস্ কথা দিয়েছেন যখন প্রকাশিত হবে তখন বেশ টাকা-পয়সা বয়ে আনবে সেটা। এটা যদি না হয় তো আমি আটলান্টিকে ঝাঁপ দেবো–মানে সাগরে–ফিল্ডসের মাসিক পত্রিকায় নয়।"

"তুমি তোমার সমালোচকদেরকে আবারো তোমার নিকুচি করতে আমন্ত্রণ জানাচ্ছো," জুনিয়র বললো, কিন্তু এরপরের কথাগুলো বলতে ইতস্তত করলো। আচম্কা তার মনে হলো যদি তার তলোয়ারসহ পোশাকটা পরে ঐ মিথলজিস্টকে দাবড়ানি দিতো পারতো সে। নিজের কাছে প্রতীজ্ঞা করলো ল্যাংয়ের লেখা সে পড়বে। "হয়তো এটা পড়ার সুযোগ আমার হবে, বাবা, যদি কখনও প্রকাশ হয়।"

"তাহলে আমার খুবই ভালো লাগবে, বাবা," জুনিয়র চলে যেতে উদ্যত হলে হোমস্ আস্তে ক'রে বললেন।

সৈনিক সাহায্য হোমের ডিকনের উল্লেখ করা সৈনিকদের একজনকে রেই খুঁজে পেয়েছিলো। একহাতের এক যোদ্ধা, যে সবেমাত্র তার স্ত্রীর সঙ্গে ন্যাচ শেষ করেছে।

"এখানকার কেউ কেউ আমাকে বলেছে," সৈনিকটি বেশ গর্ব সহকারে রেইকে বললো, "যখন তারা আপনাদেরকে অস্ত্রে সজ্জিত করছিলো, 'আমি কোনো নিগ্রো

BanglaBook.org

www.BanglaBook.org

জন্যে যুদ্ধ করি না।' ওহ্, আর আপনি কি এটা জানতেন না, এজন্যে আমার মুখ লজ্জায় লাল হয়ে গেছে।"

"প্লিজ লেফটেনান্ট," রেই বললো। "আপনার কাছে বর্ণনা করা এই ভদ্রলোকটি–আপনি কি মনে করেন তাকে আপনি সৈনিক সাহায্য হোমে কখনও দেখেছেন?"

"অবশ্যই, গোঁফ আছে আর সবসময়ই সৈনিকের পোশাক প'রে থাকে। ব্লাইট–এটাই তার নাম। এ ব্যাপারে আমি একদম নিশ্চিত, তবে একশো ভাগ নয়। ক্যাপ্টেন ডেক্সটার ব্লাইট। খুবই মেধাবী। সবসময় পড়াশোনা করে। আমার মনে হয়, আমার দেখা সবচাইতে ভালো অফিসার।"

"দয়া ক'রে বলবেন কি, সে মিঃ গৃনের সারমনের ব্যাপারে খুব বেশি আগ্রহী ছিলো কিনা?"

"ওহ্, নিশ্চয় পছন্দ করতো, বুড়োর বক্‌বকানি! আর আপনি কি জানতেন না ঐসব সারমন ছিলো তাজা বাতাসের মতো। আমার শোনা যেকোনো কিছুর চেয়ে অনেক বেশি সাহসী, নিশ্চয়, ক্যাপ্টেন ওগুলো যেকারোর চেয়ে বেশিই পছন্দ করতেন, আমার তো সেরকমই মনে হয়।"

রেই নিজেকে ঠিক রাখতে হিমসিম খেলো। "আপনি কি জানেন ক্যাপ্টেন ব্লাইটকে আমি কোথায় খুঁজে পাবো?"

সৈনিকটি স্ত্রীকে জড়িয়ে ধ'রে বললো, "মিঃ অফিসার আপনি কেন জানতে চাচ্ছেন না, আমার সুন্দরী ছুকরিটা আপনাকে বেশ পছন্দ করেছে।"

"আরে বলো কি?" মেয়েটা প্রতিবাদ ক'রে বললো।

"আমার মনে হয় আমি জানি তাকে আপনি কোথায় পাবেন," সৈনিকটি বললো। "সোজা সামনে দেখুন।"

১৯তম ম্যাসাচুসেট্‌স রেজিমেন্টের ক্যাপ্টেন ডেক্সটার ব্লাইটের গোঁফ ইংরেজি অক্ষর 'ইউ' উল্টো করলে যেমন দেখায় ঠিক সেরকম, ঠিক গৃন যেমনটি বলেছিলেন।

রেই মাত্র তিন সেকেন্ডের জন্যে তাকিয়ে দেখলো, তবে খুব বুদ্ধিমত্তার সাথে এবং তীক্ষ্ণভাবে। লোকটার সবকিছু খুঁটিয়ে খুঁটিয়ে দেখার জন্যে তার সুতীব্র আকাঙ্খার উদ্রেক হলো ব'লে সে একটু অবাকই হলো।

"পেট্রলম্যান নিকোলাস রেই? আপনিই তো, তাই না?" গভর্নর এন্ড্রু হাত বাড়িয়ে রেইয়ের চিন্তিত মুখের দিকে তাকালেন। "আমাকে বলা হয় নি আপনি এখানে আসবেন।"

"এখানে হাজির হবার কোনো পরিকল্পনা আমার ছিলো না, গভর্নর। তবে আমার আশংকা আপনি আমাকে একটু ক্ষমা করবেন, আমাকে এক্ষুণি যেতে হচ্ছে।"

একথা বলেই রেই সৈন্যদের ভীড়ে হারিয়ে গেলো। আর যে গভর্নর তাকে বোস্টন পুলিশে নিয়োগ দিয়েছেন তিনি অবিশ্বাসে হতভম্ব হয়ে দাড়িয়ে রইলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

তার আচম্‌কা উপস্থিত হওয়াটা মনে হয় রিসেপশনের বাকিরা খেয়ালই করে নি, একে একে তাকে খেয়াল করতেই দান্তে ক্লাবের সদস্যদের সব চিন্তা ভাবনা দূরীভূত হয়ে গেলো। তারা একসঙ্গে তার দিকে তাকিয়ে রইলেন। এই লোকটাই কি ফিনিয়াস জেনিসনকে তুলে নিয়ে গিয়ে কাঁটাছেঁড়া করেছে? তাকে দেখে খুবই সাধারণ বলেই মনে হচ্ছে। তার অবয়বটা বেশ শক্তসামর্থ আর ধ্যানে মগ্ন যেনো। তবে এছাড়া তার কালো টুপি আর সিঙ্গেল ব্রেস্টের পোশাকে সে একেবারেই বৈশিষ্ট্যহীন। এটা কি সেই লোক হতে পারে? অনুবাদক-পণ্ডিতব্যক্তি, যে কিনা দান্তের শব্দগুলোকে *কাজে* রূপান্ত র করেছে, তাঁদেরকে বারবার পরাভূত করেছে?

হোমস্ তার কতিপয় ভক্তের কাছ থেকে ক্ষমা চেয়ে নিয়ে লাওয়েলের কাছে ছুটে গেলেন।

"ঐ লোকটা..." হোমস্ চাপা কণ্ঠে এমনভাবে বললেন যেনো কিছু একটা ভুল হয়ে গেছে।

"আমি জানি," লাওয়েলও চাপা কণ্ঠে, ফিস্‌ফিস্ ক'রে জবাব দিলেন। "রেইও তাকে দেখেছে।"

"আমরা কি গৃনকে তার কাছে পাঠাবো?" হোমস্ বললেন। "লোকটার ব্যাপারে কিছু একটা আছে। তাকে দেখে মনে হচ্ছে না..."

"দেখুন!" লাওয়েল বেশ তাড়া দিয়ে বললেন।

ঠিক এই সময়ে ক্যাপ্টেন ব্লাইট খেয়াল করলেন জর্জ ওয়েশিংটন গৃন একা একা ঘুরছেন। পেইন্টিং আর ভাস্কর্যের ভীড়ে নিজেকে হারিয়ে ফেলেছেন গৃন, যেনো সপ্তাহান্তের কোনো প্রদর্শনীতে বেড়াতে এসেছেন, এমনভাবে দেখে চলছেন তিনি। ব্লাইট কিছুক্ষণ গৃনকে দেখে গেলো, তারপর আস্তে আস্তে, ধীর পদক্ষেপে তার দিকে এগিয়ে গেলো।

ব্যাপারটা কাছ থেকে দেখার জন্যে রেই সামনের দিকে এগোলো, কিন্তু সে যখন ব্লাইটকে দেখার জন্যে পেছন ফিরে তাকালো দেখতে পেলো গৃন একজন বই সংগ্রাহকের সঙ্গে কথা বলছেন। এই ফাঁকে ব্লাইট দরজা দিয়ে বের হয়ে গেছে।

"রাখেন," লাওয়েল চিৎকার ক'রে বললেন। "সে চলে যাচ্ছে!"

মেঘ অথবা তুষারপাতের জন্যে বাতাস খুব ভারি হয়ে আছে। খোলা আকাশে অর্ধবৃত্ত চাঁদটা দেখা যাচ্ছে, যেনো সেটাকে কোনো তলোয়ার দিয়ে কেটে ফেলা হয়েছে।

রেই জনসাধারণের মধ্যে পোশাক পরা এক সৈনিককে দেখতে পেলো। একটা হাতির দাঁতের লাঠির সাহায্যে সে হেটে যাচ্ছে।

"ক্যাপ্টেন!" রেই চিৎকার ক'রে তাকে ডাকলো।

ডেক্সটার ব্লাইট ঘুরে দেখলো তাকে কে ডাকছে।

"ক্যাপ্টেন ব্লাইট।"

"আরে, আপনি আবার কে?" তার কণ্ঠটা খুবই গম্ভীর আর সাহসী।

BanglaBook.org

www.BanglaBook.org

"নিকোলাস রেই। আপনার সঙ্গে আমার কথা বলার দরকার," বলেই রেই তার পুলিশের ব্যাজটা দেখালো। "একটু সময় নেবো মাত্র।"

ব্লাইট তার লাঠিটা বরফে শক্ত ক'রে গেঁথে ফেললো, আর রেই যতোটা ভেবেছিলো তার চেয়েও অনেক দ্রুত গতিতে চলে যেতে উদ্যত হলো সে। "আমার কিছুই বলার নেই!"

রেই খপ্ ক'রে ব্লাইটকে ধরে ফেললো।

"আমাকে যদি গ্রেফতার করার চেষ্টা করো তবে আমি তোমার ঐ শালার ভূড়িটা বের ক'রে পুকুরের ব্যাঙদের দিয়ে খাওয়াবো।" ব্লাইট গর্জে উঠে বললো।

রেই একটু ভড়কে গেলো, একটা ভুল হয়ে গেছে ব'লে মনে হলো তার। এই ধরণের বেপরোয়া ক্রোধ, অনিয়ন্ত্রিত আবেগ থাকে ভীতুদের, সাহসীদের নয়–তারা যেরকম একজনকে খুঁজছে সেরকম কারোর তো নয়ই। পেছনের স্টেট হাউজের দিকে চেয়ে রেই দেখতে পেলো দান্তে ক্লাবের সদস্যরা সিঁড়ি দিয়ে তড়িঘড়ি নেমে আসছেন, তাদের চোখেমুখে আশার ঝিলিক, রেই আরেকটা লোকের মুখ দেখলো। যে লোকটি তাকে বোস্টন পুলিশে নিয়োগ দেবার জন্যে সবাইকে রাজি করিয়েছে–চিফ কার্তেজ–প্রতিটি খুনের সাথে সাথে এই শহরের অভিভাবক হিসেবে যার সময়কাল সংক্ষিপ্ত হয়ে আসছে ক্রমশ।

রেই ছুটতে উদ্যত হওয়া ব্লাইটকে শক্ত ক'রে ধরে রাখলো। ডা: হোমসের বড়বড় চোখের সতর্ক দৃষ্টিটা দেখলো সে। রেই ঈশ্বরের কাছে প্রার্থনা করলো যেনো এখনও সময় থাকে।

অবশেষে। অগাস্টাস ম্যানিং তার অতিথিদেরকে দরজা খুলে ঢুকতে দেখেই আর্তনাদ ক'রে উঠলেন। "আমরা কি লাইব্রেরিতে যাবো?"

তীর্যকভাবে হেসে প্লিনি মিড ম্যানিংয়ের দামি সোফাটার মাঝখানে সরচাইতে আরামদায়ক আসনে বসলো।

"রাতের বেলায় কলেজের বাইরে দেখা করতে রাজি হবার জন্যে আপনাকে ধন্যবাদ, মি: মিড," ম্যানিং বললেন।

"দেরি হবার জন্যে আমি দুঃখিত। আপনার সেক্রেটারির বার্তায় বলা হয়েছে এটা প্রফেসর লাওয়েল সম্পর্কিত। আমাদের দান্তে ক্লাসের কোনো ব্যাপার?"

"ঠিক, মি: মিড, আপনি কি ক্লাসের ব্যাপারে মি: ক্যাম্পের সঙ্গে কথা বলেছেন?"

"মনে হয় বলেছি," মিড বললো। "কয়েক ঘন্টা আগে। দান্তের ব্যাপারে আমি যা বলতে পারি তার সবকিছুই সে জানতে চেয়েছে। সে বলেছে, সে আপনার বক্তব্য সম্পর্কেও জানতে চাচ্ছে।"

"সে তাই করছে। তারপরেও, তারপর থেকে মনে হয় নি যে সে আমার সঙ্গে

BanglaBook.org

www.BanglaBook.org

কথা বলতে চাচ্ছে। আমি ভাবছি কেন।"

মিড তার নাক কুচ্‌কালো। "তো, আমি কীক'রে জানবো আপনি কি করছেন, স্যার?"

"সেটা আপনার জানতে হবে না। তবে আমি ভাবছি আপনি হয়তো আমাকে সাহায্য করতে পারেন। আমার মনে হচ্ছে আমরা আমাদের তথ্যগুলো আদান প্রদান করতে পারি। তার এরকম আচরণ বদলানোর কারণ কি আমি ভেবে পাচ্ছি না।"

মিড অমায়িকভাবে তাকিয়ে থাকলো, ঘটনা দেখে সে হতাশ হলো। তার ধারণা ছিলো মিটিংটা হয়তো কোনো সুবিধার কিংবা তার জন্যে উপভোগের হবে। ফায়ারপ্লেসের তাকের ওপর এক বাক্স পাইপ রাখা আছে। হারভার্ডের একজন ফেলোর সাথে আগুনের পাশে ব'সে ধূমপান করার ভাবনায় সে উৎফুল্ল হয়ে উঠলো। "ওগুলোকে এ-১ ব'লে মনে হচ্ছে, ডাঃ ম্যানিং।"

ম্যানিং বেশ আত্মতৃপ্তি নিয়ে মাথা দোলালেন, অতিথির জন্যে একটা পাইপ তৈরি করলেন। "এখানে, আমাদের ক্যাম্পাসের মতো নয়, আমরা এখানে খোলাখুলিভাবে ধূমপান করতে পারি। আমরা খোলাখুলিভাবে কথাও বলতে পারি। আমাদের কথাবার্তা আমাদের ধোয়ার মতোই মুক্তভাবে বের হতে পারে। পরে আরো কিছু অদ্ভুত ঘটনা ঘটবে, মিঃ মিড, আমি সেটার উপর আলোকপাত করতে চাই। পুলিশের এক লোক এসে আমার কাছে আপনাদের দান্তে ক্লাসের ব্যাপারে কিছু প্রশ্ন ক'রে গেছে, যাওয়ার সময় সে আচম্‌কা থেমে গিয়েছিলো, যেনো আমাকে গুরুত্বপূর্ণ কিছু বলতে চাচ্ছিলো, তবে হুট ক'রে তার মত বদলে ফেললো।"

মিড চোখ দুটো বন্ধ ক'রে আয়েশ ক'রে ধোয়া ছাড়লো।

অগাস্টাস ম্যানিংয়ের বেশ ধৈর্য আছে। "মিঃ মিড, আমি ভাবছি, বর্তমানে আপনার ক্লাশ র‍্যাংকিং কতো খারাপ অবস্থায় আছে সে সম্পর্কে আপনি সচেতন রয়েছেন কিনা।"

মিড গ্রামার স্কুলের বাচ্চা ছেলের মতো সোজা হয়ে বসলো। "স্যার ড. ম্যানিং, আমাকে বিশ্বাস করুন, এটা অন্য কোনো কারণে–"

তিনি কথার মাঝখানে ব'লে উঠলেন, "আমি জানি, বাবা। জানি প্রফেসর লাওয়েলের ক্লাশের শেষ টার্মে কি হয়েছে। আপনার ভাইয়েরা তাদের শুরুর দিকের ক্লাশে প্রথম হয়েছিলো, তাই না?"

রাগে আর অপমানে ছাত্রটি মুখ ঘুরিয়ে রাখলো।

"আমরা দেখতে পাচ্ছি, আপনার ক্লাশের নাম্বারে একটু ঘষামাজা করলে আপনার পরিবারের অন্যান্যদের সঙ্গে সম্মানের সাথেই আপনি এক কাতারে দাঁড়াতে পারবেন।"

মিডের গাঢ় সবুজ রঙের চোখ দুটোতে প্রাণ ফিরে এলো। "সত্যি স্যার?"

"সম্ভবত এখন আমার একটু ধূমপান করতে হবে।" ম্যানিং দাঁত বের ক'রে

BanglaBook.org

www.BanglaBook.org

হাসলেন, চেয়ার থেকে উঠে নিজের সুন্দর পাইপটা ভালো ক'রে দেখে নিলেন।

এরপর ম্যানিং কী বলেন সেই চিন্তাটাই প্লিনি মিডের মনে ঘুরপাক খেতে লাগলো। তার সঙ্গে সাইমন ক্যাম্পের সাক্ষাতের ঘটনাটি মনে করার চেষ্টা করলো সে। পিংকারটনের গোয়েন্দারা দান্তে সম্পর্কে খারাপ ঘটনাগুলো সংগ্রহ করার চেষ্টা ক'রে গেছে কর্পোরেশন তথা ম্যানিংয়ের কাছে রিপোর্ট করার জন্যে। সংস্কারের বিরুদ্ধে নিজেদের অবস্থান শক্ত করা এবং কারিকুলাম খোলার জন্যেই কর্পোরেশন এই কাজ করছে। দ্বিতীয় মিটিংয়ে ক্যাম্পকে খুব বেশি আগ্রহী ব'লে মনে হচ্ছিলো। এখন মিড ভাবলো। তবে সে জানে না, প্রাইভেট গোয়েন্দা কী ভাবতে পেরেছিলো। বোস্টনের পুলিশ কেন দান্তে সম্পর্কে জানতে চাইবে সেটাও বোধগম্য নয়। মিড সাম্প্রতিক ঘটনাগুলো নিয়ে ভাবলো, আজকাল উন্মাদনা আর হিংসাত্মক ঘটনা তাদের শহরে প্রায়শই ঘটছে। মিড যখন কথা প্রসঙ্গে ক্যাম্পকে সাইমোনিয়াকদের শাস্তির কথাটা বলেছিলো তখন ক্যাম্প বেশ আগ্রহ দেখিয়েছিলো। আলিশা ট্যালবোটের মৃত্যু সম্পর্কে শোনা অনেকগুলো গুজবের কথা ভাবলো মিড। যাজকের পা'দুটো আগুনে পুড়ে গিয়েছিলো এ কথা সে শুনেছে। এরপর আছে বেচারা হিলি, তাকে পাওয়া গেছে নগ্ন অবস্থায় এবং...

তাঁদের সবাইকে এরকম করা হলো কেন! জেনিসনকেও! এটাও হতে পারে?" লাওয়েল কি জানতেন, কোনো ধরনের ব্যাখ্যা ছাড়া দান্তে ক্লাস বাতিল করায় কি এটা বোঝায় না তিনি এসব জানতেন? মিড কি অনিচ্ছাকৃতভাবে সাইমন ক্যাম্পকে এটা জানতে উৎসাহী ক'রে তুলেছিলো? লাওয়েল কি এমন কিছু জানেন যা তিনি লুকিয়ে রেখেছেন? এজন্যে তার সর্বনাশ হতে পারে! নিকুচি করি তাদের!

মিড উঠে দাঁড়ালো। "ড. ম্যানিং ড. ম্যানিং!"

ম্যানিং একটা ম্যাচ জ্বালাচ্ছিলেন, কিন্তু তখনই সেটা নিভিয়ে ফেললেন, আচম্‌কা কণ্ঠটা নিচে নামিয়ে চাপা কণ্ঠে বললেন। "সদর দরজা থেকে আপনি কি কোনো শব্দ শুনেছেন?"

মিড কান খাড়া ক'রে শুনে মাথা ঝাঁকালো। "মিসেস ম্যানিং, স্যার?"

ম্যানিং চুপ করার ইশারা ক'রে তার সরু আর বাঁকা তর্জনীটা মুখের ওপর রাখলেন। তিনি পার্লার থেকে হলওয়ের দিকে সন্তর্পনে এগিয়ে গেলেন।

কিছুক্ষণ পরে তিনি তার অতিথিকে নিয়ে ফিরে এলেন। "কী ব্যাপার," মিডের দিকে চেয়ে বললেন। "আমি কেবল আপনাকে আশ্বস্ত করতে চাই যে, আমাদের গোপনীয়তা বজায় থাকবে। আমার মন বলছে আপনার কাছে এমন গুরুত্বপূর্ণ কিছু তথ্য রয়েছে যা আজ রাতে আমাদেরকে আপনি বলতে পারেন, মিঃ মিড।"

"অবশ্যই বলবো, ড. ম্যানিং," একটু অর্থকভাবেই বললো মিড। ম্যানিং তাঁদের গোপনীয়তা রক্ষার আশ্বাস দিতেই সে তার কৌশল পুনঃনির্ধারণ করলো। *দান্তে হলেন একজন খুনি, ড. ম্যানিং। ওহ্, হ্যা, আমি অবশ্যই কিছু বলবো।* "চলুন, আগে

www.BanglaBook.org

ক্লাশের র‍্যাংকিংয়ের ব্যাপারে কথা বলি," মিড বললো। "তারপর আমরা দান্তে নিয়ে আলোচনা করবো। ওহ্, আমার মনে হয় আমি যা বলবো তা আপনাকে দারুণ কৌতুহলী করবে, ড. ম্যানিং।"

ম্যানিং চোখ কুচ্‌কালেন। "পাইপে নতুন কিছু তামাক ভরে আনছি না কেন?"

"আমার জন্যে শেরি, প্লিজ।"

ম্যানিং অনুরোধের প্রেক্ষিতে যা আনলেন সেটা থেকে মিড এক ঢোক পান ক'রে নিলো। "আরেক গ্লাস হলে কেমন হয়, ডিয়ার অগি? আমরা আজকের রাতাকে একটা ভেঁজা রাত বানিয়ে ফেলবো।"

অগাস্টাস ম্যানিং আরেকটা গ্লাস মদ ঢালতে লাগলেন, আশা করলেন ছাত্রটি যা বলবে তা যেনো বেশ গুরুত্বপূর্ণ হয়। তিনি একটা প্রচণ্ড জোরে আঘাতের শব্দ শুনতে পেলেন, না দেখেই বুঝতে পারলেন সেটা খুবই উল্লেখযোগ্য কিছু। ছেলেটা বোধহয় দামি কোনো জিনিস ভেঙে ফেলেছে। ম্যানিং বিরক্ত হয়ে পেছনে তাকালেন। প্লিনি মিড হাত-পা ছাড়িয়ে সোফায় শুয়ে আছে, তার হাত দুটো দু'দিকে প্রসারিত।

ম্যানিং ঘুরে দাঁড়াতেই হাত থেকে মদের বোতলটা প'ড়ে গেলো। প্রশাসক ভদ্রলোক পোশাক পরা এক সৈনিকের মুখের দিকে চেয়ে রইলেন, এই মুখটা তিনি প্রায় প্রতিদিনই ইউনিভার্সিটি হলের করিডোরে দেখে থাকেন। সৈনিকটি স্থির চোখে চেয়ে আছে, মাঝে মাঝেই কিছু একটা চিবুচ্ছে। তার মুখটা খুললে নরম আর সাদা সাদা গুটি দেখা গেলো তার জিভের ওপর। সে থুতু ফেললে একটা সাদা গুটি কার্পেটের ওপর পড়লো। ম্যানিং না তাকিয়ে পারলেন না। ওখানে মনে হলো দুটো অক্ষর ছাপা আছে : এক টুকরো ভেঁজা কাগজে ইংরেজি অক্ষর *এল* এবং *আই*। ম্যানিং ঘরের এক কোণে দৌড়ে চলে গেলেন, যেখানে সাজসজ্জার অংশ হিসেবে একটা শিকারী রাইফেল দেয়ালে টাঙানো আছে। সেটা ধরার জন্যে তিনি একটা চেয়ারে উঠলেন, কিন্তু তারপরই তোতলাতে লাগলেন, "না। না।"

ড্যান টিল ম্যানিংয়ের কম্পিত হাত থেকে রাইফেলটা ছোঁ মেরে কেড়ে নিয়ে সেটা তাক্ ক'রে খুব দ্রুত গুলি করলো। দেখলো বিশ্বাসঘাতককে হুড়মুড় ক'রে মেঝেতে লুটিয়ে পড়তে দেখলো সে।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৭

ডা: হোমস্ দীর্ঘ সিঁড়ি বেয়ে লেখকদের ঘরে চলে এলেন।

"অফিসার রেই কি ফিরে এসেছে?" হাঁপাতে হাঁপাতে তিনি জানতে চাইলেন।

লাওয়েলের জোড়া ভুরু দুটি তার হতাশাকেই প্রকাশ করলো।

"সম্ভবত ব্লাইট..." হোমস্ বলতে শুরু করলেন। "সম্ভবত সে কিছু একটা জানে, আর রেই ভালো সংবাদ নিয়েই আসবে। আপনার ইউনিভার্সিটির রেকর্ডরুমে যাওয়ার কি হলো?"

"আমার আশংকা আমারা বোধহয় আজকে ওখানে যেতে পারবো না," ফিল্ডস্ দীর্ঘশ্বাস ফেলে বললেন।

"কেন নয়?" হোমস্ জানতে চাইলেন।

ফিল্ডস্ চুপ থাকলেন।

"আজ রাতে মি: টিলকে দেখা যাচ্ছে না যে," লংফেলো জানালেন। "হয়তো তার অসুখ করেছে," খুব দ্রুতই তিনি আবার বললেন।

"মনে হয় না," ফিল্ডস্ বললেন। "রেকর্ডে দেখা যাচ্ছে মি: টিল চার মাসে একদিনও অনুপস্থিত থাকে নি। আমি বেচারা ছেলেটার মাথার ওপর সমস্যা চাপিয়ে দিয়েছি, তাকে বিপদের মুখে ঠেলে দিয়েছি, হোমস্। সে বারবার তার আনুগত্য দেখিয়েছে।"

"ছেলেমানুষি..." হোমস্ বলতে শুরু করলেন।

"তাই কি? তাকে আমার জড়ানো উচিত হয় নি! ম্যানিং হয়তো বুঝে ফেলেছেন সে আমাদেরকে ওখানে ঢুকতে সাহায্য করেছে, তিনি হয়তো তাকে গ্রেফতার করেছেন। অথবা ঐ অভিশপ্ত স্যামুয়েল টিকনর হয়তো মিস্ গ্রেমরয়ের সঙ্গে রঙ্গলীলাতে বাধা দেয়ার প্রতিশোধ নিয়েছে। যাই হোক, আমরা কথা বলছিলাম আমাদের যেসব লোক যুদ্ধ করেছে তাদের সঙ্গে। কেউই স্বীকার করে নি কখনও কোনো সৈনিক সাহায্য হোমে যাওয়া বা সেখানকার সুবিধা গ্রহণ করার কথা। আর কেউ এমন কিছু জানে না যা আমাদের কাজে লাগতে পারে।"

লাওয়েল পায়চারী করতে লাগলেন। জানালার সামনে গিয়ে বাইরের নদী তীরের তুষারাবৃত দৃশ্যটা দেখলেন। "রেই বিশ্বাস করে ক্যাপ্টেন ব্লাইট সেই সৈনিক নয় যে গৃনের সারমনগুলো উপভোগ করেছে। ব্লাইট অন্যদের সম্পর্কে রেইকে কিছুই বলবে না। সে হয়তো সৈনিক হোমের অন্য সৈনিকদের সম্পর্কে কিছুই জানে না! আর টিলকে ছাড়া আমরা কর্পোরেশনের রুমে সঙ্গোপনে যেতেও পারছি না। শুক্‌নো কুয়া

www.BanglaBook.org

থেকে আমাদের আর পানি তোলার চেষ্টা করা ঠিক হবে না!"

দরজায় কড়া নাড়ার শব্দ হলে দেখা গেলো অসগুড এসেছে, সে জানালেন যুদ্ধ করেছিলো এরকম আরো দু'জন কর্মচারী ক্যাফেটেরিয়াতে অপেক্ষা করছে ফিল্ডসের জন্যে। সিনিয়র ক্লার্ক তাকে টিকনর এ্যান্ড ফিল্ডসের যেসব কর্মচারী সাবেক সৈনিক ছিলো তাদের সবার নামের তালিকা দিয়েছিলো। তালিকাতে বারোজন ছিলো : মিথ, সিলার, উইলসন, কলিন্স, হোল্ডেন, সিলভেস্টার, র‍্যাপ, ভ্যান ডোরেন, ড্রেটন, ফ্ল্যাগ, কিং এবং ফেলার। একজন সাবেক কর্মচারী, স্যামুয়েল টিকনরের নামও সৈনিক হিসেবে ড্রাফট করা হয়েছিলো, তবে পোশাক পরার দু'সপ্তাহ পরে তিনশো ডলার ঘুষ দিয়ে তার বদলে অন্য একজনকে নাম লিখিয়ে চলে এসেছিলো সে।

কিছু একটা আন্দাজ ক'রে লাওয়েল বললেন, "ফিল্ডস্, আমাকে টিলের ঠিকানাটা দিন, আমি নিজে গিয়ে তাকে দেখে আসি। রেই ফিরে আসার আগে আমাদের করার কিছুই নেই। হোমস্, আপনি কি আমার সঙ্গে আসবেন?"

ফিল্ডস্ তার সিনিয়র কেরাণী জে.আর অসগুডকে কেরাণীদের কোয়ার্টারেই থাকতে বললেন যাতে প্রয়োজনে তাকে পাওয়া যায়। অসগুড একটা আরাম কেদারায় ব'সে দীর্ঘশ্বাস ফেললো। সময় কাটানোর জন্যে কাছের একটা সেল্ফ থেকে সে হ্যারিয়েট বিচার স্টোয়ি'র একটা বই তুলে নিলো। কিন্তু বইটা খুলতেই সেই ছোট্ট তুষার কণার আকৃতির কাগজের টুকরোটা পেলো। কভার পৃষ্ঠাতে চাপা দিয়ে রাখা ছিলো সেটা, যা ফিল্ডস্কে স্টোয়ি খোদাই ক'রে দিয়েছিলেন। অসগুড আরো কয়েকটা পৃষ্ঠা ওল্টালে ঠিক একই ধরণের জিনিস খুঁজে পেলো, কয়েকটা পৃষ্ঠাতে উৎসর্গ করা আছে। "কী অদ্ভুতরে বাবা।"

নিচের আস্তাবলে লাওয়েল এবং হোমস্ প্রচণ্ড আতংকের সাথে দেখতে পেলেন, ফিল্ডসের ঘোড়াটা মেঝেতে প'ড়ে আছে, সেটা নড়তে চড়তে অক্ষম। তার সঙ্গীটি বিষন্নদৃষ্টিতে চেয়ে আছে সেটার দিকে, আর সেটার কাছে কেউ এগিয়ে আসলেই তাকে লাথি মারতে উদ্যত হচ্ছে। ঘোড়াটা নিয়ে জনবহুল রাস্তায় যাওয়া এবং পরিবহন কাজে ব্যবহার করা একদম অসম্ভব, তাই তারা হেঁটে যেতে বাধ্য হলেন।

ড্যান টিলের চাকরির নিয়োগের ফর্মে ঠিকানাটা স্পষ্টভাবে লেখা আছে, তাতে দেখা যাচ্ছে সে শহরের দক্ষিণ অংশের একটি বাড়িতে বসবাস করে।

"মিঃ টিল?" দরজা খুলে দেয়া মহিলার উদ্দেশ্যে নিজের টুপিটা একটু নামিয়ে লাওয়েল বললেন। "আমার নাম মিঃ লাওয়েল। পরিচয় করিয়ে দিচ্ছি, ইনি হলেন ডাঃ হোমস্।"

"মিসেস গ্যালভিন," মহিলা বলেই নিজের বুকে ওপর হাত রাখলেন।

লাওয়েল বাড়ির নাম্বারের সাথে কাগজের নাম্বারটা মিলিয়ে দেখলেন। "এখানে মিঃ টিল নামের কেউ থাকেন কি?"

মহিলা তাদের দিকে বিষন্ন দৃষ্টিতে তাকালেন। "আমি হ্যারিয়েট গ্যালভিন।"

BanglaBook.org

www.BanglaBook.org

মহিলা নিজের নামটা আবারো বললেন যেনো সামনে যাঁরা আছেন তারা কোনো বাচ্চাছেলে কিংবা স্থূলবুদ্ধির লোক। "আমি এখানে আমার স্বামীর সঙ্গে থাকি, আমাদের এখানে কোনো বোর্ডার নেই, কাউকে আমরা ভাড়াও দেই না। এই মিঃ টিল নামটি আমি কখনও শুনি নি, স্যার।"

"তাহলে কি আপনারা এখানে নতুন এসেছেন?" ডাঃ হোমস্ জিজ্ঞেস করলেন।

"পাঁচ বছর ধ'রে আছি।"

"অনেক পুরনো কূয়া," লাওয়েল বিড়বিড় ক'রে বললেন।

"মাদাম," হোমস্ বললেন, "আপনি কি আমাদেরকে একটু ভেতরে আসতে দেবেন?"

মহিলা তাঁদেরকে ভেতরে ঢুকতে দিতেই সঙ্গে সঙ্গে লাওয়েলের নজর গেলো দেয়ালের একটা পোট্রেটের দিকে।

"আহ্, এক গ্লাস পানি দেবেন কি, যদি আপনার কোনো সমস্যা না হয়, মাই ডিয়ার লেডি?" লাওয়েল বললেন।

মহিলা ঘর থেকে বের হতেই তিনি সৈনিকের পোট্রেটের ফ্রেমটা ধরলেন, "হায় ঈশ্বর! এ তো সেই ছেলেটা, ওয়েন্ডেল! ড্যান টিল!"

"সে কি সেনাবাহিনীতে ছিলো?" হোমস্ জানতে চাইলেন।

"অসগুডের দেয়া সৈন্যদের তালিকায় তার নাম তো ছিলো না!"

"আর এই তো। 'সেকেন্ড লেফটেনান্ট বেঞ্জামিন গ্যালভিন,'" ছবিটার নিচে খোদাই করা নামটি হোমস্ পড়লেন। "টিল হলো ছদ্ম নাম। দ্রুত করুন, মহিলা আসার আগেই।" হোমস্ পাশের একটা মালপত্র রাখা ঘরে চুপিসারে ঢুকে পড়লেন, যেখানে যুদ্ধকালীন সরঞ্জামে পরিপূর্ণ, সেগুলো খুব সুন্দর ক'রে সাজিয়ে রাখা হয়েছে, কিন্তু একটা জিনিস খুব দ্রুত তার মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হলো : দেয়ালে ঝোলানো একটা তলোয়ার। হোমসের সারা দেহে একটা শীতল প্রবাহ বয়ে গেলো, তিনি লাওয়েলকে ডাকলেন। কবি ভদ্রলোক ঘরে ঢুকেই সেটা দেখতে পেয়ে কাঁপতে শুরু করলেন।

হোমস্ তার দিকে ঘুরঘুর করা একটা মশাকে হাত দিয়ে তাড়িয়ে দিলেন, কিন্তু সেটা আবার ফিরে আসলো।

"মাছিটার কথা ভুলে যান!" লাওয়েল কথাটা বলেই সেটাকে এক হাতে দেয়ালের ওপর পিষে মেরে ফেললেন।

হোমস্ সাবধানে দেয়াল থেকে তলোয়ারটা হাতে তুলে নিলেন। "এটা তো একধরণের তলোয়ার...এগুলো আমাদের সামরিক অফিসারদের অলংকার যা খুবই সভ্যভাবে যুদ্ধের কথা স্মরণ করিয়ে দেয়। ওয়েন্ডেল জুনিয়রেরও একটা আছে, নৈশভোজের সময় সেটাকে একটা বাচ্চার মতো কোলে রেখে দিয়েছিলো সে... এই তলোয়ারটাই হয়তো ফিনিয়াস জেনিসনকে ক্ষতবিক্ষত করেছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

"না, এটাতে কোনো দাগ নেই," লাওয়েল চক্‌চকে জিনিসটার দিকে সাবধানে এগিয়ে গিয়ে বললেন।

স্টিলের ওপর হোমস্ আঙুল বোলালেন। "খালি চোখে সেটা আমরা বুঝতে পারবো না। এ ধরণের রক্তের দাগ কয়েক দিন পর ধুলেও এর দাগ চলে যায় না, নেপচুন-এর পানিতেও না।" এরপরই তার চোখ গেলো দেয়ালে লেগে থাকা রক্তের দাগের দিকে। মশাটার পিষ্ট করা হয়েছে সেখানেই।

মিসেস গ্যালভিন দু' গ্লাস পানি নিয়ে ফিরে এসে ডা: হোমসের হাতে তলোয়ারটা দেখেই তাকে থামতে বললেন। হোমস্ মহিলার কথা আমলেই নিলেন না, সামনের দরজা দিয়ে হনহন ক'রে বের হয়ে গেলেন। মহিলা রেগেমেগে বলতে লাগলেন যে, তারা তার বাড়িতে জিনিসপত্র চুরি করতে এসেছেন, এজন্যে তাঁদেরকে পুলিশে দেবার হুমকীও দিলেন তিনি।

লাওয়েল তাঁদের দু'জনের মাঝে এসে দাড়ালেন যাতে মহিলাকে একটু রোখা যায়। হোমস্ মহিলার কথাগুলো আলাঝালা শুনতে পেলেন। সামনের ফুটপাতে দাঁড়িয়ে তিনি ভারি তলোয়ারটা তুলে ধরলেন। তলোয়ারটার চারপাশে একটা মশা ঘুরঘুর করছে, যেনো কোনো লোহার টুক্‌রো চুম্বকের আকর্ষণে লেগে রয়েছে। তারপর নিমিষেই, আরেকটার আর্বিভাব হলো, আরো দুটো, এবার তিনটি মশা এক সঙ্গে মিলে দল পাকালো। কয়েক সেকেন্ড পরে, সেগুলো গুঞ্জন করতে করতে তলোয়ারের মধ্যে লেগে থাকা অদৃশ্য রক্তের দিকে ধাবিত হলো।

লাওয়েল দৌড়ে চলে এলেন সেখানে।

"এক্ষুণি বাকিদের ডেকে আনুন!" হোমস্ চিৎকার ক'রে বললেন।

তার স্বামীর সঙ্গে তাঁদের দেখা করার ব্যাকুলতা দেখে হ্যারিয়েট গ্যালভিন একটু সতর্ক হয়ে গেলেন। দরজায় একটা নক্ হবার আগ পর্যন্ত মহিলা একেবারে স্তব্ধ হয়ে দেখতে লাগলেন হোমস্ আর লাওয়েল একে অন্যেকে হাত নেড়ে নেড়ে কী যেনো বোঝাচ্ছেন। জে.টি ফিল্ডস্ এসে হাজির হলেন, কিন্তু হ্যারিয়েট সেই মোটাসোটা মানুষটার পেছনে থাকা হালকা পাতলা গড়নের একজনের দিকে মোহাবিষ্ট হয়ে চেয়ে রইলেন। তার কম্পিত হাতটা তুললেন যেনো আকাশের রূপালি শুভ্রতার মতো স্থির দাঁড়িটা স্পর্শ করবেন, কবি সাহেব ফিল্ডসের পেছন পেছন আসতেই মহিলার আঙুলগুলো তার দাঁড়িটাকে স্পর্শ করলো। এটা দেখে ফিল্ডস্ কয়েক পা পিছিয়ে গেলেন। মহিলা তাকে ভেতরে আসার জন্যে কাকুতি মিনতি জানালেন।

লাওয়েল আর হোমস্ কিছু বুঝতে না পেরে একে অন্যের দিকে তাকালেন। "সম্ভবত মহিলা এখনও আমাদেরকে চিনতে পারেন নি," হোমস্ ফিস্‌ফিস্ ক'রে বললে লাওয়েল তার সাথে একমত পোষণ করলেন।

www.BanglaBook.org

মহিলা তার বিস্ময়ের কারণ ব্যাখ্যা করার আপ্রাণ চেষ্টা করলেন : তিনি খুলে বললেন, প্রতিরাতে কিভাবে লংফেলোর কবিতা প'ড়ে ঘুমাতে যান, তার স্বামী যখন যুদ্ধ থেকে ফিরে শয্যাসায়ী হলেন তখন কিভাবে মহিলা উচ্চস্বরে স্বামীর উদ্দেশ্যে *ইভানজেলিন* আবৃত্তি করেছিলেন। সেই মৃদু এবং রোমাঞ্চিত ছন্দের অতুলনীয় প্রেমকাহিনী তার স্বামীকে প্রশান্তি এনে দিতো, ঘুম পাড়িয়ে দিতো। এমনকি এখনও, মাঝে মাঝেই, মহিলা বিষন্ন কণ্ঠে জানালেন, তিনি *সাম অব লাইফ*-এর প্রতিটি শব্দ মুখস্ত আবৃত্তি করেন। তার স্বামী যখন বাড়ি ছেড়ে চলে গেলেন তখন সেই সব কবিতাই তো ছিলো মহিলার ভয় দূর করার একমাত্র অবলম্বন। তিনি তার স্বামীকেও এই কবিতা আবৃত্তি করতে শিখিয়েছিলেন। কিন্তু মহিলা বারবার কেঁদে কেঁদে একটা প্রশ্নই ক'রে গেলেন, "কেন মিঃ লংফেলো..."

লংফেলো নরম কণ্ঠে বললেন, "মিসেস গ্যালভিন, আমাদের একটা জরুরি সাহায্যের দরকার আছে যা কেবল আপনিই করতে পারেন। আপনার স্বামীকে আমাদের খুঁজে বের করতেই হবে।"

"মনে হচ্ছে এইসব লোক তার কোনো ক্ষতি করতে চাইছে," মহিলা লাওয়েল আর হোমস্‌কে ইঙ্গিত ক'রে বললেন। "আমি বুঝতে পারছি না। আপনি...মানে, আপনি বেঞ্জামিনকে চেনেন কিভাবে, মিঃ লংফেলো?"

"ব্যাখ্যা করার সময় আমাদের হাতে নেই," লংফেলো বললেন।

এই প্রথমবারের মতো মহিলা কবির দিক থেকে তার মুখটা সরালেন। "আমি তো জানি না সে কোথায় আছে, আর এজন্যে আমি লজ্জিতও বটে। বাড়িতে সে খুব কমই আসে, আর আসলেও কথাবার্তা একদমই বলে না। বেশ কয়েকদিন সে এক নাগারে বাড়ির বাইরে থাকে।"

"শেষ কখন তাকে আপনি দেখেছেন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"আজকে আপনাদের আসার কয়েক ঘণ্টা আগে অল্পকিছুক্ষণের জন্যে এসেছিলো।"

ফিল্ডস্ পকেট থেকে ঘড়িটা বের ক'রে দেখলেন। "এখান থেকে কোথায় গেছে?"

"সে আমার ভালোই দেখাশোনা করতো। কিন্তু এখন খুব কমই দেখা হয়, আর কোথায় যায় সেটাতো আমাকে বলে যায় না।"

"মিসেস গ্যালভিন, এটা খুবই..." ফিল্ডস্ বলতে শুরু করলেন।

ঠিক সেই সময়েই দরজায় নক্ হলো। মহিলা রুমাল দিয়ে চোখ দুটো মুছে নিয়ে জামাকাপড় ঠিক ক'রে নিলেন।

"নিশ্চিত আরেকজন পাওনাদার হবে, আমাকে জ্বালাতে এসেছে।"

মহিলা হলের দিকে যেতেই তারা গোল হয়ে ফিস্ ফিস্ ক'রে কথা বলতে শুরু করলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল বললেন, "সে কয়েক ঘণ্টা আগে চলে গেছে, শুনেছেন! আর সে কর্নারেও নেই, আমরা সেটা জানি–আমরা যদি তাকে খুঁজে না পাই তবে সে যে কী করবে সে ব্যাপারে কোনো সন্দেহ নেই!"

"সে তো শহরের যেকোনো জায়গাতেই থাকতে পারে, জেমি!" হোমস্ জবাব দিলেন। "আমাদেরকে কর্নারে গিয়ে রেইয়ের জন্যে অপেক্ষা করতে হবে। আমরা নিজেরা আর কী করতে পারি?"

"কিছু একটা কতে হবে! লংফেলো?" লাওয়েল বললেন।

"আমাদের কাছে এই মুহূর্তে পথ চলার জন্যে একটা ঘোড়া পর্যন্ত নেই..." ফিল্ডস্ আক্ষেপ ক'রে বললেন।

হল থেকে কিছু একটা শুনতে পেয়ে লাওয়েলের মনোযোগ বিঘ্নিত হলো। লংফেলো তাকে দেখে বললেন, "লাওয়েল?"

"লাওয়েল, আপনি কি শুনছেন?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন।

সদর দরজা থেকে কিছু কথা ভেসে এলো।

"ঐ কণ্ঠটা," লাওয়েল বিস্ময়ে বললেন। "কণ্ঠটা! শুনুন!"

"টিল?" ফিল্ডস্ প্রশ্ন করলে। "মহিলা হয়তো তাকে সতর্ক ক'রে দিচ্ছে, তাকে পালিয়ে যেতে বলছে। লাওয়েল! এখন ধরতে না পারলে আমরা তাকে আর কখনও খুঁজে পাবো না!"

লাওয়েল এক দৌড়ে সদর দরজার দিকে ছুটে গিয়ে দেখতে পেলেন এক লোক তার দিকে বিস্ময়ে হতবাক হয়ে চেয়ে আছে। কবি ভদ্রলোক চিৎকার ক'রে লোকটাকে ধরার জন্যে ঝাঁপিয়ে পড়লেন।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৮

লাওয়েল লোকটাকে দু'হাতে জাপটে ধ'রে বাড়ির ভেতরে টেনে নিয়ে এলেন। "ধ'রে ফেলেছি!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। "ধ'রে ফেলেছি তাকে!"

"আরে, করছেন কি?" পিয়েত্রো বাকি চিৎকার ক'রে বললেন।

"বাকি! আপনি এখানে কী করতে এসেছেন?" লংফেলো বললেন।

"আপনারা আমাকে এখানে খুঁজে পেলেন কী ক'রে? আপনার এই কুকুরটাকে বলুন তার হাত সরিয়ে নিতে, সিনর লংফেলো, তা না হলে তাকে দেখিয়ে দেবো কোন্ ধরণের মানুষ আমি!" বাকি গর্জে বললো, তাকে জড়িয়ে ধরা লাওয়েলকে কুঁনই দিয়ে গুঁতো মেরে নিজেকে ছাড়াতে চাইলো সে।

"লাওয়েল," লংফেলো বললেন। "চলুন, সিনর বাকির সাথে একান্তে কথা বলি।" তারা তাকে আরেকটা ঘরে নিয়ে এলেন, সেখানে লাওয়েল বাকিকে বললেন এখানে কি করতে এসেছে সেটা তাঁদেরকে খুলে বলতে।

"আপনাদের সাথে সম্পর্কিত কোনো ব্যাপারে নয়," বাকি বললো। "আমি এ বাড়ির মহিলার সাথে কথা বলতে এসেছি।"

"প্লিজ, সিনর বাকি," মাথা ঝাঁকিয়ে লংফেলো বললেন। "ডাঃ হোমস্ এবং মিঃ ফিল্ডস্ বর্তমানে ঐ মহিলার সঙ্গে কথা বলছেন।"

লাওয়েল বলতে শুরু করলেন, "টিলের সাথে আপনি কোন্ ধরণের পরিকল্পনা আঁটছেন? সে এখন কোথায়? আমার সঙ্গে ছক্কা-পাঞ্জা খেলবেন না। আপনি এ দেশে ফিরে এসেছেন কোনো অঘটন ঘটাতে।"

বাকির মুখে একটা তিক্তভাব ফুটে উঠলো। "টিল আবার কে?" সেই প্রশ্ন তো আমারও!"

"সে যদি এক্ষুণি আমার প্রশ্নের যথাযথ উত্তর না দেয় আমি তাকে সোজা পুলিশের কাছে নিয়ে যাবো, তাদেরকে সব বলে দেবো!" লাওয়েল বললেন। "আমরা কি জানি না সে আমাদের চোখে এতোদিন ধ'রে ধোকা দিয়ে আসছে, লংফেলো?"

"হা! ডাকুন পুলিশকে!" বাকি বললো। "তারা অন্তত আমাকে টাকাটা ওঠাতে সাহায্য করতে পারবে! আপনারা আমার কাজ সম্পর্কে জানতে চাচ্ছেন? এখানকার ঐ হতচ্ছাড়া লোকটার কাছ থেকে পাওনা টাকা আদায় করতে এসেছি আমি।" তার গলার বড়সড় এডাম-এ্যাপল্‌টা সংকোচে কিংবা লজ্জায় একটু নড়ে উঠলো। "আহ্, আপনারা হয়তো ভেবেছেন আমি এই টিউশনি পেশাটাতে একেবারে ক্লান্ত হয়ে গেছি।"

BanglaBook.org

www.BanglaBook.org

"টিউশনি। আপনি ঐ মহিলাকে পড়ান? ইতালিয় ভাষা শেখান?" লাওয়েল জানতে চাইলেন।

"তার স্বামীকে," বাকি জবাব দিলো। "কয়েক সপ্তাহ আগে কেবলমাত্র তিন সেশন শিখিয়েছি–এখন পর্যন্ত বলা যায়, একেবারে মাগ্না!"

"কিন্তু আপনি তো ইটালি থেকে ফিরেছেন!" লাওয়েল বললেন।

বাকি হেসেই খুন। "হায়, যদি যেতে পারতাম, সিনর! আমি তো কেবল আমার ভাই গুইসেপ্পোকে বিদায় জানাতে গিয়েছিলাম। আমার আশংকা দেশে আমার কিছু শত্রু আছে যাদের জন্যে আমার ফেরাটা প্রায় অসম্ভব। অন্ততপক্ষে কয়েক বছরের জন্যে তো বটেই।"

"আপনি আপনার ভাইকে বিদায় জানাতে গিয়েছিলেন! কী বলে কি!" লাওয়েল বিস্ময়ে বললেন। "আপনি পাগলের মতো একটা নৌকায় ক'রে আপনার ভাইকে বিদায় জানানোর জন্যে স্টিমারের দিকে যাচ্ছিলেন! আর আপনার হাত ভর্তি ছিলো নকল টাকা–আমরা কিন্তু সেটা দেখেছি!"

"তাই নাকি!" বাকি ক্ষুব্ধ হয়ে বললো। "সেদিন আমি কোথায় ছিলাম সেটা আপনারা কি ক'রে জানলেন?"

"আমার প্রশ্নের জবাব দিন!"

বাকি লাওয়েলের দিকে অভিযোগের সুরে আঙুল তুলে দেখালো, কিন্তু পরমুহূর্তেই নিজের বাড়িয়ে দেয়া আঙুলের কাঁপুনি দেখে বুঝতে পারলো, সে একটু অসুস্থ আর মাতাল অবস্থায় আছে।

তার মনে হলো তার গলাতে বমি এসে আঁটকে আছে। সামলে নিয়ে গিলে ফেললো সেটা। এরপর মুখটা হাত দিয়ে ঢেকে ঢেকুর তুললো। কথা বলতে সক্ষম হলেও তার নিঃশ্বাস বেশ দ্রুত হয়ে গেলো, কিন্তু সেটা সামলে নিতে পারলো বাকি। "আমি স্টিমারে গিয়েছিলাম, হ্যা। তবে কোনো টাকা পয়সা নিয়ে নয়– নকল কিংবা আসল যাই হোক না কেন। সেদিন আমি আমার ভাইকে আমার পাণ্ডুলিপিটা দিতে গিয়েছিলাম, তার নাম গুইসেপ্পে বাকি, সে ওটা ইতালিতে নিয়ে যেতে রাজি হয়েছিলো।"

"আপনার পাণ্ডুলিপি?" লংফেলো জানতে চাইলেন।

"ইংরেজিতে করা একটি অনুবাদ। আমি আপনার দান্তের *ইনফার্নো*'র অনুবাদের কথাটা শুনেছি, সিনর লংফেলো, আর আপনাদের মহামূল্যবান দান্তে ক্লাব সম্পর্কেও। শুনে আমার হাসি পেয়েছে। এই ইয়াংকি এথেন্সে আপনারা নিজেরা একটা জাতীয় কণ্ঠস্বর সৃষ্টির কথা বলাবলি করছেন। আপনারা আপনাদের দেশের লোকদের কাছে আবেদন জানাচ্ছেন বৃটিশ লাইব্রেরিগুলোর বিরুদ্ধে বিদ্রোহ করার জন্যে। কিন্তু আপনারা কি কখনও আমার কথা ভেবেছেন, আমি পিয়েত্রো বাকি, আপনাদের কাজে আমারও তো কিছু অবদান থাকতে পারে? একজন ইতালিয় হিসেবে, সেদেশের

BanglaBook.org

www.BanglaBook.org

ইতিহাসের মধ্যে জন্ম নেয়া, চার্চের বিরুদ্ধে সংগ্রাম করা, এসবের সাথে কি মহাকবি দান্তের মুক্তি খুঁজে বেড়ানোর সাযুজ্য রয়েছে না?" বাকি একটু থামলো। "না, না। আপনারা আমাকে কখনই ক্রেইগি হাউজে আমন্ত্রণ জানান নি। আমি মাতাল বলেই কি? নাকি কলেজে আমার অসম্মানের জন্যে? আমেরিকাতে কিসের স্বাধীনতা আছে? আপনারা আমাদেরকে কলে-কারখানায়, যুদ্ধের ময়দানে বেশ তৃপ্তি নিয়েই পাঠান, আমাদের মূল্যবান জীবনের অপচয় করেন। আমাদের সংস্কৃতি ধ্বংস হতে দেখেন, আমাদের ভাষাকে নষ্ট হতে দেখেন, আপনাদের পোশাক আমাদের গায়ে চাপিয়ে দেন। তারপর হাসিমুখে আপনারা আমাদের কাছ থেকেই আমাদের মহান সব সাহিত্যভাণ্ডার লুট করেন। নকলবাজ। সব নকলবাজ সাহিত্যিক, আপনাদের সবাই।"

"আমরা দান্তের হৃদয় কতো গভীরভাবে দেখেছি আপনি সেটা কল্পনাও করতে পারবেন না," লাওয়েল জবাব দিলেন। "আপনার দেশের লোকেরাই তাকে এতিম বানিয়েছে, সেটা কি আমি মনে করিয়ে দেবো না আপনাকে!"

লংফেলো লাওয়েলকে থামার ইশারা করলেন, তারপর বললেন, "সিনর বাকি, আমরা আপনাকে হারবারে দেখেছি। এখন বলুন, আপনি এই অনুবাদটি ইতালিতে পাঠাচ্ছিলেন কেন?"

"আমি শুনেছি দান্তের জন্মজয়ন্তী উপলক্ষ্যে ফ্লোরেন্সে আপনার *ইনফার্নো*'র অনুবাদটিকে সম্মাননা জানানো হবে, সেটা আপনি এখনও শেষ ক'রে উঠতে পারেন নি আর ডেডলাইন মিস্ করার ঝুঁকির মধ্যে রয়েছেন আপনি। আমি অনেক বছর ধরেই দান্তের অনুবাদ ক'রে আসছিলাম, কখনও কখনও আমার পুরনো বন্ধু সিনর লোন্‌জার সহায়তায়। তখন অবশ্য তিনি বেশ সুস্থ ছিলেন। আমরা ভেবেছিলাম আমরা যদি দেখাতে পারি, ইতালিয় ভাষার মতো ইংরেজিতেও দান্তে বেঁচে আছেন, তাহলে আমরাও আমেরিকাতে প্রসার লাভ করতে পারবো। এটা প্রকাশ করার কথা আমি কখনও বিবেচনাও করি নি। কিন্তু বেচারা লোন্‌জা যখন বেঘোরে প্রাণ হারালেন তখন আমার মনে হলো আমাদের কাজটাকে বাঁচিয়ে রাখতে হবে। সেই প্রেক্ষিতেই আমি এটা প্রকাশ করার একটা উপায় খুঁজে পাই, আমার ভাই রোমের এক পরিচিত পুস্তক বাঁধাইকারকের কাছে পাণ্ডুলিপিটা পৌছে দিতে রাজি হয়, তারপর সে সেখান থেকে ওটা কমিটির কাছে নিয়ে যাবে আমাদের মামলাটার ব্যাপারে সুরাহা করার জন্যে। তো, আমি গুইসেপ্পোর চলে যাওয়ার এক সপ্তাহ কিংবা তারও বেশি আগে, জুয়ার প্যামফ্লেট ছাপানোর এক প্রিন্টারকে পেয়ে যাই খুব সস্তায়। আপনারা কি জানেন না, সেই প্রিন্টার শেষ পর্যন্ত ছাপার কাজটি শেষ করতে পারে নি। ঐ বদমাশটা স্থানীয় জুয়ারীদের ব্যবহারে জন্যে টাকা জাল ক'রে সমস্যায় প'ড়ে যায়, আর আমি যতোটুকু জানতে পেরেছি সে পাণ্ডুলিপি গুটিয়ে পালিয়েছে।

"জেটিতে পৌছে আমি এক মাঝিকে অনেক বুঝিয়ে সুঝিয়ে ছোট্ট একটা নৌকাতে ক'রে *এনোনিমো* জাহাজে পৌছে যাই। স্টিমারে উঠে পাণ্ডুলিপিটা দিয়েই

BanglaBook.org

www.BanglaBook.org

আবার ডাঙায় ফিরে আসি। এটা শুনে আপনাদের খুশি হওয়ার কথা যে, পুরো ঘটনাতে কোনো দোষই খুঁজে পাওয়া যাবে না। কমিটি এখন দান্তের ছয়শোতম জন্মজয়ন্তী উৎসবে আর নতুন কোনো পাণ্ডুলিপি গ্রহণ করতে আগ্রহী নয়।" বাকি নিজের এই পরাজয়ে লংফেলোর দিকে চেয়ে একটা তীর্যক হাসি হাসলো।

"এজন্যেই কমিটির সভাপতি আপনার কাছে দান্তের দেহভস্ম পাঠিয়েছিলেন!" লংফেলোর দিকে ফিরে লাওয়েল বললেন। "এটা আশ্বস্ত করতে যে, উৎসবে আমেরিকার প্রতিনিধিত্বকারী হিসেবে আপনারা অনুবাদের স্থান একদম নিশ্চিত রয়েছে!"

লংফেলো একটু ভেবে বললেন, "দান্তের রচনা এতোটাই মহৎ যে, এর একাধিক আলাদা আলাদা অনুবাদ আগ্রহী পাঠকের কাছে গ্রহণযোগ্যতা পাবে, মাই ডিয়ার সিনর।"

বাকির শক্ত মুখটাতে কোমলতার আভা দেখা গেলো। "বুঝেছি। আমি সবসময় কলেজের কাজটা পাইয়ে দেবার জন্যে আপনার প্রতি কৃতজ্ঞ। আর আপনার কবিতার মূল্যের ব্যাপারে আমার মনে কখনও কোনো প্রশ্নও ছিলো না। আমি যদি কিছু ক'রে থাকি তো নিজেকেই লজ্জিত করেছি, আর সেটাও পরিস্থিতির কারণে –" আচম্‌কা সে থেমে গেলো। "আমি ভেবেছিলাম–আমার অনুবাদের মাধ্যমে আমি দান্তেকে নতুন এক জগতে জীবন্ত করতে পারবো। আর এটা করতে পারলে হয়তো ইতালিতে তারা আমার ব্যাপারে নতুন ক'রে ভাবতে শুরু করতো!"

"আপনি," লাওয়েল আচম্‌কাই তাকে অভিযোগ ক'রে বললেন, "লংফেলোর জানালায় হুমকী দিয়ে একটা লেখা লিখে তার অনুবাদকর্মটি থামানোর চেষ্টা করেছিলেন।"

বাকি ভুরু কুচ্‌কালো। না বোঝার ভান করলো সে। কোটের ভেতর থেকে কালো একটা বোতল বের ক'রে কয়েক ঢোক পান করলো, যেনো তার খুব তেষ্টা পেয়েছে। পান করা শেষ হলে সে একটু কাঁপতে লাগলো। "আমাকে একজন মদখোর ব'লে ভাববেন না, *প্রফেসরি*। আমি আমার সহ্য ক্ষমতার চেয়ে বেশি পান করি না। অন্ত তপক্ষে, ভদ্র ও সজ্জন লোকের সামনে। নিউ ইংল্যান্ডের অমন ঠাণ্ডা রাতে কোন্ গাধা এরকম একটা কাজ করতে যাবে?" তার ভুরু দুটো কুচ্‌কে গেলো। "তো, আপনাদের প্রশ্ন করা কি শেষ হয়েছে? নাকি আমার ইচ্ছার বিরুদ্ধে আপনারা আমাকে আরো জ্বালাতন ক'রে যাবেন?"

"সিনর," লংফেলো বললেন। "আপনি গ্যালভিনকে কি শিখিয়েছিলেন সেটা আমাদের একটু জানতে হবে। তিনি কি এখন ইতালিয় ভাষাতে কথা বলতে পারেন, লিখতে পারেন?"

বাকি মাথা দুলিয়ে হাসতে লাগলো। "এতোটাই কম যে আপনারা মোটেও খুশি হবেন না। নোয়া ওয়েবস্টার তার পাশে দাঁড়িয়ে থাকলে লোকটা ইংরেজি পড়তেও

BanglaBook.org

www.BanglaBook.org

পারে না! সে সবসময় আপনাদের আমেরিকান সৈনিকের নীল রঙের পোশাকটা প'রে থাকে। সে কেবল চায় দান্তে, দান্তে আর দান্তে। কিন্তু তার এটা মনে হয় না যে, এজন্যে আগে ভাষাটা শিখতে হবে। *চে স্ত্রেনেজ্জা!*"

"তাকে কি আপনি আপনার অনুবাদটি পড়তে দিয়েছিলেন?" লংফেলো জানতে চাইলেন।

বাকি মাথা দোলালো। "আমি এই ব্যাপারটা গোপন রাখার পক্ষে ছিলাম। আমি নিশ্চিত, আমরা সবাই জানি আপনাদের ফিল্ডস্ সাহেব তার লেখকদের সাথে কেউ প্রতিদ্বন্দ্বীতা করলে কীরকম আচরণ করেন। সর্বতোভাবে আমি চেষ্টা করেছিলাম সিনর গ্যালভিনের অদ্ভুত ইচ্ছাটার কারণ জানতে। আমি তাকে বলেছিলাম ইতালিয় ভাষা শেখার জন্যে আমরা এক সঙ্গে দান্তের *কমেদিয়া*'র প্রতিটি লাইন প'ড়ে যাবো। কিন্তু তার সাথে ওটা পড়া আর কোনো বোবা-কালা জন্তুর পাশে ব'সে পড়া একই কথা। এরপর সে আমাকে দান্তের নরকের ওপর একটা সারমন দিতে বললো। তবে নীতিগতভাবে সেটা করতে আমি অস্বীকার করি–সে যদি আমাকে একজন টিউটর হিসেবে রেখে থাকে তবে তাকে অবশ্যই ইতালিয় ভাষাটা শিখতে হবে।"

"আপনি তাকে বলেছিলেন যে, আপনি আর তাকে ইতালিয় ভাষা শেখাবেন না?" লাওয়েল জিজ্ঞেস করলেন।

"সেটা হলে তো আমি খুব আনন্দই পেতাম, *প্রফেসরি*। কিন্তু একদিন সে আচম্‌কা আমার কাছে আসা বন্ধ ক'রে দিলো। তারপর থেকে আমি আর তাকে খুঁজে পাই নি–আর এখন পর্যন্ত সে আমার পাওনা টাকাও পরিশোধ করে নি।"

"সিনর," লংফেলো বললেন। "এটা খুবই গুরুত্বপূর্ণ। মিঃ গ্যালভিন কি আমাদের সময়কালের কোনো ব্যক্তি সম্পর্কে কখনও কোনো কথা বলেছে, অথবা আমাদের শহর সম্পর্কে? একটু স্মরণ ক'রে দেখুন তো, কখনও সে এরকম কিছুর উল্লেখ করেছিলো কিনা। হয়তো কলেজের সাথে সংশ্লিষ্ট কতিপয় ব্যক্তি যারা দান্তেকে কালিমা লিপ্ত করার ব্যাপারে আগ্রহী।"

বাকি মাথা ঝাঁকালো। "সে খুব কম কথা বলতো, সিনর লংফেলো, যেনো সে একটা বোবা-কালা ষাড়। আপনাদের কাজের বিরুদ্ধে কলেজের সাম্প্রতিক যে প্রচারণা তার সাথে কি এর কোনো সম্পর্ক রয়েছে?"

লাওয়েলের মনোযোগটা চাঙ্গা হয়ে উঠলো। "এ ব্যাপারে আপনি কি জানেন?"

"আপনার সঙ্গে যখন আমার দেখা হয়েছিলো তখন এ ব্যাপারে আপনাকে আমি সতর্ক ক'রে দিয়েছিলাম, সিনর," বাকি বললো। "আমি আপনাকে আপনার দান্তে ক্লাশের ব্যাপারেও যত্ন নিতে বলেছিলাম, বলি নি? এর কয়েক সপ্তাহ আগে আপনি আমাকে হারভার্ড প্রাঙ্গণে দেখেছিলেন, সে কথা কি আপনার মনে আছে? আমি এক ভদ্রলোকের সাথে গোপনে সাক্ষাত করার জন্যে একটা মেসেজ পেয়েছিলাম –ওহ্, হারভার্ডের ঐ ফেলো যখন বললো সে আমাকে আমার পূর্ব পদে আবার দেখতে চায়,

BanglaBook.org

www.BanglaBook.org

তখন আমি কতোটাই না প'টে গিয়েছিলাম! ভাবুন, আমার বোকামীর কথাটা! সত্য হলো, ঐ অভিশপ্ত বদমাশ ছাত্রদের ওপর দান্তের কি রকম খারাপ প্রভাব প'ড়ে এরকম কিছু প্রমাণ করবার একটা মিশন ছিলো, আর এই কাজে সে আমার সাহায্য চেয়েছিলো।"

"সাইমন ক্যাম্প," লাওয়েল দাঁতে দাঁত চেপে বললেন।

"আমি তার মুখে একটা ঘুষি বসিয়ে দিতে যাচ্ছিলাম, বুঝলেন," বাকি জানালো।

"সেরকমটি হলে ভালোই হোতো, সিনর বাকি," লাওয়েল কথাটা বলেই সঙ্গে সঙ্গে হেসে ফেললেন। " সে এখনও দান্তের পেছনে লেগে রয়েছে। আপনি তাকে কী বলেছিলেন?"

"কী বলবো মানে? 'শয়তানের কাছে যাও,' এটাই কেবল বলেছিলাম। এই তো আমি, কলেজে এতোগুলো বছর কাজ করার পরও রুটি কিনে খেতেও বেগ পেতে হয়, আর প্রশাসনের কোন্ হারামির বাচ্চা এই গাধাটাকে চড়া মূল্যে ভাড়া করেছে, বলুন তো?"

লাওয়েল নাক সিঁটকালেন। "কে আবার? ড. ম্যা –" তিনি হঠাৎ থেমে গেলেন, চোখ দুটো গোল গোল ক'রে লংফেলোর দিকে ঘুরে তাকালেন। "ড. ম্যানিং।"

ক্যারোলিন ম্যানিং ভাঙা কাঁচের টুকরোগুলো ঝাড়ু দিয়ে পরিস্কার করছেন। "জেইন–মপ!" দ্বিতীয়বারের মতো তিনি গৃহভৃত্যদ্বয়কে ডাকলেন, স্বামীর লাইব্রেরি ঘরে কার্পেটের ওপর মদ প'ড়ে শুকিয়ে আছে, সেটা দেখে ক্ষেপে গেলেন তিনি।

মিসেস ম্যানিং ঘর থেকে বের হতেই দরজার ঘণ্টাটা বেজে উঠলো। তিনি পর্দাটা একটু টেনে হেনরি ওয়াডস্ওর্থ লংফেলোকে দেখতে পেলেন। এই অসময়ে তিনি আবার কোত্থেকে এলেন? বিগত কয়েক বছরে তিনি এই বেচারাকে খুব কমই দেখেছেন। তিনি জানেন না কেউ এরকম অবস্থায় কী ক'রে বেঁচে থাকতে পারে। তাকে দেখে কতোটা অপরাজেয়ই না মনে হয়। ধূলোবালিতে নোংরা মিসেস ম্যানিংকে একেবারেই গৃহপরিচারিকার মতো দেখাচ্ছে এখন।

মিসেস ম্যানিং ক্ষমা চাইলেন : ড. ম্যানিং বাড়িতে নেই। তিনি জানালেন কিছুক্ষণ আগে ম্যানিং একজন অতিথির জন্যে অপেক্ষা করছিলেন এবং ব'লে রেখেছিলেন কেউ যেনো তাকে বিরক্ত না করে। তিনি আর তার অতিথি হাটতে বের হয়েছেন নিশ্চয়। যদিও এমন ভয়ংকর আবহাওয়াতে এটা খুবই অদ্ভুত বলেই মনে হচ্ছে। আর তারা লাইব্রেরিতে কিছু ভাঙা কাঁচ ফেলে রেখে গেছেন। "কিন্তু আপনি তো জানেনই পুরুষ মানুষ মাঝেমাঝে কী রকম মদপান ক'রে থাকে," মহিলা বললেন।

"উনারা কি ঘোড়ার গাড়িতে ক'রে বের হয়েছেন?" লংফেলো জিজ্ঞেস করলেন।

মিসেস ম্যানিং বললেন যে, ঘোড়াটার পাগলারোগ হয়েছে, তাই সেটা যেনো কেউ

BanglaBook.org

www.BanglaBook.org

ব্যবহার করতে না পারে সেব্যাপারে ড. ম্যানিং খুব কড়া ক'রে বলে দিয়েছেন। তারপরও মিসেস ম্যানিং লংফেলোকে নিয়ে অশ্বশালায় যেতে রাজি হলেন। "হায় ঈশ্বর," ড. ম্যানিংয়ের ঘোড়া এবং কোচটা দেখতে না পেয়ে মহিলা বললেন। "কিছু একটা হয়েছে, তাই না, মিঃ লংফেলো? হায় ঈশ্বর," তিনি আবারো বললেন।

লংফেলো চুপ ক'রে রইলেন।

"ওর কি কিছু হয়েছে? আমাকে বলুন!"

লংফেলো শান্ত কণ্ঠে বললেন, "আপনি আপনার বাড়িতে অপেক্ষা করুন, বাড়িতেই থাকবেন, বুঝলেন। তিনি নিরাপদেই ফিরে আসবেন, মিসেস ম্যানিং। আমি কথা দিচ্ছি।" ক্যামব্রিজের বাতাসটা আরো তীব্রভাবে বইতে শুরু করেছে আর এর ঠাণ্ডা কামড় তীব্র যন্ত্রণার কারণ হয়ে দাঁড়াচ্ছে।

"ড. ম্যানিং," বিশ মিনিট পরে লংফেলোর কার্পেটের দিকে তাকিয়ে ফিল্ডস্ বললেন। গ্যালভিনের বাড়ি ছেড়ে আসার পর তারা নিকোলাস রেইকে খুঁজে পান, সে একটা পুলিশের গাড়ি আর স্বাস্থ্যবান ঘোড়া যোগাড় করতে সক্ষম হয়েছে। ওটা দিয়ে তাঁদেরকে ক্রেইগি হাউজে পৌছে দিয়েছে রেই। "শুরু থেকেই লোকটা আমাদের চরম শত্রু ছিলো। এর আগে টিল কেন তাকে পাকড়াও করলো না?"

হোমস্ লংফেলোর ডেস্কের দিকে ঝুঁকলেন। "কারণ লোকটা খুবই খারাপ, মাই ডিয়ার ফিল্ডস্। নরক যতোই গভীর আর সংকীর্ণ হয় পাপীরা ততো বেশি বেশরম আর জঘন্য হয়–লুসিফারের কাছে পৌছানোর আগপর্যন্ত তারা যা করেছে তার জন্যে খুব কমই অনুশোচনা করে, যে কিনা এই পৃথিবীর সব ধরণের শয়তানীর উদ্গাতা। প্রথম যাঁকে শাস্তি দেয়া হয়েছিলো সেই হিলি তার অস্বীকৃতির ব্যাপারে খুব একটা সচেতন ছিলেন না–এটাই তার 'পাপের' প্রকৃতি।

পড়ার ঘরের মাঝখানে পেট্রলম্যান রেই দাঁড়িয়ে আছে। "ভদ্রমহোদয়গণ, আপনাদেরকে মিঃ গৃনের দেয়া গত সপ্তাহের সারমনগুলো একটু খতিয়ে দেখতে হবে, যাতে ক'রে আমরা বুঝতে পারি টিল সম্ভাব্য কোথায় ম্যানিংকে নিয়ে যেতে পারে।"

"গৃন এই সারমনের সিরিজটা শুরু করেছিলেন হিপোক্রাইট বা ভণ্ডদের দিয়ে," লাওয়েল ব্যাখ্যা ক'রে বললেন। "এরপর তিনি জালিয়াতদের বিষয়ে বলেছেন, শেষ যে সারমনটা আমি এবং ফিল্ডস্ প্রত্যক্ষ করেছি, সেটা ছিলো বিশ্বাসঘাতকদের নিয়ে।"

হোমস্ বললেন, "ম্যানিং কোনো হিপোক্রাইট নন–তিনি আগাগোড়া দাম্ভের পেছনে লেগে আছেন।"

"তাহলে বাকি রইলো কেবল জালিয়াত আর বিশ্বাসঘাতকেরা," বললেন লংফেলো।

BanglaBook.org

www.BanglaBook.org

"ম্যানিং কোনো সত্যিকারের অসততার সাথে জড়িত নন," লাওয়েল বললেন। "তিনি আমাদের কাছ থেকে তার কর্মকাণ্ড লুকিয়ে রাখেন, সত্যি, কিন্তু এটা এমন কোনো বড় অন্যায় নয়। দান্তের নরকের পাপাত্মাদের অনেকেই সীমাহীন পাপে নিমজ্জিত। জালিয়াতরা একজন থেকে আরেকজনে বদলে যাবে তাদের *কনত্রাপাসো* পালন করার জন্যে–সাইমন দ্য গৃক-এর মতো, যে ট্রোজানদের সাথে চালাকি ক'রে কাঠের ঘোড়াটাকে তাদের কাছে চালান করেছিলো।"

"জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা একজন লোকের ভালোত্বকে নস্যাৎ করে দেয়," লংফেলো বললেন। "আমরা তাদেরকে নবম চক্রে পাই–সবচাইতে নিচেরটাতে।"

"আমাদের দান্তে প্রকল্প নিয়ে লড়াই করাটাকে লুসিফার সেরকমই কিছু মনে করে," ফিল্ডস্ বললেন।

হোমস্ এটা একটু বিবেচনা করলেন। "এটাই, তাই না? আমরা জেনেছি যে, টিল দান্তে পড়ার সময় অথবা হত্যার প্রস্তুতির সময় যখন দান্তীয় মেজাজে থাকে তখন সে সৈনিকের পোশাক পরে থাকে। এটা তার মানসিক গঠনের উপর আলোকপাত করে : এটা তার অসুস্থতা। দান্তেকে প্রহরা দেবার সাথে ইউনিয়নকে প্রহরা দেবার ব্যাপারটা এক ক'রে দেখে সে।"

লংফেলো বললেন, "টিল তার ইউনিভার্সিটির তত্ত্বাবধায়কের কাজের সময় ম্যানিংয়ের পরিকল্পনাগুলো প্রত্যক্ষ করতো। টিলের কাছে ম্যানিং হলেন বিশ্বাসঘাতকদের মধ্যে সবচাইতে নিকৃষ্টতম, সে কারণে রক্ষা করার জন্যে সে নিজেকে একটা যুদ্ধাবস্থার মধ্যে আছে ব'লে ভেবে থাকে। টিল ম্যানিংকে শেষে ধরবে ব'লে বাঁচিয়ে রেখেছে।"

নিকোলাস রেই বললো, "শাস্তিটা কি হতে পারে ব'লে আমরা মনে করতে পারি?"

তারা সবাই লংফেলোর জবাবের জন্যে অপেক্ষা করলো। "বিশ্বাসঘাতকদেরকে ঘাড়ের নিচ থেকে পুরোপুরি বরফের মধ্যে স্থাপন করা হয়, 'পানিতে নয়, কাঁচের মতো স্বচ্ছ কোনো জিনিসে জমাট বাধা একটা হ্রদে।'"

হোমস্ আর্তনাদ ক'রে উঠলেন। "নিউ ইংল্যান্ডের প্রতিটি পুকুরই গত দু'সপ্তাহ ধরে জ'মে আছে। ম্যানিং যেকোনো জায়গাতেই থাকতে পারেন, আর খুঁজে বেড়াবার জন্যে আমাদের কাছে একটা ক্লান্ত ঘোড়া ছাড়া কিছুই নেই!"

রেই মাথা ঝাঁকালো। "ভদ্রমহোদয়গণ, আপনারা ক্যামব্রিজেই থাকুন, ম্যানিং আর টিলকে খুঁজুন। আমি সাহায্যের খোঁজে বোস্টনে যাচ্ছি।"

"আমরা যদি টিলকে দেখি তাহলে কি করবো?" হোমস্ জানতে চাইলেন।

"এটা ব্যবহার করবেন।" রেই তাঁদেরকে তার পুলিশের বাঁশিটা দিয়ে দিলো।

চারজন পণ্ডিত এল্ম উডের নিকটে, বিভার ক্রিকের চার্লস্ নদীর তীরে তাঁদের টহলদারি শুরু ক'রে দিলেন। তাঁদের হাতে ক্ষীণ আলোর গ্যাসের লণ্ঠন। তারা এতো

www.BanglaBook.org

বেশি সতর্ক রইলেন যে, রাতটা কিভাবে কেঁটে গেলো টেরই পেলেন না। একাধিক কোটে নিজেদের শরীর ঢেকে নিয়েছেন তারা, দাঁড়িতে যে বরফ জ'মে যাচ্ছে সেটা খেয়ালই করলেন না। মাঝে মাঝে কিছু ঘোড়াগাড়ির আগমন আর ঘোড়ার খুঁড়ের শব্দ ছাড়া পৃথিবীটা তাঁদের কাছে কতোই না নিরব-নিথর ব'লে মনে হলো।

প্রত্যেক দান্তেপ্রেমীই ভাবতে লাগলেন এই মুহূর্তে পেট্রলম্যান রেই বোস্টনে ড্যান টিলকে কীভাবে খুঁজে বেড়াচ্ছে। আর টিলই বা কিভাবে নিজের নির্দোষিতা প্রমাণ করবে, চিৎকার ক'রে নিজেকে নির্দোষ ব'লে দাবি করবে? ফিল্ডস্, লংফেলো, হোমস্ আর লাওয়েল পায়চারী ক'রে সময় কাটালেন, একে অন্যকে সাহস আর উৎসাহ যোগালেন।

এক পর্যায়ে তারা কথা বললেন–ডা: হোমস্ই প্রথম শুরু করলেন। তারা কারোর স্মরণে কবিতা লেখা, নতুন বইয়ের ব্যাপারে কিংবা রাজনীতি নিয়ে কথা বললেন। হোমস্ তার মেডিকেল কলেজের প্রথম দিকের প্র্যাকটিসের কথাগুলো আবারো বললেন, ঐ সময় তিনি একটা সাইনবোর্ড টাঙিয়ে দিয়েছিলেন–ছোটোখাটো অসুখবিসুখ কৃতজ্ঞতার সাথেই গৃহীত হবে–তার জানালাটা কতিপয় মাতাল ভেঙে ফেলার আগে এ লেখাটা ওখানে ছিলো।

"আমি খুব বেশি কথা ব'লে ফেলেছি, তাই না?" হোমস্ একটু লজ্জায় মাথা দুলিয়ে বললেন। "লংফেলো, আমার খুব ইচ্ছে করছে, আপনাকে দিয়ে আপনার সম্পর্কে বেশি কথা বলানো!"

"না," লংফেলো দৃঢ়ভাবে জবাব দিলেন। "আমার বিশ্বাস আমি সেটা কখনই করবো না।"

"আমি জানি আপনি সেটা কখনই করবেন না! তবে একবার আপনি আমার কাছে স্বীকার করেছিলেন।" হোমস্ আরেকবার ভেবে নিলেন। "যখন ফ্যানির সাথে আপনার প্রথম দেখা হয়েছিলো।"

"না, আমার মনে হয় না আমি কখনও এরকম বলেছি।"

তারা পালাক্রমে কথা ব'লে গেলেন। কখনও কখনও তারা চারজন একসঙ্গে কেবল হাটাহাটি করলেন আর তাতে ক'রে মনে হলো তাঁদের ওজনের কারণে পায়ের নিচে জ'মে থাকা বরফ বুঝি ফেঁটেই যাবে। তারা একে অন্যের হাত ধরাধরি ক'রে হাটলেন। একে অন্যকে জড়িয়ে ধরলেন।

অন্ততপক্ষে রাতটা খুবই পরিস্কার, এটা বলা যায়। তারাগুলো বেশ সুন্দরভাবেই আকাশে গেঁথে আছে। তারা নিকোলাস রেইয়ের ঘোড়ার খুঁড়ের শব্দ শুনতে পেলেন। জন্তুটার নিঃশ্বাসের ধোঁয়ার কারণে রেইকে স্পষ্ট দেখা যাচ্ছে না। প্রত্যেকেই নিরবে তরুণটির দৃঢ়ভাবে এগিয়ে আসার দৃশ্যটি দেখলেন। কিন্তু তার মুখটা শক্ত হয়ে আছে। সে জানালো টিল অথবা অগাস্টাস ম্যানিংয়ের কোনো দেখা পাওয়া যায় নি। সে আরো আধডজন পেট্রলম্যানকে চার্লস্ নদী তীরবর্তী এলাকায় চিরুণী অভিযান

BanglaBook.org

www.BanglaBook.org

চালানোর জন্যে নিযুক্ত করেছিলো কিন্তু কেবলমাত্র বাকি চারটা ঘোড়াই পাগলারোগ থেকে রক্ষা পেয়েছে। রেই বিষন্ন মনে, লজ্জিত ভঙ্গীতে বসা কবিদলটিকে বিদায় জানিয়ে চলে গেলো, কথা দিয়ে গেলো, আগামীকাল সকালে আবার খোঁজাখুঁজির কাজটা শুরু করবে।

রেইয়ের প্রস্থান তাঁদেরকে স্মরণ করিয়ে দিলো, এখন রাত সাড়ে তিনটা বাজে। লাওয়েলের বাড়িতে বিশ্রাম নেয়া যেতে পারে? তারা ছড়িয়ে পড়লেন, দু'জন মিউজিক রুমে, আর দু'জন পড়ার ঘরে, ঘর দুটো মুখোমুখি অবস্থিত। কুকুরটার ঘেউ ঘেউ শব্দ শুনে ফ্যানি লাওয়েল নিচে নেমে এলেন। তাঁদের জন্যে তিনি চা ক'রে দিলেন, তবে লাওয়েল তার কাছে কোনো কিছুই বললেন না, কেবল ঘোড়ার পাগলারোগের ব্যাপারে একটু অনুযোগ করলেন। তার অনুপস্থিতিতে তার স্ত্রী বেশ উদ্বিগ্ন ছিলেন। লাওয়েল উইলিয়াম নামের ভাড়া করা লোকটাকে অন্য বাড়িগুলোতে খবর পাঠানোর জন্যে পাঠিয়ে দিলেন। তারা এল্‌ম উডে ত্রিশ মিনিটের বিশ্রামের পর আর থাকতে পারলেন না–দুটো ফায়ারপ্লেসের কাছে গিয়ে ঘুম দিলেন সবাই।

পুরো দুনিয়াটা স্তব্ধ হয়ে গেলে হোমসের মুখটা একটু উষ্ণ হয়ে উঠলো। তার সমস্ত দেহ এতোটাই ক্লান্ত যে, তিনি কিভাবে উঠে বাইরে বেরিয়ে এসেছেন সেটা একটুও খেয়াল করতে পারলেন না। হঠাৎ ক'রে তাপমাত্রা বেড়ে যাওয়ার জন্যে জ'মে থাকা বরফ আস্তে আস্তে নরম হতে শুরু করেছে। তার কাছে মনে হলো তিনি যেনো পাহাড়ে উঠছেন। ক্যামবৃজের লোকালয়ের দিকে তাকালেন তিনি, সেখানে এল্‌ম গাছের নিচে রাখা যুদ্ধের কামানগুলো দেখতে পেলেন। পেছনে ফিরেই হোমস্ দেখতে পেলেন লংফেলো তার দিকেই আস্তে আস্তে উঠে আসছেন। হোমস্ তাকে তাড়াতাড়ি আসার জন্যে ইশারা করলেন। লংফেলোকে খুব বেশি সময় একা থাকতে দিতে চাচ্ছেন না। কিন্তু একটা গর্জন ডাক্তার সাহেবের মনোযোগ আকর্ষণ করলো।

সাদা সাদা ছোপের দুটো লাল রঙের ঘোড়া তার দিকে ছুটে আসছে। দু'টোরই রয়েছে যাত্রীবহনের ওয়াগন। হোমস্ একটু স'রে গিয়ে হাটু গেঁড়ে ব'সে পড়লেন। তিনি তার গোড়ালীটা ধরে মুখ তুলে তাকিয়ে দেখলেন ফ্যানি লংফেলোকে–তার খোলা চুল আর ভরাট বুক–একটা ঘোড়ার চালকের আসনে, আর জেমিয়র অন্য ঘোড়াটাতে ব'সে আছে, তার ভাবভঙ্গী দেখে মনে হচ্ছে সে জন্মের পর থেকেই ঘোড়া চালাচ্ছে। ছোটো খাটো ডাক্তারের দু'পাশে অবয়ব দুটো আসতেই ডাক্তারের মনে হলো তিনি ভারসাম্য রাখতে পারছেন না, তারপর গভীর অন্ধকারে তলিয়ে গেলেন তিনি।

. . .

হোমস্ হাতাওয়ালা চেয়ার থেকে উঠে দাঁড়ালেন। ফায়ারপ্লেসের আগুনের কাছ থেকে তার হাটু জোড়া কেবলমাত্র কয়েক ইঞ্চি দূরে। তিনি উপরের দিকে তাকালেন।

www.BanglaBook.org

ঝালর-বাতিটা মাথার ওপর টুংটাং করছে। "কয়টা বাজে এখন?" যখন বুঝতে পারলেন এতোক্ষণ স্বপ্ন দেখছিলেন তখন বললেন। লাওয়েলের ঘড়িটাই জবাব দিলো : ছয়টা বাজতে পনেরো মিনিট বাকি। লাওয়েল চোখ দুটো কচলে নিলেন ঘুমকাতুরে বাচ্চাদের মতো। ইজি চেয়ারে আরাম ক'রে বসলেন তিনি। জানতে চাইলেন কিছু হয়েছে কিনা। তার মুখের ভেতরে তেতো ভাবটার কারণে মুখ খুলতে কষ্ট হচ্ছে।

"লাওয়েল, লাওয়েল," সবগুলো পর্দা টেনে সরিয়ে হোমস্ বললেন। "একজোড়া ঘোড়া।"

"কি?"

"আমার মনে হচ্ছে আমি বাইরে একজোড়া ঘোড়ার শব্দ শুনতে পেয়েছি। হ্যা, আমি একদম নিশ্চিত। মাত্র কয়েক সেকেন্ড আগেই তারা আমাদের জানালার সামনে দিয়ে গেছে। নির্ঘাত দুটো ঘোড়া ছিলো। পেট্রল্যান রেইয়ের কাছে এখন একটা ঘোড়া আছে। লংফেলো বলেছিলেন টিল নাকি ম্যানিংয়ের কাছ থেকে দুটো ঘোড়া চুরি ক'রে নিয়ে গেছে।"

"আমরা ঘুমিয়ে পড়েছিলাম," লাওয়েল সম্বিত ফিরে পেয়ে বললেন। জানালা দিয়ে সবেমাত্র ভোর হওয়ার আলোটা প্রবেশ করলো।

লংফেলো এবং ফিল্ডস্কে ঘুম থেকে ডেকে তুললেন লাওয়েল, তারপর একটা দূরবীন আর রাইফেলটা হাতে নিয়ে নিলেন। তারা দরজার কাছে আসতেই মাবেলকে দেখতে পেলেন লাওয়েল, ড্রেসিং গাউন পরে আছে সে, সামনের হল থেকে এসেছে। লাওয়েল থামলেন। একটা বকুনি প্রত্যাশা করলেন, কিন্তু মাবেল দাঁড়িয়ে দূরে কোথাও চেয়ে রইলো। লাওয়েল তার কাছে গিয়ে তাকে জড়িয়ে ধরলেন। নিচু কণ্ঠে বললেন, "ধন্যবাদ তোমাকে।" মাবেলও তাঁকে একই কথা বললো।

"খুব সাবধানে থেকো, বাবা। মা'র জন্যে, আমার জন্যে।"

ঘরের উষ্ণ পরিবেশ থেকে বাইরের কনকনে শীতে বের হতেই হোমসের হাঁপানিটা বেড়ে গেলো। লাওয়েল দৌড়ে সামনে গেলেন। ঘোড়ার খুরের সদ্য ছাপগুলো অনুসরণ করলেন। বাকি তিনজন পাতাবিহীন এল্ম গাছের ভেতর দিয়ে এগিয়ে চললেন।

"লংফেলো, মাই ডিয়ার লংফেলো..." হোমস্ বলতে লাগলেন।

"হোমস্?" কবি ভদ্রলোক দয়ালু কণ্ঠে জবাব দিলেন।

হোমস্ এখনও তার চোখে স্বপ্নের দৃশ্যগুলো দেখতে পাচ্ছেন। তিনি কাঁপতে কাঁপতে তার বন্ধুর দিকে তাকালেন। আশংকা করতে লাগলেন তিনি বুঝি চিৎকার দিয়ে উঠবেন : *আমি এইমাত্র দেখলাম আপনাদের কাছে ফ্যানি এসেছে, দেখেছি!* "আমরা ভুলে গিয়েছিলাম যে, পুলিশ আপনার বাড়ির উদ্দেশ্যে বাঁশি বাজিয়েছে, তাই না?"

ফিল্ডস্ ডাক্তারের ছোটোখাটো কাঁধে হাত রাখলেন তাকে আশ্বস্ত করার জন্যে।

BanglaBook.org

www.BanglaBook.org

"এক টুকরো সাহস এখন লাখ টাকার মতো দামি, মাই ডিয়ার ওয়েন্ডেল।"

সামনে একটু এগিয়ে লাওয়েল এক হাঁটু ভেঙে ব'সে পড়লেন। দূরবীন দিয়ে তিনি সামনের পুকুরটা দেখতেই ভয়ে কাঁপতে লাগলেন। প্রথমে তার মনে হয়েছিলো তিনি কিছু ছেলেকে বরফের মধ্যে মাছ ধরতে দেখছেন। কিন্তু দূরবীনটার লেন্স ঘোরাতেই দেখতে পেলেন তার ছাত্র প্লিনি মিডের মুখটা! কেবলই তার মুখটা।

হ্রদের জমাট বাঁধা বরফের সংকীর্ণ একটা ফুঁটো দিয়ে মিডের মাথাটা বের হয়ে আছে। তার নগ্ন শরীরের বাকি অংশটা বরফের নিচে, ঠাণ্ডা পানিতে। সেখানে তার পা দুটো বাঁধা আছে। তার দাঁতের পাটি দুটো প্রচণ্ডভাবে ঠক্‌ঠক্ ক'রে কাঁপছে। জিভটা মুখের ভেতরে পেঁচানো অবস্থায় আছে। মিডের খালি হাত দুটো দু'দিকে ছড়ানো, দড়ি দিয়ে কোনো কিছুর সাথে বাধা। পাশেই ম্যানিংয়ের ঘোড়ার গাড়িটা রাখা আছে, সেটার সাথেই দড়িটা বাধা হয়েছে। দড়ি দিয়ে বাধা না থাকলে মিডের আধো-অচেতন দেহটা বরফের নিচে থাকা পানিতে তলিয়ে যেতো। ঘোড়ার গাড়িটার পেছনেই ড্যান টিল সৈনিকের উজ্জ্বল পোশাক প'রে দাঁড়িয়ে আছে, তার হাত দুটো পায়ের কাছে রাখা আরেকটা নগ্ন দেহকে ধ'রে রেখেছে। সেটা তুলে নিয়ে পিচ্ছিল বরফের উপর দিয়ে হাঁটতে শুরু করলো সে। অগাস্টাস ম্যানিংয়ের নিথর সাদা দেহটা বহন করছে টিল, তার দাঁড়িগুলো বুকের ওপর ছড়িয়ে আছে। তার পা দুটো আর কোমর দড়ি দিয়ে বাধা, টিল পিচ্ছিল পুকুরটা পার হতে গিয়ে ঠাণ্ডায় কেঁপে উঠলো।

ম্যানিংয়ের নাকটা লাল টকটকে হয়ে আছে, এর নিচে ঘন-শুক্‌নো বাদামী রক্ত জ'মে আছে। টিল ম্যানিংয়ের দুটো পা মিডের কাছ থেকে মাত্র এক ফুট দূরের আরেকটা বরফের গর্তের ভেতরে ঢোকালে বরফের ঠাণ্ডা পানির স্পর্শে ম্যানিংয়ের জ্ঞান ফিরে এলো; তিনি উন্মাদের মতো চারপাশে তাকিয়ে দেখে ছটফট করতে লাগলেন। টিল এবার প্লিনি মিডের হাতের বাধনটা খুলে দিলো। এতে ক'রে গর্তে থাকা দু'জন মানুষ নিজেদেরকে গর্তের ভেতরে প'ড়ে যাওয়ার হাত থেকে রক্ষা করার জন্যে একে অন্যের হাত ধরতে মরিয়া হয়ে উঠলো।

তাদের বেঁচে থাকার সংগ্রামটা প্রত্যক্ষ করার জন্যে টিল পুকুরের পাড়ে উঠে দাঁড়ালো। এরপরই একটা গুলির শব্দ হলো কিন্তু সেটা ঘোড়ার পেছনে একটা গাছে গিয়ে বিঁধলো।

লাওয়েল রাইফেলটা হাতে নিয়ে বরফের ওপর দিয়ে সামনের দিকে পাগলের মতো ছুটে গেলেন। "টিল!" তিনি চিৎকার ক'রে বললেন। আরেকটা গুলি করার জন্যে রাইফেলটা তাক্ করলেন তিনি। লংফেলো, হোমস্ আর ফিল্ডস্, সবাই তার পেছন পেছন হুড়মুড় ক'রে ছুটতে লাগলেন।

ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন, "মিঃ টিল, এসব বন্ধ করো!"

লাওয়েল বন্দুক তাক্ ক'রে যা দেখতে পেলেন তাতে তিনি হতভম্ব হয়ে গেলেন। টিল একদম ঠাঁয় দাঁড়িয়ে রয়েছে।

BanglaBook.org

www.BanglaBook.org

"গুলি করুন, লাওয়েল, গুলি করুন!" ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন।

লাওয়েল সব সময়ই শিকারের জন্যে রাইফেল তাক্ করতে পছন্দ করেন কিন্তু গুলি করতে নয়। সূর্যটা একটু উপরে উঠে গেলে বিশাল ক্রিস্টালের প্রান্তরের ওপর আলো ঠিক্‌রে পড়লো।

কয়েক মুহূর্তের জন্যে তাঁদের সবার চোখ সাদা বরফের ওপর পতিত সূর্যের তীব্র আলোর ছটায় ঝল্‌সে গেলো। তাঁদের চোখ যখন আবার পূর্বের অবস্থায় ফিরে এলো, দেখা গেলো টিল উধাও হয়ে গেছে। তখনও তার দৌড়ানোর মৃদু শব্দের প্রতিধ্বনি পাশের বন থেকে পাওয়া যাচ্ছে। বনের দিকেই লাওয়েল গুলি ছুড়লেন।

প্লিনি মিড ভয়ংকরভাবে কাঁপছে, তার সারা শরীর একেবারে অবশ হয়ে যাচ্ছে, পুরো দেহটা প্রাণঘাতি পানির নিচে তলিয়ে যাচ্ছে ধীরে ধীরে। ম্যানিং ছেলেটার পিচ্ছিল হাত ধরার চেষ্টা করলেন কিন্তু হাতটা ধ'রে রাখতে বেশ বেগ পেতে হচ্ছে তার, তাই ছেলেটার কব্জি ধরার চেষ্টা করলেন, তাতেও সফল না হয়ে অবশেষে তার আঙুলগুলো ধরলেন, তবে ওজন খুব বেশি হওয়াতে তেমন একটা সুবিধা করতে পরালেন না। মিড পানির নিচে তলিয়ে গেলো। ডাঃ হোমস্ বরফের ওপর ঝাপিয়ে প'ড়ে নিজের দু'হাত বরফের গর্তের ভেতরে ঢুকিয়ে দিলেন। কোনোমতে মিডের কান আর চুলগুলো ধরতে পারলেন তিনি। সেগুলো ধরেই টানতে লাগলেন যতোক্ষণ না তার বুকটা ধরতে পারলেন। বুকটা ধরার পর টেনেটুনে গর্তের বাইরে পুরো দেহটা তুলে আনতে সক্ষম হলেন তিনি। ফিল্ডস্ আর লংফেলো ম্যানিংকে ধ'রে ফেললেন, তলিয়ে যাবার আগেই তাকে গর্ত থেকে তুলে আনতে সক্ষম হলেন। তার হাত-পায়ের বাধন খুলে দিলেন তারা।

হোমস্ একটা চাবুকের শব্দ শুনে চেয়ে দেখলেন লাওয়েল পরিত্যাক্ত ঘোড়ার গাড়ির ড্রাইভার বক্সে ব'সে আছেন। তিনি ঘোড়া দুটোকে বনের দিকে যাবার জন্যে তাড়া দিচ্ছেন। হোমস্ উঠে দাঁড়িয়ে দৌড়ে তার দিকে গেলেন। "জেমি, না!" হোমস্ চিৎকার ক'রে বললেন। "তাদেরকে গরম করতে হবে, তা না হলে ওরা মরে যাবে!"

"টিল পালিয়ে যাচ্ছে, হোমস্!" লাওয়েল ঘোড়া দুটোকে থামিয়ে অগাস্টাস ম্যানিংয়ের করুণ দেহটার দিকে তাকালেন। বরফে জ'মে থাকা পুকুরের ওপর এমন অদ্ভুতভাবে ছটফট করছেন তিনি যেনো পানি থেকে কোনো মাছ ডাঙায় তোলা হয়েছে। এই তো এখানে ড. ম্যানিং, মৃত্যুর প্রায় সন্নিকটে, তার প্রতি সমবেদনা ছাড়া আর কিছুই লাওয়েলের অনুভূত হচ্ছে না। দাঙ্গে ক্লাবের সদস্যদের ওজনের কারণে বরফে ফাঁটল ধরতে শুরু করেছে, এতে ক'রে সবাই মৃত্যুর ঝুঁকির মধ্যে প'ড়ে যাচ্ছে। তারা সবাই হেঁটে যাবার সময় বরফের মধ্যে নতুন নতুন গর্ত সৃষ্টি হতে লাগলো, সেইসব গর্ত থেকে বুদ্‌বুদ্ ক'রে পানি বের হচ্ছে। লাওয়েল ঘোড়ার গাড়ি থেকে নামতেই লংফেলোর একটা পা বরফের ফাঁটলে ঢুকে গেলে লাওয়েল তাকে খপ্ ক'রে ধ'রে ফেললেন।

BanglaBook.org

www.BanglaBook.org

ডা: হোমস্ তার টুপি আর হাত দস্তানা খুলে ফেললেন, তারপর তার ওভারকোট আর ফ্রককোটটা খুলে প্লিনি মিডের ওপর চাপিয়ে দিলেন। "আপনাদের কাছে যা আছে তা দিয়ে তাদের শরীরটা জড়িয়ে দিন! তাদের মাথা আর ঘাড় ঢেকে দিন!" তিনি তার মাফলারটা খুলে ছেলেটার ঘাড়ে বেঁধে দিলেন। তারপর নিজের বুটজুতা আর মোজাগুলো খুলে ওগুলো মিডের পায়ে পরিয়ে দিলেন। বাকিরা হোমসের মালিশ করা হাত দুটো দেখে সেটার অনুকরণ করলেন।

ম্যানিং কথা বলার চেষ্টা করলেন। কিন্তু মুখ দিয়ে যা বের হলো সেটাকে কেবল বিড়বিড় বলা যেতে পারে। তিনি বরফ থেকে নিজের মাথাটা তোলার চেষ্টা করলেন কিন্তু লাওয়েল তার মাথার টুপিটা ম্যানিংয়ের মাথায় পরিয়ে দিলে তিনি একেবারে হতভম্ব হয়ে গেলেন মনে হলো।

ডা: হোমস্ চিৎকার ক'রে বললেন, "তারা যেনো অচেতন না হয়ে পড়ে সেটা নিশ্চিত করুন!"

তাদের দু'জনের অসাড় দেহটা ঘোড়ার গাড়িতে তুলতে বেশ কষ্ট হলো। লাওয়েল কেবল শার্ট পরে আছেন, তিনি ড্রাইভার বক্সে আবার ফিরে গেলেন। হোমসের নির্দেশে লংফেলো আর ফিল্ডস্ অসাড় দু'জনের শরীর ঘষতে লাগলেন, চেষ্টা করলেন তাদের দু'জনের রক্ত প্রবাহ সচল রাখতে।

"জলদি করুন, লাওয়েল, জলদি!" হোমস্ তাড়া দিলেন।

"যতো দ্রুত সম্ভব আমাদেরকে এ জায়গা থেকে চলে যেতে হবে, ওয়েন্ডেল!"

হোমস্ বুঝে গিয়েছিলেন, মিডের অবস্থা বেশ খারাপ। তার মাথার পেছনে একটা ভয়ংকর আঘাতের চিহ্ন, বোঝা যাচ্ছে টিলের কাজ এটা। শহরে ফিরে আসার সময় রক্ত সঞ্চালনের জন্যে তিনি মিডের শরীরটা প্রচণ্ডভাবে নাড়ালেন। এ সময়ে হোমসের মাথার ভেতরে একটা কবিতা প্রতিধ্বনিত হলো, যেটা তিনি তার ছাত্রদেরকে রোগীর চিকিৎসা কিভাবে করতে হবে সেটা স্মরণ করিয়ে দেবার জন্যে আবৃত্তি করতেন।

বেচারা রোগীকে যদি দেখতেই হয় নাড়ি টিপে,
তবে তার ব্যাথাতুর বুকে আঘাত করো না খুব জোরে;
(ডাক্তাররা সব থাকেন একশো মাইল দূরে,
যারা বুকে হাত রাখেন হাতুরি পেটাবের ব'লে)
তোমার প্রশ্নের উত্তর : নির্দয়ভাবে রোগীকে দেখার চেষ্টা
করো না
বেচারাকে তিলে তিলে মেরে ফেলো না;
সে কোনো শামুক নয় খাবার প্লেটে করবে হাসফাস,
তুমিও আগাসিজ নও, সেও নয় কোনো মাছ।

BanglaBook.org

www.BanglaBook.org

মিডের শরীরটা এতোটা ঠাণ্ডা হয়ে আছে যে, তাকে স্পর্শ করতেই প্রচণ্ড যন্ত্রণায় কাতরালো সে।

*

"আমরা তরল কোনো পুকুরে পৌঁছার আগেই ছেলেটা মারা গেলো। আমাদের পক্ষে এর চেয়ে বেশি কিছুই করার ছিলো না। সেটা আমাদেরকে বুঝতে হবে, মাই ডিয়ার, হোমস্।"

ডা: হোমস্ লংফেলোর টেনিসনের দেয়া কালির দোয়াতের মধ্যে নিজের আঙুলগুলো ডুবাচ্ছেন আর উঠাচ্ছেন। ফিল্ডসের কথা তার কানেই যেনো যাচ্ছে না, আঙুলগুলো কালি লেগে কালো হয়ে গেছে।

"অগাস্টাস ম্যানিং তার জীবন ফিরে পাবার জন্যে আপনার কাছে ঋণী," লাওয়েল বললেন। "জোর দিয়ে বলছি, লোকটা আপনাকে ছাড়া বেঁচে থাকতে পারতো না, সেটা কি বোঝেন না? আমরা লুসিফারকে হতাশ করতে পেরেছি। শয়তানের কবল থেকে একজনকে ছিনিয়ে এনেছি। আপনার আপ্রাণ চেষ্টার কারণে আমরা এবার জয় লাভ করেছি, মাই ডিয়ার ওয়েন্ডেল!"

লংফেলোর তিন কন্যা বাইরে খেলতে যাবার জন্যে পোশাক-আশাক পরে পড়ার ঘরের দরজায় নক্ করলো।

প্রথমে এ্যালিস ভেতরে ঢুকলো। "বাবা, ট্রুডি এবং অন্য মেয়েরা বরফে খেলতে যাচ্ছে। আমরা কি যেতে পারি না?"

লংফেলো তার বন্ধুদের দিকে তাকালেন, তারা সবাই হাতাওয়ালা চেয়ারে ব'সে আছেন। ফিল্ডস্ কাঁধ ঝাঁকালেন।

"বাকি ছেলেমেয়েরা ওখানে থাকবে?" লংফেলো জিজ্ঞেস করলেন।

"ক্যামব্রিজের সবাই!" এডিথ জানালো।

"খুব ভালো," লংফেলো বললেন, তারপর কী যেনো ভেবে তিনি তাদের দিকে একটু ভালো ক'রে খুঁটিয়ে খুঁটিয়ে দেখলেন। "এ্যানি অ্যালেগ্রা, তুমি মিস্ ডেভির কাছেই থাকো।"

"ওহ্, বাবা, প্লিজ! আমার নতুন জুতাটা পরতে হবে যে!" এ্যানি তার কথার পক্ষে প্রমাণটা উঁচু ক'রে তুলে ধ'রে দেখালো।

"মাই ডিয়ার, পান্‌জি." মুচকি হেসে তিনি বললেন। "এবারের মতো কেবল বলছি।" বাকি দু'জন বেরিয়ে গেলে ছোটো মেয়েটি হলের ভেতরে তার পরিচারিকাকে খুঁজতে চলে গেলো।

নিকোলাস রেই একেবারে সামরিক পোশাক পরে হাজির হলেন। সে জানালো, কিছুই খুঁজে পাওয়া যায় নি। কিন্তু সার্জেন্ট স্টোনওয়েদার কতোগুলো স্কোয়াড নিয়ে

BanglaBook.org

www.BanglaBook.org

বেঞ্জামিন গ্যালভিনকে খুঁজতে বেরিয়েছেন। "স্বাস্থ্য বিভাগ ঘোষণা করেছে ঘোড়ার পাগলারোগের বাজে অবস্থা কেটে গেছে, তাই পশু নিরাময় কেন্দ্র থেকে তারা কয়েক ডজন ঘোড়া ছেড়ে দিচ্ছে।"

"চমৎকার! তাহলে আমরা দল বেঁধে তল্লাশী কাজটা শুরু করতে পারবো," লাওয়েল বললেন।

"প্রফেসর সাহেবেরা," বসতে বসতে রেই বললেন। "আপনারা খুনির পরিচয় উদ্‌ঘাটন করতে পেরেছেন। একটাও জীবন বাঁচিয়েছেন, হয়তো আরো কয়েকজনের, তবে সেটা আমরা কখনই জানতে পারবো না।"

"বাঁচিয়েছি, কারণ তারা আমাদের কারণেই বিপদে পড়েছিলো।" লংফেলো দীর্ঘশ্বাস ফেলে বললেন।

"না, মিঃ লংফেলো। বেঞ্জামিন গ্যালভিন দান্তের মধ্যে যা পেয়েছে সেটা সে অন্য কোথা থেকেও পেতে পারতো। এইসব ভয়ংকর বীভৎসতা আপনারা ডেকে আনেন নি। এতো কিছুর পরেও আপনারা সৌভাগ্যবান, কারণ আপনারা নিরাপদে আছেন। সবার নিরাপত্তা এবং সুরক্ষার জন্যে এটা এখন পুলিশকেই শেষ করতে দিন।"

হোমস্ রেইয়ের কাছে জানতে চাইলেন সে কেন সামরিক পোশাক পরে আছে। "আজকে গভর্নর এন্ড্রু স্টেট হাউজে সৈনিকদের জন্যে আরেকটা ভোজ দিয়েছেন। গ্যালভিন হয়তো সেখানে আসতে পারে।"

"অফিসার, আমরা জানি না তার শেষ হত্যাকাণ্ডটি থামিয়ে দেবার জন্যে প্রতিশোধ হিসেবে সে কী করবে," ফিল্ডস্ বললেন। "সে যদি বিশ্বাসঘাতকদেরকে শাস্তি দেবার চেষ্টা করে তবে কি হবে?

"আমরা হারভার্ড কর্পোরেশন এবং ওভারশিয়ার বোর্ডের সব সদস্যের বাড়িতে পেট্রলম্যান নিযুক্ত করেছি, এর মধ্যে ম্যানিংয়ের বাড়িও রয়েছে। পাছে গ্যালভিন সাইমন ক্যাম্পকে দান্তের বিরুদ্ধে একজন বিশ্বাসঘাতক হিসেবে বেছে নেয়, সেজন্যে আমরা প্রতিটি হোটেলেও খোঁজ নিয়েছি। গ্যালভিনের এলাকায় আমরা কয়েকজন লোক রেখেছি, তার বাড়িটাও কড়া নজরে রয়েছে।"

লাওয়েল জানালার কাছে গিয়ে লংফেলোর বাড়ির সামনের রাস্তাটার দিকে তাকালেন। সেখানে ভারি নিল কোট পরিহিত একজন লোককে তিনি দেখতে পেলেন, লোকটা গেট অতিক্রম ক'রে ঢুকেই আবার আগের জায়গায় ফিরে গেলো। "তুমি এখানেও একজন লোক রেখেছো, দেখছি?" লাওয়েল জানতে চাইলেন।

রেই মাথা নেড়ে সায় দিলেন। "আপনাদের প্রত্যেকের বাড়িতেই। গ্যালাভিনের শিকারী বেছে নেয়ার ধরণ দেখে মনে হয় সে নিজেকে আপনাদের অভিভাবক বা রক্ষাকারী ভাবে। তাই সে হয়তো এইসব ঘটনাসমূহ দ্রুত বদলে যাবার কারণে আপনাদের সঙ্গে যোগাযোগ করার কথা ভাববে। যদি তাই করে, আমরা তাকে গ্রেফতার করবো।"

BanglaBook.org

www.BanglaBook.org

লাওয়েল তার সিগারেটটা আগুনে ফেলে দিলেন। হঠাৎ করেই নিজের আত্মতৃপ্তিটা উবে গেলো। "অফিসার, আমার মনে হয় এটা খুবই বাজে একটা কাজ। আমরা এই ঘরে ব'সে অসহায়ের মতো সারাটা দিন পার ক'রে দিতে পারি না।"

"আমি বলছি না, আপনাদেরকে সেরকমই করতে হবে, প্রফেসর লাওয়েল," রেই জবাব দিলো। "আপনারা যাঁর যাঁর বাড়িতে ফিরে গিয়ে পরিবারের সঙ্গে সময় কাটান। এই শহরকে রক্ষা করার দায়িত্বটা আমার ওপর বর্তায়, ভদ্রমহোদয়গণ, আপনাদের জীবন আজ থেকে স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে শুরু করবে, প্রফেসর।"

লাওয়েল হতবাক হয়ে চেয়ে রইলেন। "কিন্তু..." লংফেলো হাসলেন। "জীবনের সুখকর মুহূর্তগুলোর সবচাইতে বড় অংশ নিহিত থাকে যুদ্ধ না করার মধ্যে নয়, মাই ডিয়ার লাওয়েল, বরং ওসব কিছু এড়িয়ে যাওয়ার মধ্যেই। চাতুর্যপূর্ণভাবে পিছু হটে যাওয়াটাও বিজয়।"

রেই বললো, "চলুন, আজকের রাতে এখানে আমরা সবাই আবার সাক্ষাত করি। ভাগ্য ভালো থাকলে আমি হয়তো ভালো খবর নিয়ে আসতে পারবো। কী, হলো তো?"

পণ্ডিতদের মধ্যে অনুতাপ এবং স্বস্তির মিশ্র এক অনুভূতির বহিঃপ্রকাশ দেখা গেলো।

সেই বিকেলে পেট্রলম্যান রেই অফিসার নিয়োগ করা অব্যাহত রাখলো। তাদের অনেকেই রেইয়ের সতর্কতাটা নিরবে এড়িয়ে গেলো। তবে সে কারা খুব বেশি দূর থেকে এসেছিলো। কোনো লোক তার দিকে তাকালে সে সঙ্গে সঙ্গে বুঝে ফেললো লোকটা তাকে কালো, মুলাট্টো কিংবা অন্য কোনো কিছু হিসেবে বিবেচনা করছে কিনা।

সে ড. ম্যানিংয়ের বাড়ির সামনের বাগানে একজন পেট্রলম্যানকে নিয়োজিত করলো। রেই একটা গাছের নিচে সেই পেট্রলম্যানের সঙ্গে কথা বলার সময় ম্যানিং পাশের দরজা খুলে রেগে মেগে বের হয়ে এলেন।

"দূর হও!" ম্যানিং চিৎকার ক'রে একটা পিস্তল বের করলেন।

রেই ঘুরে তাকালো। "আমরা পুলিশ–ড. ম্যানিং।"

ম্যানিং এমনভাবে কাঁপতে লাগলেন যেনো এখনও বরফে জ'মে আছেন। "আমি জানালা দিয়ে তোমার সৈনিকের পোশাকটা দেখেছি, অফিসার। আমি ভেবেছিলাম ঐ উন্মাদটা বুঝি..."

"আপনার উদ্বিগ্ন হবার কিছু নেই," রেই বললো।

"তুমি...তুমি আমাকে রক্ষা করবে?" ম্যানিং জানতে চাইলেন।

"যতোক্ষণ পর্যন্ত দরকার," রেই বললো। "এই অফিসার আপনার বাড়িটা পাহারা দেবে। সে সশস্ত্র অবস্থায় আছে।"

BanglaBook.org

www.BanglaBook.org

অন্য পেট্রলম্যানটা তার কোটের বোতাম খুলে কোমরে গোজা একটা রিনভলবার প্রদর্শন করলো।

ম্যানিং আশ্বস্ত হয়ে তার হাতটা বাড়িয়ে দিলেন যাতে ক'রে রেই তাকে ধ'রে ভেতরে নিয়ে যায়।

এরপরই ঘোড়াগাড়ি চালিয়ে ক্যামবৃজে চলে এলো রেই। সে দেখতে পেলো একটা কোচ পথ আঁটকে রেখেছে। দু'জন লোক একটা চাকার দিকে ঝুঁকে কী যেনো দেখছে। রেই রাস্তার পাশে গাড়িটা থামিয়ে নেমে এলো। বিপদে পড়া লোকগুলোকে সাহায্য করার জন্যে তাদের কাছে গেলো। কিন্তু তাদের কাছে আসতেই লোক দুটো সোজা হয়ে দাঁড়ালো। রেই তার পেছনে একটা শব্দ শুনে পেছনে তাকাতেই দেখতে পেলো তার গাড়িটার পেছনে আরেকটা গাড়ি এসে থেমেছে। দু'জন ওভারকোট পরা লোককে রাস্তা দিয়ে আসতে দেখা গেলো। চারজন লোক তাকে চারপাশ থেকে ঘিরে ধরলো। প্রায় দু'মিনিট ধরে তারা ঠাঁয় দাঁড়িয়ে রইলো, কিছুই করলো না।

"ডিটেক্টিভ, আপনাদের কি আমি কোনো সাহায্য করতে পারি?" রেই জানতে চাইলো।

"রেই, আমরা ভাবলাম স্টেশন হাউজে গিয়ে আপনার সঙ্গে কিছু কথা বলে আসি," তাদের একজন বললো।

"কিন্তু আমার তো এখন সময় নেই," রেই বললো।

"আমাদের কাছে একটা খবর আছে যে, আপনি এমন একটা বিষয় তদন্ত করছেন যেটা করার কোনো বৈধতা আপনার নেই, স্যার," আরেকজন সামনে এগিয়ে এসে বললো।

"আমার মনে হয় না সেটা আপনার কোনো দায়িত্বের মধ্যে পড়ে, ডিটেক্টিভ হেন্‌শা," রেই একটু থেমে বললো।

গোয়েন্দা লোকটি দুটো আঙুল একসাথে ঘষলো। একজন গোয়েন্দা খুব আক্রমণাত্মকভাবে রেইয়ের দিকে তেড়ে এলো।

রেই তার দিকে ঘুরে দাঁড়ালো। "আমি আইন প্রয়োগকারী সংস্থার একজন অফিসার। আপনি যদি আমাকে আঘাত করেন তবে আপনি কমন ওয়েলথকে আঘাত করবেন।"

গোয়েন্দাটি রেইয়ের তলপেটে একটা ঘুষি মেরেই দ্বিতীয় ঘুষিটা মারলো তার চোয়ালে। রেই চোখে ঝাপ্‌সা দেখলো। কোটের কলারটা ধ'রে তাদের গাড়ির পেছনে টেনে তোলার সময় রেইয়ের মুখ দিয়ে গলগল ক'রে রক্ত বের হতে লাগলো।

ডাঃ হোমস্ তার বড়সড় চামড়ার রকিং চেয়ারে ব'সে আছেন। লংফেলোর বাড়িতে যাবার জন্যে অপেক্ষা করছেন তিনি। টেবিলে একটা মৃদু ল্যাম্পের বাতি জ্বলছে। ওয়েন্ডেল জুনিয়র তৃতীয় তলাতে হন্তদন্ত হয়ে ছুটে যাচ্ছে।

"ওয়েন্ডি, বাবা আমার," ডাঃ হোমস্ পেছন থেকে ছেলেকে ডাকলেন। "তুমি কোথায় যাচ্ছো?"

www.BanglaBook.org

জুনিয়র আস্তে ক'রে সিঁড়ি দিয়ে নেমে এলো। "তুমি কেমন আছো বাবা? তোমাকে খেয়াল করি নি।"

"দুয়েক মিনিটের জন্যে কি একটু বসবে?"

জুনিয়র একটা সবুজ রঙের চেয়ারের হাতলের উপর বসলো।

ডা: হোমস্ ল' স্কুল সম্পর্কে জানতে চাইলেন। জুনিয়র নিরাবেগভাবে জবাব দিয়ে গেলো, অপেক্ষা করলো আইন সম্পর্কে যথারীতি কটুক্তি শোনার জন্যে, কিন্তু তেমন কিছু বলা হলো না। ডা: হোমস্ বললেন যে, আইনের ব্যাপারে তিনি একদমই কাঁচা।

তাদের নিরবতার মাঝে কিছুক্ষণ ঘড়ির কাটার শব্দ শোনা গেলো।

"তুমি কখনও ভয় পাও নি, ওয়েন্ডি?" নিরবতা ভেঙে ডা: হোমস্ বললেন। "মানে, যুদ্ধের সময়।"

জুনিয়র ভুরু কুচকে তার বাবার দিকে তাকালো, তার পর আন্তরিকভাবেই মুচকি হাসলো। "যে মৃত্যুকে ভয় পায় সে যুদ্ধে যায় না, আর যে যায় সে ভয় পায় না। যুদ্ধে কোনো কবিতা থাকে না, বাবা।"

ডা: হোমস্ একটা কাজের কথা বলে ছেলের কাছ থেকে বিদায় নিলেন। জুনিয়র সায় দিয়ে উপরে চলে গেলো।

বাকিদের সঙ্গে মিলিত হবার জন্যে হোমস্কে এক্ষুণি রওনা হতে হবে। তিনি ঠিক করলেন তার দাদার ফ্লিন্ট লক মাস্কেট বন্দুকটা সঙ্গে নেবেন। জিনিসটা যুদ্ধের সময় শেষবার ব্যবহৃত হয়েছিলো। এটাই একমাত্র অস্ত্র যা হোমস্ ইতিহাসের একটি নিদর্শন হিসেবে তার বাড়ির বেসমেন্টে রেখে দিয়েছেন।

ঘোড়াগাড়িগুলো এখনও রাস্তায় চলছে না। ড্রাইভার আর কন্ডাক্টরেরা হাত দিয়ে গাড়ি ঠেলে চালানোর চেষ্টা করেছিলো, সফল হয় নি। মেট্রোপলিটান রেলরোড চেষ্টা করেছিলো গাড়িগুলো টানার জন্যে বলদ ব্যবহার করতে। কিন্তু ওগুলোর পা'গুলো শক্ত পেভমেন্টের পক্ষে খুব বেশিই নরম। সুতরাং হোমস্কে পায়ে হেঁটেই যেতে হলো। বিকন হিলে যখন এলেন তখন মাত্র কয়েক সেকেন্ডের জন্যে ফিল্ডসের ঘোড়ার গাড়িটার সাথে তার দেখা হলো না। প্রকাশক ভদ্রলোক হোমসের বাড়িতে গিয়েছিলেন তাকে গাড়িতে ক'রে নিয়ে আসার জন্যে। আংশিকভাবে বরফ হয়ে যাওয়া চার্লস নদীর ওপর যে ওয়েস্ট ব্রিজটা আছে, ডাক্তার সাহেব সেই পথ ধরেই এগেলেন। এতোটা ঠাণ্ডা যে, লোকজন নিজেদের হাত, কাঁধ আর মুখ ঘষছে বারবার। হোমসের হাঁপানীর কারণে পথটা দ্বিগুণ দৈর্ঘের ব'লে মনে হলো তার কাছে। তিনি রেভারেন্ড এ্যাবি হোমসের প্রথম সম্মেলন কক্ষ হিসেবে পরিচিত ক্যামব্রিজ চার্চটা অতিক্রম করলেন। ফাঁকা চ্যাপেলটাতে ঢুকে একটা আসনে বসলেন তিনি। বড় একটা অর্গান রাখা আছে সেখানে। এই জিনিসটা রেভারেন্ড হোমস্ মোটেও রাখতে দিতেন না।

একটি বিবাদে জড়িয়ে হোমসের বাবা চার্চটা ত্যাগ করেছিলেন। সদস্যরা

www.BanglaBook.org

কংগ্রেগেশনে ইউনিটারিয়ান যাজকদেরকে মাঝে মধ্যেই অতিথি যাজক হিসেবে চার্চে ধর্মোপদেশ দেবার পক্ষে ছিলেন। রেভারেন্ড সাহেব ব্যাপারটা মেনে নিতে পারেন নি। তাই তার সঙ্গে থাকা ছোট্ট একটি বিশ্বাসী দল নিয়ে নতুন মিটিং হাউজে চলে গিয়েছিলেন তিনি। ইউনিটারিয়ান চ্যাপেলগুলো সেইসব দিনে একটা ফ্যাশন ছিলো। সেইসব চার্চের একটিতেই এখন ডা: হোমস্ ব'সে আছেন, আর তিনি নিজেও তার বাবার বিশ্বাস পরিত্যাগ করেছেন কিন্তু আরেকটা নতুন আশ্রয়স্থল এখনও তিনি খুঁজে পেয়েছেন, কারণ ঈশ্বরের ভীতির চেয়ে ধর্ম একেবারেই ভিন্ন কিছু।

এই জায়গার মেঝের নিচে আরেকটা আশ্রয়স্থল রয়েছে, হোমস্ ভাবলেন, যখন চিফ জাস্টিস হিলির কোর্ট ফেরারী দাস আইনটি বহাল রাখে এবং পালিয়ে আসা নিগ্রোদেরকে লুকাতে বাধ্য ক'রে তখন দাসপ্রথার বিলোপকারীরা অসংখ্য ইউনিটারিয়ান চার্চের নিচে সুড়ঙ্গ তৈরি ক'রে পালিয়ে আসা নিগ্রোদেরকে লুকিয়ে রেখেছিলেন, অন্ততপক্ষে, হোমস্ এরকমটিই শুনেছেন। রেভারেন্ড এ্যাবিয়েল হোমস্ এ ব্যাপারে কী ভাবতেন...

হোমস্ তার বাবার পুরনো মিটিং হাউজে এক গ্রীষ্মেই যেতেন কারণ সেখানেই হারভার্ডের ক্লাশ শুরুর অনুষ্ঠানটি অনুষ্ঠিত হোতো। ওয়েন্ডেল জুনিয়র তার কলেজে পড়ার সময় ক্লাশের সেরা কবি ছিলো। মিসেস হোমস্ ডা: হোমস্কে সতর্ক ক'রে দিয়েছিলেন তিনি যেনো ছেলের কবিতা সমালোচনা ক'রে অথবা ছেলেকে অতিরিক্ত উপদেশ দিয়ে চাপের মধ্যে না রাখেন। কিন্তু জুনিয়র তার আসনে বসতেই ডা: হোমস্ মিটিং হাউজে ব'সে পড়লেন। যে চ্যাপেলটা তার বাবাকে অপমান করেছিলো সেখানে ব'সে তার মুখে একটা পরিহাসের হাসি লেগে রইলো। নিজের ছেলের কবিতা সমালোচনা কীরকম করেন সেটা দেখার জন্যে সবার চোখ তার ওপর নিবদ্ধ। এইসব কবিতা জুনিয়র লিখেছে যুদ্ধে যোগ দেবার আগে, ড্রিলিংয়ের সময়। *সেদাত আর্মিস তোগা*, হোমস্ ভাবলেন–পণ্ডিতদের গাউন সৈনিকদের হাতে তুলে দেয়া হোক। অলিভার ওয়েন্ডেল হোমস্ তার ছেলে অলিভার ওয়েন্ডেল জুনিয়রকে দেখে নার্ভাসভাবে শ্বাস নিলেন। তার মনে হলো তিনি যদি চার্চের নিচে রূপকথার সেই সুড়ঙ্গগুলো দিয়ে চলে যেতে পারতেন তবেই বেশি ভালো হোতো। সেইসব খোরগোশের গর্ত এখন আর কোন্ কাজে লাগবে, বিশ্বাসঘাতকেরা দেখাবে তাদের দাস আইনগুলো বেয়নেট আর রাইফেল দিয়ে কী করা যেতে পারে?

হোমস্ ফাঁকা ডায়াসটার দিকে তাকালেন। সুড়ঙ্গগুলো! সেখান দিয়েই তো লুসিফার পালিয়ে গেছে, এমন কি পুলিশ যখন সর্বশক্তি নিয়ে বাইরে টহল দিচ্ছিলো তখনও! এজন্যেই পতিতা মেয়েটি টিলকে চার্চের কাছেই কুয়াশার মধ্যে উধাও হয়ে যেতে দেখেছে! এজন্যেই ট্যালবোটের চার্চের নার্ভাস সেক্সটন খুনিকে চার্চে ঢুকতে কিংবা বের হতে দেখেন নি। ধন্য পরম ঈশ্বর-এর একটি ধ্বনি ডা: হোমসের আত্মাকে প্রজ্জ্বলিত করলো। লুসিফার বোস্টনকে নরকের দিকে টেনে নিয়ে যাওয়ার

BanglaBook.org

www.BanglaBook.org

সময় হাটেও নি, কোনো গাড়িও ব্যবহার করে নি, হোমস্ চিৎকার ক'রে উঠলেন আপন মনে। সে সুড়ঙ্গ ব্যবহার করে!

*

লাওয়েল তাঁদের সাক্ষাতার জন্যে উদ্বিগ্নভাবে ক্রেইগি হাউজের উদ্দেশ্যে রওনা হলেন। তিনিই লংফেলোকে প্রথম শুভেচ্ছা জানালেন। লাওয়েল আসার সময় লক্ষ্য করেন নি যে, এল্‌ম উড আর ক্রেইগি হাউজের সামনে কোনো পুলিশী প্রহরা নেই। লংফেলো সবেমাত্র এ্যানি এ্যালেগ্রাকে একটা গল্প পড়ানো শেষ করেছেন। তিনি মেয়েকে চলে যাবার ইশারা করলেন।

ফিল্ডস্‌ও খুব দ্রুত এসে পৌছালেন।

কিন্তু বিশ মিনিট পরেও অলিভার ওয়েন্ডেল হোমস্ আর রেইয়ের টিকিটাও দেখা গেলো না।

"রেইকে একা ছেড়ে দেয়া আমাদের উচিত হয় নি," লাওয়েল তার গোঁফে তা দিতে দিতে বিড়বিড় ক'রে বললেন।

"আমি বুঝতে পারছি না এখনও ওয়েন্ডেল কেন আসছে না," ফিল্ডস্ নার্ভাসভাবে বললেন। "আমি আসার পথে তার বাড়িতে গিয়েছিলাম, মিসেস হোমস্ বলেছেন তিনি আমার আসার আগেই নাকি বাড়ি থেকে বের হয়ে গেছেন।"

"এখনও বেশি সময় পার হয় নি," লংফেলো বললেন, কিন্তু তার চোখ ঘড়ির দিক থেকে একটুও সরলো না।

লাওয়েল গালে হাত দিয়ে ব'সে রইলেন। এভাবে আরো দশমিনিট পার হয়ে গেলো। চোখ দুটো বন্ধ ক'রে ভাবতে গিয়ে আচম্‌কা একটা দুর্ভাবনা তার মনে উদয় হলে তিনি জানালার সামনে ছুটে গেলেন। "ওয়েন্ডেলকে এক্ষুণি আমাদের খুঁজে বের করতে হবে।"

"কী হয়েছে?" লাওয়েলের দুশ্চিন্তাযুক্ত মুখের দিকে চেয়ে ফিল্ডস্ ঝাবড়ে গিয়ে জানতে চাইলেন।

"এটা ওয়েন্ডেল," লাওয়েল বললেন, "কর্নার-এ আমি তাকে বিশ্বাসঘাতক বলেছিলাম!"

ফিল্ডস্ মৃদু হাসলেন। "সেটা তো অনেক দিন আগের ঘটনা, মাই ডিয়ার লাওয়েল।"

লাওয়েল নিজের ভারসাম্য রক্ষা করার জন্যে প্রকাশকের জামার আস্তিনটা খপ্ ক'রে ধ'রে ফেললেন। "আপনি কি বুঝতে পারছেন না? জেনিসনকে যেদিন ক্ষতবিক্ষত অবস্থায় পাওয়া গিয়েছিলো সেদিন তার সঙ্গে কর্নার-এ আমার বাকতিণ্ডা হয়েছিলো, সেই রাতেই হোমস্ আমাদের প্রকল্পটি থেকে নিজেকে সরিয়ে নিয়ে

BanglaBook.org

www.BanglaBook.org

ছিলেন। টিল, মানে গ্যালভিন তখন হল দিয়ে আসছিলো। সে হয়তো আমাদের সব কথা শুনেছে, যেরকমটি হারভার্ডের বোর্ড মিটিংয়ের আলোচনা শুনেছিলো সে! আমি লেখকের ঘর থেকে বের হয়ে হোমসের পেছন পেছন তাকে ডাকতে গিয়েছিলাম–আমি কি বলেছিলাম সেটা কি আপনি মনে করতে পারছেন না? কথাগুলো কি এখনও শুনতে পারছেন না? আমি হোমস্‌কে বলেছিলাম তিনি দান্তে ক্লাবের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছেন। আমি বলেছিলাম তিনি একজন বিশ্বাসঘাতক!"

"শান্ত হোন, প্লিজ," ফিল্ডস্ বললেন।

"গৃন টিলকে ধর্মোপদেশ দিয়েছেন, আর টিল হত্যাগুলো চালিয়ে গেছে। আমি ওয়েন্ডেলকে একজন বিশ্বাসঘাতক হিসেবে নিন্দা করেছিলাম; টিল আমার এই ছোট্ট সারমনটার শ্রোতা ছিলো!" লাওয়েল চিৎকার ক'রে বললেন। "ওহ্, মাই ডিয়ার বন্ধু, আমি তাকে প্ররোচিত করেছি। আমি ওয়েন্ডেলকে হত্যা করেছি!"

লাওয়েল তার কোটটা নেবার জন্যে ফ্রন্ট হলের দিকে ছুটে গেলেন।

"তিনি যেকোনো সময় এখানে এসে পৌছাবেন, আমি নিশ্চিত," লংফেলো বললেন। "প্লিজ লাওয়েল, অন্তত অফিসার রেইয়ের জন্যে আমরা অপেক্ষা করি।"

"না, আমি এখনই ওয়েন্ডেলকে খুঁজে বের করতে যাচ্ছি!"

"কিন্তু আপনি তাকে কোথায় খুঁজতে যাবেন? আপনি তো একা যেতে পারবেন না," লংফেলো বললেন। "আমরা আসছি!"

"আমি লাওয়েলের সঙ্গে যাচ্ছি," ফিল্ডস্ বললেন, রেই দেয়া পুলিশের হুইসেলটা হাতে নিয়ে ফু দিয়ে দেখলেন সেটা কাজ ক'রে কিনা। "আমি নিশ্চিত সবকিছু ঠিকই আছে, লংফেলো, আপনি কি ওয়েন্ডেলের জন্যে এখানে অপেক্ষা করবেন? আমরা পেট্রল অফিসার পাঠিয়ে দেবো রেইকে এক্ষুণি নিয়ে আসার জন্যে।"

লংফেলো সায় দিলেন।

"তাহলে আসুন, ফিল্ডস্! এক্ষুণি!" প্রায় কান্নার মতো করেই লাওয়েল চিৎকার ক'রে বললেন।

লাওয়েল দৌড়ে ব্রেটল স্ট্রটে নেমে পড়লে ফিল্ডস্ তার সঙ্গে তাল মেলাবার চেষ্টা করলেন। কারোর কোনো টিকিটাও দেখা যাচ্ছে না।

"তো, ঐ পেট্রলম্যানটা আছে কোথায়?" ফিল্ডস্ জিজ্ঞেস করলেন। "পথঘাট তো একেবারে ফাঁকা..."

লংফেলোর বাড়ির বাইরে উঁচু বেড়াগুলোর পেছন দিকের গাছগুলো থেকে একটা শব্দ ভেসে এলে লাওয়েল মুখে আঙুল দিয়ে ফিল্ডস্‌কে চুপ করার ইশারা করলেন। শব্দটার কাছে আস্তে আস্তে এগিয়ে গেলেন। ওখানে, খুব কাছে গিয়ে তিনি ভয়ে একেবারে জ'মে গেলেন।

তাঁদের পায়ের কাছে একটা বিড়াল লাফিয়ে দৌড়ে পালালো। অন্ধকারে সেটা উধাও হয়ে গেলে লাওয়েল একটা স্বস্তির নিঃশ্বাস ফেললেন। কিন্তু তখনি একটা লোক

BanglaBook.org

www.BanglaBook.org

বেড়ার দিক থেকে অলক্ষ্যে ছুটে এসে লাওয়েলের মাথায় প্রচণ্ড জোরে আঘাত করলো। মুহূর্তেই লাওয়েল ঢলে পড়লেন, যেনো কোনো জাহাজের মাস্তুল দু টুকরো হয়ে ভেঙে পড়লো। মাটিতে প'ড়ে থাকা কবির চেহারাটা এমনভাবে স্থির হয়ে রইলো যে, সেটা ফিল্ডসের কাছে অচেনা বলেই মনে হলো।

প্রকাশক পিছু হটে গেলেন। তারপর, মুখ তুলে চাইতেই ড্যান টিলের সঙ্গে চোখাচোখি হয়ে গেলো। অদ্ভুত এক নৃত্যের মতো ক'রে ফিল্ডস্ পিছু হটলেন আর টিল সামনে এগোতে থাকলো।

"মি: টিল, প্লিজ।" ফিল্ডস্ হাটু গেঁড়ে ব'সে পড়লেন।

টিল নিরাবেগ চেয়ে রইলো।

প্রকাশক লাফিয়ে একটা পতিত বেঞ্চের ওপর গিয়ে পড়লেন, তারপর ঘুরেই রুদ্ধশ্বাসে দৌড়ে পালালেন ব্রেটল স্ট্রটের দিকে। যাওয়ার সময় চিৎকার ক'রে ডাক দেবার চেষ্টা করলেন। কিন্তু মুখ থেকে কেবল অস্ফুট একটা শব্দই বের হলো যা তার নিজের কানেই ঠিকমতো শোনা গেলো না। পেছনে তাকালেন তিনি, তারপর পুলিশের বাঁশিটা পকেট থেকে বের করলেন। তাকে পিছু নেয়া লোকটার কোনো চিহ্নই দেখা গেলা না। অন্যপাশে তাকাতেই ফিল্ডসের মনে হলো তার একটা হাত কেউ ধ'রে ফেলেছে। তাকে শূন্যে ছুঁড়ে ফেলা হলে তার দেহটা রাস্তায় আছড়ে পড়লো। বাঁশিটা পাশের একটা ঝোঁপের মধ্যে গিয়ে পড়লে টুংটাং শব্দ হলো, অনেকটা পাখির কিচির মিচিরের ডাকের মতো।

ফিল্ডস্ অনেক কষ্টে ঘাড়টা ক্রেইগি হাউজের দিকে ঘোড়াতে পারলেন। লংফেলোর পড়ার ঘরের জানালা দিয়ে গ্যাস লাইটের আলোটা দেখা যাচ্ছে, আর সঙ্গে সঙ্গেই ফিল্ডস্ জেনে গেলেন গুপ্তহত্যাকারীর পুরো উদ্দেশ্যটা।

"লংফেলোকে কিছু করো না, টিল। তিনি আজ ম্যাসাচুসেটস্ ছেড়ে চলে গেছেন–তুমি দেখো। আমি কসম খেয়ে বলছি," ফিল্ডস্ বাচ্চাদের মতো বক্‌বক্ করলেন।

"আমি কি সবসময় আমার দায়িত্ব পালন করি নি?" সৈনিকটি তার মুগুর তুলে ধরে আঘাত করলো।

*

রেভারেন্ড আলিশা ট্যালবোটের উত্তরাধীকারী ক্যাম্ব্রিজের ইউনিটারিয়ান চার্চে তার ডিকনদের সঙ্গে মিটিং শেষ হবার কয়েক ঘণ্টা পরে ডা: অলিভার ওয়েন্ডেল হোমস তার পুরনো বন্দুকটা আর কেরোসিনের লণ্ঠন হাতে নিয়ে চার্চে এসেছিলেন, ভূগর্ভস্থ কক্ষে চুপিসারে ঢোকার জন্যে। হোমস্ তার তত্ত্বটি অন্যকারোর সঙ্গে ভাগ করবেন কিনা সেটা নিয়ে নিজের সাথে অনেক তর্ক করেছিলেন। কিন্তু ঠিক করেছিলেন, আগে

BanglaBook.org

www.BanglaBook.org

তিনি নিজে নিশ্চিত হবেন। ট্যালবোটের ভূগর্ভস্থ কক্ষের সাথে যদি ফেরারী দাসদের কোনো পরিত্যাক্ত সুড়ঙ্গের সংযোগ থাকে, তবে সেটা ধরে পুলিশ খুনিকে পাকড়াও করতে পারবে। এটা আরো ব্যাখ্যা করবে লুসিফার কিভাবে ভূগর্ভস্থ কবরখানায় আগেভাগে প্রবেশ করতে পেরেছিলো এবং ট্যালবোটকে হত্যা ক'রে কোনো চাক্ষুষ সাক্ষী না রেখেই সরে পড়েছিলো। ডাঃ হোমসের স্বজ্ঞা দান্তে ক্লাবকে এই হত্যাকারীর ব্যাপারে তদন্ত করতে নামিয়েছিলো। যদিও পুরো কাজে লংফেলোর প্রণোদনা ছিলো। তাহলে এর পরিসমাপ্তিটা তাঁদেরকে কেন তিনি দেখিয়ে দিতে পারলেন না?

হোমস্ কক্ষের ভেতরে নেমে গেলেন, অন্য কোনো কক্ষের সাথে সংযোগের কোনো চিহ্ন পাওয়া যায় কিনা সেজন্যে কক্ষের দেয়ালগুলো স্পর্শ করলেন। তিনি তার হাতের সাহায্যে কিছুই খুঁজে পেলেন না, পেলেন পায়ের বুটের সাহায্যে। একেবারেই ঘটনাচক্রে একটা ফাঁপা গর্তে লাথি মেরে বসলেন তিনি। আর তখনই বুঝতে পারলেন এর নিচে কিছু একটা আছে। হোমস্ উপুড় হয়ে সেটা পরীক্ষা ক'রে একটা সংকীর্ণ জায়গা খুঁজে পেলেন। তার ছোটোখাটো শরীরটা গর্তের ভেতরে কোনোমতে খাপ খেয়ে গেলো। লণ্ঠনটাও তিনি ভেতরে নিয়ে নিলেন। হামাগুঁড়ি দিয়ে কিছু পথ চলার পর সুড়ঙ্গের ভেতরে দাঁড়াবার মতো উচ্চতায় পৌছে গেলেন। ঠিক তখনই ওখান থেকে বের হয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। ওহ্, তার এই আবিষ্কারে বাকিরা কতোটাই না খুশি হবেন। তাঁদের শত্রু কতো দ্রুতই না নিজের পরাজয়টা দেখতে পাবে! কিন্তু সুড়ঙ্গের আঁকাবাঁকা পথ আর মোড়গুলো গোলকধাঁধার মতো মনে হলো। ডাক্তার সাহেবকে হতভম্ব হয়ে গেলেন। নিজেকে নিরাপদ ভাবার জন্যে তিনি তার বন্দুকটাতে হাত রাখলেন। একটা কণ্ঠ যখন তার সমস্ত চেতনাকে বিশ্লিষ্ট ক'রে দিলো তখন নিজের দেহের ভেতরের কম্পাসটা ফিরে পেতে শুরু করলেন।

"ডাক্তার হোমস্," টিল বললো।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ১৯

বেঞ্জামিন গ্যালভিন ম্যাসাচুসেটস্ সেনাবাহিনীর প্রথম ডাকে তালিকাভুক্ত হয়েছিলো। চব্বিশ বছর বয়সে সে একজন সৈনিক হিসেবে নিজের পরিচিতি গ'ড়ে তুলতে সক্ষম হয়। দোষী ফেরারী দাসদেরকে শহরময় ছড়িয়ে থাকা আশ্রয়কেন্দ্রে, গীর্জা এবং সুড়ঙ্গে লুকিয়ে থাকার ব্যবস্থা করতে সাহায্য করেছে সে, আর সেটা করেছে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ শুরু হবারও আগে। সে দাসপ্রথাবিরোধী বক্তাদেরকেও ক্যানুয়েইল হল এবং বিভিন্ন লাইসিয়ামে নিরাপত্তা দেবার স্বেচ্ছাসেবী বাহিনীর কাজ করেছে। পাথর আর ইট ছুঁড়ে মারা দাঙ্গাকারীদের কাছ থেকে তাঁদেরকে বাঁচাতে মানববর্ম হিসেবেও সে একজন অকুতোভয় যোদ্ধা ছিলো। গ্যালভিন নিজেই স্বীকার করে যে, সে অন্যসব তরুণদের মতো রাজনীতি নিয়ে মাথা ঘামাতো না। দেশের আইন সভায় কে কী করছে, কাকে ভোট দিতে হবে এজন্যে সে কোনো খোঁজ খবরই রাখতো না, এমনকি কোনো সংবাদপত্রও পড়তে পারতো না সে। তবে সে বক্তাদের কথা বার্তা বেশ ভালো মতোই বুঝতো, যারা ঘোষণা দিয়েছিলো, দাসদেরকে মুক্ত ক'রে দোষী দল বা গোষ্ঠীকে যথাযথ শাস্তি দিতে হবে। আর বেঞ্জামিন গ্যালভিন এটাও বেশ ভালো বুঝতে পেরেছিলো যে, সে হয়তো আর তার বাড়িতে এবং নতুন স্ত্রীর কাছে ফিরে যেতে পারবে না : নিয়োগকারীরা কথা দিয়েছিলো, সে যদি তারকা আর স্ট্রাইপ হাতে নিয়ে ফিরতে না পারে, তবে সে এগুলো ভাঁজ ক'রে ফিরে আসবে। এর আগে গ্যালভিন কখনও ছবি তোলে নি। তালিকাভূক্তির সময় তোলা ঐ একটি ছবি তাকে খুবই হতাশ করেছিলো। তার টুপি আর ট্রাউজারের ফিটিং ভালো ছিলো না, ছবিতে তার চোখমুখ দেখে মনে হচ্ছিলো এক অদ্ভুত ভীতি তার মধ্যে জেঁকে বসেছে।

বোস্টন থেকে দশম রেজিমেন্টের সি কোম্পানিকে যখন স্প্রিংফিল্ডের ক্যাম্প ব্রাইট উড়ে পাঠানো হলো তখন বেশ গরম ছিলো আর মাটি ছিলো বেশ শুকনো।

মাটির ধূলো সৈনিকদের নতুন নীল রঙের ইউনিফর্মে এমনভাবে লেগে গিয়েছিলো যে, সেগুলোকে দেখে শত্রু পক্ষের ধূসর পোশাক বলেই মনে হলো। কর্নেল সাহেব বেঞ্জামিন গ্যালভিনকে জিজ্ঞেস ক'রে ছিলেন সে, কোম্পানির এডজুট্যান্ট হবে কিনা, সেই সাথে হতাহতের তালিকা করার কাজটাও। গ্যালভিন জানালো, সে কোনোমতে তার নাম লিখতে পারলেও সঠিকভাবে লিখতে এবং পড়তে জানে না। লেখাপড়া শেখার চেষ্টা সে অনেকবারই করেছে, কিন্তু অক্ষর আর চিহ্নগুলো তার মাথায় হিজিবিজি হয়ে ঢুকতো, তাই সেগুলোকে আলাদা ক'রে চিনতে তার বেশ বেগ পেতে হয়। কর্নেল সাহেব খুবই অবাক হয়েছিলেন। নিয়োগকৃত সৈনিকদের মধ্যে নিরক্ষতা

BanglaBook.org

www.BanglaBook.org

একেবারে বিরল ব্যাপার ছিলো না, কিন্তু প্রাইভেট গ্যাভিনকে সবসময়ই খুব চিন্তাশীল দেখায়, তার বিস্ফারিত চোখ এবং স্থির অভিব্যক্তির জন্যে কেউ কেউ তাকে জিন্দালাশ ব'লে ডাকতো।

তারা যখন ভার্জিনিয়াতে ক্যাম্প গাঁড়লো, তখন একদিন তারা তাদের এক সৈনিককে মাথায় গুলি এবং বেয়নেটবিদ্ধ অবস্থায় জঙ্গলে খুঁজে পেলো, লাশটার মাথায় এবং মুখে মাছির ডিম একেবারে মৌমাছির মতো দলা পাকিয়ে ছিলো। ঐ দৃশ্য দেখে খুবই অবাক হয়েছিলো তারা। বলা হয়েছিলো বিদ্রোহীরা তাদের এক কৃষ্ণাঙ্গকে পাঠিয়েছিলো এক ইয়াংকিকে নিছক আনন্দ পাওয়ার জন্যে হত্যা করতে। সেই সৈনিকের এক বন্ধু ক্যাপ্টেন কিংসলে গ্যালভিন এবং বাকিদেরকে এই ব'লে শপথ করিয়েছিলো যে, যখন প্রতিপক্ষকে মারার সময় তারা পাবে তখন কোনোরকম অনুকম্পা দেখানো হবে না।

যদিও গ্যালভিন তার জীবনের বেশিরভাগ সময় বাড়ির বাইরেই কাজ করেছে, তারপরও সে কখনও এরকম জঘন্য জিনিস দেখে নি। কোম্পানির এডজুট্যান্ট, যিনি প্রতি সকালে ঘুম থেকে উঠে তার ঘন চুল চিরুণী দিয়ে আঁচড়ান এবং হতাহতের তালিকা রেকর্ড করেন, তিনি কাউকে এইসব ঘৃণ্য কীট মারতে দেন নি, যদিও গ্যালভিন অন্য এক কোম্পানির চারজনকে এইসব সাদা কীটের কারণে নিজের চোখে মরতে দেখেছে। তিনি তাদেরকে নিজের সন্তানের মতো যত্ন করতেন। লোকগুলোর ক্ষতস্থানে এগুলোর জন্ম হয়ে তাদেরকে নিঃশেষ ক'রে দিয়েছিলো। এটা ঘটলো যখন সি কোম্পানি পরের ক্যাম্পে মার্চ করলো তখন–গুজব ছিলো যে, খুব কাছেই একটা যুদ্ধক্ষেত্রে যুদ্ধ হচ্ছে।

গ্যালভিন কখনই ভাবে নি, তার আশেপাশের লোকজন এতো সহজে মৃত্যুকে আলিঙ্গণ করবে। ফেয়ার ওক্স-এ একটা বিস্ফোরণেই ছয়জন লোক তার চোখের সামনে ম'রে প'ড়ে রইলো। তাদের চোখগুলো তখনও খোলা ছিলো যেনো এই কৌতুহলে যে, এরপর কী হবে। সেইসব দিনগুলোতে মৃতের সংখ্যা নয়, বরং কয়জন বেঁচে রইলো তা নিয়ে গ্যালভিন বিস্মিত হোতো। যেনো বেঁচে থাকাটা বিরাট এক বিস্ময়। মৃত্যুই সহজ আর স্বাভাবিক। অসংখ্য অগুণতি মৃতদেহ আর মরা ঘোড়া একত্রে জড়ো ক'রে অনেকটা খড়ের গাঁদার মতোই আগুনে পুড়িয়ে ফেলা হোতো। এসব দেখার পর যখনই গ্যালভিন ঘুমানোর জন্যে চোখ বন্ধ করতো তার নিজের মাথার ভেতর থেকে ঐসব লোকের চিৎকার, আর্তনাদ আর বিস্ফোরণের শব্দ শুনতে পেতো। তার নাকে সবসময়ই পচা লাশের গন্ধ লেগে থাকতো।

এক রাতে, তীব্র যন্ত্রণা নিয়ে গ্যালভিন তাবুতে এসে দেখতে পেলো তার ঝোলা থেকে কিছু শুকনো খাবার নেই। তার তাবুর একজন বাসিন্দা জানালো যে, কোম্পানির যাজককে সে ওটা নিয়ে যেতে দেখেছে। গ্যালভিন এধরনের জঘন্য কাজের কথা শুনে বিশ্বাসই করতে পারলো না। তাদের সবারই তো একই ক্ষুধা, একই পেট। তবে

BanglaBook.org

www.BanglaBook.org

এজন্যে কাউকে দোষও দেয়া যায় না। যখন কোম্পানি রোদ আর বৃষ্টির মধ্য দিয়ে মার্চ ক'রে, তখন তাদেরকে দেয়া খাবারের পরিমাণ ধীরে ধীরে কমতে থাকে, আর সেটা যুদ্ধরত কোনো সৈনিকের জন্যে মোটেও যথেষ্ট নয়। আর সবচাইতে বাজে ব্যাপার হলো, 'ক্ষুদ্র শত্রুর আক্রমণ' ছাড়া কোনো সৈনিক একরাতও ঘুমাতে পারতো না, কাপড় চোপড় খুলে ছারপোকার হাত থেকে রক্ষা করতো নিজেদেরকে। এজজুট্যান্ট, মনে হোতো, যিনি এসব জিনিস সম্পর্কে জানেন, বলতেন, এই সব পোকা আর ছারপোকা ঠায় দাঁড়িয়ে থাকলেই কেবল কারোর জামার ভেতর ঢুকতে পারে, তাই তিনি তাদেরকে সবসময়ই হাটতে বলতেন, সামনের দিকে।

ঐসব কীটগুলো খাবার পানিতেও বেশ ভালো বংশ বৃদ্ধি করতে পারতো। কখনও কখনও সৈনিকেরা মৃত ঘোড়া আর পচা মাংস স্তুপ ক'রে রাখতো। ম্যালেরিয়া থেকে ডায়রিয়া, সবই ক্যাম্প-অসুখ নামে পরিচিত ছিলো। ডাক্তাররা আসল আর ভানকারী অসুস্থকে আলাদা করতে পারতেন না। তাই সাধারণত ধরে নিতো যে, একটা আরেকটার পরিপূরক। একবার গ্যালভিন দিনে আটবার বমি করলো, শেষবার রক্তছাড়া আর কিছুই বের হলো না। কয়েক মিনিট পরপরই সে ডাক্তারের জন্যে অপেক্ষা করতো, যিনি তাকে কুইনাইন আর আফিম দিয়ে যেতেন।

ক্যাম্পে যখন তারা ছিলো, সবসময়ই অসুখ বিসুখ লেগে থাকতো। তবে, সেখানে বইও ছিলো। সৈনিকদের বাড়ি থেকে পাঠানো এসব বইপত্র সহকারী সার্জন সংগ্রহ ক'রে রাখতেন, তিনি একজন লাইব্রেরিয়ানের মতোই আচরণ করতেন। কিছু কিছু বইয়ে চিত্রাংকন করা ছিলো, যা গ্যালভিন খুব পছন্দ করতো। কখনও কখনও গ্যালভিনের এডজুট্যান্ট অথবা তাবুর সহসৈনিক উচ্চস্বরে কোনো গল্প বা কবিতা পড়তো। গ্যালভিন সহকারী সার্জনের লাইব্রেরি থেকে চক্‌চকে নিল আর সোনালী রঙের লংফেলোর একটি কবিতার বই পেয়েছিলো। কভারের নামটা গ্যালভিন পড়তে পারে নি, তবে প্রচ্ছদের ছবিটা দেখে চিনতে পেরেছিলো এই বইটি তার স্ত্রীর কাছে দেখেছে। হ্যারিয়েট গ্যালভিন সবসময়ই বলে যে, লংফেলোর প্রতিটি বইয়ের চরিত্রগুলো অসহায় মুহূর্তে *ইনভানজেলিন* এবং তার প্রেমিকের মতো একটি সুখের এবং আলোর পথ খুঁজে পায়। তারা নতুন দেশে বিচ্ছিন্ন হয়ে প'ড়ে। অবশেষে দেখা হয় যখন সে মরতে বসে, ঘটনাচক্রে ইভানজেলিনই তার নার্স হয়ে আসে। গ্যালভিন কল্পনা করতো এটা হ্যারিয়েট আর তার কাহিনী। তার চারপাশে লোকজনের টপাটপ মৃত্যু তাকে এটা আরো বেশি আশ্বস্ত ক'রে তুলতো।

বেঞ্জামিন যখন দাসপ্রথা বিলোপকারীদের সাহায্যের জন্যে তার চাচীর ফার্ম থেকে প্রথমবারের মতো বোস্টনে এসেছিলো তখন দুজন আইরিশ গুন্ডা তাকে ঘুষি মেরে ধরাশায়ী করেছিলো, লোকগুলো বিলোপকারীদের সভামঞ্চ ভাঙার চেষ্টা করছিলো। সংগঠকদের একজন গ্যালভিনকে সারিয়ে তোলার জন্যে তার নিজের বাড়িতে নিয়ে যায়। হ্যারিয়েট ঐ সংগঠকেরই মেয়ে ছিলো, সে গ্যালভিনের প্রেমে প'ড়ে যায়।

BanglaBook.org

www.BanglaBook.org

মেয়েটা কখনও কারোর সাথে পরিচিত হয় নি, এমনকি তার বাবার বন্ধুদের সাথেও। "কখনও কখনও আমার মনে হয়, তুমি তোমার মিশনকে যতোটা ভালোবাসো ততোটা অন্যলোকদের বাসো না," প্রণয়প্রার্থনা করার সময় সে গ্যালভিনকে বলেছিলো। কিন্তু এতোটা দ্রুত সব ঘটছিলো যে, মিশন হিসেবে সে কী করছে সেটাও ভাবতে পারে নি।

গ্যালভিনের বাবা মা কিভাবে তার শৈশবে কালাজ্বরে আক্রান্ত হয়ে মারা গিয়েছিলো সে কথা শুনে হ্যারিয়েট খুবই দুঃখ পেয়েছিলো। একটা স্লেটে তাকে কিভাবে লিখতে হয় শিখিয়েছিলো হ্যারিয়েট। নিজের নাম সে লিখতে শিখেছিলো। যেদিন সে সিদ্ধান্ত নিলো যুদ্ধে যাবে সেদিনই তারা বিয়ে ক'রে ফেললো। যুদ্ধ থেকে ফিরে আসার পর গ্যালভিনকে তার বউ পুরো একটা বই পড়তে শেখাবে ব'লে কথা দিয়েছিলো। এজন্যেই সে বলেছিলো তাকে যুদ্ধ থেকে ফিরে আসতে হবে *জীবিত*। গ্যালভিন তাবুতে শুয়ে শুয়ে তার স্ত্রীর সুরেলা কণ্ঠটির কথা ভাবতো।

আক্রমন শুরু হলে কিছু লোক উন্মাদের মতো হেসে ফেলতো অথবা গুলির শব্দে কাঁপতে শুরু করতো। দাঁত দিয়ে কার্টিজের মুখ ছিঁড়তে গিয়ে তাদের চোখ মুখ কালো হয়ে যেতো। বাকিরা বন্দুকে গুলি ভরে নিয়ে লক্ষ্যহীণভাবে গুলি করতো, গ্যালভিন তখন ভাবতো এইসব লোক একেবারেই উন্মাদ হয়ে গেছে। কামানের গোলার প্রচণ্ড শব্দে খোরগোশেরা গর্ত থেকে বের হয়ে পালাতো। মৃত লাশের উপর দিয়ে যাবার সময় রক্ত দেখে তাদের ছোট্ট শরীরটা কেঁপে উঠতো।

যারা বেঁচে থাকতো তাদের খুব কম শক্তিই থাকতো মৃত সহযোদ্ধাদের মাটি খুঁড়ে সমাহিত করার জন্যে। ফলে যত্রতত্র মানুষের হাত পা, মাথা মাটি ফুঁড়ে বের হয়ে থাকতে দেখা যেতো।

একটু বৃষ্টি হলেই সবগুলো লাশ মাটি থেকে বের হয়ে আসতো। গ্যালভিন দেখতো তাবুতে থাকা তার সহযোদ্ধারা বাড়িতে চিঠি লিখে যুদ্ধের ভয়াবহতা জানাতো স্বজনদের কাছে। সে ভেবেই পেতো না, যেসব দৃশ্য তারা অবলোকন করেছে তা বর্ণনা করা কী ক'রে সম্ভব, তাও আবার লিখে। তার কাছে এইসব দুঃসহ অভিজ্ঞতা শব্দের সাহায্যে বর্ণনা করা অসম্ভব ছিলো। তাদের শেষ যুদ্ধের সময় তাদেরকে সাহায্য করার জন্যে এগিয়ে আসা একটি দলের এক সৈনিকের কাছ থেকে সে জানতে পেরেছিলো জেনারেল বার্নসাইডকে সরিয়ে দেয়ার আশায় তার আদেশ অমান্য ক'রে তাঁকে অপমান করেছিলো সে। কিন্তু ঐ জেনারেল পরে পদোন্নতি পেয়ে যায়।

"এটা কি সম্ভব?" প্রাইভেট গ্যালভিন সেই সৈনিককে বলেছিলো।

"দুটো ঘোড়া আর এক সৈন্য নিহত হয়েছে," সার্জেন্ট নিলয় ক্ষিপ্ত হয়ে বলেছিলো নব্য সৈনিকটিকে।

এসব কথাবার্তা আলোচনা করার জন্যে বইপোকা এডজুট্যান্ট বেঞ্জামিনকে বেশ ভালোভাবেই সতর্ক ক'রে দিয়ে ছিলেন।

সে অন্য কাউকে দিয়ে নিজের চিঠি লেখানোটা পছন্দ করতো না, তাই গ্যালভিন

BanglaBook.org

www.BanglaBook.org

যখন মৃত বিদ্রোহী সৈনিকদের পকেট থেকে কোনো চিঠি পেতো, সেগুলো বোস্টনে থাকা হ্যারিয়েটের কাছে পাঠিয়ে দিতো, যাতে ক'রে তার বউ যুদ্ধের কথা প্রত্যক্ষভাবে জানতে পারে। চিঠিগুলোর নিচে সে নিজের নাম লিখে দিতো, হ্যারিয়েট যেনো বুঝতে পারে চিঠিগুলো কার কাছ থেকে এসেছে। চিঠির ভেতরে সে স্থানীয় কোনো ফুলের পাপড়ি অথবা সুন্দর কোনো পাতা দিয়ে দিতো। যারা চিঠি লিখতে পছন্দ করে তাদেরকেও সে বিরক্ত করতে চাইতো না। তারা সবসময়ই ক্লান্ত থাকতো। আসলে তারা সবাই ক্লান্ত থাকতো। যুদ্ধের আগের দিন কোনো লোকের মুখভঙ্গী দেখে গ্যালভিন প্রায়ই ব'লে দিতে পারতো আগামীকাল সকালে নিশ্চিত তাকে দেখা যাবে না।

"আমি যদি বাড়িতে যেতে পারতাম তবে ইউনিয়ন জাহান্নামে যাবে," এক অফিসারকে এ কথা বলতে শুনেছিলো গ্যালভিন।

খাবার-দাবারের স্বল্পতার ব্যাপারটি গ্যালভিন খেয়াল করে নি, যদিও এতে অনেকেই বিক্ষুব্ধ ছিলো। কারণ তার স্বাদ, গন্ধ নেবার ক্ষমতা, এমনকি নিজের কথা শোনারও অবস্থায় সে ছিলো না। খাদ্যের প্রতি গ্যালভিনের রুচি তিরোহিত হলে সে পাথর আর বালি চিবাতো, তারপর সহকারী সার্জনের ভ্রাম্যমান লাইব্রেরি এবং বিদ্রোহীদের কাছ থেকে পাওয়া কাগজগুলো ছিড়ে খেয়ে ফেলার অভ্যেস হয়ে গেলো তার, নিজের মুখটা উষ্ণ আর পূর্ণ রাখার জন্যে। কাগজের টুকরোগুলো ছোটো থেকে ছোটো হতে থাকলো। এতোই ছোটো যে, সে নিজেও টুকরোগুলো খুঁজে পেতো না।

তাদের একজন সৈনিককে খোঁড়া হয়ে যাবার কারণে ক্যাম্পে ফেলে রেখে আসা হলো, দু'দিন পরে তাকে তার মানিব্যাগের জন্যে খুন করা হলো। গ্যালভিন সবাইকে বললো যে, এই যুদ্ধটা নেপোলিয়নের রাশিয়া অভিযানের চেয়েও বাজে। ডায়রিয়ার জন্যে তাকে মরফিন আর ক্যাস্টোর অয়েল দেয়া হলো, ডাক্তার তাকে কিছু পাউডার খেতে দিলে সে ঝিমুতে লাগলো, বিপর্যস্ত হয়ে উঠলো। একপর্যায়ে তার কাছে বেলমাত্র এক জোড়া অন্তর্বাস রইলো। ভ্রাম্যমান বিক্রেতারা, যারা ওয়াগন থেকে ওগুলো বিক্রি করতো, প্রতি জোড়ার জন্যে দাম হাঁকালো ২.৫০ ডলার, যার আসল মূল্য ছিলো মাত্র ত্রিশ সেন্ট। দোকানি বললো, সে দাম একটুও কমাবে না, বরং গ্যালভিন যদি বেশি দেরি করে তবে দাম আরো বেড়ে যাবে। গ্যালভিনের ইচ্ছে করলো লোকটার মাথা গুঁড়িয়ে দিতে। কিন্তু সে তা করলো না। তার এডজুট্যান্টকে একটা চিঠি লিখে দিতে বললো সে, যাতে হ্যারিয়েট তার জন্যে দুই জোড়া উলের তৈরি অন্তর্বাস পাঠিয়ে দেয়। তার পক্ষ থেকে এটাই ছিলো যুদ্ধচলাকালীন সময়ে হ্যারিয়েটের কাছে লেখা একমাত্র চিঠি।

বরফে জ'মে থাকা লাশগুলো সরানোর জন্যে তাদের বেল্‌চার দরকার পড়েছিলো। যখন আবার গরম পড়লো, কোম্পানি সি একটা বড়সড় বধ্যভূমি খুঁজে পেলো, লাশগুলো ছিলো কৃষ্ণাঙ্গদের। গ্যালভিন অসংখ্য মৃত নিগ্রোকে দেখলো নিল

BanglaBook.org

www.BanglaBook.org

রঙের ইউনিফর্ম পরা অবস্থায়। কিন্তু তারপরই সে বুঝতে পারলো চোখের সামনে সে কি দেখছে; মৃতদেহগুলো আগস্টের রোদে সারাদিন পড়েছিলো, রোদের তাপে পুড়ে সেগুলো কালো হয়ে গেছে, লাশের শরীরে পোকা গিজগিজ করছে। অসংখ্য মানুষ মরে প'ড়ে আছে, আর ঘোড়ার সংখ্যা কতো হবে, কে জানে, তাদের অনেকগুলোকে দেখে মনে হলো কোনো বাচ্চাকে পিঠে নেবার জন্যে তারা চার পায়ে ব'সে আছে যেনো।

এপরই, গ্যালভিন একদিন শুনতে পেলো, কতিপয় জেনারেল পালিয়ে আসা দাসদেরকে আবার তাদের মালিকের কাছে ফিরিয়ে দিচ্ছে। আর দাস মালিকদের সঙ্গে এমনভাবে কথা বলছে যেনো তারা অনেক দিনের ঘনিষ্ঠ বন্ধু। এটাও হতে পারে? দাসদের মুক্ত করার জন্যেই যদি যুদ্ধ হয়ে থাকে তো এই যুদ্ধটার কোনো মানেই হয় না। এক মার্চ মাসে, গ্যালভিন মৃত এক নিগ্রোকে দেখলো যার কান দুটো পালাবার চেষ্টা করার জন্যে শাস্তি হিসেবে কেঁটে গাছে ঝুলিয়ে রাখা হয়েছে। দাসটির প্রভু তাকে নগ্ন ক'রে ফেলে রেখে গেছে যেনো ভয়ংকর মশা আর পোকামাকড় তাকে কুঁড়ে কুঁড়ে খায়।

ম্যাসাচুসেটস্ যখন একটি নিগ্রো রেজিমেন্ট গঠন করলো তখন ইউনিয়ন সৈনিকেরা প্রতিবাদ করেছিলো, গ্যালভিন অবশ্য এই ব্যাপারটা বুঝতে পারলো না। তারা ইলিনয়ের একটা রেজিমেন্টের মুখোমুখি হলে ওরা হুমকী দিলো, লিনকন যদি আর একজন দাসকে মুক্ত করে তবে তারা দলগতভাবে বিদ্রোহ করবে।

গ্যালভিন যুদ্ধের প্রথম মাসেই একটি শহর দিয়ে যাবার সময় এক নিগ্রো রিভাইভাল-এ সৈনিকদের আশীর্বাদ ক'রে একটা প্রার্থনা শুনেছিলো : "পরম ঈশ্বর এইসব শোকগ্রস্তদেরকে তুলে নিয়ে নিক্ষেপ করবে নরকে, কিন্তু তাদেরকে যেতে দেবে না।"

তারা গাইলো :

"শয়তান হলো পাগল আর আমি হলাম খুশি-ধন্য পরমেশ্বর!
সে হারিয়েছে তার আত্মা, মনে করে সেটা বুঝি ছিলো
তারই—ধন্য পরমেশ্বর!"

"নিগ্রোরা আমাদেরকে সাহায্য করেছে, গোয়েন্দাগিরি করেছে আমাদের জন্যে। আমাদের সাহায্য তাদের দরকার রয়েছে," গ্যালভিন বলেছিলো।

"নিগ্রোদের সাহায্য নিয়ে জেতার চেয়ে আমি বরং ইউনিয়নের মৃত্যু দেখবো।" গ্যালভিনের কোম্পানির একজন লেফটেনান্ট তার মুখের ওপর চিৎকার ক'রে কথাটা বলেছিলো।

BanglaBook.org

www.BanglaBook.org

কমপক্ষে একবার, গ্যালভিন দেখেছে এক সৈনিক মালিককে ভাগিয়ে দিয়ে তার নিগ্রো কৃতদাসী তরুণীকে তুলে নিয়ে জঙ্গলে চলে গেলো, তাপর এক বিদীর্ন চিৎকার আর আর্তনাদ শুনতে পেয়েছিলো সে।

যুদ্ধের উভয় পক্ষের কাছেই খাদ্য শেষ হয়ে গিয়েছিলো, তিনজন সৈনিক ধরা খেলো ক্যাম্পের নিকটে এক জঙ্গল গিয়ে খাদ্য যোগাড় করার জন্যে শিকার করার কারণে। তারা একেবারে অনাহারে ছিলো। তাদের সঙ্গে গ্যালভিনের র‍্যাংকের একজন বিদ্রোহী ছিলো। ক্যাপ্টেন কিংসলে প্রাইভেট গ্যালভিনকে ঐ বিদ্রোহীকে গুলি ক'রে মারার জন্যে আদেশ দিলেন। গ্যালভিনের মনে হলো সে মুখ খুললেই রক্ত বমি করবে। "কোনোরকম আনুষ্ঠানিকতা ছাড়াই, ক্যাপ্টেন?" অবশেষে সে বলতে পেরেছিলো।

"আমরা যুদ্ধে আছি, প্রাইভেট। তাকে বিচার করা কিংবা ফাঁসিতে ঝোলানোর জন্যে আমাদের হাতে খুব বেশি সময় নেই। তাই তাকে তুমি এখানেই গুলি করবে! প্রস্তুত হও...লক্ষ্য স্থির করো...ফায়ার!"

গ্যালভিন একজন প্রাইভেটের আদেশ অমান্য করার শাস্তিটা এর আগে দেখেছে। হাটুর ওপর হাত বেঁধে একটা বেয়নেট তার হাত এবং পায়ের মাঝখানে আঁটকে রাখা হয়, আরেকটা বেঁধে রাখা হয় তার মুখে। বিদ্রোহীকে দেখে বিচলিত ব'লে মনে হলো না তার কাছে। "তাহলে, আমকে গুলি করো, গ্যালভিন।"

"প্রাইভেট, গুলি চালাও!" ক্যাপ্টেন অর্ডার দিলেন। "তাদের সঙ্গে কি তুমিও শাস্তি পেতে চাও?"

পয়েন্ট ব্লাংক রেঞ্জে গুলি চালিয়ে গ্যালভিন লোকটাকে মেরে ফেলেছিলো। বাকিরা বেয়নেট চালিয়ে লাশের শরীর ছিন্নভিন্ন ক'রে ফেললো। ক্যাপ্টেন কয়েক পা পিছিয়ে গেলেন, তার চোখে বরফের স্তব্ধতা, তিনি গ্যালভিনকে সেখানেই আরো তিনজন বিদ্রোহীকে গুলি করার নির্দেশ দিলেন। সে ইতস্তত করলে ক্যাপ্টেন কিংসলে তার একটা হাত ধ'রে গর্জে উঠলেন।

"তুমি সবসময় দেখো, তাই না, জিন্দালাশ? তুমি সব সময়ই সবাইকে দেখো যেনো কি করতে হবে সেটা তুমি আমাদের চেয়ে ভালো জানো। তো, এখন আমি যা বলবো তুমি কেবল তাই করবে। এখনই করবে তুমি।" তিনি যখন কথা বললেন তার সবগুলো দাঁতই দেখা গেলো।

তিনজন বিদ্রোহীকে লাইন ক'রে দাঁড় করানো হলো। তারপর "প্রস্তুত হও, নিশানা করো, গুলি চালাও," একের পর এক, প্রত্যেকের মাথায় গ্যালভিন গুলি করলো তার এনফিল্ড রাইফেলটা দিয়ে। সে যেরকম স্বাদ নিতে পারে শুনতে পারে, গন্ধ নিতে পারে, সেইরকমই ভোতা একটা অনুভূতি হলো তার। সেই সপ্তাহেই, গ্যালভিন চারজন ইউনিয়ন সৈনিককে দেখলো, তার মধ্যে দু'জন তার নিজের কোম্পানির ছিলো, স্থানীয় এক শহর থেকে তুলে আনা অল্পবয়সী এক মেয়ের শ্লীলতাহানি করতে।

BanglaBook.org

www.BanglaBook.org

গ্যালভিন তার উর্ধতন অফিসারকে ঘটনাটা জানালে তাদের চারজনকে কামানের সাথে বেঁধে চাবুক পেটা করা হলো। যেহেতু গ্যালভিনই খবরটা জানিয়েছিলো তাই তাকে দিয়েই চাবুক মারা হলো।

পরের যুদ্ধ গ্যালভিনের মনে হলো না সে এক পক্ষের হয়ে আরেক পক্ষের বিরুদ্ধে লড়ছে। তার মনে হলো সে কেবল যুদ্ধ ক'রে যাচ্ছে। সারা দুনিয়া এবং নিজের সাথে নিজে লড়ছে, আর এটা কখনই থামবে না। সে খুব সহজেই ইয়াংকি থেকে বিদ্রোহী হতে পারে। সে দিনের আগে একটা বিষাক্ত গাছের পাতার স্পর্শ লাগলো তার। রাত নামতেই তার দু'চোখ প্রায় বন্ধ হবার উপক্রম হলো। লোকজন এতে হাসাহাসি করলো কারণ, বাকিরা যেখানে চোখ খোলা রেখে মাথা চৌচির হয়ে মরছে, বেঞ্জামিন গ্যালভিন সেখানে বাঘের মতো লড়াই ক'রে যাচ্ছে। একজন সৈনিক, যাকে পরে পাগলা গারদে পাঠানো হয়েছিলো, একদিন গ্যালভিনকে খুন করার হুমকী দিয়েছিলো। তার বুকে রাইফেল তাক্ ক'রে সতর্ক ক'রে দিয়ে বলেছিলো, সে যদি কাগজ চিবানো বন্ধ না করে তবে তাকে গুলি ক'রে হত্যা করা হবে।

যুদ্ধে গ্যালভিন প্রথম আহত হলো বুকে গুলি লেগে, সে ঘটনার পর তাকে বোস্টন হারবারের কোর্ট ওয়ারেন দূর্গে পাঠানো হয়। ওখানে বিদ্রোহী বন্দীদের রাখা হয়েছিলো, পুরোপুরি সেরে ওঠা পর্যন্ত তাকে সেখানেই রাখা হয়েছিলো। ওখানে বন্দীরা টাকার বিনিময়ে ভালো ঘর আর খাবার কিনতে পারতো, তাদের অপরাধ যাইহোক না কেন, অথবা যতো সংখ্যক মানুষকেই তারা অন্যায়ভাবে হত্যা ক'রে থাকুক না কেন।

তার স্ত্রী হ্যারিয়েট বেঞ্জামিনের কাছে মিনতি ক'রে বলেছিলো যুদ্ধে আর না ফিরে যেতে। কিন্তু সে জানতো তাকে লোকজনের দরকার রয়েছে। যখন ভার্জিনিয়াতে কোম্পানি সি'তে যোগ দিলো তখন সেখানে বিদ্রোহ আর হতাহতের কারণে অনেক পদ খালি ছিলো, তাই তাকে সেকেন্ড লেফটেন্যান্ট পদে কমিশন দেয়া হলো।

নতুন রিক্রুট হওয়াদের কাছ থেকে সে জানতে পারলো, বড়লোকের সন্তানেরা তিনশত ডলার উৎকোচ দিয়ে সৈনিকের কাজ ছেড়ে বাড়িতে ফিরে যাচ্ছে। গ্যালভিন রাগে ক্ষোভে বলকাতে লাগলো। তার হৃদয় এমনভাবে ক্ষতবিক্ষত হলো যে, রাতে কয়েক মিনিটের জন্যেও ঘুমাতে পারতো না। কিন্তু তাকে তো এগিয়ে যেতেই হবে। পরের যুদ্ধে, সে শত শত লাশের ওপর ঘুমিয়ে প'ড়ে সেইসব বড়লোকের ছেলেদের কথা ভাবলো। বিদ্রোহীরা সে রাতেই মৃতলাশের মধ্য থেকে তাকে খুঁজে পেয়ে গিয়েছিলো, তাকে ধরে রিচমন্ডের লিবি কারাগারে নিয়ে যাওয়া হলো। তারা সব প্রাইভেটদেরকে ছেড়ে দিলো, কারণ তারা তেমন গুরুত্বপূর্ণ ছিলো না, কিন্তু গ্যালভিন ছিলো সেকেন্ড লেফটেন্যান্ট, তাই তাকে লিবিতে চারমাস থাকতে হলো। বন্দী অবস্থার সময়ের কথা গ্যালভিনের তেমন মনে নেই, কেবল আবছা আবছা দু'য়েকটি বিচ্ছিন্ন দৃশ্য ছাড়া। যেনো বিরামহীন ঘুম আর স্বপ্নের মধ্যে ডুবে ছিলো সে।

BanglaBook.org

www.BanglaBook.org

বোস্টন থেকে বেঞ্জামিন গ্যালভিন ছাড়া পেলে তার রেজিমেন্টের বাকি সদস্যদের সাথে এক অনুষ্ঠানে স্টেটহাউজের সিঁড়িতে মিলিত হয়েছিলো। তাদের শতচ্ছিন্ন পতাকাটা ভাঁজ ক'রে গভর্নরকে দেয়া হয়েছিলো। এক হাজার সদস্যের মধ্যে মাত্র দুশো সদস্য বেঁচে ছিলো। যুদ্ধে কী অর্জিত হয়েছে গ্যালভিন সেটা বুঝতে পারতো না। তারা এসব নিয়ে কখনও আলোচনাও করে নি। দাসদের মুক্ত করা হয়েছিলো, কিন্তু শত্রুরা তাদের কর্মকাণ্ড বদলায় নি–তাদেরকে শাস্তি দেয়া হয় নি। গ্যালভিন রাজনৈতিক সচেতন ছিলো না, কিন্তু জানতো দক্ষিণে কালোরা শান্তিতে থাকতে পারবে না, দাসত্ব অথবা মুক্ত যাই হোক না কেন। আর সে এও জানতো যারা যুদ্ধ করে নি তারা কি জানে না : শত্রুরা সবসময় তাদের চারপাশে আছে আর তারা মোটেও আত্মসমর্পণ করে নি। আর কখনও, একমুহূর্তের জন্যেও শত্রুরা কেবল দক্ষিণেরই রইলো না।

গ্যালভিনের মনে হলো সে এখন এমন এক ভাষায় কথা বলছে যা সাধারণ নাগরিকেরা বুঝতে পারছে না। তারা এমনকি তার কথা শুনতেও পায় না। কেবলমাত্র সহযোদ্ধা সৈনিকেরা, যারা কামানের গোলা আর গুলিতে অভিশপ্ত হয়েছে, তারাই তার কথা বুঝতে পারে। বোস্টনে গ্যালভিন তাদের সঙ্গে ব্যান্ড দলে যোগ দিয়ে ঘুরে বেড়াতে শুরু করলো। তাদেরকে ক্লান্ত আর বিপর্যস্ত দেখাতো, জঙ্গলে দেখা ক্ষুধার্ত পলাতক দাসদের মতো। কিন্তু এইসব যোদ্ধারা, যাদের অনেকেই চাকরি আর পরিবার পরিজন হারিয়েছে, তারা বলতো যুদ্ধেই তাদের মরে যাওয়া উচিত ছিলো–তাহলে অন্তত তাদের স্ত্রী'রা পেনশন পেতো। তারা যেনো বাকিদের মতোই অন্ধ হয়ে গেছে।

গ্যালভিন যখন রাস্তা দিয়ে হাটতো, তার মনে হোতো তাকে কেউ খুব কাছ থেকে অনুসরণ করছে। সে ঘুরে দাঁড়িয়ে দেখতো, ভয়ে ভয়ে খুঁজতো তার শত্রুকে কিন্তু তার শত্রু রাস্তার লোকজনের মাঝে মিশে যেতো। *শয়তান হলো পাগল, আর আমি হলাম খুশি...*

বেশিরভাগ রাতেই সে তার বালিশের নিচে একটা কুড়াল নিয়ে ঘুমাতো। এক ঝড়ের রাতে, সে জেগে উঠে হ্যারিয়েটকে রাইফেল দিয়ে হুমকি দিলো, তাকে বিদ্রোহীদের গুপ্তচর হিসেবে অভিযুক্ত করলো। সেই রাতেই সে তার সৈনিকের পোশাক প'রে বৃষ্টিতে ভিজে বাড়ির আঙিনায় সারা রাত টহল দিলো। কখনও কখনও সে হ্যারিয়েটকে একটা ঘরে তালা মেরে পাহারা দিতো, তাকে বোঝাতো যে কেউ তার কাছে আসার চেষ্টা করছে। তাদের ধার-দেনা শোধ করার জন্যে হ্যারিয়েটকে একটা লন্ড্রির দোকানে কাজ নিতে হলো, সে-ই গ্যালভিনকে ডাক্তার দেখানোর জন্যে জোর করেছিলো। ডাক্তার বলেছিলো তার রয়েছে 'সৈনিকের হৃদয়'–যুদ্ধের কারণে তার নাড়িস্পন্দন দ্রুত হয়ে গিয়েছিলো।

হ্যারিয়েট তাকে সৈনিক সাহায্য হোমে পাঠাতে রাজি করালো, অন্য সৈনিকদের স্ত্রীদের কাছ থেকে সে জানতে পেরেছিলো যে, মানসিকভাবে বিপর্যস্ত সৈনিকদেরকে

BanglaBook.org

www.BanglaBook.org

তারা সাহায্য করে। বেঞ্জামিন গ্যালভিন যখন শুনতে পেলো, জর্জ ওয়াশিংটন গৃন সৈনিক সাহায্য হোমে সারমন প্রদান করেন, দীর্ঘদিন পর সে আবর আশার আলো দেখতে পেলো।

গৃন বহু দূরের একজন মানুষের কথা বললেন, যে মানুষটা এইসব যন্ত্রণা বুঝতেন, তার নাম দান্তে অলিঘিয়েরি। তিনিও একজন সাবেক সৈনিক ছিলেন, যিনি তার নিজের শহরের দুটো বিবাদমান দলের মধ্যে প'ড়ে গিয়েছিলেন, এবং আদেশপ্রাপ্ত হয়েছিলেন পারলৌকিক জীবনে ভ্রমন করার যাতে ক'রে তিনি পুরো জাতিকে পরিশুদ্ধ করতে পারেন। ওখানে কী অবিশ্বাস্য জীবন আর মৃত্যুর দৃশ্যই না তিনি প্রত্যক্ষ করলেন! নরকে কোনো রক্তপাতই ঘটনাচক্রে হয় না, প্রত্যেক ব্যক্তিই ঈশ্বরের ভালোবাসায় সিক্ত হয়ে একটি নির্দিষ্ট স্বর্গীয় শাস্তি লাভ করে। প্রতিটি *কন্‌ত্রাপাসোতেই* কতোটাই না নিখুঁতভাবে শাস্তি দেয়া হয়, গৃনের মতে পৃথিবীতে মানুষ যে পাপ করেছে তার অনুরূপ শাস্তি ভোগ করবে শেষ বিচারের আগপর্যন্ত।

গ্যালভিন বুঝতে পারলো দান্তে তার শহরের লোকজনদের উপর কতোটা ক্ষুব্ধ ছিলেন। তার শহরের লোকজন, বন্ধুবান্ধব আর শত্রুরা কেবল বস্তুগত আর শারিরীক আনন্দ, ভোগবিলাস আর টাকা ছাড়া কিছুই চেনে না। বেঞ্জামিন গ্যালভিন খুব বেশি মনোযোগ দিয়ে রেভারেন্ড গৃনের সাপ্তাহিক সারমন শুনতে পারতো না, আবার ওগুলো একেবারে বেখেয়ালেও শুনতো না সে। ওগুলোকে তার মাথার ভেতর থেকে বেরও করতে পারতো না। যখনই সে চ্যাপেল থেকে বের হয়ে আসতো তার মনে হোতো তার উচ্চতা আরো দুই ফিট বেড়ে গেছে।

বাকি সৈন্যরাও সারমনগুলো উপভোগ করতো, যদিও সে অনুমান করতে পারতো তার মতো ক'রে তারা সেগুলো বুঝতে পারে না। এক বিকেলে, সারমন শেষ হবার পর, গ্যালভিন রেভারেন্ড গৃনের দিকে চেয়ে রইলো, তার এবং অন্য এক সৈনিকের কথাবার্তা আঁড়ি পেতে শুনলো সে।

"মিঃ গৃন, আমি কি বলতে পারি, আজকে আপনার সারমনটা আমি খুবই পছন্দ করেছি," ক্যাপ্টেন ডেক্সটার ব্লাইট বলেছিলো, তার হ্যান্ডল-বার আকৃতির গোঁফ আর শক্ত সামর্থ্য শরীর ছিলো। "আমি কি আপনাকে জিজ্ঞেস করতে পারি, স্যার– আমি কি দান্তের ভ্রমন সম্পর্কে আরো বেশি পড়বো? প্রায় রাতেই আমার ঘুম আসে না, নিদ্রাহীন কাটে, আমার সময় তো কাটে না।"

বৃদ্ধ যাজক জেনে নিলেন সৈনিকটি ইতালি ভাষা জানে কিনা। "তো," নেতিবাচক জবাব পাওয়ার পর জর্জ ওয়াশিংটন গৃন বললেন, "তুমি ইংরেজিতে দান্তের ভ্রমন কথা খুঁজে পাবে, একেবারে সবিস্তারে। খুব জলদিই পাবে, বৎস আমার! বুঝলে, ক্যামব্রিজের মিঃ লংফেলো অনুবাদটি সমাপ্ত করছেন–না, অনুবাদ নয়, *রূপান্তর*–ইংরেজিতে দান্তে ক্লাব নামের একটি সংগঠন তিনি প্রতিষ্ঠা করেছেন, সেই সংগঠনের সাথে প্রতি সপ্তাহে ব'সে তিনি কাজটি ক'রে যাচ্ছেন, আমি নিজেও

BanglaBook.org

www.BanglaBook.org

ওখানকার একজন সদস্য। আগামী বছর বইয়ের দোকানে খোজ করলেই পেয়ে যাবে। টিকনর এ্যান্ড ফিল্ডসের অতুলনীয় প্রকাশনী থেকে বের হচ্ছে সেটা!"

লংফেলো। লংফেলো দান্তেকে নিয়ে কাজ করছেন। গ্যালভিনের কাছে সেটা খুবই যথার্থ ব'লে মনে হলো। সে তো লংফেলোর সব কবিতা হ্যারিয়েটের কাছ থেকে শুনেছে। গ্যালভিন শহরের এক পুলিশকে কেবল "টিকনর এ্যান্ড ফিল্ডস্," বলতেই পুলিশ তাকে হ্যামিলটন প্লেসের ট্রেমন্ট স্ট্রট-এর বিশাল একটা ম্যানশন দেখিয়ে দিলো। শো-রুমটা আশি ফিট দীর্ঘ আর ত্রিশ ফুট প্রশস্ত, চক্‌চকে কাজের নকশা করা আসবাব, কারুকার্যখচিত স্তম্ভ আর সুবিশাল কাউন্টার, উপরে ঝুলছে সুন্দর সুন্দর ঝালর-বাতি। শো-রুমের শেষ মাথায় একটা প্রশস্ত খিলানযুক্তপথ, টিকনর এ্যান্ড ফিল্ডসের সব বিখ্যাত প্রকাশনাগুলো প্রদর্শন করা আছে সেখানে। দান্তে নিজেই বুঝি তার জন্যে অপেক্ষা করছে এমন একটি ক্ষীণ আশা নিয়ে গ্যালভিন শো-রুমে প্রবেশ করলো। সে শ্রদ্ধাভরে টুপিটা খুলে হাতে নিয়ে চোখ দুটো বন্ধ ক'রে ফেললো।

বেঞ্জামিন গ্যালভিন প্রবেশ করার মাত্র কয়েক দিন আগে প্রকাশনা প্রতিষ্ঠানের নতুন অফিসটি খোলা হয়েছিলো।

"বিজ্ঞাপন দেখে এসেছেন?" কোনো জবাব এলো না। "দারুণ, দারুণ। প্লিজ, এটা পূরণ করুন। জে.টি ফিল্ডসের এখানে কাজ করার চেয়ে ভালো কিছু আর হয় না। লোকটা খুবই প্রতিভাবান, সব লেখকদের পৃষ্ঠপোষক বলা যায়, আসলেই তিনি তাই।" লোকটা নিজের পরিচয় দিলো স্পেন্সার ক্লার্ক হিসেবে, ফার্মের ফিনান্সিয়াল কেরাণী।

গ্যালভিন কাগজ আর কলম হাতে নিয়ে ফ্যাল ফ্যাল ক'রে চেয়ে রইলো, মুখের ভেতর সবসময় রাখা কাগজের টুকরোটা এক গাল থেকে আরেক গালে চালান করতে লাগলো সে।

"তোমাকে তোমার লিখে দিতে হবে, তোমাকে ডাকার জন্যে, বাবা," ক্লার্ক বললো। "নাম লেখো, তা না হলে যেখান থেকে এসেছো সেখানেই পাঠিয়ে দেবে আমি।"

ক্লার্ক নাম লেখার জন্যে চাকরির দরখাস্তের কাগজের একটা লাইন দেখিয়ে দিলো, গ্যালভিন কলমটা দিয়ে ওখানে লিখলো : "D-A-N-T-E-A-L।" সে থামলো। *অলিঘিয়েরি* বানানটা কিভাবে লেখা যায়? *Ala? Ali?* গ্যালভিন ব'সে ব'সে ভাবতে লাগলে তার কলমের কালি একসময় শুকিয়ে গেলো। ক্লার্ক অন্যদের সাথে কাজ শেষ ক'রে তার দিকে ফিরে ছোঁ মেরে কাগজটা নিয়ে নিলো।

"আহ্, লজ্জা পেয়ো না, দেখি কি নাম?" ক্লার্ক ভালো ক'রে দেখলো। "ড্যানিয়েল টিল। বেশ ভালো।" ক্লার্ক হতাশ হয়ে দীর্ঘশ্বাস ফেললো। বুঝতে পারলো এরকম স্বল্প লেখাপড়া জানা ছেলেটা কেরাণী হতে পারবে না, কিন্তু কর্নারের নতুন অফিসের জন্যে অনেক ধরণের লোকেরই দরকার আছে তাদের। "এবার, ড্যানিয়েল, বৎস

BanglaBook.org

www.BanglaBook.org

আমার, আমাকে বলো তুমি কোথায় থাকো, তাহলে আমরা তোমাকে শপবয়ের কাজটা দিতে পারবো আজ রাত থেকেই, সপ্তাহে চারদিন সেটা করতে হবে তোমাকে। মিঃ অসগুড, তিনি হলেন সিনিয়র ক্লার্ক, চলে যাবার আগে তিনি তোমাকে দেখিয়ে দেবে কি করতে হবে, ওহ্, কংগ্রাচুলেশান্স, টিল। তুমি এইমাত্র টিকনর এ্যান্ড ফিল্ডসে তোমার নতুন জীবন শুরু করলে!"

"ড্যান টিল," নতুন নিয়োগ পাওয়া ছেলেটা বললো, নিজের নতুন নামটা বারবার বলতে লাগলো সে।

পরের দিন সকালে একজন কেরাণীর কাছ থেকে কাগজপত্র নিয়ে চাকাওয়ালা গাড়িটা ঠেলতে ঠেলতে অন্য এক কেরাণীর কাছে নিয়ে যাবার সময় তৃতীয় তলায় লেখকদের ঘরে দান্তেকে নিয়ে আলোচনা করতে শুনে খুবই রোমাঞ্চিত হলো সে। বিচ্ছিন্নভাবে শোনা এই আলোচনাটা রেভারেন্ড গৃনের সারমনের মতো নয় মোটেও। যেখানে তিনি দান্তের পরিভ্রমনের বয়ান দেন। কর্নারে সে দান্তে সম্পর্কে নির্দিষ্ট ক'রে কিছু শোনে নি, আর বেশির ভাগ রাতেই মিঃ লংফেলো, মিঃ ফিল্ডস্ আর তাঁদের দান্তে বাহিনী রাতের বেলায় মোটেও মিলিত হতেন না। তারপরও, টিকনর এ্যান্ড ফিল্ডসের লোকজন দান্তেকে বাঁচিয়ে রাখার কাজে জড়িত–তাকে কিভাবে রক্ষা করা যায় সে নিয়ে কথা বলেন তারা।

টিলের মাথা ঘোরাতে শুরু করলো, দৌড়ে সে টয়লেটে গিয়ে বমি করলো, দান্তে কে রক্ষা করা দরকার! মিঃ ফিল্ডস্, লংফেলো, লাওয়েল আর ডাঃ হোমস্ কথা বলছিলেন যে, হারভার্ডের কলেজ বোর্ড দান্তেকে আক্রমণ করছে। এইসব কথাবার্তা টিল শুনে ফেললো। শহরের লোকজনের কাছ থেকে টিল শুনতে পেয়েছিলো যে, হারভার্ডেও লোকজনের দরকার পড়েছে। তারা নতুন কর্মচারী খুঁজছে, যেহেতু যুদ্ধের কারণে অনেক কর্মকর্তা-কর্মচারি নিহত অথবা আহত হয়েছে। দিনের বেলার জন্যে কলেজে টিল একটা কাজ জুটিয়ে নিলো। কিন্তু এক সপ্তাহ কাজ করার পরই মালির পদ থেকে ইউনিভার্সিটি হলে দিবাকালীন তত্ত্বাবধায়ক হিসেবে পদোন্নতি পেয়ে গেলো সে। ওখানকার অন্য কর্মচারিদেরকে জিজ্ঞেস ক'রে জানতে পারলো, কলেজ বোর্ডই সবধরণের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে থাকে। সৈনিক সাহায্য হোমে, রেভারেন্ড গৃন দান্তে র ওপর সাধারন আলোচনা থেকে তার তীর্থ যাত্রার খুঁটিনাটি বিষয়ের দিকে চলে গেলেন। নরকে যাবার পথে তার পদযাত্রা কয়েকটি চক্রে বিভক্ত, প্রতিটি চক্রই মহা শয়তান এবং সব ধরনের শয়তানীর নিয়ামক লুসিফারের শাস্তি দেবার দিকে ধাবিত করে। নরকের প্রবেশদ্বারে গৃন নিরপেক্ষদের এলাকার মধ্য দিয়ে টিলকে পথ দেখিয়ে নিয়ে গেলেন। যেখানে মহা অস্বীকৃতিকারী সেই জঘন্য অপরাধীকে পাওয়া গেলো।

অস্বীকৃতিকারী লোকটা হলেন একজন পোপ, কিন্তু তার মধ্যে এর প্রতিক্রিয়া হলো অন্যরকম। নিজেকে সে ভাবতে লাগলো এমন একজন মানুষ যে লক্ষ-কোটি মানুষের ন্যায় বিচার নিশ্চিত করতে পারবে। টিল প্রচণ্ড ক্রোধের আগুনে পুড়তে শুরু

BanglaBook.org

www.BanglaBook.org

করলো। সে ইউনিভার্সিটি হলে লোকজনের কাছ থেকে জানতে পারলো যে, চিফ জাস্টিস হিলি একটি গুরুত্বপূর্ণ পদ গ্রহণে অস্বীকৃতি জানিয়েছেন–দাস্তেকে রক্ষা করার একটি পদ।

টিল জানতো, কোম্পানির সি'র বইপোকা এডজুট্যান্ট তাদের ভ্রমনের সময় হাজার হাজার পোকা মাকড় সংগ্রহ করেছিলেন। বিশেষ ক'রে জলাশয় আর ডোবানালার অঞ্চল দিয়ে মার্চ ক'রে যাবার সময়। পোকামাকড়গুলো একটি বিশেষ কৌটায় ক'রে তিনি বোস্টনে নিজের বাড়িতে পাঠিয়েছিলেন। কৌটাগুলো এমনভাবে তৈরি করা হয়েছিলো যাতে ক'রে পোকামাকড়গুলো বেঁচে থাকতে পারে। টিল তার কাছ থেকে এক বাক্স প্রাণঘাতি বোলতা মাছি, শূককীট বা ম্যাগোট এবং ভীমরুল কিনে জাস্টিস হিলিকে কোর্টহাউজ থেকে ওয়াইড ওক্স পর্যন্ত অনুসরণ করলো। ওখানে সে দেখতে পেলো বিচারপতি হিলি তার পরিবারকে বিদায় জানাচ্ছেন।

পরদিন সকালে, পেছনের দরজা দিয়ে হিলির বাড়িতে ঢুকে পিস্তলের বাট দিয়ে তার মাথায় আঘাত করে। বিচারপতির জামা কাপড় সব খুলে ভাঁজ ক'রে রাখলো সে, যেহেতু পুরুষ লোকের জামাকাপড় এরকম কাপুরুষের গায়ে থাকতে পারে না। এরপর সে হিলিকে তুলে বাড়ির বাইরে নিয়ে যায়, তার মাথায় ক্ষতস্থানে পোকার শূককীট বা ম্যাগোট দিয়ে দেয়। টিল তার পাশে একটা ফাঁকা পতাকাও রেখে দিলো, দাস্তের একজন নিরপেক্ষ হিসেবে চিহ্নিত করার জন্যে। মুহূর্তেই তার মনে হয়েছিলো সে দাস্তের সাথে যোগ দিয়েছে, আত্মবিস্তৃত হওয়া লোকজনের মাঝে দীর্ঘ এবং বিপজ্জনক এক মুক্তির পথে প্রবেশ করেছে।

অসুস্থতার কারণে গৃন একদিন সৈনিক সাহায্য হোমে আসতে না পারলে টিলের ভেতরটা ক্ষতবিক্ষত হয়ে গেলো। এরপর গৃন ফিরে এসে সাইমোনিয়াকদের ওপর সারমন দিলেন। টিল ইতিমধ্যেই বিভিন্ন সময়ে ইউনিভার্সিটি হলে হারভার্ড কর্পোরেশনের সঙ্গে রেভারেন্ড ট্যালবোটের সংশ্লিষ্টতার খবর জানতে পেরেছিলো। একজন যাজক কী ক'রে টাকা খেয়ে দাস্তেকে জনগনের কাছ থেকে আড়াল করতে পারলেন, নিজের পদের ক্ষমতা বিক্রি করলেন তুচ্ছ একহাজার ডলারের বিনিময়ে? কিন্তু তাকে শাস্তি না দিলে তিনি তো বুঝতেই পারবেন না কী করেছেন তিনি।

পাবলিক হাউজের পেছনের গলিতে একরাতে টিল দেখা করলে সিন্দুক ভাঙার চোর উইলার্ড বার্নডির সঙ্গে। বার্নডিকে পানশালায় খুঁজে পেতে টিলকে তেমন বেগ পেতে হয় নি, তবে বার্নডির মাতালামীতে সে একটু রেগে গিয়েছিলো। ড্যান টিল বার্নডিকে টাকা দিলো রেভারেন্ড ট্যালবোটের সিন্দুক থেকে এক হাজার ডলার কিভাবে চুরি করার যায় সেটা তাকে শিখিয়ে দেবার জন্যে। বার্নডি বক্‌বক্ ক'রে কেবল বলতে লাগলো কিভাবে ল্যাংডন পিস্‌লি তার কাছ থেকে সবগুলো রাস্তা আর এলাকা কেড়ে নিচ্ছে। তাহলে কাউকে একটা সিন্দুক ভাঙা শেখালে কী আর ক্ষতি হবে?

সেকেন্ড ইউনিটারিয়ান চার্চে ঢোকার জন্যে টিল ফেরারী দাসদের ব্যবহার করা

www.BanglaBook.org

সুড়ঙ্গ পথটি ব্যবহার করলো। রেভারেন্ড ট্যালবোটকে প্রতি বিকেলে ভূগর্ভস্থ কক্ষে ঢুকতে দেখেছিলো টিল। সে ট্যালবোটের পদক্ষেপের শব্দ গুনে গুনে দেখলো সিঁড়ি ভেঙে আসতে তার কতোক্ষণ লাগে। ট্যালবোটের উচ্চতা অনুমান ক'রে নিয়ে যাজক সাহেবের চলে যাবার পর দেয়ালে চক্ দিয়ে দাগ দিয়ে রাখলো। এরপর মাটি খুঁড়ে একটা গর্ত করলো, একেবারে নিখুঁতভাবে মাপজোখ ক'রে, যাতে ট্যালবোটকে গর্তে উল্টো ক'রে ঢোকালে তার পা দুটো বের হয়ে থাকতে পারে, ঐ গর্তের নিচে সে ট্যালবোটের নোংরা টাকাগুলো মাটি চাপা দিয়ে দিলো। অবশেষে, রোববারের বিকেলে, ট্যালবোটকে বাগে পেয়ে গেলো সে, তার হাত থেকে লণ্ঠনটা কেড়ে নিয়ে সেটা থেকে কেরোসিন ঢেলে তার পায়ে আগুন ধরিয়ে দিলো। ট্যালবোটকে শাস্তি দেবার পর ড্যান টিল মোটামুটি নিশ্চিত ছিলো যে, দান্তে ক্লাব তার এই কাজে খুব গর্বিত বোধ করবে। সে খুব অস্থির হয়ে অপেক্ষা করলো লংফেলোর বাড়িতে সপ্তাহের মিটিংটা কখন অনুষ্ঠিত হবে। মিঃ গৃনের কাছ থেকে এই মিটিংয়ের কথাটা সে আগেই শুনতে পেয়েছিলো। রোববার, কোনো সন্দেহ নেই, টিল ভাবলো– সাবাথের দিন।

ক্যামব্রুজের আশেপাশে টিল জিজ্ঞেস ক'রে খুব সহজেই বিশাল হলুদ রঙের ভবনটা খুঁজে পেলো। কিন্তু লংফেলোর জানালা দিয়ে উঁকি মেরে মিটিংয়ের কোনো চিহ্নও দেখতে পেলো না। সত্যি বলতে কী, জানালায় কান পাততেই ভেতর থেকে বেশ তর্জন-গর্জন শুনতে পেলো। দান্তে ক্লাবের মিটিংটাতে বিঘ্ন ঘটাতে চাইলো না টিল, যদি সেটা আদৌ অনুষ্ঠিত হয়ে থাকে। দান্তের রক্ষাকর্তাদের আলোচনা সভায় বিঘ্ন সৃষ্টি করার কোনো ইচ্ছে তার নেই।

গৃন যখন আবারো সৈনিক সাহায্য হোমে অসুস্থতা ছাড়াই অনুপস্থিত হতে থাকলেন তখন টিল খুবই আশাহত হয়েছিলো! পাবলিক লাইব্রেরিতে গিয়ে টিল জানতে চাইলো কোথায় ইতালিয় ভাষাটা সে শিখতে পারবে, অন্য এক সৈনিককে গৃন ঠিক এই কথাটাই বলেছিলেন যখন সে জানতে চেয়েছিলো দান্তে সম্পর্কে আরো বেশি পড়তে চায়। লাইব্রেরিয়ান একটা পত্রিকা খুঁজে বের ক'রে তাকে একটা বিজ্ঞাপন দেখালো যাতে পিয়েত্রো বাকি নামের এক লোক ইতালিয় ভাষার শিক্ষা দিয়ে থাকে। বাকির সাথে দেখা ক'রে টিল ভাষা শিখতে শুরু করলো। এই টিউটর ভদ্রলোক একগাঁদা ব্যাকরণ বই নিয়ে এলো, যার বেশির ভাগই তার নিজের হাতে লেখা–এসবের সাথে দান্তের কোনো সম্পর্ক নেই।

এক পর্যায়ে টিলের কাছে বাকি ভেনিসের *ডিভাইন কমেদি*'র একটি সংস্করণ বিক্রি করার প্রস্তাব দিলো। টিল মোটা চামড়ায় বাঁধানো বইটা হাতে নিয়ে কিছুই খুঁজে পেলো না, কেবল বাকির কাছ থেকে বইটার সৌন্দর্য আর গুণকীর্তন ছাড়া। এটাও দান্তে নয়। ভাগ্য সুপ্রসন্ন যে, গৃন খুব শীঘ্রই সৈনিক সাহায্য হোমে ফিরে এলেন। দান্তের নরকে স্কিজম্যাটিক অর্থাৎ বিভেদসৃষ্টিকারীদের চক্রে প্রবেশ করার কাহিনীটা বয়ান করলেন তিনি।

BanglaBook.org

www.BanglaBook.org

ড্যান টিলের কাছে এসব কথাবার্তা কামানের গোলার মতোই কানে এসে বিঁধলো। সে নিজেও এই ক্ষমাহীন পাপ প্রত্যক্ষ করেছে–দলে দলে বিভক্ত হয়ে যাওয়া, দলের ভেতরে কোন্দল সৃষ্টি করা–ব্যক্তি ফিনিয়াস জেনিসনের মধ্যে। টিল শুনতো লোকটা টিকনর এ্যান্ড ফিল্ডসের অফিসে এসে দান্তেকে রক্ষা করার কথা বলতেন–দান্তে ক্লাবকে হারভার্ডের বিরুদ্ধে লড়াই করতে প্ররোচিত করতেন– আবার সেই লোকই হারভার্ড কর্পোরেশনের অফিসে ব'সে দান্তের নিন্দা করতেন। কর্পোরেশনকে তিনি তাগাদা দিতেন লংফেলো, লাওয়েল আর ফিল্ডস্‌কে থামানোর জন্যে। তাই টিল জেনিসনের পিছু নিলো। সে তাকে তলোয়ারের মুখে ফেরারী দাসদের সুড়ঙ্গ পথ দিয়ে বোস্টন হারবারে তুলে নিয়ে যায়। জেনিসন কেঁদেকেঁটে প্রাণভিক্ষা চেয়ে টিলকে টাকা সেঁধে ছিলেন। টিল তাকে ন্যায় বিচারের প্রতিশ্রুতি দিয়ে কেঁটে ফালা ফালা ক'রে ফেললো। ক্ষতস্থানগুলো সে সযত্নে মুড়িয়ে দিয়েছিলো। টিল কখনও খুনের কথা ভাবতো না, শাস্তি দানের জন্যে দরকার দীর্ঘসময় ধ'রে যন্ত্রণা ভোগ করানো, একধরনের সুতীব্র যন্ত্রণা দেয়া। এটাই সে দান্তে থেকে পেয়েছে। শাস্তিপ্রাপ্তরা কেউই অচেনা নয়! টিল তাদের সবাইকে বোস্টনের স্বাভাবিক জীবনযাত্রায় এবং যুদ্ধকালীন সময়ে সারা দেশ জুড়েই দেখেছে।

টিল মনে করতো দান্তে ক্লাব তার শত্রুদের পরাজয়ে রোমাঞ্চিত বোধ করবে। হঠাৎ করেই রেভারেন্ড গৃন একটি উচ্ছ্বসিত সারমন প্রদান করলেন : দান্তে পাপীদের বরফে জ'মে যাওয়া এক হ্রদে, বিশ্বাসঘাতকদের বৃত্তে এসে উপস্থিত হলেন। দান্তের মতে এরা হলো সমগ্র পাপীদের মধ্যে সবচাইতে জঘন্য আর নিকৃষ্ট। তাই অগাস্টাস ম্যানিং আর প্লিনি মিডকে এক সকালে বরফে পুঁতে ফেলা হলো, তাদের মুখে তাকিয়ে টিল বিশ্বাসঘাতকদের প্রতিচ্ছবিই দেখতে পেলো। যেরকমটি সে নিরপেক্ষ আরটেমাস হিলিকে দেখেছে পোকায় খাওয়া অবস্থায়, ট্যালবোটকে দেখেছে পায়ে আগুন লাগা অবস্থায় একজন সাইমোনিয়াক হিসেবে আর ফিনিয়াস জেনিসনকে একজন স্কিজম্যাটিক রূপে।

কিন্তু এরপরই লাওয়েল, ফিল্ডস্, হোমস্ এবং লংফেলো এসে হাজির হলেন– কিন্তু তাকে পুরস্কার দেবার জন্যে নয়! লাওয়েল টিলকে তার বন্দুক দিয়ে গুলি করলেন, আর মিঃ ফিল্ডস্ লাওয়েলকে গুলি করার জন্যে তাড়া দিলেন। টিলের হৃদয় ভেঙে খান খান হয়ে গেলো। বেশ আশাহত হলো সে। টিল ধারণা করেছিলো তার বউ যে লংফেলোকে শ্রদ্ধা করে এবং দান্তের বাকি রক্ষাকারীরা, যারা কর্নারে মিলিত হন, তারা দান্তের উদ্দেশ্যকে বাস্তবায়ন করার জন্যেই দান্তে ক্লাব-এ জড়ো হন। এবার সে বুঝতে পারলো, দান্তে ক্লাবের সত্যিকারের কাজের ব্যাপারে তারা কিছুই জানে না। অনেক কাজ বাকি আছে, বোস্টনের কল্যাণের জন্যে অনেক চক্রই খুলতেই

BanglaBook.org

www.BanglaBook.org

হবে। টিল কর্নারে ডা: হোমসের সঙ্গে তার ধাক্কা লাগার কথাটি স্মরণ করলো–লাওয়েল লেখকদের ঘর থেকে বের হয়ে হোমসের পিছু পিছু এসে চিৎকার ক'রে বলেছিলেন, "আপনি দান্তে ক্লাবের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন, দান্তে ক্লাবের সাথে বিশ্বাসঘাতকতা করেছেন আপনি!"

"ডাক্তার," দাসদের সুড়ঙ্গে তাদের দেখা হলে টিল বললো। "ঘুরে দাঁড়ান, ডা: হোমস্। আমি আপনাকে দেখার জন্যে আসছি।"

হোমস্ ঘুরে দাঁড়ালেন, পোশাক পরা সৈনিকটি তার পেছন থেকে আসতে লাগলো। ডাক্তারের লণ্ঠনের নিঃশব্দ আলোটা মধ্যে কাঁপতে শুরু করলো।

"আমার মনে হয় আমাকে খুঁজে পাওয়াটা আপনার জন্যে দূর্ভাগ্য।" টিল বললো। এরপর ডাক্তারকে সামনে এগোতে আদেশ করলো সে।

"হায় ঈশ্বর," হোমস্ ভড়কে গিয়ে বললেন। "আমরা কোথায় যাচ্ছি?"

"লংফেলোর কাছে।"

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ২০

হোমস্ হাটছেন। যদিও তার পেছনে থাকা লোকটাকে তিনি খুব অল্প সময়ের জন্যে দেখেছেন তারপরও সঙ্গে সঙ্গেই চিনতে পেরেছেন তাকে। টিল। ফিল্ডসের ভাষ্যমতে কর্নার'র একজন রাত্রিকালীন প্রাণী : তাঁদের লুসিফার। এখন তিনি খেয়াল করলেন লোকটার ঘাড় যোদ্ধাদের মতোই পেশীবহুল। কিন্তু তার ফ্যাকাসে সবুজ চোখ জোড়া আর প্রায় মেয়েলী মুখটার জন্যে তাকে বাচ্চা ছেলের মতো দেখায়। তার পা দুটো, সম্ভবত অতিরিক্ত মার্চ করার কারণেই বেশ শক্তসামর্থ্য। টিল–এই অল্পবয়সী ছেলেটা–তাঁদের শত্রু এবং প্রতিপক্ষ। ড্যান টিল। *ড্যান টিল!* অলিভার ওয়েন্ডেলের মতো শব্দ-বিশারদ কী ক'রে এই অসাধারণ ব্যাপারটা লক্ষ্য করতে পারলেন না? DANTEAL...DANTE Al...! ওহ্। হোমস্ যখন খুনির পাশ দিয়ে হলওয়ে ধ'রে হনহন ক'রে চলে যাচ্ছিলেন তখন লাওয়েলের কণ্ঠটা কতোটাই না ফাঁপা শোনাচ্ছিলো : "হোমস্ আপনি দান্তে ক্লাবের সাথে বিশ্বাসঘাতকতা করেছেন।" টিল তখন সেই কথাটা শুনছিলো, যেমনটি সে শুনে থাকবে হারভার্ডের অফিসেও। এইসব প্রতিশোধ সংগ্রহ করা হয়েছে দান্তের মাধ্যমে।

হোমস্কে যদি এখানে চূড়ান্ত বিচারের শাস্তি দেয়া হয় তাহলে সে আর লংফেলো এবং বাকিদেরকে এসবের মধ্যে নিয়ে আসতে পারবে না। সুড়ঙ্গের ঢালু পথটাতে এসে তিনি থামলেন।

"আমি আর যাবো না!" দৃঢ়ভাবে বললেন তিনি। কৃত্রিম একটা সাহস কণ্ঠে ধারণ ক'রে তিনি ঘুরে দাঁড়ানোর চেষ্টা করলেন। "তুমি যা বলবে আমি তাই করবো তবে লংফেলোকে এসবের মধ্যে জড়ানো যাবে না!"

টিল নির্বিকার রইলো। "আপনাদের দু'জনকে অবশ্যই শাস্তি পেতে হবে। আপনাকে অবশ্যই লংফেলোকে বুঝিয়ে দিতে হবে, ডা: হোমস্।"

হোমস্ বুঝতে পারলেন টিল তাকে বিশ্বাসঘাতক হিসেবে শাস্তি দিতে চাচ্ছে না। টিল এই ধারণায় উপনীত হয়েছে যে, দান্তে ক্লাব আর পক্ষে নেই, তারা তার উদ্দেশ্যকে পরিত্যাগ করেছে। হোমস্ যদি দান্তে ক্লাবের সাথে বিশ্বাসঘাতকতা ক'রে থাকেন তবে হোমস্ই হলেন দান্তের ক্লাবের *আসল* বন্ধু : যে দান্তে ক্লাব টিলের মাথার ভেতরে জন্মেছে–দান্তের শাস্তিগুলো বোস্টনে কার্যকর করার একটি নিরব সংগঠন হিসেবে উৎসর্গিত সেটা।

হোমস্ তার রুমালটা বের ক'রে কপালের ঘাম মুছলেন।

ঠিক সেই মুহূর্তেই হোমসের বাহুটা টিল শক্ত হাতে খপ্ ক'রে ধরে ফেললো।

BanglaBook.org

www.BanglaBook.org

হোমস্ নিজের প্রত্যাশার বিরুদ্ধে কোনো রকম পূর্বভাবনা অথবা পরিকল্পনা ছাড়াই টিলের হাতটা প্রচণ্ড শক্তিতে ঝটকা মেরে সরিয়ে দিলে টিল সুড়ঙ্গের পাথরের দেয়ালের ওপর আছড়ে পড়লো। এরপর ছোটোখাটো গড়নের ডাক্তার সাহেব দু'হাতে শক্ত ক'রে হাতের লণ্ঠনটা ধ'রে প্রাণপনে দৌড় দিলেন।

উর্ধ্বশ্বাসে আঁকাবাঁকা সুড়ঙ্গের ভেতর দিয়ে ছুটে চললেন তিনি। পেছনে তাকিয়ে সব ধরণের শব্দই কানে শুনতে পেলেন, কিন্তু কোন্‌টা তার মাথার ভেতর থেকে আসছে আর কোন্‌টা আসছে বাইরে থেকে সেটা বুঝতে পারলেন না। হাঁপানীর কারণে তার পা দুটো আর চলতে চাইলো না। যেনো তাকে পেছন থেকে ধ'রে রেখেছে কেউ। তিনি সুড়ঙ্গের ভেতরে একটা প্রকোষ্ঠের মতো জায়গার কাছে চলে এলে সেটার ভেতরে ঢুকে পড়লেন। ওখানে একটা সেনাবাহিনীর স্লিপিং ব্যাগ আর শক্ত কিছুর টুকরো দেখতে পেলেন। হোমস্ তার দাঁত দিয়ে সেটা কামড়ে ভাঙলেন। বুঝতে পারলেন জিনিসটা যুদ্ধের সময় সৈনিকদের দেয়া এক ধরণের শক্ত রুটি : এটাই টিলের থাকার জায়গা। কাঠখড়ি দিয়ে একটা ফায়ারপ্লেসও বানানো হয়েছে। একটা প্লেট, কফি খাওয়ার মগ আর ফ্রাইং প্যান রয়েছে। একটা চাপা কণ্ঠ শুনে হোমস্ গা ঝাড়া দিয়ে উঠে দৌড়াতে চাইলেন। লণ্ঠনটা একটু তুলে ধ'রে হোমস্ দেখতে পেলেন এক কোণে লাওয়েল আর ফিল্ডস্ ব'সে আছেন। তাদের হাত-পা-মুখ বাঁধা। লাওয়েলের দাড়িটা তার বুকে লেগে রয়েছে, তিনি একেবারেই স্থির হয়ে আছেন।

হোমস্ তার বন্ধুদের মুখের বাঁধন খুলে দিলেও হাত-পায়ের বাঁধন খুলতে ব্যর্থ হলেন।

"ঠিক আছেন তো?" হোমস্ বললেন। "লাওয়েল!" লাওয়েলের কাঁধ ধ'রে ঝাঁকালেন তিনি।

"সে আমাদের আঘাত ক'রে অচেতন অবস্থায় এখানে নিয়ে এসেছে," ফিল্ডস্ জবাব দিলেন। "টিল যখন আমাদেরকে এখানে এনে হাত-পা বাঁধছিলো তখন লাওয়েল টিলকে গালিগালাজ করছিলো খুব–আমি তাকে তার ঐ পচা মুখটা বন্ধ করতে বলেছিলাম! সেজন্যেই টিল তাকে আবারো আঘাত ক'রে অজ্ঞান করে ফেলেছে। ও একটু অচেতন অবস্থায় আছে," ফিল্ডস্ করুণ সুরে জানতে চাইলেন, "তাই না?"

"টিল আপনাদের কাছ থেকে চাচ্ছেটা কি?" হোমস্ জানতে চাইলেন।

"কিচ্ছু না! আমরা কেন বেঁচে আছি, আর সে-ই বা করছেটা কী, জানি না।"

"লংফেলোকে নিয়ে এই দানবটির খুবই ভয়ংকর একটি পরিকল্পনা রয়েছে।"

"সে এখানেই আসছে, আমি শুনতে পাচ্ছি!" ফিল্ডস্ চিৎকার ক'রে বললেন। "জল্‌দি, হোমস্!"

হোমসের হাত কাঁপছে, ঘামে ভিজে গেছে হাত দুটো, আর গিটগুলোও খুব শক্ত। ঠিক মতো দেখতেও পারছেন না তিনি।

BanglaBook.org

www.BanglaBook.org

"না, আপনি চলে যান। আপনাকে এক্ষুণি যেতে হবে!" ফিল্ডস্ বললেন।

"আরেকটু চেষ্টা ক'রে..." তার হাতটা ফিল্ডসের গিট খুলতে গিয়ে আবারো ফস্‌কে গেলো।

"খুব দেরি হয়ে যাবে, ওয়েন্ডেল," ফিল্ডস্ বললেন। "সে এক্ষুণি এসে পড়বে। আমাদেরকে মুক্ত করার সময় নেই, আর লাওয়েলের যে অবস্থা তাকে নিয়ে আমরা কোথাও পালাতেও পারবো না। ক্রেইগি হাউজে চলে যান! এখন আমাদের কথা ভুলে যান–লংফেলোকে আপনার বাঁচাতে হবে!"

"আমি একা একা এটা করতে পারবো না! রেই কোথায়?"

ফিল্ডস্ মাথা ঝাঁকালেন। "সে আর কখনও আসবে না, বাড়িঘরগুলো টহল দেয়া পেট্রলম্যানেরা সব চলে গেছে। তাদেরকে তুলে নেয়া হয়েছে! লংফেলো একদম একা! পালান!"

হোমস্ ওখান থেকে বের হয়ে সুড়ঙ্গপথ দিয়ে প্রাণপণে দৌড়াতে লাগলেন যতোক্ষণ না সামনে একটা রূপালী আলো দেখতে পেলেন। তার মাথায় ফিল্ডসের কথাটা বার বার প্রতিধ্বনি করছে : পালান পালান পালান।

সেন্ট্রাল স্টেশনের বেসমেন্টে এক গোয়েন্দা ধীরেসুস্থে প্রবেশ করলে দু'পাশের সেলগুলো থেকে গালিগালাজ আর আর্তনাদ শোনা গেলো।

নিকোলাস রেই সেলের শক্ত মেঝে থেকে উঠে দাঁড়ালো। "আপনি এটা করতে পারেন না! কিছু নিরীহ লোক বিপদে রয়েছে, ঈশ্বরের দোহাই লাগে!"

গোয়েন্দা লোকটি কাঁধ ঝাঁকালো। "তুমি স্বপ্নে যা দেখো তাই দেখি বিশ্বাস করো, তাই না, কালু?"

"আমাকে এখানে আটকে রাখতে চান, ঠিক আছে। কিন্তু ঐসব বাড়িঘরে পেট্রলম্যানদেরকে আবার টহল দিতে পাঠিয়ে দিন, প্লিজ, আপনাকে জোড় মিনতি করছি। একজন বাইরে আছে, সে আবারো খুন করবে। আপনি জানেন হিলি এবং বাকিদেরকে বার্নডি খুন করে নি! খুনি এখনও ঘুরে বেড়াচ্ছে। সে আবারো খুনখারাবি করার জন্যে ওত্ পেতে আছে! আপনি তাকে থামাতে পারেন।"

গোয়েন্দা ভদ্রলোক এমনভাবে রেইয়ের দিকে তাকালো যেনো আরেকটু বললেই রেইয়ের কথায় সে প'টে যাবে। সে মাথায় হাত রেখে একটু ভাবলো। "আমি জানি উইলার্ড বার্নডি একজন চোর আর মিথ্যেবাদী। আমি কেবল এটুকুই জানি।"

"আমার কথাটা একটু শুনুন, প্লিজ।"

গোয়েন্দা লোকটি দুটো বার ধরে রেইয়ের দিকে তাকালো। "পিস্‌লি আমাদেরকে সতর্ক ক'রে দিয়ে বলেছে তোমার ওপর নজর রাখতে। তুমি তোমার নিজের কাজ করছিলে না। তোমাকে এসব থেকে দূরে রাখতে হবে। আমি বাজি ধ'রে বলতে পারি

BanglaBook.org

www.BanglaBook.org

তুমি অসহায়ভাবে বন্দী থাকাটা খুবই অপছন্দ করছো।"

গোয়েন্দা লোকটি তালা খোলার চাবিটা বের ক'রে তার সামনে তুলে ধরে হাসলো। "তো, আজকের দিনটা তোমার জন্যে একটা শিক্ষা হবে। তাই না, কাল্লু?"

হেনরি ওয়াডস্‌ওর্থ লংফেলো পরপর কয়েকটা হাই তুলে নিজের লেখার টেবিল থেকে উঠে দাঁড়ালেন।

এ্যানি এ্যালেগ্রা তার সাথে বেশ কয়েকটা খেলা খেলার কথা বললো। কিন্তু তিনি কেবল ডেস্কে ব'সে ব'সে দান্তের আরো কয়েকটা ক্যান্টো অনুবাদ করা ছাড়া অন্য কিছুই ভাবতে পারলেন না। নিজের এই কাজটা শেষ ক'রে ফেলে ভারমুক্ত হয়ে ঐ ক্যাথেড্রালের দরজা পেরোনোর কথা ভাবলেন। ওখানে দুনিয়ার সব হৈহল্লা তিরোহিত হয়ে পার্থক্য করা যায় না এমন একটি গর্জনে রূপান্তরিত হয়েছে আর শব্দগুলো বাস করে শাশ্বত শক্তির মধ্যে, এখানে সুদীর্ঘ পথে অনুবাদক ভদ্রলোক তার প্রিয় কবিকে বিষন্ন বদনে হেটে যেতে দেখে হনহন ক'রে তার দিকে ছুটে চললেন। কবির পদক্ষেপ শান্ত আর ভাবগাম্ভীর্যপূর্ণ। পরে আছেন লম্বা অভিজাত একটি আলখেল্লা আর মাথায় একটি টুপি। পায়ে তার স্যান্ডেল। মৃতদের মাঝে, সমাধি থেকে সমাধিতে ভেসে বেড়ানো প্রতিধ্বনির মধ্য দিয়ে, কান্না আর আর্তনাদের পেরিয়ে লংফেলো সেই কণ্ঠস্বরটা শুনতে পেলেন যা তাকে সামনের দিকে টেনে নিয়ে যাচ্ছে। তার স্ত্রী দাঁড়িয়ে আছে তাঁদের দু'জনের সামনে, ধরা ছোঁয়ার বাইরে এক দূরত্বে, একটা ছবি, সাদা তুষারের ঘোমটা আর আগুনের মতো লাল পোশাক পরা। লংফেলো টের পেলেন কবির হৃদয়ের বরফ গলতে শুরু করছে যেমন ক'রে পাহাড়ের চূড়ায় জ'মে থাকা বরফ গলে : কবি, যিনি নিখুঁত এক প্রশান্তি খুঁজে বেড়ান।

এ্যানি এ্যালেগ্রা তার এক পুতুলের জন্মদিন আয়োজন করার জন্যে পড়ার ঘরে একটি কাগজের বাক্সের খোঁজে ঢুকলো। সে সদ্য খোলা মেরি ফেরেরের একটা চিঠি পেয়ে গেলো, অবার্ন, নিউইয়র্ক থেকে এসেছে সেটা। সে জানতে চাইলো চিঠিটা কার কাছ থেকে এসেছে।

"ওহ্, মিস্ ফেরেরে," এ্যানি বললো। "চমৎকার তো! এ বছর কি উনি আমাদের কাছাকাছি নাহান্টে গ্রীষ্মকালীন ছুটি কাটাবেন? উনার সঙ্গ আমাদের সবসময়ই ভালো লাগে, বাবা?"

"আমার মনে হয় না সে তা করবে," লংফেলো একটা হাসি দেবার চেষ্টা করলেন।

এ্যানি হতাশ হলো। "সম্ভবত বাক্সটা পার্লারের ক্লোসেটের মধ্যে আছে," সে আচম্‌কা এ কথা বলেই চলে গেলো।

দরজায় প্রচণ্ড জোরে নক্ করা হলে লংফেলো বরফের মতো জ'মে গেলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

এরপর আগের চেয়েও জোরে জোরে নক্ করা হলো। "হোমস্," তিনি নিজের নিঃশ্বাসের শব্দটাও শুনতে পেলেন।

মহাবিরক্ত এ্যানি এ্যালেগ্রা চিৎকার ক'রে তার গৃহপরিচারিকাকে দরজাটা খুলে দেবার জন্যে বললো। কিন্তু কেউ খুলে না দিলে সে নিজেই দৌড়ে গিয়ে দরজাটা খুলে দিলে বাইরে থেকে আসা ঠাণ্ডা বাতাসটা খুবই সুতীব্র ব'লে মনে হলো।

এ্যানি কিছু বলার আগেই, কিন্তু লংফেলো পড়ারঘর থেকেই টের পেলেন তার মেয়ে ভড়কে গেছে। যে কণ্ঠটা তিনি দূর থেকে শুনতে পেলেন সেটা তার কোনো বন্ধুর কণ্ঠ নয়। হলে ঢুকতেই তার সঙ্গে পোশাক পরা এক সৈনিকের মুখোমুখি হয়ে গেলো।

"মেয়েকে চলে যেতে বলেন, মিঃ লংফেলো," টিল শান্ত কণ্ঠে অনুরোধ জানালো।

লংফেলো এ্যানিকে কাছে টেনে নিয়ে হাঁটু গেঁড়ে বসলেন। "পান্‌জি, *দ্য সিক্রেট*-এর জন্যে যে কাজটা করছিলে সেটা শেষ করো গিয়ে।"

"বাবা, ঐ কাজটা? ইন্টারভিউটার কথা বলছো–?"

"হ্যা, এক্ষুণি সেটা শেষ ক'রে ফেলো, পান্‌জি, আর এই ফাঁকে আমি এই ভদ্রলোকের সাথে একটু কথাবার্তা বলি।"

চোখ দুটো একটু বড় ক'রে মেয়েকে কিছু বোঝাতে চাইলেন তিনি, "যাও!" মেয়ের চোখের দিকে চেয়ে বললেন। যার চোখ দুটো ঠিক তার মায়ের মতো হয়েছে। সে মাথা নেড়ে সায় দিয়ে দ্রুত বাড়ির ভেতরে চলে গেলো।

"আপনাকে দরকার, মিঃ লংফেলো। আপনাকে এখন দরকার।" ড্যান টিল উদ্‌ভ্রান্তের মতো কাগজের টুকরো চিবোতে লাগলো, লংফেলোর কার্পেটের ওপর দু'টুকরো কাগজ থুথু'র সাথে ফেললো সে। তারপর আবারো কিছু কাগজ চিবোতে লাগলো। তার মুখের কাগজের টুকরোর যোগান মনে হচ্ছে সীমাহীন।

লংফেলো বেশ শান্তভাবেই তার দিকে ফিরে তাকালো, আর মুহূর্তেই তিনি বুঝে ফেললেন প্রচণ্ড হিংস্রতা থেকে শক্তিটা উৎসারিত হচ্ছে।

টিল আবারো কথা বললো : "মিঃ লাওয়েল এবং মিঃ ফিল্ডস্–তারা আপনার সাথে বিশ্বাসঘাতকতা করেছে, তারা দান্তের সাথেও বিশ্বাসঘাতকতা করেছে। আপনিও তাঁদের সাথে আছেন। ম্যানিং যখন মরতে বসেছিলো তখনও আপনি সেখানে ছিলেন, আর আপনি আমাকে কোনো সাহায্যই করেন নি। এখন তাঁদেরকে আপনার শাস্তি দেয়ার দরকার।"

টিল তার রিভলবারটা লংফেলোর বুকে তাক করলো। তার হাতে বছরখানেক আগের ক্ষতের দাগটা এখন রয়ে গেছে। সেই শৈশব থেকেই লংফেলো আজ পর্যন্ত হাতে কোনে অস্ত্র নেন নি। ছেলেবেলায় তার ভাই তাকে কিভাবে একটা পাখিকে গুলি করতে হয় সেটা শেখানোর পর লংফেলো কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে এসেছিলেন।

ফ্যানি অস্ত্র আর যুদ্ধকে ঘৃণা করতো, আর লংফেলো ঈশ্বরকে এজন্যে ধন্যবাদ

BanglaBook.org

www.BanglaBook.org

জানান যে, তাঁদের নিজেদের সন্তান চার্লিকে যুদ্ধে যেতে এবং কাঁধে একটা বুলেটের আঘাত নিয়ে ফিরে আসার দৃশ্যটা ফ্যানি দেখতে হয় নি। কেবলমাত্র একটি উজ্জ্বল পোশাকই পুরুষমানুষকে সৈনিক বানিয়ে দেয়, ফ্যানি এরকমটিই বলতো, খুনের অস্ত্র পোশাকের আড়ালে ধামাচাপা প'ড়ে যায়।

"হ্যা, স্যার, অবশেষে আপনি শিখবেন কিভাবে গুদামের মালপত্রের মতো চুপচাপ ব'সে থাকা যায়।" গোয়েন্দার চোখে হাসির ঝলক দেখা গেলো।

"তাহলে আপনি এখনও এখানে প'ড়ে আছেন কেন?" রেই বারের দিক থেকে পেছন ফিরে রয়েছে।

গোয়েন্দা ভদ্রলোক এই প্রশ্নে একটু বিব্রত হলো। "আপনি আমার শিক্ষাটা ভালোমতো শিখতে পারলেন কিনা সেটা নিশ্চিত করার জন্যে, যদি না শেখেন তো ঘুষি মেরে আপনার দাঁত আমি ফেলে দেবো, শুনেছেন আমার কথা?"

রেই আস্তে ক'রে ঘুরে দাঁড়ালেন। "সেই শিক্ষাটা আমাকে আবার স্মরণ করিয়ে দিন তো।"

গোয়েন্দার চেহারাটা লাল হয়ে গেলো, সে ভুরু কুচ্‌কে বারের দিকে একটু ঝুঁকলো। "জীবনে প্রথমবারের মতো একটু চুপচাপ ব'সে থাকুন, কালু বাবা!"

রেইয়ের সোনালী ফুটকিযুক্ত চোখটা বিমর্ষ হয়ে আস্তে ক'রে নত হয়ে গেলো। তারপর একেবারেই অপ্রস্তু ক'রে দিয়ে, আচম্‌কা শিকের ফাঁক দিয়ে দু'হাত বাড়িয়ে গোয়েন্দার গলাটা ধ'রে ফেললো, লোকটার মাথা সজোরে বারের সাথে আঘাত করলো রেই। অন্য হাত দিয়ে গোয়েন্দার কাছ থেকে চাবির রিংটা কেড়ে নিলো। তারপর লোকটাকে ছেড়ে দিয়ে গারদের তালাটা খুলে ফেললো। গোয়েন্দা ভদ্রলোক নিজের নিঃশ্বাস ফিরে পাওয়ার চেষ্টা করতে লাগলো। গোয়েন্দার কোটের পকেট থেকে অস্ত্রটা নিয়ে নিলো রেই। সেলের আশেপাশে থাকা বন্দীরা লোহার শিকের পেছন থেকে হর্ষধ্বনি দিতে লাগলো।

সিঁড়ি দিয়ে উঠে লবিতে এসে পড়লো রেই।

"রেই, আপনি এখানে?" সার্জেন্ট স্টোনওয়েদার বললো। "কি হয়েছে? আমি তো স্টেশনে ছিলাম, গোয়েন্দারা আমাকে বললো যে, আপনি নাকি তাদেরকে তাদের অবস্থান ছেড়ে যাবার আদেশ দিয়েছেন! আপনি কোথায় ছিলেন এতোক্ষণ?"

"তারা আমাকে নিচের সেলে আটকে রেখেছিলো, স্টোনওয়েদার! আমাকে এক্ষুণি ক্যামব্রজে যেতে হবে!" রেই বললো। এরপরই লবির অন্যপাশে কাজের বুয়ার সাথে ছোট্ট একটি মেয়েকে দেখতে পেলো। রেই দৌড়ে গিয়ে লোহার গেটটা বন্ধ ক'রে দিলে প্রবেশপথ থেকে পুলিশ অফিসের সংযোগটা বন্ধ হয়ে গেলো।

"প্লিজ," তার বুয়া যখন হতবিহ্বল এক পুলিশকে বোঝানোর চেষ্টা করছে তখন

BanglaBook.org

www.BanglaBook.org

এ্যানি এ্যালেগ্রা লংফেলো বললো। "প্লিজ।"

"মিস্ লংফেলো," তার দিকে উপুড় হয়ে ঝুঁকে রেই বললো। "কি হয়েছে?"

"বাবার এখন আপনার সাহায্যের দরকার রয়েছে, অফিসার রেই!" সে বললো।

এ সময় একদল গোয়েন্দা হুড়মুড় ক'রে লবিতে প্রবেশ করলো। "ঐতো!" একজন চিৎকার ক'রে বললো। রেইকে জাপটে ধরেই দেয়ালের সঙ্গে ঠেকিয়ে দিলো সে।

"রাখো, বানচোত কোথাকার!" সার্জেন্ট স্টোনওয়েদার বললো। নিজের কোমর থেকে পিস্তলটা হাতে নিয়ে গোয়েন্দার পিঠে ঠেকালো সে।

স্টোনওয়েদার ডাক দিলে কয়েকজন পোশাক পরা অফিসার দৌড়ে ছুটে এলো। কিন্তু তারপরও গোয়েন্দা তিনজন রেইকে ধরে রাখলো। নিকোলাস রেই তাদের হাত থেকে নিজেকে ছোটানোর আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে।

"না! আপনাকে বাবার খুব দরকার, অফিসার রেই!" এ্যানি চিৎকার ক'রে বললো।

"রেই!" স্টোনওয়েদার চিৎকার ক'রে বলতেই একটা চেয়ার ছুড়ে মারা হলো তার দিকে, সেই সাথে সজোরে একটা ঘুষি মারা হলো মুখের একপাশে।

চিফ জন কার্তেজ হুড়মুড় ক'রে প্রবেশ করলো। তার মুখটা রাগের চোটে লাল হয়ে গেছে। এক কুলি তার জিনিসপত্র বহন করছে। "ট্রেন ভ্রমনের ধকল..." সে বললো। "আরে, এসব হচ্ছে কি!" চারপাশে তাকিয়ে পুলিশ আর গোয়েন্দাদের অবস্থান দেখে সে বললো। "স্টোনওয়েদার?"

"তারা রেইকে গারদে আঁটকে রেখেছিলো, চিফ!" স্টোনওয়েদার প্রতিবাদ জানিয়ে বললো, তার নাক দিয়ে রক্ত পড়ছে।

রেই বললো, "চিফ, আমাকে এক্ষুণি ক্যামব্রিজে যেতে হবে, একটুও দেরি করা যাবে না!"

"পেট্রলম্যান রেই..." চিফ কার্তেজ বললো। "তোমার তো আমার সঙ্গে..."

"চিফ, আমাকে যেতেই হবে!"

"তাকে ছেড়ে দাও!" কার্তেজ গোয়েন্দাদের উদ্দেশ্যে বললে তারা রেইকে ছেড়ে দিলো। "তোমরা সব বদমাশের দল এক্ষুণি আমার অফিসে আসো!"

অলিভার ওয়েন্ডেল হোমস্ বার বার পেছনে তাকিয়ে টিল আছে কিনা দেখতে লাগলেন। পথটা খুব পরিস্কার। সুড়ঙ্গের পথে তাকে কেউ আর অনুসরণ করছে না এখন। "লংফেলো...লংফেলো," ক্যামব্রিজে যাবার পথে তিনি আপন মনে বার বার উচ্চারণ করলেন।

এরপর একেবারে চোখের সামনেই তিনি দেখতে পেলেন টিল ফুটাত দিয়ে

BanglaBook.org

www.BanglaBook.org

লংফেলোকে নিয়ে যাচ্ছে। কবি পিচ্ছিল তুষারের উপর দিয়ে সাবধানে, সতর্ক পদক্ষেপে এগিয়ে যাচ্ছেন।

হোমস্ খুবই ভয় পেয়ে গেলেন, অজ্ঞান যাতে না হয়ে পড়েন আপ্রাণ সেই চেষ্টাই করলেন। তাকে কোনো রকম দ্বিধাগ্রস্ত ছাড়াই কাজ করতে হবে এখন। তাই বুকের সমস্ত বাতাস উজাড় ক'রে দিয়ে তিনি চিৎকার করলেন : "টিল!" এটা এমন একটা গর্জন যে, পুরো এলাকাকে জাগিয়ে তুলতে পারবে।

টিল ঘুরে দাঁড়ালো, সে একেবারে সতর্ক রয়েছে।

হোমস্ তার লম্বা কোটের ভেতর থেকে মাস্কেট বন্দুকটা বের ক'রে কাঁপা কাঁপা হাতে তাক্ করলেন।

মনে হলো না টিল অস্ত্রটা খেয়াল করেছে। তুষারে ওপর সে একটা ভেঁজা অক্ষরের কাগজ থুথু মেরে ফেললো : *এফ*। "মিঃ লংফেলো, ডাঃ হোমস্ হবেন আপনার প্রথম শিকার," সে বললো। "আপনি যা করেছেন তাতে ক'রে সে-ই হবে আপনার শাস্তি দেবার প্রথম ব্যক্তি। সে হবে এ বিশ্বের কাছে একটা উদাহরণ।"

টিল লংফেলোর হাতটা তুলে ধরলেন, তার হাতে একটা আর্মি রিভলবার রয়েছে। সেটা হোমসের দিকে তাক্ করা হলো।

হোমস্ আরো কাছে এগিয়ে এসে বন্দুকটা টিলের দিকে তাক্ করলেন। "একটুও নড়বে না, টিল! আমি কিন্তু গুলি করবো তোমাকে। লংফেলোকে ছেড়ে দাও, আমাকে তুমি তোমার সঙ্গে নিতে পারো।"

"এটা শাস্তিদান, মিঃ হোমস্। আপনারা সবাই ঈশ্বরের ন্যায় বিচারকে পরিত্যাগ করেছেন, এবার চূড়ান্ত শাস্তির মুখোমুখি হন। মিঃ লংফেলো, আমি আদেশ করছি, প্রস্তুত হন...নিশানা করুন..."

হোমস্ আরো কয়েক পা এগিয়ে এসে বেশ দৃঢ়তার সাথে টিলের ঘাড় বরাবর বন্দুকটা তাক্ করলেন। লোকটার মুখে এক ছটাক ভয়ও দেখা গেলো না। সে সবসময়ের জন্যেই একজন সৈনিক। লোকটার এই চরিত্রের আড়ালে এছাড়া আর কেউ নেই। তার আর কোনো উপায়ও নেই। হোমস্ কাঁপতে লাগলেন। তিনি জানেন না, ড্যান টিলকে থামানোর মতো শক্তি তার রয়েছে কিনা, যে লক্ষ্যে টিল ধাবিত হচ্ছে, তা থেকে তাকে বিচ্যুত করা যাবে কিনা।

"গুলি করুন, মিঃ লংফেলো," টিল বললো। "আপনি এখনই গুলি করবেন!" সে লংফেলোর হাতে হাত রেখে কবিকে দিয়ে গুলি করাতে উদ্যত হলো।

একটা ঢোক গিলে হোমস্ তার বন্দুকটা টিলের দিক থেকে সরিয়ে লংফেলোর দিকে তাক্ করলেন।

লংফেলো অস্বীকৃতি জানিয়ে মাথা দোলালে টিল অবিশ্বাসে একটু পিছিয়ে গেলো, সেই সঙ্গে তার জিম্মিকেও টানতে লাগলো।

হোমস্ খুব দৃঢ়ভাবে বললেন, "আমি তাকে গুলি করবো, টিল।"

BanglaBook.org

www.BanglaBook.org

"না।" টিল উদভ্রান্তের মতো দু'পাশে মাথা ঝাঁকালো।

"হ্যা, আমি তাই করবো, টিল! তাহলে আর তিনি তার শাস্তিদান করতে পারবেন না! তিনি মরে যাবেন–তিনি ভস্ম হয়ে যাবেন!" হোমস্ চিৎকার ক'রে বলেই বন্দুকটা এবার লংফেলোর মাথা বরাবর তাক্ করলেন।

"না, আপনি তা করতে পারেন না! তিনি নিজের সঙ্গে বাকিদেরকেও নেবেন। এটা এখনও করা হয় নি!"

হোমস্ বন্দুকটা লংফেলোর দিকে দৃঢ়ভাবে ধ'রে রাখলেন। আর লংফেলো ভয়ে চোখ দুটো জোর ক'রে বন্ধ রেখেছেন। টিল উন্মাদগ্রস্তের মতো মাথা দোলাতে দোলাতে চিৎকার ক'রে উঠলো। এরপর সে এমনভাবে ঘুরে পেছনে তাকালো যেনো তার পেছনে কেউ দাঁড়িয়ে আছে, এরপর সে ডানে বায়ে দেখে নিলো, শেষে তাঁদের ফেলে রেখে দৌড়ে চলে গেলো। কিন্তু খুব বেশি দূরে যাবার আগেই একটা গুলির শব্দ শোনা গেলো, তারপর আরেকটা গুলি আকাশবাতাস বিদীর্ণ করলে সেই শব্দের সাথে একটা সুতীব্র আর্তনাদও শোনা গেলো।

লংফেলো আর হোমস্ তাঁদের হাতে থাকা অস্ত্রের দিকে না তাকিয়ে পারলেন না। তারা আর্ত চিৎকারটি যেখান থেকে এসেছে সেদিকে ছুটে চললেন। তুষারের বিছানায় টিল প'ড়ে রয়েছে আর তার লাল রক্ত সাদা তুষারের ওপর ছড়িয়ে আছে। তার সৈনিকের পোশাকের বুকের দিকে দুটো লাল ফুঁটো। হোমস্ হাটু মুড়ে ব'সে নাড়িস্পন্দন পরখ ক'রে দেখলেন।

লংফেলো কাছে এগিয়ে এলেন। "হোমস্?"

হোমসের হাতটা থেমে গেলো।

পাশেই উন্মাদগ্রস্ত চোখে দাঁড়িয়ে আছেন অগাস্টাস ম্যানিং, তার সারা শরীর কাঁপছে। দাঁতের পাটি দুটোও ঠক্ ঠক্ ক'রে কাঁপছে। হাতে থাকা পিস্তলটা ম্যানিং পায়ের কাছে ফেলে দিয়ে তার পেছনে বাড়িটার দিকে ফিরে ইঙ্গিত করলেন।

নিজের চিন্তাভাবনাগুলো এক করার চেষ্টা করলেন তিনি। তবে সম্বিত ফিরে পেতে আরো কয়েক মিনিট লেগে গেলো। "যে পেট্রলম্যানটা আমার বাড়িতে টহল দিচ্ছিলো সে কয়েক ঘণ্টা আগে চলে গেছে! এরপর আমি চিৎকার-চেঁচামেচি শুনে জানালা দিয়ে তাকে দেখলাম," তিনি বললেন। "আমি তার সৈনিকের পোশাকটা দেখেই চিনতে পেরেছিলাম...তাকে দেখেই সব কিছু মনে প'ড়ে গেলো। সে আমার কাপড়চোপড় খুলে ফেলছে, মিঃ লংফেলো, আর...আমাকে বাঁধছে...পুরো নগ্ন ক'রে তুলে নিয়ে যাচ্ছে আমাকে..."

লংফেলো তার দিকে একটা সহমর্মিতার হাত বাড়িয়ে দিলে ম্যানিং কবির কাঁধে একটা হাত রাখলেন। তার স্ত্রী ঘর থেকে দৌড়ে ছুটে এলেন তাঁদের দিকে।

মৃতদেহের চারপাশ ঘিরে তারা দাড়িয়ে থাকলে একটা পুলিশের ঘোড়ার গাড়ি তাঁদের দিকে ছুটে এলো। নিকোলাস রেই হাতে অস্ত্র নিয়ে হন্তদন্ত হয়ে তাঁদের কাছে

BanglaBook.org

www.BanglaBook.org

এলো। আরেকটা ঘোড়ার গাড়ি এসে পৌঁছালো, সার্জেন্ট স্টোনওয়েদার এবং দু'জন পুলিশকে বহন ক'রে নিয়ে এসেছে সেটা।

লংফেলো রেইয়ের হাতটা ধরলেন, তার চোখ দুটো বেশ উজ্জ্বল আর সপ্রশ্ন।

"আপনার মেয়ে নিরাপদেই আছে," কবি কিছু বলার আগেই রেই জানালো। "একজন পেট্রলম্যান তাকে আর তার কাজের বুয়াকে দেখাশোনা করছে।"

কৃতজ্ঞতায় মাথা দোলালেন লংফেলো। ম্যানিংয়ের বাড়ির সামনের একটা বেড়া ধরে নিজের নিঃশ্বাসটা স্বাভাবিক করার চেষ্টা করলেন হোমস্।

"হোমস্, কী বিস্ময়কর! সম্ভবত ভেতরে গিয়ে একটু বিশ্রাম নেবার দরকার রয়েছে আপনার," লংফেলো বেশ শংকিত হয়ে বললেন। "আপনি কাজটা করতে পেরেছেন! কিন্তু কিভাবে..."

"মাই ডিয়ার লংফেলো, আমি বিশ্বাস করি ল্যাম্পের বাতিতে যেটুকু সন্দেহ রয়ে গেছে তা দিনের আলোতে পরিস্কার হয়ে যাবে," হোমস্ বললেন। তিনি পুলিশকে সঙ্গে নিয়ে চার্চের ভূগর্ভস্থ কক্ষের সুড়ঙ্গের ভেতরে থাকা লাওয়েল এবং ফিল্ডস্‌কে উদ্ধার করতে চলে গেলেন।

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG

www.BanglaBook.org

অধ্যায় ২১

"দাঁড়ান, দাঁড়ান, একটু দাঁড়ান," স্পেনিশ ইহুদি তার চতুর ওস্তাদের উদ্দেশ্যে বাজখাই গলায় বললো। "তাহলে ল্যাংডন, আপনি এটা বোঝাচ্ছেন না যে, আপনি হবেন বোস্টনের পাঁচ জনের শেষজন?"

"বার্নডি আসল পাঁচজনের একজন নয়, লালটু আমার," ল্যাংডন পিস্‌লি সবজান্তার মতো জবাব দিলো। "পাঁচজন হলো, যাদেরকে নরকে নিক্ষেপ করার সময় একে অন্যের আত্মাকে বিশুদ্ধ করে তারা–আমি যখন তাদের সঙ্গে যোগ দেবো তখন আমারটাও সেরকম করা হবে–র‍্যান্ডাল, শবাধারে হাত-পা ছড়িয়ে পড়ে থাকে কে; ডজ, কে নার্ভাস রোগে ভুগে অজ্ঞান হয়ে প'ড়ে থাকে আর ওয়েস্ট থেকে অবসর নিয়েছে–এটা যদি তোমাকে শিক্ষা দিতে না পারে তবে আমি কিছু শুনি নি। আর সাইমন্ডস্, জাহাজঘাট থেকে কিছু করতে না পেরে ফিরে এসেছে, সে এতোটাই নাদান যে বাচ্চাদের একটা জগও খুলতে পারে না।"

"ওহ্ কী লজ্জার। দারুণ লজ্জার," পিস্‌লির চারজন শ্রোতার একজন দুঃখপ্রকাশ ক'রে বললো।

"আবার বলো?" পিস্‌লি তিক্তভাবে ভুরু তুলে বললো।

"ফাঁসির মঞ্চের দিকে তাকে হাটতে দেখাটা হবে খুবই লজ্জাজনক!" টেরা চোখের চোরটা বলতে লাগলো। "তার সাথে আমার কখনই দেখা হয় নি। তবে আমি শুনেছি সে নাকি বোস্টনের সবচাইতে সেরা সিন্দুক ভাঙার চোর। তারা বলে, সে নাকি পালকের স্পর্শেও কোনো সিন্দুক খুলে ফেলতে পারে!"

বাকি তিনজন শ্রোতা একেবারে চুপ মেরে গেলো, তারা টেবিলে না বসে দাড়িয়ে আছে আর ল্যাংডন পিস্‌লির মন্তব্য শুনে বুট জুতা দিয়ে কাঠের ফ্লোরে পা ঠুকে যাচ্ছে। অবস্থার প্রেক্ষিতে তারা চুপচাপ নিজেদের মদ পান ক'রে যাচ্ছে অথবা প্যাকেট থেকে বের করা সিগারেটগুলো ফুঁকছে উদাসভাবে, এগুলো পিস্‌লিই তাদেরকে দিয়েছে।

পানশালার দরজাটা খুলে গেলে একটা মাছি ধোঁয়ায় আচ্ছন্ন কালো ঘরটাতে ঢুকে পিস্‌লির টেবিলের চারপাশে ঘুরঘুর করতে লাগলো। মাছিটার ভাইবেরাদর-বোনদের খুব অল্পসংখ্যকই শীতকালে টিকে ছিলো আর অল্প সংখ্যক এখনও ম্যাসাচুসেট্‌সের নির্দিষ্ট কোনো বনে-জঙ্গলে বংশবিস্তার ক'রে যাচ্ছে। এদের সম্পর্কে যদি জানতেন তাহলে হারভার্ডের প্রফেসর লুইস আগাসিজ এগুলোকে একেবারেই ফালতু জিনিস ব'লে ঘোষণা দিতেন। চোখ কুচ্‌কে পিস্‌লি অদ্ভুত জ্বলজ্বলে লাল-চোখ আর নিলচে

BanglaBook.org

www.BanglaBook.org

দেহটা দেখতে পেলো। সে ওটাকে হাত দিয়ে তাড়িয়ে দিলে বারের ভেতরে কতিপয় লোক ওটাকে ধরার জন্যে মজার এক খেলায় মেতে উঠলো।

ল্যাংডন পিস্‌লি তার প্রিয় 'দরমুজ', মানে স্ট্যাকপোল পানশালার এক বিশেষ মদের জন্যে হাত বাড়ালো। শক্ত কাঠের চেয়ারটাতে বসা অবস্থায়ই পিস্‌লি বাম হাতটা বাড়িয়ে মদের গ্লাসটা নিতে পারলো। তার চেয়ারটা টেবিল থেকে একটু দূরে রাখা হয়েছে যাতে ক'রে তাকে ঘিরে থাকা শঠ আর চোর-বাটপারের অর্ধবৃত্তাকারের দলটাকে উদ্দেশ্য ক'রে সে বক্তৃতা দিতে পারে। পিস্‌লির হাত দুটো এই জীবনে কোনো রকম অঘটন ছাড়াই অনেক কিছু ঘটাতে পেরেছে। "আমার কথাটা শুনে রাখো, সঙ্গীরা, আমাদের মি: বার্নডি"–পিস্‌লি নামটা তার নোংরা দাঁতের ফাঁক দিয়ে বাতাসের সাথে উচ্চারণ করলো–"আমার দেখা এই শহরের সবচাইতে বেশি শব্দসৃষ্টিকারী সিন্দুক ভাঙা চোরদের মধ্যে সেরা।"

শ্রোতারা তার এই কথাটাকে গ্লাস উঁচিয়ে আর অট্টহাসির সাথে গ্রহণ করলো। আর এটা পিস্‌লির হাসিটাকে আরো প্রসারিত করতেও রসদ যোগালো। হাস্যরত ইহুদিটা তার গ্লাসের ওপর দিয়ে শীতল চোখে তাকিয়ে একেবারে থ' বনে গেলো।

"এটা কি, ইদ্দিশার?" পিস্‌লি তার পাশের লোকটার দিকে ঘাড় বেঁকিয়ে বললো। কোনো কথা না বলে পিস্‌লির চারপাশে থাকা ছোটোখাটো চোর-বাটপার আর পকেটমারের দলটি বারের আলাদা একটি কোণে চলে গেলো, পেছনে রেখে গেলো লক্ষ্যহীনভাবে উড়তে থাকা ঘন ধোঁয়া, যা জানালার কাঁচ ঘোলা ক'রে দিচ্ছে। কেবলমাত্র টেরা চোখের চোরটা থেকে গেলো। "হাইক!" পিস্‌লি নিচু কণ্ঠে বললে সেও বাকিদের পদাঙ্ক অনুসরণ ক'রে চলে গেলো।

"এখন, এখন," পিস্‌লি তার সামনের মেহমানের মাথা থেকে পা পর্যন্ত তাকিয়ে বললো। সে বারের ওয়েটারকে ডাকলো। "হব না, নব?" সিন্দুক চোর দাঁত বের ক'রে হেসে বললো।

নিকোলাস রেই ওয়েটারকে চলে যাবার জন্যে ইশারা ক'রে একটা চেয়ার টেনে পিস্‌লির মুখোমুখি বসলো।

"ওহ্, আসুন, একটু ধোঁয়া পান করুন তাহলে, পেট্রলম্যান।"

রেই বাড়িয়ে দেয়া সিগারেটটা নিতে অস্বীকার করলো।

"কী হয়েছে রে বাবা? সময়টা খুবই ভয়ংকর!" পিস্‌লি আবারো দাঁত বের ক'রে হাসলো। "দেখেছেন, এখানকার ভদ্রলোকেরা জুয়া খেলার জন্যে পেছনে চলে গেছে। ওটা আমরা প্রতি রাতেই করি, বুঝলেন। আমি নিশ্চিত আপনার যোগ দেয়াতে তারা মনে কিছু করবে না।"

"ধন্যবাদ তোমাকে, মি: পিস্‌লি, তার কোনো দরকার নেই," রেই বললো।

"ভালো।" পিস্‌লি তার ঠোঁটে আঙুল রেখে সামনের দিকে একটু ঝুঁকে এলো, যেনো কোনো গোপন কথা বলবে। "পেট্রলম্যান, ভাববেন না," সে বলতে শুরু

BanglaBook.org

www.BanglaBook.org

করলো, "আপনাকে অনুসরণ করা হয় নি। আমরা জানি আপনি একটা বুনোহাঁস তাড়া ক'রে বেড়াচ্ছেন, যে কিনা হারভার্ডের হরিণমুখো ম্যানিংকে হত্যার চেষ্টা করেছে, এবং মনে হয় আপনি বিশ্বাস করেন, সে বার্নডির অন্য হত্যাকাণ্ডগুলোর সাথেও জড়িত।"

"ঠিক," রেই বললো।

"তো, আপনার সৌভাগ্য, এটা দেখা যায় নি," পিস্‌লি বললো। "আপনি জানেন, লিনকনের মৃত্যুর পর এগুলো হলো সবচাইতে বড় পুরস্কার, আর আমি আমার অংশটার জন্যে কোনো গর্তে পা ফেলবো না। বার্নডি যখন ফাঁসির মঞ্চের দিকে হেটে যাবে তখন আমার অংশটা এতোটাই হৃষ্টপুষ্ট হয়ে উঠবে যে আমি সেটা ভাষায় প্রকাশ করতে পারবো না। যেমনটি আপনাকে বললাম, মিঃ রেই। আমরা এখনও লক্ষ্য রাখছি।"

"তোমরা বার্নডিকে অন্যায়ভাবে ফাঁসিয়ে দিয়েছো, আমার দিকে লক্ষ্য রাখতে হবে না, তোমার মিঃ পিস্‌লি। বার্নডিকে মুক্ত করার মতো সাক্ষী-প্রমাণ যদি আমার কাছে থাকতো, তাহলে আমি সেটা ইতিমধ্যেই পেশ করতাম, ফলাফল যাইহোক না কেন, আর তুমিও তোমার পুরস্কারের অংশটা পেতে না।"

বার্নডির কথা উল্লেখ করতেই পিস্‌লি তার হাতে থাকা মদের গ্লাসটা চিন্তিত ভঙ্গিতে একটু উপরে তুললো। "ঐসব উকিলেরা বেশ চমৎকার গল্প তৈরি করেছে, বার্নডি নাকি জজ হিলিকে দাসদের মুক্ত করার জন্যে আর ট্যালবোট এবং জেনিসনকে টাকা পয়সা নিয়ে প্রতারণা করার জন্যে খুবই ঘৃণা করতো। সে তার ওয়াটারলুর দেখা পেয়ে গেছে। আর সে যখন মরবে, তখন হয়তো সে নাচবে।" এক ঢোক পান করলো সে, তারপর আবার শক্ত হয়ে উঠলো। "তারা বলছে, গভর্নর নাকি ডিটেক্টিভ ব্যুরোকে ভেঙে দেবার ঘোষণা দিয়েছেন, আপনার সঙ্গে স্টেশনে ঐ ঘটনা ঘটবার পর, আর পৌরসদস্যেরা বুড়ো কার্তেজকে সরিয়ে দেবার কথা ভাবছে, সেই সঙ্গে আপনাকে স্থায়ীভাবে ডিমোশন দেবার কথাও হচ্ছে। মাই ডিয়ার লিলি হোয়াইট, আপনি অনেক শত্রু বানিয়ে ফেলছেন।"

পিস্‌লির লোমশ ভুরু দুটো কপালে উঠলো।

রেই তার চেয়ারটা একটু ঘুরিয়ে বসলো, পাশের একটা টুলে বসা অদ্ভুতরকম লম্বা লোকের দিকে তাকালো সে। "ঐ লোকটা বোস্টনের সর্বত্রই প্রশ্ন ক'রে বেড়াচ্ছে। মনে হচ্ছে সে ভাবছে হত্যাকাণ্ডগুলোর ব্যাপারে তুমি যেরকমটি বলেছো তার চেয়ে ভিন্ন কিছু ব্যাপার রয়েছে। তার ভাষ্যমতে, উইলার্ড বার্নডির সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। তার এই প্রশ্ন তোলার ফলে তোমার পুরস্কারের অংশটি পাবার ক্ষেত্রে বাধা সৃষ্টি হতে পারে, মিঃ পিস্‌লি—একেবারে প্রতিটি পয়সাই ঝুঁকির মধ্যে প'ড়ে যাবে।"

BanglaBook.org

www.BanglaBook.org

"টাকা-পয়সার কারবার। এ ব্যাপারে কি করতে হবে ব'লে আপনি মনে করেন?" পিস্‌লি জানতে চাইলো।

রেই এ নিয়ে একটু ভাবলো। "আমি যদি তোমার জায়গায় হতাম? আমি তাকে বোস্টন থেকে দীর্ঘ সময়ের জন্যে ছুটি নিয়ে চলে যেতে রাজি করাতাম।"

স্ট্যাকপোল বারের কাউন্টারে বসে পিংকারটনের গোয়েন্দা সাইমন ক্যাম্প, মেট্রোপলিটান বোস্টন কাভার করার জন্যে যাকে নিয়োজিত করা হয়েছে, তার কাছে পাঠানো স্বাক্ষরবিহীন চিরকুটটা আবারো পড়লো–নিকোলাস রেই পাঠিয়েছে সেটা–এই সময়ে ওখানে তার সঙ্গে এক গুরুত্বপূর্ণ সাক্ষাতের জন্যে অপেক্ষা করতে বলা হয়েছে। টুলে ব'সে চারপাশে তাকিয়ে সে দেখতে পাচ্ছে ঠগ আর জোচ্চোরের দল সস্তা পতিতা নিয়ে নাচগান আর হৈহুল্লোর করছে, এসব দেখে তার মধ্যে হতাশা আর রাগ বেড়ে যাচ্ছে। দশ মিনিট বাদে সে তার বিল মিটিয়ে দিয়ে নিজের কোটটা নেবার জন্যে উঠে দাঁড়ালো।

"আপনি এতো তাড়াতাড়ি উঠে যাচ্ছেন যে?" স্পেনিশ ইহুদিটা তার হাত ধরে ঝাঁকাতে ঝাঁকাতে বললো।

"কি?" ক্যাম্প ইহুদিটার হাত ঝট্‌কা মেরে ছাড়িয়ে নিলো। "তোমরা কারা জোচ্চোরের দল? আমি উত্তপ্ত হয়ে যাবার আগে সরে দাঁড়াও।"

"ডিয়ার আগন্তুক।" ল্যাংডন পিস্‌লি চওড়া একটা হাসি দিয়ে বললো। "আমার মনে হয় আপনি একটু পাশের ঘরে এসে আমাদের আড্ডায় যোগ দিন। আমরা আমাদের শহরের অতিথিদেরকে একাকীত্বে দেখতে খুব ঘৃণা করি।"

কয়েক দিন পর, সাইমন ক্যাম্পের বলা নির্দিষ্ট সময়ে বোস্টনের একটি গলিতে পায়চারী করছিলেন জে.টি ফিল্ডস্। তিনি ব্যাগের কয়েনগুলো গুণে নিলেন, নিশ্চিত হলেন মুখ বন্ধ রাখার জন্যে যে টাকাগুলো নিয়ে আসা হয়েছে সেগুলো ঠিকমতোই আছে। পকেট ঘড়িটা আবারো দেখলেন তিনি। এমন সময়েই কারোর আসার শব্দ শুনতে পেলেন। প্রকাশক লম্বা ক'রে নিঃশ্বাস নিয়ে নিজেকে শক্ত থাকার কথাটা আবার স্মরণ করিয়ে দিলেন। তারপর ব্যাগটা বুকের কাছে এনে জড়িয়ে ধ'রে গলির প্রবেশ পথের দিকে ঘুরলেন।

"লাওয়েল?" ফিল্ডস্ অবাক হয়ে বললেন।

জেমস্ রাসেল লাওয়েলের মাথাটা কালো ব্যান্ডেজে বাধা। "আরে ফিল্ডস্, আমি...আপনি এখানে কেন..."

"আমি কেবল..." ফিল্ডস্ তোত্‌লাতে লাগলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

"ক্যাম্পকে টাকাটা না দেবার জন্যে আমরা একমত হয়েছি, যে যা করবে করুক!" লাওয়েল ফিল্ডসের ব্যাগটা দেখে বললেন।

"তাহলে আপনি কেন এসেছেন?" ফিল্ডস্ জানতে চাইলেন।

"আড়ালে আবডালে তাকে টাকাটা দিয়ে বশ্যতা স্বীকার না করার জন্যে!" লাওয়েল বললেন। "আপনি জানেন সেই ধরণের কোনো টাকা আমার হাতে নেই। কোনো লড়াই ছাড়া সেই বদমাশটাকে দান্তেকে নিয়ে টানটানি করতে দিতে পারি না আমরা। মানে..."

"হ্যা," ফিল্ডস্ একমত হলেন। "কিন্তু সম্ভবত আমরা লংফেলোর কাছে এটা বলবো না..."

লাওয়েল মাথা নেড়ে সায় দিলেন। "না, না, এটা আমরা লংফেলোর কাছে বলবো না।"

তারা একসঙ্গে অপেক্ষা করতে লাগলেন, বিশ মিনিট পার হয়ে গেলো। তারা পথঘাটে বাতি জ্বালানোর কাজে লোকগুলোকে দেখতে লাগলেন। "আপনার মাথার কি অবস্থা, লাওয়েল?"

"যেনো মাথাটা দু'ভাগে ভাগ হয়ে যাবার পর আবার জোড়া লাগানো হয়েছে," তিনি বলেই হেসে ফেললেন। "তবে হোমস্ বলেছেন এই অবস্থাটা এক বা দুই সপ্তাহের মধ্যেই কেটে যাবে। আপনার কি অবস্থা?"

"ভালো, অনেক ভালো। আপনি স্যাম টিকনরের খবরটা শুনেছেন?"

"গতবছরের গর্দভটার কথা বলছেন?"

"তার এক হতদরিদ্র ভাইকে নিয়ে নতুন একটা প্রকাশনী খোলার চেষ্টা করছে সে–নিউ ইয়র্কে। আমাকে চিঠি লিখে জানিয়েছে ব্রডওয়ের ব্যবসা থেকে সে আমাদের চালাবেন। তার ছেলে তারই নিজের প্রতিষ্ঠান ধ্বংস করার চেষ্টা করছেন। এটা দেখ বিল টিকনর কী ভাবতেন, আমি সেটাই ভাবছি।"

"ঐসব গর্দভদের চেষ্টা করতে দিন! এই বছর আমি আপনাকে আমার সেরা কবিতা লিখে দেবো–কেবল এজন্যেই, মাই ডিয়ার ফিল্ডস্।"

"আপনি জানেন," আরো কিছুক্ষণ অপেক্ষা করার পর লাওয়েল বললেন। "আমি এক জোড়া হাতদস্তানা নিয়ে বাজি ধরতে পারি যে, ক্যাম্প সব বুঝতে পেরে তার এই জঘন্য খেলাটা ছেড়ে দেবে। আমার মনে হয়, এধরনের স্বর্গীয় চাঁদ আর স্তব্ধ তারাগুলোই পাপগুলো আবার নরকে ফিরিয়ে দেবার জন্যে যথেষ্ট।"

ফিল্ডস্ তার ব্যাগটা তুলে ধরলেন। এটার ওজনটা নিয়ে হাসলেন। "যদি তাই হয়, তবে এ থেকে কয়েক বান্ডিল নিয়ে পার্কার-এ একটা ভোজ দেবার কাজে ব্যবহার করা যাবে না কেন?"

"আপনার টাকা দিয়ে? মূলা ঝোলানো আর কি!" লাওয়েল সামনের দিকে হেটে

BanglaBook.org

www.BanglaBook.org

যেতে লাগলে ফিল্ডস্ তাকে পেছন থেকে ডেকে বললেন আরেকটু অপেক্ষা করার জন্যে। কিন্তু লাওয়েল তা করলেন না।

"থামুন! হায়রে মেদভূড়ি আমার! আমার লেখকেরা কখনই আমার জন্যে অপেক্ষা করে না," ফিল্ডস্ আফসোস করলেন। "আমার মেদভূড়ির ব্যাপারটাকে তাঁদের আরেকটু বেশি সম্মান দেখানো উচিত!"

"আপনি কিছু মেদ হারাতে চান, ফিল্ডস্?" লাওয়েল পেছন থেকে বললেন। "আপনার লেখকদের জন্যে আরো দশ শতাংশ বেশি দিলে আমি আপনাকে নিশ্চয়তা দিতে পারি আপনার মেদভূড়ি নিয়ে খুব বেশি অভিযোগ আর শোনা যাবে না!"

পরের মাসগুলোতে, জে.টি ফিল্ডসের অপছন্দের কয়েকটি অপরাধ বিষয়ক ম্যাগাজিনের এক গল্পে প্রকাশ হলো যে, পিংকারটনের গোয়েন্দা সাইমন ক্যাম্প ল্যাংডন ডব্লিউ. পিস্লির সাথে দীর্ঘ এক সাক্ষাতের শেষে বোস্টন ছেড়ে চলে গেছে, তাকে এটর্নি জেনারেল সরকারী শীর্ষ কর্মকর্তাদেরকে যুদ্ধের সময়কার গোপনীয় ব্যাপারগুলো নিয়ে ভয় দেখিয়ে চাঁদাবাজির জন্যে অভিযুক্ত করেছেন। বিগত তিনবছর ধরে ক্যাম্প বিভিন্ন মামলায় জড়িত ব্যক্তিদের কাছ থেকে ভয়ভীতি বা প্রলোভন দেখিয়ে দশ হাজার ডলার পকেটে ভরেছে। ক্যাম্পের কাজ করা সব ক্লায়েন্টের ফি'র টাকা এলান পিংকারটন ফেরত দিয়ে দিয়েছেন। যদিও তাদের মধ্যে একজন ছিলেন হারভার্ডের ড. আগাস্টাস ম্যানিং, যাঁকে কোনোভাবেই খুঁজে পাওয়া যাচ্ছে না, এমনকি দেশের সবচাইতে সেরা ডিটেক্টিভ এজেন্সিরাও তার কোনো খোঁজ জানে না।

অগাস্টাস ম্যানিং হারভার্ড কর্পোরেশন থেকে পদত্যাগ ক'রে বোস্টন থেকে সপরিবারে অন্যত্র চলে গেছেন। তার বউ বলেছে কয়েক মাসে তিনি এক নাগারে দু'তিনটি কথার বেশি বলেন নি। কেউ কেউ বলছে তিনি ইংল্যান্ডে চলে গেছেন, বাকিরা বলে, তিনি এক অজ্ঞাত দ্বীপে চলে গেছেন। হারভার্ড প্রশাসনে দারুণ পরিবর্তন আনা হয়েছে, র‍্যাল্ফ ওয়াল্ডো এমারসনকে নতুন ওভারশিয়ার হিসেবে নির্বাচিত করা হয়েছে, এই নির্বাচনের ধারণাটি দিয়েছিলেন দার্শনিক প্রকাশক জে.টি ফিল্ডস্ আর এটাকে জোরালোভাবে সমর্থন দিয়েছিলেন প্রেসিডেন্ট হিল।

১৮৬৫ সালের আগেই হেনরি ওয়াডস্ওর্থ লংফেলোর অনুবাদ করা *ইনফার্নো*'র একটি প্রাইভেট সংস্করণ প্রকাশ করা হলে সেটা ফ্লোরেন্সে দান্তের ছয়শোতম জন্মজয়ন্তী উৎসবের জন্যে সাদরে গৃহীত হয়। দান্তের এই অনুবাদটিকে 'দারুণ কাজ' ব'লে উল্লেখ করা হয় বার্লিন, লন্ডন আর প্যারিসে। লংফেলো দান্তে ক্লাবের প্রত্যেক সদস্য এবং তার বন্ধুদেরকে *ইনফার্নো*'র একটি ক'রে কপি উপহার দেন। যদিও ব্যাপারটা তিনি উল্লেখ করেন নি, তারপরও এটা সত্য যে, তিনি এক কপি নিউ ইয়র্কের অবার্নের মেরি ফ্রেরেরের কাছে তার বাগদান অনুষ্ঠানের উপহার হিসেবে পাঠিয়েছেন। সে তার

www.BanglaBook.org

বাগদত্তার সাথে এখন লন্ডনে বসবাস করছে। লংফেলো তার কন্যাদের নিয়ে এবং নতুন এক কাব্য লেখায় ভীষণ ব্যস্ত রয়েছেন। সেই নতুন কাব্যটি মেরি ফ্রেরেরেকে উপহার দেবেন বলে মনস্থির করেছেন তিনি।

সমস্ত বাড়িঘরে মানুষজন ফিরে আসার পর পথঘাটে যেরকম শূন্যতার সৃষ্টি হয় নাহান্তে তোমার অনুপস্থিতি সেরকমই এক শূন্যতার সৃষ্টি করেছে। লংফেলো খেয়াল করলেন তার শব্দচয়ন আর বাক্য গঠন দান্তের মতো হয়ে উঠছে।

চার্লস এলিয়ট নর্টন আর উইলিয়াম ডিন হাওয়েল্‌স ইউরোপ থেকে ফিরে এসেছেন লংফেলোকে অনুবাদের বাকি কাজটুকুতে সাহায্য করার জন্যে। বিদেশের রোমাঞ্চ আর অভিযানের রেশ তাঁদের মধ্যে এখনও লেগে রয়েছে। হাওয়েল্‌স আর নর্টন তাঁদের বন্ধুর কাছে রাসকিন, কার্লাইল, টেনিসন আর ব্রাউনিংয়ের গল্প বললেন : চিঠির চেয়ে এসব গল্প অনেক ভালোভাবে কোনো ব্যক্তিকে তুলে ধরতে পারে।

লাওয়েল হেসে গল্প বলাটাতে বিঘ্ন ঘটালেন।

"আপনি কি আগ্রহী নন, জেমস্?" চার্লস এলিয়ট নর্টন জিজ্ঞেস করলেন।

"আমাদের প্রিয় নর্টন," হোমস্ বললেন, লাওয়েলের পক্ষেই যেনো যোগ দিলেন তিনি। "প্রিয় হাওয়েলস্, যদিও কোনো মহাসাগর পাড়ি দেই নি, কিন্তু এমন একটা ভ্রমন আমরা করেছি যা কোনো জাগতিক চিঠিতে বিবৃত করা যাবে না।" এরপর নর্টন আর হাওয়েলস্‌কে ঈশ্বরের নামে শপথ করালেন লাওয়েল।

দান্তে ক্লাবের মিটিং যখন শেষ হলো, তাঁদের কাজ যখন সমাপ্ত হলো, হোমস্ ভাবলেন লংফেলো হয়তো একটু অস্বস্তির মধ্যে প'ড়ে যাবেন। তাই হোমস্ উদ্যোগী হয়ে নর্টনের শ্যাডি হিল-এর এস্টেটে শনিবারের রাতে আড্ডার ব্যবস্থা করলেন। সেখানে তারা নর্টনের দান্তের *লা ভিতা নুভা*'র অনুবাদ নিয়ে আলোচনা করতেন–"নতুন জীবন"–বিয়াত্রিচের প্রতি দান্তের প্রেমের গল্প। কখন কখনও তাঁদের আড্ডাকে সমৃদ্ধ করতেন এডওয়ার্ড শেল্‌ডন, যে কিনা দান্তের কবিতা নিয়ে আলোচনা করতো, টুকটাক লেখা লেখিও করতো সে। ইতালিতে গিয়ে দু'এক বছরের জন্যে অধ্যায়ন করার ইচ্ছাও ব্যক্ত করলো শেল্‌ডন।

লাওয়েল তার মেয়ে মাবেলকে ছয় মাসের জন্যে ইতালি ভ্রমণের করতে অনুমতি দিলেন ফিল্ডস্ পরিবার মাবেলের সঙ্গী হলো, তারা তাঁদের প্রকাশনার কাজ সাময়িকভাবে জে.আর অসগুডের হাতে দিয়ে জাহাজে ক'রে ছুটি কাটাতে চলে গেলো।

এরই মধ্যে, ফিল্ডস্ বোস্টনের বিখ্যাত ইউনিয়ন ক্লাব-এ একটা ভোজসভার আয়োজন ক'রে ফেললেন লংফেলোর দান্তে অলিঘিয়েরির *ডিভাইন কমেডি*'র অনুবাদটি প্রকাশ হবার আগেই, তিন খণ্ডের এই বইটি সেই বছরের সাহিত্য জগতে সবচাইতে উল্লেখযোগ্য ঘটনা হিসেবে চিহ্নিত হয়ে রইলো।

ভোজসভার দিন অলিভার ওয়েন্ডেল হোমস্ পুরো বিকেলটা ক্রেইগি হাউজেই

BanglaBook.org

www.BanglaBook.org

কাটিয়ে দিলেন। জর্জ ওয়াশিংটন গৃনও তাঁদের সঙ্গে ছিলেন, তিনি রোড আইল্যান্ড থেকে সরাসরি চলে এসেছিলেন।

"হ্যা, হ্যা," হোমস্ তার দ্বিতীয় উপন্যাসের বিক্রি বেশ ভালো হচ্ছে ব'লে গৃনকে জানালেন। "একক কোনো পাঠকই হলো আসল কথা, তাদের চোখেই কোনো লেখার স্বার্থকতা খুঁজে পাওয়া যায়। লেখালেখি যোগ্যতারের টিকে থাকা নয় বরং সেটা টিকে থাকার চেয়ে বেশি টিকে থাকা। সমালোচকেরা তাহলে কি? তারা আমাকে অবমূল্যায়ন করার আপ্রাণ চেষ্টা ক'রে যাচ্ছে, আমাকে অসাড় প্রমাণ করতে চাচ্ছে–আমি যদি এটা সহ্য করতে না পারি, তাহলে বলতে হবে আমি এর সবটাই প্রত্যাশা করি।"

"আপনি আজকাল মিঃ লাওয়েলের মতো কথা বলছেন," গৃন হাসতে হাসতে বললেন।

"আমি যদি আপনাকে সুস্থ করতে পারতাম, মিঃ গৃন, আমার বিশ্বাস, আমি আবারো একজন চিকিৎসকই হতাম।" লংফেলো প্রস্তুত হয়েছেন কিনা সেটা খোঁজ নিতে গেলেন হোমস্।

"না, না, তা করবেন না," গৃন ফিস্‌ফিস্ ক'রে বললেন। "তার প্রস্তুত হওয়া পর্যন্ত বাইরে অপেক্ষা করি, চলুন।"

সামনের রাস্তায় এসে হোমস্ মন্তব্য করলেন, "আমার মনে হয় আমি যথেষ্ট পড়েছি, কিন্তু আপনি বিশ্বাস করতে পারেন, মিঃ গৃন, আমি আবারো দান্তের *কমেডি* পড়তে শুরু করেছি?"

গৃনের অর্ধনির্মীলিত চোখ দুটো বন্ধ হয়ে গেলো। "আপনি, ডাঃ হোমস্, সবসময়ই ভাবেন দান্তের গল্পটা একেবারেই বানোয়াট কোনো কাহিনী। তবে আমি সবসময়ই বিশ্বাস করি দান্তে তার ভ্রমণটা করেছিলেন। আমি এও বিশ্বাস করি ঈশ্বর তাকে সেটা দিয়েছিলেন, তার কবিতাকেও তিনি দিয়েছিলেন।"

"আর এখন," হোমস্ বললেন। "আপনি এখনও বিশ্বাস করেন এটা পুরোপুরি সত্য, তাই না?"

"ওহ্, আগের চেয়েও বেশি, ডাঃ হোমস্।" তিনি হেসে পেছনে ফিরে লংফেলোর জানালার দিকে তাকালেন। "আগের চেয়েও বেশি।"

ক্রেইগি হাউজের বাতিগুলো ম্রিয়মান হয়ে গেছে, লংফেলো সিঁড়ি দিয়ে নেমে এলেন। গিয়োত্তোর আঁকা দান্তের ছবিটা অতিক্রম ক'রে, যিনি চেয়ে আছেন তার এক ক্ষতিগ্রস্ত চোখে। লংফেলো ভাবলেন সম্ভবত এই চোখটা হলো ভবিষ্যৎ, তবে অন্যটা বিয়াত্রিচের রহস্যময় সৌন্দর্যের দিকেই নিবদ্ধ থাকতো, যা তার জীবনের গতিপথ নির্ধারণ ক'রে দিয়েছিলো। লংফেলো তার মেয়েদের প্রার্থনার আওয়াজ শুনতে পেলেন। তারপর এলিস মেরিকে আসতে দেখলেন তার দুই ছোটো বোন এডিথ আর ছোট্ট এ্যানি এ্যালেগ্রাকে সঙ্গে নিয়ে। তাদের হাতে থাকা পুতুলগুলোকে নতুন পোশাক পরানো হয়েছে।

BanglaBook.org

www.BanglaBook.org

"কিন্তু তুমি কখন বাসায় ফিরবে, বাবা?"

"অনেক দেরি ক'রে, এডিথ। তোমরা তখন ঘুমিয়ে থাকবে।"

"তারা কি তোমাকে বক্তৃতা দিতে বলবে? আর কে কে থাকবে?" এ্যানি এ্যালেগ্রা জানতে চাইলো। "আমাকে বলো, আর কে কে থাকবে?"

লংফেলো হাত দিয়ে নিজের দাঁড়িটা আঁচড়ে নিলেন। "এ পর্যন্ত কার কার কথা বলেছি, মাই ডিয়ার?"

"কারোর কথাই তো বলো নি, বাবা!" সে তার নোটবুকটা বের করলো। "মিঃ লাওয়েল, মিঃ ফিল্ডস্, মিঃ হোমস্, মিঃ নর্টন, মিঃ হাওয়েল্‌স," এ্যানি এ্যালেগ্রা একটা বই লিখছে, যার নাম *একজন ক্ষুদে মানুষের মহান সব ব্যক্তিদের স্মৃতি কথা*, এটা সে টিকনর এ্যান্ড ফিল্ডস্ থেকে প্রকাশ করার চিন্তা করছে, আর সে ঠিক করেছে সেটা শুরু হবে দান্তে ভোজ-এর খবরটা দিয়ে।

"আহ্, হ্যা," লংফেলো মাঝপথে বললেন। "তুমি তাতে মিঃ গৃন, মিঃ শেল্‌ডন আর এডউইন হুইপলের নাম লিখতে পারো।"

এ্যানি এ্যালেগ্রা যতোদূর সম্ভব নামগুলো সঠিক বানানে লিখে ফেললো।

"আমি তোমাদের অনেক ভালোবাসি, মামণি আমার," লংফেলো তাদের প্রত্যেকের কপালে চুমু খেলেন। "আমি তোমাদেরকে ভালোবাসি কারণ তোমরা আমার মেয়ে, তোমরা তোমার মায়ের মেয়ে, সেও তোমাদেরকে ভালোবাসতো। এখনও সে তোমাদের ভালোবাসে।"

মেয়েরা চলে গেলে তিনি জানালা দিয়ে বাইরে তাকিয়ে দেখলেন ফিল্ডসের নতুন ঘোড়াগাড়িটা দাঁড়িয়ে আছেন–তার গাড়িগুলো দেখলে মনে হয় সব সময়ই তিনি নতুন গাড়ি ব্যবহার করেন।

এখন বৃষ্টি হচ্ছে, রাতের বৃষ্টি। সুন্দর রিনিঝিনি শব্দে। জে.টি ফিল্ডসের জন্যে বোস্টন থেকে ক্যামব্রজ, আবার বোস্টনে ভ্রমণ করাটা একটু অসুবিধার হয়ে যাবে। তারপরও তিনি নাছোরবান্দা।

হোমস্ আর গৃন নিজেদের মাঝখানে লংফেলোর জন্যে সুপরিসর জায়গা রেখে দিয়েছেন, তাঁদের মুখোমুখি ব'সে আছে ফিল্ডস্ আর লাওয়েল। ওঠার সময় লংফেলো আশা করলেন ভোজের সময় অতিথিদের সামনে তাকে যেনো কিছু বলতে বলা না হয়। তবে বলতেই যদি হয়, তিনি তার বন্ধুদেরকে ধন্যবাদ জানাবেন তাকে সঙ্গে ক'রে এখানে নিয়ে আসার জন্যে।

• • •

The Online Library of Bangla Books
BANGLA BOOK .ORG